শ্রী সৌগত রায় ঃ মাননীয় মধ্রী মহাশয় জানাবেন কি, সরকার থেকে এই ন্যাশনাল ট্যানারির ব্যাপারে ইনভেনটরি নিয়েছেন কিনা যে কত আাসেন্ট আছে। কারণ বলা হচ্ছে, এখানে ৩০ বিঘা জমি আছে বলে বলা হচ্ছে, ৩৬৫ জন ওয়ার্ক ফোর্স আছে। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, সেখানে টোটাল আাসেটসের ব্যাপারে ইনভেনটরি নিয়েছেন কিনা যে কত কি আছে, তার মূল্য কত?

শ্রী পতিতপাবন পাঠক ঃ এটা আমার জানা নেই, আমি চেষ্টা করব খবর নিয়ে জানাতে।

খ্রী সৌগত রায় : করের মধ্যে জানাকে পারবেন বলতে পারেন কিং

শ্রী পতিতপাবন পাঠক: নোটিশ দেবেন, জানিয়ে দেব

শ্রী সাধন পাতে ঃ এই যে সিক ইউনিটটি আপনারা নিয়েছেন, এটা এন.আর.আই বা মাল্টি নাশনালকে দেবার কথা ভাবছেন কিনা বা সে সম্পর্কে আলোচনা চলছে কিনা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কিং

শ্রী পতিতপাবন পাঠকঃ আমরা এমন লোক খুঁজছি যারা এটাকে চালাতে পারবেন।
সরকমের কোনও অফার এখনও পর্যস্ত আসে নি যেটাকে এ২ণ করতে পারি। কতকগুলি
নুরকারি নিয়নের মধ্যে যদি আসে আমরা দেখব।

### ভগবানপুর ১নং ব্লুকে বৈদ্যুতিকরণ

\*১৪৩। (অনুমোদিত প্রশ্ন নং \*৪৩৫) শ্রী প্রশান্ত প্রধান ঃ বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত শ্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) এটা কি সত্যি যে, মেদিনীপুর জেলার ভগবানপুর ১নং ব্লকের অধীন বচ্ছিপুর এবং বাড় ভগবানপুর মৌজা দুটিতে বৈদ্যুতিকরণের কাজ বিলম্বিত হচেছ:
- মত্যি হলে, উক্ত মৌজা দৃটিতে বৈদ্যুতিকরণের কাজ ওরান্বিত করার জন্য সরকার কি পদক্ষেপ গ্রহণ করেছে?

[22nd March, 196

- (ক) সত্য নয়।
- (খ) যেহেতু উক্ত মৌজা দুটিতে য়ৈদুতিকরণের কাজ পূর্বেই সম্পন্ন হয়েছিল পরবর্তীকালে গ্রাহক না থাকায় বিনষ্ট হয়, ঐ মৌজা দুটিতে 'রি-ভাইটালাইজে স্কীম' অনুসারে লাইনগুলি পুননবীকরণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সিদ্ধান্ত কাম করা নির্ভর করছে আর্থিক সংস্থানের ওপর।

#### মেদিনীপুর জেলার শোলাতে জেটি নির্মাণ

- \*১৪৪। (অনুমোদিত প্রশ্ন নং \*৫৬০) শ্রী শৈলজাকুমার দাস ঃ মৎস্য বিভা ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) মেদিনীপুর জেলার কাঁথি ১নং ব্লকের এলাকাধীন শোলাতে জেটি তৈরির বে পরিকল্পনা আছে কি: এবং
  - (খ) থাকলে, কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

#### **बी कित्रगमग्र नन्म** :

- (ক) মেদিনীপুর জেলার শোলাতে একটি মৎস্য অবতরণ ক্ষেত্র স্থাপনের পরি-আছে।
- (খ) কেন্দ্রেব দেয় অর্থের অংশ পেয়েছি রাজ্য সরকারের অর্থ বিভাগ থেকে মঞ্জু অর্থ পাওয়া গেলে কাজটি আবম্ভ করা হবে।
- শ্রী শৈলজাকুমার দাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি এই করতে প্রোজেক্ট কস্ট কত ধরা হয়েছে এবং তারমধ্যে কেন্দ্র এবং রাজ্যের পারসে কত?
- শ্রী কিরণময় নন্দ ঃ বরাদ্দকৃত অর্থের পরিমাণ ১৩ লক্ষ ২৭ হাজার টাকা অর্থেক দেবেন কেন্দ্রীয় সরকার, অর্থেক দেবেন রাজ্য সরকার।

# Starred Questions (to which written answers were laid on the Table)

### ল' ক্লাৰ্কস কাউন্সিল

\*১৪৫। (অনুমোদিত প্রশ্ন নং \*৫০৩) শ্রী তপন হোড়ঃ গত ২৭শে মার্চ, তারিখের অতারকিত প্রশ্ন নং ২৬ (অনুমোদিত প্রশ্ন নং ৩৫১)-এর উত্তরের প্রাসঙ্গি বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

প্রস্তাবিত ল' ক্লার্ক কাউপিল গঠনের কাজটির কতদূর অগ্রগতি হয়েছে? বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

প্রস্তাবটি এখনও রাজ্য সবকারের পরীক্ষাধীন আছে।

#### Transmission Losses

- \*146. (Admitted Question No. \*304) **Shri Deoki Nandan Poddar :** Will the Minister-in-charge, Power Department be pleased to state—
  - (a) whether it is a fact that transmission losses of West Bengal Electricity Board have been higher than the norm of 15 per cent fixed by the Central Electricity Authority;
  - (b) if so,—
    - (1) the reasons thereof,
    - (ii) amount of such losses during the last three years; and
  - (c) the steps taken/proposed to be taken to prevent or minimise such transmission losses?

#### Minister-in-charge of Power Department :

(ক) হাা।

( =, )

- (১) বিদ্যুৎ সঞ্চালন এবং বন্টন জনিত ক্ষতি প্রযুক্তিগত ও ব্যাণিজ্ঞিক কারণে ঘটে থাকে। প্রযুক্তিগত ক্ষতি পদ্ধতিগত উন্নতির মাধ্যমে হ্রাস করা সম্ভব। কিস্তু আর্থিক সঙ্কটের জন্য এই ব্যাপারে যথেষ্ট বিনিয়োগের অভাবে এই ক্ষতি সম্পূর্ণ ভাবে রোধ করা সম্ভব হচ্ছে না। বাণিজ্ঞিক ক্ষতি বিদ্যুৎ চুবি, যথাযথ বিল না করা এবং বিল আদায়ের ব্যাপারে এটির জন্য ঘটে থাকে। এই ব্যাপারে নানাবিধ ব্যবস্থা সত্তেও ব্যাণিজ্ঞিক ক্ষতি সম্পূর্ণ ভাবে দূর বরা সম্ভব না হওয়ায় এই ক্ষতি নির্দিষ্ট মান থেকে বেশি হচ্ছে।
- (২) ঐরূপ ক্ষতির পরিমাণ নিচে দেওয়া হল :--

\$\$\phi - \$0	22.1	শতকরা
<b>26-0662</b>	২৩.৩	শতকরা
2892-99	২৩.৮	শতকরা
25-456	১২	শতক্র

কেন্দ্রীয় শক্তিমসুকের প্রতিবেদন অনুসাধে সর্বভারতীয় গছ ২২.৯ শতকরা।

- বিদ্যুৎ সঞ্চলন ও বভনজনক ক্ষতি রোধ করতে নিয়বর্ণিত ব্যবস্থা নেওয়া হয়েছে ঃ
  - (১) সাব-স্টেশনগুলিতে স্ট্যাটিক ক্যাপাসিটির স্থাপন
  - (২) বর্তমান বিদ্যুৎ সঞ্চালন ও বন্টন ব্যবস্থাকে নবীকরণ,

[22nd March, 1993]

- (৩) ত্রুটিপূর্ণ মিটারগুলির প্রতিস্থাপন।
- (৪) বাণিজ্যিক ক্ষতি হ্রাসের জন্য নানাবিধ ব্যবস্থা যথা নিয়মিত বিল করা বিল আদায় এবং বিদ্যুৎ চুরি প্রতিরোধের জন্য পুলিশ এবং জনসাধারণের সক্রিয় সহযোগিতা গ্রহণ।

### সরকারি জমি বিলি

\*১৪৭। (অনুমোদিত প্রশ্ন নং \*৬১১) শ্রী শিবপ্রসাদ মালিক ঃ ভূমি ও ভূমি-রাজহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

> গত পাচ বছরে (৩১শে ডিসেম্বর, '৯২ পর্যস্ত) রাজ্যে কত একর সরকারি ন্যস্ত জমি বিলি করা সম্ভব হয় নিং

## ভূমি ও ভূমি-রাজম্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

১৯৯২ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত বিভিন্ন কারণে ৩,২৯,৯৭৯ একর ন্যন্ত কৃষি জমি ৫,৮১,৭০৯ একর ন্যন্ত অকৃষি জমি এবং ৪৪,৩৪১ একর অন্যানা শ্রেণীভুক্ত জমি বিলি করা সম্ভব হয়নি।

#### গভীর সমুদ্রে মাছ ধবা

- \*১৪৮। (অনুমোদিত প্রশ্ন নং \*৭৬৭) শ্রী সূত্রত মুখার্জি ঃ মৎস্য বিভাগের ভারপ্রাণ্থ মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) এটি কি সত্যি যে, গভীর সমুদ্রে মাছ ধরার জন্য **থাইল্যান্ড সরকারে**র সঙ্গে চুক্তি হয়েছে;
  - (খ) সত্যি হলে,—
    - (১) বর্তমান আর্থিক বছরে এই প্রকল্পে কত পরিমাণ আর্থিক সাহায্য পাত্র যাবে বলে আশা করা যায়.
    - (২) এ পর্যন্ত কি কি বাবস্থা গ্রহণ করা হয়েছে; এবং
  - (গ) বিগত আর্থিক বছরে গভীর সমুদ্রে মাছ ধরার জন্য রাজ্যে মৎস্য রপ্তানি মাধ্যমে কত টাকা সংগ্রহ হয়েছে ?

## মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (ক) না;
- (খ) (১) প্রশ্ন ওঠে না:
  - (২) প্রশ্ন ওঠে না;
- (গ) এই রাজ্যে গভীর সমুদ্র থেকে মাছ ধরার কোনও প্রকল্প নাই। তাই রপ্তা<sup>নি</sup> প্রশ্ন ওঠে না।

### কয়লার অভাবে বিদ্যুৎ উৎপাদনে বিদ্

- \*১৪৯। (অনুমোদিত প্রশ্ন নং \*৫৪২) শ্রী শাস্ত্রশী চট্টোপাধ্যায় : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি---
  - (ক) এটা কি সত্যি যে, কয়লা সরবরাহ মাঝে মাঝে বিঘ্নিত হওয়ায় বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থা নিয়ন্ত্রণে রাখতে হয়েছে; এবং
  - (খ) সত্যি হলে, ১৯৯২ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত কোন কোন বিদ্যুৎ কেন্দ্রে কতদিন এই উৎপাদন নিয়ন্ত্রণে রাখতে হয়েছিল?

### বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (ক) হাা।
- (খ) কয়লা সরবরাহ ব্যাহত হওয়ায় ৩১শে ডিসেম্বর ১৯৯২ পর্যন্ত নিম্নলিখিত বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলিতে বিভিন্ন সময়ে উৎপাদন ব্যবস্থা নিয়ন্ত্রণে রাখতে হয়েছিল।
  - (১) সাঁওতালডি তাপ বিদ্যুৎ কেন্দ্রে আগস্টে ৭ দিন, সেপ্টেম্বরে ৩ দিন এবং অক্টোবরে ১ দিন।
  - (২) কোলাঘাট তাপ বিদ্যুৎ কেন্দ্রে আগস্টে ২ দিন, সেপ্টেম্বরে ৬ দিন, অক্টোবরে ৩ দিন নভেম্বরে ৩ দিন এবং ডিসেশ্বরে ১ দিন
  - (৩) দুর্গাপুর প্রোজেক্টস লিমিটেডে ডিসেম্বরে ১৩ দিন।

### উত্তর ২৪-পরগনা জেলায় প্রথা-বহির্ভূত শিক্ষা

\*১৫০। (অনুমোদিত প্রশ্ন নং \*৮৪৯) শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ শিক্ষা (প্রথা-বহির্ভূত) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) ৩১শে জানুয়ারি, ১৯৯৩ তারিখে উত্তর ২৪-পরগনা জেলায় গণ সাক্ষরতা অভিযানে মোট চাল শিক্ষাকেন্দ্রের সংখ্যা কত ছিল;
- (খ) ঐ জেলায় এই অভিযানের শুরুতে পড়ুয়ার সংখ্যা কত ছিল; বর্তমানে ঐ সংখ্যা কত:
- (গ) ঐ পড়য়াদের শতকরা কতজন সাক্ষব হয়েছে; এবং
- (ঘ) এটা কি সত্যি যে, উত্তর ২৪-পরগনা জেলা পূর্ণ-সাক্ষর ঘোষিত হতে চলেছে? শিক্ষা (প্রথা-বহির্ভত) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ
- (क) ৩১.১.৯৩ পর্যন্ত সাক্ষরতা কেন্দ্রের সংখ্যা ছিল ৭১০০০।
- (খ) ঐ জেলায় শেষ খবর পাওয়া পর্যন্ত ৭.৩৫ লক্ষ পড়ুয়ারা সাক্ষরতা কেন্দ্রে পড়ুয়াকপে যোগ দিয়েছিলেন। বর্তমানে পড়ুয়ার সংখ্যা ৫.৮৫ লক্ষ।
- (গ) উক্ত পড়য়াদের মধ্যে ৪.৭৩ লক্ষ পড়য়ারা চুড়ান্ত মূল্যায়ণে অংশ নিয়েছিলেন।

122nd March, 19931

এব মধ্যে ৩,৩০ লক্ষ্য পদুয়া জাতীয় সাক্ষরতা মিশনের মান অনুযায়ী সাক্ষরতার মান অর্জা করেছেন।

(ঘ) ইহা সত্য নর।

# ডি.পি.এল.-এর আধুনিকীকরণ

- \*১৫: ৷ (১নুমোদিত প্রশ্ন ৫ ৫১১১) খ্রী ব্রজগোপাল নিয়োগী ঃ বিদ্যুৎ বিভাগের ভাবপ্রাপ্ত মন্ত্রী মহানয় অনুগ্রহপূর্বক জলাবেন কি—
  - ক) এটা কি সতি লে, তিলি এল এব ১ গোকে ৫ নং ইউনিটের নবীকরণ এবং/অথবা গ্রন্থ-কাব ব্যবেশ ক জ শেষ করা যায় নিঃ এবং
  - (박) 기(B) 화(하 보기 중기의 (B)

বিদাৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(4) \$1()

ক) ইউনিউল্লেখ্য কলে এই এক দুলালে। ১নং ইউনিট এর
কলে পেন কলে দেব ২ বেছে এ না ইউনিট এর কাজ চলছে এবং আংশিকভাবে
শেষ ও কাল কলে এই আনি অনুনিব কলা এই কাজ খানিকটা ব্যাহত হয়েছে।

## নাজে বাগদা চিংডির উৎপাদন

- \*১৫৩। (এনুমোলিও প্রশ্ন নং \*৯০৮) শ্রী সুভাষ নস্কর ঃ মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহশার অনুত্রপুরক জানাবেন কি—
  - (ক) ব্যক্তো বাগদা চিন্তি উৎপাদনের জন্য কোন কোন সংস্থাকে **ফিশারি করার অনুম**তি দেওমা হয়েছে,
  - (খ) উক্ত বিষয়ে কোন কোন সংস্থাকে সবকারি জানি প্রদান করা হয়েছে; এবং
  - ।গ) সংস্থাওলির সঙ্গে সরকারের কি কি ৡভি বা শুও হয়েছে?

মৎসা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

- (ক) (১) সম্প্রকা আক্রেয়াটিক ফার্মস হিঃ ইয়িথ উদ্যোগ,
  - (২) নাজন আকোনাটিক ফার্মস দি তেওি উদ্যোগ
  - (১) সানপো হিশারিস এই তে ি তাও উলোগ
- (খ) উক্ত তিনটি সংস্থাবেই সরকার জাম দেওয়া হয়েছে ;
- গে) বাংসারিক খাজনাব বিনিমরে লিঞ্ছ ভিভিত্তে উপরোক্ত সংস্থাদের চিংড়ি চায়ের জন্য জমি দেওয়া ২য়েছে।

## টালি ভাটা থেকে রাজম্ব আদায়

\*১৫৫। (অনুমোদিত প্রশ্ন নং \*৭০৪) শ্রী মোজান্দ্রোল হক ঃ ভূমি ও ভূমি-রাজয় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) মুর্শিদাবাদ জেলার টালি ভাটা ও ইট ভাটা থেকে ১৯৯১-৯১ এবং ১৯৯২-৯৩ (৩১শে জানুয়াবি, '৯৩ পর্যস্ত) আর্থিক বছরে রয়াালটি বাবদ কি পরিমাণ রাজ্রস্ব সংগৃহীত হয়েছে; এবং
- (খ) তন্মধ্যে হরিহরপাড়া থানা এলাকা থেকে সংগ্রহের পরিমাণ কত?

# ভূমি ও ভূমি-রাজম্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

- (ক) ১৯৯১-৯২ আর্থিক বছরে মুর্শিদাবাদ জেলায় রয়্যালটি ও সেস সংগ্রহের পরিমাণ-২৪,৩২,৫৭৩.৩৫ টাকা।
- (খ) ১৯৯১-৯২ আর্থিক বছরে হরিহরপাড়া থানা এলাকা থেকে রয়্যালিটি ও সেস সংগ্রহের পরিমাণ-৬৪,১১২.৫০ টাকা। ১৯৯২-৯৩ আর্থিক বছরে (৩১শে জানুয়ারি পর্যস্ত) রয়্যালিটি ও সেস আদায়ের পরিমাণ-৫৩,২৩১.৯৪ টাকা।

# পুরুলিয়া জেলার নিরক্ষরতা কর্মসূচি

\*১৫৭। (অনুমোদিত প্রশ্ন নং \*১৩৮৩) শ্রী ভন্দু মাঝি ঃ শিক্ষা (বয়স্ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) বর্তমান আর্থিক বছরে পুরুলিয়া জেলায় নিরক্ষরতা দূরীকরণ কর্মসূচিতে মোট কত টাকা বরাদ্ধ হয়েছে: এবং
- (খ) তন্মধ্যে ৩১শে জানুয়ারি, ১৯৯৩ পর্যন্ত ঐ জেলাকে কত টাকা দেওয়া হয়েছে? শিক্ষা (বয়স্ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ
- (ক) ৪০ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে।
- (খ) ২০ লক্ষ টাকা।

## পারমাণবিক বিদাৎ কেন্দ্র

\*১৫৮। (অনুমোদিত প্রশ্ন নং \*১৩১২) ডাঃ মোতাহার হোসেন ঃ বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

> তাপবিদ্যুৎ প্রকল্পগুলি বাতিল করে তার পরিবর্তে পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

তাপ বিদ্যুৎ প্রকল্পগুলি বাতিল করিয়া তৎপরিবর্তে পারমানবিক কেন্দ্র স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের নাই।

## গ্রামীণ বৈদ্যতিকরণে বিশ্বব্যাঙ্কের সাহায্য

- \*১৬১। (অনুমোদিত প্রশ্ন নং \*৮৬৫) শ্রী আবৃল বাসার ঃ বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানারেন কি—
  - (ক) এটা কি সতিয় যে, গ্রামীণ বৈদ্যতিকরণে বিশ্ববাস্কের অর্থ-সাহায্যের ব্যাপারে উক্ত ব্যাঙ্কের কিছু শর্ত পালন করতে হয়়, এবং
  - (খ) সতি৷ হলে, ঐ শর্তগুলি কি কি?

# বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- ক) গ্রামীণ বৈদ্যুতিকরণের জন্য বিশ্ব ব্যাঙ্কের নিকট ইইতে কোনও অর্থ সাহায্য নেওয়া হয় না।
- (খ) প্রশ্ন ভঠে না।

# বিদ্যুতের মূল্য বৃদ্ধি

- \*১৬৩। (অনুমোদিত প্রশ্ন নং \*৯৮৭) শ্রী দিলীপকুমার মজুমদার ঃ বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মগোদয় অনুগ্রহপূর্বক জানারেন কি—
  - (ক) এটা কি সত্যি যে, জাতীয় বিদ্যুৎ কর্পোরেশন বিদ্যুতের মূলাবৃদ্ধি করার প্রস্তাব করেছে: এবং
  - (খ) বর্তমানে বাজ্য বিদ্যুৎ পর্যদ জাতীয় বিদ্যুৎ কর্পোরেশন (এন.টি.পি.সি.) থেকে ইউনিট প্রতি কত দামে বিদ্যুৎ ক্রয় করে থাকে?

# বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

- (ক) হাা।
- (খ) সম্প্রতি কেন্দ্রীয় বিদাৎ কর্তৃপক্ষের সদস্যের উপস্থিতিতে সংশ্লিষ্ট সকল পক্ষের মধ্যে আলোচনার ভিত্তিতে স্থির হয়েছে যে, জাতীয় বিদাৎ কর্পোরেশনের (এন.টি.পি.সি) ফরাকা কেন্দ্রে উৎপাদিত বিদ্যুতের মূল্য ১৯৯৩ সালের ১লা জানুয়ারি থেকে ইউনিট প্রতি ৭৬.১১ পয়সা থেকে বৃদ্ধি পেয়ে ৭৯.৩০ পয়সা হবে।

[12-00 - 12-10 p.m.]

# MOTION UNDER RULE 199

Mr. Speaker: Today I have received two notices of motion under rule 199. The first one is from Dr. Zainal Abedin, Shri Saugata Roy, Dr. Haimi Basu. Shri Sukumar Das, Shri Fazle Azim Molla and Shri Subrata Mukherjee and the other from Dr. Zainal Abedin. On notices is same. I accepted the motion of Dr. Zainal Abedin, Shri

ugata Roy, Dr. Hoimi Basu, Shri Sukumar Das. Shri Fazle Azim blla and Shri Subrata Mukherjee which reads as follows:—

"This Assembly disapproves and strongly condemns the policy of Left Front Government headed by Shri Jyoti Basu in its relentless d meticulous pursuit of criminalisation of politics and politicalization of criminals of West Bengal and notorious mafia dons of the metropuls of Calcutta resulting in the terrible devastations of part of Bowbazar using deaths of nearly hundred of innocent persons and injuring hundreds and hundreds an unbelievable massacre happening so near to the ablic Head Quarter at Lalbazar and Writers' Buildings."

I will now request those in support of this motion to stand up.

I find that there are 29 persons in support of the motion. Under ar amended rules, the minimum requirement is 30. As such, the motion person not have the leave of the House.

#### PRIVILEGE NOTICE

শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ স্যার, আমি আজকে 'আনন্দবাজার পত্রিকা'-র বিরুদ্ধে একটা গ্রভিলেজ নোটিশ দিয়েছি। গতকাল আনন্দবাজার পত্রিকায় একটা খবর বেরিয়েছে এইরকম গাবে, গত শনিবার দিন এই হাউসে কংগ্রেস দলের পক্ষ থেকে তারা মুখ্যমন্ত্রীর বিবৃতির ারে আলোচনার দাবি তলেছিলেন। আপনি আইনের ধারা অনুযায়ী, আইন মোতাবেক তাদের দুর্ব আলোচনার দাবিটাকে মেনে নিতে পারেন নি। কারণ যে সংখ্যক সদস্যর উপস্থিতিতে— 🎉 ধারা মেনে নিয়ে — আলোচনার অনুমতি দেওয়া যায় তা তারা করেন নি। আজকে শ্লামরা সকলেই আইনের অনুশাসনের দ্বারা পরিচালিত। খুব স্বাভাবিকভাবেই আইন মোতাবেক শ্রীপনি তাদের সেই দাবিকে অস্বীকার করেছেন এবং এটা সঠিক অর্থেই করেছেন। কারণ শ্রামরা দেখছি, বিভিন্ন সময়ে বিরোধীদল. তারা যে সমস্ত দাবি তোলেন সংসদীয় গণতন্ত্রের ক্সর্থে তারমধ্যে যৌক্তিকতা না থাকা সত্তেও আপনি অনেক সময় তা মেনে নেন এবং শ্বামরাও চেয়ারের মর্যাদা রক্ষার জনা আপনার সেই রুলিংকে মাথা পেতে মেনে নিই। এই ক্রউসে এইরকম বহু নজির আছে এবং অতীতেও ছিল। বিরোধীদলের পক্ষ থেকে কোনও 🗫 তুলতে গেলে ৪৮ জন সদস্যের উপস্থিতির প্রয়োজন। কিন্তু আমরা দেখছি, বিরোধী দল ইসাবে কংগ্রেস কখনওই সেই সমসংখ্যক-৪৮ জনকে উপস্থাপিত করতে পারেনি। সেইজন্য সংসদীয় গণতন্ত্রের স্বার্থে সেই সংখ্যাকে কমিয়ে ৩০ জনে নিয়ে আসা হয়েছে। অন্তত ন্যুনতম ক্ষাতে ৩০ জন উপস্থিত হতে পারেন, আলোচনা এখানে চলতে পারে, সংসদীয় গণতন্ত্রে বিরোধীদলের কথা যাতে এখানে সোচ্চারিত হতে পারে সেটা আপনি রক্ষা করেছেন এবং জ্মামরা তা মেনে নিয়েছি। কিন্তু তাসত্তেও তার কম যদি হয় ৩০ জনের কম ১৫ জন ১৬ 🐃 যদি হয় তাহলে এটা নিশ্চিতভাবে অধিকারের মধ্যে পড়ে না, রুলসের মধ্যে পড়ে না। ৰাইরে থেকে সদস্য এনে ৩০ জন সংখ্যা করে তারপর তাদের অন্যায় আবদার মেনে নিতে ছবে আইনের অনুশাসন কখন এই নির্দেশ করে না এবং সঠিকভাবেই গত শনিবার সেই দাবিকে নাকচ করা হয়েছে। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, আমি খবরের কাগজে দেখলাম।'আনন্দবাজার

122nd March, 19931

পত্রিকায়" গত শনিবাব দিনের কাগজে হেডিং ছিল" বসু-রশিদ মাখামাখি নিয়ে নিন্দা প্রস্তাব না-মঞ্জুব, কংগ্রোসের কক্ষত্যার।" তার মাঝখানে একটি লাইন আছে যেটা ভয়স্কর এবং গুরুত্বপূর্ণ, মেটা এই সভাকে অব্যাননা করেছে এবং এই আগস্ট হাউসের অব্যাননা করেছে এবং আপ্রনার নিরপ্রেক চ্যোপের প্রতি অমর্যাদা করেছে। তাতে লেখা হয়েছে, ''আইনের প্রাস্কৃত্তে শিক্ষক ব সেই আর্ত্তেন চন্ত্রাহ্য করে দেন।" স্যার, এইরকম বছ নজির আছে। ৯.৯ ১৬৮৫ বুলে এই সভাপ্ত ১০ ১৬৮ ববুতে চাই না। এখানে কাউল অ্যান্ড শাকদারের প্রাকটিস আন্ত প্রোদিহিতর হা বাহ দেওঁ নজির আছে, আমার্দের রূলস অফ প্রসিডিওর মাছে, বিভিন্নবম নজিব হার্চ তার্নবে একথা বলা আছে হাউসে যা বিছু কলিং স্পিকার দেরেন, ২০১৫ সা ন্থিত্বভূ হরে এর রাইরে তাকে যদি বিকৃত করা যায়, তাকে যদি বিভিন্নরক্ম ভাবে কুক্টিপুর্ণ করা হাল এবং আ যদি অসত্যের উপর ভিত্তি করে সংবাদ পরিবেশিত হয় তাহলে এই হাউদের মর্যাপ্রহানি হয়। স্যার, আমি মনেকরি এবং এই বিধানসভা মনে করে অক্ষাদের ব্যক্তির সতে ৫ কোটি মানুযের যে সর্বোচ্চ আইনসভা, এই হাইনসভাগ আপুনি সেদিন যে কুলি, ছিয়েছেন এই আইনসভাব একটা মুর্যাদা আছে আইনের না । সই কলিংকে আমারা মেনে নিক্ষ্যি এবং তা কার্যকর হয়েছে। কিন্তু সভার যা ্লালার্ডর, সেই প্রসিতিভরকে বিক্ত করলেও সেটা পশ্চিমবাংলার সাড়ে ৫ কোটি মান্যাের কণ্ডে সভাব সিদ্ধন্তে পৌতে যথনি, তালের কাছে পৌঁছানো সম্ভব নয়। তারা জানতেন না এই হাউসের মধ্যে এখানে ন্থিভূত কি বহা খাছে, প্রসিডিংসে কি আছে। সেইজনা আমি একটি বিষয় আপনাৰ নোটিশে ১৯৫১ চাই ''Kaul and Sakhder-Practice and Procedure of Parliament, page-246-Presenting false, forged or febricated documents to the House of its Committees - It is a breach of privilege and contempt of the House to make speeches, or to print or publish any libels reflecting on the character or proceedings of the House.'' আপনি যে ক্রিং নিজ্বেন সেই রভিনত্র যা আছে সেটা কেবিকেটেড করা ২নেছে। ফলস- সিখ্যাভাৱে উপায়ত এর, হয়েছে। এই হাউসের অমর্যান করা হয়েছে এবং মাননীয় শিক্ষকারের প্রতি ১৯মানি করা ২০৮ছে। হাইসের সদসানের প্রতি অমর্যাদা করা ২০ 😕 । এই নাব্য় আছার য়ে অসত। বিশেষ্ট ও এরে বিকৃত করে উপস্থা**পিত করা হয়েছে** তারকে তেওঁ ন্যাক্তার পত্রিকার তিত্তির ছিন্টার এবং পার্বলিশারের বিরুদ্ধে সভার এই মান্ত্র দি করার জন্য অবমাননার সার অভিযুক্ত করাই। আমি মান্তক্রি, এটা, প্রিভিক্তেজ্ঞ ত কমিটির ক্রাফ প্রাংকার বিষয় নয়, এটা এফনই ওরাত্বপূর্ণ — এই সভায় এই সমস্ত এছিউর, প্রিউরে এক প্রবলিশ্বের ভোক এর সমাধান করা হোক। এই দাবি সভার পক হার ৯৬% ন কাছে আমি কর্নাচ ভবং আমি আবেন্দ করব, অনুরোধ কর্বব, এটাকে গ্রহণ করে, ৯: বিচার করে মুখ্যাত করে। ১ বলি জেরেন।

[12-10 -- 12-20 p.m.]

মিঃ ম্পিকার: আভার রুল ২২৯ এটা টেক আপ করা হয়েছে। রুলস ২২৮ বলছে, on a motion being made for the purpose, the House may consider the matter and come to a decision or may refer it to the committee of privileges আমার মনেহয় এটাতে একটা প্রাইমান্টেসি কেস মেড হয়েছে। এটা আমানের

মিটি অন প্রিভিলেজেস করা উচিত। সেজন্য আমি আপনাদের মতামত চাচ্ছি এটাকে ্যভিলেজ কমিটিতে পাঠানোর জন্য।

শ্রী ননী কর ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য রবীন মন্ডল যে বিষয়টা লেছেন, এই বিষয়টা সরাসরি আপনার একটা রুলিংকে কেন্দ্র করে যে রুলিংয়ের বিষয়টা গরিন জানেন। এই বিষয় সম্পর্কে অন্তত প্রিভিলেজ কমিটিতে যাওয়া মানে পত্রিকাকে ক্রান্তে চাওয়া, জিজ্ঞাসা করা এবং আপনার কাছে জানতে চাওয়া যে ঘটনা কি ঘটেছে। গমি একথা বলতে চাচ্ছি, খবরের কাগজে কি লেখা হয়েছে সেটা ছাপানো আছে, উনি পড়ে য়েছেন। আপনি কি বলেছেন সেটা আপনার মনে আছে, আমরা যারা হাউসে ছিলাম মানেরও জানা আছে। কাজেই এই বিষয়টা প্রিভিলেজ কমিটিতে পাঠানোর দরকার নেই। ই বিষয়টা হাউসে বিচার করা প্রয়োজন। এটা আপনার নেতৃত্বে এই হাউসে বিচার হওয়া য়োজন। আমি একথা বলতে চাচ্ছি, যেহেতু আপনি নিজে বিষয়টা জানেন এবং কাগজে যা গ্রখা হয়েছে সেটা ছাপানো আছে, কাজেই আপনার রুলিং যথেষ্ট। আপনি যদি রুলিং দেন প্রিভিলেজও কমিটিতে যাবে তাহলে নিশ্চয়ই যাবে। এই সম্পর্কে নির্দিষ্ট ভাবে আপনার কিং দেওয়াই ঠিক হবে। আমি সেজন্য বলছি যে, এটাকে প্রিভিলেজ কমিটিতে না পাঠিয়ে রাসবি এই হাউসে বিচার করা হোক।

মিঃ ম্পিকার ঃ খবরের কাগজে কোনও খবর থাকলে তাদের কাছে এক্সপ্লানেশন ।ওয়া যায়। এক্ষেত্রে সেটা চাচ্ছিনা, এটাকে সরাসরি প্রিভিলেজ কমিটিতে পাঠাচ্ছি। তাদের দি কিছু কৈফিয়ত থাকে তারা দেবেন, কিন্তু এর শুনানিটা হোক প্রিভিলেজ কমিটিতে। কটা মাটার অব ন্যাচারাল জাস্টিসের ব্যাপার আছে। তাদের কাছ থেকে শুনতে হয়, এটা ওনে কথাটা ঠিক নয়। গণতান্ত্রিক রাতিনীতি যারা মানেন তাদের শুনতে হবে। প্রিভিলেজ মিটি এটা খতিয়ে দেখবে। তার ভিফেদে যদি কিছু বলার থাকে তারা বলবে এবং তারপরে ।চার ২বে। নো মোর।

এখন আপনাদের অনুমতি থাকলে বিষয়টা প্রিভিলেভ কমিটিতে রেফার করা যেতে রিঃ। আপনারা এই বিষয়ে মতামত দিন। দি মোশন ওয়াজ দেন পুট অ্যান্ড এগ্রিড টু। 'On a motion being made for the purpose, the House may consider the satter and come to a decision or may refer it to the committee on rivileges.

#### ADJOURNMENT MOTION

Mr. Speaker: Today I have received four notices of Adjournment Motions. The first and the second are from Shri Saugata Roy and are Abdul Mannan respectively on the subject of alleged atmosphere of ar created after the blasts at Bowbazar and Sealdah Station. The fird is from Shri Sobhandeb Chattopadhyay on the subject of recent pmb blast at Bowbazar and the fourth is from Shri Sudip andyopadhyay on the subject of alleged undisclosure of progress of aquiry about the Bowbazar and Sealdah Station bomb blasts.

[22nd March, 1993]

The subject matters of the motions do not warrant adjournment of business of the House. The members will get opportunity to raise the matters during general discussions on the Budget. Moreover, the members may draw the attention of the Ministers concerned through Calling Attention, Questions, Mentions etc.

I, therefore, withhold my consent to all the motions.

One member may, however, read out the text of his motion, as amended. কিন্তু কেউ নেই, পড়া যাবে না।

#### CALLING ATTENTION

Mr. Speaker: I have received ten notices of Calling Attention, namely:—

 Problem faced by the willing SC & ST candidates in submitting caste certificate in connection with the coming Panchayat elections

: Dr Manas Bhunia and Shri Sanjib Kumar Das

 Non-plying of any bus in route no.28 through Chakdah-Nimtala Road for last one year

Shri Nanigopal Malakar

 Alleged outbreak of gastro-enteritts in different blocks of suburban areas of North 24-Parganas;

Shri Prabir Banerjee

4) Explosion of bomb at Taltala on 21/3/93

Shri Shish Mohammad

5) Alleged failure of literacy mission: at South 24-Parganas

Shri Sobhandeb Chattopadhyay

 Demand for taking steps to reopen the Four-Brother's Ferro Alloy Pvt. Ltd. Co. in Peetpur under PS Panskura of Midnapore district.

Shri Manik Bhowmik

 Reported death of an unidentified man by stone at Council House Street, Calcutta.

: Shri Ambica Banerjee

8) Explosion of bomb at Sealdan Railway Stn. on 19/3/93

: Shri Sudip Bandyopadhyay

 Alleged deplorable condition of potato farmers on account of low price of potato

: Shri Abdul Mannan

 Demand for taking steps for urgent repair of ambulance in Karimpur Rural Hospital of Nadia Dist.

: Shri Chittaranjan Biswas.

I have selected the notice of Shri Ambica Banerjee on the subject of Reported death of an unidentified man by stone at Council House Street, Calcutta.

The Minister-in-charge may please make a statement today, if possible, or give a date.

Shri Prabodh Chandra Sinha: Sir, the statement will be made on 1st of April, 1993.

#### STATEMENT UNDER RULE-346

Mr. Speaker: Now the Minister-in-charge, Dept. of Health & Family Welfare, Govt. of West Bengal, Hon'ble Shri Prasanta Kumar Sur will please make a statement.

Shri Prasanta Kumar Sur: Sir, desired by you I am making a statement of gastro-enterities in West Bengal.

With the onset of the Summer season every year, safe drinking water becomes scare in certain rural and urban areas of the State resulting in outbreaks of diarrhoea diseases. The scarcity in the supply of domestic water also plays a role in transmission of the diseases. As summer has set in early this year, cases of diarrhoea diseases are being reported from some parts of the State. Though the cases are occurring in a sporadic manner in most areas of the State, cases have been reported in increased number from some blocks of North and South 24-Parganas in particular.

Reports on the incidence of the disease so far available in this year is annexed herewith.

Epidemiological pattern of diarrhoea diseases suggests that the disease occurs in sporadic form throughout the year with a few incidents of out break in the districts of North 24-Parganas, South 24-Parganas, Burdwan, Midnapore, Birbhum, Murshidabad, Dakshin Dinajpore, Jalpaiguri and Coochbehar.

The strategies that have been adopted for containment of the dis-

ease are :--

- 1) Prompt case detection through sensitive surveillance system.
- Early institution of case management at home and health institutions with the help of Home available fluid, O.R.S. and I.V. fluids, if required.
- 3) Disinfection of all drinking water sources by bleaching pow-
- 4) Spread of health education with special stress on disinfection of drinking water by boiling and using halazone tablets and laying emphasis on personal hygine and environmental sanitation.

To implement these strategies all steps have been taken. The District Health Authorities have been provided with extra manpower, funds to purchase Medicines and other disinfectants and also arrangements have been made to supply medicines and disinfectants directly from the Central Medical Stores. Materials on health education have also been supplied through the Mass Media Division.

For proper containment of the outbreaks, teams from the Public Health Laboratory, West Bengal and School of Tropical Medicine, Calcutta regularly conduct bacteriological investigation of water and stool samples respectively. Moreover, each district has been tagged with a teaching institution for prompt investigation. Public Health Officers from the Directorate have visited Mina Khan Block, North 24-Parganas, Patharkhalı & Matherdighi, South 24-Parganas.

In addition, the district health authorities have been advised to take the help of all employees, organisation to gear up the programme and to keep a close liasion with the different sectors like P.H.E., Rural Development, Panchayats and Municipal Authorities and General Administration so that mortality and morbidity arising out of the disease could be curtailed to a great extent.

Subsequent to this report I have got information that some outbreak is there in Tiljala, Tangra, Jadavpur, Garia and Dhakuria in Calcula and also in Rajarhat and Jagaddal of North 24 Pgs.

A N N E X U R E

INCIDENCE OF GASTRO-ENTERITIES IN DIFFERENT DISTRICTS OF WEST BENGAL, DURING 1993.

Districts	No. of Blocks affected.	No of Attack	No. of Death
	21		
South 24-Parganas.	BASNATI/CANNING-II+I/GOSA- BA/BISHNUPUR-I/BHANGAR I+ II/SONARPUR/KULTOLI/D HARBOUR I + II/KULPI/MA- GRAHAT-I & II/PATHAR-PROTI- MA/KULTOLI/JOYNAGAR-I & II/BUDGE BUDGE I & II/FALTA	1400	51
Forth 24-Parganas	3 HAROA/MINAKHAN/SANDESHKH- ALI-I	1022	8
Aidnapore	4		
ncluding Maina Block.	PINGLA/MAINA/NANDIGRAM-III/ GHATAL.	71	7
MAINA BLOCK :-			
Attack - 10.			
Death - 1			

### [12-20 — 12-30 p.m.]

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ স্যার, এই আদ্রিকের বিষয়টি সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয় টিটমেন্ট করলেন। কিন্তু যেরকম ভয়াবহ রূপে নিয়ে এই আদ্রিক ছড়িয়ে পড়েছে, এমনকি লকাতার বুকে ২৪ জন আক্রান্ত হয়েছে, আই.ডি. হাসপাতালের যে রিপোর্ট তাতে এটা থিছি। উনি পশ্চিমবঙ্গের বিভিন্ন ব্লকের নে রিপোর্ট দিলেন তা আমরা ওনলাম। মে, জুন দেব এই আদ্রিকের প্রকোপটা বেশি দেব! যাহ, কিবা এব'রে কেক্রয়ারি, মার্টেই মার্রাক্রাধার ধারণ করেছে। এই অবস্থায় আদ্রিকের প্রতিরোধের জন্য এমার্জেপি ব্যবস্থা হিসাবে কিন্তু সরকার কি ব্যবস্থা নিয়েছেন তা আমরা, পশ্চিমবাংলার মানুষ জানতে চাই। আমরা বুই উদ্বিধা। সেজন্য গোটা পশ্চিমবাংলাকে বাচাবার জন্য কি ব্যবস্থা রাজ্য সরকার নিয়েছেন সম্পর্কে, মন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন, উনি হাউসে বলুন।

**মিঃ স্পিকার ঃ স্টেটমেন্ট উইল** বি সার্কলেটেড।

## MENTION CASES

শ্রী চিত্তরঞ্জন বিশ্বাস : মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে আমানে রাজ্যের স্বরাষ্ট্রমন্ত্রী এবং কেন্দ্রের স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি বারবার এই সমসা কথা এই হাউসে উল্লেখ কবছি। কিন্তু কোনও প্রতিকার আমরা পাচ্ছি না। আমরা সীমা বাস কবি। নদায়া জেলার করিমপুর, আমার নির্বাচনী এলাকা, এই সীমান্ত অঞ্চলে ইদানিংক: মেরকম ভযাবহ আকার ধারণ করেছে, এই সমস্যার প্রতিকার হওয়া দরকার। এই ব্যাপই কেন্দ্রীয় সরকাবের যে বিরাট দায়িত্ব আছে, সেই ব্যাপারে আমাদের রাজ্য স্বরাষ্ট্র বিভাগে মাধ্যমে কেন্দ্রীয় স্ববাষ্ট্র বিভাগের দৃষ্টি আকর্ষণ করছি। সীমান্তে ইদানিংকালে দিনের বে গ্রুব মিছিল যাচেছ, করিমপুরে এই ঘটনা ঘটছে। এই ঘটনায় যে সমস্যা দেখা যাচেছ ২০ছে, ওপার বাংলার যে সময়ে গরু বাবসায়ি, ক্রিমিন্যালস তারা ভেতরে চুকছে। ওখানে : দিনের বেলা দলে দলে মিছিল করে বি এস.এফ'এর সামনে দিয়ে চলে যাচ্ছে। ফলে আমাত সীমান্তের যারা ক্ষক তাদের ফুসল তছক্রপ হয়ে যাচ্ছে ফুসল মাডিয়ে গ্রাদি পশু চ যাছে, কুষকৰা সৰ্বশান্ত হয়ে যাছে এই সীমান্ত এলাকায়। এই সাথে সাথে কালোবাল করছে। ওপাব বাংলা এবং এপার বাংলার ক্রিমিন্যালরা ডাকাতি সংগঠিত করছে এ জনজীবনে আইনশঙ্কা সমস্যা সৃষ্টি করছে। জেলা প্রশাসন, রাজ্যের প্রশাসন'এর ব বি.এস.এফ. কংপদ্ধ কর্ণপাত করছে না। পঞ্চায়েত প্রশাসনের কথা দূরে থাক, চে প্রশাসন, ভি এম , এস পি 'এর কথা বি.এস.এফ'এর সি.ও. গুনছে না। আপনার মাং বি.এস এফ. কর্তুপক্ষের উদ্ধন্তএর প্রতি লক্ষা দিতে আমি কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আক ব-র্ছি।

শ্রী শীশ মহম্মদ ঃ মাননীয় উপাধাক্ষ মহাশয়, আমার এলাকায় একটি জায়গা ট্র্যু নেতি বলে পরিচিত, সেই এলাকাতে কয়েকজন হোম গার্ডের ছেলে বসে থাকেন, ব পরিচিত ক্রিছেন ক্রিয়ন মার্ডেটিং সোসাইটির লাক বলে। আমার কাছে এর প্রশেষ ঘবরও এসেছে বে ওখানে ট্রাক থামিয়ে ট্রাকের কাছ থেকে টাকা নেওয়া হছে। তারা কায়ে কৃষি বিপনন বিভাগ থেকে তাদের এই নির্দেশ দেওয়া হয়েছে। এটা একটা সাধু উপ্রেতে কৃষির কেরে ভেভোগ হরে। কিন্তু এই ক্ষেত্রে মহঃ বিন তুমলকের কথা মনে প্রত্যেল। তিনি ভাল নেট ছাপানো যাতে বদ্ধ হয় তার বাবস্থা করতে গিয়েছিলেন কিন্তু তালা নোট ছাপানো আরও বেড়ে গেল। সুতরাং এইক্ষেত্রে যে তারা ট্রাক পাশ করছে বায়ে তার কাছ থেকে টাকা আদায় করছে সেই টাকা আদৌ মনে হয় কোনও কাজে লাপ্টান। এই বিষয়ে প্রিকোশনাবি মেজার নেওয়ার দরকার। এখানে যে সমস্ত বেকার যুবকা বিসিয়েছেন তারা যে ট্রাক্স আধায় করছে সেটা যথায়থ জারগায় পৌছাচ্ছে কিনা আপ্রতানার দরকর। মৃতরাং এই বাপারে আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আর্জি করিছি তাতে অবিলম্বে এই ব্যাপারে প্রিকোশনারি ব্যবস্থা গ্রহণ করেন।

শ্রী দেবেশ দাস ঃ মাননীয় উপাধাক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুই বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কংগ্রেস নেতাদের এই সমাজ বিরোধীদের স যোগাযোগের ফলে কলকাতার জন জীবন বিপর্যন্ত হয়ে পড়েছে। আমরা রশিদের বির্ণ বছবার ডেপুটিশন দিয়েছি। নাগরিক কমিটির পক্ষ থেকেও ১৯৬৮ সালে রশিদের বির্ণ ডেপুটেশন দেওয়া হয়েছিল। কিন্তু কংগ্রেস একবারও তার বিরুদ্ধে কোনও অভিযোগ পুলিশের কাছে করেনি। প্রদেশ কংগ্রেসের সভাপতি খ্রী সৌমেন মিত্র বিবৃতি দিয়েছেন যে, রশিদের সঙ্গে তার একবার ৫-৭ বছর আগে দেখা হয়েছিল। আমি ওই কংগ্রেস নেতাকে জিজ্ঞাসা করতে চাই যে, সাক্ষাৎকার যা ৫-৭ বছর আগে হয়েছিল, তা কোনও ধরনের হয়েছিল য়ে তিনি তা তুলতে পারেন নি। এতে কোনও উজ্জ্বল কোনও দুটি ছিল যে তিনি তা তুলতে পারেন নি। এতে কোনও উজ্জ্বল কোনও দুটি ছিল য়ে তিনি তা তুলতে পারেন নি। আমার সাথে তো একবার সত্যজিৎ রায়ের সাক্ষাৎ হয়েছিল, আমি সেই দিনটি তুলতে পারিনি। কিন্তু অন্য অনেক লোকের সঙ্গেই তো সাক্ষাৎ হয় তা তো মনে রাখি না। সূত্রাং এইসব সমাজ বিরোধীরা প্রকাশ্য দিবালোকে ঘুরে বেড়াছে। ওদেরই মদতপুষ্ট ওমর প্রচুর থুন করেও প্রকাশ্য দিবালোকে ঘুরে বেড়াছে। আসলে কংগ্রেসিরা একদিকে ক্রিমিনালাইজান অফ পলিটিক্স করছেন আর অন্যদিকে আবার পলিটিসাইজেশন অফ ক্রিমিন্যালস তৈরি করছেন। আজকে ওই ওমর আলির মতো সমাজ বিরোধীরা কংগ্রেসের পক্ষ থেকে সদস্যপদও পাছেন। এই ওমরকে কোনও একটি ক্লাবের সেক্রেটারিও করা হয়েছে। সূত্রাং এইভাবে তারা পলিটিসাইজেশন অফ ক্রিমিন্যালস তৈরি করছেন। আমি এর তীব্র প্রতিবাদ করছি এবং রাজ্য সরকারের হস্তক্ষেপ দাবি করছি।

শ্রী কালিপ্রসাদ বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমি একটি শুকুত্বপূর্ণ বিষয়ে মাননীয় সেচমন্ত্রীব দৃষ্টি আকর্ষণ কবছি। সাাব, আপনি ভানেন এই বছরে যে বৃষ্টি হয়েছে তা স্বাভাবিকের চেয়ে কম হয়েছে। ডিভিসির কমান্ত এরিয়াতে প্রচুর খরা চলছে। সমস্ত পুকুর, খাল, বিল সব শুকিয়ে গেছে। গবাদি পশু জল না পেয়ে মরে যাছে। সাধারণ মানুষ জল পাছে না, এই পরিস্থিতিতে আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে ওই ডিভিসির জলাধার থেকে জল দেওয়া হয়। তাহলে পরে ওই ডিভিসির কমান্ত এরিয়ার মানুষেরা বাঁচতে পারবে।

[12-30 — 12-40 p.m.]

শ্রী ব্রহ্মময় নন্দ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মেদিনীপুর জেলার তমলুক মহকুমার মেছেদা কুরসেঘাট রুটে প্রায় ৩ মাস বাস চলাচল বন্ধ আছে, তারজন্য ঐ এলাকার মানুষের মধ্যে চরম জনরোষ সৃষ্টি হয়েছে। তাই এই অবস্থার মোকাবিলা করবার জন্য আপাতত দুইটি সাউথ বেঙ্গলের বাস দিন যাতে ঐ এলাকার মানুষ স্বচ্ছন্দে বাসে চলাচল করতে পারে, এই অনুরোধ আপনাকে একাস্তভাবে জানাচিছ।

Shri Sudip Bandyopadhyay: (Not present.)

Shri Sadhan Pande: (Not present.)

Shri Ambica Banerjee: (Not present.)

Shri Prabir Banerjee: (Not present.)

Shri Manik Bhowmik: (Not present.)

Shri Abdus Salam Munshi: (Not present.)

Shri Sukumar Das: (Not present.)

Shri Sanjib Kumar Das: (Not present.)

শী ইউনুদ সরকার ঃ মাননায় উপাধ্যক্ষ মহাশার, আমি আপনার মাধ্যমে পূর্ত দপ্তরে দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে আমার কেন্দ্র মুর্শিদাবাদ জেলার জলঙ্গী কেন্দ্রের সংরোণীনগর ২ নম্বর ব্লকে বুকে বুক্ত। রাণীনগর ২ নম্বর ব্লকে একটি গুরুত্বপূর্ণ জায়গা শেখপার থেকে কাওলামারি বর্ডার এরিয়া পর্যন্ত, সেখান দিয়ে বি.এস.এফ. যাতায়াত করে, হাট বচে রাস্তা আছে, এই রাস্তাটি পাকা রাস্তা ছিল। এখন এই রাস্তাটিকে আর পাকা রাস্তা কর যায়ানা। এইরকম অবস্থাব কথা আমি আগেও হাউসে মেনশনে বলেছিলাম, বিভিম্নভাবে আলোচকরা হয়েছে। কিন্তু তা সভ্তে আরু পর্যন্ত পি.ডব্রিউ.ডি. ঐ রাস্তাটিকে উময়নের কোন ব্যবস্থা করেনি। পাশাপাশি ধনেরামপুর থেকে ভাদুরাপাড়া এখনও একটা রাস্তা ধরা অপু পি.ডব্রিউ.ডি.-র, সেটা প্রায় ১৬ বছর ধরে ধরা আছে, এখচ ঐ রাস্তাটি না হলে মাঝার গোপা আছে সেটার ঐ যোগাযোগের অসুবিধাটা দুর করা যাছে না। তাই মাননীয় মন্ত্রকাছে আবেদন করব অবিলম্বে ঐ রাস্তাটিকে নৃতনভাবে সম্প্রসারণ করুন, এতে জনসাধ্যক্ষ ওবে। দীর্ঘদিন ধরে এলাকার মানুযেরা যে অসুবিধার মধ্যে আছে তার থেকে তার মুক্তি প্রেতে পারে, ভাই এই ব্যাপারেটি আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করি

শ্রী বীরেন ঘোষঃ মাননীয় উপাধাক মহাশ্য, আমি আপনার মাধ্যমে জনস্বাস্থ্য কারির্বাদি দপ্তবের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উপযুক্ত কৃষ্টিপাতের অভাবে প্রামাগজলে পর্বমার আলের ভীষণ সম্বন্ধ দেখা দিনেছে। নলকুপ-এর জলের স্তর নেনে যাওয়ার ফ্রানজকপে জল উঠছে না। আগমী দিনওলিতে আরও সম্বন্ধজনক অবস্থা হয়ে যারে। এ এবস্থায় যে জায়গাওলিতে পাইপ লাইন ওয়াটার সাপ্লাই-এর ব্যবস্থা আছে সেইগুলিকে কার্য্যকরে সম্বন্ধ মোচনের একটা পদক্ষেপ নেওয়া জকরি হয়ে পড়েছে। আমার নির্বাচনী এলার কলেনা টুতে বৈদাপুর ওয়াটার সাপ্লাই স্ক্রীম আছে এবং কালনা ওয়ানেতে হাট কালনায় আছে এইরকম কতকওলি আছে সেইগুলি কার্যকর হচ্ছে না। আরও কয়েকটি প্রকল্প আছে সেইগুলি কার্যকর অনুমোদন হয়ে আছে, কিন্তু কার্যকর হচ্ছে না। এইগুলো যাতে অনুমোদন ই এবং বর্তমান খরা মরগুমে পানীয় জলের সম্বন্ধ মোকাবিলা করার জন্য অবিলয়ে যা এগুলো কার্যকর করা হয় তারজনা আমি আপনার মাধ্যমে মাননীয় জনম্বাস্থ্য কারিগরি দপ্তা

শ্রী দেবনাথ মুর্নু ঃ ১৯৮নিঃ উপপ্রেক্ত মহাশ্য, আমি ভাপনার মাধ্যমে মাননীয় খাদ্য মহাশ্যের দৃষ্টি আকর্ষণ করছি। সার, আমার নির্বাচনী এলাকা গাজল সেখানে এম,আর ভিলাগে করার কথা। আমরা লক্ষা করছি গাজল ব্লকে ফুড সাপ্লাই ইপপেক্টর অসিত চিলাগা করার কথা। আমরা লক্ষা করছি গাজল ব্লকে ফুড সাপ্লাই ইপপেক্টর অসিত চিলাগির বর্ষাই করেছে তাদের কাহ থেকে মুখ নিচ্ছে এবং যারা বেশি বেশি করে ঘুসের টিলিছে তাদের পানেলের এক নগরে নাম রাখার চেটা হচ্ছে। এক্ষেত্রে এম,এল,এ-র মতাই উনিয়নের সঙ্গে যুক্ত এবং তিনি কংগ্রেস করে। তাই আমি আপনার মাধ্যমে মাল্লিখারার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী সাধন পান্ডে । মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী বিনয় চৌধুরি মহাশয় এখানে আছেন, একটা বিষয়ের প্রতি আমি তার দৃষ্টি আকর্ষণ করছি। বউবাজারে এতবড় একটা ঘটনা ঘটল এবং সেখানে ইনভেন্টিগেশন এখনও চলছে, সেই অবস্থায় মাননীয় মুখ্যমন্ত্রী মেদিনীপুরে দাঁড়িয়ে বলেছে অমুক এই ঘটনায় দোষী নয়, অমুক দোষী। আমাদের কাছে আরও খবর আছে এই ঘটনাকে চেপে দেওয়ার জন্য, ইনভেন্টিগেশনকে চেপে দেওয়ার জন্য, কলকাতার বিভিন্ন জায়গায় আরও ছোট ছোট বোমা ফাটানো হবে। স্যার, এটা সাংঘাতিক ব্যাপার, আমরা বলছি অবিলম্বে সি.বি.আইয়ের হাতে এর ইনভেন্টিগেশনের ভার ছেড়ে দেওয়া হোক। যদি মাননীয় মুখ্যমন্ত্রী মনে করেন তিনি কোনওমতেই দোষী নয়, তার পার্টি কোনওমতেই দোষী নয় তবে সি.বি.আইকে এই দায়িত্বটা দিয়ে দিন। মাননীয় মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে যে অভিযোগ উঠেছে, আমরা আশা করব মুখ্যমন্ত্রী এখানে দাঁড়িয়ে সেটা ক্লিয়ার করবেন এবং তার পরিবার যে জড়িত নয় সেটাও ক্লিয়ার করবেন। এই রশিদের সঙ্গে তিনি জড়িত নন এবং বিলেতে তারসঙ্গে বাজার করেনি সেটা এই হাউসে বলুন। এটা যদি না হয় তাহলে বাংলার মুখ্যমন্ত্রী ও এই হাউসের ইঙ্জত বলে আর কিছু থাকবে না।

[12-40 - 12-50 p.m.]

শ্রী নির্মল দাস ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে ধরনের আদ্রিক শুরু হয়েছে কলকাতা এবং তার পাশাপাশি অঞ্চলে তাতে এই স্বাস্থ্য বিভাগের উপর শুধু দায়িত্ব না দিয়ে এখানে শ্রদ্ধেয় মন্ত্রী বিনয় চৌধুরি মহাশয় আছে — পঞ্চায়েত, স্বাস্থ্য, সাধারণ প্রশাসন, পাবলিক হৈলথ ইঞ্জিনিয়ারিং, মাইনর ইরিগেশন, এদের হাতে যাতে দায়িত্ব দেওয়া হয় সেটা দেখতে ছবে। জল লোয়ার লেভেলে চলে যাছেছ, প্রাউন্ড ওয়াটারের জল ব্যবহার করে যদি জনস্বাস্থ্য কল করতে হয় তাহলে স্বাস্থ্য দপ্তরের উপর শুধু দায়িত্ব দিলে চলবে না। আমি মনেকরি শ্রবহা করা হোক এবং সেউট লেভেলে সপ্তাহে যাতে মিটিং করা যায় তার ব্যবস্থা করা হোক। বে সমস্ত জায়গাতে এই ধরনের আদ্রিক রোগ দেখা দিছে সেখানে অবিলম্বে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা নেওয়ার জন্য রাজ্যন্তরে একটি এমারজেন্দি টিম তৈরি করা হোক। যেখানে যথানে আদ্রিক রোগ হবে সেখানে সেখানে এই এমারজেন্দি টিম, স্বাস্থ্য বিভাগ ঔষধপত্র, চাজার ইত্যাদি নিয়ে যাতে যায় তারজন্য ব্যবস্থা গ্রহণ করা হোক। এটা না হলে মহামারি দেখা দেবে। মনিটারিং এবং কো-অর্ডিনেশনের জন্য অবিলম্বে উদ্যোগ গ্রহণ করা হোক।

শ্রী অম্বিকা ব্যানার্জি : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি 
াপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, দ্বিতীয় 
গলি সেতৃ যেটা বিদ্যাসাগর সেতৃ সে সম্পর্কে আমরা অনেকদিন আগে থেকেই বারবার 
ভিযোগ জানিয়ে আসছি। এই সেতৃর পিলার থেকে আরম্ভ করে অন্যত্র যে সমস্ত নিম্নমানের 
ল সরবরাহ করা হয়েছে এবং সেখানে যে স্পেসিফিকেশন অনুযায়ী কাজ হওয়ার কথা 
ল সেই অনুযায়ী যে হচ্ছে না বা হয়নি তা আমরা বলেছি। কয়েকদিন আগেই সংবাদপত্রে 
গপনারা দেখেছেন যে ওয়াররোপের কেসিং-এর ব্যাপারে সাবস্ট্যানভার্ড মাল ইউজ করা 
য়েছে। সংবাদপত্রের দৌলতে সব মানুযই তা জানেন। স্যার, আমি যে প্রসঙ্গটি উত্থাপন 
রতে চাই সেটা হচ্ছে, এই সেতর হাওডার দিকের যে মেন পিলার আছে সেখান থেকে

একদল ব্যবসায়ী বর্থদন ধরে সিভার তুলে নিয়ে যাছে এবং তা থেকে কয়লার গুল করে রীতিমতো ব্যবসা গুরু করে দিয়েছে এবং সেখানে এর কারখানাও হয়ে গিয়েছে। পুলিশ জানে এবং পুলিশের সহযোগিতায় এগুলি হছে। সংবাদপত্রে বেরিয়ে যাওয়া সত্ত্বেও এবং আমরা বারবার বলা সত্ত্বেও এখন পর্যন্ত কোনও স্টেপস নেওয়া হয়নি। সেখান থেকে সিভার তুলে নেওয়ার ফলে পিলারের ভিত দুর্বল হয়ে যাছে। অবিলব্ধে এরসঙ্গে জড়িত ব্যবসায়ী এবং লোকদের ধরা দরকার। এ সম্পর্কে অতি শীঘ্র ব্যবস্থা না নিলে পিলারের ভিত দুর্বল হয়ে যাবে এবং মানুষ দুর্ঘটনার মুখোমুখি হরেন। রাতারাতি যারা এখানে ব্যবসা আরম্ভ করে বিজকে দুর্বল করে দিছে তাদের বিরুদ্ধে অবিলম্বে যাবস্থা নেওয়ার আমি দাবি জানাছি।

শ্রী ত্রিলোচন দাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশরের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার বিধানসভা কেন্দ্র হাসানের অধীন নলহাটি দু নং ব্লকের ভদপুর, রায়পুর, টিডিভাঙ্গা, কানপুর, বাবলাডাঙ্গা প্রভৃতি প্রামণ্ডলি প্রাহ্মনী নদীর উভয় তীরে অবস্থিত এবং বরাবরই সেখানে প্রচুর তুঁত চায হয়। আপনারা জানেন যে এই তুঁত থেকে রেশম তৈরি করা হয় কাজেই সেখানে রেশমশিল্প প্রতিষ্ঠিত। কিন্তু স্যার, বর্ষার সময় ভাল জল না হওয়ায় ব্রাহ্মণী নদীর খালগুলি শুকিয়ে গিয়েছে। কিভাগীয় মন্ত্রী মহাশরের কাছে আমার তাই অনুরোধ, ব্রাহ্মণী নদীতে বোধরা জলাধারে যে জল রয়েছে তার থেকে কিছুটা জল ছাড়া হোক যাতে সেখানে তুঁত চাযটা বাঁচতে পারে। তা না হলে তুঁত চাযিরা পরিবারবর্গ সহ সঙ্গীন অবস্থার মধ্যে পড়বেন কারণ এই তুঁত চাযের উপরই তারা নির্ভ্রণীল। মামি মিবলম্বে আবার বোধরা বাঁধ থেকে ব্রাহ্মণী নদীতে কিছুটা জল ছাড়ার জন্য অনুরোধ জানাছি।

শ্রীমতী বিলাসিবালা সহিস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি ওকত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় ভূমি ও ভূমি সংকার মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার বিধানসভা এলাকার রঘুনাথপুর ২নং পঞ্চায়েত সমিতির অন্তর্গত ইচ্ছর-প্রামের নিকট দামোদর নদের কিছু অংশ আছে এবং সেটা আমাদের পশ্চিমবাংলায় অবস্থিত। কিন্তু স্যার, কিছুদিন ধরেই লক্ষা করা যাচ্ছে যে, বিহার রাজ্যের কিছু কনট্রাক্টর সেখান থেকে প্রায়ই লরি ভর্তি করে বালি নিয়ে যাচ্ছে। মোটামুটি হিসাব করে দেখা যাচ্ছে প্রত্যেকদিন আমাদের ১৬ হাজার টাকার বালি ওরা নিয়ে যাচ্ছে। আমার মনে হয় এরফলে একদিকে আইন শৃঙ্খলার বিদ্বিত হচ্ছে, অপরদিকে সরকারের প্রচুর রাজস্ব ক্ষতি হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে দাবি জানাচ্ছি, অবিলম্বে এই বে-আইনি কাজ বন্ধ করা হোক।

শ্রী প্রবীর ব্যানার্জিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি ওরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের জেলার মিনার্থা ব্লকে, সন্দেশখালি ব্লকে, হিঙ্গলগঞ্জ ব্লকে ব্যাপকভাবে আদ্রিক রোগ দেখা দিয়েছে। গোটা পশ্চিমবঙ্গের কথা ছেড়ে দিয়ে শুধু আমাদের জেলাতেই এখন পর্যন্ত ৫৮ জন আদ্রিক মারা গেছে। অর্থা কোনও হাসপাতালে ওমুধ নেই, শুধু হ্যালোজেন ট্যাবলেট পাঠানো হচ্ছে। ডাক্তারদের টিম পাঠানো হচ্ছে, কিন্তু তারা সেখানে থাকছেন না, ফিরে আসছেন। সরকার এই রোগ প্রতিরোধের ক্ষেত্রে সম্পূর্ণ বার্থভাব পরিচয় দিছেন। এছাড়া আমাদের জেলায় গতকাল থেকে বার্কনির মেলা শুরু হয়েছে। ১২ লক্ষ মানুষ সমবেত হয়েছে, আমি নিজে ওখানে গিয়েছিলাম। ওখানে

দরকারের পক্ষ থেকে একজন সাব-ইন্সপেক্টর এবং তিনজন কন্সটেবল পাঠানো হয়েছে। অথচ ধ্বম্বপত্র কিছুই পাঠানো হয়নি। ওখানেও আদ্রিক ছড়াবার আশক্ষা আছে। তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি অবিলম্বে ওখানে প্রয়োজনীয় ডাব্ডার এবং ওযুধপত্র পাঠাবার ব্যবস্থা করুন, যাতে ওখানে মানুষ আদ্রিকে আক্রান্ত না হয় তার ব্যবস্থা করুন। সাথে সাথে আমাদের গোটা জেলার মানুষদের আদ্রিক রোগের হাত থেকে বাঁচাবার ব্যবস্থা করুন।

শ্রী আব্দুস সালাম মুন্সি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি মাননীয় পূর্তমন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্যণ করছি। স্যার, আমার এলাকায় চড়চাকুন্দের মোড় থেকে — ঘোষালপুর ঘাট হয়ে অঞ্জবীপ ঘাট পর্যস্ত ৯ কিলোমিটার দীর্ঘ রাস্তাটির অবস্থা খুবই খারাপ। বিশেষ করে বর্ষাকালে সে রাস্তা চলাচলের যোগ্য থাকে না। বহু মানুষ ঐ রাস্তা দিয়ে চলাচল করেন, কিন্তু তাদের খুবই অসুবিধার মধ্যে পড়তে হয়। বিশেষ করে ঐ রাস্তা দিয়ে শব দাহ করতে যেতে হয় গুঙ্গার ঘাটে। এই অবস্থায় এলাকার মানুষরা দীর্ঘদিন ধরে ঐ ৯ কিলোমিটার রাস্তা উপযুক্ত ছাবে নির্মাণ করার জন্য দাবি জানিয়ে আসছেন। তাই আমি আজকে বিষয়টির প্রতি মাননীয় খুর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি, তিনি অবিলম্বে রাস্তাটি উপযুক্ত ভাবে পাকা করার জন্য খ্যুবস্থা গ্রহণ করে ঐ এলাকার মানুষের দীর্ঘদিনের দাবি মেনে নিন।

শী শক্তিপ্রসাদ বল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ ব্যাপার এখানে উল্লেখ করে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের ঝাপারটার প্রতি দৃষ্টি আকর্ষণ করতে ক্রই। স্যার, আমার বিধানসভা কেন্দ্র, নন্দীগ্রাম বিধানসভা কেন্দ্র। সেই নন্দীগ্রাম বিধানসভা কেন্দ্রের দু নং ব্লক হাসপাতালটি রুরাল হাসপাতালে উন্নীত হয়েছে। সেখানে অনুমোদিও ক্রান্তারের পদ হচ্ছে তিনটি, কিন্তু আজ দীর্ঘদিন ধরে সেই হাসপাতালে কোনও ডাক্তার নেই। ক্রথেচ বর্তমানে আমাদের এলাকায় আদ্রিক মড়ক আকারে দেখা দিয়েছে। ব্যাপক সংখ্যক ক্রান্ত্র্য আন্ত্রিকে আক্রান্ত হয়েছে এবং ইতিমধ্যেই অনেক মানুষ মারা গেছে। ওখানকার ক্রান্ত্র্য আন্ত্রিক আক্রান্ত হয়েছে এবং ইতিমধ্যেই অনেক মানুষ মারা গেছে। ওখানকার ক্রান্ত্র্য আকর্ষণ করেছি। আজকে আবার তার দৃষ্টি আকর্ষণ করিছি, অবিলম্বে তিনি ঐ হাসপাতালে ভাক্তার পাঠাবার ব্যবস্থা গ্রহণ করুন। আমি দাবি জানাচ্ছি, অবিলম্বে মানুষের চিকিৎসার জন্য, শীনুষকে বাঁচাবার জন্য ঐ ব্লকে হাসপাতালটিতে প্রয়োজনীয় সংখ্যক ডাক্তার পাঠানো হোক।

[12-50 — 1-00 p.m.]

শ্রী শোভনদেব চটোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাব মাধ্যমে বাজ্যের র্থমন্ত্রীর কাছে একটি বক্তব্য পেশ করতে চাই। রাজ্যের অর্থমন্ত্রী বলেছেন পে-কমিশনের যে কা রাজ্য সরকারি কর্মচারী, শিক্ষক এবং পৌর কর্মচারিদের পাওনা সেই ১৫ মাসের টাকা ভিডেন্ট ফান্ডে জমা দেবার কথা বলেছেন। আমি আপনার মাধ্যমে রাজ্যের অর্থমন্ত্রী মহাশয়কে রণ করিয়ে দিতে চাই, ১৯৭৪ সালে এমন একটি প্রস্তাব ইন্দিরা গান্ধী রেখেছিলেন। মহার্ঘ তা সি.ডি.এসের মাধ্যমে জমা রাখতে চেয়েছিলেন এবং ১২ পারসেন্ট সুদ পরে ফেরত বার কথা বলেছিলেন। আজকে ক্ষমতাসীন দল সেদিন চিৎকার করে বলেছিলেন ইন্দিরা নিরীর ফান্ডে টাকা দিতে রাজি নই। বামপন্থী ট্রেড-ইউনিয়ন সিট ইন্দিরা গান্ধীর এই নীতির

[22nd March, 1993]

প্রতিবাদ করেছিলেন এবং সি.ডি.এসের প্রতিবাদ করেছিলেন। আজকে সেই দল সরকারে আছেন। সেই দলের অর্থমন্ত্রী সরকারী কর্মচারিদের দেয় টাকা প্রতিচেন্ট ফান্ডে জমা দেবার কথা বলছেন। অথচ আজকে সমস্ত মানুয চুপচাপ, প্রতিবাদ পর্যন্ত করেছেন না। রাজ্য সরকারি কর্মচারীদের ১৫ মাসের টাকা এবং পৌরকর্মচারি ও শিক্ষকদের এই ১৫ মাস ছাড়াও আরও ১২ মাসের যেটা কিন্তি দেবার কথা সেই টাকা এখনও পর্যন্ত দেয়ন। আমি আপনার মাধামে অর্থমন্ত্রীর কাছে দাবি করছি এইসব টাকা দিয়ে দেবার ব্যবস্থা করা হোক।

শ্রী সুকুমার দাস ঃ (নট প্রেজেন্ট)

ডাঃ মানস ভূইয়া ঃ মাননার অধ্যক্ষ মহাশ্য়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননায় ধ্বাহ্বমন্ত্রী এবং মন্ত্রী সভার দৃষ্টি আবর্ষণ করছি। হঠাৎ করে এই ৩ দিন আগে সারা পশ্চিমবাংলায় যতওলি মেডিকাল কলেজ আছে কলকাতায় ৪টি এবং বর্ধমান, উর্বেনস্ন ও বাঁকুডা সহ একই সঙ্গে ১৫৬ জন ডাক্রার শিক্ষকদের হঠাৎ করে বদলি করে দেওয়া হয়েছে জেলা হাসপাতালওলিতে। আমি এর বিরোধী নই, আইন পাস হয়েছে, নিশ্চমই এটা করা উচিত, যাবা এপনা দেননি তাবা জেলায় যাবেন। কিন্তু মেডিকাল কলেজগুলিতে এখন এম বিবিএস পড়ানো ২ছেছ, পোস্ট-গ্রাজ্বয়েট পড়ানো হছেছ এখন হঠাৎ করে শিক্ষকদের রাত্রগ্রেতি ট্রাসফার করে নেবাৰ ফলে আজকে মেডিকাল কলেজগুলিতে ক্লাস বদ্ধ হয়ে গেছে। এই আমাভাবিক পরিস্থিতির জন্য বাসপাতালওলি কোলাপ করে গ্রেছে। এ ব্যাপারে অবিলম্থে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী হস্তক্ষেপ করন যাতে মেডিকাল কলেজগুলিতে পড়াশুনা হয় এবং গ্রাহ্য গ্রহণযোগ্য পদ্ধতি বেন করন।

শ্রী সৌগত রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বৌ বাজার-এ যে সাম্প্রতিক বিস্ফোরণ ঘটেছে সেই বিস্ফোবলে প্রায় ১০০ব কাছা-কাছি মানুষ মারা গেছে। কিন্তু যে প্রশ্ন এখন পর্যন্ত সরকার বা পূলিশেব বিবৃতি থেকে স্পষ্ট নয় সেটা হছে কি কারণে বিস্ফোরণটা ঘটল। কেউ কেউ বলছেন পূলিশেব কোনও কোনও রিপোটে বেরিরেছে যে সেখানে ৪ জন বোমা বানাছিল সেই বোমাওলি হেটে গিয়ে বালি যে বোমাওলি বাঘা ছিল সেওলি ফেটে গেছে। কেউ কেউ বলছেন আর্মস আলে আর্মিউনিশন জমা ছিল, সেখান থেকে বিস্ফোরণ হয়েছে। কেউ কেউ বলছেন বোমা ছাড়ও নাইট্রোগ্লিসারিন রাখা ছিল। সেইজন্য এত প্রচন্ত বেগে বিস্ফোরণ হয়েছে। কিন্তু এখন পর্যন্ত আমরা সঠিক কারণ জানতে পারছি না। যারা এখানে বলছেন, আ্রিডেন্টিলি ফেটে গেছে তারা রসিদকে বাঁচাবার জন্য চেষ্টা করছেন। আমি এর তীর নিশা করছি।

শ্রী আব্দুল মান্নান ঃ মাননীয় অধ্যক্ত মহাশয়, আমি আপনার মাধ্যমে বর্ধমান জেলার কেতু গ্রাম থানার সীতাহাটি অঞ্চলের কেউরিগ্রামের বিংশ শতাব্দীর শেষাংশে একটি লজ্জাজনক ঘটনার প্রতি, দৃষ্টি আকর্ষণ করছি। ঘটনাটি হচ্ছে, কেতু গ্রাম থানার কেউরিগ্রামের ৪ জন তফসিলি সম্প্রদায়ের মহিলা যাদের বয়স ২৫ এর কাছা-কাছি, তারা গ্রামের সংলগ্ন একটি পুকুরে গুণলি তুলছিলেন। এই অপরাধে ৪ জন মহিলাকে নিয়ে এসে একজন ব্যক্তি যিনি এ পুকুরের মালিক তিনি যেভাবে এ মহিলাদের উপর অত্যাচার চালিয়েছেন, যেভাবে দৈহিক

নর্যাতন চালিয়েছেন তা ভাষায় প্রকাশ করতে পারছি না। আমি তা ভাষায় প্রকাশ করতে পারছিনা। কারণ তা ভাষায় প্রকাশ করা যায়না, এত খারাপ ভাষা ডিক্সনারিতেও নেই। ৪ জন যুবতি মহিলাকে নগ্ন অবস্থায় তাদের উপরে বেত্রাঘাত করা হয়েছে এবং নির্যাতন করা হয়েছে। থানাতে গিয়েও সেই মহিলারা কোনও আশ্রয় পায়নি। দুবে দন্তবাটি প্রামে গিয়ে সেই মহিলারা উপুড় হয়ে শুয়ে নিজেদের লজ্জা নিবারণ করার চেটা করেছেন। কিন্তু তাতেও তারা রেহাই পাননি। কারণ সেই পুকুরের মালিক সেখানে গিয়েও তাদের উপরে আক্রমণ করেছে। সেই পুকুরের মালিক যেহেতু সি.পি.এম.এর লোকাল কমিটির একজন নেতা এবং নাম করা মাতব্বর সেজন্য পুলিশ আজ পর্যন্ত তাদের প্রেপ্তার করতে পারেনি। উপরস্তু তারা যাতে পুলিশের কাছে এজাহার না দেয় তারজন্য অত্যাচার করা হছে। আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি, আপনি পুলিশ মন্ত্রীকে বলুন সেই মহিলাদেব নিরাপত্তার ব্যবস্থা করার জন্য।

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বৌ বাজারের ঘটনার পরিপ্রেক্ষিতে সি.বি.আই-এর মাধ্যমে তদন্তে আমরা যেগুলি রাজ্য সরকারকে জানানোর জন্য বলছি সেগুলি ছেছে, রাজনৈতিক দল হিসাবে কোন কোন দলকে, পুলিশ প্রশাসনকে, নেতাকে প্রতি মাসে বিদিদ কত টাকা উৎকোচ দিত? রিভলবার, পিস্তল, পাসপোর্ট সবকিছু পেতে কারা অনুমোদন বিছেল? রিসদ ১৯৮৯ সালে যে বিমানে লন্ডন গিয়েছিলেন সেই বিমানের যাত্রির তালিকা মরিলন্থে প্রকাশ করা। বোমার মশলা কি কারণে মজুত করা হয়েছিল? কলকাতার পৌরসভার নির্বাচনে মধ্য কলকাতার সি.পি.এম প্রার্থিদের জয়ের পিছনে তার দলবলের কি ভূমিকা ছিল? অল্পদিনের মধ্যে রিসদের এই বিপুল সম্পদেব সৃদ্ধি হল কিভাবে এবং কাদের মদতে গ্রীলকাতা শহরে রিশিদের সাট্টার রমরমা ব্যবসা এবং বে-আইনি বাড়ি তৈরিতে কাদের মদত শ্রীলং আমরা চাইব যে এই তথ্যগুলি হাউসকে জানানো হোক।

শ্রী দীপক মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার একটা পার্সোনাল এপ্সপ্লানেশন আছে। আপনি জানেন যে আমি বজবজ থেকে নির্বাচিত। এখানে মাননীয় সদস্য সৌগত রায় কৃত্ব্য রাখার সময়ে আমার নাম যুক্ত করে বলেছেন। উনি যেসব কথা জানতে চেয়েছেন সেসব বৌ বাজারের বিধায়করা জানেন ওদের দলেব মধ্যে গোলমাল আছে। ওরা জানেন চাকার ভাগ নিয়ে গোলমাল আছে। কিন্তু উনি আমাকে জড়িয়ে বলেছেন। এটা ওদের ব্যাপার, শ্রতে আমাকে যুক্ত করা উচিত নয়। সেজন্য এটা জানিয়ে দিতে চাই।

#### ZERO HOUR

শ্রী সুরত মুখার্জি ঃ মাননীয় অধাক্ষ মহাশয়, বেঁ। বাজারের ঘটনায় আর একটা নুতন কৈর উন্মোচন হয়েছে। অনেকে অনেক কথা বলেছেন। কিন্তু সম্প্রতি যে দিকের উন্মোচন য়েছে সেটা আমি আপনার দৃষ্টিতে আনছি। ওখানে প্রায় ১০০ জনের মতো লোক মারা গছে। অনেক এম.এল.এ যুক্ত বলে শোনা যাছে। কাজেই এই বিষয়ে একটা তদন্ত হওয়া রকার। আর একটা দিক হল ট্রাঙ্কে টাকা পাওয়া গেছে প্রায় ৩০ লক্ষ টাকা এবং সেই কার একটা বড় অংশ পুড়ে গেছে, আর একটা বড় অংশ পুলিশ তছরুপ করে নিয়ে গেছে গির হিসাব মুখ্যমন্ত্রী দেননি। আর একটা রহস্য হছে, এতবড় একটা বাড়ি ভেঙে পড়ে গেল গ্রমধ্যে থেকে ২০টা পেটো বোমা খুঁজে বার করা হল। সাধারণ কথায় যারা এ বাড়ি ভাঙা

[22nd March, 1993]

দেখেছে তারমধো যদি একটা চিনা পটকাও থাকত তাহলে সেটা দেখা যেত। সেখানে ২০টা পটকা কোথা থেকে পাওয়া গেল এবং মুখামন্ত্রী বললেন যে এরসঙ্গে কারো যোগাযোগ নেই, না বন্দে, না শিয়ালদা, বিচ্ছিন্নভাবে একটা ঘটনা ঘটেছে। আমি আপনাকৈ অনুরোধ করছি, আপনি এটাকে টেকনিকাল পয়েন্টে আটকাবেন না, এই ব্যাপারে মুখ্যমন্ত্রী একটা বিবৃতি দিন

মিঃ ম্পিকাৰ ঃ সুব্রতবাব, এটা বি জিকো আওয়াবেব সাবজেক্ট নাকি। এটা জিকে আওয়াবেব সাবজেক্ট নয়।

[1-00 - 1-10 p.m.]

শ্রী আব্দুস সালাম মুগী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্যমন্ত্রীয় দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় ৪টি সাবসিডিয়ারি হেলথ সেন্টার এবং একটি প্রাইমার্কি হেলথ সেন্টার এবং একটি প্রাইমার্কি হেলথ সেন্টার আছে। অনেকদিন ধরে আমরা স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, সেখানকার হাসপাতালগুলিতে ত্রীবনদার্দ্রী। উমধ নেই। সাবসিডিয়ারি রেলথ সেন্টারগুলিতে যে বেড আছে সেই বেডগুলিতে বালিশ নেই, বিছানা নেই এবং মশারি নেই। সাবসিডিয়ারি এবং প্রাইমার্কি বেডগুলিতে বালিশ নেই, বিছানা নেই এবং মশারি নেই। সাবসিডিয়ারি এবং প্রাইমার্কি সেন্টারগুলোতে রোগিদের জন্য বালিস, বিছানা, মশারি কিছু নেই। আরও দুংখ্যোবিষ্কা হল সোভ সেডিং হলে সামান্ত্র এবটা মোমবাতির আলো পর্যন্ত জ্বলে না, অন্ধকারে মধ্যে ভুতের মতে। বোগিবা বসে থাকে। আমি আপনার মাধ্যমে দাবি জানাচ্ছি ঐ হাসপাতালগুলিতে প্রয়োজনীয় জিনিস সরবরাহ হয়।

শ্রী ননী কর ঃ মাননীথ অধ্যক্ষ মহাশ্য, আমি এই হাউসের ঘটনা নিয়ে বলতে চাই বিশ কলেককিন হবে বৌৰাজাব নিয়ে হচ্ছে। প্রাজকে যখন ওরা ৩০ জন সদস্য জোগ্য করতে পারল না, যখন ওলেব মোশন অ্যালাও কবলেন না তখন ওরা কিছু না বলে হসং বাইবে চলে গেল. আবার হঠাং কিছু না বলে চলে এলো। আমাব জিজ্ঞাস্য হচ্ছে আর্গা সারি, ওলের প্রোটেকশন দেওয়া উচিঃ মাঝে মাঝে যদি এইরক্ম কাজ করেন...

মিঃ স্পিকার ঃ Not allowed. Not zero hour subject.

শ্রী প্রবীর ব্যানার্জি ঃ মাননীয় অধাক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বরাস্ট্রমন্ত্রী এই পঞ্চায়ে হমগ্রীর দৃষ্টি আকর্ষণ করছি। জেলার নির্বাচন দপ্তর থেকে বলা হল প্রতিটি জেলার ভাটার লিস্ট প্রকাশিত হবে ৯ই মার্চ। সবচেয়ে আশ্চর্যের ব্যাপার হল উত্তর ২৪-পরগলা আজ পর্যন্ত আমাদের দল আমার মনে হয় অনা দলও ভোটার লিস্ট পায় নি। ডি.এম-ই বলা হয়েছে, মিটিং-এ গিয়েছিলাম। অভুহাত দেখানো হচ্ছে বিভিন্ন জায়গায় প্রেসে স্টুর্যা থাকার জনা ভোটার লিস্ট প্রকাশিত হতে দেরি হচ্ছে। অথচ ভোটার লিস্টে অবজেকশ দেবার লাস্ট ডেট আগামীকাল। আমাদের কংগ্রেস দলের তরফ থেকে ডি.এম-কে বলা হর্মে গেডিটার লিস্টে অবজেকশন দেবার ডেটটা বাড়ানো হোক, উনি বলেছেন ডেট বাড়াবেন নিমার আমার দাবি হচ্ছে এই ডেট বাড়াতে বলুন, তা না হলে পঞ্চায়েত ইলেকশন না ক্ষ্মার দেবা দেবা।

শ্রী শক্তিপ্রসাদ বল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের হলদিয়া মহকুমায় বিভিন্ন এলাকায় আন্ত্রিক রোগের প্রকোপ দেখা দিয়েছে। বিভিন্ন হাসপাতালে প্রয়োজনীয় ঔষধ নেই, ঔষধের প্রচন্ড অভাব দেখা দিয়েছে। আন্ত্রিক রোগের প্রতিষেধক হিসাবে যে প্রয়োজনীয় ঔষধ লাগে অবিলম্বে তা হাসপাতালগুলিতে সরবরাহ করার জন্য স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা জেলা কেন্দ্রের সঙ্গে যোগাযোগ করেছিলাম, জেলা কেন্দ্র প্রয়োজনীয় ঔষধ সরবরাহ করতে সমর্থ হয়নি। সেইজন্য আমি স্বাস্থ্যমন্ত্রীর কাছে দাবি করছি অবিলম্বে যাতে আন্ত্রিক রোগের প্রয়োজনীয় ঔষধ জরুরি ভিত্তিতে পাঠানো হয় তার ব্যবস্থা তিনি যেন করেন।

শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জানাই যে, 
ডায়মন্ড হারবার পৌরসভায় এক সপ্তাহ কোনও জল নেই, সেখানে জলের কোনও ব্যবস্থা 
নেই। তারফলে দেখা গেল, ডায়মন্ড হারবারে যে হাসপাতাল আছে সেখানে নিচের বারান্দাতে 
১৩৭ জন আদ্রিক রোগি শুয়ে আছে, তাদের চিকিৎসার কোনও ব্যবস্থা নেই। তাদের স্যালাইন 
দেওয়ার ব্যবস্থা পর্যন্ত নেই। আমি নিজে পরশুদিন সেখানে গিয়েছিলাম। সেখানে একটা 
উৎসব ছিল, সেখানে এস.ডি.ও. গিয়েছিলেন। তিনিও জানেন বিষয়টি। তিনি বলেন যে, 
ওখানে সাালাইনেব ব্যবস্থা নেই। আমি ওখানে একটি স্পেশ্যাল টিম পাঠাবার জন্য দাবি 
জানাছি। ওখানে জলের কোনও ব্যবস্থা নেই, সেজন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়কে অনুরোধ 
জানাই যাতে অবিলম্বে পৌরসভার মাধ্যমে জল সরবরাহের ব্যবস্থা করা হয়। আদ্রিক রোগে 
যারা আক্রাস্ত তাদের চিকিৎসার ব্যবস্থা গ্রহণ করা হোক। ওখানে এক বোতল স্যালাইনও 
নেই, চিকিৎসার জন্য স্যালাইন সরবরাহের জন্য আমি অনুরোধ জানাই।

শ্রী রবীন্দ্র ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি উলুবেড়িয়া টু মাথাবাড়া এবং গড় চুম্বক রাস্তাটির অবস্থা অত্যন্ত শোচনীয় হয়ে পড়েছে। কয়েকদিন আগে বাস খাদে পড়ে গিয়েছিল। অতীতেও একবার বাস খাদে পড়ে প্রাণহানি ঘটেছিল। তাই আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর কাছে দাবি জানাই খাতে উলুবেড়িয়া টু মাথাবাড়া রাস্তাটির এখনই সংস্কারের ব্যবস্থা করেন, যাতে বাসগুলো ঠিকমতো যাতায়াত করতে পারে তার ব্যবস্থা করেন।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে বিষয়টি তুলতে চাই সেটি কোনও বিতর্কিত বিষয় নয়, সকলের কাছেই এটি গুরুত্বপূর্ণ। আপনি জানেন যে পঞ্চায়েত নির্বাচন আসন। এই নির্বাচনে কয়েক হাজার শিডিউল্ড কাস্ট প্রার্থি সংরক্ষিত আসনে নমিনেশন দাখিল করবেন। শিডিউল্ড কাস্ট সার্টিফিকেট সম্পর্কে আইনগত যে বিধান আছে তা হচ্চেছ এই যে, ডি.এম'এর কাছ থেকে সার্টিফিকেট নিতে হবে। কিন্তু শিডিউল্ড কাস্ট সার্টিফিকেট নিতে গেলে এক দেড় বছর সময় লেগে যায়। নিয়ম হচ্ছে প্রথমে বি.ডি.ও.র কাছে দরখাস্ত করতে হবে, তারপর সেখান থেকে এনকোয়ারি হবে। তারপর এক দেড় বছর পর সার্টিফিকেট পাওয়া যাবে। এই অবস্থা বজায় থাকলে শিডিউল্ড কাস্ট প্রার্থিরা তাদের নমিনেশন ফাইল করতে পারবেন না। বিষয়টি খুবই উদ্বেগজনক। এই ব্যাপারে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি, শিডিউল্ড কাস্ট প্রার্থিরা যাতে তাদের নমিনেশন ফাইল করতে পারেন সেজন্য বর্তমান ব্যবস্থাকে সরলিকরণ করা দরকার। এই ব্যাপারে আমি এই হাউসে এর আগেও বলেছিলাম।

[22nd March, 1993

মাননীয় উপাধ্যক্ষ মহাশয় তখন বলেছিলেন যে মাননীয় মন্ত্রী মহাশয় এই বিষয়ে কয়েকদিনে: মধ্যে বলবেন। কিন্তু এখন পর্যন্ত সরকারের পক্ষ থেকে কোনও আলোকপাত করা হয়নি বিষয়টি জরুরি, সেজন্য এটি আমি তুললাম। বিষয়টির জরুরি নিরসন হওয়া দরকার, এই প্রতিবিধান করুন।

শ্রী নির্মাল দাস ঃ স্যার, কঠোর ষড়যন্ত্র শুরু হয়েছে। ষড়যন্ত্র এইজন্য শুরু হয়েছে বলছি, সামনে পঞ্চায়েত নির্বাচন এবং মিউনিসিপ্যালিটির নির্বাচন। এই নির্বাচনকে যাতে ভশ্বুল করা যায় তারজন্য এই ষড়যন্ত্র গুরু হয়েছে। এর আগে এরা বিরোধিতা করেছিল। এবারে ভঞুল করার জন্য প্রচেষ্টা গুরু করে দিয়েছে। যারজন্য ঐ বৌবাজার, শিয়ালদহের ঐ সমস্ত ঘটনা। এই ষড়যন্ত্রের জাল জাতীয় এবং আন্তর্জাতিক স্তরে বিস্তার করবে। পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার জনগণের আশীর্বাদ নিয়ে সৃত্থির ভাবে সরকার চালাচ্ছে, এটা ওরা সহ্য করতে পারবে না। ওয়াশিংটন থেকে বলে দিচ্ছে কবে কোথায় বোমা পড়বে কবে কলকাতায়, কবে দিন্নিতে পড়বে তা বলে দিচ্ছে। পশ্চিমবাংলায় ওরা উঠে পড়ে লেগেছে। আমরা আশা করেছিলাম যে বিরোধী দল যোগ্য ভূমিকা পালন করবে। কিন্তু এমন এক নেতৃত্ব এসেছে। যে এদের কাছে কিছুই আশা করা যায় না।

## [1-10 - 1-20 p.m]

শ্রী অম্বিকা ব্যানার্জিঃ মাননীয় স্পিকার সারি, আমি আপনার মাধ্যমে অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিষয়ের প্রতি হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে সকাল বেলা খবরের কাগজে দেখলাম স্টোন ম্যানের আবির্ভাব ঘটেছে। যে স্টোন ম্যান সারা পশ্চিমবাংলার মানুষকে তিন বছর আগে উদ্বেগের মধ্যে নিয়ে গিয়েছিল, পুনরায় তার আবির্ভাব ঘটেছে। তিন বছর আগে যা ঘটেছিল ঠিক একই কায়দায় স্বয়ং রাজ্যপালের বাড়ির সামনে একজনকে খুন করা হল। গত তিন বছর নিশ্চয়ই মানুষটি উধাও হয়ে গিয়েছিল। পুলিশ থেকে তাকে ধরার ব্যবস্থা হয়নি। আজকে সঠিকভাবে এর একটা বিহিত হওয়ার দরকার। এইভাবে স্টোনমান লালবাজারের মুখে রাজাপালের বাড়ির সামনে খুন করে বেড়াচেছ আর তা ধরা যাচেছনা। এরফলে ফুটপাথে তো আর কোনও মানুষই থাকতে পারবে না।

শ্রী মানিক ভৌমিক ঃ মাননার ম্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পশ্চিমবঙ্গ ৪০ হাজার কমিউনিটি হেলথ গাইড বা স্বাস্থামন্ত্রী আছেন। তারা কিন্তু সরকারের ৫০ ভাগও বেতন পেয়ে থাকেন। তাও ৬-৭ মাস বাদে বাদে পেয়ে থাকেন। যেখানে রাজা সরকারের সর্বত্র মাইনে বাড়ছে ওদের কিন্তু বাড়ছে না। এই ৪০ হাজার কর্মির উপরে তাদের পরিবার নির্ভর করে। সুতরাং অবিলম্বে তাদের যাতে স্বাস্থাকমী হিসাবে নিয়োগ করা হয় সেই দাবি আমি আপনার মাধ্যমে স্বাস্থামন্ত্রীর কছে রাখছি।

শ্রী অজয় দে ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলায় বিদ্যুৎ একেবারে নেই বললেই চলে। বিশেষ করে নদীয়া জেলাতে চরম অবস্থা, এখানে ভীষণ লো ভোল্টেজ দেখা দিয়েছে প্রায় ১১ হাজার কে.ভি. ফ্রিকোয়েন্সিতে যেখানে বিদ্যুৎ পাওয়ার কথা সেখানে মাত্র ৯ থেকে সাড়ে ৯ কে.ভি. ফ্রিকোয়েন্সিতে বিদ্যুৎ পাচ্ছি। বহরমপুরের জেনারেল ম্যানেজার ঘরে একটি

্ব্বালাল হয়, এই সভাতে তিনি বলেন যে বহরমপুর, মুর্শিদাবাদ এবং নদীয়াতে ব্যাপক লোডশেডিং ব্বে। ওখানকার সুপারেনটেনডেন্ট চাষের খুব অসুবিধা হচ্ছে, তাছাড়া পরীক্ষা চলছে এবং শহরাঞ্চলে রিজার্ভারে জল সরবরাহ করা যাচ্ছে না। অবিলম্বে এর একটা ব্যবস্থা নেওয়া দরকার।

শ্রী আব্দুল মান্নান ঃ মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। একটু আগেই একজন মাননীয় সদস্য বলনে যে পঞ্চায়েত নির্বাচনে শিডিউল্ড কাস্ট প্রার্থিদের সাটিফিকেট পাওয়ার ক্ষেত্রে অসুবিধা হচ্ছে। এটা খুবই সতি্য ঘটনা। আজকে বিরাট সংখ্যক শিডিউল্ড কাস্ট প্রার্থি তাদের সাটিফিকেট উএম এবং বি.ডি.ওর কাছ থেকে পেতে প্রায় দেড় দু মাস লেগে যাবে। অথচ বি.ডি.ও ব্রুফিস থেকে বলা হয়েছে যে খুব তাড়াতাড়ি তারা সাটিফিকেট দিয়ে দেবেন। আমরা জানি সুযোগ নিয়ে এক শ্রেণীর লোক সুবিধা নেবে। আমি এই কারণে পঞ্চায়েত মন্ত্রীর কাছে স্বাবেদন করছি যাতে অবিলম্বে এর একটা সর্বদলীয় সভা হয়। তাছাড়া এই সীট পাওয়ার ক্রেরে যেভাবে নির্দেশ দেওয়া আছে তাতে একই প্রার্থি ২-৩টে সীট পেয়ে যাবেন। সুতরাং এই বে অনিয়ম এটা যাতে বন্ধ হয় একজন প্রার্থি যাতে একাধিক সীট না পায় সেইদিকে বৃদ্ধি দিতে অনুরোধ করছি এবং এই বিষয়ে একটি সর্বদলীয় সভা হোক সেই আবেদন রার্ম্বার্ছ।

ডাঃ মানস ভূঁইয়া ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের ব্যাপারে বাস্তুমন্ত্রীর এবং জনস্বাস্থ্য দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সারা পশ্চিমবাংলার বিভিন্ন ক্রেলায় তাঁব্র পানীয় সঙ্কট দেখা দিয়েছে। দৃষিত পানীয় জল খেয়ে মানুষের মধ্যে আদ্রিকের ক্রানুর্ভাব দেখা দিচ্ছে। আমার জেলা মেদিনীপুর বিচ্ছিন্ন ঘটনা নয়। ইতিমধ্যে ময়না, সবং, বিলা, গড়বেতায় ব্যাপকভাবে আদ্রিক দেখা দিচ্ছে এবং শতাধিক ব্যক্তি আক্রান্ত হচ্ছেন। গড়বেতায় ব্যাপকভাবে আদ্রিক দেখা দিচ্ছে এবং শতাধিক ব্যক্তি আক্রান্ত হচ্ছেন। গ্রানকার জলের স্তর ৬০ ফুট মাটির নিচে নেমে গিয়েছে। এমন বিপর্যয় অবস্থায় পুকুর ক্রিয়ে গিয়েছে, সেই শুকনো পুকুরের তলানির মানুষ পাচ্ছে। আমি এই হাউসে বলেছিলাম ক্রকানীন ভিত্তিতে পানীয় জলের জন্য নলকৃপ সারানো হোক এবং সঙ্গে সঙ্গে পাইপ লাইন বস্যানোও দরকার। এই ব্যাপারে যুদ্ধকালীন ভিত্তিতে পদক্ষেপ নেওয়া দরকার।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ [\* \* \*]

্রি মিঃ ম্পিকার ঃ এটা হবেনা, এটা বলতে গেলে নোটিশ দিতে হবে, সেইজন্য এটা বাদ যাবে। বসে পড়ন।

ক্রা সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ত মহাশয়, আজকে একটি সংবাদ দেখে বিদ্যান সকলেই উদ্বিপ্ত। স্যার, ১৯৮৯ সালের জুন মাস থেকে ১৯৯০ সালের ফেব্রুয়ারির মান ১৬ জনকে স্টোনম্যান খুন করেছিল, এরজন্য ৩০০ জনকে পুলিশ ধরেছিল, তারমধ্যে জন হচ্ছে পাগল। এই পাগলদের গ্রেপ্তার করে পুলিশ ভেবেছিল তারা স্টোনম্যানকে করতে পেরেছে। কিন্তু স্টোনম্যান গ্রেপ্তার হয়নি। দৃঃখের বিষয় আবার সেই স্টোনম্যানের

ote \*Expunged as ordered by the Chair.

আবির্ভাব ঘটেছে, একজন তার হাতে খুন হয়েছে। পশ্চিমবঙ্গের কলকাতা পুলিশের ইন্টেলি বিভাগের আগে যে সুনাম ছিল এখন আর তাদের সেই সুনাম নস্ট হয়ে গেছে। ব স্কটল্যান্ড ইয়ার্ডের সঙ্গের কলকাতার ডিটেকটিভ ডিপার্টমেন্টের তুলনা করা হত, সেই ব আজকে পুরোপুরি নস্ট হয়ে গেছে। সূত্রাং কলকাতার নিয়ন্ত্রণ বিভাগের ভয়ানক ব মাজকে পুরোপুরি নস্ট হয়ে গেছে। সূত্রাং কলকাতার নিয়ন্ত্রণ বিভাগের ভয়ানক ব মাজকে আমরা সন্দিহান। স্যার, বহু এম.এল.এ., এম.পি. ২৫ তারিখে দিল্লি যাচ্ছেন রাছ এক্সপ্রেস, গতকাল টেলিফোন এসেছিল রাজধানি এক্সপ্রেসে বোম রাখা আছে, তাই আপ আমরা জানাচ্ছি আপনার সঙ্গে আর ফিরে এসে দেখা হবে কিনা বুঝতে পারছি আমরা জানাচ্ছি আপনার সঙ্গে আর ফিরে এসে দেখা হবে কিনা বুঝতে পারছি কলকাতার মানুয আজকে যেভাবে নিরাপত্তাহীনতায় ভূগছে, আতক্ষে ভূগছে, তার আমরা একেবারে দিল্লি যাচ্ছি, হরিয়ানা, পাঞ্জাব সীমান্ত দিরে। আমি আজকে সকালটেলিফোন পেলাম যাতায়াতেব পথে এ.আই.সি.সি.-র সদস্য, বিধায়করা যাচ্ছেন, বোম ফ পারে যাবেন না, তাই বলছি কলকাতার মানুয আজকে নিরাপত্তাহীনতায় ভূগছে আমারিরাপত্তা নেই, সাধারণ মন্ব্রেরও নিরাপত্তা নেই, এটা শুধু আপনাকে বলে রাখলাম

# [1-20 - 2-00 p.m.](including adjournment)

শ্রী সৌগত রায় । নিঃ ম্পিকার স্যান. বৌবাজারের বোম বিস্ফোরণের পরে সি.বি এবং ইন্টারপোল দিয়ে তদন্ত হোক এই দাবি আমরা সভায় করেছি। কিন্তু আমরা ক বা পড়ছি রশিদ খানের বাড়ি থেকে এনেক তথা পাওয়া গিয়েছে। এখান থেকে একটা র পাওয়া গিয়েছে, তাতে বহু ওকুত্বপূর্ণ পুলিশ অফিসারের নাম ঠিকানা এবং সরকারি অফিনাম ঠিকানা লেখা আছে এবং ফোন নম্বরও লেখা আছে। তারসঙ্গে রশিদের বাড়ি সি.পি.এম. পাটিকে যে চাঁদা দিত তার রশিদও পাওয়া গিয়েছে। আমি তাই দাবি করেরেরশিদের যে রিভালবার পাওয়া গিয়েছে সেই রিভালবারের লাইসেন্স কে দিয়েছে? এই ব আপনার মাধ্যমে আমি এই দাবি করতে চাই রসিদের বাড়ি থেকে পাওয়া ডায়রি এই ব পোশ করা হোক এবং যে যে চাঁদার রসিদ সেখানে পাওয়া গেছে তার বিবরণ এই ব রাখা হোক এবং কারা রসিদকে রিভালবার দেওয়ার জন্য পুলিশের কাছে সুপারিশ করে এবং রসিদের সঙ্গে যুক্ত বিদ্যাসাগরের এম.এল.এ-র যে নাম উঠেছে তাকে জেরা কবা এই ঘটনার তদন্তের ভার সি.বি.আইকে দেওয়ার দাবি আমি করছি।

শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সকালে আজকে কংগ্রেস দলের থেকে একটা সেনসিওরড মোশন মুভ করা হয়েছিল। এটা নিয়ে গত শনিবার থেকে ধরনের কথা হয়েছে। সেই কনটেক্সট-এ একটা প্রিভিলেজ নোটিশ আমি দিয়েছি আনন্দর্পরিকার বিরুদ্ধে। এর আগের দিন ওদের রিকিউজিট মেম্বার ছিল না, তাই আইনত প করেননি। আমার যতদূর জানা আছে ওদের দলের পক্ষ থেকে যে সেনসিওরড মোশন করা হয়েছে আজকে তাতে যাতে কোয়ালিফাইং মেম্বার তারজন্য তাদের দলের পক্ষ ছইপ জারি করা হয়েছিল। কিন্তু আজকে দেখা গেল ওদের দলের সদস্যরা সেই ইপ করেনি। প্রয়োজনীয় সদস্য অনুপস্থিত থাকার জন্য সেটা রিজেকটেড হয়ে গেছে। এই ই আমি যেটা বলছি আমাদের টেম্থ শিডিউল্ডে এটা বলা আছে, অ্যান্টি ডিফেকশন আর্টি পরিবর্তন করা হয়েছে এবং বিভিন্ন লেজিসলেশন তারা যে রুল তৈরি করবে এবং আ যে রুল তৈরি হয়েছে তাতে বলা হয়েছে যে দলের ছইপ থাকবে লিডার অফ দি প্রিটি

পার্টি তিনি অন্তত ৩০ দিনের মধ্যে জানারে। আমরা শক্ষিত তা জানানো হবেনা। রুলের এই প্রভিশনে আছে যে কোনও মেম্বার সেই নোটিশ দিতে পারে এবং সেই বাপারে হস্তক্ষেপ দাবি করতে পারে। যিনি এই ছইপ মানা করেননি তিনি এই আটি ডিফেকশনের মধ্যে পড়ে এবং তার মেম্বারশিপ খারিজ করা যায় কিনা সেই বাপারে আপনাকে হস্তক্ষেপ করার জন্য আপনাকে আমি অনুরোধ করছি।

মিঃ স্পিকার ঃ মিঃ মন্ডল আপনি কি কোনও নোটিশ দিচ্ছেন।

শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ হা্যা আমি নোটিশ দিচ্ছি।

মিঃ ম্পিকার ঃ আন্ডার আাণ্টি ডিফেকশন রুল অনুযায়ী ছইপ জারি হলে, অফিসিয়াল ছইপ জারি হলে ম্পিকারকে তা জানাতে হয়। কিন্তু আমাকে কিছু জানানো হয়নি, সুতরাং ধরে নিতে হবে কোনও ছইপ জারি করা হয়নি। মানসবাবু আপনি তো দলের চিফ ছইপ, আপনারা কি অফিসিয়াল মেম্বারদের কোন কোন ছইপ জারি করেছেন?

ডাঃ মানস ভূঁইরা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য রবীন মন্ডল মহাশয় যে প্রসঙ্গে এখানে অবতারণা করলেন এটা তার অনধিকার চর্চার মধ্যে পড়ে। এটা হচ্ছে এক নম্বর আর দুই নম্বর বিষয় হচ্ছে, আপনাব গ্রাতার্থে জানাচ্ছি, আমাদের সদস্যাদের উপস্থিত হতে বলে কোনও ছইপ জারি করা হয়নি। কিন্তু এত দুর্ভাগ্য এই সরকারের রাজত্বে রাজাঘাট, যানবাহন, এমন একটা বিপদজনক অবস্থায় সৌছেছে যে আমাদের সদস্য অম্বিকাবাবু রাস্তায় আটকে গেলেন। রাস্তাঘাটের এমন অবস্থা হয়েছে। স্যার, আমরা যাই জানাচ্ছি যে মামাদের যাতায়াত করা বিপদজনক অবস্থায় এসে গিয়েছে। মাননীয় সদস্যরা সময়মতো মাসতে পারছেন না, যেতে পারছেন না, হাউসে আসতে তাদের বিলম্ব হচ্ছে এই রকম একটা পরিস্থিতি সৃষ্টি হয়েছে এই মহামানবদের রাজত্বে। আপনার মাধ্যমে তাই সভাকে এদের মপদার্থতার কথাটা জানালাম।

শ্রী বৃদ্ধদেব ভট্টাচার্য ঃ এই অপদার্থদের আমলেই ওনার জন্য বিদ্যাসাগর সেতৃ হয়েছে সটাও জেনে রাখ্ন।

মিঃ স্পিকার ঃ মানসবাবু, আপনি কি বলতে চান যে বর্তমান সরকাব আপনাদের বৈক্ষকে চক্রান্ত করে ট্রাফিক কনজেশন করে দিয়েছেন?

ডাঃ মানস ভূঁইয়া ঃ স্যার, এমনই বিপদজনক অবস্থা যে এখানে অর্থনীতি ভেঙে ডিড্ছে, পরিবহন ভেঙে পড়েছে, রাস্তাঘাট নেই। আপনি স্যার, বিশেষ তদন্তের ব্যবস্থা করুন।

মিঃ স্পিকার ঃ ওর সঙ্গে আর একটা বাড়িয়ে দিন যে বিরোধী দলও ভেঙে পড়েছে। ২খন বিরতি, আবার আমরা মিলিত হব দুটোর সময়।

(At this stage the House was adjourned till 2/00 p.m)

[22nd March, 1993]

[2-00 - 2-10 p.m.(After Adjournment)]

# GENERAL DISCUSSION ON BUDGET

[2-10 - 2-20 p.m.]

শ্রী সৌগত রায়: স্যার, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট প্রস্তাবগুলো এনেছেন আমি তার বিরোধিতা করছি। প্রত্যেকটি হেডে আমরা কাট মোশন দেব। কিছু এর মধ্যেই দিয়েছি, সেই কাট মোশনগুলো সমর্থন করছি। আমি গত পাঁচ বছর ধরে এই হাউসে অর্থমন্ত্রীর বাজেট বকৃতা শুনছি। ইতিপূর্বে এত দীর্ঘ বক্তৃতা তিনি কখনো দেন নি। কিন্তু সঙ্গে সঙ্গে এত আাপোলজেটিক বক্তৃতা, এত ডিফিডেন্ট বক্তৃতা, এত দোষ স্বীকার করা বক্তৃতা তিনি কখনও দেন নি। আমি পরে আপনাকে উল্লেখ করে দেখাব যে কিভাবে তিনি স্বীকার করে নিয়েছেন যে, তার নেতৃত্বে রাজ্যের অর্থনীতি সম্পূর্ণ বার্থ হয়েছে। এই বাজেট বক্তৃতা পড়ে সেই বাচ্চা ছেলের কথা মনে হতে পারে যে বাচ্চা ছেলে পরীক্ষায় ফেল করে কারণ দেখাচেছ তার ক্লাসের আর একটা বন্ধুকে এবং বলছে, সেই বন্ধুর দোষ নয়, সেই বন্ধুকে আবার এক দৈত্য জোর করে অত্যাচার করেছে। এই ক্ষেত্রে অনা ছেলে, যাকে দোষ দেওয়া **হচ্ছে তার** নাম সেম্বাল গভর্নমেন্ট এবং যে দৈতা, তাব নাম আই.এম.এফ.। মন্ত্রীর বাজেট বক্তৃতায় রাজ্যের প্রকৃত তথা এবং দেশের প্রকৃত তথা, কোনওটাই বের করা হয়নি। প্রথম ১৭টা প্যারা জুড়ে অর্থমন্ত্রী কেন্দ্রীয় বাজেটের সমালোচনা করেছেন। কিন্তু যেখানে কেন্দ্রীয় বাজেটের সাফলা, মনমোহন সিং-এর ইকনমিক ম্যানেজনেন্ট, অর্থনৈতিক পরিচালনার সাফল্য সেখানটা উল্লেখ করতে হার কুলা হয়েছে। অথচ এটা সাকা পৃথিকী দেখাছে যে, মনমোহন সিং-এর সময ভারতবর্মের মুদ্রাশ্দ্রীতি আগস্ট '৯১-এর ১৭% থেকে নেমে ফেব্রুয়ারি '৯৩-তে ৬.৯% এসে দাঁড়িয়েছে। এই ব্যাপক নাটকীয় মুদ্রাক্ষীতি কমে যাওয়াটা অর্থমন্ত্রী বাজেট বক্তৃতায় উল্লেখ করেন নি। ভারতবর্ষের যে উময়নের হার ১৯৯১-৯২ সালে ১.২% নেমে গিয়েছিল, সেটা এ বছর ৪% পৌঁছেছে। সেটাও অর্থমন্ত্রী উল্লেখ করেন নি। সারা পৃথিবী যে জিনিসকে স্বাগত জানিয়েছে যে কেন্দ্রীয় অর্থমন্ত্রী ফিস্ক্যাল ডেফিসিট ১৯৯১-৯২ ৮.৪% থেকে কমিয়ে ৫% নিয়ে এসেছেন, সেটাও অর্থমন্ত্রী উল্লেখ করেন নি। করলে সেটা প্রশংসা হয়ে যেত। অর্থমন্ত্রী বলছেন যে, আই.এম.এফ. আমাদের বলছে আরও ইমপোট করো। তিনি এ কথা বলা সত্ত্বেও ডলার টার্মস-এ ইমপোর্ট ১৯৯১-৯২ থেকে ১৯৯২-৯৩ সালে কম হয়েছে। সেটাও আমাদের অর্থমন্ত্রী উল্লেখ করেন নি। এবং সবচেয়ে বড় যেটা উল্লেখ করেন নি, এবারে কেন্দ্রের নিজস্ব প্ল্যান বাজেট হচ্ছে ৬৩,৯৩৬ কোটি টাকা এবং যা ১৯৯২-৯৩ সালের চেয়ে ৩২% বেশি। গ্রামীণ উন্নয়নের টাকা ৬১% বেড়ে ৫ হাজার ১০ কোটি টাকা হয়েছে। সেটাও মাননীয় অর্থমন্ত্রী, তার বাজেট বক্তৃতায় উল্লেখ করেন নি। জওহর রোজগার যোজনায় ২ হাজার ৪৬ কোটি টাকা থেকে বেড়ে ৩ হাজার ৩০৬ কোটি টাকা হয়েছে। তাও উল্লেখ করলেন না। কেন্দ্রীয় সরকারের যে শিক্ষা বামপন্থীরা দীর্ঘকাল ধরে যেটা বলছেন শিক্ষায় খ্রচ বাড়ানো উচিত সেখানে শিক্ষা বাজেটে ৩৭.৬ শতাংশ বাড়ানো হয়েছে। ৯৫২ কোটি টাকা থেকে ১৩১০ কোটি টাকা করেছেন। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তাও উল্লেখ করলেন না। এবারে স্টেট শেয়ার অফ ট্যাক্সেস যা দাঁড়িয়েছে তা হচ্ছে ২২ হাজার ৫০০ কোটি টাকা রাজাওলি মিলে যা পায়। ১৯৯২-১৩ সালে ছিল ২০ হাজার ৫২৫ কোটি টাকা। এটা ওনার

ভাল বলে মনে হয়নি। অ্যাসিসটান্ট স্টেট প্ল্যান রাজ্য পরিকল্পনায় সাহায্য ৭ হাজার কোটি টাকা বেডেছে। ৪১ হাজার সামথিং আগে ছিল ৩৪ হাজার ৬১২। এটাও উল্লেখ করেননি। ে বছরের পাওয়ার জেনারেশন যেটা পশ্চিমবাংলা উপকৃত হবে এবং পশ্চিমবাংলায় বিদ্যুতের উৎপাদন বাডবে সেটাও তিনি উল্লেখ করলেন না। তিনি দেখাবার চেষ্টা করেছেন কাস্টম ডিউটির রিলিফ বেশি দেওয়া হয়েছে। কাস্টম ডিউটি রিলিফের চেয়ে এবারে কেন্দ্রীয় অর্থমন্ত্রী যে সাহসিকতার পদক্ষেপ নিয়েছেন সেটা হচ্ছে ট্যাক্স কমিয়ে প্লান বাডিয়েছেন যেটা প্রত্যেক সবকারের করা উচিত। এই সাহসিকতার কথা তিনি উল্লেখ করার প্রয়োজন মনে করেন না। দারা দেশে যেখানে শিল্পের মন্দা চলছে সেখানে কেন্দ্রীয় সরকার এই প্রথম এমন একটি **পদক্ষেপ নিয়েছেন যেখানে কনজিউমার ডিউরেবল আসেট, কনজিউমার আইটেম-এ জিনিসপত্রের** দাম সত্যি সত্যি কমেছে। রেডিও সেট, গাডি, থি-হুইলার, এয়ার কন্ডিশনার, রেফ্রিজারেটার, **অ**মিওপার্থিক মেডিসিন, প্লাইউড, প্রিনটিং পেপার, টুথপেস্ট প্রভৃতি জিনিসের একসাইজ 庵উটি কমিয়ে দেবার ফলে সত্যিই জিনিসের দাম কমেছে। এরফলে ইন্ডাস্টিগুলি যে মন্দার 🗮 বা আছে সেগুলি বস্ট পাবে। এটাও মাননীয় অর্থমন্ত্রী মহাশ্য উল্লেখ করলেন না। বারবার 🚁 দ্রীয় অর্থমন্ত্রী বলছেন কাস্টম ডিউটি রিলিফ মানে এই নয়, বিদেশি অন্যান্য জিনিসগুলি ্দ্মামদের দেশে ডাম্প করব। এটা হবে না। আমরা সেইরকম ইমপোর্ট পলিসি নিয়ে আসবো। 🏿 📆 মাননীয় অর্থমন্ত্রী ওনার ব্যর্থতা ঢাকবার জন্য শুধু আই.এম.এফের উপর দোষ দিচ্ছেন। 🟟 দ্রীয় সরকারের যে মেজর অ্যাচিভমেন্ট ডেফিসিট কমানো, কেন্দ্রীয় সরকারের মেজর আচিভমেন্ট ইনফ্রেশন কমানো, গ্রোথরেট বাড়ানো, ইন্ডাস্ট্রি এবং এগ্রিকালচারে গত ২ বছরে 🖷 মাটিক্যালি গ্রোথ রেট বাড়ানো এগুলির কোনও উল্লেখ করলেন না। অন্যদিকে যে শুভিযোগওলি এরা বারবার করেন সেটা ২চ্ছে, কেন্দ্রীয় সরকাব নাকি পার্বলিক ডিস্টিবিউশন 🏙স্টম তলে দিয়েছেন। দেখা যাচেছ, পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেমে ফুড়ে যে সাবসিডি 🐗 এয়া হয় সেটা কেন্দ্রীয় সরকার এ বছর বাভিয়ে ২৮০০ কোটি টাকা থেকে ৩ হাজা ়া **জৌটি টাকা করেছেন এবং যেটা এখানে বারবার বলবার চেটা করা হয় সেটা ২চ্ছে সমস্ত** 🖏 খানা কেন্দ্রীয় সরকার বন্ধ করে দেবে এটাই হচ্ছে কেন্দ্রীয় সরকারের এক্সজিস্ট পলিসি। 🖏ন পর্যন্ত কেন্দ্রীয় সরকার-এর কোনও কারখানা বন্ধ হয়নি এবং কোনও এক্সজিস্ট পলিসি 👼 করা হয়নি। অপরদিকে কেন্দ্রীয় সরকার কারখানাগুলিকে লাভজনক করার চেষ্টা করছে। 🐗 আমাদের মাননীয় অর্থমন্ত্রী স্বীকার করলেন না। মাননীয় অর্থমন্ত্রীর পুরো বাজেট বক্তৃতা 🐲 একটা লিটানি অব ফেইলর এবং এক্সকিউসেস অব দেইলর। এই বইয়ে একটা হেডিং 🐃 উচিত ছিল, সেটা হচ্ছে বার্থতার অভ্যত। তিনি কোনও ভাল দেখতে পাননি। আমরা 📟 লামনা যে এই বইয়ের কোনও একটা ভায়গায প্রোডাকটিভিটি এবং প্রফিটেবিলিটি এই 📸 কথার উল্লেখ আছে। তিনি সম্পূর্ণ একা নোগেটিভ বক্ততা দিয়েছেন। তিনি ব্যাষ্ক স্ক্যাম্প-鑴 কথা উল্লেখ করেছেন এবং বলেছেন ়ে আই.এম.এফ-এর চাপে নাকি ব্যাষণ্ডলি স্ক্যাম্প 🖏 বছে। তিনি একবারও উল্লেখ করলেন না যে ওদের বন্ধু সরকার যখন ছিল তখন হ্রীলাল যে লোন ওয়েভার প্রকল্প করেছিলেন তারফলে ব্যাক্ষণ্ডলি লস হয়েছিল এবং 🗱 🕏 লোভি ম্যানেজমেন্ট লাভ বাডানোর জন্য শেয়ার মার্কেটে গিয়েছিল। লোন ওয়েভের 🖏 ব্যাঙ্কিং সিস্টেম নষ্ট হয়েছিল, এই সহজ সত্যটা মাননীয অর্থমন্ত্রী স্বীকার করেন নি। আঁজকে রাজ্যের অর্থমন্ত্রীর নেতৃত্বে রাজ্যের অর্থনীতি কোথায় এসে দাঁড়িয়েছে, আমি তার

একটা উদহরণ নিছি। ১৯৯১-৯২ সালের বাজেট এস্টিমেটস এবং আকচুয়াল যদি মিলিয়ে দেখি তাহলে দেখবো যে আমাদের বাজোর টাঞ্জে রেভিনিউ যা তাতে শট ফল ছিল ১২৩ কোটি ৮৩ লক্ষ টাকা অ্যাকচুয়াল-এর সঙ্গে বাজেটের। সেলস ট্যাক্সে শর্ট ফল ছিল ৭৪ কোটি ৮৪ লক্ষ টকা। দেউট এক্সইজে শুট ফল ছিল ১৫ কোটি ৮৮ লক্ষ টাকা। ইন্টারন্যাল ভেট, রাজেবে য়ে ঋণ সেটা বেড়ে হয়েছিল ৩১৪ পাবসেন্ট। অর্থাৎ বাজেটের চেয়ে অ্যাকচুয়াল বেড়েছে ৩১৪ পাবসেন্ট। এর্ধাৎ ২ হাজার ৫ শত ১৫ কোটি টাকা ইন্টারন্যাল ডেট বেড়েছে। অর্থমন্ত্রী প্রায়ই ফল সেভিংসের কথা বলেন। কিন্তু দাবিটা যথন রাজস্ব আদায়ের, কিন্তু রাজা সরকার ইন্টারনাল ভেটের উপরে নিওঁর কবে আমপের অর্থনীতিকে ডুবিয়ে দিয়েছেন, এটা একবারও উল্লেখ করলেন না। এর একেই ১৯৯১-৯২ সালে কি হয়েছে সেটা আমি বলব, তাবপরে প্লানটা কোথায় গিতে দাঁভিয়েছে সেটাও বলবো। বাজেট এস্টিমেটের সঙ্গে অ্যাকচয়ালের শর্টফল কি আছে গ ১৯৯১-৯২ সালে আকচ্যালে যা খরচ হয়েছে সেখানে জেনারেল এডুকেশনে ৩৯৯ কোটি টাকা শটকল। হেলথে ২৭ কোটি টাকা শট ফল। আর্বান ডেভেলপমেন্টে ২৪ কোটি টাকা শর্ট ফল। ভিলেজ আন্ডে মান ইন্ডাস্থিতে ৩৪ কোটি টাকা শর্টফল। রুর্রাল এমপ্লয়মেটে ৫১ কোটি টাক। শর্টফল হয়েছে বাজেট এস্টিনেটস থেকে। তার মানে আপনি উন্নয়নের যে পরিকশ্পনা করেছিলেন তাতে পৌছাতে পারেন নি। সবটাতেই শর্টফল হয়ে গেছে এবং বাজেটের বি প্যাথেটিক অবস্থা সেটা বললে আরও স্পষ্ট হয়ে যাবে। এর ফলে বি হয়েছে ? ১৯৯১-৯২ সাল যদি দেখেন তাহলে দেখবেন যে যেখানে ক্যাপিটাল এক্সপেন্ডিচার যেটা সত্যিই আন্সেট তৈরি করতে খরচ হয় সেখানে অ্যাকচয়াল হচ্ছে ২৯৮ কোটি টাকা ৩ শত কোটির টাকার কম যেটা আউট লে ছিল। তারফলে এই রাজা কোন জায়গায় পৌলে যাচেছ সেটা আপনারা সহজেই বঝতে পারবেন। এই বামফ্রন্ট সরকার একটার পর একটা প্লানে টাকা খরচ না করতে পাবার জনা এই রাজা সর্বাঙ্গীন ভাবে পিছিয়ে যাচেছ সেটা আমি ফিগার দিয়ে বলেছি। এবাবে আমি প্লানের কথায় আসছি। সিক্সথ প্ল্যানে হওয়ার কথা ছিল ৩।। হাজার কোটি টাকার। কিন্তু রিসোস মোবিলাইজড না করতে পারার জন্য হয়েছে : হাজার ৩ শত কোটি টাকা। নিয়ম ২৮ছে যে সিক্সথ প্ল্যানে যদি ৩।। হাজার কোটি টাকা হং তাহলে সেভেম্ব প্রান ৭ হাজান কোটি টাকা এবং এইটথ প্ল্যান হওয়া উচিত ছিল ১৪ হাজার কোটি টাবার। কিন্তু সেখানে সেভেন্থ প্লানে সাত হাজার কোটি টাকা না হয়ে কর হয়েছে? ওরা বলছেন যে ৪ হাজার ৫১১ কোটি টাকা। তার মানে ২।। হাজার কোটি টাকা শর্টফল হয়ে গেছে সেভেম্থ প্ল্লানে। আপনি দেখবেন যে এই প্ল্যানটা যেখানে এইটথ প্লানি ১৪ হাজার কোটি টাকা হওযার কথা সেখানে ৮ হাজার কোটি টাকার পৌঁছাতে পারবেনা এইটথ প্লানে আমাদের ৬ হাজাব কোটি টাকা শটফল হবে। এটা মাননীয় অর্থমন্ত্রী প্রকারান্ত? ` খীকার করেছেন। উনি বলেছেন যে ১৯৯০-৯১ সালে আমাদের টাগেটি হচ্ছে ১৩ শত ২৮: কোটি টাকা। ১৯৯১-৯২ সালে কি হয়েছে १ ১৯৯১-৯২ সালে স্টেট প্লান ১৪৮৬ কে টাকা থেকে কেটে ৯১৩ কোটি টাকায় এসে দাঁড়িয়েছে। ১৯৯০-৯১ সালে ৮৪ পারসেন্ট ইল ১৯৯১-৯২ সালে যা ছিল তার থেকে কমে ৯১৩ কোটি টাকা হল। ১৯৯২-৯৩ সালে <sup>हि</sup>ं হয়েছে? প্রতি বছর প্ল্যান এক্সপেভিচার বাড়ার কথা। ১৯৯২-৯৩ সালে প্ল্যানে ১৫০১ কোঁ টাকা ধরা হল, সেটা ডিসেম্বরে ঠিক করা হল ৭০১ কোটি টাকা। লজ্জার কথা। যে <sup>রার্ডে</sup> ৫০ লক্ষ বেকার সেখানে প্রতি বছর প্লানের টাকা কার্টেল হচ্ছে। মন্ত্রী মহাশয় বিশেষ আ<sup>শা</sup>

🖦 খা শুনিয়েছেন, ৭০১ কোটি টাকা নয়, ৮৮৭ কোটি টাকা নিয়ে যাবেন। ১৫০০ কোটি টাকা থেকে প্রতি বছর ৬০০ কোটি ৭০০ কোটি টাকা প্ল্যানে কার্টেল হয়েছে। এবারে বিচিত্র একটা नजन युक्ति पिशिराराष्ट्रन। এই বছর প্ল্যানে উনি कि বলেছেন? উনি টু লেভেল প্ল্যানিং ক্বরেছেন। এইরকম ম্যাডনেস পৃথিবীতে কোথাও আছে শুনিনি। দুরকম প্লান, একটা হচ্ছে **≫৫**০ কোটি টাকা। প্ল্যান সেটা কি হবে? যদি সেন্ট্রাল কনসাইনমেন্ট ট্যাক্স দেয়, প্লাস **₹**লটিটিউশনাল লোন দেয় তাহলে ১৫৫০ কোটি টাকা করা হল তা না হলে উনি প্লান করছেন ১২১৪ কোটি টাকার। ভাবুন স্যার। প্ল্যানে তিন বছর আগে ছিল ১৪০০ কোটি ট্রকার, তিন বছর পরে সেটা কোথায় ১৫০০ কোটিকে ছাপিয়ে যাবে সেই জায়গায় ১২১৪ ক্লোটি টাকায় নেমে এসেছে। তাও আবার যে পারফরমেন্স দেখছি তাতে এই ১২১৪ কোটি জিকায় পৌঁছাতে পারবে না। তার ফলে আমরা দেখতে পাচ্ছি প্রতি বছর ৩০০ কোটি. ৪০০ কোটি, ৬০০ কোটি টাকা প্ল্যান আউটলে তে শর্টফল হচ্ছে। এই রাজা এরপর যদি গোল্লায় না যায় তাহলে আর করে গোল্লায় যাবে? এই অর্থমন্ত্রীর আমলে সেটা আমরা বুঝতে পারছি 👬। অন্যদিকে এই যে নৃতন ট্যাক্স বসিয়েছেন এই ট্যাক্স রিলিফ দেওয়ার কথা বলেছেন এই **र्क्त**रा व्यर्थमञ्जी रा পतिচा। দিয়েছেন সেই ক্ষেত্রে মননোহন সিং কে লায়ন হার্টেড বলা যায়। একাসাইজ এবং কাস্টমস ডিউটিতে ছাড দিয়েছেন ভারতবর্ষের শিল্পকে আন্তর্জাতিক ভাবে 🗪 পিটিটিভ করার জন্য। আর সেই জায়গায় উনি যে রিলিফ দিয়েছেন সেটা চিকেন থার্টেড বিলিফ বলা যায়। উনি ১১ কোটি টাকা বিলিফ দিয়েছেন। জ্যাম - ভেলি হস্ত শিল্প সব মিলিয়ে ১১ কোটি টাকা রিলিফ দিয়েছেন। জ্যাম - জেলি হস্তশিল্প সব মিলিয়ে ১১ কোটি জিলা টোটাল রিলিফ দিয়েছেন। টাকা তুলবেন বলেছেন। তুলছেন ২-৩টি জায়গা থেকে। **একুটা হচ্ছে রেফ্রিজারেটার, তার থেকে ৩ কোটি টাকা তুলবেন, মটর স্পিরিট, তার থেকে** 🗺 কোটি টাকা ধরেছেন, আরও ২০ কোটি টাকা ধরেছেন মদ থেকে। ওনারা মদের দোকান ব্দ্ধানোর ব্যাপারে বার বার বলেন, আমরা সেই নিয়ে হাউসে বলেছি। এই সরকারের এমন 🐃 প্রানে টাকা বাডাতে হলে মদেব উপর সেলস টারা বাডাতে হবে। মদের বিক্রির উপর 🐃 নাজ্যের। যাইহোক ওদের পারফরমেস বলে না যে এটা হবে। তার কারণ গত বছর ক্ষেস টাক্স যেখানে কালেকশনের টারগেট ছিল ১৯০০ কোটি টাকা সেখানে টোটাল কালেকশন 🐗 দাঁড়িয়েছে ১৭০০ কোটি টাকায়। সূতরাং আপনারা বুকতে পারছেন এই রাজ্যের কি 🐃 হা, আমরা কোথায় দাঁডিয়ে আছি। আমি আর একটা ব্যাপার বলি। আমি একটা উদাহরণ 🗱 । হোটেল এবং রেস্ট্রেন্ট গত বছর ওরা বলেছিল যে ট্যাক্স অন লাকসারি গুডস তার ক্রিট্রাসপেকটিভ এফেক্ট দিন। পশ্চিমবাংলায় যাতে আর: ট্র্যুরিস্ট আসে সেটা চিন্ত। করতে छ। বাইরে ডিপ্লোম্যাটস অফ ইউ.এন এজেন্সি ওরা বলছে ল্যাকসারি ট্যাক্স ঘরের জনা 🗱 য়া উচিত নয়, হোটেলে থাকতে গেলে কেন এটা থাকবে নাং এই বাজ্যে আপনি ট্যুরিস্ট ্রীতে চান কিন্তু এনটারটেন্টমেন্ট ট্যান্ত আপনি করেছেন। এখন থ্যেটলে বা রেস্ট্রেন্টে 🐝 না বাজলে ট্যারিস্টরা আসবে না। তাতে আপনার হচ্ছে কিং আপনার নিট এফেক্ট 🗱 আরনিং অ্যাজ এ হোল কমে যাচ্ছে।

[2-20 — 2-30 p.m.]

এই রাজ্যে নতুন ট্রারিজম ইন্ডাস্ট্রি যদি কেউ সেট আপ করে তারজন্য কোনওরকম

রিলিফ, কোনও অফার উনি করেন নি। তারফলে এই যে ট্যাক্স প্রোপোজাল, প্রাকটিক্যালি কোনও ট্যাক্স প্রোপোজাল নেই। উনি শুধ বলেছেন, আমরা ডিসেন্ট্রালাইজড করেছি। এট করে বেশি কালেক্ট করছি। আমি ১৯৯১-৯২ সালের হিসাব দেখিয়েছিলাম, কমেছে। গত বছরের হিসাব দেখিয়েছিলাম, সেখানেও কমেছে ট্যাক্স রেভেনিউ। অ্যাজ এ রেজাল্ট অব হুইচ <sup>3</sup> সামগ্রিক ভাবে ধাঞ্চা খেয়েছে এই রাজ্যের প্ল্যান। তাই আমি এই রাজ্যের এগ্রিকালচারাল প্রোডাকননে যাচ্ছি। অর্থমন্ত্রী বলতে পারেন, আপনি শুধু সমালোচনা করেছেন, সাফলা ह নেই। উনি সাফল্য দাবি করেছেন, বলেছেন যে এগ্রিকালচারাল প্রোডাকশন বেডেছে। আহি কেন্দ্রীয় ইকনোমিক সার্ভে থেকে বলছি, সেখানে ১২৬.৫ লক্ষ্ণ টন উৎপাদন হয়েছে বলে বল হয়েছে। উনি বলেছেন, গত বছরে ১২৮ লক্ষ টন উৎপাদন হয়েছে। আমি এই ডিসপিউট্টের মধ্যে যাচ্ছি না। কিন্তু স্নার, এগ্রিকালচাবাল প্রোডাকশন যদি বাডে তাইলে দিস শুড়ে হি রিফ্রেকটেড ইন টু থিংস। এটা বিনয়বাব বলতে পারবেন। একটা হচ্ছে, এগ্রিকালচাবাং প্রোডাকশন যদি বাঙে তাংলে এই রাজা সেন্ট্রাল পুলে খাদ্য সংগ্রহ আরও করে দেতে প্রাদ্ধ সেন ১৯৬৬তে ৫ লক্ষ টন করেছিলেন। আর এই সরকার ১ লক্ষ ৭০ হাজু টন'এর মধ্যে এখন পর্যন্ত করেছেন ১ লক্ষ ২৮ হাজার টন। এর চাইতে অসত্য আর হি হতে পারে দ বিনয়বাবু চাষিদের ব্যাপারে যুক্ত, তিনি এই ব্যাপারে ভাল বলতে পারবেন এখানে অফ-টেক অফ ফৃডগ্রেস ইন দি বেশন সিস্টেম সেটা কি কমেছে? আমার কং একটা হিসাব আছে। এই বাজ্য গত বছরে প্রতি মাসে উনি বলেছেন রাইসে রেকর্ড করেছে ওয়েস্ট বেঙ্গল প্রতি মাসে ৭০ থজার টন আভারেজ নিয়ে গিয়েছে। তার মানে বছরে ' **লক্ষ টন সেন্ট্রাল পুল থেকে, স্ট্রাট্টরি রেশন থেকে নিয়েছে। তাহলে প্রোডাকশন অনু**যার্গ প্রোকিওরমেন্ট হয়নি। স্টাটুটরি রেশনে আপনার যা লিফটিং বা অ্যাভারেজ প্রোভিউস ক সেটা আপনি বলছেন না। আপনি বলছেন না যে কম করে আমরা প্রোডিউস করেছি। চা ৭০ হাজার টন করে গিয়েছে এবং অ্যাভারেজ ৯০ হাজার টন করে মাসে গম পশ্চিমব্য গিয়েছে। তারমানে ১০ লক্ষ টন গম, ৮ লক্ষ ৪০ হাজার টন চাল সেন্ট্রাল পুল থেকে ফ টেক হয়েছে। তাহলে হোয়ার ইজ দি একসেস প্রোডাকশন প্রোডাকশন কোথায় যাচেছে? ঐ . রাজ্য বেশি প্রোডাকশন করছে যাতে স্মাগল্ড হয়ে বাংলাদেশে চলে যায়, বিহারে চলে যা আপনার ইনক্রিজ্ঞ প্রোডাকশনের কোনও রেজাল্ট এখানকার মানুষরা দেখতে পাচ্ছেন ট নাইদার ইন প্রোকিওরমেন্ট ইন ইওর অফ-টেক। সূতরাং ওর প্রথম দাবি যেটা ছিল, স আমার মনে হচ্ছে টেনাবল নয়। দ্বিতীয়ত, উনি দাবি করেছেন যে এখানে পার কার্পি ফুডগ্রেনস কনজাম্পশন বেড়েছে। আভারেজ ডেলি ওয়েজ এগ্রিকালচারাল লেবারে কনজাম্পশন বেড়েছে। হাাঁ, কিছুটা বেড়েছে। এটা সতাি। কিন্তু ওভারঅল পশ্চিমবাংল মানুষের অবস্থা, অর্থনৈতিক ভাবে কোনও জায়গায় দাঁড়িয়ে আছি, আমি অন্য বইতে যাঁ না, স্ট্যাটিসটিক্স দিতে গেলে সারাদিন লেগে যাবে। আমি ছোট্ট দু-একটি রিভিং পড়ছি। ই বইটির শেষে, ইকনোমিক বিভিউরের স্ট্যাটিসটিক্যাল অ্যাপেভিক্সের শেষে যেটা আঙে <sup>হ</sup> থেকে আমি একটু বলি যে সোসিও ইকনমিক ইভিকেটস অব ডিফারেণ্ট সেউটস ইন ইভি কিরকম আর পশ্চিমবঙ্গের পজিশনই বা কোন জায়গায় আছে। রোভ লেওু আমাদের ই রকম ৷ আমাদের রাস্তা যেটা আছে, আপনি তো বলেছেন ইনফ্রাস্ট্রাকচার তৈরি আর্ট পশ্চিমবাংলায় এক লক্ষ মানুষ পিছু ১০৬ কি.মি. রাস্তা আছে। আর উত্তর প্রদেশে <sup>এই</sup>

১৬৬ কি.মি. মহারাষ্ট্রে ৩৩০ কি.মি.। পশ্চিমবঙ্গে ভারতবর্ষের পার ল্যাক পপলেশন অনযায়ী কত কিলোমিটার রোড আছে? যেটা আছে তাতে দেখা যাচ্ছে লোয়েস্ট, সবচেয়ে কম। এটাই হ্যাচ্ছ পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের আমলের উন্নতির দিক। তারপরে বলা হয়েছে যে ু পারসেনটেজ অফ ভিলেজস ইলেক্ট্রিফায়েড এর অবস্থা আগের থেকে একটু ভালো হয়েছে। ্তাতে পশ্চিমবঙ্গের হিসাব অনুযায়ী লেটেস্ট রিপোর্ট অনুযায়ী ৭৩ পারসেন্ট কম মাত্র, অর্থাৎ ু ইলেক্ট্রিফায়েডের ক্ষেত্রে উড়িষ্যা, ত্রিপুরা এবং বিহার এই ৩টি রাজ্যের উপরে। অর্থাৎ ভারতবর্ষের ুনিচের দিক এর স্থান চতুর্থ। পারসেনটেজ অফ ভিলেজেস ইলেক্ট্রিফিকেশন ভারতবর্ষের নিচের ্দিক থেকে পশ্চিমবঙ্গের স্থান ফোর্থ। আপনারাই না লেনিনের কথা বলেন, যে লেনিনের কথা ুঁছিল কমিউনিজম ইজ সোভিয়েত পাওয়ার ইলেক্ট্রিফিকেশন অফ দি কান্ট্রি সাইড। সুতরাং আপনারা যে কমিউনিজিমের কথা বলেন, এটা শোভা পায় না। আপনার লেনিন যিনি অাপনাদের সোসিও ইকোনমির ইভিকেটর তারই কথা বিদ্যুৎ ছাড়া দেশের উন্নতি হতে পারে ্রা। তারপরে আমি আসছি ফুড গ্রেন্স প্রোডাকগনের কথায়। আপনারা বলছেন যে ফুড গ্রেন ্রপ্রোডাকশনের ক্ষেত্রে আপনারা হাইয়ে আছেন। অর্থাৎ পার ক্যাপিটা ইন কে.জি. প্রোডাকশন ্রকত পশ্চিমবঙ্গে ১৭৭ কে.জি.। পার ক্যাপিটা একজন লোক কিছু ১৭৭ কে.জি.। সেখানে পাঞ্জাবে ৯২৩. হরিয়াণায় ৫৬৭. এবং উত্তর প্রদেশে ২৪৩। এটাই হচ্ছে আপনার সোসিও । ইকোনমিকের ইন্ডিকেটর, সারা ভারতবর্ষের স্ট্যাটিসটিক্স এরনধ্যে রয়েছে। সেখানে ফুড গ্রেন প্রোডাকশন প্যার ক্যাপিটা যা হিসাব দেওয়া হয়েছে তাতে উই আর অ্যাট এ লোয়ার পজিশন। এরপরে আস্ছি consumption of electricity consumption of soap, ≵onsumption of Sulphuric Acid. ইন্ডাস্ট্রিয়াল কনজামশন অফ ইলেকট্রিসিটি পার ক্যাপিটা মহারাস্ট্রে ১৯৬এর উপরে, সেখানে পশ্চিমবঙ্গে মাত্র ৬৫। এই সোসিও ইকোনমিক 'নফ্রাস্ট্রাকচার পশ্চিমবঙ্গে তৈরি হয়েছে। সেখানে আমরা যদি বলি এগিয়ে আছি তাহলে আর লার কিছু নেই। এওলো আমি যা পড়ছি তা ইকোনমিক রিভিউ থেকেই পড়ে বলছি। ারপরে বলা হয়েছে যে পশ্চিমবঙ্গে এখন অনেক প্রস্তাব আসছে। আমি এই প্রসঙ্গে বলহি া, মনমোহন সিংয়ের এই উদার অর্থনীতি গ্রহণের ফলেই আজকে হঠাৎ করে পশ্চিমবঙ্গে ্যাপলিকেশন আসতে শুরু করেছে। পশ্চিমবঙ্গের ইন্ডাস্টি কিভাবে এগিয়েছে তার একটা ন্টাবেসটিং হিসাব ইকোনমিক রিভিউতে দেওয়া হয়েছে। এই ইন্ডাপ্তিয়াল প্রোডাকশনের ক্ষেত্রে া একটা হিসাব দেওয়া হয়েছে ভারতবর্ষের ন্যাশনাল আউটপূট এবং এখানকার আউটপূট । দেখানো হয়েছে তাতে দেখা গেছে যে ১৯৮০-৮১ সালে পশ্চিমবঙ্গের ইন্ডাস্ট্রিয়াল আউটপুট লৈ ১০০ সেটা বেড়ে ১৯৮৮-৮৯ সালে ২০৪ হয়েছে। সূতরাং ইন্ডাস্ট্রিয়াল আউটপুটে কত বড়েছে ২০৪, সেখানে ভারতবর্ষে বেড়েছে ৩০১। অর্থাৎ ইন্ডাস্ট্রিয়াল আউটপুট পশ্চিমবঙ্গে যখানে বিশুন বেডেছে, সেখানে ভারতবর্ষে বেড়েছে ৩ গুন। এটা সম্ভব হয়েছে ডাঃ মনমোহন াংয়ের উদার অর্থনীতির ফলে। আজকে লাইসেনসিং প্রথা বিলোপ করার জন্যই এটা সম্ভব য়েছে। এরফলেই আজকে পশ্চিমবঙ্গের ইভাস্ট্রির ইমপ্রভ হয়েছে।

## [2-30 -- 2-40 p.m.]

সেই প্রেস্টিজ প্রোজেক্ট দুইটি আমরা কিন্তু ভূলিনি এই হাউসে দাঁড়িয়ে যেমন অসীমবাবু াগে বলতেন ''আমরা শূন্য ডেফিসিট বাজেট করব, করব, করব।' সি.পি.এমের বেঞ্চ

[22nd March, 1993]

থেকে হাততালি পড়ত। এই বছরে সেই উদ্ধত্য আর ওর নেই। উনি প্ল্যানকে কোথায় নিয়ে এসেছেন, সেটা উনি জানেন, উনি একটা ছোটখাট ডেফিসিট বাজেট পেশ করেছেন। এই হাউদে আমবা ওনেছি, আমবা নিজের ক্ষমতায় বজেশ্বর কবব, আজকে সকাল বেলায় এই বিষয়ে আমরা শঙ্কর সেনকে জিল্ঞাসা করেছিলাম, উনি উত্তর দিতে পারেননি, এখন বক্রেশ্বর করতে ৩৫ শত কোটি টাকা লাগবে। যদি জাপানিদের কাছ থেকে ১৩ শত কোটি টাকা লোন হিসাবে পাওয়া যায় তাহলে আর বাকি টাকা কোথা থেকে আসবে? শঙ্কর সেন বলছেন, আরও ধরুন ৯০০ কোটি টাকা জার্মানিদের কাছ থেকে পাওয়া গেল, আর বাকি ১৩ শত কোটি টাকার মধ্যে সেটাতো ঘাম বেচে, রক্ত বেচে ৫ কোটি টাকা হয়, কিন্তু বক্রেশবের বাকি টাকা প্রেস্টিজ প্রোজেক্ট যেটা করবো করবো করবো বলেছিলেন তার কি হবেং ৮৮তে শিলান্যাস, ১৪০ কোটি টাকা খরচের পর, আজকে বক্রেশ্বর বিশ বাঁও জলের তলায়, কবে হবে, কে টাকা দেবে, কিভাবে টাকা দেবে, কিছ জানা যায়নি। অন্য প্রেস্টিজ প্রোজেক্ট হচ্চে আপুনাদের হলদিয়া, হলদিয়া সম্পর্কে আপুনারা জানেন, ইন্ডিয়া টুডে বিখ্যাত কাগজ তারা বার করে বিজনেস টুডে,' তাতে একটা লেখা বেরিয়েছে দরবারি শেঠের ছবি শুদ্ধ, সেখানে বলছে যে, "The question mark over Haldia is much delayed. Haldia petro chemicals continues to elude the West Bengal Government উনি বলেছেন, 'হলদিয়ায় আমরা টোকাঠে এসে দাঁড়িয়েছি,' কিন্তু দরবারি শেঠ তার সঙ্গে একমত নয়। দি ফিউচার অফ দি থি থাউজেন্ড ক্রোরস জয়েন্ট সেক্টর প্রোজেক্ট। এখন দরবারি শেঠ, টাটা কি বলছে, টাটা বলছে, ''আমাদের চিপার ক্রেডিট, চাই, চিপার ন্যাপথা চাই." আর বলছে প্রোজেক্ট কর্ম যেরকম ভাবে চলছে ভাতে প্রোজেক্ট কর্ম্ট আরও ১২ শও কোটি টাকা বেডে যাবে। এই ১২ ৭৩ কোটি টাকা কোথা থেকে আসবে ওরা জানে না বলছে, এখন হলদিয়া তারা করবে, ফরেন পার্টনার চাই। এখন সারা পৃথিবীতে ইন্টরে নাশনাল ফিল্ড পেটো কেমিকালের, সেফেওে ভাল ফরেন পার্টনার পাওয়া যাবে কিনা জান যায়নি। জ্যোতিবাব রেগে গিয়ে চিঠি লিখেছেন, জি.আর.ডি. টাটাকে বোম্বেতে যাওয়ার কথা ছিল, জি.আর.ডি, টাটা বন্ধ বয়সে নিজেই কলকাতায় এসেছেন কিন্তু হলদিয়ার উপর থেকে কোয়েশ্চেন মার্ক চলে যায়নি। হলদিয়ার নৃতন এক্সকালেক্ট প্রোজেক্ট কস্ট, আই.ডি.বি. আই.-এর কন্ডিশন, ২ বছরের মধ্যে তোমায় এথিলিন প্লান্ট তৈরি করতে হবে, সেটা পরিপূর্ণ করতে পারবেন, এই প্রতিশ্রুতি ওরা দিতে পারেননি। পশ্চিমবাংলার যে দুইটি প্রেস্টিড প্রোজেক্ট-এর উপর দাঁডিয়ে বামফ্রন্ট সরকার কথা বলছেন সেখানে কিন্তু আগামী ৫ বছরে সেইগুলি চাল হওয়ার কোনও সম্ভাবনা নেই। সাার, এবাবে বলব পশ্চিবাংলার বিভিন্ন কেটে কিরকম অবস্থা। উনি দাবি করেছেন, পশ্চিমবাংলার বিভিন্ন ক্ষেত্রের অবস্থা নিয়ে। প্রথমে <sup>এটি</sup> বলব এমপ্লয়মেন্টের যে স্ট্যাটিসটিক্স ওরা দিয়েছেন এটা খব অনেস্ট্লি ওরা দিয়েছেন। ১<sup>6</sup> বলব আন এমপ্লয়েড রেভিস্টার ৫২ লক্ষ ৩১ হাজার-এর কাছাকাছি রয়েছে এবং 🥬 স্বীকার করেছেন যে সেখানে পশ্চিমবাংলার টোটাল আন-এমপ্রয়েড রেজিস্টার মিটবে 🙃 এইসব কেন্দ্রীয় সরকারের আই.এম.এফ.এর ব্যাপার। এটা অর্থমন্ত্রী অকপটে স্বীকার করেওকি উনি বলেছেন, এবারে সেম্ফ এমপ্লয়মেন্ট প্রোগ্রামে আরও বেশি টাকা দেবেন। স্যার, <sup>কর্তিত</sup> ৯১-৯২ সালের পার্লামেন্ট কোয়েন্ডেনের একটা ফিগার পডছি, কত টাকা Number 👎 unemployed educated youth sanctioned loan UES. এটা রয়েছে, তাতে 🕬

দখছি '৯০-৯১'তে যেখানে ৪ হাজার ২০৩টি আনএমপ্লয়েড ইউথ স্কীনে পেয়েছিল, াশ্চিমবাংলা, সেখানে মহারাষ্ট্র পেয়েছিল ১ হাজার ২৭, বিহার পেয়েছিল ১১ হাজার ৫৪৫. াহলেই দেখা যাচেছ আনএমপ্লয়মেন্ট ইউথ-এর যে স্কীম সেখানেও আমরা পিছনে পড়ে গ্রন্থি। পশ্চিমবাংলা অন্তত ১০টি রাজ্যের পড়ে আনএমপ্লয়েড ইউথ স্কীমে রয়েছে। স্যার, ্রবার আমি সবচেয়ে ইম্পর্টেন্ট ব্যাপারটা বলছি। পশ্চিমবঙ্গের প্ল্যানগুলো আজকে মার মাচেছ। সিক্সথ প্ল্যান, সেভেম্ব প্ল্যান মার খেয়েছে সেভেম্ব প্ল্যানে সাত হাজার কোটির জায়গায় ; গ্লাডে চার হাজার কোটি টাকা; সিশ্বথ প্লানে সাডে তিন হাজার কোটির জায়গায় দু হাজার হিনশো কোটি টাকা খরচ করা হয়েছে। পার কাপিটা প্ল্যান এক্সপেভিচার ইন কারেন্ট প্রাইস ন্দীক্সথ প্ল্যানে ৪২৮ ছিল। যেখানে পাঞ্জাবে ১০৮০, মহারাষ্ট্র ৯৯৪। তার মানে পাঞ্জাব এবং জ্ञীনানা রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গ আডাই ওন কম খরচ করেছে। পশ্চিমবঙ্গ হচ্ছে ওয়ান 🕯 দ লোয়েস্ট। পশ্চিমবাংলা পার ক্যাপিটা প্ল্যান এক্সপেন্ডিচার, দিক্সথ প্ল্যানে লোয়েস্ট ইন র্বীভয়া। আবার সেতেই প্ল্যান যদি দেখেন, পশ্চিমবাংলা ৭২৭। আমাদেব চেয়ে বিহার হচ্ছে 🚉 🖟 ে এদেব ৭৬০। পশ্চিমবাংলা হচ্ছে লোয়েস্ট ইন পাব কাপিটা প্লান একাপেভিচার ইন সেভেম্ব প্লান। যে রাজ্যে এত বেকাব, সেখানে প্লান-এ কেন টাকা ইনভেস্ট হচ্ছে নাং ব ক্যাপিটিয়া প্লান এক্সপেভিচার ইজ দি লোয়েস্ট ইন দি কাণ্ট্র। এই অর্থমন্ত্রী আমাদের ্রে এই বাজেট পেশ করে বকুতা দেন এবং আশা করেন আমরা তাকে হাততালি দেব। মি আরেকটা ব্যাপার বলেই আমার বক্তব্য শেষ করব, আমার কাছে একটা ইন্টারেস্টিং । আছে। ভারতবর্ষে আমাদের টোয়েন্টি পয়েন্ট প্রোগ্রামে ইন্দিরাজী এবং রাজিবজী গরিবদের একটা প্রোগ্রাম করেছিলেন। আমরা দেখছি সেই পারফরমেনেও পশ্চিমবন্দ হচ্ছে ওয়ান দি লোয়েস্ট। স্যার, এটা আমি আগেও বলেছি যে পশ্চিমবাংলা কয়েকটি প্রোজেক্টে ্রনমেন্ট আপটু মার্চ, ৯২, ইজ হরিবিল। গরিবদের জন্য ব্যাঙি সেটা ১০০-এর মধ্যে ৬১ শেউ হয়েছে, শিভিউল্ড কাস্ট, শিভিউল্ড ট্রাইবস ফ্যামিলি আসিস্টেউ হয়েছে ১০০-র ি৫১ পারসেন্ট। শিডিউল্ড কাস্ট ফ্যামিলিস, শিভিউল্ড ট্রাইব ফ্যামিলি চ্যাসিস্টেড হয়েছে ান্টি প্রোগ্রাম টার্গেটে ৩৮ পারসেন্ট এবং ৫০ পারসেন্ট আমরা রিচ করেছি। ডিংকিং ীর প্রবলেমে তামিলনাড, রাজস্থান সাফল্য লাভ করেছে। তাদের টার্ডেটি তারা ফুলফিল ছে। ওড়িষ্যা পাঞ্জাব ফুলফিল করেছে। কিন্তু আপনারা পারেননি। আপনি বলেছেন এই ড্রিংকিং ওয়াটারে বেশি টাকা দেবেন ড্রিংকিং ওয়াটারে ইউ আর দি লাস্ট ইন দি । টোয়েন্টি পয়েন্ট প্রোগ্রামের ইমপ্লিমেন্টেশনে এই রাজ্য সবচেয়ে বেশি পওর এটা নার কাছে আমি বলতে চাই। ১৯৯০-৯১ আপনি নন-প্লান এক্সপেভিচার ডাবল করে ছেন। আপনি বলেছেন নন-প্লান একপেভিচারে খাপনার মাইছে দিতে তিন হাজাব কোটি চলে যাচেছে। এই বামফ্রন্ট সরকার এবং তার অর্থমন্ত্রী এই রাজো কোনও শিল্প করছে তাবা ভবিষ্যতের জন্য কিছু করে যাছে না। এরা পশ্চিমবাংলাকে শাশান করে দিয়ে ন। পশ্চিমবাংলার বেকার যুবকদের দিকে তাকিয়ে, পশ্চিমবাংলার পিছিয়ে পড়া মাণুয়ের তাকিয়ে, পশ্চিমবাংলার নতুন অর্থনৈতিক ইনফ্রাস্ট্রাকচার তৈরির যে দায় ও দায়িত্ব এই ন্ট সরকারের ছিল ও এই অর্থমন্ত্রীর ছিল, তাতে তারা বার্থ হয়েছে। পার্বলিক সেক্টর ির টেকিংয়ে বছরের পর বছর লোকসান বেডেছে, সেওলোকে লাভজনক করে তে'লার কোনওরকম উদ্যোগ নেওয়া হয়নি। আমাদের পাবলিক সেক্টর আভার টেকিংখে, সেটট

[22nd March, 1993]

ট্রান্সপোর্টে, ইলেক্ট্রিসিটি বোর্ডে, লোকসান কমাতে হবে, এফিসিয়েন্সি বাড়াতে হবে। অসীমবাবুর কোনও সৎ সাহস নেই সতা কথা বলার, তাই এই বাজেট বক্তৃতায় একটা বার্থতার অজুহাত দেখিয়েছেন তিনি। তাই আমি এই বাজেট বক্তৃতার সর্বাঙ্গীন বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[2-40 -- 2-50 p.m.]

শ্রী জগদীশচন্দ্র দাস ঃ নাননীয় উপাধাক মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় গত ১৮° তারিখে এই সভায় যে বারেট পেশ করেছেন তা সমর্থন করে কয়েকটি কথা আপনার মাধ্যমে এই সভায় রাখছি। স্যার, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এ বছর যে বাজেট পেশ করেছেন সে সম্বন্ধে কংগ্রেস দলের নেতা মাননীয় ডাঃ জয়নাল আবেদিন সাহেব কাগজে তার প্রতিক্রিয়া ব্যক্ত করতে গিয়ে বলেছেন, তিনি এই বাজেট দেখে হতাশ। আজকেও দেখলাম কংগ্রেষ দলের মাননীয় সদস্য শ্রী সৌগত রায় মহাশয় বললেন যে অর্থমন্ত্রী মহাশয় তার বাজে বক্ততায় কেন্দ্রীয় সরকারের বাজেটের প্রশংসা করেন নি কেনং স্যার, এটা স্বাভাবিক যে কেন্দ্রীয় সরকারের বাজেটের ওরা প্রশংসা করবেন কিন্তু এখানে যে বাজেটটা পেশ কর **হয়েছে সেটা তে। রাজা স**রকারের বাজেট। কাজেই এখানে কেন্দ্রীয় সরকারের বাজেটের তে প্রশংসা করার কোনও প্রশৃষ্ট ওঠে না। মাননীয় অর্থমন্ত্রী তার বাজেট বক্ততায় যেটা বলং **চেষ্টা করেছেন সেটা হচ্ছে কেন্দ্রী**য় সরকারের বিভিন্ন কাজের মাধ্যমে পশ্চিমবঙ্গের প্রতি কেন্দ্রীয় সরকারের বঞ্চনার নীতি তিনি তুলে ধরার চেষ্টা করেছেন। স্যার, ডাঃ জয়নান আবেদিন সাহেব বললেন যে তিনি বাজেট দেখে হতাশ হয়েছেন। কংগ্রেস দল যে দীর্ঘদি ধরেই হতাশায় ভূগছে সেটা আমরা জানি। তারা সর্বত্র হতাশা দেখছেন বলেই এখানে বাজেঁ দেখেও হতাশ হয়েছেন, এবমধ্যে কোনও আশার আলো দেখতে পান নি। কিন্তু পশ্চিমবঙ্গের মানুষ এই বাজেট দেখে আশাদ্বিত কারণ হারা জানেন যে এই বাজেট আগামীদিনে তাদে স্বচ্ছল অবস্থার দিকে নিয়ে যাবে কেন্দ্রীয় সরকারের বঞ্চনা সত্তেও। মাননীয় অর্থমন্ত্রী মহাক তার বাজেট বক্ততায় রাজোর প্রতি কেন্দ্রের বঞ্চনার ইতিহাস তলে ধরেছেন। ১৯৮৪/৮০ সালের কথা, তখন ওভারভাষ্ট ঋণ নেবার যে ব্যবস্থা ছিল সেই সময় থেকে সেটা বন্ধ ক? দেওয়া হয়েছে। পশ্চিমবঙ্গ সহ কোনও রাজ্যসরকার আর ওভারড্রায়ট নিতে পারবেন ন অথচ এপর দিকে কেন্দ্রীয় সরকার রিজার্ভ ব্যাস্ক থেকে যত ইচ্ছা ওভার ড্রাফট নিয়ে পারবেন এবং যতখশি তারা নোট ছাপাতে পারবেন। রাজাগুলির হাতে না আছে নো ছাপাবার কারখনা, না আছে ওভারড্রাঘট নেবার ক্ষমতা। এইভাবে রাজ্যগুলিকে বিপর্টে ফেলার চেষ্টা করা হয়েছে। তারপর ১৯৯১/৯২ সাল থেকে আরও বেশি করে সম্কট স্থি করার চেষ্টা করা হয়েছে। ১৯৯১/৯২ সালে ২১৫ কোটি টাকা। যেটা কেন্দ্রের দেবার 👭 ছিল সেটা তারা দেন নি, অর্থাৎ কেন্দ্রীয় সরকার দেন নি। পরবর্তীকালে আর্থিক সংস্থার ক<sup>হ</sup> থেকে যে বিশেষ ঋণ দেবার কথা ছিল সেটাও কেন্দ্র দেয়নি। এই দটি খাতে টাকা • দেওয়ার ফলে আমাদের ১৯৯১/৯২ সালে পরিকল্পনা খাতে খরচ করার ব্যাপারে অস্বিং হয়ে গিয়েছে। কিন্তু তা সত্ত্বেও পরিকল্পনা খাতে যতটা সম্ভব খরচ করা হয়েছে। আন্য জিজ্ঞাসা, কেন্দ্র কেন টাকাটা দেন নি মাননীয় কংগ্রেসি সদস্যরা তার উত্তর দেবেন কি? এ<sup>র্ক,</sup> আগে আই.এম.এফের কথা মাননীয় সদস্য সৌগত রায় বলছিলেন। এখন আই.এম.এফে

শর্ত মেনে কেন্দ্রীয় সরকাবকে চলতে হচ্ছে। তার। একটা চিমকে ব্যিয়ে রেখেছেন দিল্লিতে এবং তারা প্রতি তিন মাস অন্তর ভারত সরকারের খলচ পরীক্ষা করে দেখছেন। পরীক্ষা করে তারা দেখছেন যে খরচ কতখানি কমানো হচ্ছে। সেইজন্য এই টাকটো দেওয়া হয়নি। . ৮কেনীয় সরকার তার বিদেশি ঋণ নেবাব সযোগটা বন্ধা কবাব জন্য পশ্চিমবঙ্গকে বঞ্চিত ্ট কবছে। ১৯৯২-৯৩ **সালে রাজাণ্ডলোর ওপ**র তার আধাতেব পরিমাণ আরও বাডিয়েছিল স্বল্প .. ঐসঞ্চয়ের ওপর আঘাত হেনে। বিভিন্ন সঞ্চয় প্রকল্পণ্ডলোর সৃদের মাত্রা বাড়িয়ে দিয়ে সেণ্ডলোকে ্রিবেশি আকর্ষণীয় করে তুলে স্বল্প সঞ্চয়ের ওপর মানুয়ের আকর্মণকে কমিয়ে দিয়েছিল। ফলে ্রিস্কল্প সঞ্চয় থেকে রাজা যে আর্থিক সাহায়। পায় সেটা যথেষ্ট পরিমাণে কমে যায়। এ বছর অমাদের রাজ্যকে বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান থেকে ২৪০ কোটি টাকার ঋণ দেবার কথা ছিল, সেটা দেওয়া হয়নি। বর্তমান বছরে কেন্দ্র আমাদের পরিকল্পনা খাতের ৭১ কোটি টাকা কেটে , নিয়েছে কেন্দ্রীয় যোজনা কমিশনের সুপারিশ থাকা সত্তেও। এছাড়াও ৭৯ কোটি টাকা রাজ্যের ্বিভিন্ন প্রাপ্য থেকে কেটে নিয়েছে। কয়লার সেস বাবদ পশ্চিমবঙ্গের মানুষের আইনগত যে ্ব্র্পাপা টাকা সেই টাকা থেকে কেন্দ্র ১৭০ কোটি টাকা কেটে নিয়েছে, বিভিন্ন প্রতিষ্ঠানের . ক্লিছে কেন্দ্র যে টাকা পায় সেই টাকা দেওয়া হয়নি, এই অজহাত দেখিয়ে। এই সমস্ত কিছু . ক্লুরা হয়েছে আন্তর্জাতিক অর্থ ভাভারের নির্দেশে। এইভাবে একের পর এক আঘাত হেনে ্বীকন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের গোটা অর্থনৈতিক ব্যবস্থাটাকে একটা দরবস্থার দিকে নিয়ে যাবার ্ষ্টিনা পরিকল্পনা গ্রহণ করেছে। এটা ৬ধ এই বাজ্যের ক্ষেত্রেই নয়, ভারতবর্মের বিভিন্ন াজোব ক্ষেত্রেই এই জিনিস ঘটছে। এব থেকে একটা ভিনিস আশঙ্কা করা হচ্ছে যে, াগাদের ফেডারেল স্টাকচার থাকরে কিনাও ১৯৬৭ সালের আণে একবার এই প্রচেষ্টা করা মেছিল। রাজ্যগুলোর সমস্ত ক্ষমতা কেন্দ্র'ড়ত বারে নিলিব হাতে নিয়ে যাবার একটা **প্রচেষ্টা** ৰ সময়ে ভারতবর্ষের বহত পজিপ্তির। করেছিল। যাতে কেন্দ্রেব হাতে একছএ ক্ষমতা াতিষ্ঠিত হয় এবং তার মাধামে তার। গেটা ভারতবর্ষটাকে পরিচালনা করতে পারে তার ন। তারা উদ্যোগি হয়েছিল। আজ আবার আপর্জাতিক অর্থ ভান্ডাব রাজাওলোর ক্ষমতা স্থুচিত করে সমস্ত ক্ষমতা দিল্লিতে নিয়ে যেতে চাইছে এবং সেখানকার মাধ্যমে তারাই সমস্ত মতা পরিচালন। করবে। এই লক্ষ্য নিয়ে তাবা চলছে। সেই উক্ষেধ্যে তাবা কেন্দ্রীয় সরকারের াধ্যমে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করছে। আমবা দেখেছি ১৯৬৭ সালে আমাদেব দেশের বৃহত জিপতিদের সেই উদ্দেশ্য সফল হয়ন। ১৯৬৭ সালের নির্বাচনের মধ্যে দিয়ে ভারতবর্ষের ভিন্ন রাজ্যের মানুষ সেই উদ্দেশ্যকে সফল হতে দেন নি। সেই নির্বাচনের মধ্যে দিয়ে রাজ্যে জ্যে যে অবস্থার সৃষ্টি হয়েছিল ভাতে ভখন আর রাজ্যগুলোব ক্ষমত। সঙ্কুচিত করা সম্ভব লে না। আজকে আবার যখন ভারতবর্মের মানুমের সামনে াই প্রশ্ন এসে উপস্থিত হয়েছে খন আমরা আশাকরি ভারতবর্ষের মানুষ কেন্দ্রীয় সরকারের, আন্তর্জাতিক অর্থ ভান্ডারের বং বৃহত পুঁজিপতিদের সেই উদ্দেশ্য এবারেও সফল হতে দেবেন না। তবে আজকে ান্তর্জাতিক অর্থ ভাভারের নির্দেশে ক্যলার দাম, চিনির দাম, রেলের মাওল, রেলের ভাডা বড়েছে এবং এগুলো মাননীয় অর্থমন্ত্রীর বাজেট ভাষণের মধ্যে উল্লেখ করা হয়েছে। অথচ <sup>এই</sup> সমস্ত বিষয়গুলো সম্পর্কে বিরোধী সদসারা এখানে একটা কথাও বললেন না। আন্তর্জাতিক মর্থ ভান্ডারের কাছ থেকে, ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছ থেকে ক্রমাগত ঋণ নিয়ে নিয়ে আজকে মন একটা অবস্থার সৃষ্টি হয়েছে যে, ঋণ শোধ করার জন্য নতুন করে ঋণ করতে হচ্ছে।

[22nd March, 1993]

অথচ এ সম্পর্কে এখানে কংগ্রেস দলের পক্ষ থেকে একটা কথাও আমরা শুনতে পাছিছ নান্ মাননীয় অর্থমন্ত্রী এবিখরে তার বাজেট বক্তার মধ্যে একটা তালিকা তুলে ধরেছেন যে, কিভাবে একের পব এক ঋণ নেওয়া হয়েছে এবং হছে। কংগ্রেস এ সম্পর্কে এই হাউসের মধ্যে একটা কথাও বলছেন না, তাহলে কি পশ্চিমবঙ্গের মানুষ ওদের ভোট দিতে পাঠান নিং আর যদি পশ্চিমবঙ্গের মানুষ ওদের ভোট দিয়ে পাঠিয়ে থাকেন তাহলে সেই মানুষেব পক্ষে এসব সম্পর্কে ওঁরা একটাও কথা বলছেন না কেনং এটা আমরা বুঝতে পারছি না

## [2-50 — 3-00 p.m.]

বিরোধিতা করবেন তা আমরা জানি, কিন্তু পশ্চিমবঙ্গের ন্যায্য প্রাপ্য থেকে যার বঞ্চিত করছে নিজেদের দলের লোক বলে সেইসব কথা বললেন না। পশ্চিমবাংলার মানুষ **সেইজন্য আপনাদের সাইজ করে** দিয়েছে। এমন একটি অবস্থায় নিয়ে এসেছে যে আপনাদেব প্রস্তাবের পক্ষে ৩০ জনকেও আপনারা খাজির করাতে পারেননি। তাই বলছি, আত্মসমালোচন করুন, সঠিক পথে যাবার চেষ্টা করুন। আমরা সঠিক পথে যাছিং বলেই এগিয়ে যাছিং বাস্তব পটভূমিকা মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তুলে ধরেছেন এবং সেই পটভূমিকায় দাঁড়িরেই তিনি বাজেট রচনা করেছেন এবং যারঙানা তিনি ১৫০০ কোটি টাকা এবং আর একট ১২০০ কোটি টাকা এই ২ রকমের প্লান বাজেট কবেছেন। তিনি বাস্তব অবস্থার মধ্ দাঁডিয়ে এটা করেছেন। ১৫০০ কোটির সমস্ত টাকা যদি কেন্দ্রের কাছ থেকে পাওয়া যে তাহলে আর ২ রকমের বাজেট করতে হতো না। তাই আমাদের যা সম্বল যাছে ১২০০ কোটি টাকার বাজেটকেই কার্যকর করা হবে। খুব স্বাভাবিকভাবেই পশ্চিমবাংলার মানুষ বিচাৰ করেছেন এবং করবেন। আপনাদের কথাগ বিভান্ত হবে বলে মনেকবি না। শিক্ষার সম্পর্ত **আপনারা বললেন। শিক্ষাখাতে** কেন্দ্রীয় সরকার ৩১০ কোটি টাকা বরান্ধ করেছেন ৯০০ · কোটি টাকার জায়গায়। একথা কেন বলা হল নাং আমি পাল্টা জিগুলাসা করি, রাজ্য সরকা ১ হাজার ৮৮৯ কোটি ৩৭ লক্ষ ৫৫ হাজার টাকা সাধারণ শিক্ষা খাতে করেছেন। টেকনিকালি এডকেশনের জন্য ৩৪ কোটি ৩৫ লক্ষ ৫ হাজার টাকা করেছেন। মার্ট আন্ডে কালচারে কোটি ৪৯ লক্ষ ৯২ হাজার টাকা করেছেন। সব মিলে ১ হাজার ৯৩১ কোটি ২২ ল হাজার টাকা বরাদ্দ করেছেন। জরুরি অবস্থার সময়ে শিক্ষাকে কংকারেন্ট লিস্টের ময়ে নিয়ে যাওয়া হয়েছে। রাজা এবং কেন্দ্রের যৌথ দায়িও। কেন্দ্র কেন্দ্রের দায়িত্ব পালন কর আর রাজ্য রাজ্যের দায়িত্ব পালন করবেন। কেন্দ্রীয় সরকার বরাদ্ধ করেছেন ১৩১০ কে টাকা। বলুন তো ভারতবর্ষের লোকসংখ্যা কত? ৮৫ কোটি। এই ৮৫ কোটি মানুষের 🤄 বরাদ্দ হল শিক্ষা থাতে ১৩১০ কোটি টাকা। এই ১৩১০ কোটি টাকা খরচ হবে নবে বিদ্যালয়ের জন্য যেখানে বড়লোকের ছেলেরা পড়তে যাবে। তাদের জন্যই বেশি খরচ হ আর সামান্য এদিক, ওদিক হতে পারে। আর রাজাসরকার ৬ কোটি সাড়ে ৬ কোটি মান্ত জন্য ১ হাজার ৯০১ কোটি ২২ লক্ষ টাকা বরাদ্দ করেছেন। একথা উল্লেখ করা উচিত ন প্রশংসা করা উচিত নয় ? রাজাসরকার শিক্ষার জন্য ব্যাপক পরিকল্পনা নিয়েছে এবং এ বছর বাডিয়ে যাচ্ছেন। সৌগতবাবু একথা তো একবারও উল্লেখ করলেন নাং শিক্ষাং। কেন্দ্রীয় সরকার ১৩০০ কোটি টাকা বরাদ্দ করেছেন ৮৫ কেণ্টি মানযের জনা আর 😤 সরকার প্রায় ২ হাজার কোটি টাকা বরাদ্দ করেছেন সাডে ৬ কোটি মানমের জন্য। কংক<sup>্</sup>

লস্টে আছে শিক্ষা, সূতরাং সমস্ত অর্থই কেন্দ্রীয় সরকারের বরাদ্দ করা উচিত ছিল এবং বাজাসরকারকে শিক্ষা খাতে টাকা দেবার দায়-দায়িত্ব আছে। রাজাসরকার বিনা বেতনে শিক্ষা দ্বর ব্যবস্থা করে দিয়েছেন। এক্ষেত্রেও কিছু টাকা দেওয়া উচিত ছিল। মাননীয় সৌগতবাবকে জিল্ঞাসা করি, উনি তো কলেজের একজন প্রফেসার, ওনার তো মাহিনার গ্যারাণ্টি আছে। কংগ্রেসি রাজত্বে মাহিনা পাবার গ্যারান্টি ছিল? ছেলেদের বেতন থেকে যে টাকা উঠত ক্রিসিতে কিস্তিতে ১০০ টাকা. ১৫০ টাকা করে নিতে হত। রাজ্যসরকার সেটা বন্ধ করে দিয়ে নিজেদের হাতে নিয়ে নিয়েছেন। এই সম্পর্কে কোনও আপ্রিয়েশন কংগ্রেসের পক্ষ থেকে নই। সমালোচনার জন্য তারা সমালোচনা করেন। অন্ধকারের পিছনে তারা ছটে চলেছেন এবং এই নীতি নিয়েই চলছেন। আজকে খাদাশস্যের রেকর্ড উৎপাদন হয়েছে সেটা উনি অস্বীকার করতে পারেন নি। ১২৮ লক্ষ টন খাদাশস্য উৎপাদন হয়েছে। উনি বলছেন যে প্রকিওবমেন্ট কোথায় হয়েছে, প্রকিওরমেন্টের দিকে এই সরকার যাখনি। খাদাশস্যে আমালের রাজ। ঘাটতি রাজা। বাংলাদেশে যখন হয় তখন ভাগ হয়ে পর্ববাংলা এবং পশ্চিমবাংলা হয়েছিল। সেই সময়ে পাট বাংলাদেশে ২ত, আর চটকলগুলি পশ্চিমন্ত্রে ছিল। এটা ঠিক হয়েছিল যে পশ্চিমবঙ্গ পটি উৎপন্ন করবে এবং তারজন্য যে জমি চলে যাবে, তাতে যে থাদ্য ঘার্টতি হবে সেটা কেন্দ্রীয় সরকার পুরণ করবে। কেন্দ্রের সেইরকম চুক্তি হয়েছিল। সেই ১ক্তি কি কেন্দ্রীয় সরকার পালন করেছেন? যে জমিতে পাট হচ্ছে, সেই জমিতে আগে ধান হত। পাট হওয়ার জন্য ধানের ক্ষেত্রে ঘাটতি হয়েছে। সেটা কেন্দ্রীয় সরকার পুরণ করছেন না যেটা তাদের করা নৈতিক দায়িত। তারমধ্যে দিয়েও যেখানে যাওয়া গেছে সেটা প্রশংসাযোগা। উনি বলেছেন যে এত যে খাদাশস্য বেডেছে সেটা মান্য বুঝতে পারছে না। আমি তাকে বলব যে এটা যার। ঘটিয়েছেন তারা ঠিকই ব্রেছেন। এটা ভাতীয় নমুনা সমীক্ষা থেকে মাননীয় অর্থমন্ত্রী তুলে ধরেছেন। তিনি বলেছেন ১৯৮২-৮৩ সালে সারা ভারতবর্ষে মাথা পিছ ছিল ১৪৮০ কিলোগ্রাম। সেটা কমে গিয়ে ১৯৮৯-৯০ সালে হয়েছে ১৪ কিলোগ্রাম। আব পশ্চিমবঙ্গের চিত্র ঠিক উল্টো। পশ্চিমবঙ্গে ১৯৮২-৮৩ সালে একজন গ্রামীণ মানুষ ৩০ দিনে ১৪.২১ কিলোগ্রাম খাদ্য গ্রহণ করতো সেটা ১৫.৪৪ কিলোগ্রাম হয়েছে। কাজেই বাডতি ফসলের যে ফল সেটা গ্রামের মানুষ ভোগ করছে। এটা জাতীয় সমীক্ষার হিসাব, দিল্লির হিসাব। কাজেই সেদিক থেকে যদি বলেন যে প্রকিওরমেন্ট হচ্ছে না, আদায় করা হচ্ছে না াংলে সেটা সঠিক কথা নয়। গ্রামের মানুষের কাছ থেকে প্রকিওরমেন্ট করে শহরের নানুষকে খাওয়াতে হবে এটা হতে পাবেনা। এটা কংগ্রেসের নীতি হতে পারে কিন্তু বামফ্রন্টের নীতি নয়। শহরের মানুষকে খাওয়ানোর জনা কেপ্রের দায়িত্ব ছিল, তাদের চাল, গম ইত্যাদি দেবার জন্য কেন্দ্র বাধ্য। কিন্তু তারা সেটা করছেন না। তারপরে মাছ চায়েব ক্ষেত্রে ৬ বছর ধরে পরপুর সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ প্রথম হয়েছে। আপনাদের সময়ে মাছ পাওয়া য়েতনা, এখন মাছ পাওয়া যাচেছ। আজকে ২০ টাকায়, ২২ টাকায় মাছ পাওয়া যাচেছ। কাজেই আপনারা যেসব কথা বলছেন, এসব কথা বলবেন না, এর কোনও মূল্য নেই। এই বাজেটে মূল তিনটি লক্ষ্যের কথা বলা হয়েছে। তিনি বলছেন, শ্বনির্ভরতা এবং কর্মসংস্থান যতদূর সম্ভব বৃদ্ধি করা, ক্ষমতার বিকেন্দ্রীকরণ করে তৃণমূল পর্যন্ত মানুষকে যুক্ত করা। এইসব কথা আপনারা কোনওদিন ভেবেছেন? আপনারা রাইটার্স বিল্ডিংয়ে বসে ছড়ি ঘুরিয়েছেন। সেজন্য পশ্চিমবঙ্গের মানুষ আপনাদের বিতাডিত করেছে। আজকে মানুষ গ্রামে বসে সিদ্ধান্ত

নেয় যে তারা কি করবে।

[3-00 — 3-10 p.m.]

সেই নীতি এই বাজেটের মধ্যে প্রতি ফলিত হয়েছে। এই তিনটি নীতির উপর দাঁড়িয়ে বাজেট রচিত হয়েছে এবং এই বাজেট আগামী দিনে পশ্চিমবাংলার মানুষকে পথ দেখাবে। ওনারা বলেছেন যে আগামী দিনে এমপ্লয়মেন্টের কোনও পরিকল্পনা নেই। আগামী বছর শ্বনিযুক্তি প্রকল্পের মাধ্যমে ৫ লক্ষ লোকের কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে, আগামী বছর ৫ লক্ষ স্বনিযুক্ত প্রকল্পের মাধ্যমে কাজ পাবেন। উৎপাদনের উদ্যোগ বাড়িয়ে আরও ৩ লক্ষ লোকের কাজের ব্যবস্থা করা হয়েছে। কংগ্রেস দল নির্বাচনের আগে বলেছিল যে প্রতি বছর ১ কোটি লোককে চাকুরি দেবেন। কোথায় দিচ্ছেন আপনারা? বরং বিদায় নীতি গ্রহণ করে क्यों हाँगेरे कतरहन चर कात्रथाना वस करत मिर्फ्टन। याभनाता वरलाएटन य कात्रथाना नाकि বন্ধ হয়নি। সারা ভারতবর্ষে আপনারা কারখানা বন্ধ করছেন এবং এই রাজ্যেও বন্ধ করেছেন। মোহিনী মিল এবং ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশন কেন্দ্রীয় সরকারের সংস্থা. বন্ধ করে দেওয়া হয়েছে আজ ২ বছর হল। কেন্দ্রীয় সরকার নাকি কোনও কারখানা বন্ধ করেন নি ওরা বলেছেন। কিন্তু এই মোহিনী মিল এবং ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশন বন্ধ হল किन ? कार्क्षचे कार्क्रियत উপत मॅफिरा कथा वनुन, मानुचक विचाल कतात राष्ट्री कतरवन ना। আশাকরি এখানে যে সমস্ত লোকেরা আছেন তারা কংগ্রেসের ওই কথায় বিভ্রান্ত হচ্ছেন না। **করের ব্যাপা**রে এখা**নে** পরিষ্কার নীতি গ্রহণ করা হয়েছে। কেন্দ্রীয় সরকার কিছু এক্সাইজ ডিউটি ছাড দিয়েছেন। কোন কোন জিনিসের উপর ছাড় দিয়েছেন? রেফ্রিজারেটার, ওয়াশিং মেশিন এইবকম বড় বড় কিছু জিনিসের উপর ছাড় দিয়েছেন। কারা এই সমস্ত জিনিস কেনে ৷ সমাজের যারা আফ্রুয়েন্ট সেকশন তারা এই সমস্ত জিনিস কেনে, যাদের পয়সা বেশি আছে তারা কেনে। ওয়াসিং মেশিন একজন চাযি কিনতে পাবে না, একজন ক্ষেত্মজ্ব কিনতে পারে না, একজন বিভ্তসম্পন্ন মানুষের পক্ষে এটা কেনা সম্ভব। টি.ভি. একটা **ক্ষেতমজুরের খ**রে নেই। এই সমস্ত ক্ষেত্রে কর মুকুব করে দিয়ে কার সুবিধা করে দেওক **হচ্ছে? ভারতবর্ষে শত**করা ৫০ জন মানুষ দারিদ্র সীমার নিচে বাস করে। শতকরা ৫০ জন মান্যেরা এই সুযোগ পাচ্ছি। কেন্দ্রের বাজেটে কর কমিয়ে প্ল্যান বাজেটে বেশি টাকা খ্রু করবেন বলেছেন। করের বোঝা বেশি চাপেনি বলে মানুষকে চমক দেওয়া হচ্ছে। সাড়ে চার হাজার কোটি টাকার ঘাটতি বাজেট করা হয়েছে। এই ঘাটতি মেটানো হবে নোট ছাপিয়ে এবং তার ফলে মুদ্রাস্ফীতি ঘটবে। তারফলে সাধারণ মানুষকে আরও বেশি করে দূরবস্থার মধ্যে ফেলে দেওয়া হবে। কাস্টমস ডিউটি কমানো হয়েছে। তারফল কি দাঁডাবে? তারফলে দাঁড়াবে আমাদের আমদানি বাড়বে। বিদেশি থে সমস্ত জিনিস আসবে তার দাম সস্তা হবে এবং তারফলে তাদের সঙ্গে প্রতিযোগিতায় আমাদের দেশের শিল্প মার খাবে। এই অবস্থা তো তারা করেছেন কর কমিয়ে। এখানে একটা কর বসানো হয়েছে যারা দিতে পারবে তাদের উপর, মদের উপর কর বেশি বসানো হয়েছে। সাধারণ মানুষ বিদেশি মদ খায় না, যাদের টাকা-পয়সা বেশি আছে তারা খায়, আপনাদের মতো মানুষ কিছু খায়। আপনাদের বেশি কবে খোঁজ রাখতে হচ্ছে যেহেতু বেশি সেলস টাাক্স দিতে হবে। এখানে যারা কর দিতে পারবে তাদের উপর বিক্রয় কর বসেছে এবং শবা দিতে পারবে না তাদের উপর কর কমানে

রছে। এটাই তো হওয়া উচিত। একটা রাজ্য সরকার থারা মানুষের কলাাণ চায়, কল্যাণমুখি জ্য সরকার হলেই তো এই জিনিস করা উচিত। এইদিক থেকে এই যে বাজেট তৈরি করা রছে এবং যেটা পেশ করা হয়েছে তাকে আমি সমর্থন করছি। কেন্দ্রের বিরোধিতা সত্ত্বেও দিমবঙ্গ সরকার পশ্চিমবঙ্গের উজ্জ্বল ভবিষাতের দিকে এই বাজেট রচনা করেছেন, তাই মি আর একবার এই বাজেটকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Subrata Mukherjee: Sir, on a point of order.

Mr. Speaker: No. point of order. please take your seat. Now, iri Bhupendra Nath Seth.

[3-10 — 3-20 p.m.]

শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ মাননীয় ডেপুটি স্পিকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী ১৯৯৩-৯৪ লের যে বাজেট পেশ করেছেন, আমি এই বাজেটের তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য ॥ছি। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বাজেটকে দুটি স্তরে ভাগ করেছেন। কেন্দ্রীয় সরকারের বহু াব সমালোচনা করেছেন। সেখানে বলেছেন যে গত বছরে তারা অনেক বঞ্চনা ক্রেছে। বিঞ্চনার জন্য তারা এখানে কোনও উন্নয়ন্মলক কাজ করতে পারেন নি। সেজনা জটকে দটি স্তরে ভাগ করা হয়েছে। কেন্দ্রীয় সরকাব-এর কাছ থেকে যদি সম্ব সঞ্চয় গ্লে কোনও আঘাত না আসে তাহলে ১৫৫০ কোটি টাকা খরচ করতে পারবেন. আর ছার উন্নয়নের দিকে এগিয়ে যেতে পারবেন বলে আপনি বলেছেন। আব যদি আঘাত নে কেন্দ্রীয় সবকার, তাহলে ১২৩৪ কোটি টাকা খবচ করবেন এবং বামফ্রন্ট রাজ্যকে মনের দিকে এগিয়ে নিয়ে যাবে। আমি অর্থমন্ত্রীকে বলি, আমি অনুরোধ করব, আর একটি গ্রাপনার করা উচিত ছিল। কেন্দ্র না দিলে এই হবে, খার রাজস্ব যেটা ধরেছেন সেটা ীয় নাহলে এটা হবে, এইভাবে তিনটি গুবে বাজেটটা করা উচিত ছিল। কারণ গত বছরে বাজেট আপনি এনেছিলেন, বিভিন্ন ডিপার্টমেন্টের বিভিন্ন খাতে ৩০-৪০ পারসেন্টের উপরে 16 প্রকার টাকা আপনি দিতে পারেন নি। তাতে সারা পশ্চিমবাংলার উঞ্চানের সমস্ত ভেঙে পড়েছে। রাস্তাঘাট ভেঙেচরে গেছে এবং দরিদ্র শ্রেণীকে দরিদ্রভার উর্দ্ধে আনতে নে নি, সমস্ত কিছু ভেঙে পড়েছে। কোনও পরিবর্তন আসেনি। আপনি একটি কথা চাল দিয়েছেন, নির্দেশ দিয়ে দিয়েছেন টাকা দেওয়ার ব্যাপারে আশস্ত করেছেন একটা জিনিস ন চালু করেছেন 'এম্বার্গো। ট্রেজারিতে চেক যখনই এনক্যাশ করতে নিয়ে যাওয়া হচ্ছে, সঙ্গে আপনি বলছেন. টাকা যেন কোন প্রকারে ক্যাশ করে দেওয়া না হয়। গতবারে াইনে, রাজ্য সরকারি কর্মচারিদের যে টাকা দেওয়া হয় সেটা, তিসবার্সমেন্ট অ্যান্ড ডুয়িং আর কোনও কাজ ছিল না। তাই আমি বলতে চাই, মাননীয় মন্ত্রী মহাশয়, বাজেটকে 🗦 স্তরে ভাগ করুন। ট্যাক্স আদায় হলে একরকম, ট্যাক্স আদায় নাহলে একরকম, কেন্দ্র দিলে একরকম, কেন্দ্র বাধা না দিলে আর একরকম যদি হতে পারে, তাহলে এটা করা । আমরা দেখছি যে, মাননীয় অর্থমন্ত্রী আশা প্রকাশ করেছেন যে স্ট্যাম্প ডিউটির থেকে িবিশেষ কর আদায় করবেন এবং আবগারি শুল্ক অর্থাৎ একসাইজ ডিউটির থেকেও অর্থ তুলে আনবেন। এরফলে পশ্চিমবঙ্গের উন্নতি একেবারেই স্তব্ধ হয়ে যাবে। আমরা বছরে দেখেছি যে ট্যাক্সের ক্ষেত্রে যার উপবে অর্থ আসার একটা বড় সম্ভাবনা ছিল

সেইসব ট্যাক্স আদায় করতে বার্থ হয়েছেন। এরফলে উন্নয়নেও বার্থ হয়েছেন। তার বেকার সমস্যার সমাধানের ক্ষেত্রে আপনি স্বনির্ভরশীল প্রকল্পের উপরে জোর দিয়ে আপনি বলছেন যে এই প্রকল্পের মাধ্যমে শিক্ষিত বেকার, অর্ধ শিক্ষিত বেকার যারা মাধ্যা পাশ করেনি, কৃষিজীবী মানুষ তাদের একটা উন্নয়নের ব্যবস্থা করবেন। এই ৪ লক্ষ মানু যে আপনি কী কর্মসংস্থান করবেন তা আপনিই জানেন। আমি শুধু একটি জেলার ি ধরে বলছি, প্রতিটি জেলার মধ্যে যাচ্ছি না। আপনি যে সেম্রু স্কীম চালু করেছেন তাতে পারসেন্ট কার্যকর রূপ দিতে পেরেছেন তার একটা হিসাব দিচ্ছি। ১৯৯০-৯১ সালে ১৯৯১-৯২ সালে ২২ পারসেন্ট যে টারগেট ছিল সেটা বেডে ২২.০৩ পারসেন্ট হর্মো কোন কোন ব্যাঙ্কে আবার ৬.২৩ পারসেন্ট সেত্র স্বীমের আওতায় আনতে পেরেছেন। কতটা এমপ্লয়মেন্ট আপনি করতে পেরেছেন? আবার কোনও কোনও ব্যাঙ্কে ২.৪ পার অর্থাৎ টোটাল ৩০ পারসেন্ট থেকে ৩৩ পারসেন্ট শ্বনির্ভরশীল প্রকল্পের আওতায় আ পেরেছেন। যেখানে আমাদের এখানে বিলো পভার্টি লাইনে অর্থাৎ দারিদ্র সীমার নিচে সংখ্যক লোক বাস করে, ১৯৮৬ সালের সার্ভে লিস্ট তৈরি হয়েছিল তাতে দেখা গেড় দরিদ্র সীমার নিচে প্রায় ৫০ পারসেন্ট মান্য বাস করে। এইবারের সার্ভে রিপোর্টে দেখা । যে দারিদ্র সীমার নিচে প্রায় ৫৩ পারসেন্ট লোক বাস করে। এই যে দরিদ্র সীমার লোকে বাস করে তার একটা এ.বি.সি.ডি করে একটা সার্ভে লিস্ট করা উচিত। ১৯৮১ সালে একটি লিস্ট তৈরি করা হয়েছিল, ভাতে সরকারি কর্মচারীকে দিয়ে একটা হিসাব করা হয়েছিল, তাতে দেখা গেছে যে বিলো পভার্টি লাইনের সংখ্যা ক্রমশই বেডে যাঞে ব্যাপারে ডিপার্টমেন্ট থেকেও আপনি একটি নির্দেশ পাঠিয়েছিলেন এবং তাতে বলা হয়ে যে এতো বেশি যে দৈনন্দিন নির্ভরশীল লোক আছে তার নামগুলো নথিভুক্ত করে প্র **দেওয়া হোক। কিন্তু তার কোনও ব্যবস্থাই হয়নি। সেল্ফ এমপ্লয়মেন্ট স্কীম যেটা** এডুবে ইউথদের যারা সেন্ট্রাল গভর্নমেন্ট-এর তাদের সাবসিডি দেওয়া হয় এবং সেই যুব সম্প্রাদ আপনি ২৫ শতাংশের উপর কোনও প্রকারে আপলিফটমেন্ট করতে পারেননি আই.আর.ডি: মাধ্যমে। আপনাকে আমি একটা চিঠি দিয়েছিলাম উডিয়া গভর্নমেন্টের যা আছে এবং আপনি দেখবেন আই.আর.ডি.পি.. ডি.আর.ডি.এ. অফিসে গভর্নমেন্ট অফ ইন্ডিয়া থেকে সার্গ দিয়ে '৮৯-৯০ এবং '৯২ পর্যন্ত আপনি ১৪ কোটি ৭৬ লক্ষ টাকা সাবসিডি ডি.আর.ি অফিস থেকে রিলিজ করার পর আপনি বাস্তবে সেটা কোথায় রূপ দিতে পারল কি গ না আপনাদের পক্ষ থেকে এটা সমীক্ষা করার কোনও ব্যবস্থা নেই। ব্যাঙ্ক থেকে লোন দে হয়েছে ৩৫৬ কোটি টাকা, ইউটিলাইজেশন সার্টিফিকেট না দিয়ে গভর্নমেন্টের কাছ 🤌 আবার কি করে টাকা নিল। শুধু ডি.আর.ডি.এ. থেকে দেওয়া হল ১৪ কোটি ৭৬ লক্ষ তারমধ্যে খরচ ১৪ কোটি ৫৬ লক্ষ টাকা, আর বাকি টাকা তাহলে কোথায় পড়ে ফ আপনাকে এই ব্যাপারে জানানো সন্তেও মনমোহন সিংকে জানিয়েছিলাম কিভাবে ইউটিলাইে সার্টিফিকেট না দিয়ে গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার কাছে আবার টাকা দাবি করতে পেরে আপনি সাধারণ মানুষকে সাবসিডি দেওয়া টাকা এবং ব্যাস্ক থেকে লোন নিয়ে দরিদ্র 🕮 মানুষকে আপলিফটমেন্ট করার ব্যবস্থা করেছেন। শুধু ডি.আর.ডি.এ. অফিস থেকে রিলিজ ১৪৭৬ কোটি টাকা এবং ৩৫৬ কোটি টাকা আপনার রিলিজ হল। বাকি টাকা কোথায় <sup>৫</sup> থাকল, এটা তো সাধারণ মানুষের কাছে পৌঁছালো না। দরিদ্র শ্রেণীর মানুষের <sup>রেং</sup>

ইপকারে এল না, তার আপলিফটমেন্ট হল না, কর্মসংস্থান হল না, এই বিষয়ে আপনার ভিপার্টমেন্টের কোনও দায়িও নেই যাতে সমীক্ষা করা যায়। এই বাপোরে আপনারে চিঠি দরেছিলাম তার কোনও উত্তর পাইনি। অতএব আপনি কাগরে কলমে যে বাজেট পেশ করেছেন এর সঙ্গে বাস্তবের কোনও মিল আমরা দেখতে পাছি না। রাস্তার ব্যাপারে আমি দেখিছি গতবারে যে টাকা আলোকেশন হয়েছিল এই বছরে আনও ভয়াবহ অবস্থা, আপনি বাজেটে বলেছেন আউটলে '৯২-৯৩তে ১০৩.১৯ কোটি, এই বছরে ৯২.৪৫ কোটি টাকা এই বলছেন আওটলে ক্ষায়েরে হংলথ আও ফামিলি ওয়েলফেয়ারে ১১.১০ কোটি টাকা এই বছরে বলছেন ২৮.১৭ কোটি টাকা; ওয়েলফেয়ার সার্ভিসেস ১৪ ৮৮ কোটি টাকা, এই বছরে বলছেন ৪৭.৮৬ কোটি টাকা, এইবছরে সেখানে দমিয়েছেন অনেক উৎপাদন বাড়িয়েছেন, ৯২-৯৩ তে ৮৯.৭২ কোটি টাকা, এই বছরে সেখানে চমিয়ে দিয়েছেন ৬৪.৩৭ কোটি টাকা, কবাাল ডেভেলপমেন্টে আপনি টাকা দিয়েছিলেন ১৩২.৯৩ কাটি টাকা, এই বছরে দিছেন ১১৮.০৫ কোটি টাকা, ইরিগেশন আভে ফ্লাড কন্ট্রোলে গতছেরে দিয়েছিলেন ১৫২.৪৭ কোটি টাকা, এই বছরে কোটি টাকা, এই বছরে কোটি টাকা, এই বছরে কিছেন

[3-20 — 3-30 p.m.]

আপনার। গত বছর ডেভেলপমেন্টের যে টাকা দিয়েছেন এবং এই বছর যে টাকা নিচ্ছেন তাতে তাদের মাথায় হাত উঠেছে। সেখানে বলা ২চ্ছে গত বছর আলোকেশন যা ্রিওয়া হয়েছে, ডিপার্টমেন্টের কাছ গেকে শুনছি ৪৮ পারসেন্ট মাত্র ডিসবারসনেন্ট হয়ে<mark>ছে</mark> বিং এই বছর আপনারা আশার আলোক দেখিয়েছেন। আপনাবা নতন রাস্তা করবেন আরও ালেক কিছ করবেন, কিন্তু আপনাদের চিন্তা করা উচিত ছিল পশ্চিমবাংলার সমস্ত রাস্তাই মাজকে ভেঙ্কে গেছে। পি ভবু ডি ডিপাউনেন্ট সেদিন আমাকে বলল যে মাত্র ১ কোটি ৬৫ ি টাকা খনলি ফর রিপেয়ার করতে খরচ হয়েছে। আর বাকি সমস্ত টাকা স্যালারি দিতে লৈ গেছে, আমরা কোনও কাজ করতে পারব না। আপনি বলেছেন নতন রাস্তা করবেন ১ কিলোমিটার। আপনি রাস্তা সারাই করবাব জনা কোনও টাকা দেননি এবং দিতে পার্যেনত া। আবগানি ও স্ট্যাম্প ডিউটির উপর টাঞা বসিয়ে। এওলো করা সম্ভব নয়। আপনি টবগারি লাইসেন্স দেওয়ার কথা বলেছেন। আর্পান বলেছেন বে-আইনি সমস্ত মদের দোকান গছতে হবে। ভাঙৰে কারাং প্রশাসনকে তো আপনারা কেনত নির্দেশ দেননি। চল্ল মদের শকান আজকে অলিতে গলিতে। সেওলোকে ভাঙবার ব্যবস্থা করন, এইরকম কোনও নির্দেশ মপনার নেই। এড়কেশন খাতে কেন্দ্রীয় সরকার বাজেটে টাকা বাড়িয়েছে, আর আপনারা ছেকেশন খাতে টাকা কমিয়ে দিয়েছেন। গ্রামেগঞ্জে স্থল মাধ্যমিক এবং প্রাইমারি ভেণ্ডে ড়েছে। গাছতলায় স্কল হচ্ছে। সবাইকে আপনারা গাছতলায় বসাবার ব্যবস্থা করেছেন। াপনারা কোনও কিছুই লক্ষ্য করেননি। এই বাজেটের মধ্যে দিয়ে আপনারা পশ্চিমবাংলার নিষের উন্নতি করবেন বলে যে আশা করেছেন সেটা কোনওমতেই সম্ভব নয়। তাই আমি র বিরোধিতা করছি। তার থেকে আপুনি তিনরকম বাজেট ককন, যদি রাজস্ব আদায় কিমতো হয় তাহলে একরকম ব্যক্তিট হবে, যদি কেন্দ্রীয় সরকার স্বল্প সঞ্চয়ের উপর আঘাত িখনে তাইলে একরকম বাড়েট হবে, খদি কেন্দ্রীয় সরকার ঠিকমতো টাকা দেয় তাইলে করকম বাজেট হরে। তাই আমি এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য **শেষ করছি**।

[3-30 — 3-40 p.m.]

শ্রী মহম্মদ ইয়াকুব ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ১৮ তারিখে আমাদের রাজ্যের অর্থমন্ত্রী যে বাজেট এখানে পেশ করেছেন সেই বাজেটকে সামনে রেখে আমি দু-একটি কংশ এখানে বলতে চাই। বিরোধী সদস্যরা এই বাজেট সম্পর্কে যেসব সমালোচনা করেছেন, সেই সমালোচনা করার আগে তাদের একটা জিনিস খতিয়ে দেখা উচিত, বোঝা উচিত। কারণ আজকে একটা ভয়ক্বর অবস্থার মধ্যে দাঁড়িয়ে রাজ্য সরকারের পক্ষ থেকে আমাদের অর্থমন্ত্রী এখানে বাজেট পেশ করেছেন।

কেন্দ্রীয় সরকারের নয়া অর্থনীতির মাধ্যমে আমরা দেখতে পাচ্ছি যে আমাদের দেশে বিদেশি ঋণ কোটি কোটি টাকার করা হচ্ছে। মাননীয় বিরোধী দলের সদস্যরা এই প্রসঙ্গে আরও জানাতে চাই যে, কেন্দ্রীয় সরকার শুধ ঋণ নিয়েই থেমে থাকছেন না, বিশ্বব্যাঙ্কের কাছে নতি স্বীকার করে বিদেশি পণ্য সামগ্রি আমদানিরও ব্যবস্থা করছেন। বিরোধী সদস্যর<sup>া</sup> তো বলেন যে তাদের একটা ঐতিহ্য আছে, তারা গর্ব করে বলেন যে স্বাধীনতা সংগ্রামে তাদের বিরাট অবদান আছে ইত্যাদি। সবই মেনে নিলাম ক্ষণিকের জন্য। তাহলে তাদের কাড়ে প্রশ্ন, তখন যে আওয়াজ তলেছিলেন বিদেশি দ্রবা বয়কট করার, বিদেশি জিনিসপত্র বাতিল করার তাহলে আজকে কি এমন হল যে আমাদের দেশের কৃটির শিল্পের ক্ষতি করে. আমাদের দেশের অন্যান্য শিল্পের ক্ষতি করে এখানে বিদেশি পণ্য আমদানি করার নীতি গ্রহণ করেছেন ? আশাকরি, আপনারা আমার এই প্রশ্নের যথাযথ উত্তর দেবেন। আপনারা বলবেন তথন আপনাদের ভূমিকা কি ছিল এবং আজকে আপনাদেব ভূমিকা কি হয়ে দাঁভিয়েছে স্যার, কি পরিমাণে বিদেশি ঋণ নেওয়া হচ্ছে সে প্রসঙ্গে বলতে গিয়ে আমি কয়েকটি পরিসংখ্যান করব। ১৯৯২/৯৩ সালে হাজার ৭৭ কোটি টাকার বিদেশি ঋণ নেওয়া হল আর শোধ দিতেই চলে গেল ৬ হাজার ৭৯ কোটি টাকা। শুধু তাই নয়, বাণিজ্যিক শ **त्मिंख्या रन > रा**जात ७७৮ कारि ठाका चात ४१० পतिस्माध कतात जन्म हत्न रान ध হাজার ৬৫ কোটি টাকা। এই অবস্থা এখন চলছে। কেন্দ্রীয় সরকারের নীতি সম্পর্কে আমাদে বিরোধী দলের বন্ধরা একবারও উল্লেখ করলেন না। তারা বললেন না যে দেশীয় উৎপাদকরে শুষ্কের বোঝাটা হল ২ হাজার ২১১ কোটি টাকা আর বিদেশি আমদানির ক্ষেত্রে কমানো হল ২ হাজার ২৩ কোটি টাকা। এসব কথা বিরোধী বন্ধরা কিছই বললেন না। তারা বললে না যে ১৯৯৩/৯৪ সালের যে বাজেট পার্লামেন্টে ডঃ মনমোহন সিং পেশ করেছেন তারে দেখা যাচ্ছে যে আমাদের দেশীয় উৎপাদকদের জন্য ছাড় দেওয়া হয়েছে ১ হাজার ২৪১ কোটি টাকা আর বিদেশি দ্রবা আমদানির ক্ষেত্রে শুল্ক ছাড় দেওয়া হয়েছে ৩ হাজার ২৭: কোটি টাকা। তারা এসব কথাব উল্লেখ না করে শুধু রাজোর সমালোচনা করে যাচ্ছেন এখানে তাদের মুখে কুলুপ आঁটা, আলিগড়ের তালা লাগানো। মাননীয় উপাধ্যক্ষ মহাশ আমি আপনার মাধ্যমে একটি দৃষ্টান্তের প্রতি এই সভার, বিশেষ করে মাননীয় বিরেটি বন্ধদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। সারা ভারতবর্ষে যেখানে ক্ষুদ্র ও প্রান্তিক চাষিদের হা মোট চাষ যোগ্য জমির মাত্র ২৯ শতাংশ, সেখানে পশ্চিমবাংলায় ৬০ শতাংশ জমি ক্ষুদ্র 🖟 প্রান্তিক চাষিদের হাতে। মাননীয় বিরোধী সদস্যরা অনেক ক্ষেত্রেই উত্তর-প্রদেশ, বিহার, মহারাঞ্জ সঙ্গে কিছ কিছ তুলনামূলক আলোচনা করলেন, কিন্তু ঐ রাজাগুলির তলনায় পশ্চিমবাংল

জমির পরিমাণ কত, সেটা একবারও উল্লেখ করলেন না। অর্থনৈতিক সঙ্কটের মধ্যে দিয়ে, বিভিন্ন প্রতিকল অবস্থার মধ্যে দিয়েও পশ্চিমবাংলায় খাদ্য উৎপাদন আজকে কি পরিমাণ বিদ্ধি পেয়েছে সেটাও তারা উল্লেখ করলেন না। তারা যখন বিগত দিনে ৩০ বছর এখানে ক্ষমতায় ছিলেন তখনকার কথা ছেড়ে দিয়েও আমি তাদের কাছে বলছি যে, তাদের রাজত্বকালের শেষ বছর ১৯৭৬-৭৭ সালে পশ্চিমবাংলায় খাদ্যশস্য উৎপাদন হয়েছিল ৭৫ লক্ষ টন। তারপর সেই উৎপাদন গত ১৫ বছরে বৃদ্ধি পেয়ে ১৯৯২-৯৩ সালে হয়েছে ১২৮ লক্ষ টন। শুধ তাই নয়, এ বছর মার্চ মাস পর্যন্ত ১৩৭ লক্ষ টন খাদাশস্য উৎপাদন হতে চলেছে। ওরা কি এই রাজ্য থেকে নির্বাচিত প্রতিনিধি নন? ওরা কেউ এ কথা একবারও স্বীকার করলেন না। ওরা শুধুই সমালোচনা করছেন। সমালোচনা নিশ্চয়ই করবেন। কিন্তু তা গণতান্ত্রিক পদ্ধতিতে গঠনমূলক হওয়া উচিত। তা যদি করতেন তাহলে তা নিশ্চয়ই আমাদের কাছে ন্ট্রান্ত হত। শধ্মাত্র সমালোচনাব জন্যই যদি সমালোচনা করেন তাহলে তা কারো কোনও উপকারে আসবে না। কারণ মানুষ তার বাস্তব অভিজ্ঞতার মধ্যে দিয়ে সমস্ত কিছু**ই বুঝতে** পারছে। আজকে আমাদের অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তা অবশাই প্রশংসনীয়। নানা প্রতিকল অবস্থার মধ্যে, একটা ভয়াবহ অর্থ সম্কটের মধ্যেও আমাদের অর্থমন্ত্রী যে বাজেট পুশ করেছেন তা সত্যিই প্রশংসনীয়। আমাদেব বিরোধী সদস্যবা বাজেটের সমালোচনা করতে ীয়ে রাস্তাঘাটের উল্লেখ করেছেন। তারা বললেন, রাজো রাস্তা একটুও বাড়ে নি। আমি তাদের দৃষ্টি আকর্যণ করে বলতে চাই, উত্তবপ্রদেশে মোট ভূমির অনুপাতে যে পরিমাণ রাস্তা মাছে তারসঙ্গে পশ্চিমবাংলার মোট জমির অনুপাতে রাস্তাব পরিমাপটা একটু তুলনা করে, বিচার করে, তারপর ঐ সমস্ত কথা উল্লেখ করুন। আমাদের বামফ্রন্ট রাজত্বকালের পূর্বে বুগত ৩০ বছর কেন্দ্রীয় সরকার তথা কংগ্রেসি সরকার পশ্চিমাবাংলায় কিভাবে কত রাস্তা করেছিল? প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ এবং পঞ্চম পঞ্চবার্যিক। পরিকল্পনায় রাস্তা করার জন্য পশ্চিমবাংলায় তারা যে অর্থ বরাদ্দ করেছিলেন সে হিসাবওলো কি একবার দেখেছেন? কাদের ভূল বোঝাবার চেষ্টা করছেন? সে সময়ে যে অর্থ বরাদ্দ করা হয়েছিল সেই বরাদ্দকত অর্থ আজও পশ্চিমবাংলাকে দেওয়া হয়নি। অথচ খরচেব পরিমাণ দিনের পর দিন বেড়েই চলেছে। এই অবস্থায় সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে রাজ্য সরকার রাস্তা এবং অন্যা**ন্য কাজ** করার যত দূর সম্ভব চেষ্টা করছেন। অথচ ন্যাশনাল হাইওয়ে সহ বিভিন্ন পরিকল্পনায় সেট্রাল পি.ডাব্লু.ডি.-র বরাদ্দকৃত অর্থ রাজ্যের স্বার্থে আদায় করার জন্য আমাদের মাননীয় বরোধী সদস্যরা কি একবারও সোচ্চার হয়েছেন ? যে রাস্তা দিয়ে আপনারা যাচ্ছেন সেই রাস্তা দিয়ে আমরাও যাচ্ছি। আপনারা তার সম্মুখীন হয়েছেন, আমরাও হয়েছি। কিন্তু সমালোচনা করতে হয় তাই শুধু সমালোচনা করছেন। আপনারা বললেন, এই সরকার বেতন দিতে পারেনি। কেরলে কিছুদিন আগে আপনাদেরই দলের সরকার সেই সরকারের অর্থমন্ত্রী সরকারি কর্মচারিদের বেতন দিতে পারেননি। সেখানে এরকম একটা সঞ্চট দেখা দিয়েছিল। যেহেত মাপনাদের কেন্দ্রীয় সরকার আছে, তারা বিজার্ভ ব্যাঙ্কের সাথে আলোচনা করে বেতন দেবার গ্যবস্থা করেছিলেন। একথা তো কই আপনারা উল্লেখ করলেন না? উল্লেখ করা উচিত ছিল। মামাদের সোর্স অফ ইনকাম খবই সীমিত। কেন্দ্রীয় সরকার যে রাজস্ব আদায় করেন তার **ফ্ত কোটি টাকা পশ্চিমবাংলাকে** দিচ্ছে একথা তো একবার আপনারা উল্লেখ করলেন নাং ওধু ইনকাম ট্যাক্স, সেলস ট্যাক্স এইসব কথা বললে আজকে চলে না। কিন্তু গ্রামের মানুষ, °

পশ্চিমবাংলার সাধারণ মানুষ তাদের অভিজ্ঞতার মধ্য দিয়ে অনেক কিছু বুঝতে শিখেছে। এখন আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাজেটের মধ্যে পশ্চিমবাংলার বেকার যুবকদের কর্মসংস্থানের কথা উল্লেখ করতে গিয়ে, স্ব-নিযুক্তি, স্ব-নির্ভর প্রকল্পের কথা উল্লেখ করেছেন। সেখানে ৫ লক্ষ এবং আরও অতিরিক্ত ৩ লক্ষ যক্ত করলে দেখা যাচ্ছে ৮ লক্ষ বেকার যুবকদের আগামী দিনে স্ব-নিযুক্তি প্রকল্পের মাধ্যমে কর্মসংস্থানের সম্ভাবনা রয়েছে। কিন্তু একটি বিষয়ে আমি দৃষ্টি আকর্ষণ কর্বছি, সেল্ফ এমপ্লয়মেন্ট স্কীমে যে लान भागभन दश তাতে नाम्ह दाता दह दरतानि द्राट दश। भारतद श्रेत नाम, वहरतत श्रे বছর ব্যাঞ্চ ইন্টারভিউ নেবার পর, সমস্ত কিছ দেখার পর, স্কীম পরীক্ষা করার পর যে অর্থ স্যাংশন অর্থ ব্যাঙ্ক সহজে দিতে চান না। দিলেও ২৫ পারসেন্ট কিংবা ৫০ পারসেন্ট তার থেকে কমিয়ে দিয়ে সেই লোন তার। বেকার যুবকদের হাতে তুলে দেন। আমি অর্থমন্থ মহাশয়কে অনুরোধ করব, এ ব্যাপারে দৃষ্টি দেবেন। শুধ তাই নয়, বিভিন্ন পৌরসভায় একটা ৩ মাসের ওয়ার্কশপ করা হয় ট্রেনিং দেবার জন্য এইসব বেকার যবকরা স্ব-নিযক্ত প্রকল্পে তারা যেটা পছন্দ করেন সেটা নেন। যেমন, কেউ টেলিভিশন, কেউ টেলিফোন, কেউ রেফ্রিজারেটার রিপেয়ার এইসব ট্রেনিং নেন। পঞ্চায়েতের মাধ্যমেও কিছু কিছু ট্রেনিং দেবার ব্যবস্থা করা হচ্ছে। কিন্তু এই ট্রেনিংটা মাত্র ৩ মাসের জন্য। এরমধ্যে ভালভাবে কাজ শিং ব্যবসা করা যায় না। এটাকে বাডিয়ে ৬ মাস কিংবা ১ বছরের জন্য যদি ট্রেনিং দেবার ব্যবস্থা করা যায় তাহলে এইসব বেকার যুবকরা নিজেদের পায়ে দাঁডাতে পারে। কাজ বুরে নিয়ে ক্যাপিটাল ইনভেস্ট করে কিভাবে বিজনেস রান করাতে পারে সেই ব্যবস্থা যাতে কর यात्र (मरे मिक्टो (मचरवन) मार्थ मार्थ এই कथा वलव, এখानে विर्तार्थी मुलाव मुम्मार् বললেন, বহু কলকারখানা লক-আউট, ক্লোজার হয়ে আছে। কিন্তু একথা একবারও বললেন না যে, কেন্দ্রীয় সরকারের নীতির ফলে আজকে সারা দেশে ২ লক্ষ কয়েক হাজার কলকারখন বন্ধ রয়েছে? পশ্চিমবাংলা তো তার থেকে বাদ যেতে পালে না। আমি অর্থমন্ত্রী মহাশয়ে অনরোধ করছি, যেসব ছোট এবং মাঝারি শিল্প কলকারখানা আছে সেখানে কো-অপারেটিঃ **সিস্টেমে শ্রমিকদের সাথে আলোচনা** করে কিছু করা যায় কিনা, সরকারি সাহায্যে এক ব্যাঙ্কের সাহায়ে। কিছু টাকা-পয়সা পাওয়া যায় কিনা দেখবেন। এইসব টাকা-পয়সা দি কলকারখানাগুলি চালু করে তার বাজার পাবে কিনা সমস্ত কিছু বিবেচনা করবেন। এই দিকটা যদি চিন্তা করেন তাহলে আমার মনে হয় খুব ভাল হবে।

# [3-40 — 3-50 p.m.]

তাহলে আমার মনেহয় ভাল হবে। আজকে বেকার সমস্যা দিনের পর দিন বাড়ছে এই যে বন্ধ কলকারখানা, লক আউট হয়ে যাওয়া কারখানার যার। শ্রমিক তারা আজকে বিধবা বেকার হয়ে গেছে। এদের কাজ ছিল, এখন আর কাজ নেই, এরা বিধবা বেকার হার গেছে। এদের সম্পর্কে মাননীয় অর্থমন্ত্রীকে চিন্তা করার জন্য অনুরোধ করছি। আর এখার্ড আপনি অনেক ছাড় দিয়েছেন। ক্ষুদ্র, ছোট সব শিল্পে, কুটির শিল্পে ছাড় দিয়েছেন, তারজন আপনাকে অভিনন্দন জানাছি। পাশাপাশি রেফ্রিজারেটর, ওয়াসিং মেশিন এগুলির উপেন্তিকিয় কর বাড়িয়েছেন, এটা ভাল করেছেন। কারণ এওলি ব্যবহার করে বিভ্রবান লোধ্ব যাদের অবস্থা ভাল, যারা বসে বসে সমস্ত কিছু পেতে চান। তাদের ক্ষেত্রে এটা করা র্থি

ঙ্গত হয়েছে। মদের উপরে ১১ পারসেন্ট যেখানে বাড়ানো হয়েছে সেখানে আমি মনেকরি ্য এটাকে আরও বাড়ানো উচিত। এটা কমপক্ষে ১৫ পারসেন্ট করা উচিত। এই প্রসঙ্গে াননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একথা বলতে চাই যে নেশার বিরুদ্ধে পশ্চিমবঙ্গে যুব মাজ সংগ্রাম করছে, আন্দোলন সংগঠিত করছে। সেখানে নেশা সেটা দেশি হোক, বা : দিনি হোক করার জন্য মদের দোকান যাতে না খোলা হয়, পারমিট যাতে না দেওয়া হয় ii ii বিষয়ে চিন্তা করতে হবে। রেভিনিউ আদায় করার জন্য অন্য কি সোর্স বের করা যায় টা চিন্তা করতে হবে। কিন্তু মদের দোকান খুলে তার থেকে রেভিনিউ আদায় করার যে দ্ধতি সেটা আমার মনে হয় সঠিক পদ্ধতি নয়। কাজেই এই বিষয়ে সরকারকে চিস্তা করতে ব। বিগত দিনে আমরা শুনেছিলাম যে সারা দেশে হকার্স সম্পর্কে একটা কমিটি আছে। াই কমিটির রিপোর্ট কি, তাদের সম্পর্কে আপনার সিদ্ধান্ত কি সেটা আমার জানা নেই। ্ বৈ আজকে চার্নিদিকে হকার্স ভরে গেছে। তাদের কাছ থেকে আমরা কোনও রেভিনিউ হিনা। এদের সম্পর্কেও চিন্তা-ভাবনা করা দরকার। এদের কাছ থেকে একটা নির্দিষ্ট সার্ভিস র্চ্চ আদায় করা যায় কিনা সেটা চিন্তা করতে হবে। এটা যদি করা যায় তাহলে আমি নিকরি কয়েক কোটি টাকার রেভিনিউ আসতে পারে। আমি আরও কয়েকটি বিষয়ে আপনার 🌡 আকর্ষণ করছি। আজকে শিক্ষা নিয়ে যেখতে আমরা এত সোচ্চার হয়েছি সেখানে শিক্ষা তে আরও ব্যয় বরাদ্দ বাড়ানো উচিত বলে আমি মনেকবি। আএকে বং স্কলবাডি ভেঙে ছি। বং জায়গায় শিক্ষক নেই, কোথাও টেবিল নেই, কোথাও চেয়ার নেই, কোথাও বেঞ্চ 🗜 এই সম্পর্কে অনেক কিছু কবাব আছে। সেজনা আমি এই বিষয়টাকে আরও ওকত্ব 🏿 বিবেচনা করার জন্য বলছি। তারপ্রে স্বাস্থ্যের ব্যাপারে দেখেছি যে বরাদ্ধ অতান্ত কম। ্রিকে হেলথ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ারের জনাও আমাদের চিস্তা করা দরকার এবং এই 🌬 🛪 বরাদ্দ বাড়ানো দরকার। আজকে গ্রামাঞ্চলে হেলথ এবং এডুকেশন-এর মাধ্যমে সক্র যাতে সচেতন করতে পারি সেদিকে নজর দিতে হবে। এই কথা বলে আমি মাননীয় মন্ত্রীর বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-50 — 4-00 p.m.]

শ্রী সুভাষ গোস্বামী ঃ মাননীর উপাধ্যক্ষ মহাশর, এই সভায় আমাদের মাননীয় অর্থমন্ত্রী ব্যায়-বরান্দের দাবি উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন জানাছি। এই বাজেট বরান্দের মূপি হতে পারিনা। কারণ মাননীয় অর্থমন্ত্রীর হাতে যদি রাজ্যে রিসোর্স মোবিলাইজেশনের ও কিছু সুযোগ থাকতো, যদি পরিকল্পনা খাতে ব্যায়-বরান্দ বৃদ্ধির সুযোগ থাকত, যদি জ্যার অত্যাবশ্যক কাজগুলি চালিয়ে নিয়ে যাওয়া সম্ভব ২তো তাহলে আমরা খুশি হতাম। নীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন সারা দেশে অর্থনৈতিক এবছা যা দাঁড়িয়েছে তা হল আশক্ষার কিনারায় এসে দাঁড়িয়েছে। এই সমস্ত সম্বটের বোঝা রাজ্যের উপর পরে দেওয়া হচ্ছে। রাজ্যের সহায় সম্বল ক্ষেত্রভলিকে সম্বটিত করে এনে রুদ্ধে করে দিতেছে। আমাদের অর্থমন্ত্রী চেষ্টা করেছেন এই ধ্বস থেকে, এই ভাটার টান থেকে কি করে জার অর্থমন্ত্রী চেষ্টা করেছেন এই ধ্বস থেকে, এই ভাটার টান থেকে কি করে জার অর্থমন্ত্রী চেষ্টা করেছেন এই ধ্বস থেকে, এই ভাটার টান থেকে কি করে জার অর্থমন্ত্রী চেষ্টা করেছেন এই ধ্বস থেকে, এই ভাটার টান থেকে কি করে জার অর্থমন্ত্রী কোলা যায়। তার গোটা পরিকল্পনার মধ্যে সেই চেষ্টাই ফুটেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমাদের রাজ্যের সমস্যার কথা। পশ্চিমবঙ্গাটা খব ছোট মাপের, ভারতবর্ষের সমস্ব ভ্রথন্তের মধ্যে পশ্চিমবাংলার আয়তন মাত্র

[22nd March, 199

শতকরা ২ ভাগ। অথচ ভারতবর্ষের যে জনসংখ্যা তার শতকরা ৮ ভাগ বাস করে পশ্চিমবাংলাতে। সুতরাং সমস্যার তীব্রতা নিশ্চয়ই উল্লেখ যোগ্য ব্যাপার। মাননীয় উপাং মহাশয়, এই বাজেটে বক্তৃতা করতে গিয়ে আমার কাছে কোনও তথ্য বা পরিসংখ্যান ে **কিন্তু আমার কাছে কিছ ছবি আছে. সেই ছবি আমাদের চোখের সামনে ভাসছে। সেই**ু হচ্ছে গ্রামবাংলার ছবি। গ্রামে যে সমস্ত মান্য বাস করে, যে সমস্ত দরিদ্র মান্য বাস ক দারিদ্র সীমার নিচে যারা বাস করে তাদের ব্যাথাটা আমরা উপলব্ধি করতে পেরেছি আন্তরিক সঙ্গে। সেইজন্য আমরা ১৫-১৬ বছর ধরে তাদের যন্ত্রণার কিছটা উপসম ঘটাতে পেরে এই সরকারের পক্ষ থেকে গণমুখি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। পঞ্চায়েতের মাধ্যমে রান উন্নয়নের অর্দ্ধেক টাকা খরচ করা হয়েছে এবং এটা একটা নজির স্থাপন করতে চলে পঞ্চায়েতের মাধ্যমে আমরা দেখেছি কল্যাণকর কাজ. অনেক অত্যাবশ্যক কাজ এই স দরিদ্র মানুষের মুখ চেয়ে করা সম্ভব হয়েছে। এই কথা শুধু আমরা বলিনা, এর সাটিফি দিয়ে গেছে প্রধানমন্ত্রী থেকে আরম্ভ করে অনেক কেন্দ্রের মন্ত্রী এবং বিভিন্ন রাজ্যের দায়িত ব্যক্তি। আমাদের রাজ্যে তারা এসে দেখে গেছেন পঞ্চায়েতের এই সমস্ত কাজকর্ম। পঞ্চায়ে মাধ্যমে পশ্চিমবাংলার গ্রামে কি সম্পদ সৃষ্টি করা গেছে, উন্নয়ন কতখানি ঘটানো ৫ অতীতের সঙ্গে তুলনা করলে এর কোনও তুলনা হবে না। আমরা দেখেছি যে পরিক নেওয়া হয়েছে আই.আর.ডি.পি, এস.ই.এস.আর.ইউ, এন.আর.ই.পি এবং জওহর রোড যোজনার মাধ্যমে। এই প্রকল্পের মাধ্যমে গ্রামের মানুষ অনেকটা মাথা তুলে দাঁডাতে স হয়েছে। অতীতে যে ভয়ঙ্কর অবস্থাটা ছিল সেটা জানেন মাননীয় উপাধাক্ষ মহাশয়। এখন মাস চলছে, প্রতি বছর এই মার্চ মাসে আমরা কী ছবি দেখতে প্রেতাম ? কাতারে কার্ মানুষ ঝুড়ি কোদাল বেলচা নিয়ে ব্লক অফিসে অফিসে আগে ধর্ণা দিতেন, কাজ চাই, আ চাই. ফেন চাই বলে। প্রতি বছরই ছিল এই চিত্র। আজকে সেই চিত্র কেউ, দেখাতে পার না যে খাবারের জন্য, কাজের জন্য ব্লক অফিসে অফিসে মানুষ ধর্ণা দিছে। আজকে অবস্থা আমরা অনেকটাই কাটিয়ে উঠতে পেরেছি। কৃষির ব্যাপারে বাঁকুড়া জেলা খরা : জেলা, বেশিরভাগ জায়গাই খরাপ্রবণ বলে চিহ্নিত। কৃষি বৃষ্টির উপরে নির্ভরশীল। অ চাষি কঠোর পরিশ্রম করে তাদের সহায়সম্বলকে বিনিয়োগ কবে মাঠে যেত চায় কর তাকে কান্তে নিয়ে ফসল তুলতে যেতে হত না, ধান মাঠেই শুকিয়ে যেত, বিনিয়োগ ঞি হত। বাঁকুড়া জেলার বেশকিছু জায়গায় আজকে সেচের জল পৌঁছে দেওয়া **গেছে**। ে চাবের ক্ষেত্রে আজকে পশ্চিমবাংলার মানচিত্রে বাঁকুডা একটা জায়গা করে নিয়েছে। সেং বোরো চাষ হচ্ছে, আলু চাষ হচ্ছে, ধান ছাড়া অন্যান্য সদ্ধি চাষ হচ্ছে এবং কৃষি অর্থ অনেকটাই মজবুত হয়েছে। আমরা তাই এখন শিল্পের কথা বলছি। বাকুড়া জেলায় শি অনেক কিছুই আছে। ভারতবর্ষে অনগ্রসর জেলা বলে যে জায়গাণ্ডলো চিহ্নিত, বাঁকুড়া 🥫 তার মধ্যে একটি। শিল্প শিল্প বলে চিৎকার করলেই শিল্প গড়ে ওঠে না, তারজন পরিকাঠামো ও সুযোগ দরকার তা সেখানে নেই। এই সরকার ধোষণা করেছিলেন যে 🐔 শিল্প-বিহীন জেলা যেণ্ডলো আছে সেখানে সরকারি উদ্যোগে শিল্প গড়ে তলবেন। <sup>ইং</sup> জেলায় স্পিনিং মিল গড়ে তোলার কথা '৭৮ সালে আমরা শুনেছিলাম, আজকে '৯৩ দ কিন্তু আজ পর্যন্ত কোনও কমিশনিংই শুরু হয়নি। কোথায় ল্যাপসেস আছে, ঘাটতি আর্ছ খুঁজে দেখা দরকার। ইদানিং আমরা শুনছি যে ওখানে পলেস্টার ফিলামেন, ডপ ইত্যাদি '

নন্ত্রপতিরা করবেন। কিন্তু বাস্তবে এখনও তার রূপ আমরা দেখতে পাচ্ছি না। এই অবস্থায় সখানে কৃষিকে আরও বেশি গুরুত্ব দেওয়া দরকার। সেচের জল যদি মাঠে পৌঁছে দেওয়া ান্তব হয়, তাহলে চাষিরা একটি ফসলের জায়গায় দুটি করে ফসল করতে পারবেন। এবং গজের সন্ধানে জেলার বিভিন্ন অংশ থেকে বর্ধমান, মেদিনীপুর এই সমস্ত জায়গায় মানুষকে গভাবে যেতে হয়, এটা হলে তাদের আর বাইরে কাজের জন্য যেতে হবে না। জেলার াধ্যেই তথন বারে। মাস কাজের সুযোগ পাবেন। এটা করতে পারলে কলের চাকাও ঘুরবে। িষর উৎপাদন বাড়লে কৃষিপণ্যের যে বাজার তৈবি হবে তা শিল্পের পরিপুরক হিসাবে কাজ রবে। তাই পরিকল্পনাকে সেইভাবে কাজে লাগাতে হবে। কৃষি এবং সেচকে যদি আমরা ক্ত সহকারে সংস্থান করতে পারি তাহলে গ্রামীণ অর্থনীতির ভিত আরও অনেকখানি জবত হয়ে উঠবে। আমরা চিন্তা করছি একভাবে, আর দিল্লির সরকার চিন্তা করছেন ানাভাবে। এখানে সৌগতবাবু উল্লসিত হচ্ছিলেন রেফ্রিঞারেটর, ওয়াশিং মেশিনের উপর থকে কেন্দ্রীয় সরকার অন্তঃশুল্ক কমিয়ে দিয়েছেন বলে। কি হবে এতে? রেফ্রিজারেটর. ।য়াশিং মেশিনের দাম কমলে গরিব মান্যের কি হবে? রেশনে যে সমস্ত জিনিসপত্র সরবরাহ রা হয়, সেই সমস্ত জিনিসের দাম তারা দফায় দফায় বাডিয়ে চলেছেন। কৈ. এ সম্বন্ধে উনি তা একবারও বললেন না? সারের দাম বাডিয়ে দিলেন তাই নয়, পরিষ্কার এইভাবে ঘোষণা নলেন যে স্বাভাবিক রেশন ব্যবস্থাকেও রাখা যাবে না। এই রেশন ব্যবস্থাও তুলে দেওয়া বে। এইভাবে বায় সন্ধোচন করা হচ্ছে। একমাত্র পাহাডি এলাকা এবং আদিবাসী অধ্যয়িত লাকা ছাড়া রেশন অন্যত্র কোথাও দেওয়া যাবে না। যেখানে তাদের একটা বিরাট দায়িত্ব ওয়ার দরকার, তা না নিয়ে সেটা তুলে দিতে চাইছেন। কেন্দ্রীয় সরকার সারের উপরে নিতুকি তুলে দিলেন, এতে কি সাফল্য হবে? যেখানে কৃষি উৎপাদনের ক্ষেত্রে আমরা একটা শৈষ স্থান পেয়েছিলাম সেখানে উৎপাদন ব্যহত হবে। এই সারের উপরে ভরতুকি তুলে য়া আপনারা কার উপকার করলেন? তারপরে শিল্পের ক্ষেত্রে দেখা যাচ্ছে যে, শিল্পে একটা বাট সঙ্কট চলছে. সেখানে ১০ হাজার লোক ঘাঁটাই করে দেওয়া হয়েছে। ১ হাজার লোক দি নিয়োগ করা হয় তো ১০ হাজার লোক ছাঁটাই হচ্ছে এই নীতি তো আপনারা ্লাচ্ছেন। এরফলে কৃষির উপরে এক বিরাট আঘাত আসছে। শ্রমিক কর্মচারিবা যাদের পরে দেশের অর্থনীতি অনেকটা নির্ভর করে তারা আজকে বেকার হয়ে পড়ছেন। এইভাবে की प्रभा वाँচरव कि करत? प्रत्यंत्र मानय यिन ना थारक काप्तत निराय प्रभा ठालाना रहत? ।খানে মাননীয় অর্থমন্ত্রী একটা সঠিক পদক্ষেপ নিয়েছেন এবং এরমধ্যে দিয়ে রাজ্যের ন্নতিকে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করছেন। কেন্দ্রীয় সরকারের বিরোধিতা সত্তেও এই র্থমন্ত্রী আমাদের রাজ্যকে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করেছেন এবং সেই কারণে তাকে থিরিক ধন্যবাদ জানিয়ে এবং সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী জটু লাহিড়ী ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বরাদ্দ থানে পেশ করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের আনীত কাটমোশনকে সমর্থনরে আমি আমার বক্তব্য শুরু করছি। মাননীয় অর্থমন্ত্রী তার গত বছরের বাজেট ভাষণে লছিলেন যে ওয়ার্ল্ড ব্যাঙ্কের এবং বিদেশি ঋণ ভারতবর্ষের মানুষ জর্জরিত হয়ে যাবে এবং বিরে নতুন করে নাকি বণিক ব্যবসায়ী বিদেশির মানদঙ্ভ আমাদের ঘাডে চাপবে। এইবারও

তিনি আরেকটি ছন্দ এনেছেন, সেটি হচ্ছে ঋণের মৃত্যুকাঁদে জর্জরিত। মাননীয় অর্থমন্ত্রী দীর্ঘ ১৬ বছরের ক্ষমতায় থেকেও রাজস্ব সংগ্রহের ক্ষেত্রে উল্লেখজনকভাবে কিছু ক পারেন নি। এবং তার বিচার না করেই সপ্তার চটকদারি, চমকদারি বাজেট উপস্থিত করে আজকে পশ্চিবঙ্গের দেউলিয়া সরকার পশ্চিমবঙ্গকে আরও দেউলিয়া করে তুলেছেন। যে সরকারি কর্মচারিদের বেতন কাঠানো পুর্নবিন্যাস করতেই সরকারের অর্জেক টাকা চলে সেখানে তারা দেশের উন্নতি সাধন করবেন কি করে?

# [4-00 - 4-10 p.m.]

বেসরকারি সংস্থার কাছ থেকে ঋণ নিয়ে আজকে রাইটার্সের কর্মচারিদের বেতন া হচ্ছে। এই লজ্জার কথা কিন্তু মাননীয় অর্থমন্ত্রী স্বীকার করেন নি। স্যার, রাজ্যের বাম ওয়ার্ক কালচার কোন জায়গায় এসে দাঁড়িয়েছে, স্কুল কলেজের মাস্টার মশাইরা পড়া সেখানে এমন জায়গায় দাঁড়িয়েছে যে ছাত্ররা যাচ্ছে আর আসছে। শিক্ষক শিক্ষিকাদের অ দেখছি অধায়নের প্রতি অধ্যাপনাব প্রতি তাদের যে পবিত্র কর্তব্য ছিল বামপন্থী ও কালচারে সেটা নম্ট হয়ে গেছে। টিউশনি বন্ধ করা তো দূরের কথা। হাসপাতালের রো সব কিছু তারা ঠিকমতো পায়না, আপনারা হাসপাতালের থেকে ওধুধ চুরি বন্ধ ক পারেননি। বন্ধ করতে না পেরে ওযুধ কেনাই বন্ধ করে দিয়েছেন, আজকে রাজ্যের অবস্থা হয়েছে। সেই সঙ্গে সঙ্গে হাসপাতালের ডাক্তারদের ক্ষেত্রে দেখছি যে সেখানে ন হোমে তারা ব্যবসা ওরু করে দিয়েছে। হাসপাতালে ফিশ বৃদ্ধি করা হয়েছে, নৃতন নৃতন আরোপ করা হয়েছে, বিভিন্ন উন্নয়ন্যুলক খাতে আজুকে বেতন দিতেই খরচ হয়ে য **অথচ ট্যাক্স ঠিকমতো আ**দায় কৰতে পারেন না। আজকে অশুভ আঁতাতের ফলে বং বাডিগুলিতে ট্যাক্স নির্ধারণ হয়নি। পৌরসভার উন্নয়নের কাজকর্মগুলি স্তব্ধ হয়ে গেছে। বেতন দেওয়ার জন্য বোর্ডগুলি পরিচালনা করার জন্য আজকে বামপন্থী সরকারকে 🤉 কোটি টাকা ভর্তুকি দিতে হচ্ছে। ভর্তুকি দিচ্ছেন কোন বোর্ডগুলিকে যেগুলি সি.পি.এম পরিচালিত বোর্ড। বহরমপুর, কৃষ্ণনগর, এর মতো বোর্ডগুলিকে ভর্তুকি দিতে হয়না। স অর্থমন্ত্রীর আচরণ মনে হয় উনি শ্যাম রাখবেন না কল রাখবেন। আমরা জানি রাজ্য প্রধান উৎস হচ্ছে সেলস ট্যাক্স। স্যার, সেলস ট্যাক্স-এর প্রতি বছরে পার্সেনটেজ কোনও কোনও ক্ষেত্রে বেডে যাচ্ছে। সেলস ট্যাক্স আদায়ের ব্যাপারে যে সমস্ত নিয়ম নীতি দেগ হয়েছে, রাজ্যের ট্যাক্সের উন্নতি হয়েছে, সেটা কার্যকর করতে হবে এবং ভেবে দেখার স **এসেছে। মাননীয় অর্থমন্ত্রী** রাজ্যের রাজস্বর প্রধান উৎস যে সেলস ট্যাক্স যেটা আগে <sup>†</sup> মাসে দেওয়া হত, রাজ্যের অর্থের অবস্থা, আয়ের উৎসর অবস্থা যত খারাপ হচ্ছে উনি ত নিত্য নৃতন নিয়ম করছেন। তিনমাস থেকে মাসিক করলেন, দিন আনা দিন খাওয়া সর্ সকাল থেকে বেরিয়ে রাতে ফেরে, সেই পয়সায় সংসার চালাতে হবে, রাজ্যের অর্থর্ফ কল্যাণে রাজ্যের আজকে এই অবস্থা দাঁডিয়েছে। মাসের টাকা আগের মাসে দিয়েও 🥬 নেই। আমরা ৯১-৯২ সালে দেখেছি এই রাজ্যের ঘাটতি কম দেখাবার জন্য তিনি <sup>বি</sup> কয়েক বছর ঘাটতিশুন্য বাজেট দেখিয়ে এসেছেন। ৯১-৯২ সালেও আমরা দেখলাম বাজেটের ঘাটতি কম দেখাবার জন্য মাসিক সেলস ট্যাক্স আদায়ের পয়সা যে টাকা র্ঞা মাসে দেবার কথা, সেই টাকাও মার্চ মাসে বিক্রেভাদের দিয়ে দিতে হয়েছে। অর্থ কি ১৯১

১৩ সালের টাকাটা তিনি ১৯৯১-৯২ সালে দেখিয়েছেন। ঠিক একই কায়দায় ১৯৯২-৯৩ দালে উনি আবার ১৭০০ কোটি টাকা আদায় দেখিয়েছেন। মাননীয় অর্থমন্ত্রী বলবেন যে সলস ট্যাক্সের টাকা যদি সঠিক সময়ে না দেওয়া হয় তাহলে টু পারসেন্ট পেনাল্টি দিতে হবে। অথচ এই বছর সেলস ট্যাক্স অফিসার, সি.টি.ও থেকে শুরু করে সবাই রাস্তায় রাস্তায় ভিক্ষার ঝুলি নিয়ে ঘুরে বেড়াচ্ছে। মাননীয় অর্থমন্ত্রীর কড়া নির্দেশ টোয়েন্টি পারসেন্ট ট্যাক্স আদায় করতে হবে। ১৫ বছরের মোটর ভেহিকেলস ট্যাক্স আদায় করে এক বছরে দেখানো হয়েছে। এই বছর ১৯৯৩-৯৪ সালে অ্যাডভান্স ট্যাক্স নিয়ে নেওয়া হয়েছে। এই ট্যাক্সটাকে আমি ঋণ হিসাবে নেওয়া মনেকরি। অথচ এটাকে আয়ের উৎস হিসাবে দেখিয়েছেন। মাননীয় ্রভপটি স্পিকার স্যার, উনি বাজেটে ২৮ কোটি টাকা ঘাটতি দেখিয়েছেন। আমি তথ্য দিয়ে শুধ কয়েকটা জিনিস দেখাব, যদি উনি কারচুপি না করতেন তাহলে ৭০০ কোটি টাকার মতো ঘাটতি হবে। ল্যান্ড রেভিনিউ, ১৯৯১-৯২-এর ক্ষেত্রে উনি এস্টিমেটেড বাজেট দেখিয়েছেন ২৯৬ কোটি ৯ লক্ষ। সেখানে রিভাইজড বাজেটে পেয়েছিল ২৪৪ কোটি ১৮ লক্ষ। অথচ ১৯৯৩-৯৪ সালে উনি দেখিয়েছেন ৩১৯ কোটি ২০ লক্ষ টাকা। এই ক্ষেত্রে তারা ১৭১ কোটি টাকা বেশি দেখিয়েছেন। ১৯৯১-৯২ সালে ১৪৯২ কোটি টাকা এস্টিমেটেড বাজেট ছিল সেলস ট্যাক্সের ক্ষেত্রে, সেখানে আদায় হয়েছিল ১৪৫০ কোটি টাকা। উনি ১৯৯২-৯৩ সালে ১৯০০ কোটি টাকা দেখিয়েছিলেন, আদায় করেছেন ১৭০০ কোটি টাকা। এবারে আবার বাডতি ৩৪০ কোটি টাকা দেখিয়েছেন। স্যার, আদার ট্যাক্সেস অ্যান্ড ডিউটিস অন কমোডিটিস অ্যান্ড সারভিসেস যেখানে ১৯৯২-৯৩ সালে ৬৩ কোটি ২০ লক্ষ টাকা. সেখানে কি করে তিনি ১৯৯৩-৯৪ ১৫০ কোটি ২৭ লক্ষ টাকা দেখালেন। এটাও কিন্তু আরেকটা জিনিস। একসাইজ ডিউটি, ইউনিয়ন একসাইজ ডিউটি, সেন্ট্রাল একসাইজ ডিউটি ১৯৯১-৯২ থেকে ১৯৯২-৯৩ সালে বেশি পেয়েছে, তার জের ধরে ১৯৯৩-৯৪ সালে তিনি ১০৫৬ কোটি টাকা। সূতরাং এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-10 -- 4-20 p.m.]

श्री लगनदेव सिंह :- मिस्टर डिप्टी स्पीकर सर, सबसे पहले मे, हमारे यो वित मंती बजट १९९३-९४ पेश किए हैं, उसका समर्थन करता हूं और कांग्रेस के द्वारा इस बजट के बिरोधिता में जो सारे कट-मोशन आया है उसका विरोधिता कर रहा हूं। आप जानते है कि बजट की विरोधिता महज इस बात के लिए कर रहे हैं कि वे बिरोधी दल के सदस्य हैं। कांग्रेस के सदस्यों द्वारा विरोध मिर्फ जीरो बजट की जगह २८ करोड़ घाटे की है। उनका विरोधिता करने का मकसद पंचायत चुनाव में उनकी हार निश्चित है, इससे वे घावड़ा गए है लोगो का ध्यान को श्रम में रखना चाहते है कि केन्द्रीय बजट जो जन-विरोधी है, का जिक्र करने से बच जाएं।

साथ ही आज हमारी सरकार जनता की हरेक समस्या को ध्यान में रखकर वजट पेश करती है। हमारी सरकार की वजट इंका की जन विरोधी वजट, केन्द्रीय वजट नहीं हो सकता। जेसे कि हम जानते हैं कि एक वाल्टी गरम पानी में अगर

एक गिलास ठण्डा पानी मिलाने के बाद लाख कोशिश करे पानी गर्म हि निकलेग मै माननीय विरोधी सदस्यों से अनुहोध करुंगा कि अपने आकाओं की ओर नज़ दें जो आड़ एम एफ , वर्ल्ड वंक के इशारों पर चल रही है। देश में अनुप्रवेश कराने की कांग्रेमीयो द्वारा बोशिश हो रही है ओर इसपर चाहते हैं कि जनता को अधिक सुविधा मिले। पर सारे देश में गहराते संकट में यह नामुमिकन है। सारे देश में गहराते संकट का असर वेस्ट बंगाल के बजट पर पड़ा है। फिर भी सरकार प्रयासस्त है। सिर्फ आपका इरादा नेक रहे तो बहुत कुछ कर सकते हैं। कुछ पहले हमारे विरोधी सदस्य, केन्द्र की तारीफ कर रहे थे, माननीय सौगत बाबु दिल्ली का जिक्र कर रहे थे और मद्रास तथा बम्बई शहर का जिक्र कर रहे थे। उन्हें यह नहीं भूलना चाहिए कि सिर्फ बम्बई मद्रास और दिल्ली को सुन्दर बना देते से देश की समस्या मिट नहीं जाएगी। जैसा कि केन्द्रीय सरकार आई एएम एफ एफ के इशारे पर कर रही है।

सर, रेल वजट में हमने देखा केर्न्दाय सरकार किस तरह आम जनता पर वोश लाद दिया। आम जनता के लिए वया किया मन्थली टिकट, प्लेटफार्म टिकट का दाम बढ़ाया गया। स्पंशाल क्लास का भाड़ा म्लिपर क्लाम का भाड़ा बढ़ाया गया। सर हमलोग देखा १९९२-९३ का रेल वजट पास किया। १३६२ करोड़ रुपया तथा १९९३-९४ में! १८४८ करोड़ वृद्धि का था। ४८२ करोड़ रुपया एक साल में बढ़ाया गया। यह वजट आम जनता के हक में नहीं हुआ। दुसरी तरफ ये विकास की बात कर रहे हैं। असेम्बली में तरह-तरह की ड्रामावाजी करने हे। जबिक इन्हें पश्चिम बंगाल सरकार के साथ मिलकर केन्द्र की जनविरोधी नीति के खिलाफ जन-आन्दोलन करना चाहिए था। इसमें ये पीछे रह गए है। पश्चिम वंगाल को न एक ट्रेन दिया गया न नयी लाइने की व्यवस्था का जिक्र केन्द्रीय रेल वजट में हे। जबिक हमारी सरकार का वजट आमलोगों की समस्या को मदद नजर रखकर पेश किया गया है तो आप उसकी विरोधिता कर रहे हैं? उन्होंने आज दिखी के रास्ते से कलकत्ता के रास्ते की तुलना कर पश्चिम वंगाल सरकार की आलोचना कर रहे थे। और तरह-तरह की वाते वनाकर, देश को चिन्ता न रखकर अपने जाल में भुलाकर लोगों को गुमराह करना चाहते हैं।

सर, हमारे वित मंत्री ने विकल्प आर्थिक नीति की कोशिश की है। हर बार के केन्द्र के धोखा को देखते हुए वित मंत्री ने विकल्प आर्थिक नीति कार्यक्रम का एलान किया है। पेज न० ३ के कांलम १० से विदेशी पूंजी पर निर्भर न कर स्वनिर्भरता पर जोर दिया गया है। इसका अर्थ यह नहीं कि विदेशों से व्यापार वन्द कर देना।

न विदेशी व्यापार की विरोधिता नहीं करत है। आज समझना चाहिए कि हमारे थ. हमारे देश के लिए भी कुछ विकास का काम कर। आज जो हमारे यहा उपलब्ध ही के उसपर निर्भर कर अपने मौजूदा सही इस्तमाल करना। इमारे देश में जो शप्त साधन है, जन सम्पद और प्राकृतिक सम्पद है उसका सठी उपयोग करना। निर्भरता का अर्थ इस सम्पद को आधार कर सामाजिक तौर पर पूँजी और उत्पादन 1क्त व्यवहार के बीच से साधारण लोगों के लिए जितना सम्भव हा उत्पादन करना हमारा अल्टरनेटिभ प्रपोजल है और यही प्रपोजल का हमारे काग्रेसि वन्धू विरोधिता ाए हैं। हमारी सरकार की यही नीति है कि जो प्राकृतिक सम्पद है उसका सही ायोग कर राज्य का विकास करना, मगर हमारे विरोधी वन्धू हमारी सरकार की ति के खिलाफ है। दुसरे राज्यों को जो केन्द्रीय योजना से लाभ मिला है वह पश्चिम ाल को नहीं मिल रहा है। ओर यहीं कारण है हमारी सरकार बहुत से काम ह कर भी नहीं कर पा रही है। इस समय जहा चाहिए एक साथ मिलकर केन्द्रीय कार की विरोधिता करना लेकिन वैसा आप नहीं कर सकते। दूसरी बात है कि गारे वित मंत्री ने जो नया टेक्स प्रयोजल दिया है और केन्द्रीय सरकार का टेक्स गोजल है, में काफी अन्तर है। हमारी सरकार वी यह नीति है कि जन भावना ं आदर हो। टेक्स का पैसा का खर्च आम लोगों की सुविधाओं को देखते हुए किया एगा। आमलोगों के लिए है, करल उभलपभेन्ट क विए है। और यही कारण है ं कोस्मेटिक चीजो पर थोड़ा कर लगाया जा रहा है। योर यही हमारी नीति और द्रीय नीति में अन्तर हो जाता है। ओर आई० एम० एफ० के इसारे पर जबकि द्रीय सरकार फरटीलाइजर पर कर लगाती है वही रेफरीजरेटर पर करमें कटोती ती है। आई०एम०एफ० की नीति ही है कि भारतीय अर्थनीति ट्रंट जाय। दूसरी कार इस तरह किसी के इसारे पर नहीं चल सकती है। जबकि केन्द्रीय सरकार द का दाम बढ़ाया है, बीज का दाम बढ़ाया, वहीं किसानों की हित की बात किस धार पर करते हैं। सेन्ट्रल बजट वहे लोगों के हित में है जबकि स्टेट बजट गहीब गों के हित में है। अपर मिडिल कठाय के दिन में है। रेए रीजरेटर पर से कर िकिया जाता है इसकी सुविधा क्या गरीव लोग उठाएगें? और अब लोग समझ ं है कि हमारी सरकार का और केन्द्रीय सरकार का रवैया क्या है? दूसरी बात सपर हमारे कांग्रेसी वन्धु काफी नाराज है वह है कि वामफ्रन्ट सरकार बिदेशी राव पर २० करोड रुपयं का कर लगाया है। हमारी सरकार आम जनता के लिए की कदम उठा रही है। सरकार डिसेन्ट्रलाइजेशन पर अधिक जोर दे रही है। जो स प्रमुख है एमुसमेन्ट टेक्स मे रोयार्ल्टा की मुविधा है। स्टाम्प डियुटी की मुविधा

है। रजिस्ट्रेशन फी कम कर दिया गया है। राज्य के विकास के लिए तरह-तरह योजना सरकार बना रही है। पंचायत के माध्यम से ग्रामीण विकास पर अधिक बल दिया रहा है। कांग्रेस के राज्य मे गांव मे लोग खाने को मरते थे, अब गांव की हालत बदल गई है। मूल बजट का विभागीय खार्च डिसेन्ट्रलाइजेशन कर ५०% जिला स्तर पर खर्च होगा। जो जिला टारगेट फुल कलकसन करेगी उसका फिप्टी परसेन्ट खार्च वहीं होगा। इन सब स्थिति के बाद भी आप लोग इसका विरोधिता कर रहे है यह बड़े दुःख की बात है।

दुसरी बात है टेक्स सिसटम में काफी सुधार की कोशिश की है। जिससे स्माल ट्रेंडर को रिलिफ मिलेगा उसके उपर प्रेमर नहीं पड़ेगा मझारी व्यापारी को हैरानी न हो, परेशानी न हो इसलिए टेक्स रिलीफ दिया गया है। हमारे वित मंत्री टेक्स सिस्टम इम्प्रुभ किए है। लेकिन वर्तमान में कहीं कहीं छोटे मझारी व्यापारी से सेल्सटेक्स वमूलने वाले कुछ आफिसर द्रेंडर को संल टेक्स नम्बर नहीं होने की बजह से परेशान कर रहे है। भिवस्य में उन्हें इस तरह की परेशानी न हो इस ओर हमारे वित मंत्री ने ध्यान दिया है। इसमें सिर्फ आप सहयोग करें।

डिप्टी स्पीकर सर, जो कदम वजट के माध्यम से उठाया जा रहा है इसमें राज्य में उत्पादन बढेगी, रुरल डभलपमेन्ट होगा। इसकी कोशिश हमारे वित मंबी ने की है इसलिए सै इसका समर्थन कर रहा हूं। यह वजट आम जनता के हित में है और आम जनता इससे खुण है। इसके वावजूद हमारे विरोधी वन्धु वाक-आउट करते है। जबिक यह वजट आम जनता के हित में है इनके रवैया से हमलोग को दुःख हो रहा है। वजट को इगनोर करने की कोशिश कर रहे है। वजट को लेकर ३ दिन से असेम्बली के अन्दर तथा असेम्बली से भाग जाने का नाटक कर रहे है। पंचायत चुनाव में अपनी हार का निश्चित जानकर घावड़ा गए हैं इन्ही चन्द शाब्दों के साथ वजट का समर्थन करते हुए एवं विरोधी सदस्यों द्वारा जो कट-मोशन लाए है उमकी विरोधिता करते हुए अपना वक्तव्य समाप्त करता हूं।

[4-20 --- 4-30 p.m.]

শ্রী কামাখ্যানন্দন দাসমথাপাত্র ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সারা দেশব্যাপি কেন্দ্রীর সরকারের সৃষ্ট অভাবনীয় সঙ্কট এবং রাজ্যগুলির প্রতি বিশেষ করে পশ্চিমবাংলার প্রতি কেন্দ্রীয় সরকারের যে নির্লজ্ঞ প্রতারণা এবং বিশ্বাসঘাতকতারই পটভূমির মধ্যে দাঁড়িয়ে এই বাজেট উপস্থাপিত করেছেন মাননীয় অর্থমন্ত্রী। আজকে যে পরিস্থিতি সৃষ্টি হয়েছে তাতে দুটি পথ খোলা আছে এই সঙ্কটময় পরিস্থিতিতে অসহায় আত্মসমর্পণ, রাজ্য সরকারের পক্ষ থেগ্রে পশ্চিমবাংলার জনগণের উপর সঙ্কটের বোঝা আরও বেশি পরিমাণ চাপিয়ে দেওয়া অধ্বর্

চমবাংলার জনগণের উপর ভরসা রেখে, পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের শ্রেণী আনুগতা ায় রেখে এই সঙ্কটময় পরিস্থিতিতে রুখে দাঁড়ানো। এই দুটি পথ ছাড়া আর কোনও পথ া আমি এই বাজেট প্রস্তাবকে সমর্থন করছি যে হাাঁ, দ্বিতীয় পথকেই তিনি বেছে ্ ঘছেন। কেন্দ্রীয় সরকারের সৃষ্ট অহেতুক পরিস্থিতির কাছে আত্মসমর্পণ নয়. তার প্রতিরোধে ন্য সবকারের সাধ্যাতীত বলিষ্ঠ প্রয়াস। সেজন্য এই বাজেটকে সমর্থন করছি। আপনি লন যে ভারত সরকার বৃহত্তর উদ্যোগ শ্রেণীর স্বার্থে বিশ্ববাঞ্চ এবং আই.এম.এ'র নির্দেশে তিকি ছাঁটাইয়ের যে নীতি গ্রহণ করেছেন, এর আঘাত শুধু খেটে খাওয়া মানুষ গরিব ক ছোট শিল্প কারখানার মালিকের উপরে পড়বে তা নয়, এই ৪।। হাজার কোটি টাকা রর ভরতুকি বাবদ যেটা তারা ছাঁটাই করেছেন, তার অনিবার্য ফলশ্রুতি হিসাবে সারা বত্রর্বে কেমিক্যাল ফার্টিলাইজারের দাম বাডবে। পরবতীকালে ২৭শে আগস্ট ভারতবর্ষের া শিল্পের মালিকদের কেন্দ্রীয় সরকার আবার ৩।। হাজার কোটি টাকা নতুন করে ভরত্কি চ্ছন। যাই**হোক, কেন্দ্রীয় স**রকারের সৃষ্ট এই পরিস্থিতির ফলে অনিবার্য ভাবে পশ্চিমবঙ্গে বের দাম বাড়ছে। আমরা দেখছি যে গত সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর ডিসেম্বর এই ছকালীন মাসগুলিতে চাযের মোকাবিলা করার জন্য, সারের দাম বৃদ্ধির ফলে কৃষকরা তে সার কিনতে না পারে, এইরকম যে পরিস্থিতির সৃষ্টি হয়েছে, সেই পরিস্থিতিতে উৎপাদন ত না কমতে পারে সেজনা রাজ্য সরকার সারের ক্ষেত্রে বর্তমান আর্থিক বছরে ভরতুকি দ করেছেন। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এই সম্কটময় পরিস্থিতিতে দাঁড়িয়ে সারের ক্ষেত্রে চকবা ৩ ভাগ বিক্রয় কর কমিয়ে দিয়েছেন। এটা কি শ্রেণী অনুগতোর প্রমাণ নয়ং যখন দ্রীয় সরকার বিশ্বব্যাঙ্ক এবং আই.এম.এফ.-এর নির্দেশে পরিচালিত হয়ে একটা সঙ্কট সৃষ্টি রিছেন, যখন এই দেশের বছ খেটে-খাওয়া মানুষ একটা স্ফটময অবস্থার সম্মুখীন হয়েছে, ইরকম একটা অবস্থায় মাননীয় অর্থমন্ত্রী সেই খেটে-খাওয়া মানুযের পাশে দাঁড়াবার চেষ্টা রিছেন এই যে প্রয়াস, এই যে দৃষ্টিভঙ্গি, এই যে শ্রেণী গানুগত্য, এই জনাই আমি এই কৈটকে সমর্থন করছি। আমি দ্বিতীয় বিষয়ে যাবার আগে একটা শুরুত্বপূর্ণ বিষয়ে উল্লেখ । মাদের ৭টি পঞ্চবার্ষিক পরিকল্পনা হয়ে গেছে। প্রত্যেকটি পঞ্চবার্ষিক পরিকল্পনায় নতুন ্বিন সম্পদ রাজেন সৃষ্টি হবে। ৭টি পঞ্চবার্যিক পরিকল্পনার স্বাভাবিক ভাবে পশ্চিমবঙ্গে যে পদ সৃষ্টি হয়েছে সেগুলি রক্ষণাবেক্ষণ করা রাজ্য সরকারের দায়িয়ে এসে পড়ে। কিন্তু ামাদের দেশের কেন্দ্রীয় সরকার অর্থ বন্টনের ক্ষেত্রে এক অদ্ভূত ফিলজফির যুক্তি দেখান। ান সেক্টরে কেন্দ্রীয় সরকার অর্থ বন্টনের ক্ষেত্রে এক অন্তুত ফিলজফির যুক্তি দেখান। প্ল্যান ার্টরে কেন্দ্রীয় সরকার যে সাহায্য দিয়ে থাকেন সেটা আপনারা সকলেই জানেন। <mark>কিন্তু নন</mark>-ান সেক্টরে অতি নগণ্য টাকা তারা দিয়ে থাকেন রাজ্যকে। পশ্চিমবঙ্গ এবং অন্যান্য জ্যগুলির যা প্রাপ্য সেটা তারা দেননা। এরফলে প্রতিটি পঞ্চবার্যিক পরিকল্পনায় স্বাভাবিক াবে মেনটেন্সের খরচ কমে যাচেছ। আজকে ৭টি পঞ্চবার্ষিক পরিকল্পনায় মেনটেন্সের খরচ নেক বেড়ে গেছে। কিন্তু কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কিছু পাওয়া যায়না। কেন্দ্রীয় রকার জগদ্দল পাথরের মতো বসে আছেন। এইসব মেনটেলের সমস্ত খরচ রাজ্যকে করতে বে। তাই আমি একটা প্রস্তাব করছি। মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, আপনি এটা বিবেচনা করে ।খবেন। পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রীর নেতৃত্বে সারা ভারতবর্ষের বিভিন্ন রাজ্যগুলির পক্ষ থেকে

এই দাবি তোলা যায় কিনা যে শুধু প্ল্যান.সেক্টরে নয়, নন-প্ল্যান সেক্টরেও কেন্দ্রীয় সরকারের যে দায়িত্ব আছে সেটা তাদের পালন করতে হবে। এই ব্যাপারে সমস্ত রাজ্যগুলির থেকে কেন্দ্রীয় সরকারের উপরে চাপ দেওয়া উচিত। সৃতরাং আমি একথা বলব যে মাননীয় অর্থমন্ত্রীর নেতৃত্বে ভারতবর্ষের সমস্ত রাজ্যগুলিকে মডানহিজ করার চেন্টা করা হোক। ভারতবর্ষের সমস্ত অঙ্গ রাজ্যগুলিকে মডানহিজ করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে আরও অর্থ দাবি করতে পারি। সারা ভারতবর্ষে কেন্দ্রীয়-রাজ্য সম্পর্কের ক্ষেত্রে এটা অস্ততঃ দাবি হিসাবে তোলা হোক, এটা দাবি করার অধিকার আমাদের আছে। আমাদের দেশে যে সম্পদ সৃষ্টি হচ্ছে সেগুলি অর্থের অভাবে আমরা মেনটেনেন্দ করতে পারবনা, এটার জন্য কেন্দ্রীয় সরকারের একটা মরাল রেসপনসিবিলিটি আছে, এটা কেন্দ্রীয় সরকারকে বহন করতে হবে। আমাদের দেশের যে সম্পদ তার ৭৫ ভাগ কেন্দ্রের কাছে চলে যায়। কাজেই এই দাবি আমরা করতে পারি এটা দেখার জন্য আপনাকে অনুরোধ করব।

[4-30 — 4-40 p.m.]

স্যার, আমি তৃতীয় যে বিষয় উল্লেখ করতে চাই সেটা মাননীয় অর্থমন্ত্রীকে বিবেচনার জন্য অনুরোধ করছি। খুব আনন্দের কথা যে কৃষকের পাশে এসে আমরা দাঁড়িয়েছি। আমরা ডেমোক্রাটিক রিফর্মস মেনে কাজ করছি। ডেমোক্রাটিক রিফর্মস মেনে কাজ করার প্রথম ধাপ **হচ্ছে ভমি সংস্কার। এই** ভমিসংস্কারের পর যে কথাটা প্রথম আসে সেটা হল সেচের জল। এই সেচের জলের ব্যাপারে দটি বিষয় আছে. একটা হল ইরিগেশন এবং আর একটা হল ফ্রাড কন্ট্রোল। আমবা পশ্চিমবাংলায় কতকগুলি প্রকল্পের মাধ্যমে ১৯ লক্ষ হেক্টর জমিকে ফ্রাডের হাত থেকে রক্ষা করতে পাবি। মাননীয় অর্থমন্ত্রীকে বিবেচনার জন্য বলছি যে যতই সঙ্কট আসক না কেন ফ্লাড কন্ট্রোলের ক্ষেত্রে যাতে কোনও অবস্থাতেই বরাদ্দ ছাঁটাই না হয়। এই ব্যাপারে মন্ত্রী মহাশয়কে বিবেচনার জন্য অনুরোধ করব। আর আমি শেষ যে কথা বলতে চাই সেটা হল আমাদের রাজ্যে অনেকগুলি গুরুত্বপূর্ণ প্রোজেক্ট এখনও কেন্দ্রের কাছে আটকে আছে, তারমধ্যে আমাদের জেলায় একটা আছে সুবর্ণরেখা প্রোজেক্ট। আমাদের রাজে আটকে আছে কেলেঘাই প্রোজেন্ট, ঘাটাল মাস্টার প্ল্যান তমলক মাস্টার প্ল্যান। এই প্রোজেন্ট গুলি যদি আমরা কার্যকর করতে পারি তাহলে ১৯ লক্ষ হেক্টর জমিকে আমরা ফ্লাডের হাত থেকে রক্ষা করতে পারব। এই পরিস্থিতিতেও পশ্চিমবাংলার খাদ্যের উৎপাদন বাডিয়ে দেওয়া যায়। এই ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেবার জন্য অনুরোধ জানিয়ে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-40 — 4-50 p.m.]

শ্রী প্রবীর ব্যানার্জি ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার মাননীয় অর্থমন্ত্রী আগামী আর্থিক বছরের জন্য যে গোঁজামিলের বাজেট পেশ করেছেন সেই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শুরু করছি। অর্থমন্ত্রীর দেওয়া বাজেট বইটা আমি পড়লাম, উনি প্রথমেই যে কথা বলেছেন, তার বাজেট বক্তৃতার মধ্যে উনি বলতে চেয়েছেন যে ভারত সরকার আই.এম.এফ-এর কাছে আম্বামর্পণ করেছেন। আপনারা যে বিকল্প পথের সদ্ধান দিয়ে যে বাজেট পেশ করেছেন ইকনমিক টাইমস লিখেছে এটা বাজেট নয় ফাজেট। এই যে ভবল

জট পেশ করেছেন আপনাদের টোটাল বাজেট বক্তৃতায় কেন্দ্রীয় সরকার কি ভাবে ১.এম.এফ এবং বিশ্বব্যাক্ষের কাছে সারেন্ডার করেছে সেই ব্যাপার নিয়ে একটা সন্দর গল খছে। আমার কাছে কিছু স্টাটিসটিক্স আছে তাতে আমরা কি দেখছি? আপনি বলেছেন কেন্দ্রীয় সরকার দিলে একরকম বাজেট হবে আর যদি কেন্দ্র না দেয়. যদি কমিয়ে দেয় ্রলে আর একরকম বাজেট হবে। আপনারা রেভিনিউ এক্সপেভিচার যেটা আছে তাতে ৯১-৯২ সালে শিক্ষা খাতে ধরেছিলেন ১৬৮২ কোটি ২৫ লক্ষ ১৭ হাজার টাকা। খরচ লেন কত? ১২৮২ কোটি, ৭৪ লক্ষ ৭৬ হাজার টাকা। শর্ট ফল হল ৩৯৯ কোটি ৫০ ৪১ হাজার টাকা। এই হচ্ছে আপনাদের বাজেট। আপনারা বারে বারে বলেন এবং র্থক সমীক্ষায় বলেছেন যে ২ হাজার সালের মধ্যে সকলের জন্য স্বাস্থ্য — স্বাস্থ্যের উন্নতি া হবে বলেছেন। স্বাস্থ্যের উন্নতি হবে কিভাবে, ঢালাও মদের লাইসেন্স দিচ্ছেন। এই পাবে আমি পরে আসব কিভাবে গোটা সমাজটাকে ধ্বংস করে দেওয়া হচ্ছে। গত বছর ভকাল এক্সপেভিচার ছিল ৩১৩ কোটি ৩০ লক্ষ ৬০ হাজার টাকা, সেখানে আপনারা চ করতে পেরেছেন ২৮৪ কোটি ৫৬ লক্ষ ৬২ হাজার টাকা। টোটাল শর্টফল কত হল? ্কোটি ৮৩ লক্ষ ৯৮ হাজার টাকা। আরবান ডেভেলপনেন্টে আসন, সেখানে ধরা ছিল ১ কোটি ৮২ লক্ষ ৬০ হাজার টাকা, সেখানে খরচ হয়েছে ১৫৭ কোটি ০৯ লক্ষ ২১ দার টাকা। অর্থাৎ শর্টফল হল ২৪ কোটি ৭৩ লক্ষ ৩৯ হাজার টাকা। আপনি বলেছেন ্র্যিল জাতি ও তপসিল উপজাতির ব্যাপক উন্নয়নমূলক কাজ করেছেন। রেজাল্ট কিং বারে বাজেটে ছিল ৮৩ কোটি ৯০ লক্ষ ৬৭ হাজার টাকা, অ্যাকচুয়ালসে হয়েছে ৭০ টি ৯৬ লক্ষ ৮৪ হাজার টাকা, এখানে শর্টফল হয়েছে ১২ কোটি ৯৩ লক্ষ ৮৩ হাজার া। রুর্য়াল এমপ্লয়মেন্টে গত বছরের বাজেটে ছিল ২৪১ কোটি ৩২ লক্ষ ৯০ হাজার া। আকেচয়ালি খরচ করেছেন ১৯০ কোটি ৮৭ লক্ষ ৫০ হাজার টাকা, শর্টফল হয়েছে কোটি ৫ লক্ষ ৪০ হাজার টাকা। পঞ্চায়েতি রাজে ধর। হয়েছিল ৮০ কোটি ৮৩ লক্ষ হাজার টাকা, অ্যাকচুয়ালি খরচ হয়েছে ৫৫ কোটি ২৬ লক্ষ ৮০ হাজার টাকা. শর্টফল ছে ২৫ কোটি ১৭ লক্ষ ১৭ হাজার টাকা। সেণ্ডলো পড়তে গেলে সারা রাত্রি কেটে । আমাকে কুড়ি মিনিট সময় দিয়েছেন, সেজন্য না পড়াই ভাল। রেভেনিউ এক্সপেডিচার বাজেট করেছেন। প্রতি বছরই করছেন। আপনার প্ল্যানের কথা বলতে গেলে বলতে 'নুন আনতে পাস্তা ফুরায়'। সরকারের টাকা নেই, দেউলিয়া হয়ে গেছে এই সরকার। হয়েছে এগ্রিকালচারাল অ্যান্ড অ্যালায়েড অ্যাকটিভিটিজে? গতবারে দেখা গেল প্ল্যান ৮৭ কোটি ১৮ লক্ষ টাকার, খরচ হয়েছে ৬৮ কোটি ৫৩ লক্ষ টাকা, এখানে শর্টফল ছ ১৫ কোটি টাকা। ইরিগেশন আন্ড ফ্লাড কন্ট্রোল শর্টফল হয়েছে ১৬ কোটি ৮৪ লক্ষ । এনার্জি, বিদ্যুতের উপরে আপনি জোর দিচ্ছেন। এই খাতে প্ল্যান ছিল ৪১০ কোটি ক্ষ টাকার, খরচ করেছেন ৩৭১ কোটি ৩৫ লক্ষ টাকা। শর্টফল হয়েছে ৩৮ কোটি ৬৫ টাকা। এডুকেশন, একটা ভাইটাল বাজেট। এডুকেশন, স্পোর্টস, আর্টস, কালচার ইত্যাদিতে য়াল প্ল্যান ছিল ৮৫ কোটি ১০ লক্ষ টাকা, অ্যাকচুয়ালসে এসেছিল ৪৪ কোটি ৯১ লক্ষ এখানে ৪০ কোটি টাকা কার্টেল্ড হয়ে গেল। হেলথ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার প্ল্যানে ৩৭ কোটি ৪৮ লক্ষ টাকা, অ্যাকচুয়ালসে এসেছিল ২৩ কোটি ৯৮ লক্ষ টাকা। এখানে ই ১৩ কোটি ৪৩ লক্ষ্ণ টাকা। আপনারা একটা বাজেট করছেন, প্ল্যান করছেন, কিন্তু

অ্যাকচুয়ালি খরচ করছেন অন্যভাবে। সমস্ত ক্ষেত্রে এগুলো শর্টফল হয়ে যাচেছ। একে গোঁজামিলের বাজেট বলে আমরা বলতে পারি। কারণ যখন টাকা আসবে তখন আপনি খরচ করবেন। এবারের বইতে বলেছেন আমরা যেটা জানি, দীর্ঘদিন এই সরকার চলছে। আমরা কি আশা করব আপনার কাছ থেকে, না, বিভিন্ন প্ল্যানে খরচ বাড়াবেন, মানুষের মঙ্গলের জন্য চেষ্টা করবেন আপনি নিজে লিখেছেন, ১৯৯২-৯৩ সালে এড়কেশন, স্পোর্টস্ ইয়ুথ সার্ভিসেস, আর্ট কালচারে গতবারে প্ল্যানে ছিল ১০৩ কোটি ১৯ লক্ষ টাকা। এটা অলরেডি কমিয়ে দিয়েছেন ৯২ কোটি ৪৫ লক্ষ টাকায়। অর্থাৎ গত বছরের বাজেটে এই দপ্তরের টাকা কমে গেল ১১ কোটি টাকা। হেলথ আন্ড ফার্মিলি ওয়েলফেয়ার প্লান বার্জেট 8১ কোটি ৪৩ লক্ষ টাকা থেকে কমে হল ২৮ কোটি ১৩ লক্ষ টাকা। অর্থাৎ এতে আপনি কমালেন ১৩ কোটি টাকা ওয়াটাব সাপ্লাই আন্ড স্যানিটেশন, হাউজিং, আর্বান ডেভেলপনেন্ট এণ্ডলোতে ছিল ১৪০ কোটি ৮১ লক্ষ টাকা, কমে হল ১২৪ কোটি ৪ লক্ষ টাকা, অর্থাং কমে গেল ১৬ কোটি টাকা। শিডিউল্ড কাস্ট আন্ড শিডিউল্ড ট্রাইবস ওয়েলফেয়ার ৬০ কোটি টাকা কমলো। এখানে কামাখ্যাবাবু বলছিলেন যে কৃষিতে রাজ্য সরকার বিপ্লব এনেছেনঃ অথচ ২৫ কোটি টাকা এই বছরের বাজেটে কৃষিতে কম ধরেছেন। পাশাপাশি, রুরাল **ডেভেলপমেন্টে ১০ কোটি** টাকা, ইরিগেশনে ৬ কোটি টাকা কমে গেছে। এনার্জি, বিদ্যাতে গ্র বছরে ছিল ৪৫২ কোটি ৭১ লক্ষ টাকা, এবারে আছে ৩২১ কোটি ৯০ লক্ষ টাকা। অর্থাং **এই বছরের প্ল্যানে কমে গেল ১৩১** কোটি টাকা। অথচ আপনি বলছেন যে, বিদ্যুৎক্র **আপনারা অগ্রাধিকার দিচ্ছেন। ট্রাসপোর্টে** গত বছরের যে প্ল্যান করেছিলেন, গতবারে ও <mark>টাকা ধরেছিলেন. এবারে তার থেকে ৮ কোটি টাকা কমে গেছে। গত বছরে প্ল্যানের</mark> টাক খরচ করতে পারেন নি। আমরা জানি, এবারের প্ল্যানের টাকাও আপনি খরচ করতে পারবে না। **আজকে পশ্চিমবঙ্গের উন্ন**তির দিক থেকে কিছু হওয়া সম্ভব নয় এবং সবচেয়ে মজাঃ ঘটনা হচ্ছে যে, আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে মাননীয় অর্থমন্ত্রী আবগরি শুল্কর পরিমাণ বাডাতে মদের দোকানের উপরে ঢালাউ লাইসেন্স দিয়ে দেবেন। তিনি মদের উপরে **লাইসেন্স দেবেন শুধমাত্র বে-আইনি মদের দোকানের ঘাঁটি ভাঙতে। তিনি তার বাজেট ভাষ**ে বলেছেন যে বে-আইনি মদের ঘাঁটি ভাঙতে এই মদের উপরে ঢালাউ লাইসেস দিলেন এক এরজন্য সকলেরই সহযোগিতা চেয়েছেন। আজকে যদি সত্যিই তিনি বে-আইনি মদের ঘাঁটি ভাঙতে পারেন তাহলে আমরা সকলেই সহযোগিত। করব কিন্তু আমরা জানি তিনি পারকে না। আজকে বে-আইনি মদৈর ঘাঁটি পশ্চিমবঙ্গে কত আছে আমি বলতে চাইছি না। আম<sup>ং</sup> জেলা উত্তর ২৪ পরগনার বহু জায়গায় বে-আইনি মদের ঘাঁটি রয়েছে। বিশেষ করে মাননী অর্থমন্ত্রীরই নির্বাচনী কেন্দ্র, যেখানে ঢালাউ বে-আইনি মদের ব্যবসা চলেছে। ওখানকার পার্ট কমরেডরা ঢালাউ মদ বিক্রি করছে, মদ খাচ্ছে। আজকে আপনার ক্ষমতা আছে ওই চোলা মদ বিক্রি বন্ধ করার? ওই বে-আইনি মদের ঘাঁটি আপনি ভাঙতে পারবেন না। আপনা পার্টি ক্যাডাররা আপনাকে ভাঙতে দেবে না। আপনি পশুত লোক কিন্তু আপনার দলে লম্পট, চরিত্রহীন লোকেরা আপনাকে বাধা দেবেন। আজকে আপনি বড বড কথা বলছে আমি বলছি এটা ভাঙতে গেলে আপনার মুন্ডু পাত হবে আপনি যদি এটা ভাঙতে পার্কে আই অ্যাম দি ফার্স্ট ম্যান, আমি আপনাকে আর কেউ যদি সাহায্য নাও করে, আমি আর্মা **দলের পক্ষ থেকে আপনাকে স**বরকমের সহযোগিতা করব। আপনি এখানে বলেছেন টু র্জ

র্নিউজ এটা করছেন, কিন্তু সারা ভারতবর্ষের কাছে একটা দুষ্টান্ত স্থাপন করলেন। যেখানে াকে বেকার সমস্যায় মানুষ জর্জরিত, দ্রব্যমূল্য বৃদ্ধি অপ্রাভাবিক ভাবে বেড়ে উঠেছে ানে এই মদের উপর ঢালাউ লাইসেস দিয়ে এই যুব সম্প্রদায়কে একটা ঘোরে আচ্ছন্ন ার ভালো পদ্ধতি আপনি নিয়েছেন। অতি সুবৃদ্ধিতে এই যব সমাজ যাতে তাদের সামা হারিয়ে ফেলে সেইজন্য এই সরকার এই পদক্ষেপ নিয়েছেন। এই যে দৃষ্টান্ত স্থাপন ছেন সারা ভারতবর্ষের মানুষ আজকে বিশ্বিত। আজকে যেভাবে বাজেট করেছেন তাতে ট ইয়ারের বাজেটে অর্থাৎ আগামী দিনের বাজেটে এই যে ঘোষণা করবেন যে রেশনে ় গম, চিনির সঙ্গে পলি ব্যাগে করে মদ বিক্রি করা হবে। চাল, গম, চিনির মতো পলি গ করে মদও এবার থেকে বিক্রি হবে। তারপরে আপনি গ্রামীণ উন্নয়নের কথা বলেছেন, ানি এই ডি আর ডি-এ. স্কীমে দেশের কতটা উন্নতি করতে পেরেছেন কিছুই পারেন নি। ার জেলা উত্তর ২৪ পরগনাতে আই আর ডি.পি.স্কীমে কেন্দ্রীয় সরকার ১৪ কোটি ১৭ ৫২ হাজার টাকা রেকমেন্ড করলেন কিন্তু ২২.১২.৯২ তারিখ অবধি জানি আপনারা ৩ কোটি ৭৫ লক্ষ ৬ হাজার টাকা মতো খরচ করতে পেরেছেন। এই টাকা দিয়ে ানারা কি গ্রামীণ উন্নয়ন করবেন? অথচ আপনারা চেঁচাচ্ছেন যে টাকা নেই, কেন্দ্র টাকা ছনা ইত্যাদি। আপনারা যে টাকা পাচ্ছেন তা তো রাজা সরকারের কর্মচারিদের মাইনে ইে চলে যাছে। সতরাং আপনার বাজেট করে লাভ তো কিছ নেই। বাজেটে যে টাকা ছিল তার তো কিছই খরচ করতে পাবেন নি, প্রায় সর্বক্ষেত্রেই কার্টেল করেছেন। সব গাতেই এমবার্গো দেখানো হয়েছে এবং এতে গ্রামীণ উন্নয়ন বা আরবান ডেভেলপমেন্ট কি করে? একটা রাস্তা ঘাট বা ব্রিজ কিছুই হচ্ছে না। সূত্রাং কাজের কাজ কিছুই হচ্ছে এই অবস্থাতে এই বাজেটকে বিরোধিতা করা ছাডা তো কোনও উপায় নেই। **আর** টাই সর কাটছেন লিটারেসির কথা বলে — আমি আজকে প্রশ্নোত্তর পর্বে মন্ত্রী শ্রীমতী করকে একটি প্রশ্ন করেছিলাম, তার উত্তরে শ্রীমতী কর বলেছেন যে কেন্দ্রীয় সরকার । দিয়েছিলেন এই সাক্ষরতার ক্ষেত্রে ৫ কোটি ১৮ লক্ষ এবং রাজ্য সরকার খরচ করেছে ৩ কোটির মতো। এই যদি আপনাদেব চিত্র হয়, সেই চিত্রকে সামনে বেখে বাস্তবিক র্থন করতে পারিনা, পারিনা বলে আজকে বাধ্য হয়ে এই বাজেটের বিরোধিতা করে ার বক্তবা শেষ করছি।

# [4-50 — 5-00 p.m.]

শ্রীমতী শান্তি চ্যাটার্জিঃ মাননীর উপাধ্যক্ষ মহাশয়, মাননীর অর্থমন্ত্রী ৯৩-৯৪ সালের বাজেট পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি। এবং বিরোধী দলের যে কাটমোশনগুলি নে এসেছে তার বিরোধিতা করে আমি কিছু বলতে চাই। আজকে আমরা কেন্দ্রীয় গরের বঞ্চনার জন্য যে অর্থনৈতিক অবস্থার মধ্যে এসে দাঁড়িয়েছি সেখান থেকে মাননীয় মন্ত্রী যে বাজেট পেশ করেছেন তার জন্য তিনি ধন্যবাদ পাবার যোগ্য। কেন্দ্রীয় সরকার শ থেকে ঝণ নিয়ে আমাদের উপর ফেল্রেও প্রচন্ড সঙ্কট দেখা দিয়েছে, শিল্পের ক্ষেত্রেও গ্রচন্ড সঙ্কট দেখা দিয়েছে, শিল্পের ক্ষেত্রেও গ্রচন্ড সম্বট দেখা দিয়েছে, শিল্পের ক্ষেত্রেও গ্রচন্ত সম্বট দেখা দিয়েছে। একটু আগে বিরোধী দলের সদস্যদের বক্তব্য শুনছিলাম তারা ছলৈন যে কৃষির ক্ষেত্রে উন্নয়ন হয়নি। আমরা জাের করে বলতে পারি কৃষিতে আমাদের

ডাঃ মানস ভূঁইয়াঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে পাঁচটি ইউনিট ২১০ মে করে তৈরি হবে এবং আনুমানিক খরচ ধরা হয়েছে ৩০৫২.৫৩ কোটি টাকা, যেটা এন. আ্যাঞ্চভ করেছে। আপনি 'ঘ' প্রশ্নের উত্তরে বললেন যে পিডিসিএল এখন পর্যন্ত ঠি উঠতে পারেনি, তারা কত দেবে। একটি পরিকল্পনা যখন হচ্ছে, তার ফিনাপিয়াল হে যখন হচ্ছে, তখন ফিনাপিয়াল ইনস্টিটিউট কত দেবে, বিদেশি ঋণ কত পাব এবং ইং কিট্রিবিউশন বাই পিডিসিএল অ্যাজ এ নিউক্রিয়াস—তাবা কত টাকা ফিনাপিয়াল কে করবেন পার্টনার হিসাবে. এটা আপনি বলতে পারবেন নাং

#### ডঃ শঙ্করকুমার সেন: প্রশার মধ্যে সেটি নেই।

ডাঃ মানস ভুঁইয়াঃ আপনি 'গ' প্রশান দেখুন, The amount required spent by the West Bengal Power Development Corporation for units?

ডঃ শঙ্করকুমার সেনঃ এটা আমার উত্তরের মধ্যে আছে। ও.ই.সি.এফ.-র কাছে পার্ট অফ দি টোটাল প্যাকেজটা দিয়েছি এবং এই টোটাল প্যাকেজের কতটা ও.ই আকসেপ্ট করছে তার উপর নির্ভর করে কতটা বার্ডেন পি.ভি.সি.এল. বা স্টেট গর্জ্জাকরেপট করছে তার উপর নির্ভর করে কতটা বার্ডেন পি.ভি.সি.এল. বা স্টেট গর্জ্জাকর আসবে। এটা নির্ভর করছে আজকে ও.ই.সি.এফ. প্রোজেক্টের তিনের চার ফা তাহলে ৮৫ শতাংশ লোন দেবে আর ১৫ শতাংশ আমাদের বহন করতে ২৫ ব্যরলারের কাজের ব্যাপারে যত টাইআপ আছে সেই ব্যাপারে পাওয়ার ফিনাস কর্পে তারা প্রোজেক্ট টাই-আপের জন্য কত টাকা দেবেন কি দেবেন না সেটা নির্ভর ব্যলারের ব্যাপারে। তাই এই জিনিসটা সম্পর্কে এখুনি এই হাউসে বলা আমার ডিফিকান্ট।

ডাঃ মানস ভূইয়া ঃ মাননীয় মন্ত্রী মহাশয়ের উত্তর শুনে মনে হল পুরো বার্ণি একটা হাইপোথেটিকাল স্টেজে আছে। কারণ ৩ হাজার ৫২.৫৩ কোটি টাকা টেটি আউটের মধ্যে বিদেশি ঋণ কত পাওয়া যাবে, ও.ই.সি.এফ-এর কাছ থেকে তার উপর্বিক্রছে। পি.ডি.সি.এল. কত দেবে, আবার উনি বলছেন ৯৩ সালে কাজটা শুরু কর্মে

বিপদজনক ব্যাপার। আমি আপনার কাছ থেকে সরাসরি জানতে চাই এই যে ৩ হাজার ৫৩ কোটি টাকা বক্রেম্বরের জন্য লাগবে এই বিষয়ে স্পেসিফিক বলুন আপটিল ডেট উ.সি.এল-এর জন্য কত টাকা ধার্য করা আছে?

ডঃ শঙ্করকুমার সেনঃ এই বছরের বাজেটে ৭০ কোটি টাকা রাখা হয়েছে। যে কাজটা ছ সেই কাজের মধ্যে আমরা আগেই জানিয়েছি ১৪০ থেকে ১৪৩ কোটি টাকা খরচ ছে তার মধ্যে ইন্টারনাল রিসোর্স থেকে খরচ করা হয়েছে। এই বছরে স্টেট বাজেটে উ.সি. এল, ৭০ কোটি টাকা ধরা হছে। এখানে ও.ই.সি.এফ. একটা পোরশন নেবেন, র সেই পোরশনের উপর নির্ভর করছে, কে কতটা পোরশন নেবেন। তাই আমি পরিষ্কার তে চাইছি, ও.ই.সি.এফ. যে প্যাকেজ দিয়েছে সেটা নিয়ে জাপানের সঙ্গে কথা হয়েছে, রো টোটাল প্যাকেজটা চেয়েছি তার মধ্যে কতটা তারা নেবেন সেটা আমরা এখনও না। অ্যাট অল ওরা আমাদের প্যাকেজটা নেবেন কিনা তাও জানিনা। এইটা যে '৯৩ ল শুরু করা হবে বলা হয়েছে এটা ও.ই.সি.এফ-এর সঙ্গে টাই-আপ হবে এটা আশা তি আমরা বলেছি।

ডাঃ মানস ভূঁইয়া ঃ এখনও এটা অনেক দূরে রয়েছে, বাস্তবে রূপ পায়নি। মাননীয় মহাশয় দয়া করে জানাবেন কি, বিদেশের ঋণের উপর নির্ভরশীলতা কম, আপনি কি সরি কোনও উদ্যোগ নেবেন জাতীয় সংস্থা এন.টি.পি.সি.-র সঙ্গে কথা বলেং যাতে টি.পি.সি.-র সঙ্গে করা যায় সেই উদ্যোগ কি নেবেনং

**ডঃ শস্করকুমার সেন**ঃ এখনও আমরা সেই অবস্থায় আসিনি।

ডাঃ মানস ভূঁইয়া ঃ আমাদের কাছে সংবাদ ছিল, আপনিও জানেন বক্রেশরের যেটা মূল দ্যা তাপবিদ্যুৎ কেন্দ্রের জন্য জল, আপনারা ভূগর্ভস্থ জল নিয়ে তাপবিদ্যুৎ কেন্দ্রের জল বরাহ করার ব্যাপারে পরিকল্পনার রূপরেখা নিয়েছেন, আপনি কি জানাবেন বক্রেশরের বিদ্যুৎ কেন্দ্রের জলের জন্য কী পরিকল্পনা বা কী রূপরেখা সত্যিকারের নিয়েছেন?

ডঃ শঙ্করকুমার সেন ঃ কেন্দ্রীয় তাপবিদ্যুৎ সংস্থা সেন্ট্রাল ইলেক্ট্রিসিটি অথরিটি তারা যে নও পরিকল্পনা অনুমোদন করেন টেকনিক্যাল সাইড এবং ইকনমিক সাইড দেখেন। দিক্যাল সাইডের গুরুত্বপূর্ণ দিক হচ্ছে জল। ভুগর্ভস্থ থেকে আমরা জল ভুলব এইরকম কঙ্কমা নেই, আমাদের যেটা করার কথা তিলপাড়া ব্যারেজ থেকে জল নিয়ে আসার কথা ইন আডিশন বক্রেন্দ্রের একটা ভ্যাম তৈরি করার পরিকল্পনা নিয়েছি সেটাও ইরিগেশন । টিমেন্টের মাধ্যমে করা হবে। এই পূরো জিনিসটা কেন্দ্রীয তাপবিদ্যুৎ সংস্থার অনুমোদন আর সমস্ত বিষয়টার জন্য একটা বিশেষজ্ঞ কমিটি তৈরি করা হয়েছে তারা এটা ছিল আর তারাই এটা ভেবে-চিন্তে অনুমোদন করেছেন।

[ 29th March, 1993

# Starred Questions (to which oral answers were given)

## সূর্যের আলো থেকে বিদ্যুৎ উৎপাদন

\*১৮৬। (অনুমোদিত প্রশ্ন নং \*৩১) ডাঃ মানস ভুঁইয়া ঃ ২৬শে মার্চ, ১৯৯২ তারিছে প্রশ্ন নং \*৩৮১ (অনুমোদিত প্রশ্ন নং \*১২৮৯) ও ৯ই এপ্রিল, ১৯৯২ তারিছের প্রশ্ন \*৬৭৪ (অনুমোদিত প্রশ্ন নং \*২৪৪৭)-এর উত্তরের অনুবর্তিতে বিজ্ঞান ও প্রযুক্তি এ অপ্রচলিত শক্তির উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) সূর্যের আলো থেকে বিদ্যুৎ উৎপাদনের জন্য রাজ্য সরকারের উদ্যোগগুলি বর্তাক কি অবস্থায় আছে; এবং
- (খ) গ্রামাঞ্চলে স্বেচ্ছাসেবী সংস্থাওলির সাহায্যে ব্যক্তিগত উদ্যোগে এ ধরনের বি উৎপাদনের বিষয়টি বিবেচনা করা হচ্ছে কি এবং হলে, তা কি কি?

### ডঃ শঙ্করকুমার সেনঃ

(ক) ১৯৯২ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত এই রাজ্যে ৭৮৩টি সৌর ফোটো-ভোল্ ব্যবস্থাভিত্তিক রাস্তার আলো বসানো হয়েছে। এছাড়াও ২১টি সমবায় সমি দপ্তরে ৪২টি সৌর লঠন দেওয়া হয়েছে। বর্তমানে মেদিনীপুর জেলায় ৯টি এ দক্ষিণ চব্বিশ পরগনা জেলায় ৩টি সমষ্টি উয়য়ন দপ্তরে সৌর ফোটো-ভোল্ট ব্যবস্থা ভিত্তিক রাস্তার আলো ও সৌর লঠন জ্বালানোর ব্যবস্থা স্থাপনের ই চলছে। সাগরদ্বীপের যুব আবাসে ইতোপুর্বে ৯২টি বাতি ও ২০টি পাখা ও ফোটো-ভোল্টাইক ব্যবস্থার মাধ্যমে প্রবর্তন করা হয়েছে। অযোধ্যা পাহাড়ের পর্ব নিবাসে এবং ছাত্রাবাসে সর্বমোট ৪০টি সৌর লঠন বিগত আর্থিক বর্ষে স্থাণ্
হয়েছিল।

বর্তমান আর্থিক বর্ষে বিকাশ ভবনে অবস্থিত বিজ্ঞান প্রযুক্তি এবং অর্প্রাণ উৎস বিভাগের দপ্তরে এক কিলো ওয়াট সর্বোচ্চ নিহিত উৎপাদন ক্ষরে একটি সৌর ফোটো-ভোল্টাইক ব্যবস্থা স্থাপিত হয়েছে। ৫০টি বাতি, ৫টি প ও ৮টি লঠন এই ব্যবস্থার মাধ্যমে জালানোর সুযোগ আছে। এটি এই প্রদর্শনীমূলক প্রকল্প।

সজনেখালি পর্যটন আবাসে প্রায় ১০ কিলোওয়াট সর্বোচ্চ নিহিত উৎপাদ। ক্ষ্য একটি সৌর ফোটো-ভোল্টাইক ভিত্তিক বৈদ্যুতিকরণ প্রকল্প হাতে দেওয়া হ<sup>্মো</sup> হলদ্বিয়ার নিকটবতী নয়াচর দ্বীপে এক কিলো ওয়াট সর্বোচ্চ নিহিত উৎ<sup>পা</sup> ক্ষমতার একটি সৌর ফোটো-ভোল্টাইক ব্যবস্থা ভিত্তিক বৈদ্যুতিকরণের প্রস্থাপনের কাজ চলছে। সাগরদ্বীপের সারকিট হাউসটিও সৌর ফোটো-ভো<sup>ন্টাই</sup> ব্যবস্থা ভিত্তিক বৈদ্যুতিকরণের জন্য কাজ শুরু করা হয়েছে। সর্বোচ্চ প্রায় <sup>গ্র</sup>

কিলো ওয়াট নিহিত উৎপাদন ক্ষমতার এই প্রকল্পটি খুব শীঘ্রই স্থাপিত হবে বলে আশা করা যায়। ইতোমধ্যে স্থাপিত প্রতিটি স্থানীয় ভিত্তিক কেন্দ্রীয় প্রকল্পই পুরোপুরি সক্রিয়।

খ) গ্রামাঞ্চলে স্বেচ্ছাসেবী সংস্থার সাহায্যে এই ধরনের ব্যবস্থা ইতোমধ্যে কার্যকর করা হয়েছে। মেদিনীপুর জেলার কুলাপাড়া গ্রামে স্থাপিত কেন্দ্রীয় চার্জ কেন্দ্রে এবং গ্রামবাসীদের কাছে সৌর লঠন পৌছে দেওয়ার ক্ষেত্রে স্বেচ্ছাসেবী সংগঠনের ভূমিকা অনস্বীকার্য। কুলাপাড়ার দৃষ্টান্ত সামনে রেখে ইতোমধ্যে বর্ধমান জেলার কালনা-দৃই ব্লকের রথতলা গ্রাম, বীরভূম জেলার বোলপুর ব্লকের বনডাঙ্গা গ্রাম এবং বাঁকুড়া জেলার বড়জোড়া ব্লকের বনগোপালপুর গ্রামে কেন্দ্রীয় পদ্ধতিতে স্থানীয় সরকারি প্রশাসনের সহায়তায় এবং স্বেচ্ছাসেবী সংগঠনের সহয়োগিতায় সৌর ফোটো-ভোল্টাইক ব্যবস্থা প্রবর্তনের প্রকল্প নেওয়া হয়েছে।

#### 11-10-11-20 p.m.]

নাঃ মানস ভূঁইয়াঃ মাননীয় মন্ত্রী মহাশয় প্রশ্নের উত্তর দিতে গিয়ে যা বললেন তাতে দেখতে পাছি আমাদের পশ্চিমবাংলার মোট জেলাগুলির মধ্যে মাত্র দুটো জেলাতে এই জ্বর ব্যাপারে কাজ হয়েছে এবং সম্প্রতি মেদিনীপুর জেলার কুলাপাড়ায় এই কাজ। তাছাড়া বাঁকুড়া ও বীরভূমে আরও দু-চারটি স্বেচ্ছাসেবী সংস্থার দিকে আপনারা হাত দিয়েছেন। বিশ্বের এই চরম জ্বালানি সন্ধটের মুহুর্তে পশ্চিমবঙ্গের মতো একটা বিজ্ঞানে রাজ্যে আপনার দপ্তর থেকে কি কি পদক্ষেপ নেওয়া হয়েছেং সৌরণভি থেকে বিদ্যুৎ তৈরি করতে পারি সেই ব্যাপারে কেন্দ্রীয় সরকার বহুদিন আগে থেকেই তা চালু। গুজরাট, মহারাষ্ট্র এবং মধ্যপ্রদেশের অনেক গ্রামে এই বিদ্যুৎ গেছে এবং তারা এগিয়ে গেছে। আপনার কাছে আমার প্রশ্ন, পশ্চিমবঙ্গ এই ক্ষেত্রে এত পিছিয়ে আছে

চঃ শঙ্করকুমার সেনঃ পশ্চিমবঙ্গে এই কাজটা অনেক দেরিতে শুরু হয়েছে। কারণ
, প্রযুক্তি এবং অপ্রচলিত শক্তির উৎস বিভাগ এখানে মাত্র তিন বছর খোলা হয়েছে।

ত্র তিনটি ডিস্ট্রিক্টেই নয়, অন্যান্য ডিস্ট্রিক্টেও কাজ শুরু হয়েছে। আমি সেগুলি বলি নি।

ত্যাদ, দার্জিলিং, মেদিনীপুর জেলার নয়াগ্রাম গোপিবল্লভপুর ১ ও ২, শাঁকরাইল, খোঁজুরী,

জাখনী, ভগবানপুর, পটাশপুর-২ এবং দক্ষিণ ২৪ পরগনার কুলতলি, পাথরপ্রতিমা,

প্রভৃতি বি.ডি.ও. দপ্তরে এবং খুব হালে আলিপুরদুয়ারে আমাদের যে বনবিভাগ

ব একটা কাজ আমরা শুরু করেছি। এই কাজটা শুরু করার ব্যাপারে একটা বিষয়

রে দেখতে হবে, সেটা হচ্ছে, এই ধরনের যে প্রকল্প এটা রূপায়ণ করার আগে আমরা

য এগুলির মেন্টেনেন্দ কারা করবেন। এটাই সবচেয়ে বড় জিনিস। প্রথম দিকে দেখা

——৪/৫ বছর আগে—যখন কাজটা শুরু হয়েছিল তখন আমাদের বিদ্যুৎ পর্যদের মধ্যে

দেখা গিয়েছে যে এই ধরনের সোলার ফটোভোলটিক বসানো হয়েছিল কিন্তু তার

তা রক্ষণাবেক্ষণের ব্যবস্থা থাকছিল না। বিদ্যুৎ পর্যদের কর্মীরা মূলত প্রচলিত সমস্যাগুলি

বাস্ত থাকেন। আমরা প্রথমেই যেটা দেখছি সেটা হচ্ছে সেখানে এই রক্ষনাবেক্ষণের

ব্যবস্থাটা ঠিক করে নিই যে কারা করবেন। এটা সাধারনভাবে আমরা চাইছি যে গভর্নমেন্টাল অর্গানাইজেসন, স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানগুলি টেক আপ করুক। কোন কোন জ পঞ্চায়েত এগিয়ে আসছেন এবং তাদের সঙ্গে কুট্রাক্ট করে তাদের হাতে তুলে দিচ্ছি। জন্য দেরি হচ্ছে। তা ছাড়া এই প্রকল্পে প্রতিটি প্রকল্পের জন্য আমাদের ভারত সরকারে মিনিষ্ট্রি অব নন-কনভেনশনাল এনার্জি সোর্সেস আছে তাদের আঞ্রুভাল লাগে। এই আং পাবার ব্যাপারে অনেক সময় দেরি হয় অথবা আমাদের পাঠাতে দেরি হয়। আমি হ দোষ দিচ্ছি না, এটা দু পক্ষের ব্যাপার। এইভাবে এই কাজটা চলছে। আমাদের ক অগ্রগতি থানিকটা হয়েছে যদিও এটা খুব সন্তোষজনক নয়।

ভাঃ মানস ভূঁইয়া ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে পশ্চিমবঙ্গে এই কাজটা ঃ দেরিতে শুরু করেছেন—মাত্র দু বছর। আমরা জানি যে অন্যান্য রাজ্য ভারত সকল সাহায্যে, তেলের উদ্যোগে এবং সহযোগিতায় গ্রামে গ্রামে, বাভিতে বাভিতে রাজ্য কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় এবং ঝেছ্যাসেবী প্রতিষ্ঠানগুলিকে ইনভলভ করে ক্রিমাত্র ২৬ টাকা দামে দিছেন। পাঞ্জাব, হরিয়ানায় ব্যাপকভাবে এটা সাকসেসফুল মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এ ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকার উদ্যোগ নিয়ের এবং এ ব্যাপারে ইচ্ছুক ঝেছ্যাসেবী সংস্থাগুলি সরাসরি কার কাছে আবেদন করবেন ভাবে তারা সহায়তা পাবেন?

ডঃ শঙ্করকুমার সেনঃ আপনার প্রশ্নটা সৌর ফটো-ভলটিক-এর উপর বর চুল্লা এবং বায়োগ্যাসের ব্যাপারে বলি নি বা অর্ন্যান্য ব্যাপারে বলি নি। অন্যান্য কাজ হচ্ছে। সৌরচুন্নী, বায়োগ্যাস, অন্যান্য প্রকল্প যেটাকে নন-কনভেনশনাল এনার্জি বলে সেগুলি নিয়েও কাজ হচ্ছে। ষেচ্ছাসেবী সংস্থাগুলিকে দিয়ে এর ব্যাপারে গত সঠিক সময় বলতে না পারলেও আগস্ট, সেপ্টেম্বর নাগাদ একটা সভা করেছিল তাতে পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গা থেকে ২৬টি ফেছাসেবী সংস্থা এসেছিলেন। তার সমস্যা জানিয়েছেন এবং সেইভাবে ইন্টারাকশনের মধ্যে দিয়ে কাজটা করা হচ্ছে। ফারা আমাদের যে সায়েল ও টেকনোলজি ডিপার্টনেন্ট আছে তার সচিবের কাছে চিটি পারেন অথবা আমার কাছে চিটি লিখলে আমি নিশ্চয় সেটা দেখব।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় মন্ত্রী মহাশয় এ ব্যাপারে একজন বিশেষজ্ঞ, <sup>१</sup> কাছে আমি জানতে চাই, এর ইকনমিক ভায়াবিলিটির দিকটা কি রকম? অর্থাৎ সোর্স থেকে এনার্জি প্রভিউস করার থেকে এটাতে করতে তার ইকনমিক ভায়াবিলিটির কি রকম? আমার যতটা ধারনা আছে তাতে বলতে পারি যে এতে কস্টটা কম। আ এটা ফ্যান্ট কিনা এবং হলে সরকার এ ব্যাপারে চিস্তাভাবনা করছেন কিনা—সেঁব ব্যাপকভাবে বিদ্যুতের অলটারনেটিভ সোর্স হিসাবে ব্যবহার করার?

## [11-20-11-30 p.m.]

ডঃ শঙ্করকুমার সেনঃ আমাদের এখানে প্রচলিত যে বিদ্যুৎ সেটা তৈরি <sup>কর্ম</sup> লাগে ৩.২৫ কোটি টাকা পার মেগাওয়াট আর সৌরশক্তি জনিত বিদ্যুৎ অর্থাৎ ফটো <sup>হ'</sup> ় প্রচলিত বিদ্যুতের থেকে দেড় গুণ বেশি টাকা লাগে। এই সৌরশন্তির ক্ষেত্রে 
রারারনমেন্টাল পলিউশন বলতে কিছু নেই। তবে এর এনভায়ারনমেন্টাল কোয়ানটাম 
লিসিস করতে গেলে তার মূল্য দিতে হয়। কিন্তু কয়লা চালিত বিদ্যুতের ক্ষেত্রে 
রান আছে যেহেতু এই সৌরশন্তি ব্যবহার করতে গেলে একসাথে বেশি টাকা বিনিয়োগ 
হয় সেই কারণে প্রচলিত শক্তির উপরেই এখনো জাের দেওয়া হয়। এই বিদ্যুৎ 
দিন সংস্থাকে দেড়গুণ টাকা বিনিয়াগ করতে হয় এবং একসাথে এই টাকা ইনভেস্ট 
হয়। তা করা সম্ভব হয় না বলেই প্রচলিত শক্তির উপরে নির্ভর করতে হয়। যদিও 
ভারতবর্বেই এই সৌরচালিত শক্তির উপরেই জাের দেওয়া হচ্ছে এবং চেস্টা করা হচ্ছে, 
অর্থ বিনিয়োগের ব্যাপারটা থাকার জন্য বিরাট অসুবিধা দেখা দিয়েছে। এবং শুধু তাই 
ভারত হেভি ইলেক্ট্রিক্যালস যারা এর ইকুইপমেন্ট সরবরাহ করেন, তারা সাারা ভারতবর্বের 
ত একসঙ্গে মিটাতে পারবে না। তবে ডিমান্ড বাড়লেই সাপ্লাই বাড়বে। এবং প্রোডাকশনও 
র। তবে এই ব্যাপারে জানিয়ে রাখি যে, যেখানে এই সৌরশন্তি বসানাের চেস্টা করা 
সেটা শুধু যেখানে এই বিদ্যুৎ পৌছায়নি সেখানেই এই বিদ্যুৎ বসানাে হবে। বা যেখানে 
ং পৌছাতে অনেক দেরি আছে সেখানে এই সৌরচালিত বিদ্যুৎ বসানাে হবে। এইভাবেই 
র পরিকল্পনা প্রথমে করা হয়েছে।

শ্রী অতীশচন্দ্র সিনহাঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, কেন্দ্রীয় র এই পরিকল্পনা নেওয়ার ফলে বলেছেন যে প্রতিটি ব্লক পিছু অস্ততপক্ষে একটি করে নন কনভেনশনাল সোর্সেস অফ এনার্জি করা হবে। সেই সম্বন্ধে মন্ত্রী মহাশয় কিছু ব কিনা এবং জেনে থাকলে এই ব্যাপারে কত উদ্যোগ নিয়েছেন? আর দ্বিতীয় প্রশ্ন যে, এই নন কনভেনশনাল সোর্সেস অফ এনার্জি কার্যকর করার যে পরিকল্পনা এতে য় সরকার কত টাকা দিয়েছেন এবং রাজ্য সরকার কত টাকা দিয়েছেন?

ডঃ শঙ্করকুমার সেন ঃ কেন্দ্রীয় সরকারের নীতি অনুসারে প্রতিটি লোকসভার সদস্য
একটি করে উর্জা গ্রাম এবং দুজন রাজ্যসভার সদস্য পিছু একটি করে উর্জা গ্রাম
রৈত হয়েছে। এই ব্যাপারে লোকসভার এম.পি.দের চিঠি দেওয়া হয়েছে এবং তাতে ৯টি
আইডেনটিফাই করা হয়েছে। আবার নেকস্ট ইয়ারে আরও ৯টি গ্রাম আইডেনটিফাই
হবে এবং এইভাবে প্রতিটি ভিশ্বিক্টে একটি করে উর্জা গ্রাম করা হবে। আর দ্বিতীয়
উত্তরে বলছি যে, এর টাকা যেটা দেওয়া হয় তাতে কেন্দ্রীয় সরকার কত দিচ্ছেন
রাজ্য সরকার কত দিচ্ছেন ঠিক বলা যাবে না, কেননা এতে বিভিন্ন প্রকল্পের জন্য টাকা
। আছে। তবে আবার যেটা মনে আছে তা হচ্ছে কেন্দ্রীয় সরকার ৬০ পারসেন্ট এবং
সরকার ৪০ পারসেন্ট দেবে। এইরকমই শেয়ার করা হয়েছে।

# বিদ্যুৎ পরিবহনজনিত সমস্যা

'১৮৯। (অনুমোদিত প্রশ্ন নং \*১৭৭) শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠঃ বিদ্যুৎ বিভাগের মন্ত্রী অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে বিদ্যুৎ পরিবহনের কোনও সমস্যা আছে কি না; এবং

1 29th March, 19

(খ) উত্তর হাাঁ হলে, ঐ সমস্যা সমাধানের জন্য কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়ে ডাঃ শঙ্করকুমার সেনঃ

#### (ক) হাা।

নতুন বিদ্যুৎ কেন্দ্র থেকে বিদ্যুৎ পরিবহন ব্যবস্থা ও উত্তরোভর চাহিদা বৃদ্ধির সর্বদাই সঞ্চালন ও বন্টন ব্যবস্থার আর্থিক উন্নতির প্রয়োজন হয়।

(খ) জেলা পরিষদ, পঞ্চায়েত ইত্যাদি জনপ্রতিনিধিমূলক সংস্থার সঙ্গে যোগাযোগ। বিদ্যুৎ ব্যবস্থার সম্প্রসারণ করার কর্মসূচি নেওয়া হচ্ছে। তবে আর্থিক সীমাবদ জন্ম কাজের অপ্রগতি বাহত হচ্ছে।

শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠঃ মন্ত্রী মহাশয় বললেন যে বিদ্যুৎ পরিবহনের সমস্যা আছে। এই সমস্যা সমাধানের ব্যাপারে প্রভূত পরিমাণে অর্থের প্রয়োজন। এই ব্যাপারে কে সরকারের কাছে কোনও আর্থিক সাহায্যের প্রস্তাব দিয়েছেন কি না?

ডঃ শঙ্করকুমার সেন: আমরা যেটা করেছি, আমরা একটা মাস্টার প্ল্যান করেছি।
মাস্টার প্ল্যানের মধ্যে নতুন যে প্রকল্পগুলো, যেমন বক্রেন্দর, বলাগড়, সাগরদিবী ইং
জায়গায় যেখানে ১৩২ কে.ভি. সাব-স্টেশন বা ২২০ কে.ভি. সাব স্টেশন করা হঙ্গে
হুগলি, তমলুক ইত্যাদিতে হবে, সেইসব জায়গায় এস.ই.বি.'র উপর আসল দায়িও 
পড়ে। এখানে যে অর্থের দরকার তার জন্য পাওয়া ফাইনাস কর্পোরেশন এবং রু
ইলেক্রিফিকেশন কর্পোরেশনের কাছে অর্থের জন্য আবেদন করতে হয়। তলার দিলে
ভোশ্টেজ, অর্থাৎ ৩৩ কে.ভি. যদি হয় তাহলে কিছু কিছু ঋণ হিসাবে তারা দেন,
হিসাবে নয়। সেইজন্য নতুন লাইন এবং নতুন সাব স্টেশন এর ক্ষেত্রে একটা একটা স
কারণ ঋণ শেষ পর্যন্ত শোধ করতে হয়। এটা একটা কনটিনিউয়াস ব্যাপার। আমাদের
থাকতে হয় যাতে ভেট বার্ডেন বেশি না হয়। এই জন্য সাবধানে পা ফেলতে হয়।

শ্রী লক্ষ্ণাচন্দ্র শেঠ ঃ মন্ত্রী মহাশয় বললেন বিদ্যুৎ পরিবহনের এই সমস্যা সমা।
জন্য একটা মাস্টার প্ল্যান করেছেন। এই মাস্টার প্ল্যানের লক্ষ্য কী, কত দিনের মধে
সমস্যার সমাধান করতে পারবেন, কারণ আমরা লক্ষ্য করছি গ্রামে গঞ্জে লো ভোল্টের
যাচছে। বিদ্যুৎ থাকা সন্ত্রেও বিদ্যুৎ বন্ধ করে দিতে হচ্ছে। কতদিনের মধ্যে সম্পূর্ণ
পরিপ্রতিতাবে এই সমস্যার সমাধান করতে পারবেন?

ডঃ শঙ্করকুমার সেনঃ মাস্টার প্ল্যানের দুটো অংশ আছে, একটা অংশ হচ্ছে ট্রা<sup>জা</sup>

আমরা যে ট্রান্সমিশন করি, বিভিন্ন জায়গায় বড় বড় সাব স্টেশন করে সেইগুলোভে <sup>র</sup>
করি। আমাদের বিদ্যুৎ প্রকল্প যেগুলো আছে এবং যেগুলো নতুনভাবে আসছে আগামী <sup>১৫</sup>
বছরের মধ্যে, তার একটা টোটাল মাস্টার প্ল্যান আমরা নিচ্ছি। তবে তলার দিকের প্র<sup>ব্রে</sup>
গভীর। যত ইলেক্ট্রিকের লাইন আছে, তার জন্য যে লো ভোল্টেজ সাব স্টেশন <sup>র্ব</sup>

নার উপর একটা প্রেসার আসছে। এটা একটা কনটিনিউয়াস বাপোর। এইগুলোকে ড করতে হবে। যত বিদ্যুতের চাহিদা বাড়ছে, প্রাংক বাড়ছে, সেইরকমভাবে লো জ সাব স্টেশনের ক্যাপাসিটি বাড়ছে না। অতএব এইগুলোকে বাড়াতে হবে লোয়ার ন। এর কোনও সময় বলা সম্ভব নয়। গ্রাহক বাড়ছে, ছোট ছোট ইন্ডাস্ট্রি বাড়ছে, আশা আরও বড় বড় ইন্ডাস্ট্রি আসবে, এটা একটা কন্টিনিউমাস প্রসেস। এটা বলা সম্ভব ২০০০ সালের মধ্যে হয়ে যাবে।

্বী **লক্ষ্মণচন্দ্র শেঠঃ মন্ত্রী মহাশ**য় বিদ্যুৎ পরিবহনের সমস্যার জন্য এটা কি ঠিক যে র বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের উৎপাদন মাঝে মাঝে বন্ধ রাখতে হয়?

1-30-1-40 p.m.]

93 শন্ধরকুমার সেন: রাত্রি ১১-টার পরে ফ্রিকোয়েন্সী প্রচন্ড বেড়ে যাচ্ছে—বিশেষ ইক এন্ডে, শনি, রবিবার যখন কারখানাগুলো বেশিরভাগ বন্ধ থাকে তখন ফ্রিকোয়েন্সী যাচ্ছে এবং সমস্ত কিছু ব্রেক ডাউনের জায়গায় এসে যাচ্ছে। এই সময়ে আমরা ার আশপাশের রাজ্যগুলোকে বিদ্যুৎ দিয়ে এই সমস্যার খানিকটা সমাধানের চেষ্টা ় এই কারণেই গত রবিবার আমাদের সাঁওতালদির একটা ইউনিট বন্ধ করে দিতে

্রাঃ মানস ভূঁইয়াঃ রাজ্যের তথ্য অনুযায়ীই আমরা দেখছি যে গোটা দেশের মধ্যে রাজ্যে ট্রাঙ্গমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন লস সবচেয়ে বেশি। এই টি অ্যান্ড ডি. লস জন্য কি কি পদক্ষেপ নেওয়া হচ্ছে?

ংশক্তরকুমার সেন ঃ ট্রান্সমিশন অ্যান্ড ডিফ্রিবিউশন লাস্-এর সর্বভারতীয় গড়ের চেয়ে সামান্য নিচে আছি। ১৯৯১-৯২ সালের সর্বভারতীয় লাস্-এর গড় হচ্ছে ২২%, ২২.৫%। আমাদের ২২.৫%-এর মধ্যে বিদ্যুৎ চুরি ধরা আছে, যদিও তাকে কমার্শিয়াল হয়, টি. অ্যান্ড ডি. লাস্ ধলা হয় না। বিদ্যুৎ চুরি বন্ধ করার জন্য ইতিপুর্বেই আমি নপ্রতিনিধিত্বমূলক সংস্থাগুলির সাথায় প্রার্থনা করেছি। জেলা পরিষদ এবং পদগ্রেতের মামরা চাইছি। হাউসে গতবার এ সম্পর্কে আমি বলেছি। আগামী এপ্রিল মাণ্য থেকে রভিনিউ কালেকশনের মাত্রা বেঁধে দিচ্ছি মার্চ মানের পানামী এপ্রিল মাণ্য থেকে রভিনিউ কালেকশনের মাত্রা বেঁধে দিচ্ছি মার্চ মানের পানামী এপ্রিল মাণ্য থেকে রভিনিউ কাজে ইনভেস্ট করা হবে। অথাং জেলার ক্যান্যার্বার এবং জনপ্রতিনিধিরা দ্ট বন্ধ করায় আমাদের সাহাযা কবেন তার জন্মই এই উদ্যাগ নেওয়া হচ্ছে। যখানে পাম্প বসান হচ্ছে সেখানে আমবা বলছি, কানেকশন দেব না যদি না বালানো হয়। ক্যাপাসিটর লাগালে পাওয়ার ক্যান্টর বেড়ে যায় এবং তাবা কমান বড় বড় সাব-স্টেশনে আমরা ক্যাপাসিটর বসাচ্ছি এবং সেজন্য আমারা মাঝে ম্যাল ইলেক্ট্রিফিকেশন কর্পোরেশনের কাছ থেকে ঋণ পাচ্ছি এবং নিজেদের টাকাও ছা। এইভাবে ট্রান্সমিশন লসে কমাবার চেন্ট্রা করছি। আর আমাদের রাজ্যে ট্রান্সমিশন

লস্ সব রাজ্যের চেয়ে বেশি নয়।

শ্রী সুভাষ বোসঃ মাননীয় মন্ত্রী মহাশয়, যে সব প্রকল্পের জন্য আপনি সেরকারের কাছ থেকে ঋণ নিচ্ছেন সেসব ঋণের জন্য কেন্দ্রীয় সরকার কি সুদ নেনং সেই সুদের হার কি? যে নির্দিষ্ট সময়ের মধ্যে ঋণের টাকা দেবার কথা তা পাছেন। দ্বিতীয় কথা হচ্ছে, আমরা শুনেছি গ্রীঘাকালে যাতে ঠিকমতো বিদ্যুৎ সরবরাহ করা যায় জন্য একটা করে ইউনিট প্রতিটি প্রোজেক্টে রিজার্ভে রাখার ব্যবস্থা করেছেন যাতে টেউনিট খারাপ হলে সঙ্গে সঙ্গের রিজার্ভ ইউনিট তার বদলে চালানো যায় এবং মেরামত করা যায়। এটা কি সতাং

ডঃ শব্ধরকুমার সেন ঃ কেন্দ্রীয় সরকারের দুটি সংস্থা, রুর্য়াল ইলেক্ট্রিফিকেশন কর্পো আ্যান্ড পাওয়ার ফিনান্স কর্পোরেশন, ওদের ঋণ দেওয়ার ক্ষেত্রে অনেক ইন্ট্রিকেট কা আছে এবং সেগুলো অনেক সময়েই আমাদের কাছে অসুবিধা হয়ে দেখা দেয়। তাদের আলাপ-আলোচনার মাধ্যমে আমরা সমস্যা সমাধানের মধ্যে দিয়ে—অসুবিধা দূর করেনবার চেষ্টা করি। ঋণ নাহলে যেমন আমাদের চলবে না, তেমন ঋণ নিলে তা গেকরতে হবে। বার্ডন ক্যালকুলেট করেই আমাদের ঋণ নিতে হয়।

আমরা গত শীতকাল, সেপ্টেম্বর মাস থেকে এই ফেব্রুয়ারি মাস পর্যন্ত আমরে বিশিরভাগ ইউনিটের রক্ষণাবেক্ষণ করেছি। বর্তমানে কোনও ইউনিট রক্ষণাবেক্ষণের জনঃ আবার আমরা ধরবো জুলাই মাসে যখন বর্ষাকাল এসে যাবে। তখন আমরা জলি নর্থবেঙ্গল থেকে পাবো। কোলাঘাটের ৬ নম্বর ইউনিট সিংক্রোনাইজ হয়ে আছে, সেটানেই। ২১০ মেগাওয়াটের ইউনিটটাকে আমরা রেখেছি। ফরাক্কার ৫ নম্বর ইউনিটি মাসের আজ অথবা কাল অথবা পরশু অর্থাৎ ৩১ মার্চের মধ্যে সিংক্রোনাইজ করবার হচ্ছে ৫০০ মেগাওয়াটের। সেখান থেকে ১৬০ মেগাওয়াট পাবার সম্ভাবনা আছে। গ্রু আমাদের হাতে একটা সারপ্লাস অলরেডি আছে—এটা আমি বলতে পারি।

শ্রী মনোহর টিরকিঃ মাননীয় মন্ত্রী মহাশয় যা বললেন তাতে মনে হচ্ছে বি উৎপাদন এক্সেস হয়ে যাচছে। আমি এই কথা বলতে চাই, বিদ্যুৎ এক্সেস হয়ে গেল চা বাগানের শ্রমিকদের বাড়িতে বিদ্যুৎ দেবার যে প্রকল্প নিয়েছিলেন সেটা এখন পর্যন্ত ই কার্যকর হচ্ছে না কেন?

ডঃ শঙ্করকুমার সেন । এটা নিয়ে আমার সহকর্মী লেবার মিনিস্টার রেগুলার মিনি করছে। আমরা আশা করেছিলাম ১৬৩টি চা-বাগানের রিকুট্জিশন পাব। কিন্তু আরু ' যতদূর মনে হয় ৪০ এর কাছাকাছি রিকুট্জিশন পেয়েছি। সার্ভে করার পর একটা এদি দেওয়া হয় যা খ্রচ পড়বে সেটার জন্য একটা টাকা জমা দেবেন। তারপর কানেকশন র্ম যতদূর মনে হচ্ছে ৪০।৪৫টি চা বাগান থেকে পাওয়া গেছে এবং সেখানে কাজ চলছে। ' অন্যান্য চা বাগানে এখন পর্যন্ত সেইভাবে সাড়া পাইনি যদিও তাঁরা মিটিং-এ এনেছিন ' করবেন বলেছেন। তাঁরা বলেছেন, বাজার এখন মন্দা আছে, ওয়েট করা যাক। তাঁই বি

#### <sub>দ</sub> হাতে আছে এবং করা হচেছ।

শ্রী শক্তিপ্রসাদ বল ঃ গ্রামাঞ্চলে বিদ্যুৎ মনিটোরিং করার জন্য পঞ্চায়েতের উপর কোনও াত্ব নেই, কারো উপর কোনও দায়িত্ব নেই যার জন্য চুরি হচ্ছে। রেভেনিউ কালেকশনের র অবিলম্বে দায়িত্ব দেবার জন্য এখন কি চিন্তা-ভাবনা আপনার আছে?

ডঃ শঙ্করকুমার সেন ঃ আমরা বিভিন্ন জেলার জেলাপরিষদের সভাধিপতিদের নিয়ে । করেছিলাম। আবার আমরা জুন-জুলাই মাসে করব। আমরা তাঁদের সব সময় বলেছি, ায়েতের যে বিভিন্ন কমিটি আছে তার মধ্যে একটা বিদ্যুৎ করা হোক। তাদের সঙ্গোদের লোকাল যারা ইঞ্জিনিয়াররা আছেন, সহকর্মীরা আছেন, হাতে হাত মিলিয়ে কাজ বে। যে কোনও জায়গায় যে প্ল্যানিং করা হয় তাঁদের সঙ্গেই বসে করা হয়ে। গ্রামাঞ্চলোদের যে বিভিন্ন প্রকল্প আছে এবং সাধারন ক্লারাল ইলেক্ট্রিফিকেশন যা করা হয় তাঁদের ই কথা বলে করা হয়। অনেক জায়গায় হয়তো বিচ্যুতি হয়েছে ঠিকই কিন্তু পঞ্চায়েতের হাতে হাত মিলিয়ে করা হয়। চুরির ব্যাপারে পঞ্চায়েতের যে ইলেকশন আসছে আগামী মাসে, তারপর আমি একটা মিটিং করব, করে কিভাবে কি করা যায় চিন্তা করব।

শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র: আপনার গত বছর প্ল্যান বাজেটে যে টাকা ধরা ছিল সেই র কত পারসেন্টেজ টাকা আপনি পেয়েছেন এবং টাকা আপনাকে না দেবার ফলে এই লোকদ্বীপ, কুটির জ্যোতি এবং রুর্যাল ইলেক্ট্রিফিকেশন স্কীমগুলি আটকে আছে এবং দুরমার, মিটার-এর টাকা পর্যন্ত পাওয়া যাচ্ছে না—এটা কি ঠিক?

ডঃ শঙ্করকুমার সেন ঃ ঠিক এখনই ডাটা ছাড়া উত্তর দেওয়া মুশকিল। যে প্রশ্নটি ছিল সঙ্গে এর কানেকশন নেই। আমি এক্জাক্টটা এখনই বলতে পারব না।

# গাইঘাটা সি.এ.ডি.সি.'র কাজ

\*১৯০। (অনুমোদিত প্রশ্ন নং \*২৬৫) শ্রী প্রবীর ব্যানার্জিঃ উন্নয়ন ও পরিকল্পনা গের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) উত্তর ২৪-পরগনার গাইঘাটা সি.এ.ডি.সি. কেন্দ্রকে ১৯৯১-৯২ এবং ১৯৯২-৯৩ আর্থিক বছরে উন্নয়নমূলক কাজের জন্য মোট কত টাকা বরাদ্দ করা হয়েছে; এবং
- (খ) ঐ সময়ে কোথায় কোথায় কি কি উন্নয়নমূলক কাজ করা সম্ভব হয়েছে? শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি:
- (क) উত্তর ২৪-পরগনার গাইঘাটা সি.এ.ডি.সি. কেন্দ্রকে ১৯৯১-৯২ এবং ১৯৯২-৯৩ আর্থিক বছরে উময়নমূলক কাজের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ যথাক্রমে ৫, ২৯, ৫১৩.০০ টাকা এবং ৫,৫৬,৮০৪.০০ টাকা (ডিসেম্বর, ১৯৯২ পর্যন্ত)।

[ 29th March,

(খ) ঐ সময়ে গাইঘাটা সি.এ.ডি.সি. কেন্দ্রের অন্তর্ভুক্ত বিভিন্ন মৌজায় কৃষি মৎস্য চাষ, ক্ষুদ্র ও হস্তশিল্প উন্নয়ন, স্বাস্থ্য ও শিক্ষা কর্মসূচি এবং পশু ও পশুপালন সংক্রাপ্ত বিভিন্ন উন্নয়নমূলক কাজ করা সম্ভব হয়েছে।

[11-40-11-50 p.m.]

ডাঃ মানস ভূঁইয়াঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন যে, দুটি আর্থিক বছরে এর ডিসেম্বর পর্যন্ত প্রায় ১১ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে, কিন্তু মন্ত্রী মহাশয় হ কি কমপ্রিহেনসিভ এরিয়া ডেভেলপমেন্ট স্কীম, ঐ স্কীমে বামফ্রন্ট সরকারের রাজ্য কোনও ব্লকে সি.এ.ডি.সি. প্রোজেক্ট হয়েছে?

শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরিঃ এ প্রশ্নটা আসে না, তবুও যখন করেছেন তখন ক নির্দিষ্ট কোনও ব্রকে নির্দিষ্টভাবে আসেনা। কারণ ঐ সময়ে জনসাধারণের সর্বাঙ্গীন ভোটা ভিত্তিতে ত্রিস্তর পঞ্চায়েত না থাকার দক্ষন কাজের কোনওরকম নিয়ন্ত্রণ ছিল না। এখ ভারতবর্ষে সি.এ.ডি.সি. গডে উঠছে। আগে ওটার কোনও কাজ হয় নি। সেজন্য প আলোচনা করে ওটাকে আর না বাডিয়ে যতটা সম্ভব রেখে দিয়ে বিশেষ কতকর্গা থেকে দেখে করা হয়েছে। আর একটা জিনিস সি.এ.ডি.সি. অরিজিনালী যেভাবে তৈরি তার কিন্তু উদ্দেশটা অন্যরকম ছিল। উদ্দেশ্যটা ছিল যে, যেখানে যেখানে সেচের কিছ আছে এইরকম একটা ব্লককে বেছে নিয়ে—সেখানে উপর থেকে প্রোজেক্ট অফিসার ডাই দেবেন, কৃষি এবং অন্য সব কিছতে সেটা সব জায়গায় ছিল না—সেজন্য কাজ এগে সেজন্য আমরা বিশেষ করে কোনওরকম সর্বজনীন নিয়ন্ত্রণের পরিকল্পনার কার্যকর পারি নি। জনসাধারণকে ব্যাপকভাবে—সেই পরিকল্পনাকে কার্যকর করার ক্ষেত্রে— উদ্যোগ অংশ গ্রহণ করানর ব্যাপারে সুনিশ্চিত করতে পারা না যায় তাহলে উপর **ডাইরেকশন দিয়ে কিছ হবে না। পরবর্তীকালে বেনো স্কীম বলে একটা স্কীম করা হ** সেখানে উপর থেকে ডাইরেকশন দিয়ে কাজ করানোর চেষ্টা করা হত। কাজ কর্ ডিপার্টমেন্টের ভিতরে, ইন্টার ডিপার্টমেন্টে কো-অর্ডিনেশন থাকবে, গভর্নমেন্ট ইন্টিগ্রালী চান, বিচ্ছিন্নভাবে করলে সবিধা হতে পারে না। একটার সাথে একটার যোগাযোগ <sup>१</sup> একজন টিউবওয়েল করবে আর একটা ডিপার্টমেন্ট এনারজাইস করবে এইরকম <sup>সম্পূ</sup> থেকে দেখে এটা করা হয়েছে।

ডাঃ মানস ভূঁইয়া ঃ মাননীয় মাঝ্রা মহাশয়ের উত্তরের সঙ্গে আমি একমত <sup>হতে প</sup> না তবুও আমি প্রশ্নটা করছি যে এখানে ত্রি-স্তর পঞ্চায়েত ব্যবস্থা চালু করে ফেলেছিল সি.এ.ডি.সি. প্রোজেক্টগুলি কি তুলে দেওয়া হবে?

শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরিঃ একটা পার্টিকুলার বিষয়ে প্রশ্নটা এসেছে দেখুন। প্রশ্নটা গাইঘাটা সম্পর্কে। তবুও বলছি যে, প্রথম যখন ভার নেওয়া হয় তখন এর দারিও বিপানালাল দাশগুপ্ত। আমরা একসঙ্গে কাজ করেছি এবং জেলেও একসঙ্গে ছিলাম। বে বিরুক্তি সি.এ.ডি.সি এবিয়া ব্যোছে সেখানে এর অবজেক্ট ছিল উপর থেকে চাপিয়ে বি

ার পরিবর্তে ক্লিয়ারলি রেণ্ডলেশন করে নিয়ে করা হল, ঐ এলাকার উইকার সেকশন অফ পিপল যারা তাদের ডেভেলপমেন্ট, তাদের সাহায্যের উদ্দেশ্য নিয়ে এটা করা হবে।

ডাঃ মানস ভূঁইয়া ঃ আপনি এড়িয়ে গেলেন প্রশ্ন। আমি বলছি, আজকে কনসেপ্ট অফ -টিয়ার পঞ্চায়েত সিস্টেম যখন চালু হয়েছে তখন নেসিসিটি অফ সি.এ.ডি.সি. হ্যাজ গন। দি তাই হয় তাহলে এই অহেতুক এখানে অর্থ খরচ করে লাভ কিং আমার প্রশ্ন, তাহলে। পনি কি সি.এ.ডি.সির ইউনিটগুলিকে তুলে দিয়ে পঞ্চায়েতকে আরও বেশি টাকা দেবেনং

শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরিঃ আমি আগেই বলেছি, সি.এ.ডি.সির কনসেন্ট যা ছিল সেটা ছি, উপর থেকে চাপিয়ে দেওয়া। সেখানে ক্রপ প্যাটার্ন থেকে আরম্ভ করে এল্রিথিং কটেট করা হত। তার জন্য সেটাকে আমরা অন্য জায়গায় এক্সটেন্ড করেছি। পঞ্চায়েত হল লকটেড বভি। পুরো এলাকার ডেভেলপমেন্ট দেখা ওদের কাজ। তাই কমপ্রিহেন্দিভ ভেলপমেন্ট কাজ হবে কান্ট্রি সাইডে ইনস্টুমেন্ট হিসাবে। তবে যেহেতু ঐ সংস্থায় এতগুলো ক্রাক করছেন এবং একটা ইনফ্রাস্ট্রাকচার গড়ে উঠেছে, সেক্ষেত্রে তাদের তো ছাঁটাই রতে পারে না! আর এক্ষেত্রে এক্সপার্টাইজরা ছড়িয়ে-ছিটিয়ে রয়েছেন। তাদেরকে দিয়ে ক্রাইমেটিক জোনের ডেভেলপমেন্টের জন্য কি ধরনের কাজ করা উচিত স্পেশ্যালি টিই এক্ষেত্রে করানো হবে। এইভাবেই ইনভলভ করা হয়েছে।

# বাগমুণ্ডি-আড়্যায় গ্রামীণ বৈদ্যুতিকরণ

\*১৯১। (অনুমোদিত প্রশ্ন নং \*৩৯০) শ্রী নিশিকান্ত মেহেতাঃ বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- বাগমূওি পঞ্চায়েত সমিতি ও আড়্যা পঞ্চায়েত সমিতি এলাকায় কতগুলি মৌজাতে
   গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ শেষ হয়েছে; এবং
- (খ) ১৯৯২-৯৩ সালে কতগুলি নতুন মৌজাতে গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ শেষ করার পরিকল্পনা আছে?

# ডঃ শঙ্করকুমার সেনঃ

- (क) পঞ্চায়েত সমিতি ভিত্তিক কোনও পরিসংখ্যান রাখা ২য় না।
  - গ্রামীণ বৈদ্যুতিকরণের তথ্য থানা ভিত্তিক রাখা হয়। ৩১.৩.৯২ পর্যন্ত, পুরুলিয়া জেলার বাগমুন্ডী থানার ১৩৬টি গ্রামীণ মৌজার মধ্যে ৫৫টিতে এবং আরশা থানার ৯৬টি গ্রামীণ মৌজার ৬০টিতে বৈদ্যুতিকরণের কাজ শেষ হয়েছে।
- (খ) ১৯৯২-৯৩ আর্থিক বৎসরে, বাগমুন্ডী থানার দুইটি মৌজায় গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ হাতে নেওয়া হয়েছে।

### (No Supplimentary)

ডাঃ মানস ভূঁইয়া: মাননীয় অধ্যক্ষ মহাশয়, দেখতে পাচ্ছি আজকে মৎস্য বিভা প্রশ্ন রয়েছে, কিন্তু মৎস্যমন্ত্রী সভায় উপস্থিত নেই। তিনি যদি সভাতে উপস্থিতই থাকতে পারেন তাহলে তার দপ্তরের প্রশ্নগুলি আসার যৌক্তিকতাও ছিল না!

মিঃ স্পিকার : আপনি বলছেন মন্ত্রী নেই, কিন্তু যারা প্রশ্ন করেছেন তারাও তো হা নেই!

#### [11-50-12-00 Noon]

শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রশ্নটা ভূমি রাজব দ্রু মন্ত্রীর কাছে করা হয়নি, এটা করা হয়েছে গ্রন্থাগার মন্ত্রী মহাশয়ের কাছে।

মিঃ স্পিকার । যাই হোক, মন্ত্রী যখন উঠেছেন তখন তার বক্তব্য কি সেটা গ যাক।

# উত্তরপাড়া জয়কৃষ্ণ পাঠাগারের জমি

- \*১৯৩। (অনুমোদিত প্রশ্ন নং \*৫৩৫) শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ ভূমি ও ভূমি-<sup>--</sup> বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—
  - (ক) এটা কি সত্যি যে, উত্তরপাড়া জয়কৃষ্ণ সাধারন গ্রন্থাগার সংলগ্ন বাটি ও
    রাজ্য সরকার অধিগ্রহণ করেছেন,
  - (খ) সত্যি হলে, কবে নাগাদ এই অধিগ্রহণের কাজ সম্পন্ন হয়েছে;
  - (গ) গ্রন্থাগার দপ্তরকে কবে এই সম্পত্তি হস্তান্তর করা হয়েছে এবং
  - (ঘ) এই অধিগৃহীত বাটির সংস্কারের কোনও পরিকল্পনা গ্রহণ করা হয়েছে <sup>হি</sup>

# শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরিঃ

- (ক) স্থা,
- (খ) ৯.৩.৯০ তারিখে
- (গ) ৯.৩.৯০ তারিখে
- (ঘ) হাা।

শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায়ঃ 'খ' প্রশ্নের অধিগ্রহণের কাজ সম্পন্ন হয়েছে যে তারিখে চ তারিখ দেওয়া হয়নি।

শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরিঃ 'ঘ' প্রশ্নের বিষয়টি হল, জয়কৃষ্ণ গ্রন্থাগার ভবনটি সংস্কার ার জন্য ১৫ লক্ষ ৫০ হাজার টাকার একটা এস্টিমেটস পূর্ত দপ্তরের কাছ থেকে শিক্ষা গার বিভাগ পেয়েছেন। এটা বিবেচনাধীন আছে।

শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ এটা কি সত্য যে আপনার দপ্তর থেকে অধিগ্রহণ করার পর গার দপ্তরের পক্ষ থেকে হস্তান্তরের ব্যাপারে একটা অনির্দিষ্ট কাল পরে এটা গ্রহণ করা ছে—এইরকম কোনও খবর আছে কি?

শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরিঃ আমি আমার দপ্তরের জবাব দিতে পারি, কিস্তু অন্য দপ্তরের কি করে বলব।

শ্রী শাস্ত্রশ্রী চট্টোপাধ্যায়ঃ আমি আপনার কাছে প্রশ্নটা করিনি, আমি গ্রন্থাগার দপ্তরের ই এই প্রশ্নটা করেছি। আপনার কাছে এটা গেল কি করে আমি বুঝতে পারছিনা।

শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরিঃ আমার কাছে এটা এসেছে, আমি একজন বয়স্ক লোক, আমি দন্তব প্রশ্নটা অ্যাভয়েড না করে যথাযথ উত্তর দিয়েছি। এখন কি 'ঘ' প্রশ্নটা একেবারেই ার দপ্তরের অধীন নয়। আমি সেই সম্পর্কে খবর নিয়ে বলেছি।

শ্রী **শান্তশ্রী চট্টেপাধ্যায়ঃ** আমি আপনাকে বিব্রত করার জন্য দুঃখিত।

মিঃ ম্পিকারঃ শান্তশ্রীবাবু, আপনার কোয়েশ্চেন ফর্মে আপনি ডিপার্টমেন্টের কথা লেখেন সটা অন্য মন্ত্রীর কাছে চলে গেছে। আপনি যদি ডিপার্টমেন্টে লিখতেন তাহলে সেই র্টমেন্টের মন্ত্রীর কাছে যেত। যাই হোক, এটা আর কিছু করার নেই, ছেড়ে দিন।

\* ১৯৪ হেল্ডওভার

# বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র

\*১৯৫। (অনুমোদিত প্রশ্ন নং \*৬১৯) শ্রী শিবপ্রসাদ মালিকঃ বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে জানুয়ারি, ১৯৯৩ পর্যন্ত বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্রের কাজ কোন পর্যায়ে আছে?

# ডঃ শঙ্করকুমার সেন**ঃ**

বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্পে ২১০ মেঃওঃ ক্ষমতাসম্পন্ন পাঁচটি ইউনিট স্থাপনের প্রস্তাব ই। ৩১.১.৯৩ পর্যন্ত প্রকল্পটির পরিকাঠামো তৈরির কাজে যথেষ্ট অগ্রগতি হয়েছে। মূল <sup>ার জন্য</sup> জমি অধিগ্রহণ ছাড়া জমির উন্নয়ন, জমির চর্তুদিকে প্রাচীরের দেওয়াল নির্মাণ ই জন্য প্রয়োজনীয় বিদ্যুতের ব্যবস্থা, নির্মাণ কার্যের জন্য প্রয়োজনীয় জলের ব্যবস্থা,

[ 29th March,

রেলওয়ে সাইডিং নির্মাণ, টাউনিশিপ নির্মাণ, প্রশাসনিক ভবন নির্মাণ ইত্যাদির কাজ ব সম্পূর্ণ হয়েছে। এ ছাড়া দুটি ইউনিটের বয়লারের কাজ অনেকটা সম্পূর্ণ হয়েছে।

শ্রী শিবপ্রসাদ মালিকঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই বক্রেশ্বর তাপ প্রকল্প একটি গুরুত্বপূর্ণ প্রকল্প। এর কাজ কবে নাগাদ শেষ হবে?

ডঃ শঙ্করকুমার সেনঃ এটা এখনই ঠিক বলা অসুবিধা। ৫টি ইউনিট ও.সি.ই.এফ.এর সঙ্গে আমরা যে সব কথাবার্তা বলছি, অন্যান্য সংস্থার সঙ্গেও বর্লা বছরের শেষ দিকে কাজ শুরু করলে ১৯৯৭ সালে ইউনিটটা আসবে। তারপরে প্রতি অন্তর এটা করে ইউনিট হলে আশা করছি ২ হাজার সালের মধ্যে শেষ হওয়া উচিত এটা নির্ভর করছে আমরা কতটা টাই আপ করতে পারছি তার উপরে রেজান্ট করছে।

শ্রী শিবপ্রসাদ মালিকঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই প্রকল্পে ( সরকার কতখানি সাহায্য করেছে?

ডঃ শঙ্করকুমার সেন ঃ কেন্দ্রীয় সরকারের আর্থিক সাহায্যের কোনও প্রশ্ন হ তারা কিছু করেনি। আমরা সময়ে সময়ে যে সব নতুন নতুন প্রকল্পল করি, তাতে দিরকারের সাহায্য চাই, তাদের সঙ্গে আলোচনা করি, সেন্ট্রাল ইলেক্ট্রিসিটি অথরিটির আলোচনা করি।

এইভাবে চলছে, এখনও সাহায্য পুরোপুরি করেছে বলা ঠিক নয়। কিছু কিছু জ সাহায্য করেছে এই কথা ঠিক। এটা নিয়ে সব সময় দর কষাকষি চলছে।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই বক্রেশ্বর তাপ বিক্রম্ব এই ব্যাপারে গুরুত্ব দিয়ে রাজ্যের জন্য, পশ্চিমবাংলার মানুযের জন্য দুরুত্ব করার উদ্যোগ নেবেন থ একটা সময় রক্ত চাওয়া হয়েছিল কিন্তু এখন আপনি বল্প প্রথম ইউনিটটি আসতে ১৯৯৭ সাল হয়ে যাবে এবং শেষ হতে ২৫০০ সাল হবে। বিক্রমার তারাছিত করা যায় নাং এই প্রকল্পের ব্যাপারে প্রথমে যেভাবে উদ্যোগ হয়েছিল সেইভাবে এটা তরাছিত করার ব্যবস্থা করবেন কিং

ডঃ শছরকুমার সেন ঃ আমাদের যে কোনও কয়লা চালিত ইউনিট স্থাপন কর মাস থেকে ৪৮ মাস লাগে। সাধারন নিয়ম অনুযায়ী শুধু পাওয়ার স্টেশনে নর, তার পাওয়ার স্টেশনের লাইন, বিভিন্ন সাব স্টেশনের মাধ্যমে বিদ্যুৎ যেটা উৎপাদন ই পরিবহন করে গ্রামে গঞ্জে পৌছে দেওয়া এই সমস্ত কাজ করে ৪ বছর সময় লাগে। হিসাব করে দেখেছি এই সমস্ত করে আমাদের টারগেট হচ্ছে ১৯৯৭ সালে প্রথম ইর্জ আসবে এবং তারপর ৪টি ইউনিট এভরী সিক্স মাস্থ একটি করে ইউনিট আসবে, প্রতিত্ব সালে শেষ হবে। এর কমে কখনও করা যায় না, ভালভাবে করলে এটা মিনিমাম টাইম।

শ্রী শিশিরকুমার সরকার ঃ আপনি এর আগের প্রশ্নে বললেন যে কেন্দ্রের কাছ থেকে গ্রামা পাওয়া যায় নি। প্রতিবন্ধকতা কিভাবে এসেছে সেটা বলবেন কি?

#### Legal Aid

196. (Admitted Question No. \*1278) Shri Sanjib Kumar Das ihri Saugata Roy: Will the Minister-in-charge of the Judicial partment be pleased to state—

- (a) the number of persons benefited under the legal aid programme in this State during the last two years; and
- (b) how does the percentage of such beneficiaries compare with the corresponding All-India figures?

## Shri Abdul Quiyom Molla:

(a)	Year	Persons benefitted
	1991	2816
	1992	2696

(b) Yearwise All India figure of such beneficiaries are not available with us.

ডাঃ মানস ভূঁইয়া ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে সাড়ে চার হাজারের মতো মানুষ ল আড থেকে বেনিফিটেড হয়েছে। এই ব্যাপারে উনি সর্বভারতীয় বা আন্তরাজ্য গংখ্যান দিতে পারলেন না, দপ্তর কেমনভাবে চলছে এর থেকেই প্রমাণ হয়। আমি তে চাই কত সংখ্যক লোক আবেদন করেছিল এই অ্যাড পাবার জন্য গত বছর?

ৰী আব্দুল কায়ুম মোলা: আবেদনকারীর সংখ্যা আমার কাছে নেই, নোটিশ দিলে ত পারব।

[ 29th March, 199]

ডাঃ মানস ভূঁইয়াঃ কোনও রকম তথ্য আপনার কাছে নেই? কত জন আরু করেছেন তার প্ররিপ্রেক্ষিতে আপনি এই অ্যাড দিয়েছেন এটা আপনার কাছে থাক্ব

শ্রী আব্দুল কায়ুম মোল্লা: আবেদন যারা করে থাকেন তাঁরা বিভিন্ন লিগাল কমিটিতে করেন, লিগাল অ্যাড কমিটির সাব ডিভিসন কমিটি আছে, স্টেট লিগাল কমিটি আছে। তারা যেগুলি গ্রহণ করেন তারাই সেই সুযোগ দেন। যারা আবেদন করেন সংখ্যা আমাদের কাছে আসে না, সেই জন্য দেওয়া যায় নি।

ডাঃ মানস ভূঁইয়া ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বিষয়টিকে অত্যন্ত লঘু করে দেখছেন, অত্যন্ত দুঃখের। তিনি পরিষ্কার করে বলেছেন, 'আমার কাছে তথ্য নেই।' একটি দপ্তঃ করে চলছে? চার হাজার মানুষকে লিগ্যাল এইড দিয়েছেন, কিন্তু কত আবেদন করেছিল তথ্য ওঁর কাছে নেই। এবার থেকে তথ্য রাখার ব্যবস্থা করবেন।

শ্রী **আব্দুল কায়্ম মোলাঃ আ**পনি নোটিশ দিলে আমি সংগ্রহ করে বলে দিতে যে বিভিন্ন সাব-ডিভিসনে, ডিস্ট্রিক্টে কারা আবেদন করেছিল। অনেকগুলো আবেদন বাদ যেগুলো বাদ গেছে সেগুলো থাকবে কেন?

শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ এই লিগ্যাল এইড্'এর কাজকর্ম সব জায়গায় সঠিকভাবে কিনা তা চেক্ করার ব্যবস্থা আপনার দপ্তর থেকে ঠিকমতো হচ্ছে কিনা সেই বিষয়ে মন্ত্রী মহাশয় বলবেন কি? চেক-আপের পদ্ধতিটা কি?

শ্রী **আব্দুল কায়ুম মোল্লাঃ** প্রত্যেকটি সাব-ডিভিসনে, ডিস্ট্রিক্টে সেপারেট কমিটিঃ সেই কমিটির মাধ্যমে চেক-আপ করা হয়।

শ্রী অতীশচন্দ্র সিনহাঃ মাননীয় মগ্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, লিগাল ঐ যে ব্যবস্থা আছে—আমরা জানি যে পশ্চিমবাংলায় আরও কয়েকটি সংস্থা আছে, বেন্দর আছে এই লিগাল এইড'এর জন্য—এর সাথে এইরকম কতকগুলো যে বেন্দর আছে এবং তারা যে লিগাল এইড দিচ্ছে তার কোনও পরিসংখ্যান আছে ি

শ্রী **আব্দুল কায়ুম মোল্লাঃ** বেসরকারি সংস্থা আছে কিনা সে সম্বন্ধে তারা স<sup>র্বা</sup> জানায় নি।

শ্রী প্রবাধ পুরকাইতঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আপনি গত দু<sup>'ক্ছ</sup> হাজার লোককে যে লিগাল এইড্ দিয়েছেন, এই ব্যাপারে আপনার দপ্তরের ক<sup>ত টা</sup> হয়েছে?

শ্রী **আব্দুল কায়ুম মোল্লাঃ** প্রত্যেক বছরে আমাদের ৭৫ লক্ষ টাকা ব্যয় হয়। ১১ সালে ৭৬ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে।

গ্রী মনোহর টিরকি: লিগ্যাল এইড় কেসে চার হাজার ফয়সালা হয়েছে বলে আপনি ন। তারা কত টাকা পেয়েছে তা আপনি বলতে পারবেন কি?

শ্রী **আব্দুল কায়ুম মোলাঃ** আপনি যেটা বলছেন সেটা লোক আদালতের বিষয়। লোক তে কত টাকা পেয়েছে মানুষ, সেটা আমি বলে দিতে পারি।

মিঃ ম্পিকার : লোক আদালতের কথা এই প্রশ্নে উঠেছে কেন ? এটা তো লিগ্যাল এর প্রশ্ন।

শ্রী আব্দুল কায়ুম মোলাঃ লোক আদালতের ব্যাপারে আপনি নোটিশ দিলে বলে দেব।

শ্রী অরুণকুমার' গোস্বামী: লিগ্যাল এইড্'এর জন্য কাউকে আবেদন করতে গেলে সুপারিশের প্রয়োজন আছে কিনা, থাকলে কোন স্তরের মানুষের সুপারিশ প্রয়োজন তা য় মন্ত্রী মহাশয় জানাবেন কি?

শ্রী আব্দুল কায়ুম মোল্লাঃ যাদের বাৎসরিক ইনকাম ৯ হাজার টাকার কম তারা ব এইড্'এর জন্য আবেদন করতে পারে। বিভিন্ন নির্বাচিত প্রতিনিধি, এম.এল.এ., পতি, সভাপতি, প্রধান এঁরা রেকমেন্ডেশন করতে পারেন।

শ্রী কালীপ্রসাদ বিশ্বাসঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, হুগলি জেলায় দরখাস্ত সত্ত্বেও লিগ্যাল এইড্'এর টাকা ফেরৎ গেছে, ইহা কি সত্যা?

শ্রী **আব্দুল কায়ুম মোল্লাঃ** আপনি নোটিশ দেবেন, বলে দেব।

মিঃ স্পিকার ঃ ডাঃ মানস ভুঁইয়া যেটা জিজ্ঞাসা করছিলেন, আমি ওঁর প্রশ্নটা রিকাস্ট। উনি জানতে চাইছিলেন, অনেক লোক তো দরখাস্ত করেন—

মন্ত্রীর উত্তর ঠিক হয় নি। ডাঃ মানস ভূঁইয়া জানতে চেয়েছেন কতলোক দরখাস্ত লেন এবং লিগ্যাল অ্যাড কমিটি কতটা মঞ্জুর করেছেন এবং কত টাকা খরচ হয়েছে। নিটি ফিগার আপনাকে জানাতে হবে, আপনি যদি তৈরি না হয়ে আসেন তাহলে পরে দেবেন। আরেকটি প্রশ্ন প্রবাধ পুরকায়েতের প্রশ্নের উত্তরে আপনি বলেছেন ৭৫ লক্ষ দওয়া হয়েছে। এই উত্তরটা সঠিক নয়, এর মধ্যে অ্যাডমিনিস্ট্রেটিভ কত পেয়েছেন এবং আ্যাড বাবদ কত টাকা পেয়েছেন সেটা জানাতে হবে। সদস্যরাও সঠিক প্রশ্ন করছেন ই উনিও সঠিক উত্তর দিতে পারছেন না।

শ্রী **আব্দুল কায়ুম মোল্লাঃ** আগামী সোমবার আমি এইসব প্রশ্নের সঠিক উত্তর দেব।

Starred Questions (to which written answers were laid on the Table)

আন্তঃরাজ্য বিদ্যুৎ ট্রাসমিশন লাইন

\*<sup>১৯৭। (অনুমোদিত প্রশ্ন নং \*৬৪৩) শ্রী ব্রজগোপাল নিয়োগীঃ বিদ্যুৎ বিভাগের ' <sup>াপ্ত</sup> মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—</sup>

1 29th March, 199

- ক) এটা কি সত্যি যে, জলবিদ্যুৎ উৎপাদনকারী রাজ্য উড়িষ্যা ও পশ্চিমবঙ্গের:
   আন্তঃরাজ্যে ট্রান্সমিশন লাইন নির্মাণের কাজ শেষ হয়েছে;
- (খ) সতাি হলে,
  - (১) কত কিমি লাইন হয়েছে:
  - (২) কত টাকা খরচ হয়েছে:
  - (৩) আন্তঃরাজ্য ট্রাপমিশন লাইন হওয়ার ফলে বিদ্যুৎ সরবরাহ ও উৎপাদ, কি কি সুবিধা হয়েছে; এবং
- (গ) এই আন্তঃরাজ্য ট্রান্সমিশন লাইনে চুরি যাবার কোনও ঘটনা ঘটেছে কি?

# বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (ক) হাাঁ, উড়িষ্যা এবং পশ্চিমবঙ্গের মধ্যে আন্তঃরাজ্য ৪০০ কে.ভি ডাবল সা ট্রান্সমিশন লাইন নির্মাণ কার্যের পশ্চিমবঙ্গের অংশটি (কোলাঘাট থেকে আঁধারর্জ় গত ১৫.৩.৯২ তারিখে শেষ হয়েছে।
- (খ) (১) লাইনটির পশ্চিমবঙ্গ অংশে অর্থাৎ কোলাঘাট থেকে আঁধারকুলি পর্ব ১৩৩ কি.মি. লাইন টানা হয়েছে (পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্যদ কর্তৃ এবং উড়িষ্যা অংশে অর্থাৎ আঁধারকুলি থেকে রেঙ্গালী পর্যন্ত ২৪০ হি: লাইন টানা হয়েছে (উড়িষ্যা রাজ্য বিদ্যুৎ পর্যদ কর্তৃক)।
  - (২) পশ্চিমবঙ্গ অংশের কাজ সম্পাদনে আনুমানিক মোট ২,৭৩০.০৩ র টাকা খরচ হয়েছে (কোলাঘাটে 'বে' নির্মাণ এবং আনুমানিক খরচ বং
  - এর ফলে পশ্চিমবঙ্গ এবং উড়িষ্যার মধ্যে বিদ্যুৎ বিনিময়ের সুবিধা য়য় এবং গ্রীডের স্থিতিশিলতা বেড়েছে।
- (গ) বর্তমান আর্থিক বছরে এই লাইনের পশ্চিমবঙ্গ অংশে কোনও চুরি হয়নি, <sup>র্টা</sup> নির্মাণকার্য চলাকালীন চুরি যাওয়ার ঘটনা ঘটেছে।

# সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্পে বিদেশি সাহায্য

\*১৯৯। (অনুমোদিত প্রশ্ন নং \*৮৫৯) শ্রী আবুল বাসারঃ বিদ্যুৎ বিভাগের ভা<sup>ক্রের</sup> মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

সর্বশেষ প্রাপ্ত তথ্য অনুযায়ী সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্পে বিদেশি <sup>সাহায্য</sup> সম্ভাবনা কিরূপ?

# বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

বিদ্যুৎ ক্ষেত্রে বেসরকারি উদ্যোগের অংশগ্রহণকে উৎসাহিত করার জন্য কেন্দ্রীয় সরকার নতুন নীতির সঙ্গে সঙ্গতি রেখে পশ্চিমবঙ্গ সরকার সাগরদীঘি তাপ বিদ্যুৎ প্রকঙ্গে গরি পুঁজি বিনিয়োগের সম্ভবনা খতিয়ে দেখেছেন। প্রকঙ্গাটি যৌথ উদ্যোগে স্থাপনের জন্য বঙ্গ সরকার, পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ণ নিগম এবং কলিকাতার পার্ক স্ট্রীট স্থিত নিগমেন্ট কনসালট্যান্ট লিমিটেড (ডি.সি.এল) এর মধ্যে একটি চুক্তি (এম.ও.ইউ) গত ১২ তারিখে স্বাক্ষরিত হয়েছে। একটি অপ্রণী আমেরিকান কোম্পানি (সি.এম.এস. রশন) এই প্রকঙ্গে অংশগ্রহণের জন্য আগ্রহ প্রকাশ করেছে।

#### আসানসোল কয়লাখনি এলাকায় ধ্বস

\*২০১। (অনুমোদিত প্রশ্ন নং \*১০৭৪) শ্রী গৌতম রায়চৌধুরিঃ ভূমি ও ভূমি রাজস্ব গর ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) ডিসেম্বর, ১৯৯২-এ আসানসোল কয়লাখনি অঞ্চলে ধ্বস-এর কোনও সংবাদ সরকারের জানা আছে কি; এবং
- (খ) थाकल, সরকার এ বিষয়ে कि व्यवश्वा निয়েছেন/निष्ट्रिन?

# ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ

- (ক) না।
- (খ) প্রশ্ন ওঠে না।

# উত্তর ২৪-পরগনা জেলায় লোকদ্বীপ/কুটীর জ্যোতি প্রকল্প

\*২০২। (অনুমোদিত প্রশ্ন নং \*৮৪৭) শ্রী ভূপেন্দ্রনাথ শেঠঃ বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

- (क) ১৯৯০-৯১ এবং ১৯৯১-৯২ সালে উত্তর ২৪-পরগনা জেলা পরিষদ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে লোকদ্বীপ/কৃটীর জ্যোতি প্রকল্পে কত টাকা পেয়েছে;
- (খ) এ সময়ে এ প্রকল্পে বনগা মহকুমায় কতগুলি তফসিলি ও আদিবাসী এলাকায় বৈদ্যুতিকরণ করা হয়েছে;
- <sup>(গ)</sup> <sup>এটা কি</sup> সত্যি যে, বরাদ্দকৃত টাকার কিছু অংশ ফেরত গিয়েছে; এবং
- ্ঘ) সত্যি হলে,—
  - (১) এর কারণ কি, এবং
  - (২) ফেরত যাওয়া টাকার পরিমাণ কত?

### বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (ক) লোকদীপ। কুটার জ্যোতি প্রকল্পে কোনও জেলাই কেন্দ্রীয় সরকার থেকে স অর্থ পায় না। ১৯৮৯-৯০ সালে কুটির জ্যোতি লোকদীপ প্রকল্পে প্রদর্ সম্পূর্ণরূপে বায় করতে না পারায় রাজ্য বিদ্যুৎ পর্যদের পক্ষ থেকে ২৪ প (উত্তর) জিলা পরিষদকে ১৯৯০-৯১ ও ১৯৯১-৯২ সালে কোনও অর্থ । হয়নি।
- (খ) লোকদীপ। কুটির জ্যোতি প্রকল্পের এলাকা ভিত্তিক বৈদ্যুতিকরণের কোনও । নাই। সাধারণত কেন্দ্রীয় ও রাজ্য সরকারের নিয়ম অনুযায়ী পল্লী অঞ্চলে বৈর্লু মৌজাতেই লোকদীপ। কুটির জ্যোতি প্রকল্পাধীন গ্রাহকদের ঘরের বিদ্যুৎ সং দেওয়া হয়।
- (গ) ২৪ পরগনা (উত্তর) জেলায় কোনও বরাদ্দকৃত অর্থ ফেরত যায় নি।
- (ঘ) (১) প্রশ্নই ওঠে না।
  - (২) প্রশ্নই ওঠে না।

### জুনিয়র হাই মাদ্রাসাকে উন্নীতকরণ

- \*২০৩। (অনুমোদিত প্রশ্ন নং \*১৬৫৭) শ্রী ঈদ্ মহম্মদঃ শিক্ষা (মাদ্রাসা) বি: ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—
  - (ক) ১৯৯১-৯২ ও ১৯৯২-৯৩ সালে পশ্চিমবঙ্গে কতগুলি জুনিযর হাই মার্ক্ত আপগ্রেডেশন করা হয়েছে;
  - (খ) অবশিষ্ট কতগুলি জুনিয়র হাই মাদ্রাসাকে আপগ্রেডেশন করা বাকি আছে:
  - (গ) উক্ত মাদ্রাসাগুলির আপগ্রেডেশন কবে নাগাদ করা সম্ভব হবে?

# শিক্ষা (মাদ্রাসা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (ক) ১৯৯১-৯২ সালে কোনও জুনিয়র হাই মাদ্রাসাকে আপগ্রেডেশন করা ১৯৯২-৯৩ সালে ২০টি (কুড়ি) জুনিয়র হাই মাদ্রাসাকে আপ গ্রেড করা?
- (খ) প্রায় ১২১টি জুনিয়র হাই মাদ্রাসার আপগ্রেডেশন বাকি আছে।
- (গ) এ সম্বন্ধে এখনও কোনও পরিকল্পনা হয়নি।

# বীরভূম জেলার আন্তুয়া মৌজায় বিদ্যুৎ সরবরাহ

\*২০৪। (অনুমোদিত প্রশ্ন নং \*১৩০৭) ডাঃ মোতাহার হোসেনঃ বিদ্যুৎ <sup>বিং</sup> ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) এটা কি সত্যি যে, বীরভূম জেলার আভ্যা মৌজার কতিপয় গ্রাহকের ইনটৌপিফিকেশন স্কীমে বিদ্যুৎ সরবরাহের নিমিত্ত সংযোগ স্থাপন করার জন্য রাজ্য বিদ্যুৎ পর্যদে প্রদেয় অর্থ জমা দেওয়া সত্ত্বেও অদ্যাবধি উল্লিখিত সংযোগ স্থাপন করা হয় নি; এবং
- (খ) সত্যি **হলে,**
  - (১) এই বিলম্বের কারণ কি; এবং
  - (২) কবে নাগাদ বিদ্যুৎ সরবরাহের আশা করা যায়?

# বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- ্ক) হাাঁ, সত্য।
- খ) (১) সাধারণভাবে পর্যদের আর্থিক অপ্রতুলতা এবং বিশেষভাবে গ্রামীণ বৈদ্যুতিকরণের জন্য অর্থাভাব এই বিলম্বের কারণ।
  - (২) আগামী দুই-তিন মাসের মধ্যে বিদ্যুৎ সরবরাহ শুরু করার জন্য প্রচেষ্টা চালানো হচ্ছে।

# কেন্দ্রীয় বিদ্যুৎ সংস্থা কর্তৃক রাজ্যকে বিদ্যুৎ সরবরাহ

'২০৫। (অনুমোদিত প্রশ্ন নং \*৯৯৬) শ্রী দিলীপ মজুমদারঃ বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত হাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কন্দ্রীয় সরকারের বিদ্যুৎ উৎপাদন সংস্থাসমূহ গত ১৯৯২ সালের জানুয়ারি থেকে র পর্যন্ত কোন কোন মাসে কত পরিমাণ বিদ্যুৎ রাজ্য সরকারকে সরবরাহ করেছে? বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ

কন্দ্রীয় বিদ্যুৎ উৎপাদন সংস্থা যথা ডি.ভি.সি., এন.টি.পি.সি. এবং এন.এইচ.পি.সি. গত সালের জানুয়ারি থেকে ডিসেম্বর ১৯৯২ পর্যন্ত নিম্নবর্ণিত রূপে বিদ্যুৎ সরবরাহ

মাস		ডি.ছি.সি (এম.ইউ.)	এন.টি.পি.সি (এম.ইউ.)	এন.এইচ.পি.সি (এম.ইউ.)
জানুয়ারি	१८६८	<b>২</b> ২.৬	30F.0C	\$8.2
ফেব্রুয়ারি	१४४६	<b>২</b> ১.২	৩২.০০	\$0.8
মার্চ	7995	২৫.৯	80,50	১৩.২

মা	न	ডি.ভি.সি (এম.ইউ.)	্ব এন.টি.পি.সি (এম.ইউ.)	29th March, এন.এইচ.গি (এম.ইউ.
এপ্রিল	<b>ऽ</b> ढढर	<i>২৬.৫</i>	¢8.¢o	\$8,8
মে	१४६६	<b>২</b> 8.৯	৩৮.৪৭	<b>ર</b> હ.:
জুন	১৯৯২	২৩.৩০	৩১.৭০	৩৭.৫
জুলাই	>884	২৩.৯০	<b>২২.</b> ৭০	<b>%</b> 0,0
আগস্ট	>৯৯২	২৬.০০	\$9.60	৬৩.২
সেপ্টেম্বর	> के के २	২৬.৯০	00,00	2.59
অক্টোবর	>४४५	২৬.৮০	৩৮.১০	8৮.৬
নভেম্বর	১৯৯২	<i>২</i> ৩.৭০	00,00	00.0
ডিসেম্বর	१४४५	<b>২</b> 8.৮०	০৮.৬০	00.0
	মোট	২৯৬.৫০	৩৯২.৫২	\$.08°

# বিদ্যুৎ উৎপাদন ও চাহিদা

\*২০৬। (অনুমোদিত প্রশ্ন নং \*১১৪০) ডাঃ দীপক চন্দ ঃ বিদ্যুৎ বিভাগের ভা মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- (ক) রাজ্যে বিদ্যুৎ উৎপাদন এবং চাহিদার মধ্যে পার্থক্য কত; এবং
- (খ) যদি চাহিদার তুলনায় উৎপাদন কম হয় তাহলে সেই চাহিদা পূরণে <sup>র্ব্ধ ব</sup> অবলম্বিত হয়েছে/হচ্ছে?

# বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (ক) রাজ্যে বিদ্যুৎ উৎপাদন এবং সর্বোচ্চ নিয়ন্ত্রিত চাহিদার মধ্যে পার্থকা <sup>খুর্ই ই</sup>
- (খ) চাহিদা পুরণের জন্য নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে:-
- (১) চালু বিদ্যুৎ কেন্দ্রগুলি থেকে যতদুর সম্ভব উৎপাদন বৃদ্ধি;
- (২) বিদ্যুৎ নিয়ন্ত্রণবিধি কঠোরভাবে বলবৎ করা;

- প্রয়োজনে কেন্দ্রীয় বিদ্যুৎ সংস্থাগুলি থেকে অধিকতর বিদ্যুৎ আমদানি;
- (8) সাময়িকভাবে বন্ধ ইউনিউগুলি যথাসত্ত্বর চালু করা:
- (৫) উৎপাদন বৃদ্ধির জন্য উন্নতমানের কয়লা পাওয়া সহ প্রয়োজনীয় সমস্তরকম ব্যবস্থা গ্রহণ;
- (৬) নবীক্ষণ ও আধুনিকীক্রণের কর্মসূচিক, রূপন্ত্রেণ,
- শ্রে বিশ্বর করা;
- ner এবং বিদ্যুহ ও লোকৰ দুলি স্থানিত কেছে। কছুৰ ইন্তাল ভা । ১১
- (৯) পরিবহন ও সঞ্চালন জনিত ক্ষতি হ্রাসের ফন্য এরেটেন্ট নান্তা কেওয়া।

# সাগরদীঘিতে বিদ্যুতায়িত মৌজা

- \*২১০। (অনুমোদিত প্রশ্ন নং \*১৭৪২) শ্রী পরেশনাথ দাসঃ বিদ্যুৎ বিভাগের ভাষতাপ্ত ফেশ্য অনুগ্রহপূর্বক জানাবেন কি—
- ক) সাগরদীঘি বিধানসভা কেন্দ্র এলাকায় বিদ্যুতায়িত মৌজার সংখ্যা কত; এবং
- (খ) ঐ এলাকার অবশিষ্ট মৌজাগুলিতে বিদ্যুৎ সরবরাহের কোনও পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কি?

# বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (क) বিধানসভা ভিত্তিক কোনও পরিসংখ্যান রাখা হা না। তবে মুর্শিদাবাদ জেলার সাগরদীঘি থানা এলাকায় ৩১শে মার্চ, ১৯৯২ পর্যন্ত ১৫৬টি মৌজায় বৈদ্যুতিকরদের কাজ সম্পন্ন হয়েছে।
- ্থ) সাগরদীঘি থানা এলাকায় ১৯৯২-৯৩ আর্থিক বংস্কৃত কেটি নৌঞায় বৈদ্যুতিকরণের পরিকল্পনা নেওয়া হয়েছে।

# রায়তের খাজনা মকুব

- <sup>\*২১১। (অনুমোদিত প্রশ্ন নং \*১৮১৯) শ্রী শিশিরকুমার সরকার ঃ ভূমি ও ভূমি-রাজস্ব বি মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—</sup>
- এটা কি সত্যি যে, আজও কোন্ কোন্ রায়তের খাজনা মকুব করা হয়েছে ভার কিন্ত তালিকা রাজস্ব সংগ্রাহকের নিকট নেই;

29th March,

- (খ) সত্যি হলে,—
  - (১) এর কারণ কি; এবং
  - (২) এ বিষয়ে কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (ক) রাজস্ব মকুব হ'লে ভূমি সহায়ককে জানানো হয়।
- (খ) প্রশ্ন ওঠে না।

#### MENTION CASES

Mr. Speaker: Now mention, Shri Subhas Basu

[12-00—12-10 p.m.]

শী সুভাষ বসুঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কল্যাণীতে শিক্ষায়তন নামে একটি ক্লাশ এইট প আছে। এখানে হাইকোর্ট থেকে অর্ডার এসেছিল যে স্কুলের টিচারদের মধ্যে থেকেই নিয়ে ইন্টারভিউ করে হেড টিচার নেওয়া হবে। কিন্তু আমরা আশ্চর্য হয়ে গেলাম আই (নদীয়া) একটি চিঠি দিয়ে জানালেন যে হাইকোর্টের অর্ডার বলে একজন মহিলা টিচার হিসাবে নেওয়া হবে এবং তার কোনও দরখান্ত লাগবে না বা ইন্টারভিউ দি না। এইভাবে দরখান্ত না করেই, ইন্টারভিউ না দিয়েই ওই মহিলাকে হেড টিচার করে হল। এইভাবে যদি শিক্ষা ব্যবস্থা চলে তাহলে তো প্রতিষ্ঠানটি ভেঙে পড়বে। এহাইকোর্ট থেকে অর্ডার নিয়ে আসবে এবং ইন্টারভিউ না দিয়ে কোনও যোগ্যতা না ডি আই অর্ডারে হেড টিচার হয়ে যাবেন, এতো চলতে পারে না। এইভাবে তো শিক্ষা প্রতিষ্ঠানেই এই ঘটনা ঘটবে। এতে শিক্ষা ব্যবস্থাটাই ভেঙ্গে পড়বে। এর ফ্লাই অর্ডানে একটা অচলাবস্থার সৃষ্টি হয়েছে। মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ অবিলম্বে যাতে এই ব্যাপারে হস্তক্ষেপ করেন।

মিঃ স্পিকার ঃ আপনি যে মেনশনের ফর্ম পাঠিয়েছেন তাতে তো কোনও নাম । নি, কেবল দক্তখত দিয়ে ছেড়ে দিয়েছেন। এতে তো বুঝতে অসুবিধা হবে। নামটা <sup>তো</sup>দরকার।

[12-10-12-20 p.m.]

শ্রী কালীপ্রসাদ বিশ্বাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জনগ কারিগরী বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি জেলায় জনস্বাস্থ্য ব গ্র উদ্যোগে জল সরবরাহ প্রকল্প করার কাজ শুরু হয়েছে, জানিনা কি কারণে সেই লি অর্ধসমাপ্ত বা কিছুটা হয়ে আটকে পড়ে আছে। অথচ গ্রামাঞ্চলে আপনি জানেন ত প্রায় হয়নি, পানীয় জলের প্রচন্ড অভাব। পানীয় জলের টিউবওয়েলগুলি অকেজো গছে। সেইজন্য আমাদের অনুরোধ জনস্বাস্থ্য কারিগরী বিভাগের যে কাজগুলি অর্ধসমাপ্ত সেইগুলি যাতে দ্রুত সম্পূর্ণ করা যায়, এই ব্যাপারে জেলা অ্যাডমিনিস্ট্রেশনকে জানিয়েছি, তাদের কোনও সাড়া পাচ্ছি না। সেইজন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি পানীয় জলের সমস্যা মিটতে পারে তার জন্য জল সরবরাহ প্রকল্পকে অবিলম্বে কার্যকর নরকার।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মিঃ ম্পিকার স্যার, আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ। এই রাজ্যে সম্প্রতি পানীয় জলের দৃষণের ফলে কলকাতা এবং সংশ্লিষ্ট জেলার ২৪ পরগনা, উত্তর ২৪ পরগনা, হাওড়া, মেদিনীপুর এই জেলাগুলিতে ব্যাপকভাবে উট গ্যাসট্রোএন্ট্রাইটিস হওয়ায় মহামারীর রূপে নিয়ে ইতিমধ্যে এই রোগে আক্রান্ত নে ১৫০ জনের মতো লোক। এই ব্যাপারে রাজ্য বিধানসভায় এবং রাইটার্স বিশ্তিংস মাননীয় মন্ত্রী বিবৃতি দিয়েছেন, সেটা আমরা শুনেছি। কিন্তু কার্যকরভাবে মোকাবিলা জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে কোনও পদক্ষেপ নেওয়া হয়ন। হাসপাতালগুলিতে গ্রাবস্থা, সেখানে চিকিৎসা ব্যবস্থা ঠিকমতো নেই, খোদ বেলেঘাটার আই.ডি. হসপিটালে ন চিকিৎসা কি হবে, সেখানে তো সংক্রামিত হবার অবস্থা রয়েছে। উপর্যুপরি চিকিৎসা ।, রোগ প্রতিরোধের ব্যবস্থা, বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা ইমিডয়েট করার জন্য একটা ফাল স্কোয়াড করার জন্য যুদ্ধকালীন ভিত্তিতে—আবেদন জানাচ্ছি।

শ্রী শিবপ্রসাদ মালিক: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে দটি কথা বলতে চাই। স্যার আমার নির্বাচনী কেন্দ্র গোঘাট, সেখানকার একটি প্রাম গরিয়া সেখানে ব্যাপকভাবে ম্যালেরিয়া ছড়িয়ে পড়েছে, ওখানকার মানুযের মধ্যে ম্যালেরিয়া র্ন্ একটা ভীতি দেখা দিয়েছে, সেখানে মোট ৫৭ জন মানুষ ম্যালেরিয়া রোগে আক্রান্ত দি, ওরা এক মাসের উপর ভুগছে, এদের তিন সাড়ে তিন-এর উপর জুর উঠছে, তাই স্বাস্থ্যমন্ত্রীর কাছে অনুরোধ করব ব্যাপকভাবে ম্যালেরিয়া রোগ প্রতিরোধের জন্য অবিলম্বে নেওয়া হোক এবং একটি মেডিক্যাল টিম পাঠানো হোক। মশা মারার জন্য প্রতিরোধের করা হোক।

श्री मनोहर हरको कार्य जिल्ला सर मैं आपके माध्यम से विभागीय
महोदय का ध्यान दिलाना चाहता है। वेस्ट वगाल टी गार्डेन एम्पलयमेन्ट
रेशन, चाय वागान के श्रमिक कर्मचारियों का प्रोभीडेन्ट फाँग्ड में ३०
रुपया अभी तक जमा नहीं है। और जो श्रमिक कर्मचारी अवकाश
किये है और कर रहे है उनको जमा पैसा नहीं मिल रहा है।
माथ ही नोर्थ बंगाल स्टेट ट्रान्सपोर्ट कांरपोरेशन में ४ करोड़ ७३

लाख रुपया प्रोभीडेन्ट फन्ड में जमा नहीं हुआ है। अतः में विभागीय में अनुरोध करुगा कि इस ओर उचित ध्यान दे तथा जो श्रमिक कर्म अवकाश ग्रहण करते हैं उनको समय पर रुपया मिल जाय।

### শ্রী সঞ্জীবকুমার দাসঃ (নট প্রেজেন্ট)

শ্রী সৃশীল বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয় একটা গুরুত্বপূর্ণ বিষয় আমি আ মাধ্যমে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র নদীয়া জেলার চাপড়া গদীয়াসুবর্তী এলাকা হাটখোলা, মহাখোলা ও গোওরায় বি.এস-এফের অত্যাচার চরম পৌছেছে। আমরা জানি এর আগেও নদীয়া জেলাতে বি.এস.এফ বিভিন্ন ঘটনা করেছে। এখন যেটা করছে সেটা সম্পূর্ণ নতুন কায়দার। ঐ এলাকায় সংখ্যালঘু মানুষজন যারা তাদের ডেকে ডেকে জিজ্ঞাসা করছে তুমি হিন্দু না মুসলমান। ৬ই ডিসেম্বরের ঘটনার দেশ এমনিতেই একটা উত্তেজনার মধ্যে রয়েছে এইরকম পরিস্থিতিতে যদি ধর্মের কং বলা হয় তাহলে যখন তখন বিপদ হবে। এই গুরুত্বপূর্ণ বিষয়টা আমি রাজ্য সরক্ষ প্রশাসন এবং রাজ্যের স্বরাষ্ট্রমন্ত্রীর মাধ্যমে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করার অনুরোধ করছি। যাতে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয় ও ঐ এলাকায় উচ্চ গ্রুক্সারদের নিয়ে যাতে একটা প্রশাসনিক মিটিং করা যায় সেই ব্যাপারে আপন্য আকর্ষণ করছি।

ভাঃ মানস ভূঁইয়াঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় য়য়৾
দৃষ্টি আকর্ষণ করছি। এটা একটা গুরুত্বপূর্ণ বিষয়। বিষয়টা একটা জেদাজেদির পর্যারে গেছে। পশ্চিমবাংলার সাতটা মেডিক্যাল কলেজ এবং হাসপাতালগুলোতে এখন একটা শশ্ব অবস্থা চলছে। টিকিংসা বানছা একেবারে থমকে দাঁড়িরেছে। এম.বি.বি.এস ছাত্র-ছাত্রীদের পর্যুক্ত আজকে বন্ধ হওয়ার মুখে। সেখানে ক্লাশ প্রায় বন্ধ হওয়ার মুখে। আউটডোর ডিসটার্থ গেছে। আমরা মানছি যারা অপসন দিয়েছে শিক্ষার সঙ্গের যুক্ত থাকবেন তারা থাককে, ব সার্ভিসের সঙ্গে থাকবেন তারা চলে যাবেন। কিন্তু একটা নীতি তো মানতে হবে। র রাতারাতি জেদাজেদি করে মার্কসবাদী, তাত্ত্বিক পভিতের দল ডাক্তারগুলো কংগ্রেম হন্ধে বলে তাড়িয়ে দিয়েছে। মেডিকাল কলেজ থমকে দাঁড়িয়েছে, বর্ধমান কলেজ থমকে দাঁড়িয়াছে, বর্ধমান কলেজ থমকে দাঁড়িয়াছে, তিসে পড়েছে, উত্তরবন্ধ এক কোনে লুকিয়ে আছেন। ডাক্তার চন্দ এখানে মার্তিন জানেন মেডিকালে আজকে পশ্চিমবাংলা অনেক পিছিয়ে গেছে। আউটডোরে কেডাজার নেই। প্রতিহিংসা চরিতার্থ করবার জন্য এই ধরনের পদক্ষেপ আপনারা এহা কর্মেজানি আপনার মাধ্যমে অনুরোধ করছি এটাকে প্রতিহিংসার পর্যায়ে না নিয়ে গিয়ে, মার্ল প্রয়োজনে, শিক্ষার প্রয়োজনে, যান্থোর প্রয়োজনে যান্তে রাজ্যে একটা স্বাছ্যের বাতাবর্রণ হয় তার জন্য আপনারা এই দিকটা পুনর্বিবেচনা কর্মন।

শ্রী শিশিরকুমার সরকারঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে প্<sup>র্ম্ম</sup> দৃষ্টি আকর্মণ করছি। মুর্শিদারাদ জেলায় পাঁচগ্রাম, নবগ্রাম ও লালবাগ শহরের সাম্ভ্রে কের ক্রসিং স্থল পর্যন্ত রাস্তাটার এমন অবস্থা হয়েছে যে জনসাধারণ এখন বলছে, ফিরিয়ে সেই অরণ্যর মতো। পাথর তুলে দিয়ে কাঁচা রাস্তা করে দাও। এমন কি রিক্সা, সাইকেল ন্ত চলতে পারছে না। এই রাস্তাটা মেরামতের জন্য অতি দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য আমি রোধ করছি।

[12-10-12-30 p.m.]

वित्क च्या**प्रस्का** कहा. **ट्राट्ड कांच** कहान छन्। সেই कच्चाङ्गात्रक यथन वननाम य আবদ্ধ করক্ষেলা কেন? তিনি বললেন যে আগের পাওনা কিছু টাকা আগাম না কাল আরম্ভ ক্ষারতে পারব না। আড়াই/তিন বছর কাজ পড়ে আছে। স্টেট ইলেক্সিসিটি র ইটেনমিছিকেশন একং করাল ইলেক্ট্রিফিকেশনের কাজ কি অবস্থায় আছে প্রাম ার লোকেরা হাহ্যকার করছে। কোথাও আর এল আই এর জন্য কোথাও ট্রাপফরমার পুড়ে াব জন্য কোথাও তার চুরি হওয়ার জন্য কাজ পড়ে আছে। একটু আগে শূনদেন ায় সদস্য শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র এবং শ্রীমতী সাবিত্রী মিত্র মহাশয়া বললেন যে মালদাতে ্ব মতো আর.এল.আই. অকেন্ডো হয়ে পড়ে আছে। কোনটা ইলেক্ট্রিসিটির জন্য, কোনটা চরির জন্য পড়ে আছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব এখন তো একটা সাবজেক্ট আর একটা সাবজেক্টে অর্ডার চলে যাচেছ আশ্চর্য নিয়ম করেছেন যে কোনও ডিডের নারি চলবে না, সব ইলৌক্রফিকেশন করতে হবে, ভাল কথা, কিন্তু ইলেক্ট্রিফিকেশন ন যাতে তার চুরি না হয়, ট্রাপফরমার পুড়ে না যায় সেগুলি দেখতে হবে। এখন নিয়ম ন ট্রাল্ফরমার পুড়ে গেলে অর্ধেক টাকা গ্রামের লোককে দিতে হবে। একটা ট্রাল্ফরমার গলে গ্রামের লোককে ১৫/২০ হাজার টাকা দিতে হবে? নিয়মটা এখন কার্যকর হয় মাসের মধ্যে কার্যকর হতে চলেছে। একটা গ্রামে যেখানে একটা ডিপটিউবওয়েল. লিপ্ট চলছে দেখানে ট্রান্সফরমার পুড়ে গেলে—ওভার লোডিং বা হুকিং যে জন্যই -গ্রামের লোককে ২৫ হাজার টাকা তুলে দিতে হবে, তারা কি অবস্থার মধ্যে পড়বে? তেই তো প্রামের লোকে চাঁদা দিতে চায় না, একটা ট্রান্সফরমার পুড়ে গেলে ২৫ হাজার দেওয়া একটা গ্রামের লোকের পক্ষে তো দুঃসাধ্য ব্যাপার। আর.এল.আই. পুড়ে গেলে গনও দিনই মেরামত হবেনা, মেশিনে জং ধরে নট হয়ে যাবে। আর.এল.আই. জ্বল পারে না, চাষীর মুখে হাসি ফোটাতে পারে না। এই অবস্থায় তো গ্রামের লোককে নিয়ে ন। যাই হোক, বলতে বলতে অনেক কথা হয়ে গেল, আমি অন্য প্রসঙ্গ তুলছি না, ভূমি সংস্কারের সম্বন্ধে যখন সুযোগ পাব ঐ বাজেটের দিনে তখন বলব, তবে এই বলছি যে আপনারা তো ভূমি সংস্কারের ভূয়সী প্রশংসা করেছেন এই বাজেটের মধ্যে, াল মহাশয়ের ভাষণের মধ্যে একটা জ্বায়গায় আছে যে আপনারা ভূমি সংস্কার করে দাধন করেছেন, পশ্চিমবঙ্গে এবং গোটা ভারতবর্ষে এত ভাল ভূমি সংস্কার কোষাও ইত্যাদি ইত্যাদি। আমি আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই যে, আপনারা মদি গান দেখেন জাহুদে দেখবেন য়ে ১৬/১৭ বছরের মধ্যে আপনারা এ পর্যন্ত ১২.৬৯ কর সিলিং বহির্ভুত জমি সরকারে খাস করেছেন। আমাদের সময়ে—আমার কাছে া লেখা নেই—ভূমি সংস্কারের বাজেটে বলব ১৯৭৬-৭৭ সালের পরেতে ১২.৬৯ র মধ্যে একটা লারণ শেয়ার ৮/৯ লক্ষ একরের মতো জমি আমাদের সময়ে সরকারে আপনাদের সময়ে এই ১৬ বছরে ৩/৪ লক্ষ একরের বেশি সরকারে বর্তাতে পারে দেজনা আরও মাতে সরকারে কর্তায় আরও বেশি কিছু আপনাদের ক্যাডারদের দিতে -চাকরি দিতে <del>পারছেন না, ব্যাহে</del>র থেকে অর্থ দিতে পারছেন না—জমির সোভ क्लाइन स विकीश अरहाशिकी जिल्ल अप्निष्टि, कार्यकर कराउ भारत बारा कराउक কর সরকারে বর্জাবে। ক্রমি বোৰ। পশ্চিমবঙ্গে চাযথোগ্য জমি কত? ১ কোটি ৩০ क्ति, माछा ठावरपाक व्यक्ति स्वाहर बाठा देनामहिक तावाद नय, यह हानादन छह

[ 29th March,

বাড়বেং জনি ক্রমণ ক্রমছে, কর্ম কেনং কোথাও নর্তুন ক্রান্তা হচ্ছে, কোথাও নতুন হচ্ছে, কতুন লোক বসতি ইচ্ছে সেজন্য আন্তে আন্তে চাষ্ট্রোগ্য জনি করছে। ত মার্কসীয় নীতি কি বলেং সমস্ত মানুষের মধ্যে বনি ৭০ ভাগ মানুষ্ঠ প্রামে বাস করে পরিসংখ্যান দিয়ে ভারাক্রান্ত করতে চাই না—চাষ্ট্রোগ্য জনি যা আছে তার সমন্ত সরকারে বর্তায় এবং তা যদি সব মানুষের মধ্যে সমানভাবে ভাগ করে দেন তাহতে মাথাপিছু এক বিঘা জমিও পাবে না, এক বিঘার ক্রম পাবে।

# [2-30-2-40 p.m.]

আপনারা যদি মনে করেন এই যথেষ্ট তাহলে আমি বলব, আপনাদের আ
আনে বলে কিছু ভগবান দেননি। অবশ্য ভগবানে আপনারা বিশ্বাস করেন না। কি
নতুনভাবে বিবেকানন্দ, রবীন্দ্রনাথকে শারণ করছেন, ভগবানকেও শারণ করছেন। এ
কথা। কিছু এই যে এক বিঘার কম জমি যাদের দিচ্ছেন তাতে তাদের সংসার চল
সূতরাং এই আমূল ভূমি সংস্কার করে আপনারা পশ্চিমবঙ্গে বেকার সমস্যার সমাধান
এই তথ্য তত্ত্বগতভাবে ভূল। এটা আমি বিশ্বাস করি না। এটা ভূল বোঝাবার রাং
কিছু নয়।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার সময়ের অভাব, তাই আমি আর বিশেষ দ্দি না। তবে যতটুকু বলেছি আমাদের দলের পক্ষ থেকে তাতে সাগ্লিমেন্টারি গ্রান্টকে ফ করবার কারণগুলি যথেষ্ট দেখানো হয়েছে। তাই আমাদের দলের থেকে যে কট এসেছে তাকে সমর্থন করে শেষ করছি।

প্রী শান্তন্ত্রী চট্টোপাধ্যায় ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় অর্থমন্ত্রী : ৯৩ সালের সাপ্লিমেন্টারি প্রাণ্ট মঞ্জুরের দাবি যা এই সভায় উপস্থাপন করেছেন <sup>তারে</sup> সমর্থন করে দুই-চারটি কথা বলব। এই বিষয়ে আলোচনার বাবার আগে আমাদের <sup>বিরোধ</sup> মাননীয় সদস্য শ্রী অতিশ সিনহা মহাশয় একটা অন্য বিষয় যা এই সভায় উ করেছেন সে সম্বন্ধে বলছি। তিনি উত্তরটা শুনতে পেলেন না। ব্যক্তিগতভাবে তিনি नन-जिक्नात, किन्त मितियामिन नन-कश्चनान। তবে আমাদের মনে প্রশ্ন জেগেছে আন্তর্কে এই কংশ্রেস দল ভারতবর্ষে সবচেয়ে প্রার্টীন পার্টি, আমরা যাদের বলি বুর্জোরা ত্রেণীর দল, যে পার্টির ঐতিহ্য ছিল সাম্প্রদায়িকতার বিরুদ্ধে লড়াই করার, <sup>রে</sup> মৌলানা আবুল কালাম আজাদ লিখে গেছেন ইন্ডিয়া উইনস ক্লিডম', আজকের <sup>রে ব</sup> দল তারা কি সভ্যি সতিটে লড়াই করছে সাম্প্রদায়িক শক্তির বিরুদ্ধে, নাকি ভারতবর্গ ক্ষমতার থাকবার জন্য কবনও হিন্দু মৌলবাদীদের সঙ্গে, আবার কথনও মুসলিম মৌল সঙ্গে আপোষ করে গোটা ভারতবর্ষের রাজনৈতিক জীবনকে কলুবিত করে তুলছেন শক্তিমবন্স তথা ভারতবর্বে কামপন্থীরা কংগ্রেসের সাটিফিকেট নিম্রে সাম্প্রদায়িকটার সভাই করছে না, ভারতবর্বের ইতিহাসে কমিউনিস্টরা প্রমাণ করে নিয়েছেন বে, <sup>তানো</sup> ক্রানিরপেক অসাত্রদায়িক শক্তি পৃথিবীতে আর নেই। আমরা গর্বিত, পশ্চিম্বর্তে আই বারপদ্ধী শক্তি শক্তিশালী বলে এখানে সাম্প্রানয়িক শক্তি মাথা উচু করে তুলা

# র দরার केञ्चरक চলছে না এই কথা আমি দৃঢ়তার সঙ্গে বলতে চাই।

ননীয় উপাধ্যক্ষ মহাশয়, আক্ষকের যে আলোচনা সেই প্রসঙ্গে এবারে আমি আসছি। টা সাংবিধার্কিক দায়, বিধানসভায় যখন কোনও সাপ্লিমেন্টারি ডিমান্ড হাউসে পাস হবে, অনুমোদন দিতে হবে, তখন সেই সাপ্লিমেন্টারি গ্র্যান্টের যে আলোচনা করি ামগ্রিকভাবে সরকারের নীতিটা আলোচনার বিষয় হয়ে যায়। যদিও মাত্র কয়েক দিন জ্যে সরকারের পক্ষ থেকে যে বাজেট উপস্থাপিত হয়েছে তার উপর সাধারণ আলোচনা করেছি। আগামী কয়েক দিন ধরেও প্রতিটি দপ্তরের ব্যয়-বরাদের উপর যখন বিস্তারিত না হবে তখনও আমরা বলবার স্যোগ পাবো। কিন্তু এই সাপ্লিমেন্টারি প্রান্টের আমাদের গোটা রাজ্যের অর্থনৈতিক পরিস্থিতির আলোচনা করার স্যোগ পেয়েছি. না করার স্যোগ পেয়েছি। খুবই স্বাভাবিক কারণে আমাদের দৃষ্টিভঙ্গি, আমাদের কথা আপনার মাধ্যমে আমি এই হাউসে উত্থাপন করতে চাই। মাননীয় উপাধ্যক্ষ অতীশবাব বললেন যে আমাদের এই সরকার হচ্ছে মাইনে দেবার সরকার। এছাডাও কিছ কিছ মন্তব্য তিনি করেছেন, আমি সেই বিষয়ে যাচ্ছিনা। তবে ভারতবর্ষের যে রাজ্যে যে সরকার থাকবে তাদের এটা কমিটমেন্ট, সরকারি কর্মচারী যারা আছেন. প্রতি সরকারের একটা দায়বদ্ধতা আছে, তাদের বেতন দেবার ব্যবস্থা করবেন কি না. এটা সরকারের প্রথম কাজ। ভারতবর্ষের বেশ কিছ রাজ্যে গত এক বছর ধরে লক্ষ্য করছি যে যেখানে কংগ্রেস শাসিত রাজ্য আছে. যেখানে বি.জে.পি শাসিত রাজ্য দখানে সরকারি কর্মচারিরা সময় মতো বেতন পেলেন না। সরকারি কর্মচারী. শিক্ষকরা. রকারি কর্মচারিরা খুবই অসুবিধায় পড়েছিলেন। কিন্তু পশ্চিমবঙ্গ একটা রাজ্য যেখানে দশে একটা প্রচন্ত অর্থনৈতিক সম্কট চলছে, যে সম্কট একটা ভয়াবহ রূপ ধারণ ্যে সঙ্কট থেকে আমাদের পশ্চিমবঙ্গ মক্ত নয়, সেখানে আমরা এইটুকু নিশ্চিত পেরেছি যে আমাদের রাজ্যের সরকারি কর্মচারিদের বেতনের জন্য অন্য রাজ্যে যেভাবে চাষ করে বসে থাকতে হয়, আমাদের এখানে সেইভাবে থাকতে হয়না। তাদের জন্য নিশ্চিত ব্যবস্থা—সেটা বাইরে থেকে ধার করেই হোক, বা অন্য ভাবেই হোক, এই করেছেন। সেজন্য এই সরকারকে ধন্যবাদ জানানো উচিত ছিল। আজকে আমাদের র্ষ এক অভূতপূর্ব সম্ভটের মধ্যে দিয়ে চলেছে, এটা আমরা সকলেই স্বীকার করেছি। गांद्र जामारमत्र शुंख्रेस्म वात्रवात् जालाठना श्दारहः, वरिहत्व जालाठना श्दारहः। क्दाक्मिन শ্রের বড়বড় অর্থনীতিবীদরা এই দেউলিয়া সরকারের মতিগতি প্রকাশ করেছেন। আমরা কাগজে দেখেছি যে দক্ষিণ ভারতের একজন বিশিষ্ট অর্থনীতিবিদ, যার চিন্তার <sup>নপ্</sup>ছীদের চিন্তা এক নয়, তিনি বলেছেন যে অর্থনৈতিক পুনর্গঠনের নামে, দেশকে কে মুক্ত করার নামে কেন্দ্রীয় সরকার যে পদক্ষেপ নিয়েছেন তা পুনর্বিবেচনা করা । কারণ তার ফলটা আমাদের দেশের সাধারণ মানুষের কাছে পৌছায়না। আমাদের গ্রীয় সরকারকে যে বা**জে**ট পেশ করতে হয়েছে, এ নিয়ে অনেক প্রতিক্রিয়া আছে ট নিয়ে লোকসভায় আলোচনা হয়েছে। পশ্চিমবাংলায় তার তাৎক্ষণিক অনিশ্চয়তার ছিয়ে স্টেম্যান কার্যক্ষের পক্ষ প্রেকে ভারতবর্ষের একজন জ্বিস্ট ননী পালকিওয়ালা আলোচনা কলে কিনি স্থাক সকলত ব্যক্ত করেন। তিনি বে শ্রেণী গোষ্ঠীর স্থারা

পরিচালিত সেই শ্রেণী স্বার্থের বক্তব্য তার বক্তৃতায় প্রতিফলিত হয়েছে। তিনি বলেছি ১৯৯৩-৯৪ সালের বাজেট হজ এ হারবিনজার অব হোপ। কি আলো দেবে আমি: পারছিনা। তারপরে তিনি সার্টিফিকেট দিয়েছেন যে ডঃ মনমোহন সিং ইজ নট এ পলিটি তিনি কংশ্রেসের দ্বারা মনোনীত হয়েছেন। হি হাজ বিকাম এ মিনিস্টার বাই হির মেরিট। তার নিজের যোগ্যতায় তিনি মন্ত্রী হয়েছেন। হি ইজ এ টেকনোক্রাট। এখানে পলিটি এবং টেকনোক্রাটের ব্যাপার নয়। আন্তর্জাতিক অর্থভান্তার, বিশ্ববাদ্ধ, ডাংকেল প্রস্তাবকে ফা গোটা ভারতবর্ষের সার্বভৌমত্ব এবং ভারতবর্ষে স্বাধীনতাকে বিনস্ট করে তুলেছে এ শ্রুদ্ধের বিনয়দা বসে আছেন, যারা এক সময়ে জীবন দিয়ে যাধীনতার জন্য লড়েছিলেন পরবর্তীকালে ভারতবর্ষকে ভালভাবে গড়ে তোলার জন্য চেটা করেছেন। আজকে প্রশ্ন সি আর একবার স্বাধীনতার জন্য আন্দোলন করতে হবে কিনা? আজকে ক্রি আই.এম.এফ-এর পক্ষ থেকে যে শর্তগুলি আসছে তার উপরে দাঁড়িয়ে কেন্দ্রীয় সরু অর্থনীতি এবং তার একটা প্রভাব সমস্ত রাজ্যগুলির অর্থনীতিতে প্রতিফলিত হত্তে

# [2-40-2-50 p.m.]

একটা উপমা দিই। মাননীয় উপাধাক্ষ মহাশয়, গোটা ভারতবর্য যদি একা পুকুর হয় সেই পুকুরে অনেকগুলি ঘাট আছে। তার মধ্যে অনেকগুলি ঘাটের জল । হয়, বিষাক্ত হয় তাহলে পশ্চিমবাংলা নামক যে ঘাটে আছে বিরাট পকরের ম **ঘাটের জল সব সময় শুদ্ধ থাকতে পারে না, সেই জল** খানিকটা বিযাভ হ এইরকম একটা কঠিন অর্থনৈতিক অবস্থার মধ্যে আমরা আমাদের রাজ্যে বাং আলোচনা করছি, সাপ্লিমেন্টারি গ্রান্ট প্রস্তাব করছি। আমাদের রাজ্যের প্রাক্তন অর্থমন্ত্রী, হ একজন অতি বিখ্যাত অর্থনীতিবিদ ডাঃ অশোক মিত্রের প্রবন্ধ থেকে উল্লেখ কর্মঃ! প্রলয়ের লগ্ন অত্যাসন্ন আমাদের দিল্লিস্থ সরকার এখন পরোয়ানীন এর চেয়ে নির্ল চেয়ে অধিকতর শ্রেণী স্বার্থসর্বস্ব বাজেট স্বাধীনতা উত্তর ছেচল্লিশ বছরে কখনে পেশ নি। বড় লোকেরা খাবে পরবে, গরিব মধ্যবিত্তরা মারা পড়বে আর দেশটাকে <sup>হি</sup> হাতে বিক্রি করে দেওয়া হবে, ১৯৯৩-৯৪ সালের কেন্দ্রীয় বাজেটের এই তিনটি 🥸 সরকারের জয়ধ্বনি না করে কোথায় পালাব আমরা?" মাননীয় উপাধাক্ষ <sup>মর্গে</sup> অবস্থার উপর দাঁড়িয়ে আমাদের রাজ্যে ১৯৯৩-৯৪ সালের যে সাপ্লিমেন্টারি 🛒 মঞ্জুরি দেব, তাকে সমর্থন করব কি করব না এটা বিবেচ্য বিষয়। প্রথমে <sup>হা</sup> ভূমিসংস্কার সম্বন্ধে। অতীশবাবু ভূমির বিষয়ে অনেক বেশি জানেন, আমার এ<sup>ক ফুর্না</sup> নেই, ভূমি সংক্রান্ত বিষয়ে গভীরে জানবার সুযোগ নেই। কিন্তু গণতান্ত্রিক আ<del>শোল</del> হিসাবে অনুভব করেছি আমাদের দেশে মৌলিক ভূমিসংস্কার না হয়, আমূল ভূ<sup>মিস</sup> হয় তাহলে উন্নয়নের যে বিকন্ধ পথের কথা ভাবছি, আন্তর্জাতিক পুঁজির <sup>উন্নয়নশী</sup> উন্নতির ফল যেটা চুঁইয়ে চুঁইয়ে পড়বে, পারশোলেট করবে তার ছিটে <sup>ফোঁটা ট</sup> আমরা পাব, কিন্তু সমস্যার সমাধান হবে না।

আমাদের দৃষ্টিভঙ্গির সঙ্গে কংগ্রেসের দৃষ্টিভঙ্গি, বি.জে.পি-র দৃষ্টিভঙ্গির  $^{\eta 5}$  মৌলিক পার্থক্য আছে। আমরা মৌলিক ভূমিসংস্কার বলতে বর্তমানে যে ভূ $^{\Pi 78\%}$ 

্দাবি করি না, মৌলিক ভূমিসংস্কার বলতে আমরা বৃঝি পুঁজিবাদী সামস্ততান্ত্রিক রনের হাত থেকে সমস্ত জমি বিনা ক্ষতিপ্রণে বার করে এনে সেই জমি গরিব কৃষক, র ক্ষক যারা স্বিভ্যাকারের চাষ করে তাদের বিতরণ করতে হবে। আমাদের বাংলায় সর একজন প্রবীণ নেতা, সর্বভারতীয় রাজনীতিতে একজন বিশিষ্ট নেতা প্রয়াত প্রফুল এতাশরের বক্তব্য উল্লেখ করছি। উনি পশ্চিমবঙ্গের যুক্তফ্রন্ট সরকারকে বলেছিলেন জমি নাঙ্গল তার হওয়া উচিত, আপনারা যে ভূমিসংস্কার করছেন তার মধ্যে দিয়ে প্রকত স্তার হচ্ছে না। আমরা জানি আমরা যে ভূমিসংস্কারের কাজ করছি আমাদের ভূমিসংস্কারের ক যে দৃষ্টিভঙ্গি সেই দিকে আমরা যেতে পারছি না। এই সমাজ ব্যবস্থা পরিবর্তনের ংগ্রাম, এই ব্যবস্থা ভেঙ্গে নতুন ব্যবস্থা আনার যে সংগ্রাম, বৈপ্লবিক পরিবর্তন ঘটানোর ংগ্রাম. ভারতবর্ষের শ্রমিক কৃষক এবং মেহনতি মানুষকে ঐক্যবদ্ধ করে সংগ্রামে অবিচন্স একটা রাজ্য সরকারের পক্ষে সম্ভব হচ্ছে না। বর্তমান আইনের মাধ্যমে যা যা করা তা আমরা করার চেষ্টা করেছি। অতীশবাবু জানেন, উনি তখন মন্ত্রী ছিলেন, ১৯৭৩ কেন্দ্রীয় সরকার কৃষি সম্পদের উপর পরিকল্পনা কাঠামোর টাস্কফোর্স কি বলেছিল। আমি সেই বক্তব্যটাই উদ্ধত করে দিচ্ছি। কেবলমাত্র অনমনীয় এবং দ্বার্থহীন রা**জনৈতিক** হার দ্বারা অন্যান্য অনেক দোষক্রটি বিপত্তি কাটিয়ে ওঠা যেত। এই সদিচ্ছার অভাবে ন্য বাধাও ভারতে ভুমি সংস্কারের ক্ষেত্রে দরতিক্রম প্রতিবন্ধক হয়ে উঠে দাঁভাল। যাঁরা বছর দিল্লিতে ছিলেন, এখনও আছেন, তাঁদের ভূমি সংস্কারের রাজনৈতিক সদিচ্ছা নেই। জন্য ভারতবর্ষের মূল যে সঙ্কট তা আরও ঘনীভূত হয়েছে। তার ফল গোটা ভারতবর্ষের ভোগ করছে, আমরা ভোগ করছি। ১৯৯১ সালের জানুয়ারি পর্যন্ত ১২.৬২ লক্ষ কৃষি সরকারের ন্যস্ত হয়েছে। সারাদেশে যে পরিমাণ জমি ন্যস্ত হয়েছে, পশ্চিমবঙ্গে সেই ন্যস্ত । পরিমাণ এক ছয় শতাংশের বেশি। ৯.১২ লক্ষ একর জমি ২০ লক্ষ ভূমিহীন কৃষকের বিলি হয়েছে। ১৪.৬৯ লক্ষ সরকারি জমি তফসিল জাতি ও আদিবাসী, যাদের মধ্যে াল জাতি বর্গাদারের সংখ্যা ৪.৪৬ লক্ষ এবং তফসিল উপজাতি ১.৪৪ লক্ষ এবং ন্য ৮.১৯ লক্ষ এদের মধ্যে বিলি করা হয়েছে। আমাদের এই রাজ্যের একজন প্রবীণ এ-এস. অফিসার, যিনি সম্ভবত এখন রিটায়ার করেছেন, তাঁর প্রকাশিত একটি ু<sup>-'তেভাগা থেকে অপারেশন বর্গা'—আমার পডার সৌভাগ্য হয়েছিল। তাতে তিনি</sup> ছিলেন, একজন সরকারি অফিসার, তাঁর নাম দেবব্রত বন্দ্যোপাধ্যায়, শ্রেণী স্বার্থের তাগিদে ামরা করতে চাই ভূমিসংস্কার-এর ক্ষেত্রে, সেখানে আমাদের চিন্তার মধ্যে, চেতনার মধ্যে 🖠 যাধা রয়ে গিয়েছে সরকারি পর্যায়ে. সেই বাধাকে অতিক্রম করতে গেলে আমাদের <sup>ছর</sup> সঙ্গে মিলে কাজ করতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনি জানেন, বহুবার এই হাউসে রেফার্ড হয়েছে। একজন গান্ধীবাদী নেতা, ভোলা পাশোয়ান শান্ত্রী, পশ্চিমবঙ্গে বলে গিয়েছেন, 'আমি যদিও গান্ধীবাদী, কিন্তু পশ্চিমবঙ্গের মার্কসবাদী সরকার ভূমি রের ক্ষেত্রে, ডফসিল জাতি, উপজাতিদের ক্ষেত্রে, ভূমি বন্টনের ক্ষেত্রে যে পদক্ষেপ 🧏 তাকে আমি ধন্যবাদ না জানিয়ে পারিনা, তাকে অভিনন্দন না জানিয়ে পারি না।' এই পশ্চিমবঙ্গের রেকর্ড। পশ্চিমবঙ্গের তৃতীয় ভূমি সংস্কার-এর যে বিল আমরা গাঠিয়েছিলাম, <sup>ত কেন্দ্রীয়</sup> সরকারের সম্মতি আনতে দশ বছর লেগে গেছে। যার জন্য এই রাজ্যের দের সংগ্রাম করতে হয়েছে, বারবার বলতে হয়েছে। আমরা যখন সম্মতি পেলাম, তার

মধ্যে দেখলাম ২২ লক্ষ ৮০১ একর জমি আমরা সরকারে ন্যস্ত করতে পেরেছিলাঃ সীমাবন্ধ আইনের মধ্যে দিয়েও এটা পেরেছিলাম। ভূমি সংস্কার আইনের সাফল্যের ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গের স্থান শীর্ষে। প্রধানমন্ত্রী যখনই রাজ্যের মুখ্যমন্ত্রীদের নিত্তা করেন তখন এটা দেখা গেছে যে পশ্চিমবঙ্গের স্থান এক নম্বরে। এই রাজ্য সীমিত হা ক্ষমতার মধ্যে থেকেও সবচেয়ে বেশি কৃতিত্ব দাবি করতে পারে, সবচেয়ে বেশি গ্ল করতে পারে। তার কারণ এই সরকারের রাজনৈতিক একটা সদিচ্ছা আছে যার প্রকর্ম ভূমি সংস্কারের কাজের মধ্যে দিয়ে। ১৬ বছর এই রাজ্যে বাময়ন্ট সরকার ক্ষমতায়। তার ফল কি দাঁডিয়েছেং ১৯৭৭ সালে আমরা যখন সরকারে এসেছিলাম তখন 🖦 দারিদ্র সীমার নিচে বসবাসকারী মানুষের সংখ্যা ছিল ৫২.২ ভাগ। তখন সমগ্র দেক্ত ছিল ৪৮.৩ ভাগ। অর্থাৎ পশ্চিমবঙ্গে এই সংখ্যা একটু বেশি ছিল, সর্বভারতীয় দ্ব থেকে একটু বেশি ছিল। ১৯৮৭-৮৮ সালে পশ্চিমবঙ্গে দারিদ্র সীমার নিচে বসন্ত মানুষের হিসাব ছিল ২৭.৬ শতাংশ। তখন সমগ্র দেশে হিসাব ছিল ২৯.৯ শতাংশ। ম উপাধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গে কৃষি জমির প্রায় ৬০ শতাংশের মালিকানা রয়েছে छ প্রাম্ভিক কৃষকদের হাতে। ভূমি সংস্কারের মাধ্যমে আমরা এটা করতে পেরেছি यहाँ উৎপাদনের ক্ষেত্রে অগ্রগতি ঘটেছে। খাদ্যশস্য উৎপাদনের ক্ষেত্রে ১৯৭৬-৭৭ সালে গাঁ খাদ্য উৎপাদন হয়েছিল ৭৪ লক্ষ টন।

# [2-50-3-00 p.m.]

সপ্তম পরিকল্পনায় পশ্চিমবঙ্গের লক্ষ্যমাত্রা ছিল ১০৫ লক্ষ টন এবং উৎপাদন ই ১১৮ লক্ষ টন। সর্বকালের রেকর্ড সৃষ্টি করেছে, এটা কি সাফল্য নয়? পশ্চিমবঙ্গের সরকারের এই সাফল্যর চাবিকাঠি ভূমি সংস্কারের মধ্যে দিয়েই সম্ভব হয়েছে। শুধু র্জ বা মানুষকে যুক্ত করাই নয়, তার মধ্যে দিয়ে খাদ্যোশস্য উৎপাদন বৃদ্ধি পেয়েছে। অতীশবাবু বললেন যে, পশ্চিমবঙ্গে জওহর রোজগার যোজনার সব কাজ কর্ম ক রয়েছে। ১৯৮২-৯৩ সালের একটি হিসাব দিয়ে বলেছেন যে ৫৮০ লক্ষ শ্রম 🔯 হয়েছে। আমরা জানি দেশে একটা বিরাট আর্থিক সঙ্কট চলছে, টাকা সব জায়গায় দি পৌছায় নি এবং অনেক অসুবিধাও আছে। কিন্তু তার মধ্যে থেকেও পশ্চিমবঙ্গে<sup>র</sup> গর্বের বিষয়। আমাদের পঞ্চায়েতের নির্বাচন ৩০শে মে ধার্য হয়েছে এবং তার প্র<sup>ক্তি</sup> হয়ে গেছে। পংগয়েতি নির্বাচনে পশ্চিমবঙ্গ ৪ বারই দৃষ্টান্ত স্থাপন করেছে। <sup>এই নির্</sup> মাধ্যমে গ্রামের সাধারণ মানুষকে প্রতিনিধিত দিয়ে উন্নয়নের কাজের সঙ্গে যুক্ত <sup>করা ই</sup> এই বছরে শিভিউল কাস্ট এবং শিভিউল ট্রাইবস এবং মহিলাদের আসন সং<sup>রক্ষণের 1</sup> করা হয়েছে। আমাদের এই পঞ্চায়েতি নির্বাচন ভারতবর্ষের মধ্যে একটা দৃষ্টান্ত স্থাপন <sup>র</sup> প্রয়াত রাজীব গাদ্ধী পঞ্চায়েত নিয়ে আলোচনা প্রসঙ্গে উ**লে**খ করেছিলেন <sup>যে পশ্চি</sup> পঞ্চায়েতি ব্যবস্থা একটা বিশেষ সাফল্য অর্জন করেছে। ১৯৭৮ সালে যে প<sup>ঞ্চায়েত</sup> বি হয়েছিল তাতে কংগ্রেসই হোক, সি.পি.এম বা ফরোয়ার্ড ব্লক বা যে কোনও দলই <sup>প্রক্রি</sup> করুক না কেনু তাতে সামাজিক চরিত্রটা কি দেখা গেছে—১৯৭৮-৭৯ সালে ১০০ পঞ্চায়েতের সমীক্ষা করা হল, তাতে দেখা গেল যে পঞ্চায়েত প্রতিনিধি যে

ন তারা সবা**ই কু**দ্র ও প্রান্তিক চাষী। ওই ক্ষুদ্র ও প্রান্তিক চাষীরাই নির্বাচিত হয়ে ন। এর মধ্যে ২ একরের কম জমির মালিক ৪২.৯ শতাংশ, দুই থেকে ৫ একরের মালিক ২৮.২ শতাংশ, ৫ থেকে ৮ একরের জমির মালিক ১৩ শতাংশ এবং ৮ ১০ একরের জমির মালিক ৮.১ শতাংশ। আর ১০ এর বেশি ৭.৮ শতাংশ, এরাই মান্যদের প্রতিনিধিত্ব করেন এবং পঞ্চায়েতের প্রতিনিধি। ভারতবর্ষের অন্যান্য রাজ্যে ব্র ১৪টি রাজ্যে ২৫টি ব্লক পঞ্চায়েতের সমীক্ষা করে দেখা গেছে যে, ৮৮,৯ পঞ্চায়েত এবং ৯৫.৭ শতাংশ পঞ্চায়েত প্রেসিডেন্ট *হচে*ছন জমিওয়ালা মালিক শ্রেণীভূ**ক লোকেরা।** বড বড জমির মালিক এবং এরাই পঞ্চায়েতে নীতি নির্ধারণ করেন। আজকে গ্রামবাংলার নংস্কারের ফলে আমূল পরিবর্তন ঘটেছে এবং মানুষ আজকে বিভিন্ন কাজে যুক্ত হয়ে ন। সামাজিক বনসৃজনের মধ্যে সাধারন গ্রামের মানুষকে এর সাথে যুক্ত করা হয়েছে তার মধ্যে দিয়ে এর অগ্রগতি ঘটেছে। সেই কারণে আজকে পশ্চিমবঙ্গে সঙ্কটের মধ্যে আমরা উন্নয়নের পথে এগিয়ে যাচ্ছি। আমরা সম্পদ সংগ্রহে রেকর্ড স্থান অধিকার পেরেছি এবং নাইনথ ফিনান্স কমিশনে তা লেখাও আছে। আমরা আশা করছি চতর্থ নও জয়যুক্ত হয়ে আসব। কংগ্রেসের আমলে যেখানে পঞ্চায়েত নির্বাচন বলে কিছু ছিল ামরা আসার পরে তার একটা বাস্তব রূপ দিতে পেরেছি এবং গ্রামের মানুষকে তের মধ্য দিয়ে যুক্ত করতে পেরেছি। পশ্চিমবঙ্গে ১৯৬৩ সালে যখন যুক্তরাষ্ট্রীয় া গঠিত হয় তখনই ভূমি কেন্দ্রিক সংগ্রাম শুরু হয়। সেই সময় কেন্দ্রের স্বরাষ্ট্রমন্ত্রীর ং ওয়াই বি চবন, তখন সবুজ বিপ্লবের সঙ্গে ভারতবর্ষের যারা বড় লোক জোতদার র যারা ছিলেন তারা বলেছিলেন সবুজ বিপ্লব সবুজ থাকবে না, তা একদিন রক্তাক্ত হবে। যদি ভূমিসংস্কার বিপ্লবে না হাত দেওয়া হয়। আমরা পশ্চিমবাংলার শ্রমিক জন্য যে কাজ করেছি তার জন্য আমরা গর্ববোধ করি, তার জন্য সাগ্লিমেন্টারি আমরা সমর্থন করছি, এই বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্বী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে সাপ্লিমেন্টারি এনেছেন এটা আমি সর্বান্তকরণে সমর্থন করছি। এটা সাধারণভাবে একটা চিরাচরিত দন্যায়ী কিছু কিছু টাকা লেনদেন করতে হয় সেই টাকার বাতেট এখানে উত্থাপিত হয়, সেই অনুযায়ী ১৬৭৮ কোটি টাকা এখানে চাওয়া হয়েছে তার মধ্যে চার্জ হছেছ কোটি টাকা, এর সঙ্গে ভোটের কোনও প্রশ্ন নেই। আমাদের এখানে ৬৮০ কোটি টাকা রতে হবে, এটা সাধারণত করতে, সব সরকারই করেছেন, অতীশবাবুরা যখন ছিলেন ওনারা বেশি করে করেছেন। যাইহোক এটাকে আমরা সর্বান্তকরণে সমর্থন করছি। বলছি এটার সমালোচনা করার কিছু নেই। অতীশবাবু দু-একটি কথা বলছিলেন র্যবান্তমে, রাজ্য সরকারের আয় সীমিত, তাদের এমবার্গো থাকা তো স্বাভাবিক কথা, কন্দ্রীয় সরকার যায়া সমন্ত রাজ্য থেকে টাকা তুলে নিয়ে চলে যাছেছ ওখানে এবং বিচ করছেন সেখানে দেখা যাছেছ সেই কেন্দ্রীয় সরকারেরও এমবার্গো রয়েছে। পোস্ট লিকে করিছন নতুন লোক নিয়োগ করা হছেছ না, পোস্ট অফিসে সেভিংস করিছন নেই কোনও নতুন লোক নিয়োগ করা হছেছ না, পোস্ট অফিসে সেভিংস করেন দেখবেন ফার্স্ট ক্লাশগুলিতে কি অবস্থা, আজকে কোনওখানে কোনও লোক

[ 29th March

নিয়োগ করা হচ্ছে না, কোনও কাজ হচ্ছে না। কোনও নতুন পোস্ট অফিস বে না, রেলের কোনও উন্নয়নমূলক কাজে লোক নিয়োগ হয়েছে, এটা হয়নি। আদে সরকারের দিকটা দেখে তারপর তো রাজ্য সরকারের দিকটা দেখল ভাল হত। বললেন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের প্লু দিয়ে নাম নেওয়া হয়েছিল না। ওদের আমলে অব নেওয়া হয়েছিল, ওদের আমলে যা নেওয়া হয়েছিল তার কোনও প্রোডাকশন হয় বরকত সাহেবের সঙ্গে ছিলেন তাদের ক্যাবিনেট সাব কমিটিতে রেখে ৫।১০ হাছ দিয়ে আগবয়েন্টমেন্ট হত। আমরা মালদায় দেখেছি লোকের বসবার জায়গা নেই, আগবয়েন্টমেন্ট হয়ে গেছে। নর্থবেঙ্গল স্টেট ট্রান্সপোর্টে দেখেছি মেকানিকের জায়গায় আল হছ্ছে কেরানিতে, এই আনপ্রোডাকটিত আগবয়েন্টমেন্টের ফলে সমস্ত জায়গায় আমা রান করছে। ইলেক্ট্রিসিটি বোর্ডে বহু লোকের আগবয়েন্টমেন্ট হয়েছে সমস্ত বাবুদের হ টানতে পারেনা, তাদেরকে ট্রান্সফার করলে আন্দোলন করছে, এই হচ্ছে অবয়ু। বিলছি এই বেকার সমস্যার দায়িত্ব কেবলমাত্র আমাদের রাজ্য সরকারের নয়।

# [3-00-3-10 p.m.]

ইন্দিরা গান্ধী বললেন গরিবি হটানো, রাজীব গান্ধী বললেন বাড়িতে বাড়িতে **একজনের চাকরি দেব। আজকে কি তাদের চাকরি হচ্ছে? তাহলে** এই রাজ্য সরু করে তাদের চাকরি দেবে। সেলফ এমপ্লয়মেন্টে টাকা ব্যাঙ্কগুলো দেবে না। অতীশক্ বলেছেন সেটাকে আমি একশ ভাগ সমর্থন করি। সেলফ্ এমপ্লয়মেন্টের টাকা বেকার 🏾 পাছেছে না। ব্যাঙ্ক সময় মতো টাকা ফেরত পাছেছ না বলে তারা টাকা দিছে না গ দোষ করবে, আর আরেকজন তার জন্য টাকা পাবে না সেটা ঠিক নয়। আজকে औ ় স্টেট ইলেক্ট্রিসিটির লসের কথা বলেছেন। উনি সব জানেন, আমার থেকে র্বেদ পণ্ডিত লোক। স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডের লসের কারণটা কি? সি.ই.এস.সি ই এলাকাগুলোতে কাজ করে. আর ডব্ল.বি.এস.ই.বি গ্রাম এলাকায় কাজ করে। সূ লসটা তো দেশের স্বার্থে নিতে হবে। আজকে উনি ট্রান্সফর্মারের কথা বললেন। ট্রান্ জন্য সেখানকার লোকদের টাকা দিতে হবে। উনি বোধহয় অনেক দিন গ্রামে যাননি। দয়া পরবেশ হয়ে এখনও পর্যন্ত সেই টাকা আদায় করেননি। আজকে এই সরকারে নেগলেকটেড জায়গাগুলির উন্নতি হয়েছে। আজকে জেলখানাগুলোর অত্যন্ত উন্নতি আগামী দিনে পঞ্চায়েত নির্বাচনের ফলাফলই বলবে আমাদের কাজ ভালো হয়েছে ন -হয়েছে। তবে সব কাজ আমাদের ভালো হয়েছে সেকথা আমরা বলিনা। রাঞ্জী পশ্চিমবাংলায় এসে বলেছিল, ভারতবর্ষের মধ্যে একমাত্র পশ্চিমবঙ্গের পঞ্চায়েতং কাজ করেছে। আমাদের পার্শ্ববতী কংগ্রেস শাসিত যে সমস্ত রাজ্যগুলো আছে <sup>সেই</sup> এইরকম পঞ্চায়েত নির্বাচন হয়। অতীশবাধুর কাজ হচ্ছে সমালোচনা করা তাই উনি <sup>সম</sup> করলেন। তবে এই বাঙ্গেট বরাদ্দকে সমর্থন করে আমি কয়েকটি কথা নিবেদন <sup>কর্তে</sup> একটা কথা আমি আগৈও বলেছি এখনও বলছি। এই বাজেটে সব হয়েছে, <sup>কিন্তু ক</sup> এবং দক্ষিণবঙ্গের মধ্যে যে পার্থক্য সেই পার্থক্য থেকেই যাচেছ। উত্তরবঙ্গের <sup>রোগ</sup> বঞ্চিত হচ্ছে, অবহেলিত হচ্ছে। উত্তরখণ্ডের লোকেরা আজকে বঞ্চিত হচ্ছে।

আজকে বোরোল্যান্ড, জি.এন.এল.এফ আন্দোলনের উৎপত্তি হচ্ছে।

্মানস উ্টয়াঃ স্যার সাপ্লিমেন্টারি প্লান্টস নিয়ে আলোচনা হচ্ছে এবং একজ্ঞন মাত্র মানে উপস্থিত আছেন।)

ার, উত্তরবঙ্গের মানুষের মনে যে একটা ভাব ঢুকিয়ে দেওয়া হচ্ছে .....

্যাঃ মানস স্টুইয়া এই সময় সন্তায় মন্ত্রীর উপস্থিত থাকার কথা বলে এ ব্যাপারে। দৃষ্টি আকর্ষণ করতে থাকেন।)

াার, উত্তরবঙ্গের মানুষের যে ক্ষোভ এসেছে যে বঞ্চনা হচ্ছে সেটা দূর করার জ্বন্য ার এখন থেকেই সচেষ্ট হওয়া উচিত।

## (গোলমাল)

াঃ ডেপুটি স্পিকার ঃ আমি প্রবোধবাবুকে বলেছি, তিনি ডাকতে গেছেন, বীরেনবাবু, বলুন।

3-10-3-20 p.m.]

ो বীরেজ্রকুমার মৈত্র: এর পর স্যার, আর একটি বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রী র দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে শুধু উত্তরবঙ্গ নয়, সারা পশ্চিমবাংলাতেই ালগুলির অবস্থা অত্যন্ত দূর্বিসহ হয়ে দাঁড়িয়েছে। হাসপাতালে ঔষুধ তো থাকছেই না, গ আলাদা কথা কিন্তু ডাক্তারও থাকছেন না। আমাদের ওখানে হাসপাতালে ৬৫ উপর ৮০ জন রোগী থাকতেন কিন্তু এখন ৫ জন রোগী থাকেন। হাসপাতালগুলির দৃষ্টি দেওয়ার দরকার আছে। আমাদের মালদহের হাসপাতালে যত ডাক্তারের দরকার ।। গুণ ডাক্তার আছে। তাদের বসবার জায়গা নেই, তাদের জন্য অপারেশন থিয়েটার বিইকে মালদহ হাসপাতালে ট্রান্সফার করা হচ্ছে। সেখান থেকে ট্রান্সফার করলে সেখানে ফিরে আসছে। মালদহ শহরে ডাক্তারদের ভিড়। সেখানে নার্সিং হোমের া ব্যবসা আছে মালদহ শহরে তা হচ্ছে অপর দিকে হাসপাতালগুলি শ্বাশান হয়ে এরপর আমি অ্যামিউসমেন্ট ট্যাক্স সম্বন্ধে কয়েকটি কথা বলব। এটা নিয়ে এর গরও আমি বলেছি। ভি.ডি.ও'র লাইসেন্সের ব্যাপারে গ্রান্ড হোটেলের যে ট্যাঙ্গ গ্রামের <sup>3.তেও</sup> তাই ট্যাক্স। এর ফলে গ্রামের ভি.ডি.ও'র ব্যাপারে ট্যাক্স ফাঁকি চলছে এবং অধিকাশে ভি.ডি.ও. চলছে পুলিশকে টাকা দিয়ে। ভি.ডি.ও'র টাকা সরকারের তহবিলে না। সূতরাং এই ট্যাক্সটা ৫০০ টাকার কম করে দেওয়া উচিত। এতে অনেক বেশি रत। किছू तिकात ছেলে करत थाएक, আমরা তাদের বিরুদ্ধে আন্দোলন করতে না ট্যান্ত ফাঁকি দেবার জন্য। সূতরাং ট্যান্ত যদি কমানো যায় তাহলে ট্যান্ত পাওয়া অতীশবাবু মদের দোকান সম্পর্কে আপত্তি করে বক্তব্য রেখেছেন। আমার এলাকায় খোলা মদের দোকান হয়েছে, বারবার পুলিশ হানা দিচ্ছে, হরিশচন্দ্রপুরে এইরকম

অনেক বেআইনি দোকান হয়েছে, সেইগুলো বন্ধ করে দিয়ে যদি আইন মাফিক দে অনুমতি দেওয়া হয়, তাতে কোনও ক্ষতি হয় না। অনেকে আমাকে লিখেছে, সাা মাইল দূরে গিয়ে মদ খেতে পারছি না। সূতরাং হরিশচন্তপুরে মদের দোকান দিন। এতে কিং মদ কি তারা খাচ্ছে নাং চাঁচোলে সাব-ডিভিসন হতে যাচেছ, সেখানে একটা দোকাম চাইছে লোকে, বিলাতি মদের দোকান সম্পর্কে তারা পাঁচ বছর আগে লিখেছে र्शितः छेति वनालन आमारस्य कारह लाक अस्त वनारह अस्तक मानत पाकान राव, में দিন। আমি উনাকে জানাই এইরকম কোনও সার্কুলার নেই। একটা কথা বলাক্ত শিক্ষমন্ত্রী এখানে আছেন, কিছু কিছু হাইফুল, জুনিয়ার হাইস্কুল বছরের পর বছর অগ্রন হয়ে রয়েছে। এখন শুনলাম আইন পাল্টেছে, জেলা পরিষদ বলছে করবে। জেলা পঠি কাছে নাম পাঠানো হয়েছে কিন্তু কিছু হচ্ছে না। আপনারা বলুন হবে কি হবে ন সরকারের টাকা না থাকে তাহলে অন্তত ফুলগুলোকে মজুরি দিন, আমরা বেতন দিত্তে না, গ্রামের লোক যদি চালাতে পারে, চালাক। আমরা শুধু মজুরি দেব। এটা সদায় করা দরকার। একটা শেষ কথা বলতে চাই, এগ্রিকালচার ইনকাম ট্যাক্স সম্পর্কে, নিয় হ চাষীদের নোটিশ দিছেন। কিন্তু এখন গ্রামে অনেক বড় বড় চামী গজিয়ে উঠেছে, তানে থেকে সরকার কোনত ট্যাক্স পাচেছ না। আমি বলছি জোতদার, মানে যারা অনেক 🜬 করছে, তাদের কাছ থেকেও সরকার কিছু টাক্স পাচ্ছে না। সেইজন্য সরকার যাতে প্রত্য সিই ব্যবস্থা করুন। মাইনর ইরিগেশনে ওয়ার্ক কালচার আজকে নেই বললেই র জ্ঞানে লোক বসে বসে বেতন দিছে। এই সম্বন্ধে দেখবার জন্য অনুরোধ হ এই কথা বলে আমার বক্তবা শেষ করহি।

শ্রী মনোহর তিরকী: মাননীয় তেপুটি পিকার মহাশয়, যে সাঞ্জিমেন্টারি বাজে হ এই সভায় উপস্থিত করা হয়েছে তাকে অন্য সমর্থন করছি। আজকের এই আলোচন্য হুবল করে বিরোধী দলের মাননীয়ে সন্সন্ধ আতীশসন্ত সিদারণ আনেক কথাই বলালে। উনি ভলে গেলেন যে, কেন্দ্রীয় সরকার যে অর্থনৈতিক সমস্যা সৃষ্টি করেছেন তথে আমাদের সরকারের আর্থিক দার লাহিত্ব আনেক বেন্ডে গ্রেছে এবং সে ভানাই আলং এ এই সাপ্লিমেন্টারি বাজেট মাননীয় অর্থমন্ত্রীকে উপস্থিত করতে হয়েছে। কেন্দ্রীয় সংক্রা মাঝেই বাজেট বহির্ভতভাবে অর্ডিনান্স করে চাল, চিনি, কয়লা, তেল, লোহা প্রভৃতি চিনি দাম বাড়িয়ে দিচ্ছেন এবং জনসাধারণের ওপর বাডতি বোঝা চাপিয়ে দিচ্ছেন, ফর সরকারগুলির খরচও বেডে যাছে। রাজা সরকারকে কর্মচারিনের ডি.এ. দিতে হচ্ছে পৌ রিভাইজ করতে হচ্ছে। এই অবস্থার মধ্যেও পশ্চিমবন্ধ সরকার নিজত রিসোর্স-ঐ দিয়েই সরকার তথা রাজ্য পরিচালনার চেষ্টা করছেন। এর মধ্যে দিয়ে আমাদেও অর্থমন্ত্রী মহাশয় একটা নতুন দৃষ্টিভঙ্গির পরিচয় দিক্ষেন এবং রাজ্যকে বাঁচাবার চেটা ই কেন্দ্রীয় সরকার অনেকভাবে চেষ্টা করে যখন রাজ্যের ওপর কোনও ভাবেই <sup>আঘার</sup> আনতে পারছেন না তখন ভাতে মারার পথ নিয়েছেন। রাজ্যের পাওনা টাকা <sup>থেকে ব</sup> বঞ্চিত করছেন। বিচ্ছিন্নতাবাদী আন্দোলনকে মদত দিয়ে এবং বিভিন্নতাবে <sup>ষত্ত্ব</sup> পশ্চিমবাংলাকে যখন তারা নিজেদের কবজায় আনতে পারছেন না তবন তারা প্রী বেছে निक्राहन। न्याया **টाका भग्नमा चा**ग्रेटन मिता जाता **এ** ता**नाटक चर्धरे**निटन <sup>महार्</sup>

ন্যাছেন। তথাপি এই সঙ্কটের মধ্যেও আমাদের অর্থমন্ত্রী যেভাবে চলছেন তা সত্যিই ोয়। মাননীয় অর্থমন্ত্রী এখানে স্বল্প সঞ্চয়ের ওপর জোর দেওয়ার কথা বলেছেন। ত এই **স্বন্ধ সঞ্চয় পোস্ট অফিসের** মাধ্যমে হয়ে থাকে। অথচ স্যার, আমরা জানি a গ্রামাঞ্চলে পোস্ট **অফিসে**র খুব বেশি শাখা নেই। শহরে যেমন ব্যাঙ্ক এবং অন্যান্য ্রাছে যেখানে মানুষ **অর্থ সঞ্চ**য় করার সুযোগ পায়, তেমন সংস্থাও গ্রামাঞ্চলে বিশেষ <sub>ম</sub>থচ আমরা দেখছি বর্তমানে গ্রামের মানুষরাও কিছু কিছু অর্থ সঞ্চয় করার দিকে নিচ্ছন। ফ**লে তারা বিভিন্ন বে-আই**নি এবং অসৎ সংস্থার খপ্পরে পড়ছেন। উপযুক্ত পরিকাঠামোর অভাবেই এই জিনিস হচ্ছে। সূতরাং গ্রামাঞ্চলে যদি পোস্ট অফিমের াতানো যায় **তাহলে একদিকে যেমন** গ্রামের মানুষদের উপকার হবে তেমন স্ব**ন্ধ** সঞ্চয় ় নরকারের হাতে ঋণ হিসাবে অনেক বেশি টাকা আসবে। স্যার, আমি নর্থ বেঙ্গলের ্য বাগান এলাকার মানুষ, আমাদের ওখানে আমি দেখেছি ৪ কিলো মিটার, ৮ কিলো ১০ কিলো মিটার জায়গা নিয়ে এক একটা চা বাগান এলাকা এবং সেই এলাকার চানও পোস্ট অফিস নেই। এতে দুরে দুরে পোস্ট অফিসগুলো অবস্থিত যে সেখানে সহজে যেতে পারে না। ফলে তারা অসাধু এবং বে-আইনি লগ্নি সংস্থার এবং াদের খপ্পরে পড়ে যায়। এবারে কেন্দ্রীয় বাজেটে ব্যাপকভাবে বিভিন্ন ক্ষেত্রে, ট্যাক্স ন্ধ ডিউটি, কাস্টম ডিউটি ছাড় দেওয়া হয়েছে। স্যার, আমি নর্থ রেঙ্গলের চা বাগানের সেখান থেকে হাজার হাজার কোটি টাকার চা বিক্রি হয়, অংগ্র সেই টাকা থেকে চা া শ্রমিক কর্মচারিদের জন্য বা নর্থ বেঙ্গলের মানুষদের জন্য কোনও কিছুই করা হয় ই টাকার সামান্য অংশও নর্থ বেঙ্গলের ডেভেলপমেন্টের জন্য বায় করা হয় না। ্রপ্রতি কে.জি. চা-এর জন্য ৬৫ পয়সা একসাইস ভিউটি দিতে হ'ত, এখন সেটা দেওয়া হয়েছে, কিন্তু চা-এর দাম কমে নি। বরং চা-এর ফলে আমরা দেখছি চা ারা এবং চা বাগানের মালিকরা চা নিয়ে আরও বেশি কালোবাজারি করার সুযোগ আগে ডিউটির হিসাব অনুযায়ী চা বিক্রির একটা হিসাব পাওয়া যেত, এখন সেই পাওয়া যাবে না। ফলে চা বাগানের মালিকরা আরও বেশি শ্রমিক কর্মচারিদের করার সুযোগ পাবে। সঠিক লাভের পরিমাণ না দেখিয়ে শ্রমিক কর্মচারিদের ন্যায্য থেকে বঞ্চিত করবে। সূতরাং আমি দাবি করছি, অবিশক্তে আরার চা-এর ওপর ট্যাক্স া হোক এবং সেই ট্যাক্সের টাকা থেকে চা বাগানের শ্রমিক কর্মচারিদের বিভিন্ন রকম সুবিধার ব্যবস্থা করা হোক। চা বাগানের শ্রমিকদের রাজ্যের অন্যান্য অংশের মানুষের সুযোগ সুবিধার যথেষ্ট অভাব আছে। তারা সাধারণ রেশনের সুযোগ পায় না, তারা রিকারের শিক্ষা ব্যবস্থার কোনও সুযোগ সুবিধা পায় না, পঞ্চায়েতের সুযোগ সুবিধা চা বাগানের মানুষদের জন্য অন্য কোনও এমপ্লয়মেন্টের সুনোগ সুবিধা নেই। তারা <sup>নরকারি</sup> সুযোগ সুবিধা পায় না। সব রকম'সরকারি সুযোগ সুবিধা থেকে তারা ঘামি আবেদন করছি, ট্যাক্স বসিয়ে এবং আরও কিছু পয়স। নিয়ে ঐসব এলাকাকে

·20-3-30 p.m.]

মতি করা **হোক, ইলেক্ট্রিফিকেশন করা হোক এবং হাসপাতালে**র বন্দোবস্ত করা <sup>ন্যান্য</sup> যেসব সুযোগ-সুবিধা সাধারণ মানুষকে দেওয়া হয়, যেমন রেশন দেবার বাবস্থা

করা হোক। এইসব কেত্রে উদ্যোগ নেবার জন্য আমি অনুরোধ জানাচিছ। অনুরুত টাইবাল এলাকায় অনেক অসবিধা আছে। আমাদের বামফ্রণ্ট সরকারের দৃষ্টিভ দৃষ্টিভঙ্গির চেয়ে আলাদা। সেইজন্য বলছি, মানুষের যে নুনাতম চাহিদা সেগুলি 🤊 **क्का** नक्कत (मुख्या मतकात। সतकाति क्काउ य काक्कर्य देश स्त्रथात्न (मृत्येष्टि. मा রবিবার ছটি থাকার ফলে শুক্রবার আধবেলা কাজ করে সব চলে যায়। সেখানে ৫ পাওয়া যায়না। এইসব দিকে নজর দেওয়া দরকার। চা-বাগান এলাকায় কয়েকটি গ্র একটি স্কুল আছে। সেইসব স্কুলে যেসব মাস্টারমশাইরা আছেন, তাঁদের মধো। রিটেয়ার করে গেলে সেখানে শিক্ষকের অভাব দেখা দিচ্ছে। এর ফলে সাধারং বিরূপ প্রতিফলন ঘটছে। তারা বলছে, বামফ্রন্ট সরকারের আমলে শিক্ষকদের মাহি দেওয়া সত্তেও কেন স্কুলে শিক্ষক দেওয়া হচ্ছে না বা পাওয়া যাচ্ছে না। তেমনি. হা ক্ষেত্রে দেখছি, জীবনদায়ী ওষধ পাওয়া যাচ্ছে না। কুকুরে কার্মড়ালে ওষুধ পাওয় হাসপাতালে স্যালাইন নেই। এইসব দিকে নজর দেওয়া দরকার। গরিব মানুষের করে সরকার থেকে এ বিষয়ে চেষ্টা করা উচিত। এক্ষেত্রে বাজেটে আরও টাং বন্দোবস্ত করতে হবে। এখানে কয়েকজন বললেন, দেশে বিচ্ছিন্নতাবাদ মাথা চ উঠেছে। সরকার যে ভাল কাজ করছে, জনসাধারণকে বিচ্ছিন্ন করার জন্য কংগ্রে হোক, দিল্লির সরকারই হোক তারা বিভিন্নভাবে বিচ্ছিন্নতাবাদকে আজকে মদত দি মোকাবিলা করার জন্য দেশে আরও যাতে উন্নতি হয়, সাধারণ মানুষ যাতে আরও সবিধা পায় তার জন্য নজর দিতে হবে। বোরো ল্যান্ড বা ঝাডখন্ডী মৃভ্যমেন্টকে বাড়ি জন্য কংগ্রেস যে মদত দিয়ে চলছে তার মোকাবিলা করতে হবে। গোর্খাল্যান্ডের ক্ষে দেখলাম. কংগ্রেসিরা তাঁদের উসকে দিচ্ছে। নর্থবেঙ্গলে প্রচুর পরিমাণে র-মেটেরিয়াল যায়। সেদিক দিয়ে বিচার করলে ওখানে ইন্ডাস্ট্রি করার দিকে এগিয়ে যেতে হবে সরকার যে পলিসি নিয়েছে, অর্থনীতি বলুন, বিদায়নীতি বলুন, ছাঁটাই, ক্লোজার ইত্যাদি-ক্ষেত্রে বেকার সমস্যা দূর করার জন্য ওখানে শিল্প স্থাপন করতে হবে। আজকে অর্থমন্ত্রী মহাশয় যে অলটারনেটিভ বাজেট প্রস্তাব রেখেছেন—কেন্দ্রীয় সরকারের সাং না পাওয়া যায় তাহলে নিজম্ব সোর্স দিয়ে সরকার চলবে। কেন্দ্রীয় সরকার এ যে র-মেটিরিয়ালস আছে তাকে কাজে লাগিয়ে এমপ্লয়মেন্টের সুযোগ সৃষ্টি করতে হবে দেখেছি, জয়ন্তী থেকে ডলোমাইট দুর্গাপুর যাচ্ছে, বাংলাদেশে যাচ্ছে। দুঃখের কথা, নর্থ। কিন্তু সেইরকম কোনও ইন্ডান্ট্র গড়ে উঠছে না। নর্থবেঙ্গলের ফরেস্ট থেকে বিরাট কাঠের শুড়ি ট্রাকের পর ট্রাক বোঝাই হয়ে অন্যত্ত চলে যাচেছ। কিন্তু ওখানে এই স<sup>মা</sup> দিয়ে একটা কাগজকলের ইন্ডান্ত্রি হতে পারত। কিন্তু তা না করার জন্য ওখানকার <sup>রু</sup> মধ্যে একটা বিচ্ছিন্নতার ভাব ফুটে উঠছে। আমরা সমস্ত রাজনৈতিক দলের তর্ফ। মুভমেন্ট করেছি এই জন্য যে ইন্ডান্ট্রি করতে হবে। বেকার সমস্যা দূর করতে হবে। এ নজর দেওয়া দরকার। যে ইনফ্রাস্ট্রাক্চার যে সাইডে আছে তার দ্বারা এমপ্লয়মেন্ট <sup>জেনাট</sup> প্রোগ্রামের দিকে নজর দিতে হবে। আমি যে কথাটা বলতে চাই সেটা হল সেম্ফ এম<sup>ক্সাম</sup> মাধ্যমে এবং আর যা যা স্কীম আছে যে বিকেন্দ্রীকরণ করা দরকার তা <sup>কর্তে</sup> ডি.আর.ডি.এ'র লোন পাওয়ার সুযোগগুলি দেওয়া হয় না সেজন্য একটা বিচ্ছিন্ন ভা

সরকার ট্রাইবালদের দিক্ষে, শিভিউল্ড কাস্ট এবং শিভিউল্ড ট্রাইবসদের জন্য এবং চা  $_{13}$  প্রমিকরা যাতে পায় সেদিকে লক্ষ্য রাখার জন্য বলছি বিশেষ করে আদিবাসী  $_{11}$ । ওখানে শিভিউল্ড কাস্ট এবং শিভিউল্ড ট্রাইবসদের জনসংখ্যা বেশি। অনেক টাকা  $_{1}$  দেওয়া হয় না, আবার দিলেও সঠিকভাবে খরচ করা হয় না, এইসব শুনে তাঁদের সরকার বিরোধী মনোভাব গড়ে উঠছে। কেন্দ্রীয় সরকার এইভাবে সরকারের বিরুদ্ধে দেওয়ার প্রচেষ্টা করছেন। অনেক সময় আমরা শুনি যে টাকা খরচ করছে না, ফেরত যাছে। যেখানে খরচা করার দরকার সেই ব্যাকওয়ার্ড কান্ট্রি ট্রাইব্যাল কমিউনিটিতে সেই া্রার জন্য চেষ্টা করার কথা বলে এই সাগ্রিমেন্টারি গ্র্যান্টসকে সমর্থন করে আমি ব্রক্তব্য শেষ করছি।

# [3-30-3-40 p.m.]

ন্ত্রী নারায়ণ মুখার্জিঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ১৯৯২-৯৩ সালের মতিরিক্ত ব্যয় বরান্দ দাবি উত্থাপন করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। সমর্থন ্দ্র এই জন্য যে রাজ্যসরকার সাধারণ এবং পুলিশ প্রশাসনকে আরও গতিশীল করতে জনস্বার্থে রাজ্যের নিয়ন্ত্রণ যাতে অব্যাহত থাকে তার জন্য এটা এনেছেন, সেজন্য সমর্থন 👼। একট মুশকিল হল, আপনি জানেন এই অতিরিক্ত ব্যয় বরাদের দাবির উপর যে চনা আমাদের রুলস অফ প্রসিডিওরে বলা আছে যে, বক্তব্যগুলি সীমাবদ্ধ রাখতে এই সমস্ত বিষয়ের উপর যে ব্যয়-বরান্দের দাবি তিনি এখানে উত্থাপন করেছেন র অতীশবাব অভিজ্ঞ এবং পুরনো মানুষ এখানে বহু কথা বলে গেলেন যা অতিরিক্ত াদের দাবির মধ্যে নেই। যেটা সাধারণভাবে আলোচনা হল, রাজ্যপাল মহাশয়ের মধ্যে আলোচনা হল, আজকে সেই আলোচনা করেছেন। আগামী কাল বিরোধীপক ট্ট কথা বলবেন, এটা বোঝা যায় না, কোন দাবি কিসের জন্য আপত্তি জানাচ্ছেন মনে হয় মাননীয় মন্ত্রী যিনি উত্তর দেবেন তিনিও ভালভাবে বুঝতে পারবেন কিনা । মাননীয় অতীশবাবু বললেন এত কোটি টাকা মঞ্জর করবেন মুশকিল হল এ দিকে <sup>র্থে</sup> এক নম্বর ডিমান্ডে ওয়েস্টবেঙ্গল ব্রাঞ্চ তার যে কাজকর্ম আছে মাননীয় অধ্যক্ষ े নতৃত্বে আমরা মনে করি তাঁর খুব ভাল কাজ কর্ম আছে। কমনওয়েলথ পার্লামেন্টারি য়েশন যাতে হয় তাঁর জন্য যে অতিরিক্ত ব্যয়ের দাবি এখানে উত্থাপিত হয়েছে তাকে <sup>ছর্ব</sup> নাং এটা কি করে হবে। এখানে রয়েছে, ১৯৯১ সালে নির্বাচন হল, আমরা <sup>লাম, জিতে</sup> গেছি, আলো করে বসে আছি। পার্লামেন্টেও হয়েছে তাঁর জন্য যে ব্যয় <sup>টার ব্যয়</sup> অতিরিক্ত এখানে উত্থাপিত হয়েছে আমরা সমর্থন করব না? অনেক <sup>সাছে যা</sup> সমর্থন করতে হয়। সিমফোসিয়াম, সেমিনার ইত্যাদির ব্যয়কে সমর্থন করব 🤯 সরকার পক্ষ সেমিনার করছে অভএব বিরোধীপক্ষকে বিরোধিতা করতে হবে। <sup>কথা বলা</sup> হয়েছে। ভূমিসংস্কারের কথা উঠেছে, তা আমাদের রাজ্যে যতগুলি কা**জে** <sup>াভ করে</sup>ছে তাঁর চাবিকাঠি হচ্ছে এই ভূমিসংস্কার। গ্রামের অর্থনীতিকে চাঙ্গা করার র হাতে আজকে টাকা এসেছে, তাঁরা তাঁদের জীবিকা নির্বাহ করতে পারছে, শিক্ষা, <sup>ব্যবহা</sup> যাই করুক তাঁর সব কিছুর মূল হচ্ছে এই ভূমি সংস্কার।

' আমাদের আবাসনের ডিমান্ড নাম্বার ৩৬। ১৯৯২-৯৩ সালে এই বিভাগের আ যত ফ্রাটবাডি হয়েছে আগে কখনও এত ফ্রাটবাড়ি তৈরি হয়নি। ইতিমধ্যে ১২৭১টি বসবাসের উপযোগী হয়ে গেছে। গরিব মানুষদের জন্য ১০৪৭টি গৃহ নির্মাণের প্রকল্প: নেওয়া হয়েছিল এবং তার মধ্যে ৯০৪০ গৃহ নির্মাণের প্রকল্প যৌথ উদ্যোগে প্রহণ কং চেষ্টা চলছে। এটাকে নিশ্চয়ই সমর্থন করতে হবে। ইরিগেশন—ডিমান্ড নাম্বার ৬০— অ্যান্ড মাইনর ইরিগেশন, এক্ষেত্রে সেচের ব্যাপারে আমি বলব, আমার বাড়ি সুন্দরবন এলা নদী বিধৌত অঞ্চলে। সেখানে আগে প্রতি বছর নদীবাঁধগুলি একের পর এক ভেঙ্কে। এবং তার ফলে মানুষের দৃঃখ-কন্টের সীমা থাকত না। কিন্তু বর্তমান সরকার ঐ বাধগট যথাযথভাবে নিয়ন্ত্রণের মধ্যে রেখেছেন। এখন আর সেগুলো ভেঙ্গে বন্যা কবলিত চ অবস্থায় নেই। তাই এই খাতে যে অতিরিক্ত অর্থের দাবি উত্থাপিত হয়েছে তাকে নিশ্ব সমর্থন করতে হবে। উত্তরবঙ্গের তিন্তা বাঁধ প্রকল্প একটা বহুমূখী উন্নয়ন প্রকল্প। ব নিয়ন্ত্রণ, বিদ্যুৎ উৎপাদন, চাষবাসের ব্যবস্থা, জল নিম্কাসন—সমস্ত কিছু একটি প্রকল্পের 🛭 দিয়ে হবে। সেক্ষেত্রে কেন্দ্রীয় সরকার প্রয়োজনীয় অর্থ রাজ্যকে দেননি। তার জন্য অভিনি ব্যয়ের যে প্রস্তাব রাখা হয়েছে নিশ্চয়ই এটা প্রশংসনীয় দাবি এবং নিশ্চয়ই তাকে সার্ধ করতে হবে। বিরোধী পক্ষ যারা এটা সমর্থন করছেন না তারা চান না তিস্তা প্রকল্প রূপন্ধি হোক। আজকে আমরা জানি যে, সামগ্রিকভাবে রাজ্যে বিদ্যুৎ উৎপাদন বেড়েছে। কোনও 🖠 ট্রান্সফর্মার নম্ভ হয়ে যাওয়ার মানে এই নয় যে আমাদের রাজ্যে বিদ্যুতের উন্নতি হয়নি 🕹 আমাদের নিজেদের উপলব্ধির মধ্যেই রয়েছে যে বিদাৎ-ব্যবস্থার উন্নতি হয়েছে এবং বি ইউনিটগুলির আরও বেশি বেশি উৎপাদন করছে এবং তার ফলে সরবরাহ ন্যবহু 🕍 ঘটেছে। তবে সাবজেক্ট কমিটি অন পাওয়ারের সদস্য হবার সুবাদে অবহিত হয়ে ি রাজ্বের ইউনিটগলি দেখে যে, শুধুমাত্র থারমাল প্রোজেক্টের মাধ্যমে বিদ্যুৎ সমস্যার সমর্থ হবে না. এক্ষেত্রে হাইডাল প্রোজেক্ট চাই। হাইডাল প্রোজেক্ট ছাড়া আমাদের রজে 🖟 সমস্যার সম্পূর্ণ সমাধান বোধ হয় সম্ভব হবে না। অবশ্য **হাইডাল প্রজে**ক্টের ক**ু** অবশা সেটা হয় না। তবে এক্ষেত্রে উদ্যোগকে নিশ্চয়ই সমর্থন জানাতে হবে।

এরপর আসছে পানীয় জল সরবরাহ—ডিমান্ড নাম্বার ৩৫। এই খাতে মতি, চাওয়া হয়েছে নিশ্চয়ই তা সমর্থন করতে হবে। হলদিয়া তেভেলপমেন্ট প্রোজেই মর্থ পানীয় জলের ব্যবস্থা করবার জন্য এই অতিরিক্ত বরান্দ চাওয়া হয়েছে। গ্রামাঞ্চলে ২৫ মানুষ অধ্যুষিত অঞ্চলে পানীয় জল সরবরাহ করবার জন্য অতিরিক্ত টাকার দাবি ব হয়েছে, এটা একটা অত্যুস্ত ভাল কাজ, একে নিশ্চয়ই সমর্থন করতে হবে। জিমান্ত বি — কেনান ফর ফিশারিজ—নিশ্চয়ই একে সমর্থন করতে হবে। কংগ্রেস আমলে এই বি ক্যানিরিজ কখনই এত বেশি হয়নি। আজকে এর স্বার্থে যন্ত্রচালিত নৌকা, মংগ্রা বি রাজাঘাট ইত্যাদি সমস্ত ব্যবস্থা করা হয়েছে, এটা অত্যুস্ত সুন্দরভাবে করা হয়েছে এবা ফলে গাছের উৎপাদন বেড়েছে। জাই আজকে রাজ্যের বিভিন্ন জনমুখী উন্নয়ন প্রভাগি ফে সাপ্লিমেন্টারি ডিমান্ড উত্থাপন করা হয়েছে তাকে নিশ্চয়ই সমর্থন করতে হবে। আমার বক্তব্য শেষ করছি।

[3-40-3-50 p.m.]

গ্রী সুনীলকুমার ঘোষঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে অতিরিক্ত ববাদ এখানে পেশ করেছেন, আমি তাকে সম্পূর্ণভাবে সমর্থন জানাচ্ছ। এই সমর্থন ায়ে আমি সভায় দু-চারটি কথা বলতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী মহাশয় যে ২৪টি বিষয়ে অতিরিক্ত ব্যয়-বরান্দের দাবি এখানে পেশ করেছেন, এটা ন্তে ন্যায় সঙ্গত এবং যুক্তিযুক্ত বলে আমি তাকে আন্তরিকভাবে সমর্থন জানাচ্ছি। আমরা ্র্যান্থ বি আজকে গোটা ভারতবর্ষের জাতীয় পরিস্থিতি কোন অবস্থায় এসে দাঁড়িয়েছে। গ্রক এই ধরনের যে ব্যয়-বরাদ্দ সেটা মাননীয় অর্থমন্ত্রীকে বাধ্য হয়ে করতে হচ্ছে, এটা <sub>ানে যারা</sub> বিরোধী দ**লে**র সদস্য তারা স্বীকার করতে চাননা। তারা একথা বলতে চাননা ্রাম্বর্জাতিক অর্থ ভান্ডার থেকে যে ঋণ নেওয়া হয়েছে তার সৃদ সমেত অনেক বেশি ্য আমাদের ফেরৎ দিতে হচ্ছে। এখন যে পরিমাণ বিদেশি ঋণ নেওয়া হচ্ছে তার ১০০ শেরও বেশি লাগছে আগেকার ঋণ ফেরত দিতে। আজকে এইভাবে গোটা ভারতবর্ষ া মৃত্যু ফাঁদে জড়িয়ে পড়েছে, সেটা তাঁরা স্বীকার করতে চান না। আজকে এর অবশ্যম্ভাবী হিসাবে আই.এম.এফ-এর নির্দেশে একদিকে যেমন রেলের ভাড়া, যন্ত্রাংশের মাসুল বাড়ছে, নি অপুরদিকে প্রতিটি জিনিসপত্রের দাম বেড়ে যাচ্ছে। তার ফলে এই অতিরিক্ত ব্যয়-দ্দ দাবি করতে হয়েছে। কাজেই এই দাবির ন্যয় সঙ্গত এবং সেজন্য এই দাবিকে আমি । জানাছিছ। কিন্তু মাননীয় বিরোধী দলের সদস্যরা সেটা স্বীকার করতে চাননা যে ্ট নীতির ফলে আজকে এই ধরনের তীব্র মূল্য বৃদ্ধি ঘটেছে এবং জাতীয় ক্ষেত্রে গোটা ্বর্ষে একটা বিপর্যয়ের দিন ঘনিয়ে এসেছে। এখানে একটা স্ট্যাটিসটিক দিলে সে**টা** গ্রবভাবে বোঝা যাবে। কিন্তু আমার সময় কম, সেজন্য আমি সেদিকে যাচ্ছিনা। আমি ্র সংক্রেপে একথা বলতে চাই যে দেশি উৎপাদকদের চেয়ে বিদেশি উৎপাদকরা এখানে সুনোগ পাবে এবং সেটা আই.এম.এফ-এর ঋণের শর্ত অনুসারে। আজকে যে কুমীর কটে এই ভারতবর্ষে ঢোকানো হয়েছে সেই কুমীর যে শুধু গরিব মানুষদেরই খাবে তা ম সমস্ত রাঘব বোয়াল এই ভারতবর্ষের বুকে আছে তাদেরও তারা খেয়ে ফেলবে, এটা ্পূর্ব লক্ষ্যণ এবং সেটা এখানে সূচীত করেছে। আজকে টাকার সম্পূর্ণ বিনিময়যোগ্যতার প্রটোলিয়ামজাত সমস্ত জিনিসপত্রের দাম বেড়ে যাচ্ছে সমস্ত জিনিসের দাম বেড়ে যাচ্ছে, যয়গুলি তাদের জানা দরকার। আজকে ব্যাহ্নকে বেসরকারি করার প্রচেষ্টা চলছে। এই ঘাইএম.এফ-এর খণের শর্ভ অনুযায়ী। এত কিছুর মধ্যেও কেন্দ্রীয় সরকারের যে <sup>সেটা</sup> আমাদের বলতে হছে। পরিকল্পনা খাতে আমাদের যে ২১৫ কোটি টাকা দেবার াটা তারা দিচ্ছেন না। স্বন্ধ সঞ্চয়ের ক্ষেত্রে ৪১৩ কোটি টাকা তারা ক্ষতি করেছেন <sup>বঙ্গে।</sup> বিক্রয়কর ৭৮ **কোটি টাকা. সেখানে আপনা**রা পশ্চিমবঙ্গের ন্যায্য পাওনা দিচ্ছেন <sup>থচ আপনারা</sup> বলছেন যে বিদ্যুৎ উৎপাদন হচ্ছে না, জীবনদায়ী ঔষধ নেই হাসপাতালে। া এই বঞ্চনার কথা বলছেন না। আপনারাও তো এই পশ্চিমবঙ্গের মানুষ, আপনারা <sup>তার সঙ্গে বলতে</sup> পারেন নি যে পশ্চিমবঙ্গের যে ন্যায্য পাওনা সেটা মিটিয়ে দিতে <sup>না মিটিয়ে দিলে আজকে পশ্চিমবাংলায় পরিকল্পনা খাতে যে ব্যয়-বরান্দ ধরা ছিল</sup> <sup>মৃত্তগুলি</sup> করা যাছেছে না। **এই বিষয়গুলি আপ**নারা দায়িত্বশীল মানুষ হিসাবে কেন

[ 29th March,

বলতে পারেন না সেটা আমি বুঝতে পারছি না। এছাড়া আমরা দেখতে পাচ্ছি সরকারের দাবি যেখানে রয়েছে ৫৬২ কোটি টাকা সেখানে বিদ্যুৎ সংস্থাগুলির কা কেন্দ্রীয় সরকার ২৮৮ কোটি টাকা পাবে। এই টাকাটা আমাদের যদি দিয়ে দেওয়া হয় এই টাকা দিয়ে বিদ্যুৎ সংস্থাগুলির টাকা মিটিয়ে দিয়েও পশ্চিমবাংলার কিছ পাওনা এই বিষয়ে জ্ঞাপনারা কেন বলেন নাং বিদ্যুতের বেহাল অবস্থার কথা তলে ধরছে किसीय সরকারের নীতির ফল, পশ্চিমবাংলার প্রতি বঞ্চনার ফল এই কথা ভ অস্বীকার করতে পারবেন না। এখন বিদ্যুৎ বেড়েছে আপনারা স্বীকার করেছেন, খ কথা। ২৭৮ মেগাওয়াট বেড়েছে, গত ২ বছরে ৩০ পারসেন্ট বেড়েছে। গোটা ভা এইরকম রাজ্য নেই সেখানে ৩০ পারসেন্ট বিদ্যুৎ বেড়েছে। আমাদের রাজ্যে সেটা ে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভূমিসংস্কারের উপর কটাক্ষ করা হচ্ছে, পঞ্চায়েত ব্যবস্থার কটাক্ষ করা হচ্ছে। এটা কি হিসাবে করা হচ্ছে আমি সেটা বুঝতে পারছি না। আড সাপ্রিমেন্টারি এস্টিমেটস ফর দি ইয়ার ১৯৯২-৯৩ রাখা হয়েছে সেখানে নির্দিষ্ট ২৪ : উপর এখানে রাখা হয়েছে। এই নির্দিষ্ট ২৪টি দপ্তরের উপর বলতে গিয়ে ওনার ভানতে শিবের গীত গাইলেন। আজকে যেখানে ভূমিসংস্কারের উপর কটাক্ষ করা : পঞ্চায়েত ব্যবস্থার উপর কটাক্ষ করা হয়েছে সেখানে আমি এই কথা বলব যে ভমিসং ক্ষেত্রে পশ্চিমবাংলা প্রথম এবং এই প্রথম হওয়ার ফলে কৃষি উৎপাদনের পশ্চিমবাংলা হয়েছে. রেকর্ড পরিমাণ উৎপাদন হয়েছে। এই পশ্চিমবাংলার বন-সূজনে প্রথম, মৎস উৎ প্রথম এবং স্বাক্ষরতার প্রথম। তারপর ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে প্রথম। বৃহৎ শিল্প, ইস্পাত নি শি**র তৈ**রি করবার সমস্ত রকম পরিবেশ এখানে রয়েছে। পাট শি**রে**র নানারকম উন্নতি দরকার, এখানে সেই পরিবেশ সৃষ্টি করা হয়েছে। অন্যান্য শিল্পের সাথে চর্ম শিল্পের রকম কারখানা খোলার পরিবেশ এখানে সৃষ্টি করা হয়েছে। এইরকম একটা সময় আগ সমালোচনা করছেন পঞ্চায়েত ব্যবস্থার। পঞ্চায়েত ব্যবস্থা সম্পর্কে আমি কয়েকটি কথা ক চাই। যখন গোটা দেশে আগুন জুলছে এই পঞ্চায়েত ব্যবস্থা থাকার ফলে পশ্চিম্বাঃ গ্রামে-গঞ্জে কোনও রকম সাম্প্রদায়িক দাঙ্গা-হাঙ্গামা হতে পারে নি। আমাদের আগু নি अपन खाराशार हिल राजात्न क हिन्सू क मूजलिम त्रारे क्षेत्र वर्फ ना करत श्रकादाण ग्रा সঙ্গে ওতঃপ্রতভাবে জড়িয়ে সমস্ত কিছু মেনে নিয়ে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় 🗓 পশ্চিমবাংলার বুকে সম্ভব হয়েছে। আপনারা সেখানে কটাক্ষ করছেন? হয়ত আপনাদে <sup>র্ন</sup> ভাল লাগেনি বলে কটাক্ষ করেছেন।

## (এই সময় লালবাতি জুলে ওঠে)

আমার আর সময় নেই, মাননীয় মন্ত্রী মহাশয় অতিরিক্ত যে ব্যয় বরান্দের দাবি এখনি করেছেন তাকে আর একবার সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করছি।

[3-50-4-00 p.m.]

**ডঃ অসীমকুমার দাশগুপ্তঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশুরা, অতিরিক্ত ব্যয়-বরাদের <sup>র্নি</sup> অংশগ্রহণ করতে গিয়ে আমি প্রথমেই মাননীয় বিরোধী দক্তের সদস্যগণ, মুখ্ <sup>সর্প</sup> क्षेत्र जिनहा এবং অন্যান্য मंद्रगाता य ছাঁটাই প্রস্তাব এনেছেন তাকে বিরোধিতা করে মূল ন্তরিক্ত ব্যয়-বরান্দের সমর্থন করে আমি কতকগুলি কথা বলব। বলার আগে ঘন্টা খানেক গু গ্রী অতীশ সিনহা মহাশয় যে প্রশ্নগুলি তুলেছেন তার প্রতিবাদে আমি জবাব দেবার -গ্লা করব এবং প্রয়োজনে তা খন্ডন করার চেষ্টা করব। প্রশ্নগুলো অবশ্য উনি ভিন্নভাবে ্রাছন। আমি এটা সর্বভারতীয় ক্ষেত্রে এবং ভিন্ন ভিন্ন ক্ষেত্র করে যাওয়ার চেস্টা করব। ভারতীয় ক্ষেত্রে মাননীয় সিনহা বলেছেন যে দেশের উদয়নের ক্ষেত্রে বিদেশি ঋণ নেওয়া ह। তবে তখনই বেঠিক হবে যদি আমরা ঋণের ফাঁদে ব্রেজিল ইত্যাদির মতো জডিয়ে 🔋 আমি এখান থেকেই শুরু করছি। উনি বলেছেন, ঋণের ফাঁদে যদি জড়িয়ে যাই তাহলে ্রা বেঠিক হবে। ঋণের ফাঁদে জড়িয়ে যাওয়ার একটি নিরিখ আছে, মাপের একটি উপায় াছে। যদি এমন হয় যে, যে বিদেশি ঋণ নিচ্ছি তার একশো ভাগের বেশি যাচ্ছে বিদেশি া ফেরত দিতে, তখনই কিন্তু আমরা ঋণের ফাঁদে জড়িয়ে গেলাম। তাই মাননীয় সিনহা, ামি আপনাকে অভিনন্দন জানাই যে, আপনি কিছুটা অজ্ঞাতসারে আমাদের যুক্তি মেনে নিয়ে 🔋 কাজটি যে অন্যায়, সেটি স্বীকার করলেন। বিদেশি ঋণ নেওয়াটা যে অন্যায় সেটা এই ারে স্বীকত হল। তাহলে এর থেকে বাঁচার বিকল্প পথ কোথায়? এটা বলতে গেলে বলতে ্রমাননীয় সিনহা বলেছেন,—যেটা সাধারণ যুক্তি হিসাবে ব্যবহার করা হয়,—তাহলে ্বা কি করব? আমদানি না করলে উৎপাদন ইত্যাদি সমস্ত কিছু বন্ধ হয়ে যেত। আমরা াল ডিজেল আমদানি করতে পারতাম না। আমরা যে আমদানি করি তার মধ্যে আমদানী পেটোল ডিজেলের জন্য কত শতাংশ? আমদানি বিলে পেট্রোল ডিজেলের জন্য যে ব্যয় তার সমপরিমাণ, তাঁর চেয়ে বেশি, যেটা পেট্রোল ডিজেল নয়, যন্ত্রপাতি, কোনও সাধারণ গতি, ভোগ্যপণ্য, কোনও দ্রব্য কেনার জ্বন্য ব্যয় হয়। এর মধ্যে বিলাস সামগ্রী, মোটরযান, সঙ্গে সাধারণ মানুষের কোনও যোগ নেই, এই অংশতে, এই অংশটা পেট্রোল ডিজেল . এই অংশটা গত करत्रक বছর লাফিয়ে লাফিয়ে বৃদ্ধি পেয়ে হয়েছে ৭০ শতাংশ। যেখানে বছরে ফারাক ৮০০ কোটি ছিল, '৮০-র দশকে পাঁচ হাজার কোটিতে চলে যায়, র্জাতিক অর্থ ভান্ডার থেকে ঋণ নিতে হয়। আমদানিকে আরও উদার করার ফলে এবং দি বাড়েনি বলে এই ফারাক বৃদ্ধি পায়। আপনারা এই সমস্যা সৃষ্টি করে ঋণের ফাঁদে য় পড়েছেন। আপনি যেটা বলেছেন যে, তাহলে উৎপাদন থেমে যাবে, এই ব্যাপারে রা দায়িত্ব নিয়ে বলছি, সাধারন মানুষের যা প্রয়োজন—খাদ্যশস্য, পরিধেয় বন্ধ, বাসস্থান সামাজিক প্রয়োজনীয় পরিকাঠামো—সিঙ্গাপুরের মতো ছোট্ট ভূখন্ড যদি আমাদের হত <sup>ा वनाजा</sup>म त्य **आमारमंत्र श्वांनीग्न विभान त्य সম्প**দ আছে তাকে কেন্দ্র करেत श्वनिर्ভत यात्र विवर यामनानि विनादक कमात्ना प्रश्वव। याशनि वर्तारहन, ठाका त्नरे, कि कर्तवः <sup>া সম্পদের</sup> যুক্তির কথা ব**ললাম এখানে। অর্থ নেই, তাই বিদেশ থেকে ঋণ নেও**য়া <sup>জাছেন।</sup> অনেক হাত **জড়ো করে বিদেশি ঋণ কত পান আপনারা**? দশ হাজার কোটির <sup>এक এको।</sup> वहत्त। **६० शकांत्र क्लांरि गिकात মতো काला गिका या क्रमा আছে এখানে**, <sup>জার কোটি</sup> টাকা, পাঁচ ভাগের এক ভাগ যদি উদ্ধার করতে পারতেন, তাহ**লে** এই व मृष्टि २७ मा।

<sup>ভূমি সংস্কারের</sup> ক্ষেত্রে **এই বক্তব্যটির সিনহা মহাশরের** এবং এরজন্য আমি পুরনো <sup>দেবে এলাম। উনি আগেরবার যা বলেছিলেন এইবার সেই একই কথা বলেছেন এবং</sup>

আমিও আগেরবারের মতো এবারেও আরেকবার উত্তর দিচ্ছি। ভূমি সংস্কার কো দক্ষিণ্যের ব্যাপার নয়, সেটা হচ্ছে ফান্ড ম্যানেজমেন্ট স্টাডিজের ভিত্তিতে আমাদে ৩৪১টি ব্লকের যে তথ্য সেই তথ্য অনুযায়ী আমাদের রাজ্যে ২৫টি এবং কে অঞ্চলের একই তথ্য। আপনারা তো বিঘাকে ঘৃণার চোখে দেখেন কিন্তু সেই বি আমরা রেকর্ড খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধি করতে পেরেছি, সবচেয়ে বেশি এতে রেং করেছি। এটা কিন্তু আমরা কোনও জমিদার-জোতদারের জমির থেকে পাইনি. আ ক্ষকের জমির থেকে পাই না, আমরা পাই খুবই ক্ষুদ্র কৃষকের জমির থেকে। অামরা একর প্রতি ফসল ফলাতে পেরেছি এবং কর্মসংস্থানের ক্ষেত্রে রেকর্ড বৃদ্ধি ক ভূমি সংস্কারের মাধ্যমে। আমরা একথা বলছি না যে আমূল ভূমি সংস্কার করেছি. করেছি তাতে একটা পরিবার পিছু যা হিসাব দিয়েছি সেই হিসাব অনুযায়ী এক একটু কম জমি হয়তো পেয়েছেন, এক্ষেত্রে বিভ্রান্ত হবেন না, ওই এক একরের বি জ্বমিতে কিন্তু আমরা সেচের জল পৌছে দিতে পেরেছি। এবং কোনও কোনও ক্ষে জমির থেকে ১ ফসলীর জায়গায় ২-৩-৪ ফসলী ফলানো সম্ভব হয়েছে। কিন্ধ সমস্যার সমাধান হয়না তবুও আমি বলছি আগে যে অবস্থা ছিল তার থেকে একট উন্নতির মুখ দেখেছেন। সেটাতে কি আপনাদের খুব কন্ট হচ্ছে মাননীয় সিনহা এক্ষেত্রে কিন্তু একটি কথা বলি এটা কিন্তু সম্ভব হয়েছে ভূমি সংস্কারের ফলে। হ উদারনীতি সম্পর্কে নানারকম তথ্য পাই, এই উদারনীতিটা কি সেটা একট করি—উদারনীতি হচ্ছে সমান প্রতিযোগিতা, সমান প্রতিযোগিতা হচ্ছে সমান সুযোগ। ক্ষেত্রে যে সমান সুযোগ দেওয়া হচ্ছে সেটা ভূমি সংস্কারের পথ বেয়ে। ভূমি সংস্কারে দিয়েই এই সমান সুযোগ পেতে পারেন। যাইহোক আমি ওইসব বিতর্কে না গিয়ে খ ব্যয় বরাদ্দ যেটা নিয়ে আমি বলছি সেটা হচ্ছে যে এই কাজের ব্যাপারে পাছে র্জ তোলেন সেই কারণে রাজ্য সরকার নিজে এটা দেখে, না, সেন্টার ফর সোশ্যাল तिमार्ठ তार्मत मिरा कताता হয়। গত ১৫ বছরে খাদ্যশস্য উৎপাদনে ৭৬ লক্ষ দি ১২৮ লক্ষ টনে যে বৃদ্ধি পেয়েছে তার পেছনে সবচেয়ে বেশি কোনও জিনিসটা কার ই মাননীয় সিনহা মহাশয় জানেন ? কলেজে আপনি আমার অগ্রজ ছিলেন, এখানেও চি ভালো नाগবে আমাদের যে রিগ্রেসান সেটা মামুলি রিগ্রেসান নয়, বলে না, <sup>ইর্নে</sup> রিপ্রেসন বলা হয় এবং সেখানে এরার টার্ম সরিয়ে সমস্ত ভেরিয়েবিলিটি ট্রাই <sup>করেছি ।</sup> হাই ইয়েল্ডিং এবং ফার্টিলাইজার ও ভূমি সংস্কার ও সেচ সবচেয়ে বেশি হ<sup>রে। র্রু</sup> সিনহা মহাশয়, সেখানে ভেরিয়েবিলিটির রিগ্রেসনকে আমরা ক্যাচ করেছি, সেটাকে ভূ<sup>কিন</sup> এবং সেচে এটা করতে পেরেছি। প্রমাণিত তথ্যাদি এই অবধি আছে এবং <sup>আমরা গ</sup> এগোব। এটা রাজনৈতিক দৃষ্টিভঙ্গি এবং আর্থিক দৃষ্টিভঙ্গির সমাহারে। এরপরে একী এসেছে পার্টিগণিতিক। মাননীয় অতীশদা প্রশ্ন করেছেন খানিকটা মুদ্রাদোষের <sup>মতো হো জা</sup> বাজেটের সব টাকাটাই প্রায় সরকারি কর্মচারিদের মাইনে দিতে চলে যায়। <sup>আর্মি</sup> ী বাজেট প্রস্তাবে ৮.৪৮০ কোটি টাকা ধরেছি, তার মধ্যে সরকারি কর্মচারী <sup>এবং শ</sup>্রী শিক্ষকদের স্তর যোগ করলে হচ্ছে মোট ৩ হাজার ২০০ কোটি টাকা। তার সঙ্গে হয়েছে ১ হাজার ২৮৭ কোটি টাকা অর্থাৎ ৪ হাজার ৩২৭ কোটি টাকা এই ৮ হাজা কোটি টাকার মধ্যে যাচেছ এবং এটা ৯০ শতাংশ নয়, ৫১ শতাংশ। মাননীর ট

া আমি ওঁনাদের হিসাব খন্ডন করে বলছি যে, অন্যান্য রাজ্যে শিক্ষকদের পূরো বেতন া. শুধু প্রান্ট দিয়ে ছেড়ে দেয়। বেশিরভাগ কংগ্রেস শাসিত রাজ্যেই এই অবস্থা, আমরা ু ঠাদের প্রতি একটু সহানুভূতির হাত বাড়িয়ে দিয়েছি, এতে কি দোষ হয়েছে? রে বলা হয়েছে ঋণের বোঝা বাড়লো কেন? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই ঋণের ্র আমি বিস্তৃত খবর নিয়ে জানাচ্ছি যে, এই ঋণের মধ্যে সুদের হার বাড়ার কারণ তথাক্থিত কেন্দ্রীয় সরকার সাহায্য যেটা দেয় তার সেটা সাহায্য নয়, তার ৭০ ভাগই খণ মহাজনী কারবার যেটা চুপিসারে এক শতাংশ সুদের হার বাড়িয়ে দিয়েছে। গতবারই নগুয়ের কথা বলেছি, এইবারও বলছি যে স্বন্ধ সঞ্চয়ের থেকে নীট যেটা পাই—পুরনো ্যর ব্যাপারে সেটাই ফেরৎ দিতে হয় এবং সেই ব্যাপারে অর্থ কমিশনের কাছে বারেবারে 🔋 যে এটাকে কেন লায়েবিলিটি হিসাবে ট্রিট করা যায় না। যদি করতে পারেন এই ্ল আরও নেমে যাবে, এই হচ্ছে কিন্তু হিসাব ৯২ শতাংশ, ৯১ শতাংশ এর মধ্যে যে নাল এরার খুব সিগনিফিকান্ট, এটা আপনাদের কাছে আমি আশা করিনি। এর পরের ্আস্ছি পরিকল্পনা বাজেট এত কমল কেন, আমি একটা ফ্যাক্টার অ্যানালাইসিস করছি। <sub>নীয়</sub> উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে জানাচ্ছি '৮৫ থেকে '৯০ সালের মধ্যে আমাদের ক্রনার বাজেটে ধরা ছিল ৪,১২৫ কোটি টাকা; কত খরচ হল প্রায় ১০০ শতাংশ। তাঁর ্য কটো কেন্দ্র দিলেন, কটটা রাজ্য দিলেন—কেন্দ্রীয় সরকার দিলেন ২৫ শতাংশ, আর গবিব রাজা সরকার দিলেন ৭৫ শতাংশ। '৯০-'৯১ সালে যেহেতু আপনারা বেতন র্বিনাস করেছিলেন, তাই পরিকল্পনার বাজেটে '৯০-'৯১ সালে আমরা বেতন পুনর্বিন্যাস এবং এর পরেও সেই বছরেই পরিকল্পনার বাজেট ৮৪ শতাংশ রক্ষা হয়। যদিও আমরা ছু পুনরুক্তি করেই আবার বলছি বক্রেশ্বরের জন্য ঋণ বাবদ অর্থ ১৩৪ কোটি টাকা ছিল, সেই বছরেই সেটা পেলে শতকরা ৯৩ শতাংশ রক্ষা করা যেত। দেখুন এর মধ্যে পরিকল্পনার কোনও আঘাত এল না, '৯২-'৯৩তে আঘাত এল, আগের সব ক'টা দ্মাবলস এখানে আছে। কিন্তু বাড়তি ২টি নয়েজ এলিমেন্ট এল, '৯১-'৯২তে কি হল, হল আগে যা হয়নি, কখন বলা হল ২১৫ কোটি টাকা কেন্দ্রীয় সরকার ঋণ দেবেন যুক্তিতে বলা হল, যেহেতু সপ্তম যোজনায় পরিকল্পনা বাবদ এই রাজ্য কম পেয়েছে, ন্য এই যুক্তি খাড়া করা হয়, আর ক্ষতিপূরণ বাবদ, কোনও দয়া-দাক্ষিণ্য নয় ২১৫ টাকা দেবার কথা লিখিতভাবে জানানো হয়েছিল সেটা মাননীয় সদস্য জানেন। আর <sup>१%</sup>য়ের উপর আঘাত, এটা নিয়ে আমি বাজেটে বলেছি, এটার ব্যাপারে আমি আর তি করতে চাইনা। এর সঙ্গে শেয়ার মার্কেটের কেলেঙ্কারী, মিউচুয়াল ফাল্ডের সুদের টাকা বাড়িয়ে রাজ্য থেকে এনে ঐখানে ঢালা হল তার জন্য ৪১৩ কোটি টাকার ক্ষতি <sup>্১৫</sup> আর ৪১৩ যোগ করলে হয় ৬২৮ কোটি টাকা, পরিকল্পনার বাজেটে বরান্দ ছিল া কোটি টাকা, বিয়োগ করলে হয় ৮৫৮ কোটি টাকা, এটা পরিকল্পনা বাজেট হতে <sup>৯১৩</sup> কোটি টাকায় আমরা **শেষ করি। এই পরিস্থিতিতে দাঁড়ি**ল্পে আমাদের নিষেধাজ্ঞা <sup>राরাহে</sup> এক এক মাসে। যেখানে ৭৪ কোটি টাকা স্বন্ধ সঞ্চয় বাবাদ যে অংশ আমরা <sup>(मेरे</sup> १० (थरक ८०, ८० **(थर**क ७८, ७८ (थरक ১०, ১० (थरक ৫ <u>এইভाবে</u> यथन <sup>তখন</sup> আমাদেরকে নিবেধা**জা দিতে হয়েছে। মাননীয় সদস্য অতীশ মহাশয় ওর কান্দি** क्षा कालान, माननीय अपन्य जिन्हा महाभारतत्र माधारम कान्मि व्यक्षालत अमस्य

[ 29th March,

- শ্রী আনিসুর রহমান ঃ অনেকণ্ডলো মামলা আছে, তবে প্রথমে তিনটি মামল এই তিনটি মামলা নিয়ে একসঙ্গে শুনানির ব্যবস্থা করছি। গত ১৩ই মার্চ থেকে শু হয়েছে। আশা করছি তাড়াতাড়ি রায় পেয়ে যাব।
- শ্রী মুস্তাফা বিনকাশেম : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মার্ন কাছে জানতে চাই, যে সমস্ত মামলার কারণে হুগলি জেলায় শিক্ষক নিয়োগ বদ্ধ মামলার প্রভাবেই কি অন্য জেলাতেও সেটা বন্ধ আছে; নাকি তার অন্য কারণ
- শ্রী আনিসুর রহমান ঃ প্রথমত তিনটি মামলা আছে। ঐ মামলার ফলে সম প্রাথমিক বিদ্যালয়ে প্যানেল এবং নিয়োগ বন্ধ রয়েছে। আর একটি মামলায় অ রিকুটমেন্ট রুলস করেছিলাম তার উপর নিষেধাক্তা আছে। এই নিষেধাক্তা সময় ক্ষেত্রে প্রযোজ্য।
- শ্রী ধীরেন সেন: বর্ধমান জেলায় প্রাথমিক শিক্ষক নিয়োগের জন্য দর্থান্ত আ হয়েছে বলে সংবাদটা ঠিক কি না?
  - শ্রী আনিসুর রহমান: প্রশ্নটা হুগলি জেলা নিয়ে, বর্ধমান জেলার কথা তুললে পুরসভা দপ্তরের রাষ্ট্রমন্ত্রীর বিমান শ্রমণে খ্রচ
- \*২২১। (অনুমোদিত প্রশ্ন নং \*৮৩) শ্রী আবদুল মান্নান ঃ অর্থ বিভাগের ভ মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

পুরসভা দপ্তরের রাষ্ট্রমন্ত্রীর বিমানে কলকাতা এবং শিলিওড়ি যা<sup>তারাজে</sup> ১৯৯১-৯২ এবং ১৯৯২-৯৩ সালে (ডিসেম্বর, ১৯৯২ পর্যন্ত) <sup>কত টার্না</sup> হয়েছে?

#### ডঃ অসীমকুমার দাসওপ্ত : -

১৯৯১-৯২ সালে টাকা ৮,১৩৭-০০ এবং ৯২-৯৩ (ডিসেম্বর ৯২ পর্বর্ড) ১২,৪৬৮-০০।

ৰী সূত্ৰত মুখার্জি : এবারের বাজেটে একটা গুরুত্বপূর্ণ বিষয় ঘোষণা <sup>করেছি</sup>

ভার পেছনে খরচ কমিয়ে একটা অঙ্কের অর্থ সাশ্রয় করবেন। আমার প্রশ্ন, ১৯৯১-৯২ ্য পরিমাণ টাকা খরচ হয়েছে, ১৯৯২-৯৩ সালে দেখছি অলরেডি ১২ লক্ষ টাকা করে গেছে। এই হারে যদি খরচ বাড়তে থাকে, খরচটা যদি কমানো না যায় তাহলে ার ঘোষণার সঙ্গে সামঞ্জস্য থাকবে কি করে?

তঃ অসীমকুমার দাশওপ্তঃ আমাদের মন্ত্রিসভার ৪৩ জন সদস্য আছেন। তাদের জন্য ১-৯২ সালে ট্যুরিং এক্সপেন্স দেশ এবং বিদেশ নিয়ে ৩০ লক্ষ ১৫ হাজার হয়েছিল। ২-৯৩ সালে ইকনোমিক মেজার লাও করা হলেও এটা ১৫ লক্ষে ধরে রাখা যায়নি, ১৮ লক্ষ হয়েছে।

শ্রী সূবত মুখার্জিঃ এটা পদ্ধতিমূলক করলে এক পয়সাও খয়চ হত না। এইরকম । দেবেন কি যে, দয়া করে ট্রেনে যানং আপনি জানেন ট্রেনে গেলে একজন অ্যাকম্পানি ফু হতে পারে। যেটা শূন্য হতে পারত সেটা আপনি ২০ লক্ষ করে দিলেন।

[12-00 — 12-10 p.m.]

থ্রী রবীন্দ্রনাথ মণ্ডল ঃ গত ১ বছরে কেন্দ্রীয় সরকারের যে সমস্ত মন্ত্রীরা এসেছিলেন র জন্য কত থরচ হয়েছে রাজ্য সরকারের এবং এই প্রসঙ্গে বলি প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী যাবানার্জির জন্য কত খরচ হয়েছে সেটা যদি আলাদা করে বলে দেন তাহলে ভালো

ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কোনও মন্ত্রীর আলাদা করে । না। কেন্দ্রীয় সরকারের মন্ত্রীরা যে এখানে আসেন ১৯৯১-৯২ সালে রাজ্য সরকারের জন মন্ত্রীর জন্য যা খরচ হয়েছে তার দ্বিগুণ খরচ হয়েছে কেন্দ্রের মন্ত্রীদের আসার জন্য। আমি পরিদ্ধারভাবে বলে দিতে চাই এই বছর কেন্দ্রীয় সরকারের যেটা ধরা ছিল খবর ই ২৫০ হারে ওঁরা বেশি খরচ করেছেন।

#### (গোলমাল)

মি পিকার ঃ ওনারা কোয়েশ্চেন করলে আপনারা চেঁচামেচি করবেন আর আপনারা রেশ্চেন করলে ওনারা চেঁচামেচি করলে আপনারা আপত্তি করবেন এটা ঠিক নয়। একটা বিট কালটিভেট করছেন। ইট ইজ নট গুড, এটা ভালো জিনিস নয়, ডোন্ট ডু ইট। দে ভ গট দি সেম রাইট।

## (নয়েজ অ্যাণ্ড ইন্টারাপশান)

খ্রী সেগত রায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় উন্মেখ করেছেন যে ১৯৯১-৯২ সালে ওনারা খ্রী সভার মন্ত্রীদের ঘোরাফেরার জন্য ৩০ লক্ষ টাকা খরুচ হয়েছে এবং ১৯৯২-৯৩ সালে দ্র্যী কিন্ত্রি ১৮ লক্ষ টাকায় এনেছেন। আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে জানতে চাই, আপনি একটু ভেদ্বে বলবেন এই ৩০ লক্ষ টাকার মধ্যে মুখ্যমন্ত্রীর জন্য কত খরুচ হয়েছে এবং দ্রানা মন্ত্রীদের জন্য কত খরুচ হয়েছে এবং ধ্রু ১৮ লক্ষ টাকার মধ্যে মুখ্যমন্ত্রীর জন্য কত খরুচ হয়েছে এবং ধ্রু ১৮ লক্ষ টাকার মধ্যে মুখ্যমন্ত্রীর জন্য কত ধ্রুচ হয়েছে এবং ধ্রুচ ২০০ শুলা মন্ত্রীদের জন্য কত খরুচ হয়েছে থবং ধ্রুচ হয়েছে থবং থবুচ হয়েছে থবং অন্যান্য মন্ত্রীদের জন্য কত খরুচ হয়েছে গুলা বিশ্বাসন্ত্রীয় জন্য কত

[31st March, 10

ডঃ অসীমকুমার দাশগুপ্ত । মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে আমার কাছে যে আছে সেটা আমি পরিষ্কারভাবে বলছি। উত্তরবঙ্গ থেকে যারা যাতায়াত করেন যেমন কুর্চি জলপাইগুড়ি, দার্জিলিং এবং দিনাজপুর থেকে আমি দেখলাম গড় পড়তায় যা খরচ জিল অনুযায়ী ঠিকই আছে। মাথা পিছু এক-একটা মন্ত্রীর যে খরচ আমরা দেখতে পাছি বছরে সেটা বোধ হয় সারা ভারতবর্ষের ক্ষেত্রে সবচেয়ে কম। আরো বিস্তারিতভাবে জ্বা হলে নোটিশ দেবেন।

## Starred Questions (to which written answers were laid on the Table) পুরুলিয়া জেলায় ফুড প্রসেসিং প্রকল্প

\*২২২। (অনুমোদিত প্রশ্ন নং \*১৩৩২) শ্রী ভন্দু মাঝি ঃ খাদ্য প্রক্রিয়াকরণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

পুরুলিয়া জেলার ফুড প্রসেসিং-এর কোন প্রকল্প গ্রহণ করা হয়েছে কিং খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

না।

আর্থিক সংকটে বেসরকারি সংস্থার কাছে রাজ্য সরকারের ঋণ গ্রহণ

\*২২৩। (অনুমোদিত প্রশ্ন নং \*২৩২) শ্রী প্রবীর ব্যানার্জি ঃ অর্থ বিভাগের ভারঃ
মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকারের আর্থিক সংকটের জন্য সরকার এ বেসরকারি অর্থলিগ্নি সংস্থার নিকট থেকে ঋণ গ্রহণ করার সিদ্ধান্ত নিয়েছে এবং
- (খ) সত্যি হলে, এই উদ্দেশ্যে সরকার কত টাকা নিয়েছেন এবং দের সূদের হ কতঃ

### অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (ক) সৃষ্ট আর্থিক সংকটের মুখে দাঁড়িয়ে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারকে জনি বাইরের দৃটি সংস্থা থেকে ১৯৯২-৯৩ আর্থিক বছরে ঋণ নিতে বাধ্য হয়।
- (খ) ঐ খণের পরিমাণ ১০০ কোটি টাকা এবং সুদের হার ২০ শতাং<sup>শ।</sup>

#### রানাঘাটের পাওয়ারলুম

\*২২৪। (অনুমের্নিত প্রশ্ন নং \*১৫৫৬) শ্রী সূভাষ বসু ঃ ক্ষুদ্র ও কৃটির <sup>নি</sup> বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

ŀ

- রানাঘাটের পাওয়ারলুমকে আরো উয়য়নের ব্যাপারে কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং
- (খ) থাকলে, তা কি কি?

কৃদ্র ও কৃটির শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

- (ক) নেই।
- (খ) প্রশ্ন ওঠে না।

# xpenditure of State Government on Interest Payment and Servicing Debts

\*225. (Admitted question No. \*334) Shri Nasiruddin Khan and i Saugata Roy: Will the Minister-in-charge of the Finance Departit be pleased to state—

- (a) the expenditure incurred by the State Government on Interest Payments and Servicing of Debts during the last years; and
- (b) the above expenditure as percentage of the total expenditure of the Sate during the above period?

## Minister-in-charge of the Finance Department:

#### (Rupees in crores)

Expenditure on	Actuals 1989-90	Actuals 1990-91	Actuals 1991-92
Interest Payments	529.67	626.53	826.43
Servicing of Debts	0.26	9.40	0.55
Total:	529.93	626.93	826.98
Total Expenditure	4882.76	6236.09	9137.26
Percentage	10.85	10.05	9.05

#### পুরুলিয়া জেলার রাজাবাঁধ সেচ প্রকল্প

২২৬। (অনুমোদিত প্রশ্ন নং \*৩৯৮) শ্রী নিশিকান্ত মেহেতা. ঃ সেচ ও জলপথ র ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

- প্রকলিয়া জেলার আঢ়েষা বিধানসভা কেন্দ্রের অন্তর্গত রাজাবাঁধ (সিরকাবাদ) সেচ

  থক্য়টি গ্রহণ করার কোনও পরিকয়না সরকারের আছে কি ; এবং
- <sup>(২)</sup> <sup>থাকলে</sup>, ঐ কাজ কবে নাগাদ শুরু হতে পারে বলে আশা করা যায়?

[31st March, ]

#### সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (ক) না।
- (খ) প্রশ্ন ওঠে না।

#### Total Annual Income of the State

- \*227. (Admitted question No. \*380) Shri Gyan Singh Sol Pal: Will the Minister-in-charge of the Finance Department be pleato state—
  - (a) the present total annual income of the State from all accounts;
  - (b) the total amount spent by the Government annually for p ment of salaries to its employees;
  - (c) the total amount spent annually towards payment of interon loans;
  - (d) whether it is a fact that the State Government have tall loan from any private investment company; and
  - (e) if so, furnish full particulars?

## Minister-in-charge of the Finance Department :

(a) The present total annual income of the state from all counts (i.e. State Domestic Product) is estimated at 40,094.13 crores.

The estimated receipts under the Consolidated Fund for year 1992-93 is 9270.94 crores.

- (b) The expenditure towards Payment of salaries to State 6 ernment employees during the year 1992-93 is estimated be of the order of Rs. 1402.60 crores.
- (c) Total amount required during the year 1992-93 towards p ment of interest on loans is estimated at Rs. 1024.78 crol
- (d) and (e)
  - (i) Rs. 60 crores was taken as loan by the west and Industrial Development Corporation Ltd. from Peerk General Finance and Investment Company Ltd. and keeping Government Account.

(ii) Rs. 40 crores was taken as deposit from West Bengal State Co-operative Bank.

Both the loans have been repaid in full with interest.

#### তিন্তা প্রকল্প

- \*২২৮। (অনুমোদিত প্রশ্ন নং \*৪৪০) **শ্রী প্রশান্ত প্রধান ঃ** সেচ ও জলপথ বিভাগের <sub>.</sub> ।প্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—
- (ক) তিন্তা প্রকল্পের জন্য ১৯৯২-৯৩ সাল (ডিসেম্বর, ১৯৯২) পর্যন্ত কত টাকা ব্যয়
  করা হয়েছে;
- (খ) সেচের জন্য উক্ত প্রকল্প থেকে বর্তমানে কত পরিমাণ জল সরবরাহ করা হয়েছে;
- (গ) প্রকল্পটির কাজ শেষ হলে কত পরিমাণ জল সরবরাহ করা সম্ভব হবে ; এবং
- (ঘ) কত পরিমাণ জমিকে ঐ সেচের আওতায় আনা যাবে বলে আশা করা যায়?

#### সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (क) তিস্তা ব্যারেজ প্রকল্পের জন্য ১৯৯২-৯৩ সাল (ডিসেম্বর '৯২) পর্যন্ত ৩৮৪.০০ কোটি টাকা (প্রায়) ব্যয় করা ইইয়াছে।
- (খ) এই প্রকল্পে এখন ১২,৩০০ হেক্টর জমিতে খরিফের জন্য ও রবি মরশুমে ৫,৯৭০ হেক্টর জমিতে চাহিদামতো জল সরবরাহ করা হইতেছে।
- (গ) এই প্রকল্পের প্রথম পর্যায়ের প্রথম উপ-পর্যায়ের কাজ, যাহা বর্তমানে চলিতেছে, শেষ হইতে মোট ৫,২৬,০০০ হেক্টর পরিমাণ সেচ সংস্থানের সম্ভাবনা আছে।
- (घ) এই প্রকল্পের প্রথম পর্যায়ের প্রথম উপ-পর্যায়ের কাজ, যাহা বর্তমানে চলিতেছে, শেষ ইইলে মোট ৩,৪২,০০০ হেক্টর জমিতে জল সরবরাহ করা সন্তব হইবে।
- \* 229 Held over

### প্রাথমিক স্তরে বৃত্তি পরীক্ষা

<sup>\*২৩০। (অনুমোদিত প্রশ্ন নং \*৭৪০) শ্রী সূবত মুখার্জি : শিক্ষা (প্রাথমিক ও নাধ্যমিক <sup>টাগের</sup> ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—</sup>

- (ক) গত দু'বছরে প্রাথমিক শিক্ষা উন্নয়ন পর্বদের পরিচালনায় কতজন ছাত্র-ছাত্রী প্রাথমিক স্তরে (চতুর্থ শ্রেণীর ছাত্র-ছাত্রীদের জন্য) বৃত্তি পরীক্ষায় বসেছে ; এবং
- উত্ত প্রাথমিক স্তারে বৃত্তি পরীক্ষা বে-সরকারি পর্যদের হাতে ন্যস্ত থাকার কারণ
  কি?

[31st March.

## শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- (क) এ ধরনের কোনও পর্যদের অন্তিত্ব রাজ্য সরকারের কোনও স্তরে নেই। সালের প্রাথমিক শিক্ষা আইন অনুযায়ী ১৯৯৩ সালের ৩০শে জুন র রাজ্য স্তরের একটি সংস্থা গঠন করা হয়েছে। এই সংস্থার নাম 'প্র প্রাথমিক শিক্ষা পর্যদ'। পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষানীতি অনুযায়ী প্রাথমির কোনও পরীক্ষা গ্রহণের বিধি নেই।
- (খ) প্রশ্ন ওঠে না।

চোরাপথে রাজ্যে সিকিম ও ভূটানের লিকার বিক্রিতে সরকারি রেভিনিউ 🔉

- \*২৩১। (অনুমোদিত প্রশ্ন নং \*১৫১১) শ্রী সেখ জাহাঙ্গীর করিম । অর্থ ও জ্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—
  - (क) উত্তরবঙ্গের কিছু জেলায় সিকিম ও ভূটানের 'লিকার' চোরাপথে এদ। হওয়ায় পশ্চিমবঙ্গ সরকারের 'রেভিনিউ আদায়' কি হ্রাস পেরেছে; ।
  - (খ) চোরাপথের উক্ত বিদেশি 'লিকার' বিক্রি বন্ধের জন্য সরকার কোনঃ গ্রহণ করবেন কি?

#### অর্থ ও আবগারি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

- (ক) না।
- বিভিন্ন সতর্কতামূলক তদারকি ব্যবস্থার ফলে চোরাপথে আসা সিকিম ६ व লিকার বিক্রি বন্ধের ব্যবস্থা এখনই চালু আছে।

#### কয়লার সেস বাবদ কেন্দ্রের কাছে রাজ্যের পাওনা

- \*২৩২। (অনুমোদিত প্রশ্ন নং \*১১২) শ্রী অমিয় পাত্র এবং শ্রী নটবর বার্গা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—
  - কেন্দ্রীয় সরকারের নিকট এ যাবৎ কয়লার সেস বাবদ রাজ্যের ক্র পাওনা আছে;
  - (খ) উ**ক্ত টাকা পাওয়ার জন্য রাজ্য সরকার কি কি ব্যবস্থা** গ্রহণ <sup>করেছে</sup>
  - (গ) কি কি খাতে ঐ টাকা ব্যয় করা হয় ; এবং
  - (ঘ) পুরুলিয়া জেলার খনি অঞ্চল থেকে প্রাপ্য টাকায় ঐ অঞ্চলে উর্মন কি কাজ করা হয়েছে?

#### অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ১৯৯৩ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত কয়লার সেস বা<sup>বদ কেন্দ্রীয় গ</sup>

কয়েকটি সংস্থা থেকে রাজ্য সরকারের মোট পাওনা ৫৬২ কোটি ৪০ লক্ষ টাকা।

- আইনে ক্ষমতা প্রাপ্ত, আধিকারিক এ ব্যাপারে সংশ্লিষ্ট কেন্দ্রীয় সংস্থাগুলিকে আইন অনুযায়ী নোটিশ পাঠিয়েছেন।
- (গ) আইন অনুসারে সেস বাবদ আদায়িকৃত অর্থ প্রাথমিক শিক্ষার প্রসারে এবং
   গ্রামীণ কর্মসংস্থান ও উৎপাদনমুখী কর্মস্চিতে ব্যয় করা হয়।
- (घ) কোনও বিশেষ অঞ্চলের জন্য এ বাবদ কোনও বরাদ্দ নির্দিষ্ট করার বিধান আইনে নাই।

#### হুগলি জেলার ঘিয়াকুন্তী জলনিকাশি প্রকল্প

- \*২৩৩। (অনুমোদিত প্রশ্ন নং \*১৩৯৩) শ্রী অরুণ গোস্বামী ঃ সেচ ও জলপথ গর ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—
- (ক) হুগলি জেলায় ঘিয়াকুন্তী জলনিকাশি প্রকন্মের কাজ কবে আরম্ভ হয়েছে ;
- খ) উক্ত প্রকল্পের কাজের জন্য প্রথমে কত টাকা Estimate ধরা হয়েছিল ;
- গ) ৩১শে জানুয়ারি ১৯৯৩ পর্যন্ত কত টাকা খরচ হয়েছে ; এবং
- ঘ) উক্ত প্রকল্প অসম্পূর্ণ থাকার জন্য সেচের কাজে চরম সমস্যার সৃষ্টি হচ্ছে ও চার্যীদের চরম দুর্ভোগ পোহাতে হচ্ছে?

## সচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

- ক) ১৯৭৭ সালে।
- ই) ১৯৭৩ সালের এপ্রিল মাসের হিসাব অনুযায়ী প্রাথমিক অনুমানিক ব্যয় ৭৫৯ লাখ টাকা (১৯৮৫ সালের এপ্রিল মাসের হিসাব অনুযায়ী প্রাথমিক আনুমানিক ব্যয় দাঁড়ায় ২৮৫০ লাখ টাকা) ধরা হয়েছিল। প্রকল্পটির সংশোধিত আনুমানিক ব্যয় (১৯৯২-এর মূল্যায়ন অনুসারে ৩,৮৫০ লাখ টাকা।
  - ) ডিসেম্বর '৯২ **পর্যন্ত ব্যয় হয়েছে ২,**১৯৬ লাখ টাকা।
  - ) ইহা নিকাশি প্রকল্প, সূতরাং সেচের অসুবিধার প্রশ্ন ওঠে না।

    প্র<sup>কল্পটি</sup> সম্পূর্ণ না হলেও আংশিক নিকাশি ব্যবস্থায় কৃষি কাজের সুবিধাই

    ংয়েছে।

## বিক্রয় কর বসানোয় রাজ্য সরকারের অধিকার

<sup>78। (অনুমোদিত প্রশ্ন নং \*৪৫৪) শ্রী আৰু আয়েস মন্ডল ঃ অর্থ বিভাগের <sup>মন্ত্রী মহাশ্</sup>ন্ন অনুগ্রহপূর্বক জ্বানাইবেন কি—</sup>

[31st March

- (ক) চিনি, তামাক ও সৃতিবস্ত্রের উপর বিক্রয় কর বসানোর অধিকার কখন সরকারের ছিল কি না : এবং
- (খ) থাকলে, এই অধিকার কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারের কাছ থেকে <sub>ক্রে</sub> থেকে নিজের হাতে নিয়েছেন?

#### অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

- (ক) খাঁ।
- (খ) ১৯৫৭ সালের ১৪ই ডিসেম্বর থেকে।

#### সিদ্ধেশ্বরী নুনবিল প্রকল্প

\*২৩৫। (অনুমোদিত প্রশ্ন নং \*৫০৬) শ্রী তপন হোড় ঃ সেচ ও জলপথ বি ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

প্রস্তাবিত সিদ্ধেশ্বরী নুনবিল সেচ প্রকল্প বর্তমানে কী পর্যায়ে আছে?

#### সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

সিদ্ধেশ্বরী নুন বিল সেচ প্রকল্পের অনুসন্ধানের কাজ শেষ হতে ১৯৯০ স জুন মাস নাগাদ হয়ে যাবে। তারপর স্কীম তৈরি করে অনুমোদন আনতে ই দু বছর লেগে যাবে।

১৯৯১-৯২ ও ১৯৯২-৯৩ সালে বিক্রয়কর খাতে রাজ্য সরকারের আয়

\*২৩৬। (অনুমোদিত প্রশ্ন নং \*১০৮৯) শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ অর্থ বিল ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) ১৯৯১-৯২ এবং ১৯৯২-৯৩ সালে বিক্রয়কর খাতে রাজ্য সরকার বার্জ্ঞের টাকা আয় হবে ধরেছিলেন ;
- (খ) ৩১শে জানুয়ারি '৯৩ পর্যন্ত কত টাকা আয় হয়েছে ; এবং
- (গ) আয়ের পরিমাণ কম হলে হলে তার কারণগুলি কি কি?

## অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

- (ক) যথাক্রমে ১,৪৯৩ এবং ১,৯০০ কোটি টাকা ১৯৯১-৯২ আর্থিক বৃহরে মোট প্রকৃত আদায় হয়েছে ১,৪১৫ কোটি টাকা ১৯৯২-৯৩ আর্থিক বছরে (৩১. ১. ৯৩) পর্যন্ত মোট আদায়ের পরিমাণ ১০ কোটি টাকা।
- (খ) সারা দেশে ব্যবসায়ের ক্ষেত্রে সামগ্রিক মন্দা, ইত্যাদি কারণে ১৯৯১<sup>-৯২ র্ন</sup> বাজেটে ধার্য লক্ষ্যমাত্রা থেকে কম বিক্রয় কর আদায় <sup>হয়েছে।</sup>

১৯৯১-৯৩ সালেও ঐ মন্দাভাব এবং ট্রাক ধর্মঘট ও দেশের বিভিন্ন স্থানে সাম্প্রদায়িক দাঙ্গা ইত্যাদির কারণে আন্তরাজ্য পণ্য চলাচলের বিদ্ন হেতু এই বছরের আদায় ও লক্ষ্যমাত্রার নিচে রয়েছে।

#### 'অরগানহিজড' প্রাথমিক শিক্ষক নিয়োগ

্ত্ব। (অনুমোদিত প্রশ্ন নং \*৯০১) শ্রী সূভাষ নস্করঃ শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) । ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জ্যনাইবেন কি—

- অরগানাইজড' প্রাথমিক শিক্ষকদের নিয়োগের কোনোরূপ সিদ্ধান্ত রাজ্য সরকারের আছে কি ; এবং
- মহামান্য উচ্চ আদালত কর্তৃক 'অরগানাইজড' শিক্ষকদের নিয়োগের জন্য কোনোরূপ সিদ্ধান্ত বা নির্দেশ দেওয়া হয়েছে কি?

# क्षा (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

- ক) এ বিষয়ে মহামান্য কলকাতা হাইকোর্টে কয়েকটি মামলা চলছে। মামলার নিষ্পত্তি
  না হওয়া পর্যন্ত এ সম্পর্কি কিছু বলা যাবে না।
- খ) না।

# restments by (W.B.) Financial Corporation to Closed and Sick Units

- \*238. (Admitted question No. \*1266) Dr. Tarun Adhikary and Saugata Roy: Will the Minister-in-charge of the Finance Departbe pleased to state—
- (a) the investments towards Share Capital, Loans and Interest on Loans made by the West Bengal Financial Corporation to units lying closed or considered sick up to 31-12-1992; and
- (b) the above investment as percentage to the total investments by WBFC in share capital and loans?

## Minister-in-charge of the Finance Department:

a) and (b) A statement is placed on the table of the House.

nent referred to in reply to clause 'Ka' and 'Kha' of Question No. \* 238 (Admitted Question No. 1266)

No. Amount (Rs. lakh)

The investment towards share Capital made by WBFC

					[31st March,
i)	to sick	units		 6	11.00
			lying closed	 10	11.83
				16	22.83

# A) 2) Investment made towards loans granted by WBFC—(Principal)

•	to sick			•••	66 203	1067.80 2420.0
ii) 1	to sick	units lying closed	•••	359	3487.80	

B. The above investment as percentage to the total investme WBFC—(Principal)

i) in share capital ... 44.42

ii) in loans and interest ... 20.69 on loans.

## রাজ্যের ব্যাক্কণ্ডলিতে জমা টাকার পরিমাণ

\*২৩৯। (অনুমোদিত প্রশ্ন নং \*৫৮৪) শ্রী সুশান্ত ঘোষ ঃ অর্থ বিভাগের ভারগ্র মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) ১৯৯২-৯৩ আর্থিক বংসরের ৩১শে জানুয়ারি পর্যন্ত সারা রাজ্যের বাছ কত টাকা এই রাজ্যের মানুষ জমা রেখেছেন ; এবং
- (খ) এর মধ্যে কত টাকা ব্যাম্বগুলি এ-রাজ্যে লগ্নী করেছে?

# অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

- (ক) ৩০শে সেপ্টেম্বর ১৯৯২ পর্যন্ত প্রাপ্ত পরিসংখ্যানের ভিত্তি এই বাণিজ্ঞ্যিক ব্যাঙ্কগুলিতে (গ্রামীণ ব্যাঙ্ক সহ) জমা টাকার পরিমাণ ২১,৩১৮ ৯৮ লক্ষ্ক টাকা।
- (খ) ব্যাণিজ্ঞিক ব্যাস্কণ্ডলি উক্ত তারিখ পর্যন্ত এই রাজ্যে ১১,৪৯৬ <sup>কোটি চ</sup> টাকা লগ্নি করেছেন।

## নদী ভাঙ্গন রোধে বাজেট বরাদ্দ

\*২৪০। (অনুমোদিত প্রশ্ন নং \*৯২২) শ্রী শীশ মহম্মদ ঃ সেচ ও জলপর্য ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

- ৯৯২-৯৩ আর্থিক বছরের জানুয়ারি মাস পর্যন্ত অর্থদপ্তর নদী ভাঙ্গন রোধের জন্য বাজেট বরান্দের কত পরিমাণ অর্থ সেচ দপ্তরকে দিয়েছেন ; এবং
- খ) উল্লিখিত সময়ে নদী ভাঙ্গন রোধের জন্য কেন্দ্রীয় অনুদানের পরিমাণ কত?

## সচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

- ক) ১৯৯২-৯৩ আর্থিক বছরে নদী ভাঙ্গন রোধের জন্য মোট বাজেট বরাদ্দ মোট ২,২৫৩ লক্ষ টাকার ৪৫ শতাংশ অর্থাৎ ১,০১৪ লক্ষ টাকা অর্থ দপ্তর সেচ দপ্তরকে জানুয়ারি মাস ১৯৯৩ পর্যন্ত বরাদ্দ করেছেন।
- ্খ) উল্লিখিত সময়ে নদী ভাঙ্গন রোধের জন্য কোনও কেন্দ্রীয় অনুদান সেচ দপ্তর পায় নাই।
- \* 241 Held over

#### বিভিন্ন বিদ্যালয়ে ক্রয় করা 'কমপিউটরে'র অকেজো অবস্থা

- \*২৪২। (অনুমোদিত প্রশ্ন নং \*১৩৫৮) শ্রী শক্তিপ্রসাদ বল ঃ শিক্ষা (প্রাথমিক ও ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—
- (ক) এটা কি সত্যি যে, বিভিন্ন বিদ্যালয়ে সরকারি ব্যয়ে ক্রয় করা কমপিউটর মেশিনগুলি ক্লাস রুম প্রোজেক্ট এবং উপযুক্ত শিক্ষকের অভাবে অকেজো হয়ে আছে ;
- (খ) সত্যি হলে, এর কারণ কি ; এবং
- (গ) কবে নাগাদ এই সমস্যার সমাধান হবে বলে আশা করা যায়?

শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

- এরপ কোনও তথা সরকারের কাছে নেই।
- ।) প্রশ্ন ওঠে না।
- ग) अभ उठ ना।

#### ব্যাঞ্চ ঋণের সুদের হার

<sup>২৪০। (অনুমোদিত প্রশ্ন নং \*১৫৮৯) **শ্রী অজয় দে :** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী <sup>অনুগ্রহপ্র্বক জানাইবেন কি—</sup></sup>

ব্যাঙ্কের ঋণের সুদের হার কমানোর জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের সাথে <sup>কোনও</sup> আলোচনা করেছেন কি না?

<sup>মর্থ বিভাগের</sup> ভারপ্রাপ্ত মন্ত্রী :

হাঁ।

#### গঙ্গার নাব্যতা

- \*২৪৪। (অনুমোদিত প্রশ্ন নং \*১১৪১) ডাঃ দীপক চন্দ ঃ সেচ ও জলপথ <sub>বিং</sub> ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—
  - প্রতি বছর গঙ্গার নাব্যতা বজায় রাখতে রাজ্য সরকারকে কি কি ব্যবহ্ব
     হয় ; এবং
  - (খ) এ কারণে প্রতি বছর সরকারের কি পরিমাণ অর্থ ব্যয় করতে হয়?
    সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ
  - ক) গঙ্গার: (ভাগিরথী ছগলি) নাব্যতা বজায় রাখার ব্যাপারে সেচ ও জলপথ বি উপর দায়িত্ব ন্যস্ত নাই।
  - (খ) জানা নাই।

# প্রাইমারি স্কুল কাউন্সিলের নির্বাচন

- \*২৪৫। (অনুমোদিত প্রশ্ন নং \*১৫১৪) শ্রী নটবর বাগদি । শিক্ষা (প্রার্থ মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—
  - ক) পশ্চিমবঙ্গের প্রাইমারি স্কুল কাউন্সিলের নির্বাচন করার কোনও পরিকল্পনা সং
     আছে কি না ;
  - বর্তমানে পশ্চিমবঙ্গের বহু প্রাথমিক বিদ্যালয়ে এক শিক্ষক থাকা সভে
    নিয়োগ না করার কারণ কি ; এবং
  - (গ) কোন কোন জেলায় ২/৩ বৎসর আগে শিক্ষকদের জন্য কোনও প্যাদে হয়েছে কি?

# শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

- (ক) হাাঁ, আছে।
- (খ) করেকটি মামলায় মহামান্য কলকাতা হাইকোর্ট শিক্ষক নিয়োগ বিষয়ে <sup>অন্তর্ক</sup> নিষেধাজ্ঞা জারি করার ফলে শিক্ষক নিয়োগ বন্ধ আছে।
- (গ) না।

# ् मश्रुताकी त्मर धकरह्मत्र '७२ ७' महिनत्र ह्यातनल धनन

- \*২৪৬। (অনুমোদিত প্রশ্ন নিং \*১৪১৯) **রী ধীরেন সেন ঃ** সেচ ও জলপর্থ । ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—
  - (ক) ময়ুরাক্ষী সেচ প্রকল্পে অবস্থিত '৫৭এ' মাইনর চ্যানেলটি কোন <sup>সালে খ</sup> হয়েছিল ;

- এই খালের সাহায্যে সেচের জল সরবরাহ করা সম্ভব হবে কি না;
- <sub>গ)</sub> উত্তর যদি 'না' হয়, তবে তার কারণ কি ; এবং
- ক পরিমাণ অর্থ এই খাল খননে ব্যয়িত হয়েছিল?

# দচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:

- প্রাথমিকভাবে এই খালটি বীরভূম জেলাশাসক কর্তৃক টি. আর. স্কীমে ১৯৭৬ সালের পূর্বে খনন করা হয়েছিল।
  - ১৯৭৬ সালে এই খালটি ময়্রাক্ষী জলাধার পরিকল্পনার আওতায় আসে এবং ৫৭-এ মাইনর নামে এই খালটির সম্প্রসারণ করা হয়।
- খ) বর্তমানে এই খালের মাধ্যমে শেষ দিকের কিয়দংশ বাদে উপরের দিকের জমিতে সেচের জল সরবরাহ করা সম্ভব হচ্ছে। বর্তমানে এই খালের মাধ্যমে সেচ গেবিত জমির পরিমাণ ২,০০০ (দুই হাজার) একর।
- ্রা) উক্ত খালের নিচের অংশের জমিতে সূষ্ঠ্নভাবে সেচের জল সরবরাহ করতে না পারার কারণগুলো হ'ল—
- (১) খালটির দৈর্য্য অত্যন্ত বেশি হওয়ায় এবং স্থানীয় বেলেমাটি দ্বারা খালের পাড় তৈরি হওয়ায় এই খালের জলের, চুয়ানো এবং উদ্বায়ু হেতু ক্ষতির পরিমাণ বেশি। সে কারণে উপরের এলাকার চার্যাদের চাহিদা পূরণের পর নিচের এলাকায় জল সরবরাহ ব্যহত হয়।
- (২) সেচ খালটি বেশ কিছু অংশে ভরাট বেলেমাটি দ্বারা তৈরি হওয়ায় এই অংশওলিতে প্রতি বৎসর খালের পাড় ভাঙ্গিয়া যায়, সে কারণে জল নিচের এলাকায় পাঠানো দুসাধ্য হয়ে পড়ে।
- (গ) উপরের এলাকায় দ্রুত সেচের জল পাওয়ার আশায় কিছু চাষী ও দুদ্বৃতকারি খালের পাড় কেটে দেওয়ার ফলে নিচের এলাকায় সেচ দারুণভাবে ব্যহত হয়।
- (ঘ) এই খাল পূর্ণ খনন ও গঠনের জন্য ৭,০৭,৫০৩ টাকা ব্যায়িত হয়েছিল। মূর্শিদাবাদ জেলার ডোমকল থানা এলাকায় নদীর ভাঙ্গন
- <sup>† \*২৪৭। (তানুমোদিত প্রশ্ন নং \*১৪৭৯) শ্রী মোজাম্মেল হক : সেচ ও জলপথ <sup>গর ভারপ্রা</sup>প্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—</sup>
  - (ক) মূর্শিদাবাদ জেলার ডোমকল থানা এলাকাস্থ্রিত ভৈরব নদীর ভাঙ্গনে ঘনবসতিপূর্ণ ঝাজাগ্রাম এবং হরিহরপাড়া থানার অন্তর্গত কালুদিয়াড়, তরতিপুর এবং স্বরূপপুর গ্রামণ্ডলির ভাঙ্গন সম্পর্কে সরকার অবগত আছেন কি ; এবং
  - (খ) অবগত থাকলে, সরকার ভাসন রোধের কোনও পরিকল্পনা গ্রহণ করেছেন কি?

[31st March

#### সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

- (ক) সরকার অবগত আছেন।
- (খ) পরিকল্পনা গ্রহণ করার প্রাথমিক পর্যায়ে. জরিপ ও তথ্যানুসন্ধান ইড্যা হাতে নেওয়া হয়েছে।

#### ADJOURNMENT MOTION

Mr. Speaker: To-day I have received one notice of A( ment Motion from Shri Saugata Ray on the subject of reported ening of the Chairman of Darjeeling Gorkha Hill Council to resi post along with other councillors.

The subject matter of the motion does not wanrant Adjournm the Business of the House. The member may call the attention Minister concerned through Calling Attention, Motion, Question, (

I, therefore, withhold my consent to the Motion. The Member however, read out the text of the motion as amended.

Shri Saugata Ray: This Assembly do now adjourn its but to discuss a definite matter of urgent public importance and of a occurrence, namely:

The Chairman of the Darjeeling Gorkha Hill Council, Shri Si Ghising has threatened to resign from his post along with other cillors, if the State Government does not pay his dues immediately, will creates an unprecedented situation in the hills and further viole especially with the C.M's, visit to Darjeeling due on April 4.

#### CALLING ATTENTION

Mr. Speaker: I have received six notices of Calling Attent namely:—

1. Planning of the State Government for development of Duars area : Shri Nirmal Das

2. Reported outbreak of new type of
Cholera in Calcutta : Shri Birendra Kui
Moitra

3. Dispute among the weavers in Begumpur of Hooghly district : Shri Anjan Chatterjet

4. Alleged dispute between powerloom and handloom weavers at Begumpur area in the district of Hooghly : Shri Malin Ghosh, S

Manindra Nath Jana and Shri Sanasri Chatterjee

ck of staff in Purbanukha Primary alth Centres of Midnapur district

Shri Manik Bhowmik

ported outbreak of Gastro-enterities

oughout the State

Shri Ambica Banerjee

have selected the notice of Anjan Chatterjee on the subject of e among the weavers in Begumpur of Hooghly district.

le Minister-in-Charge may please make a statement today, if e or give a date.

#### STATEMENT ON CALLING ATTENTION

প্রবীর সেনগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, হুগলি জেলার বেগমপুরের ঘটনাটা সজনা এ সম্পর্কে আমি আজকে বলছি। আমি খবরটা জানি। ওখানে হ্যান্ডলম ওয়ারলমের মালিক এবং শ্রমিকদের মধ্যে বিরোধ অনেকদিন ধরে ছিল। হ্যান্ডলুমের ওখানে পাওয়ারলুম করে। পাওয়ারলুম করে তারা অনেক বেআইনি কাজ করছিলেন। জানে যে, এই পাওয়ার লুমের ব্যাপারে সুপ্রিম কোর্টে বিভিন্ন রাজ্যের কেসগুলো ক্টা কেস ছিল। সুপ্রিম কোর্ট রায় দেন, দিল্লির সরকার হ্যান্ডলুম সংক্রান্ত যে আইন াসটি গ্রাহা হবে। এরপর ওখানকার শ্রমিকরা একটি সংগ্রাম কমিটি করেন এবং র তারা আন্দোলন করেন। <mark>তারা অভিযোগ করেন যে পাওয়ার লুমে হ্যান্ডলুম যেসব</mark> <sup>ত হওয়ার</sup> কথা সেণ্ড**লো বেআইনি ভাবে মালিক পক্ষ উৎপাদন করছেন। তখন** <sup>মর ডাইরেক্টর</sup> ওখানে যান। তিনি দেখেন যে এই ধরনের বেআইনি কাজ হচ্ছে। তিনি সীল করে দেন। তার**পরে হ্যান্ডলুমের শ্রমিকদে**র নিয়ে যে কমিটি, সেই কমিটি <sup>থে দেখা</sup> করতে চায়। আমি পাওয়ারলুমের যারা মালিক তাদের ডাকি এবং া যারা আন্দোলন করছেন তাদেরও ডাকি। হ্যান্ডলুমের যারা আন্দোলন করছিলেন য়ে আসেন মাননীয় সদস্য মলিন ঘোষ। সেখানে আলোচনা হয়। পাওয়ারলুমের দেখানে লিখিত ভাবে বক্তব্য রাখেন। তারা বলেন যে, 'আমাদের এটা অন্যায় হয়ে <sup>বং আমরা</sup> পাওয়ারলুমে যেটা বেআইনি কা<del>জ্ব</del> সেটা করব না—হ্যান্ডলুমের যেটা <sup>্বা</sup> সেটা আমরা করব না।' তারা <mark>আরও বলেন, 'আমাদের বিমণ্ডলো বসানো আছে,</mark> <sup>ফতি হয়ে</sup> যাবে। এই ক'টা চা**লাতে দেওয়া হোক।'** আমি তখন বলি, যেহেতু বিআইনি কাজ করছেন—ক্ষতি হবে আমি জানি—কিন্তু আপনারা এটা চালাতে <sup>না। এটা খুলে</sup> নিন। তখ**ন সিদ্ধান্ত হয় যে, হ্যান্ডলুমের ডাইরেক্টরের পক্ষ থেকে যে** <sup>ন হয়েছে</sup> সেগুলো খুলে দেওয়া হবে।

·10 — 12-20 p.m.]

<sup>ওদের</sup> লিখিত প্রতিশ্রুতির ভি**ত্তিতে এবং ভবিষ্যতে এটা করবেন না এইভাবে** <sup>করা হয়। যদিও হাা**ভলুম সংগ্রাম কমিটির থেকে দাবি করা হয়** এবং ওদের</sup>

প্রতিনিধিরা দাবি করেন যে ওই পাওয়ারলুম চলতে দেওয়া যাবে না। বদ্ধ করে এবং তাদের এনকোয়ারি করার অধিকার দিতে হবে। আমি তখন তাদের व পাওয়ার লুম যেমন চালানোর অধিকার আছে তেমনি হ্যান্ডলুম চালানোরও আ এবং এনকোয়ারি করার অধিকার দেওয়া যাবে না। আপনারা আপনাদের অভিয় সেই অভিযোগের ভিত্তিতে সরকারি অফিসাররা এনকোয়ারি করবেন। সেই এনকোয়া ভিত্তিতে যা সাজা হওয়ার হবে। এই ধরনের ফয়সালা হয়ে যাবার পরে <sub>তাবা</sub> এবং চলে গিয়ে তারা বাধা দিতে আরম্ভ করনে। যে সমস্ত পাওয়ারল্মগুলো আছে সেওলো যাতে খুলতে না পারে তারজন্য বাধা দিতে আরম্ভ করেন। हि সিদ্ধান্ত হয়ে যায় যে, পাওয়ারলুমগুলোর সিল খুলে দেওয়া হবে সেটা খলে দি এবং খুলে দেওয়া হল। কিন্তু দেখা গেল যে ২৭ তারিখে ৩ই <sub>স</sub> আন্দোলনকারিরা—এখানে বলে রাখা দরকার যে, ওই নেতারা কংগ্রেসি সমর্থিত এস. ইউ. সি. আই. সমর্থিত লোক তাদের সাথে যুক্ত হয়ে ৭০টি পাওয়ারল ধরিয়ে দেয়। আন্দন ধরিয়ে দেওয়ার পরে তার বিরুদ্ধে থানায় ডায়েরি করে। জ ताथा ভाल य्य. ७३ পाওয়ারলুমে যে আওন লাগানো হয় এবং যারা থানায় দ্রার্থ অর্থাৎ ওই পাওয়ারলমের মালিকরাও কংগ্রেস সমর্থিত। তারাই থানায় গিয়ে ভার্মান পুলিশ তখন এনকোয়ারি করেন এবং পুলিশ এনকোয়ারি করে ৩ জনকে গ্রেগ্র তারপরে ২৮ তারিখে শেষ রাত্রে ওই যে ৩ জনকে গ্রেপ্তার করা হয়েছে তার প্রতিব বাড়ি আক্রমণ করা হল এবং বাড়িতে বাড়িতে আগুন ধরিয়ে দিয়ে মেয়েদের অসন করা হল। এই ব্যাপারে শ্রী রামপুরের একজন কংগ্রেস নেতা শ্রী অঞ্জন চ্যাটার্চি গ এবং পুলিশের কাছে শুনে বলেছেন যে খুবই জঘন্য ঘটনা, দোষিদের বিরুদ্র বার্ সূতরাং এই তো হচ্ছে অবস্থা। পুলিশ যখন ঘটনা স্থলে যেতে যায় তখন ারিল ৭-৮টি জায়গা আটকে দেন। পুলশিকে ওই ব্যারিকেড সরাতে হয় এবং কাঁদি চালাতে হয়। সতরাং এই ধরনের সমাজবিরোধী কাজ কর্ম করা হয়েছে। পা<sup>লো</sup> মালিকদের ধরে নিয়ে আসা হয়। আজকের গণশক্তিতেও দেখলাম...(গোলমাল)।

একজন মারা গেছে খবর পাওয়া গেছে, যদিও এটা সরকারি সমর্থিত খবর ববরের কাগজ দেখে বললাম। সরকারি সমর্থিত খবর নয়। আজকের থেকে মারে এই ধরনের ঘটনা হলে মানুষ এটা বিশ্বাস করত। এই ধরনের মুধার্গী কংগ্রেসি নেতৃত্বে সংঘটিত হল এবং পাওয়ারলুম ভেঙ্গে দেওয়া হল। শুধু ভেঙ্গে গৈতই নয়, আগুন ধরিয়ে দেওয়া হল। আমি ব্যক্তিগতভাবে জানি ওই পাওয়ারল্মির কংগ্রেস সমর্থিত। আমার হুগলি জেলায় বাড়ি এবং আমার এলাকারই একজন মার্গি তিনি কংগ্রেস কর্মী, কংগ্রেসের খুব নিকট সমর্থেক। বিরোধী দল সেইসব ভূর্মের্গী মধ্যযুগীয় ব্যবস্থা করেছেন। আমি এই যে প্রাথমিক খবর পেরেছি সেটা ওর্মী এখানে বিবৃতি দিছিছ।

(Noise)

Shri Subrata Mukherjee: Sir, I am on a point of ords

Mr. Speaker: Yes, Mr. Mukherjee, what is your point of order?

POINT OF ORDER

শ্রী সুরত মুখার্জি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দীর্ঘদিন এখানে আছেন এবং ভাল ব বলে আপনি পরিচিত। স্যার, এর চেরে ওরুত্বপূর্ণ ইস্যু হাউসে এসেছে, আমরা বরুর বিরুদ্ধে জ্যোতি বসুর কাছে সি. বি. আই. দিয়ে এনকোয়ারি করাতে চেরেছিলাম, তিনি তো ৪/৫ দিন পরে সেউটমেন্ট করলেন সব ভূল, এই ব্যাপারে আমরা বারে বারে হিন্তু কোনও দিন এই রকম এপ্রাটেশেগার নভির নেই কলিং আটেনেশনে। স্যার, উনি এমন সব এরাটেশেপা বললেন, হোরাট ইজ দি সোর্সাং সোসটা হিং উনি কি সব সেনেটের তরফ থেকে জেনেছেন, পুলিশ জানিরেছে, না কে জানিরেছেং আপনি কি ল তা তো আমার দেখার দরকার নেই। আপনার মথেনটিক ইনফর্মেশন দরকার ছিল জন্য সময় দরকার ছিল, স্যার আপনি আমাদের প্রটেকশন দিন না হলে প্রিভিলেজ আনব।

শ্রী সত্যরপ্তান বাপুলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে সুব্রত মুখার্জি বলেছেন, ন একজন ভাল পিকার, আপনার নাম আছে, আপনার ভাল পিকার হিসাবে প্রশংসা । একটাই হল সি. পি. এম.-এর নোহ, আপনি ওদের বাঁচাছেন, সরকারকে বাঁচাছেন নর বাঁচাছেন, পার্টিকেও বাঁচাছেনে, বিধানসভা বাঁচাছেন। জনসাধারণের কাছে আপনার নিরপেন্ধ পিকার হিসাবে সুখ্যাতি আছে বলে, মন্দ লোকে বলে নেই। যদিও আমরা নার মাধ্যমে অনেকবার বলার চেষ্টা করেছি কলিং অ্যাটেনশন আজকে দিলে সাথে সাথে না, যখন কলিং অ্যাটেনশন মন্ত্রী পড়ে তখন তার কপি আমাদের সার্কুলেট করেন। নি আমাদের ভিস্কাশন করতে দেন না।

Sir. what is his source? It is a party paper. I want to know as whether the Minister can give any emphasis really on a party paper also whether the Minister can give any emphasis on the truthness the particular fact on the basis of a party paper. I will leave that ou. You kindly consider the matter. If this is not based on the ce of a government machinery, then and there it can presumed that a party source which may be correct or may not be correct. The ister cannot give any statement before the House which has got no ienticity from any official source or which has not been prepared n any official copy or which has not been received from any parlar officials. Rather I should submit that you kindly expunge the ire speech made by the Minister. Because he has made it out of his source. He has made the statement from the government Ganashakti which is a party paper for the publicity of the (M) party and which has particularly no basis as far as the embly is concerned. So I will submit to you that you will kindly unge the entire statement made by the Minister because this is not

[31st March, 190

a government statement made by the Minister because this is  $n_{0|}$  government statement. It is a party statement. The Minister may be party man. He may be a party man outside the House but not  $i_{0|N_1}$  the House. So it should be expunged.

[12-20 — 12-30 p.m.]

শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ ঘটনাটা হচ্ছে বিধানসভা চলছে এবং ১০০ বছর কি ২০০ ব আগে যদি এই ঘটনা ঘটত তাহলে কথা ছিল। পশ্চিমবাংলায় এই যে একটা লজ্জার বি হয়েছে এবং এখন বিধানসভা চলছে, এই রকম একটা বর্বরোচিত ঘটনা ঘটেছে এই বাগ আমাদের পশ্চিমবঙ্গবাসীর লজ্জিত হওয়ার কথা এবং আমি যা যা খবর সংগ্রহ করেছি ে বলেছি।

স্যার, বিষয়টা হচ্ছে ডি. এম., এস. পি. এবং বিভিন্ন পত্র-পত্রিকা এবং আ ব্যক্তিগত কিছু যোগাযোগ আছে, বিধানসভার যারা সদস্য আছেন তাদের সঙ্গে কথা বল তাছাড়া সংগ্রাম কমিটির প্রতিনিধিরা আমার কাছে এসেছিল তাদের কাছ থেকেও শুনেছি। যন্ত্রচালিত তাঁত যারা চালায় তাদের মালিকরা আমার বাড়িতে গেছে এই সমস্ত ঘটনা ঘটেছে তার ভিত্তিতেই আমি এখানে বলেছি। এটা খুব লঙ্জার কথা বিরোধী দলের বেদি এটাকে নিন্দা করতেন তাহলে আমরা বুঝতাম তাদের কিছু আছে। কিন্তু পশ্চিমবাং একটা অশান্তি সৃষ্টি করতে হবে, আইন-শৃঙ্খলা বিপন্ন করতে হবে, এমন একটা অবস্থার করতে হবে যাতে পুলিশ গ্রেপ্তার করতে বাধ্য হয়, লাঠি চালাতে বাধ্য হয়। এই অধ্বারা এখানে সৃষ্টি করতে চাচ্ছে। এই বিক্ষুব্ধ মানুয়কে ওরা উসকে দিতে চায়। এমন বাড়ির মহিলাদেরও উসকে দিচ্ছে, বলছে পুলিশের উপর আক্রমণ করে। এই রকম এ পরিস্থিতি তারা সৃষ্টি করছে। এখানে কংগ্রেসি যারা আছে তাদের সামান্যতম দরদ মানু প্রতি নেই। ওখানকার কংগ্রেসের একজন কর্মী অঞ্জলি চ্যাটার্জি তিনি এস. পি.-কে বলে আইন-শৃঙ্খলা রক্ষা করার জন্য যা করা দরকার তা করন। এইজন্য এখানে আমি বিবতি দিলাম।

শ্রী সূরত নুখার্জি: স্যার, রুলস অফ প্রসিডিওর অ্যান্ড কন্ডাক্ট অফ বিজিনেন প্রেজ ৮৫-তে দেখুন এখানে নোটিশ হচ্ছে আন্ডার রুল ১৯৮(১)। এখানে বলা আছে ব আ্যাটেনশন উইদাউট এনি অথেনটিক সোর্স। আপনি যদি এটা অ্যালাউ করেন তাহলে ব্যাড প্রিসিডেন্স হয়ে থাকবে। একজন সদস্য নোটিশ দিয়েছে, উনি সেইমতো কাগজ লৈরে, কলিং অ্যাটেনশন স্টেটমেন্ট তৈরি করে ডিস্ট্রিবিউট করে দেবে যাতে স্বাই পারে। Under Rule, 198(1)—"A member may, wih the previous pern sion of the Speaker, call the attention of a Minister to any matter urgent public importance and the Minister may make a brief staten of ask for time to make a statement at a later hour or date...

## RULING FROM CHAIR

Mr. Speaker Hon'ble Members, Shri Subrata Mukherjee

atya Ranjan Bapuli have raised a point of order relating to statemade by Hon'ble Minister, Shri Prabir Sen Gupta on a notice on attention given by Hon'ble Members Shri Anjan Chatterjee, Shri Ghosh, Shri Manindra Nath Jana and Shri Santasri Chattopadhyay. Otice i.e., calling attention has been given today and the Minister to make a statement today. Under rule 198(1)—"A member with the previous permission of the Speaker, call the attention of ister to any matter of urgent public importance and the Minister nake a brief statement or ask for time to make a statement at r hour or date. The rule contemplates that the Minister should a statement immediately if possible or he may ask for time if he hoose to do so.

Kaul and Sakder: Page-409) "On an attention being called. the ter may make a statement if he is in possession of all the facts case. Where the information asked for is not available with the ter at the time, it is open to him to ask for time to make a ent at a later hour or date. The Speaker may direct the stateto be made at the end of the day, or in his discretion give time than once to make as statement, if the Minister makes a request at effect. The expression "ask for time to make a statement at r hour or date" in the Rule has been held not to preclude the sion of time being asked or given more than once." The question the Minister chooses to make a statement immediately after the is called that is his option because primarily the Minister has to sponsible for the statement made in the House. If he is confident he has got all the facts his command he can make a statement. fairness the Minister has to depend on his department for source formation and for facts to be supplied to him. The matter was oned yesterday by the Hon'ble Member Mr. Malin Ghosh. It was oned yesterday during the mention hour and the attention of the her could have been drawn through that matter being mentioned in louse yesterday. The Minister could get himself prepared. What is ifficulty in doing so? I cannot understand.

#### (noise)

lease, Please. Have some patients. We cannot go on this way. Recoming impossible for me. I am giving my ruling and you are ag up. Where do we go from here? You don't have the patience. Ce is forbearance. Where is the forbearance?

Now the question is if the Minister has chosen to make a statehe has chosen to do so according to the information at his

[31st March, ]

command. He has referred to a newspaper. A Minister's state cannot and should not be based on newspapers. It is not don should be on information made available to him through his depand and through his officers concerned. The minister has a responsibility the statement. But that is his decision. If he chooses to make a ment in the way he has chosen to do so that is his matter. If member thinks that certain privileges have been violated that is for to bring it to the notice of the House to consider the thing. But cannot preclude a Minister from making a statement as far a wants to do so.

The matter is disposed of accordingly.

The Statement will be circulated.

শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের টেলিগ্রাফ পত্রিকারে খবর বার হয়েছে...

মিঃ স্পিকার : আবার খবরের কাগজ?

#### MENTION CASES

শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ স্যার, একটা খবর বার হয়েছে যেটা খুবই ওকংগ্ সেই কারণেই আপনার মাধ্যমে সে সম্বন্ধে কয়েকটি কথা বলছি। স্যার, গত ৭ই ह রাইটার্স বিশ্ভিং-এ মিস মমতা ব্যানার্জির নেতৃত্বে যে ডেফ মিউড গার্লটিকে নিয়ে হয়েছিল আমি তার সম্বন্ধেই কয়েকটি কথা বলছি। স্যার, সেই সময় এই মেন্ত্রেটিকে নিয়ে গিয়ে রাজনৈতিক বিতর্কের কেন্দ্রবিন্দুতে তাকে হাজির করানো হয়েছিল। সে আমরা এর প্রতিবাদ করেছিলাম এবং বলেছিলাম যে এরকম একটা নারকীয় খট তাকে দলীয় রাজনৈতিক স্বার্থে ব্যবহার করাটা অপরাধ। সেই সময় আমরা জনি ৫ রকমের অপবাদ দিয়ে মেয়েটিকে সামনে হাজির করা হয়েছিল। আজকে সেই মের্ম্মে বিশ্রি অবস্থার মধ্যে ফেলে দেওয়া হয়েছে সে কথাই স্যার, আপনার মাধ্যমে 🥸 রাখছি। গত শুক্রবার সেই মহিলাটি একটি বাচ্ছা প্রসব করেছেন। কিন্তু খ্রী<sup>মুঠী</sup> ব্যানার্জির নেতৃত্বে তাকে সামনের সারিতে আনার ফলে সামাজিক দিক থেকে <sup>তিনি এ</sup> বিব্রত বোধ করছেন যে তার সামাজ্বিক মান মর্যাদা পর্যন্ত একটা চ্যালেঞ্জের মূ দাঁড়িয়েছে। শুধু তাই নয় আজকে দেখা যাচেছ যে সেই বাচছাটি <sup>যখন হয় ত</sup> দুর্ভাগ্যজ্ঞনক অবস্থা নিয়ে কংগ্রেসের কাছে বারবার দরবার করা হয় কিন্তু <sup>কিছু</sup> করেননি। কেবলমাত্র তাকে সংকীর্ণ দলীয়ে রাঞ্জনৈতিক স্বার্থে ব্যবহার করে <sup>আজা</sup> তারা ডাস্টবিনে নিক্ষেপ করেছেন। আজকে কংগ্রেস কেন নীরব? আমরা <sup>যেটুকু খবর</sup> র্নসিটা হ'ল, এই দুর্ভাগ্যজনক ঘটনার জন্য দায়ী একজন কংগ্রেস কর্মী। খ্রীমতী মুমতা **এই ঘটনাটিকে রাজনৈতিক রং দেওয়ার জন্য এইসব করেছেন।** আমি স্যার, আপনার মন্ত্রিসভার কাছে অনুরোধ করব যে এরকম একজন দুর্ভাগ্য প্রসীড়িত মহিলার <sup>করণ</sup> ্রার্চনীতির উর্চ্চের্ব রাখা দরকার এবং দেখা দরকার যে এটাকে নিয়ে কেউ যেন <sub>ক সার্থে</sub> ব্যবহার করতে না পারেন। এই রকম ঘটনাকে রাজনৈতিক রং চড়ানোকে <sub>গা ভরে</sub> প্রত্যাখ্যান করি।

2-30 - 12-40 p.m.

্বি অনুরোধ করব, রাজনীতির উধের্ব তুলে ধরে এই মহিলা যাতে সমাজে প্রতিষ্ঠা ং তার বাচ্ছা যাতে যথাযথভাবে পালিত হয় তার জন্য রাজ্য সরকারের কাছে করব এই সম্পর্কে ব্যবস্থা নিন এবং কংগ্রেসের এই নক্কারজনক খেলার বিরুদ্ধে জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

মতী সন্ধ্যা চ্যাটার্জি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মেয়েদের পক্ষ থেকে দাবি এই মহিলা যাতে সমাজে প্রতিষ্ঠা পান, তার জন্য যেন সরকার থেকে দায়িত্ব গ্রহণ কংগ্রেসের নেতৃত্বে এই নক্কারজনক রাজনীতি করা হয়েছে এবং তারপর তাকে ছুঁড়ে নিয়েছ, সেখানে আমাদের বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে যথায়থ ব্যবস্থা গ্রহণ করুনাকে নিরাপত্তা দিন এই দাবি আমি জানাচ্ছি।

মঙ্গীবকুমার দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি শুরুত্ব পূর্ণ বিষয়ে বাহামগ্রির দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় হাওড়া জেলার শ্যামপুর থানায় ৬ জন নিরীহ মানুষ আগ্রিক রোগে মারা গেছে। চাউলিয়া শামপুর, জল্লাবাজ, শিবপুর, জিপুর, মশা, এই সব গ্রামে আগ্রিক রোগ এত ব্যাপকভাবে দেখা দিয়েছে, কিন্তু ব স্বাস্থ্য কেন্দ্রে কোনও ওযুধ পত্র নেই, ভাক্তার না থাকার জন্য কোনও চিকিৎসা ছ না। একটা অভতপূর্ব ঘটনা ঘটেছে আপনার মাধ্যমে এই হাউসের দৃষ্টি আকর্ষণ চাউলিয়া গ্রামে একটি প্রাথমিক স্কুলকে বন্ধ করে দিয়ে সেখানে ১৫টি রোগীকে করা হছে সেখানকার হাতুড়ে ভাক্তারদের দিয়ে, তাদের শ্যালাইন দেওয়া হচ্ছে এবং সেখানকার দুজন রোগী মারা গেছে। সুতরাং বিষয়টি অত্যন্ত জরুরি এই বিষয়ে

মতী সন্ধা চ্যাটার্জি : মাননীয় অধ্যক্ষ মহাশর, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত ব্যাহিক্ত বাই হাউসের সামনে রাখছি। সম্প্রতি দার্জিলিং জেলার দুটি শিশু কন্যাকে ধর্ষণ টিনা, পাশবিক ঘটনার প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃটি আকর্ষণ করছি ১০/২/৯৩ দার্জিলিং জেলার ঘুম সদর এলাকায় তিন মাইলে একটি সাত বছরের মেয়েকে চা বি অফিসার রহমাউ তামাঙ রেপ করেন। এর কোনও শান্তি হয়নি। মানুষের রোষ কাল করার উদ্দেশ্যে অন্যন্ত বদলি করা হয়েছে। ঠিক এক মাস পরে ১০/৩/৯৩ ব ঘটনাটি ঘটে তাও অত্যন্ত মর্মান্তিক এবং ভয়ক্ষর। দার্জিলিং জেলার শিলিগুড়িকার অন্তর্গত কদমতলায় আধারোখাই এবং এক নং গ্রাম পঞ্চায়েতে পাঁচ বৎসরের পাতেকে ধর্ষণ করে হত্যা করে বি. এস. এফ. এর ১৩৭ নং বাাটেলিয়ানের বালউইনদার সিং। বুনু পান্তের বাবা গানেশ পান্তের এফ. আই. আর এর ভিত্তিত থানার কেস নং ৪/৭/৯৩ তাং ১/৩/৯৩ অনুসারে একটা কেস স্টার্ট করা হয়।

গ্রেপ্তার এডানোর ঐ জওয়ান সাইকিয়াট্রিক পেসেন্ট হিসাবে নর্থ বেঙ্গল মোট ভর্তি হয়। সব থেকে তাজ্জব ব্যাপার ঐ ব্যক্তি কে পুলিশের দ্বারা গ্রেপ্তারে বা সশস্ত্র বি. এস. এফ.-রা পাহারা দিয়ে রাখে। পুলিশ এই ব্যাপারে চেষ্টা ক এফ. অফিসারদের কোনও সাহায্য পায়নি। ও. সি. মতিগড়া থানা বি. এচ ব্যাটেলিয়ানের সাথে যোগাযোগ করে বোঝাবার চেষ্টা করেছেন। আইন অন্যায়ী সিংকে কোর্ট থেকে গ্রেপ্তারি ওয়ারেন্ট আদেশ পাওয়া গেলে ঐ জওয়ানের **লনাটিক সেলে স্থানান্ত**রিত করে পুলিশ গার্ড দিয়ে রাখা হয়। কিন্তু বি. এস<sub>. এ</sub> ফোর্স উইথদ্র করলেন না। ১৭/৩/৯৩ তারিখে ঐ সালউইনদার সিংকে <sub>ইসপি</sub> করে দেয়। তাজ্জব ব্যাপার পুশিল গার্ড দ্বারা বেষ্টিত বন্দিকে কমান্ডান্ট ৪১ <sub>বি</sub> এর শ্রী সন্তলাল তৎসহ ইন্সপেক্টার ইউ. বি. গুপ্তা, ১৩৭ বি. এস. এফ ১৫/১৬ জন সশস্ত্র জওয়ান পুলিশ গার্ডদের খুন করার ভয় দেখিয়ে এবং ছি বন্দি করে রেখে সালউইনদার সিংকে নিয়ে চলে যায়। পরবর্তীকালে আডিশনা র উদ্যোগে বহু চেষ্টা করে এস. ডি. জে. এম.-এর কোর্টে ১৭/৩/৯৩ তারিখে করাতে রাজি হয়েও বিকাল চারটে পর্যন্ত হাজির না করার ঔদ্ধন্ত প্রকাশ করে পুলিশ থানায় সারেন্ডার করায়। এই হচ্ছে ঘটনা, এর ফলে মানুষ আজকে व মন্ত্রী অশোক ভট্টাচার্য, রাজেশ পাইলটকে এই বিষয়ে হস্তক্ষেপ করার জন্য অনুরো আমি মুখ্যমন্ত্রীকে এই বিষয়ে যথায়থ ব্যবস্থা গ্রহণ করার জন্য অনরোধ জার্না

শ্রীমতী মায়ারানী পাল । মাননীয় প্লিকার মহাশয়, আমি আপনার মাধ শিক্ষা মন্ত্রীর কাছে একটা গুরুত্বপূর্ণ বিষয়় জানাতে চাই। স্যার, আমাদের মুর্শিন মৃক ও বধিরদের পড়াগুনার কোনও ব্যবস্থা নেই। তাদের মাত্র চতুর্থ শ্রেণী পা হয়। তারা মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক স্তর পর্যন্ত পড়ার কোনও সুমোণ পাট অবস্থায় আমার মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে দাবি, তিনি আমাদের মুর্শিদাবাদ জেল বধির ছাত্র-ছাত্রীদের মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক স্তর পর্যন্ত শিক্ষা দেবার ব্যব্দে চিস্যার, এ ছাড়াও আপনি জানেন পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় বহু সংখ্যক মূল্ব বালক-বালিকা আছে এবং তাদের বেশির ভাগই পড়াগুনার কোনও সুমোণ পাছে আমি শ্রাপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি, তিনি তাদের উপ্দেবার জন্য উদ্যোগ গ্রহণ করুন।

শ্রী দেবেশ দাস : স্যার, 'দ্রদর্শনের দ্বিতীয় চ্যানেলে রাত্রি ১১-টার পর এট শুরু হয়েছে। তবিষ্যতে এই অনুষ্ঠানের সময় আরও বাড়ানো হবে। যে সমত্র বাংলার সংস্কৃতি এবং বাংলার ঐতিহ্যকে দেখা যেত সে সময়ে আজকে শিল্পতির মাফিক অনুষ্ঠান দেখানো হচ্ছে। তারা কোনও সামাজিক দায়-বদ্ধ সংস্থা নয়, নির্বাদিন অনুষ্ঠান পরিচালনা করছে। শিল্প-পতিরা ঠিক করছে ভারতবর্যের মার্কি সংস্কৃতি ঢোকানো হবে। এর ফলে বাংলার শিল্পী এবং কলা-কুশলীরা মার বাবি ভারতী রূপায়িত হ'ল না, অথচ বেসরকারিকরণ হচ্ছে মার্কিন মডেলে। তবিষ্ঠা চ্যানেলে মার্কিন মডেলে কুরুচিপূর্ণ প্রোপ্রাম দেখানো হবে। টি. ভি.-তে আমানের চানেলে মার্কিনী বেলেলার কাছে ভারতবর্বের ঐতিহ্য ও সংস্কৃতিকে কংগ্রেস বিক্রি ব্রা

বিরুদ্ধে আমি তীব্র প্রতিবাদ **জানাচ্ছি** এবং সকলকে প্রতিবাদ করতে আহান জানাচ্ছি। না হলে বাংলার এবং ভারত**বর্ষে**র সংস্কৃতিকে বাঁচানো যাবে না।

প্রী সত্যরঞ্জন বাপুলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বৌবাজারে বোমা বিস্ফোরণের ঘটনা র র্নিদ, সি. পি. এম. এবং মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে কিছু বলা যাবে না। কারণ ইতিমধ্যেই কারি কর্মচারিরা—সাধারণ মানুষ নয়—সরকারি কর্মচারিরা দুটো মামলা দায়ের করেছে। চা আলিপুর আদালতে, আর একটা অন্য জায়গায়। মামলা যখন হয়েছে তখন মামলা কা আমার ও বিষয়ে কিছু বলার নেই। কিন্তু আমার যেটা সরকারকে জানাবার বিষয় চা হচ্ছে, ঐ ঘটনাকে কেন্দ্র করে যে সমস্ত মানুষরা সেদিন ক্ষতিগ্রস্ত হয়েছেন তাদের দিও রক্ম ক্ষতিপূরণ দেওয়া হচ্ছে না। এমন কি যে সমস্ত মানুষরা ঐ ঘটনায় আহত ব্যাহন তাদের ঠিক মতো চিকিৎসা হচ্ছে না।

## [12-40 — 12-50 p.m.]

ইতিমধ্যে 'আনন্দবাজার পত্রিকার" বিরুদ্ধে ২টি মকদ্দমা হয়েছে। আরও ১০টি হোক বা বঝবে। এই মামলার মধ্যে না গিয়ে আমি যেটা বলতে চাচ্ছি, আমি নিজে গিয়েছিলাম ্ষ আরু এস, হাসপাতালে। সেখানে ৭ জন রোগী ভর্তি হয়ে আছে। তাদের ঠিকমতো কিংসার ব্যবস্থা হচ্ছে না এবং আশেপাশের যে সমস্ত লোকেরা ক্ষতিগ্রস্থ হয়েছে তাদের ্য একটা আতঙ্কের সৃষ্টি হয়েছে। আমি আপনার মাধ্যমে জানাতে চাই, সেই সমস্ত লোকরা রা এই সরকারের বিরুদ্ধে কিছু বলতে পারে তাদের বাড়ি-ঘর কনডেম বিল্ডিং বলে ভেঙে বার চেষ্টা করছে। জানি না—এই কথা আনন্দবাজার পত্রিকা লিখলে তাদের বিরুদ্ধে মামলা র কিনাং এই সব নিয়ে মামলা-মকদ্দমা যেন না হয়। এখন বিধানসভা চলছে। আমি াশা করেছিলাম মাননীয় মুখ্যমন্ত্রী প্রথম দিনই এসে বলবেন আমার সঙ্গে রশিদের কোনও ध्य নেই। কিন্তু আজ পর্যন্ত এই কথা তিনি বিধানসভায় বলেননি যে আমি ওর সঙ্গে ানওদিন যাইনি, আমার সঙ্গে সম্পর্ক নেই। আমি চাই না মাননীয় মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে <sup>ঢ়ানডাল</sup> ছড়াক। কিন্তু যা **ছড়াচ্ছে তাতে এমন দাঁ**ড়াচ্ছে যে রশিদের সঙ্গে মাননীয় মুখামন্ত্রীর 🎮 বিরাট সম্বন্ধ আছে এবং সি. পি. এমের আরও কিছু কিছু লোকের সঙ্গে ঘনিষ্ট <sup>ম্পর্ক আছে।</sup> কিন্তু তিনি দ্ব্য**থহীন ভাষায় এই বিধানসভায় এখনও বলেননি যে আমি তাকে** <sup>নি না</sup> বা দেখিনি, আমার **সঙ্গে কোনও সম্পর্ক নেই** এবং পার্টির সঙ্গে কোনও সম্বন্ধ টি। আমি আপনার মাধ্যমে দৃটি কথা রাখব। এক হচ্ছে, মাননীয় মুখ্যমন্ত্রী এই বিধানসভায় <sup>ল্ন, কার</sup> কার সঙ্গে সম্পর্ক **ছিল এবং চিকিৎসার যে ব্যবস্থা হচ্ছে** না তারজন্য চিকিৎসার ্বিষ্য করানো হবে এবং ক্ষ**তিপূরণ দেওয়া হবে** এবং ঘরবাড়িণ্ডলি যাতে ভেঙে না দেওয়া য় তারজন্য ব্যবস্থা নেওয়া হবে।

শ্রী সূভাষ বসু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন

শ্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দীর্ঘ দিন যাবৎ শিয়ালদহ ডিভিসনের

ক্ষেত্রকটি ট্রেন—এখানে সাংবদিকরাও আছেন এবং বিধায়করাও আছেন—১ ঘন্টা দেড় ঘন্টা

শ্রী আসছে। দার্জিলিং মেল সাড়ে ৬ টার সময় আসছে বর্ধমানে কিন্তু শিয়ালদহে পৌচেছে

১১ টার সময়ে। এইভাবে প্রত্যেকটি ট্রেন লেটে চলছে এবং এরফলে অফিস, আদালত এবং

[31st March 1

পরীক্ষা সমস্ত কিছু বাঞ্চাল হয়ে যাচেছ। একদিকে ট্রেনের ভাড়া বাড়ানো হয়েছে যুগ্র লাইনের সম্প্রসারণ করা হল না এবং রেটও বাড়ানো হল না। তার সাথে সাথে দির ডিভিসনে ট্রেন ব্যবস্থা ভেঙে পড়েছে। যেমন কংগ্রেস পার্টি ভেঙে পড়েছে তেমনি ট্রেন চ ব্যবস্থা সব ভেঙে পড়েছে।

শ্রী মানিক ভৌমিক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জন আমার এলাকার একটি গুরুত্বপূর্ণ বিষয় মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আবর্ষণ করছি। হ রকের মূল কেন্দ্র যেখানে গড়সাফাৎ সেখানে সংখ্যালঘু সম্প্রদায়ের বসবাস বেশি। মেদ্রিদ্ধ জেলা পরিষদের দ্বারা পরিচালিত একটি দাতব্য চিকিৎসালয় দীর্ঘ দিন ধরে চলছিল। বর্ট টিকিৎসালয়ে অনেক দিন যাবৎ ডাক্তার নেই। এদিকে ব্যাপকভাবে আদ্রিক এবং ক্ হচ্ছে। ফলে ওখানকার লোকেরা বিনা-চিকিৎসায় এবং হাতুড়ে ডাক্তারদের দেখানার। মারা যাচ্ছে। আমি আপনার মাধ্যমে জানাতে চাই, অবিলব্দে ঐ স্বাস্থ্য কেন্দ্রে যাতে জানিয়োগ হয় তারজন্য সরকারের পক্ষ থেকে যেন যথাযথ ব্যবস্থা নেওয়া হয়। আমি প্রসঙ্গে একটি অভিযোগের কথা বলি, আমি নির্বাচিত হওয়ার পরে মেদিনীপুর জেলা প্রিসঙ্গে একটি অভিযোগের কথা বলি, আমি নির্বাচিত হওয়ার পরে মেদিনীপুর জেলা প্রক্রিয়ে ময়না ব্লকের প্রতি বিমাতৃসুলভ আচরণ করছে। চাথের জল নিয়ে রার্চ করছে। এরফলে ময়না ব্লকের উন্নয়ন ব্যাহত হচ্ছে। যাই হোক, ঐ চিকিংসালয়ে য

শ্রীমতী আরতি দাশওপ্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচনী কেন্দ্র ফল একটি শুক্তবপূর্ণ বিষয়ের প্রতি আমি মাননীয় পি. ডবলিউ. ভি. এবং আইন মন্ত্রী মহাশ দৃষ্টি আকর্ষণ করছি।আপনি জানেন যে মতীশা থেকে দিঘিরপাড় রাস্তাটি দীর্ঘ ২০ বছর ধ সংস্কারের অভাবে জজরিত হয়ে যাছে, তার একজন কন্ট্রীরার গত ২০ বছর ধরে সরক্ষ সঙ্গে একটার পর একটা কেস করে যাছে। তার কারণ হছে রাস্তার ঠিক মুখটিতে জে ঝাভা তুলে দৃটি দোকান গত ১৯৭২ সাল থেকে রয়েছে। সেখানে ভি. এম. যাছেন, ও পি. যাছেন, ও. সি. যাছেন কিন্তু কেউ কিছুই করতে পারছেন না। ঐ দোকানের ক্ষেত্রি স্পর্শ করতে পারছেন না। ঐ তেরঙা ঝাভা তুলে যারা ওখানে রয়েছে তাদের বিক্রজে কি করবার জন্য আমি পি. ডবলিউ. ডি. এবং আইন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় : স্যার, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার দৃষ্টি আর্থ করছি। দার্জিলিং নিয়ে রাজ্য সরকারের বিরুদ্ধে এক রকম যুদ্ধ ঘোষণা করে চলেছো দুর্ল ঘিষং। ২৯শে মার্চ ওদের একজিকিউটিভ কাউপিলের যে বৈঠক হয়েছে তাতে ওরা সর্কার্ম জনমে সিজাও ি য়েছেন যে ৩১শে মার্চের মধ্যে ওদের পাওনা ৭০ কোটি ৬৫ লক্ষ্টারাই ওরা না পায় তাহলে আবাং গোর্খা ল্যান্ডের দাবিতে নৃতন করে আলোলন চালু করাইতিমধ্যে মাননীয় মুখ্যমন্ত্রী আনার দার্কিলিং যাজেন তার উপস্থিতিকে কেন্দ্র করে গেলা উত্তেজনা ছড়ানোর সম্ভাবনা থেকে যাজেছ। এদিকে হিল কাউপিলের প্রশ্নো গত কাল পার্লাই সংসদ সক্ষয় ইন্দ্রজিত খুলার লোকসভায় দাঁড়িয়ে জিরো আভয়ারে এই প্রসঙ্গের আলোদ সুক্লেছিলেন এবং এ কথাও বলেছেন যে পরিস্থিতি নিয়ত্বনে থাকতে থাকতে রাজা সর্কারে তার যথায়থ দারিছে পালন করেন। এতবড় ঘটনা চলেছে, দার্জিলিংকে আনে করেট শ

ছ। মাননীয় মুখ্যমন্ত্রী দার্জিলিং খাবার আগে এ সম্বন্ধে সভাকে অবহিত করে যান। না যায় উনি যখন নেওড়াখোলা প্রোজেক্ট উদ্বোধন করতে যান তখন কালিম্পং নিরে জি. এন. এল. এফের এই ইস্যু নিয়ে একটা বড় আন্দোলন করতে চেয়েছিল গভোগোল এড়াতে পুলিশ নিয়ে গিয়ে মঞ্চে বসিয়ে রেখেছিল। এই রকম করে যখন একেবারে নিয়ন্ত্রণের বাইরে চলে যাবে তখন সি. পি. এম আবার গোর্খাল্যান্ডের রাজনীতি করে স্লোগান দিয়ে নির্বাচন বৈতরণী পার হবে। আজ অবধি কেন য় অবহিত করা হচ্ছে না। আপনি মাননীয় মুখ্যমন্ত্রীকে তলব করে ডেকে নিয়ে ক্রিং স্থামে সভাকে অবহিত করতে বলুন, যাতে সকলে নিশ্চিন্ত হতে পারে।

শীশ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মূর্শিদাবাদ জেলার গঙ্গার তীরবতী জন সাধারণের একটি সমস্যার কথা আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের গোচরিভূত ই। ফারাক্কা থেকে আথেরিগঞ্জ এটা নদী ভাঙন এলাকা। ৪ মাস জল থাকে আর মাস নদীর জল নিচে নেমে যায় এবং তার সঙ্গে সঙ্গে পানীয় জলের সমস্যা দেখা বিওয়েল ৮ মাস অকেজো হয়ে যায়। লেয়ার নেমে যায়। এই নদী বেল্টে ফারাকা খরিগঞ্জ পর্যন্ত থাতে পানীয় জলের সমস্যার সমাধান হয়—টিউবওয়েল বসিয়ে কিছু না—স্থানীয় সমাধান যাতে হয় নদী বেল্ট এলাকার লোক যাতে পানীয় জল পায় স্থা করার জন্য মাননীয় পশ্চিমবঙ্গ সরকারের সৃষ্টি আকর্ষণ করছি।

#### (গোলমাল)

সূরত মুখার্জিঃ স্যার, আপনি বলেছিলেন ৬ জন মন্ত্রী উপস্থিত না থাকলে হাউস । দেবেন। ৬ মন্ত্রী উপস্থিত নেই।

ম্প্রেস **রেঞ্চ হইতে অনেক মাননীয় সদস্য বক্তব্য রাখতে** উঠিয়া দাঁড়ান) হোয়ার ফিনিস্টারসং

#### (গোলমাল)

2-50 — 1-00 p.m.]

া অঞ্জনকুমার চ্যাটার্জিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি
। এবং পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্য সরকার গোটা প্রাথমিক শিক্ষা-ব্যবস্থাকে

মাধারণ প্রশাসনের আওতায় নিয়ে আসার জন্য রাজ্যে প্রাইমারি কাউদিল গঠন
। এবং ইতিমধ্যে ঐ কাউদিল কাজও গুরু করেছেন। রাজ্যের প্রায় সমস্ত প্রাথমিক
এবং প্রাথমিক বিদ্যালয়গুলি ঐ কাউদিলের আশুরে এসেছে, কিন্তু এখনও পর্যন্ত
পৌর প্রাথমিক বিদ্যালয় ঐ কাউদিলের আশুতায় আসেনি। ফলে তারা এখনও

মারী হিসাবে গণ্য হচ্ছেন। এরফলে কিছুটা প্রশাসনিক জটিলতা সৃষ্টি হচ্ছে। বিশেষ

সমন্ত শিক্ষকরা সেখানে রিটায়ার করছেন তাদের সার্ভিস বুক চেক অ্যান্ড শুরিফাই

ারা করনেন সেটা ফয়শালা না হবার জন্য তাদের অবসরকালীন পেনশন এবং

শ্রোগ-সুবিধা তারা পাচেছন না। বিষয়টা খুবই গুরুত্বপূর্ণ। এই বিষয়ে অবিলম্বে

করবার জন্য আমি মন্ত্রী মহাশায়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অম্বিকা ব্যানার্জি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি শুরুত্বপূর্ণ বিষয়ের ব্ধ মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে হাওড়া জেলায় আদ্রিক রোগ ম্যার্ক্ত ধারণ করেছে। একটু আগে শ্যামপুরের বিধায়কও সেটা বলছিলেন। এই মহামারী প্ শহরেই নয়, গ্রামাঞ্চলেও এটা ছড়িয়ে পড়েছে। কিন্তু সেখানকার হেলথ সেন্টারঙলিয় জায়গা নেই, ওমুধ নেই। শহরের হাসপাতালগুলিতেও কোনও জায়গা নেই, গ্র্কাজেই অবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা নেবার জন্য আমি অনুরোধ করছি।

শ্রী আবু আয়েশ মন্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিদ্ধা আমি পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার জেলার বামনিয়াবাজার—মঙ্গর্ক মধ্যমগ্রাম—মালম্বা এই দৃষ্টি রাস্তা দীর্ঘদিন সংস্কারের অভাবে বর্তমানে বাস চলাক্র সম্পূর্ণভাবে অনুপযুক্ত হয়ে পড়েছে। এরফলে হাজার হাজার মানুষকে খুবই অসুক্ষ পড়তে হয়েছে। বাসগুলি বিপদের কুঁকি নিয়ে চলাচল করছে। বারবার পূর্ত দগুরের ইঞ্জি সঙ্গের সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করা সম্বেও এখনও পর্যন্ত কোনও কার্যকর ব্যক্ত হয়েনি। তারফলে সেখানে মানুষের মধ্যে অসন্তোষ বাড়ছে। অবিলম্বে রাস্তা দৃষ্টি সঙ্গ প্রয়োজন। এই ব্যাপারে যথায়থ ব্যবস্থা নেবার জন্য আমি পূর্তমন্ত্রীর দৃষ্টি আর্ঞা

প্রচলিত করণ্ডলি আদায় করার ক্ষেত্রে আমাদের প্রথম যে প্রভা<sup>রটা ছিল স্কি</sup> বিকেন্দ্রীকরণ করা। আমরা এটাই এই বছরের ৪টি মূল জান্মপায় জেলার ভরে <sup>বিক্</sup> है। আমি রিপিট করতে চাচ্ছি না, স্টাম্প ডিউটি, রেজিস্ট্রেশন কিন্তু, প্রমোদ কর. খনিজ সেস ছাড়া রয়েলটি এবং সেস। প্রতিটি জেলায় টারগেট করে এটা বলা হয় যে র যদি টারণেট ক্রস করতে পারেন তাহলে অতিরিক্তের অর্ধেক পাবেন। মাননীয় অধাক্ষ যু আমি আপনার মাধ্যমে আনন্দের সঙ্গে জানাচ্ছি তিনটির ক্ষেত্রে গড়ে তিনটি চারটির ু পতিটি জেলা তার করের লক্ষ্যমাত্রা অতিক্রম করে গিয়েছে। অতিরিক্ত টাকা তারা ন। কিন্তু যেটা আপনি বললেন সেই বিষয়ে মূল জায়গাটায় আমি আসতে চাচ্ছি। র্ক্তনগুলির মধ্যে আমি আবাগারির উপর যেহেতু আগে বলেছি সেইহেতু এখন বলছি সল টাজের ক্ষেত্রে কোনও জায়গায় মূল পরিবর্তন সেখানে যেতে চাছি। প্রথমত এই ্যামরা বিকেন্দ্রীকরণ করেছিলাম। মাননীয় বিধায়ক সুব্রতবাবু জানেন, হয়ত সতাবাবও ন যে সেল ট্যান্সের যেটা লক্ষ্যমাত্রা আগে সেটা চাজর্ড স্তর পর্যন্ত থাকত. এটা জেলা জেলার নিচে একটা ইউনিট করা হয়েছে। ইউনিট মানে একটা সি. টি. ও., ২-৩ জন <sub>পরুর</sub> স্টাফ এবং কয়েক জন ক্লারিক্যাল স্টাফ নিয়ে এত সংখ্যক দোকান এই রাস্তায় করি। এটা প্রথম ধাপ। আমরা কোনও কোনও জায়গায় যাচ্ছি লক্ষ্য করুন। সেখানে গট তারা ক্রস করতে পারবে কিনা লিখিত চাই—এই টারগেট ক্রস করতে পারছে া এই প্রক্রিয়া চলছে। আমরা যেখানে যাচ্ছি সেটা হল কোনও জায়গায় পরিবর্তন দ বিদ্ধাটা সম্ভব। এখনও পর্যন্ত সমস্ত রাজ্যে যা আছে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি ন যে কর নির্ধারণ, অ্যাসেসমেন্টের একটা সময় দেওয়া থাকে ৪ বছর, ৪ বছর পরে নি বিক্রেতা খাতা-পত্র নিয়ে এই সেল ট্যাক্সের যে মূল অফিস সেখানে গিয়ে উপস্থিত । সেইওলো তো ডেড ডাটা। তারপর মতের আদান-প্রদান হত, একটা নিরুপণ হত। <sup>1</sup>থকে সরে আসতে চাচ্ছি। কোথায় আসতে চাচ্ছি? সেলটা যে জায়গায় সেটা স্পট চেক পারি কিনা। তার মানে কি? তার মানে রাজ্যের মধ্যে যে উৎপাদন এবং অন্য রাজ্য যা এসেছে। রাজ্যের মধ্যে যে উৎপাদন তার একটা গ্রস চেকিং গভর্নমেন্ট অফ ইভিয়া ানালটি ইম্পোজ করে নিয়ে নেয় তার সমস্ত ডাটা—এই ডাটা ওরা আমাদের দেবেন ন। তথু ডাটা নয়, **অনেক সংস্থা আছে** আজকাল কম্পিউটারের মাধ্যমে সফিসটিকেটেড <sup>হ প্রিন্টেড</sup> আউট করে দিয়ে দেয়। এই বছরের প্রথমে বা কোয়াটারের প্রথমে তার যে <sup>টিরিয়াল</sup> ছিল এবং যা বিক্রি **হল তা গিয়ে ইন্সপেক্ট** করা। চেক পোস্টে যেখানে আসছে ন আমরা একটা কম্পিউটার কানেক্ট করে দিয়েছি, যে যে গাড়িটা ঢুকছে, যেখানে যাচ্ছে <sup>দেট্রিক সিস্টেম আমরা করেছি। করতে গিয়ে যে পরিবর্তনটা আমরা আনলাম—এবারে</sup> <sup>বলে</sup> আসছি—সেটা **হচ্ছে আগে** অ্যাসেসমেন্টের জন্য ৪ বছর ছিল সেটা আমরা ২ <sup>কমিয়ে</sup> এনেছি। এটা আপনাদের বলে রাখছি আগামী দিনে এটা ১ বছরে কমিয়ে াতার মানে এবার যেটা করছি ডিসেম্বার ৯২-র মধ্যে অ্যাক্ট অফ সেল হয়েছে জুন <sup>-র</sup> মধ্যে তারা যে রিটার্ন দাখিল করেছে তার সামারি অ্যাসেসমেন্ট করে ১০ চেকে <sup>মণাও কম</sup> হয় তাহ**লে হিশুণ হারে তাকে** কর দিতে হবে ওই পেনালটি দিয়ে। এর <sup>র য়ে</sup> বিক্রি তারা ঠিকমতো কাজ করছে, তারা পাবে। প্রথমে অনেক অভিযোগ ছিল, <sup>শাসেসমেন্ট</sup> হচ্ছে না, ডিক্লারেশন ফর্ম দিতে দেরি হচ্ছে, ৪ বছর ফেলে রেখেছে। <sup>শন ফর্ম</sup> মানে কনসেশনাল রেট যেটা তাদের অধিকার আছে। যদি তারা এখানে নেমে <sup>পারেন</sup> তাহলে ডিক্লারেশন ফর্ম দিয়ে দেব বিক্রেতাকে। আপনারা ঠিক সময় জমা

[31st March

দিন, ডিক্লারেশন ফর্ম পাবেন, সেল ট্যান্স ক্রিয়ারেল সার্টিফিকেট ডিক্লারেশন ফর্মের, দি কাউন্টার যাতে দেওয়া যায়, যেহেতু আমরা কমিয়ে আনছি সময় অ্যাপিলে। ৪-৫ আ্যাপিলে কেস পড়ে থাকত। ১ থেকে ২ বছরের মধ্যে অ্যাপিল নিম্পত্তি করা ফ্র এখান থেকে সব চেয়ে বেশি কর আদায় আসবে। ক্যাজুয়াল ট্রেডার নিয়ে এয় করেছিলেন যে ক্যাজুয়াল ট্রেডার কায়া। প্রথমে যখন আমরা চেক পোস্টে ধরি তক্ষ বলেন আমি জীবনে এই প্রথম এবং সেই বিক্রেতার ভূমিকায় অবতীর্ণ হচ্ছি।

আমাদের মনে হয় ট্যাক্স ইভেশনের ক্ষেত্রে বা কিছুটা কালো টাকার বড় শত্রু আছু এই রাজ্যে থেকে অন্য রাজ্যে যাচ্ছে, এই ভাবে এর উপরে ট্যাক্স দেন বা বাইরে থেব এই রাজ্যে আসছে তার উপরে ট্যাক্স দেন। এটা ট্যাক্স ইভেশন প্রভিসনের অন্তর্ভক্ত ह **এরপরে, নতন করের প্রস্তাব আসছে একটা, সেজন্য বিলে আনিনি।** তবে বার্লা শিলিণ্ডডি ও আসানসোল এলাকায় প্রবেশ করের প্রস্তাব যেটা সেটা প্রেসিডেন্টের আ আনার পরে আমরা ওখানে আনব। মাননীয় সূত্রতবাব বলেছেন, উনি যদিও জান অনেকদিন ধরে একটা প্রস্তাব ছিল এন্টি ট্যাক্সের ব্যাপারে, যে এন্টি ট্যাক্স রাস্তায় দাঁচিত্র কালেকশন করছেন ? রিটার্নসের ভিত্তিতে এটা করতে পারেন না ? একট পরীক্ষা করা আমাদের মাথায় আছে। এটা যখন আসবে, রিটার্নসের ভিত্তিতেই আমরা চিডা কর্ম্ম। করে কি হয় তা জানার জনা আমাদের মহারাষ্টের সঙ্গে মতে আদান প্রাদন চলত। অবশ্য এটা করে খব মার খেয়েছে। 'স্টাফ কি' এটা বলে একট গোলমাল করে ফো **এই স্টাফণ্ডলো** তো আপনারা '৭২ সালের আাক্টে এনেছিলেন। '৭২ সালে এদের মান্দ এনেছিলেন। তবে এরা এক বছরের মধ্যে রিটায়ার করে যাচ্ছেন। ৩.৩৪ পরিছেদে य রেফ্রিজারেটর, ওয়াশিং মেশি এগুলোকে আমরা মান্টিপিল পয়েন্ট থেকে সিঙ্গল পট্রেট যাচিছ। এই সম্বন্ধে এখানে প্রশ্ন আপনারা রেখেছিলেন আগের দিন। আমি এটা 🕅 বলছি। এটা আমরা মাল্টিপিল পয়েন্ট থেকে কিন্তু সিঙ্গল পয়েন্টে আনলাম। তার মান আষ্ট্র থেকে ৫৪ আন্ট্রে আনলাম। আমরা ১৫-২০ শতাংশ বৃদ্ধি করলাম। একা এখানে বলি, আমাদের চিন্তাধারায় কিন্তু রেফ্রিজারেটর এখনও যারা ব্যবহার করেন <sup>জ</sup> ব**র্দ্ধিত যদি কিছু দিতে হ**য়, আমরা তাদের দেয়টা এনে করেছি। তাতে দিতে <sup>হরে শ্</sup> লক্ষ্য করুন, মান্টিপিল ট্যাক্স মূল যেখানে আগে ১৫ পারসেন্ট ছিল, যদি পাঁচবার <sup>ক্রিন্</sup> হাত বদলাত, তাহলে এক পারসেন্ট যোগ করে সেই ২০ পারসেন্ট হত। <sup>আমি দি</sup> পয়েন্টে এনে একবারেই করেছি ২০ পারসেন্ট। এর উপরে দামের প্রভাব গড়বে <sup>ক্লা গ্</sup> আছে। সিমেন্টে কিন্তু কমবে। সিমেন্টের ক্ষেত্রে মাল্টিপিল পয়েন্ট থেকে সিঙ্গ<sup>ল পয়েন্ট</sup> আমি ৮ পারসেন্টে রাখলাম। তারমানে এতে অবধারিত ভাবে সিমেন্টের দাম <sup>হয়</sup>ী এটা নোটিফিকেশনের মাধ্যমে হবে, তাই আইনে আনিনি। ৫৪ আক্টি আপনারাই চালু কর্মজ আই. এম. এফ. লোনের উপরে সৌগতবাবু একটা প্রশ্ন করেছেন। সৌগতবাবু <sup>কেন্ড</sup> থেকে বা প্রতিনিধিরা বলে হয়উঁ বলেছেন, 'আপনি বিলিতি মদের উপরে <sup>বিক্রন ক্র</sup> ডিউটি বন্ধ্যানসির উপরে নয়, ভলামের উপরে থাকে। এটার সুবিধা হচ্ছে <sup>আই এম</sup> দামটা বাড়লে ন্যাচারাল বয়্যানসি থাকবে। এটার জন্য ট্যাক্সের পোটেনশিয়ানিটা এবপর টার্নওভার ট্যাক্স অন মোটর স্পিরিট ২ পারসেন্ট টার্নওভার ট্যাক্স <sup>আছে</sup>

<sub>রননি।</sub> এটা পাস অন করা ষাবে না। এর পর হচ্ছে কর রেহাই'এর ব্যাপার। এটা ্রন্ত্রীয় সরকারের কতকণ্ড**লো সংস্থা** ২-২-১/২ পারসেন্ট নন পাস্যাবল। এর উপরে শ করেননি, বোধহয় মেনে নিয়েছেন, তাই কিছু বলেন নি। দাম বাডার কোনও নেই। আমরা কর রেহাই কোথায় দিচ্ছি—লক্ষ্য করুন—আপনাদের সঙ্গে দণ্ডিভঙ্গীর পঞ্জায়েত নির্বাচনে যাবেন তো। সাধারণ কৃষক প্রশ্ন করবে, সারের দাম দুশুণ ্রুলং এখানে দাঁড়িয়ে সারের ক্ষেত্রে আমরা তিন শতাংশ নামিয়ে এনেছি। আমাদের ব্রজনীতি পরে আসে। **হস্তশিল্পের ক্ষেত্রে, সমস্ত হস্তশিল্পকে আমরা—আপনারা বলেছিলেন** দ্য় কি বৃহৎ হৃদয়, হৃদয়ের আয়তনকে কি দিয়ে মাপবেন জানি না—সেলস ট্যা**ক্সে**র ত বাইরে রেখে দিলাম। এ্যাগ্রো ইন্ডাস্ট্রি, বাড়িতে বসে বা মা বোনরা যেগুলো করেন । বাদ দিলাম। এটা রুলে আসবে। কাগজকে আট থেকে ছয় শতাংশ, এটা যাবে. এটা ক্যালাম। টি.ভি., ফ্রিন্স যেগুলোর উপর যা ছিল, এটা আর এক বছর চাল থাকলো. নব উপরে চালু থাকল। ইনসেনটিভ স্কিমে ইলেক্ট্রিসিটি ডিউটি পাঁচ বছরের জন্য ছাড। নতন শিলে, ঐ রুগ্ন বন্ধ ইত্যাদি যেণ্ডলো আছে সবণ্ডলোতে তিন বছরের জন্য একি ্ষাভা। সৌগতবাব বলেছেন পাঁচ, সাত, নয় বছর পর্যন্ত। একেবারে করের রেহাই, . রেখে সেটা আমি বলেছি সাত, আট নয়, আর যেগুলো মাল্টিপুল ইণ্ডাস্ট্রি যার সাথে দা মান্টিপল ইনভেস্টের মধ্যে নয় সে কর্মসংস্থান সৃষ্টি করছে, সে আরও দু'বছর 🛮 করে সবিধা পাবে। এগুলো সব কিন্তু ক্ষদ্র শিল্পের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

## [6-15 — 6-24 p.m.]

আমি একটা কথা বলে শেষ করছি, আমি বললাম না দু বছর কারা যেন আমাদের মেরে ঢেলে দিয়েছে এবং ৮৮৭ কোটি টাকার যে বারংবার প্রশ্ন করেছেন, তার উত্তরে জানাই, মাননীয় অধ্যক্ষ মহাশয়, অ্যাকচুয়ালটা বলা উচিত ৮৮৭ কোটির থেকে কিছু আক্র্যাল এক্সপেণ্ডিচার হতে পারে বলেই বলে রাখলাম। আগামী বছরে যে বৃদ্ধি রাজ্য আদায়ের মধ্যে দিয়ে, আমি কোনও প্রতিশ্রুতির মধ্যে যাচ্ছি না, রাজস্ব বৃদ্ধি <sup>যদ্ধ</sup> সঞ্চয়ের বৃদ্ধির হারের ক্ষেত্রে আবার আমরা প্রথম হয়েছি, আগেও আমরা ছিলাম। <sup>প্রতিশ্রু</sup>তির উপর নির্ভর করে, কারা দু বছর ধরে আমাদের ঠকিয়ে যাচ্ছিল, আমি সেই রে যাচ্ছি না, কিন্তু এখানে দাঁড়িয়ে বলছি ৪০০ কোটি টাকা বাড়িয়েছি। এই স্বন্ধ সঞ্চয়ে 🏻 করে বৃদ্ধি হয়েছে কেন জানেন—শেয়ার মার্কেটে যেসব সাধারণ মানুষ প্রলোভনে <sup>হিলেন</sup> তারা আবার ফিরে এসেছেন, তারা আবার ফিরে এসেছেন সরকারি রাজস্বের ত আশ্রমে। স্কল্প সঞ্চয়ে বাড়ছে, আপনারা যাই করুন না কেন, স্বল্প সঞ্চয় বাড়বে, শেয়ার <sup>টে সাধারণ</sup> মানুষ আর যাবে না। এই যে ৪০০-৫০০ বৃদ্ধি হয়েছে, এতেই আমাদের <sup>য়েছে।</sup> এই যে ৪০০-৫০০ বৃদ্ধি হলো, এতে বেতন পুনর্বিন্যাস যতটা আছে আর বৃদ্ধি ন। ইলানিং ৪০০-৫০০ বৃদ্ধি হয়ে যাবে এতে ১২৯৪ হল এবং তার সঙ্গে ৫০০ <sup>করব। উন্নয়নের</sup> পথেই আমরা ছিলাম হঠাৎ দুটি বছর সরিয়ে দেবার চেন্টা করেছিলেন, <sup>র সমস্ত</sup> বাধা অতিক্রম করে যাচ্ছি। শুধু এই দিকেই নয়, সৌগতবাবু একটা জিনিস শ্রি করেছেন, যদিও নতুন কথা কিছু বলেননি যে সরকারি খরচ বাঁচানোর কি চিস্তা মা আমি আমার বাজেট বক্তৃতায় বলেছিলাম এবং আবার বলছি এই যে রাজ্য

সরকারের কমে যাচেছ বলে চিৎকার করছেন তাতে বাঙ্কেট অ্যাট এ প্লান্স দেখলে এর শেষ পাতার শেষ পংক্তিটা দেখুন, তাতে ডিস্টিক্ট প্ল্যান ফাণ্ডের ৩৮৭ কোটি ছিল সেটা সামনের বছরে ৩ হাজার ৮৭ কোটি টাকায় যাবে অর্থাৎ ৮০০ 🖚 হচেছ। এর কারণ কি জানেন—আমি আবার বলছি কোন অসুবিধা নেই, রেট আ ক্ষেত্রে অ্যাজ ইউ নো লক টার্ম ফরমূলেশন ৮৮৭ থেকে একটা বেশি বৃদ্ধি পা বর্জতার একেবারে শেষটায় লেখা আছে—আমরা বিকেন্দ্রীকরণের একটি ধাপে আছ সরকারের যোজনা কমিশন বলেছেন আমরা নাকি প্রথম এই ব্যাপারে। আমরা সা ৪৩টি দপ্তর করেছি, প্রতিটি দপ্তর রাজ্যা, জেলা এবং তার নিচের স্তর অবিচি গেছে। ভাঙ্গার পরেও এখনোও পর্যন্ত অর্থ সরাসরি যাচ্ছে না, অর্থ দপ্তরগুলোর : যায়। আমরা বলেছি গ্রামীণ বৈদ্যুতিকরণ এটা জেলান্তরের প্রকল্প। এবার জেলা কমিটিতে সরাসরি যাওয়া যাক। পূর্ত সড়ক দপ্তর স্টেট হাইওয়ে, যেটা একাধিক ব স্তরের বিষয়, জেলার মধ্যে যে রাস্তা তা জেলার মধ্যেই অর্থাৎ ডিস্ট্রিক্ট রোড ও ডি-জেলার বিষয়। ভিলেজ রোডস্ এটা ব্লক এবং গ্রামের বিষয়। ডিস্ট্রিক্ট প্ল্যানিং-এর প্ল্যানিং কমিটি দিয়ে যাছে এবং সেখানে যদি আপনাদের সংখ্যাগরিষ্ঠতা থানে আপনারাই পাবেন। তবে এরমধ্য দিয়ে একটি অভিজ্ঞতা আমাদের চোখ খলে দিয়ে হচ্ছে ক্ষুদ্র সেচ প্রকল্প।

আমি ক্লাস্টার অফ স্যালো টিউবওয়েলের কথা বলছি, এতে প্রাউও ওয়ট পঞ্জিশন তাতে একটা স্যালো টিউবেল থেকে ৭ থেকে ৮ একর জমিতে জল খা মানে ২০টি মত প্লটে জল আসতে পারে এবং যার মধ্যে অধিকাংশ ভূমি সংস্লার গরিব কৃষকরা উপকৃত হয়। এর ইনস্টলেশন কস্ট রাজ্য সরকার নিয়েছে এবং নিয় —দৈনন্দিন ম্যানেজমেন্ট বাইরে থেকে লোক নেওয়া নয়, ওই যে বেনিফিসিয়ারি গ্রপ দেবো। আমার অভিজ্ঞতায় দেখেছি সেচ কর আদায় হয় না, সেচ করের মধ্যে দিয়ে ত্র মেনটেনেল করলে খরচের হার উঠছে তা নয়, এতে উদ্বৃত্ত হচ্ছে। আরেকটি হছে বসানোর অর্থে দেখেছি—একটি জায়গায় দুটি, সেক্লেত্রে সুব্রতবাবুর বক্তৃতা ভালো ওনারা সব জায়গায় একমত নন। তাঁরা বলেছেন নলকৃপগুলো বড় কৃষকদের য়াদেও, তারাই জল বিক্রি করুক। আমি বলেছি না, সরকারি অর্থে বসবে তার মাটে করবে সাধারণ মানুষ পঞ্চায়েতের নেতৃত্বে। এই হচ্ছে বিকল্পে তফাং। রাস্তার ক্লেড জায়গায় যাচিছ, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এই ক্ষমতা দিতে চাইছি গ্রামের এবং শহরের মানষকে।

যদি তারা মনে করে যে রাস্তা রিপেয়ারের জন্য কন্ট্রাক্টারের প্রয়োজন নেই, আ কন্ট্রাক্টার লাগাবেন না, এলাকার স্থানীয় যুবকদের লাগান। এস. আই. প্রত্যেক ব্রব্ধ আমদের অভিজ্ঞতায় অর্জেক টাকায় অর্ধেক সময়ে সেই রাস্তা মেরামতি হয়, এর ম জানেন এই ১২১৪ কোটি টাকার যে পরিকল্পনা বরান্দ অন্য যেভাবে হয় এর মনি টাকায় দ্বিশুল কাজ সম্ভব। মানে হচ্ছে প্রকৃত বরান্দ কাজ কিন্তু বিশুল হয়ে <sup>মার্বি</sup> মারক্তে, এই হচ্ছে আমাদের বিকল্প। এবং এই বিকল্প শুধু নিজেদের উপর নির্ভা দীড়াচ্ছি তা নয়, সাধারণ মানুবকে ক্ষমতা দিচ্ছি এই বিকল্প নিয়ে আমাদের বার্টের। এ

<sub>ঘামি</sub> আমার বক্তব্য শেষ ক**রছি,** কিন্তু একটি কথা বলার হয়ত সুযোগ আমার হবে াগনারা বলছিলেন যে আপনি বিকল্প বলুন, পৃথিবীর অন্য জায়গায় হচ্ছে, স্পিকার ্ব আমি শুধু আপনার মাধ্যমে বলছি, এটা বলতে চাচ্ছিলাম না, কিন্তু বিধানসভা ্রাল্যছে পরে শুন্য লাগবে, আমি প্রথমে একটু বিশ্বিত হই, ইউনিভার্সিটি অফ ক্যালিফোর্ণিয়া । ওরা একটা আমন্ত্রণ একমাস আগে করেছেন যে ওরা একটা সাউথ ইস্ট এশিয়ার , <sub>প্রিত উদার</sub>নীতির পক্ষে এবং বিপক্ষে সিম্পোসিয়াম করতে চান। বাংলাদেশ থেকে তারা . তিবিদ আনছেন, কেন্দ্রীয় সরকারের একজন প্রতিনিধি আসছেন, আমাদের বলছেন ্রে বিকল্পটা বলছি সেটা ওরা চান। মানে শ্লোবাল লেভেলে বিকল্পটা একটু আলোচিত আমি তখন একটি কথা বলি, আপনারা তো মন্ত্রীদের ব্যয়ের উপর বলছিলেন আমি বলি যেহেত কোনও খরচ বাইরে যাওয়ার ব্যাপারে, মন্ত্রীরা আমরা নেবনা. আমিও । যেতে পারব না। একটা পয়সাও রাজ্য সরকারের ব্যয় করতে পারবে না। দিন ্যাগে ওরা বলেছেন ওরা সমস্ত ব্যয়ভার বহন করতে চাচ্ছেন. আমি কেন্দ্রীয় বকে চিঠি লিখেছি যে আমি এই ব্যবস্থায় যেতে পারি কিনা? যদি যাই—আমাদের র এখানে যা বলছি তা নয়---একটা আনন্দজনক বিস্ময় যে, খোদ আমেরিকা, যেখানে এম এফ, তারা একটু থমকে দাঁড়িয়েছেন, রাশিয়ায় যা ঘটেছে তাতে কোথাও তারা দাঁডিয়েছেন। জানবেন আই. এম. এফ.-র পলিসির বিরুদ্ধে মানুষ রাস্তায় নামবে এবং া ধারণা হচ্ছে এদের সভায় আই. এম. এফ.-র নাকি কর্তাব্যক্তিরা আসছেন এটা শুনতে। ায়া বক্তব্য এখানেও যা বলছি. ওখানেও তা বলব, এসে আপনাদের কাছে রিপোর্ট া আমি আবার এই বিলের সমর্থনে বক্তব্য রেখে আমার বক্তব্য শেষ করছি, আপনাদের কে ধনাবাদ জানিয়ে।

The motion of Dr. Asim Kumar Dasgupta that the West Bengal ation Laws (Amendment) Bill, 1993 be taken into consideration was a put and agreed to.

### Clauses 1 to 6 and Preamble

The question that Clauses 1 to 6 and Preamble do stand part of Bill was then put and agreed to.

Dr. Asim Kumar Dasgupta: Sir, I beg to move that the West pgal Taxation Laws (Amendment) Bill, 1993, as settled in the Ashbly, be passed.

The motion was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 6-24 p.m. till 11 a.m. on Thurs-the 1st April, 1993 at the Assembly House Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly sembled under the provisions of the Constitution of India

Assembly met in the Legislative Chamber of the Assembly ouse, Calcutta, on Thursday, the 1st April, 1993 at 11.00 A.M.

### PRESENT

1r. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 24 sters, 9 Ministers of State and 123 Members.

[1-00 — 11-10 A.M.]

া ননী করঃ মিঃ ম্পিকার স্যার, আমি একটা শুরুতর বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ গতকাল বিধানসভায় যখন ভোট নেওয়া শুরু করলেন মাননীয় ডেপুটি ম্পিকার তখন সদস্য সূত্রত মুখার্জি ছুটে গিয়ে তাঁর হাত থেকে কাগজ কেড়ে নেয় এবং এর মধ্যে টা যে ডিসরেসপেক্ট দেখালেন চেয়ার এবং আমাদের প্রতি এবং এটা সমস্ত মাস রেডিও, টিভি, কাগজে যেভাবে বলেছে, আমাদের এটা প্রিভিলেজ ক্ষতিগ্রস্ত করছে, র সন্মান নউ করেছে এবং এই হাউসের সন্মান নউ করেছে। এর একটা ব্যবস্থা রকার। চেয়ারে যিনি বসেন, তাঁর প্রতি এইরকম ব্যবহার করা যায় না। এই বিষয়ে। প্রোটেকশন চাই। যদি হাউসের চেয়ারের এই অবস্থা হয় তাহলে আমাদের প্রতি কি ব্যবহার করা হয় সেটা আপনি বুঝুন। হাউস ধিকৃত হয়েছে এবং হাউসের মর্যাদা য়ছে। এই ঘটনা ঘটেছে, আপনি স্যার একটু হস্তক্ষেপ করবেন, আমি এই বিষয়টা গিভলেজ মোশন আনতে চাই, আপনি পারমিশন দেবেন, এটাই আমার নিবেদন।

ী ভঙ্জিত্যণ মন্তল ঃ মিঃ স্পিকার স্যার, কালকের ব্যাপারটা আমার মনে হয় এই ফ্বির একটা ডিগনিটি আছে, সেই ডিগনিটিটা অত্যন্ত ক্ষতিগ্রস্ত হয়েছে। বিশেষ করে ব পুরানো সিনিয়ার মেম্বার বলা যেতে পারে এবং এখন ওদের তরফ থেকে ডেপুটি ভার যেমন ডেপুটি লিভার হিসাবে ডিউটি আছে তেমনি রাইটসও আছে। দুটোই কিন্তু কোন সময়ে কোনটা ব্যবহার করতে হবে সেটা তিনি জানেন না। তাঁকে আমি বিকর্ব, তিনি যেন সেটা একটু ভাবনা-চিন্তা করেন। আমি কালকের ঘটনার খুব নিন্দা। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

বী কামাখ্যাচরণ ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল এই বিধানসভার মধ্যে মু সদস্য সূত্রত মুখার্জি চেয়ারের প্রতি যে আচরণ করেছেন, তিনি চেয়ারকে অপমান হন, তথু তাই নয় সমস্ত বিধায়কদের তিনি অপমান করেছেন। এই কাজ বাঞ্ছনীয় নয়। মজের জন্য তিনি দুঃখপ্রকাশ করবেন, তা যদি না করেন তাহলে আমি আপনার কাছে অনুরোধ করব ব্যবস্থা গ্রহণ করতে।

শ্রী সূরত মুখার্দ্ধিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার একটা পার্সোনাল  $\omega_{\Re R}$  আছে। স্যার, গতকাল যে ঘটনা ঘটেছে তাতে আমি সরকারকে বাঁচিয়ে দিয়েছি। এই এটা বুঝতে পারছে না। আপনি নিশ্চয়ই বুঝতে পারছেন। বুদ্ধদেববাবু বুঝেছেন এবং  $\omega$  বুঝেছেন, কিন্তু এই একেবারে আকাট মুর্খরা বুঝতে পারছে না।

### (গোলমাল)

স্যার, ওরা যদি বিষয়টার নতুন করে এখানে অবতারণা করতে চায় ক্তুত্ত আমার কোনও আপত্তি নেই। আপনি ঘটনার গুরুত্ব বুঝতে পেরেছিলেন বলেই ছাত্র যাবার পরেও আপনি এখানে দৃ-ঘন্টা হাউস চালিয়েছিলেন। আপনি যদি বুঝতেন য়ে কোনও অন্যায় করেছি তাহলে আপনি আমার বিরুদ্ধে ৩৪৭ প্রয়োগ করতে পারতে আপনি তা করেননি। দ্যাট ইটসেম্ফ প্রুভস, আমি কোনও অন্যায় করিনি। অন দি হ আপনি প্রোসিডিংস নিয়ে এসে দেখুন, আমি যদি ডিভিসন না চাইতাম কালই মান ফেল করত এবং গভর্নমেন্ট থাকত না। আপনি খুবই বুদ্ধিমান, আপনি রেকর্ড নিয়ে দেখন---আমাদের অ্যামেন্ডমেন্টের ওপর ভোটের সময় ওরা আইস্-ভাইস বলেছে এং ম্পিকার নোস হ্যাভ ইট্ না বলে অ্যামেন্ডমেন্ট পাস করিয়ে দিচ্ছিলেন। হোয়াট ইর্ বিষয়টা প্রিভিলেজে নিয়ে গেলে ডেপুটি স্পিকার গভীর জলে পড়ে যাবেন। ননীবাৰু। দাবি করছেন, তেমন আমিও দাবি করছি যদি হিম্মত থাকে প্রিভিলেজে নিয়ে যান, ম সমস্ত রেকর্ড পেশ করুন। এটা ঠিকই যে, আমি কাগজ নিয়ে এসেছিলাম। আমার্চ পয়েন্ট অফ অর্ডার তুলতে দেননি বলেই আমি কাগজ আনতে বাধ্য হয়েছিলাম! নিজেই আবার ওঁর টেবিলে কাগজ রেখে দিয়ে এসেছি, ছুঁড়ে ফেলে দিয়েও আর্সিনি। জ ডিভিসনের ওপর ভোট হয়েছে। এরা বুঝতে পারছে না, আমি যদি এ কাজ না <sup>হন</sup> তাহলে কাল রাত ১২টায় ফাইনালিয়াল ইয়ার শেষ হয়ে যেত। তারপর গভর্নমেটের <sup>1</sup> কাজকর্ম বন্ধ হয়ে যেত এবং মানি বিল ফেল করার জন্য গভর্নমেন্টকে পদতাগ ৰু হ'ত। উনি তিন-বার আইস্ হ্যাভ ইট বলে আমাদের অ্যামেন্ডমেন্ট পাস করিয়ে <sup>দিক্রে</sup> ইজ্ ইট্ এ টেক্নিক্যাল মিস্টেক্? মিস্টেক হোক, আর যাইহোক কন্সটিটিউশনাল <sup>প্রতি</sup> কিং মানি বিল ফেল করলে গভর্নমেন্ট ফল করবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশ্য় ১<sup>০া বি</sup> ওপর সৌগত রায়ের ১৬টা অ্যামেশুমেন্ট পাস করিয়ে দিয়েছিলেন। ওরা <sup>আমার বি</sup> প্রিভিলেজ আনতে চায় আনুক। আমি রাজি আছি।

শ্রী প্রবোধচন্দ্র সিন্হা: মাননীয় অধ্যক্ষ মহোদয়, গতকাল যে ঘটনাটি এই বিগলী স্থাটেছে, সেটি না ঘটাই বাঞ্ছিত ছিল। হয়ত কোনও অসাবধানতা বশত মাননীয় দিশকারে কিছু একটা ভুল করে কেলেছিলেন। তা বলে মাননীয় ডেপুটি শিপকারে হার্ত জোর করে কাগজ নিয়ে নেওয়াটা সংসদীয় রীতির মধ্যে পড়ে না। সেটা বাঞ্ছনীয় না

মি মনে করি আমাদের সকলেরই এখানে সংসদীয় গণতন্ত্রের রীতি-নীতি সব সময় লা উচিত। যদি আমাদের কোথাও কিছু ত্রুটি হয়ে থাকে—কোনও সদস্যের যদি প্রতি কোনও অমর্যাদাকর বা অসম্মানজনক আচরণ হয়ে থাকে এবং তিনি যদি তাঁর ক্রটি বুঝে দুঃখ প্রকাশ করেন তাহলেই ভুল বোঝাবুঝির অবসান হয়। মাননীয় সদস্য বুদুগুপ্রকাশ করে তাঁর ক্রটি মেনে নিন। কেন না এই ঘটনার এখানেই ইতি হওয়া

### RULING FROM CHAIR

Ir. Speaker: Yesterday during the voting on the Finance Tax-Bill such a confusion arose and the Deputy Speaker was in the It has been brought to my notice that during the confusion, the e Member, Subrata Mukherjee, came up to the podium and ed the brief from the Deputy Speaker's table and took it away. I entered the Chamber, the brief was returned to me. There be mistakes in procedure, there may be confusion but it has to be in mind, the prestige and respect of each and every Member, ding the Chair of this House, is paramount and supreme.

[11-10 - 11-20 a.m.]

This must always be kept in mind because if a member misbes, behaves in an indecorous manner, he not only reduces the presof this House in the estimate of the public but also denigrates elf before his electorate. That has to be understood because people elected us here and they expect us to behave in a certain manner n an indecorous manner or in an unparliamentary manner. There be disputes, I have always said that. Parliament is not a graveyard cemetery. We cannot expect silence of the cemetery in Parlia-There will be noises, at times it may also be tumultuous because expected during debates but everything has to be done with certain is, with a certain decerous behaviour, we cannot exceed or go nd that limits and limitations. At the conference held in New Delhi, and again in an unanimous resolution all the Parties in India had ssed their concern that what was happening in Parliament today <sup>1</sup> matter of grave concern because it was hitting at the very root uliamentary system and democratic behaviour in the country. An mous resolution was passed and that has been circulated to all bers and political parties and we expect that each and every member

[ 1st April, ]

will try to comply with the decisions taken by his political party, National level. It is important, it is incumbent. At that conference then Leader of the Opposition, Hon'ble Shri Siddhartha Sankar Ran present, I was there, other important members there and I was in Drafting Committee of the resolution. The draft was made and and a unanimously approved and accepted by all the political parties, was no dispute as regards the consensus on that behaviour in h ment has to be in certain decorous form. We cannot go beyond whatever may be the provocation. There may be extreme provocation but we should not exceed those limits and if we exceed those in we are demolishing the edifice piece by piece, brick by brick wi goes against the very system what we are working for. There will hitch, I have never said that Parliament will be an absolutely near place. In the conference, meetings, I have never expressed that I is certain hitch is expected because so many important problems, disput debates are taking place—I only appeal to members that everything to be done in a certain decorous manner. That is what people ex from us, they don't expect us to behave indecently. If we be indecently, we can go streets, why should we sit here? We don't he to sit here then. People don't want that. So, I expect, all members take note of it. Whatever had happened yesterday was serious, inde rous, it is bad for the system. I am not taking note of it because happened yesterday had happened in a confused state. I again say But we should keep in mind that this should not be repeated. Wel liberal, we are very liberal in West Bengal. We give facilities tolerate a lot because people have to express their views. Let us in we will control ourselves and behave in a decorous manner in feet With these words I close this chapter.

### POINT OF INFORMATION

শ্রী ননী কর: মাননীয় স্পিকার স্যার, আমি একটি খুবই জরুরি বিষয় শ্রুণ মাধ্যমে আপনার এবং হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চাই। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশ্রে আছেন। শুধুমাত্র বাংলা ভাষায় কথা বলে বলে দিল্লিতে যে কান্ডটা ঘটছে আমি স্টেইকরতে চাই। এটা এখন সাম্প্রদায়িকতার প্রশ্ন নয়, ভাষার প্রশ্ন নয়। আমরা গ্রিক্সিমানুষ আমরা কথা বলি বাংলা ভাষায়, ঘটনাক্রমে আর একটি রাষ্ট্র তৈরি হয়েছ, গ্রন্থ বলেন বাংলা ভাষায়, আমরা বাংলাদেশি এই প্রশ্ন তুলে দিল্লিতে ভোটার লিস্ট থেকে। ৩০ হাজার যারা বাংলা ভাষায় কথা বলে এই রক্ম মানুষের নাম কেটে দেওনা গ্র

তে ৩ লক্ষ বাঙালির উপর বিদেশি বলে তাদের উপর পুলিশ লেলিয়ে দেওয়া হয়েছে। নগর এম. পি. এবং বি. জে. পির লোকও এ ব্যাপারে সাহায্য করেছেন। গভর্নমেন্টের শ দিয়েই তাদের তাড়াবার চেষ্টা করা হচ্ছে। আপনার মনে আছে বোম্বাইতে যখন ঘটনা ছল তখন অনেক বাংলা ভাষাভাষী মানুষ এখানে চলে এসেছিলেন। ভূপালে মেডিক্যাল জের ছাত্রদের বাংলা ভাষায় যারা কথা বলে তাদের তাড়িয়ে দেওয়া হয়েছিল। পশ্চিমবঙ্গের ভূপাবে বাংলা ভাষায় কথা বলি, এটা খুবই দুশ্চিস্তার ব্যাপার। কিছুদিন আগে মাননীয় গ্রেমর সদস্যেরা দিল্লি থেকে ঘুরে এলেন, ওঁদের উপর হামলা হয়েছে কিনা জানিনা। তে বাংলা ভাষায় কথা বলা অপরাধ, আমাদের উপর যে অত্যাচার হচ্ছে এ ব্যাপারে নীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং আপনারও দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গে এগরে সকলে খুবই দৃশ্চিস্তাগ্রন্ত, আমরা আমাদের দেশে থেকে আমাদের ভাষায় কথা বলতে ব না, এই ভাষায় কথা বললে বিদেশি হয়ে যাব, আমাদের দেশে আমরা বিদেশি প্রবেশকারী এইসব কথা বার্তা উঠছে। দিল্লিতে এখন যেটা হচ্ছে সেটা আমাদের দেশের, গালিটির এবং আমাদের পক্ষে খুবই ক্ষতিকর হচ্ছে, এজন্য বিষয়টি আপনার সামনে পান করলাম।

দ্রী মোস্তাফা বীন কাশিম ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য ননী কর মহাশয় বিষয়টি উপস্থিত করেছেন সেটা অত্যন্ত উদ্বেগের, আমিও সেই কথাই তাঁর সঙ্গে যুক্ত তে চাই। এটা নিশ্চয়ই কোনও প্রাদেশিকতার ইস্যু নয়, আমরা সকলেই স্বাধীন সার্বভৌম রুব্বর্ধের নাগরিক এটা তারই একটা অংশের মর্মবেদনার কথা। এই যে ঘটনা ঘটেছে রুই বিস্তারিত বিবরণ সমস্ত খবরের কাগজে বেরিয়েছে, আপনিও সেই খবর দেখেছেন। খান ৩ লক্ষ বাঙালি পরিবারকে ছমকি দেওয়া হচ্ছে চলে যাবার জন্য এবং বলা হচ্ছে লোদেশ থেকে অনুপ্রবেশকারী, এইরকম কিছু কিছু অভিযোগ তুলে ভয় দেখান হচ্ছে। গত রের ভূপাল এবং রায়পুরের মেডিক্যাল কলেজের ছাত্রদের জোর করে যারা বাংলা ভাষায় খা বলে তাদের বিতাড়িত করা হয়েছে। পশ্চিমবঙ্গ থেকে নির্বাচিত সাংসদরা বিষয়টির শর প্রভিলেজ উপস্থিত করেছেন। জাহাংগীর পুরীতে বাংলা ভাষাভাষী মানুষরা দুঃস্বপ্নে দিন টাছেনে। বিষয়টি কেন্দ্রীয় সরকারের কাছে তোলার জন্য মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ নিছি এবং এটা যাতে বন্ধ হয় তিনি যেন তার জন্য প্রচেষ্ঠা চালান।

শ্রী অধিকা ব্যানার্জি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার আগে মাননীয় সদস্যরা যে কথা লন আমি তাকে পূর্ণ সমর্থন করছি। আমরা কিছুদিন আগে দিল্লিতে গিয়ে সরেজমিনে ই করে দেখেছি যে কথাগুলি সত্য। বাংলা ভাষীদের বিরুদ্ধে পুলিশ লেলিয়ে দেওয়া হচ্ছে, টার লিস্ট থেকে নাম কেটে দেওয়া হচ্ছে সবটাই সত্য ঘটনা। আমরা এটা লক্ষ্য করেছি বাংলা ভাষাভাষী মানুষরা ভারতবর্ষের অন্য জায়গায় তো বটেই এমন কি এই পশ্চিমবঙ্গ কেও রিফিউজী হয়ে যেতে বসেছে। [11-20 - 11-30 a.m.]

আজকে পশ্চিমবঙ্গে এই ধরনের ঘটনা ঘটছে। সেখানে গিয়ে দেখেছি, একটি বিশ পার্টি এতে ইন্ধন যোগাচছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে বলছি, তিনি যেন দিল্লিতে গিয়ে মূ মন্ত্রীর সঙ্গে কথা বলে তাঁকে বুঝিয়ে দিয়ে আসেন যে, বাংলাভাষায় কথা বলন্তে, বাংলাদেশি নয়। সুদীপবাবু, সৌগতবাবুসহ আমরা সেখানে গিয়েছিলাম; দেখে এগেছি, কথা এখানে বলা হচ্ছে সেটা অক্ষরে অক্ষরে সত্যি, এটা আমি জানাচ্ছি।

শ্রী নির্মলকুমার দাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রী ননী কর মহাশয় যে বি এখানে উত্থাপন করলেন সেটা অত্যন্ত উদ্বেগের। আমার মনে হচ্ছে, দিল্লিতে বাংলা বি একটি লবি আছে এবং তারাই এর কলকাঠি নাড়াচ্ছে। অনুপ্রবেশকারীদের চিহ্নিত বক্ষরকার, কিন্তু যেভাবে সেটা করা হচ্ছে তাতে এখানে তার প্রতিক্রিয়া দেখা দেবে। সে মুখ্যমন্ত্রীর এই ব্যাপারে প্রতিক্রিয়া কি সেটা যদি তিনি সভাকে জানান তাহলে বাধিত এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের নীতি এবং পলিসি যদিও আমরা অতীতে দেখেছি। তাদের কাছে এটা বলতে হবে, কারণ আজকে সেখানে যা ঘটছে সেটা বরদান্ত করা না। মাননীয় মুখ্যমন্ত্রী সভায় উপস্থিত আছেন, আশা করি তিনি তাঁর প্রতিক্রিয়া ব্যক্ত ক এবং এর বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করবেন।

শ্রী ভক্তিভূষণ মন্ডলঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বিষয়টা এখানে উঠেছে সে ব ভালভাবে চিন্তা করা উচিত, তবে আমি একথা বলছি না যে, বিদেশি যারা আছেন রাখতে হবে। কিন্তু যারা বোনাফাইড সিটিজেন অফ ইন্ডিয়া অথচ বাংলায় কথা বলেন প্রতি যদি এইরকম ব্যবহার করা হয় তাহলে এটা নিয়ে ভালভাবে চিন্তা-ভাবনা করা তাই প্রাইম মিনিস্টারের সঙ্গে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী যাতে এই ব্যাপারটা নিয়ে পরিষ্কারভাবে কথাবার্তা বলেন তারজন্য এই অ্যাসেম্বলি থেকে মুখ্যমন্ত্রীকে ভার দেওয়া এই ম্যাটার নিয়ে তিনি প্রাইম মিনিস্টারের সঙ্গে আলোচনা করুন, কারণ এটা অতি গো ব্যাপার। এটা নিয়ে যদি ঠিকভাবে চিন্তা না করা হয় তাহলে ডিস-ইনটিগ্রেশনের কোয়ে এখানে এসে যয়। সেজন্য সমস্ত বিষয়টা বিবেচনা করে যাতে সিরিয়াসলি এটা নিয়ে ভাবনা করা হয় তারজন্য মুখ্যমন্ত্রীকে ভার দেওয়া হোক ইন এ সুইট্রেবল্ ম্যানার যাত প্রাইম মিনিস্টারের সঙ্গে কথা বলে এর একটা বিহিত করতে পারেন।

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে ননী কর মহাশরের ই আমি সমর্থন করছি। এই ধরনের কাজ যারা করছেন তারা মূলত ভারতীয় জনত পরিচালনাধীন গোষ্ঠী এবং তারাই আজকে সেখানে এই উদ্যোগ নিয়েছেন। কিন্তু ভ ভোটার লিস্ট থেকে নাম কেটে দেবার ব্যাপারে পথ দেখাতে পারেন পশ্চিমবঙ্গের এম. দল এবং তারজন্য আজকে এলো এই বিজেপি দল। সুতরাং আজকে সংসদীয় পক্ষে একদিকে যেমন সি. পি. এম., অপর দিকে তেমনি বিজেপি বিপজ্জনক

ছেন। আজকে এ**ই দুটি দলে**র ভূমিকা সম্পর্কে সংসদীয় গণতন্ত্রে বিশ্বাসী মানুষকে ত হবে। আজকে সি. পি. এম. এর মতো বিজেপিও পুলিশের মধ্যে একইভাবে ন। তাই আমরা চূড়ান্তভাবে এই দুটি দলের নিন্দা করছি এবং এই ধরনের কে যাতে তারা বিরত থাকেন তারজন্য আবেদন জানাচ্ছি।

মাখ্যাচরণ ঘোষ ঃ মাননীয় স্পিকার মহাশয়, আজকে মাননীয় সদস্য ননী কর যে সভায় তুলেছেন তা খুবই গুরুত্বপূর্ণ। বাংলা ভাষাভাষি মানুষের উপরে দিল্লিতে বছে এটা একটা লাভজনক ঘটনা এবং এটা অবিচার হচ্ছে। এটা বন্ধ করা ননীয় মুখ্যমন্ত্রীকে আবেদন করছি যাতে এর একটা ব্যবস্থা করেন। সেইসঙ্গে আলোচনা চলছিল তাতে মাননীয় বিধায়ক সুদীপ বন্দ্যোপাধ্যায় যে প্রস্তাব দিলেন এর কোনও সম্পর্ক নেই, এটা না বলাই উচিত ছিল। আমি এই কথা বলে বা শেষ করছি।

দেবপ্রসাদ সরকার : আজকে যে বিষয় এখানে উত্থাপিত হয়েছে যে দিল্লিতে গরিকদের ভোটাধিকার কেড়ে নেওয়া হচ্ছে এটা অত্যন্ত লজ্জাজনক ব্যাপার। এটা গ্যায় যে সর্বত্র ওখানে নাগরিকদের ভোটাধিকার কেড়ে নেওয়া হচ্ছে। এর নিন্দা ত এবং এখানে যে প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ

নরেন হাঁসদা । মাননীয় স্পিকার মহাশয়, মাননীয় সদস্য ননী কর মহাশয় যে ধাপন করেছেন আমি তাতে একমত যে দিল্লিতে যে ঘটনা ঘটেছে তা খুবই এবং লজ্জাজনক। এটা কখনোই মেনে নেওয়া যায় না। এখানে যে প্রস্তাব আনা মি তাতে একমত যে এখানে যে ঘটনা ঘটেছে তার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। প্রসদ্ধে আমি একটা কথা বলতে চাই যে, আজকে যে সাড়ে ৩ কোটি ঝাড়খন্ডী সরা আজকে নিজের দেশে পরবাসী হয়ে গেছেন। আমাদের দুঃখ লাগে এবং লাগে যে সিপিএমের মুখোশ নিয়ে পরে তারা বিজেপির মতো রাজনীতি করছে। বা করছেন এখানেও তার ব্যতিক্রম নেই। আমরা পশ্চিমবঙ্গের লোক, ভারতবাসী। মিশিয়া, লন্তন বা আপনা থেকে আসিনি। ভারতীয় সাংবিধানিক অধিকার মতো কিটা আলাদা রাজ্য গঠন করতে চাই, দেশের সংস্কৃতি রক্ষা করতে চাই।

দুরুত মুখার্জিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দৃষ্টি আকর্ষন করে এখানে বলছি

দুরু সদস্য প্রবীর ব্যানার্জি এখন একটা প্রস্তাব নিয়ে এসেছেন যে আশ্চর্য হয়ে যেতে

দে বর্জার এলাকাতে আইন শৃষ্খলার অবনতি ঘটছে সেখানে সম্প্রতি ২৬ তারিখে

কটি চিঠি দিয়েছেন যে "In view of acute law and order problems

ked everyday, we are running short of forces. Hence you are

kd to release C/3394 Susanta Ghosh, C/1697 Parimal Das, secu-

[1st April,

rity guard to report at Doltala Police lines by 31.3.93.

Inconvenience is regretted. মুখ্যমন্ত্রীর তো এত সিকিউরিটি যা <sub>বির্</sub>নেই। পি এমেরও এত সিকিউরিটি নেই। সেখানে মুখ্যমন্ত্রীকে বলতে হবে সিকিউরিটি কিনা। প্রবীর ব্যানার্জিকে বর্ডার সিকিউরিটি দিতে হবে। বর্ডার এলাকাতে আমাদের দিকিউরিটি থাকবে না এ হতে পারে না। সেখানে প্রবীর ব্যানার্জির দুটি সিকিউরিট নেওয়া হবে, এ হতে পারে না। মুখ্যমন্ত্রী গেলে তো তার কনভয় রাস্তা বন্ধ করে দ্বি সিকিউরিটি তুলে দেওয়া হোক। স্যার, আমি বসব না, প্রবীরের সিকিউরিটির প্রক্রিকলে আমি বসব না। হাউসে মুখ্যমন্ত্রী আছেন, আমি তাঁর মুখ থেকে জানতে চাই প্রি দেবেন কিনা।

Mr. Speaker: You have made your submission. Now I me the Hon'ble Minister to reply about adequate provision of security to the MLA concerned.

[11-30 - 11-40 a.m.]

শ্রী জ্যোতি বসু: পুলিশ পার্সোনেল আমাদের কম আছে। দিল্লি থেকে প্রায় জ্ব কাছে বলেন সি. আর. পি., বি. এস. এফ. হোক বা অন্য পুলিশ হোক, তারা জ্ব দিতে বলেন। কারণ অন্য জায়গায় দরকার আছে। তারা দার্জিলিং এর মধ্যে থেকে সরাতে চাইছেন। আমি তখন স্বরাষ্ট্র মন্ত্রীকে অনুরোধ করি এখন সরাবেন না, দার্জি আবার নৃতন করে একটা অস্বাভাবিক অবস্থার সৃষ্টি হতে পারে। তবে এটার বিক্ষ জ্বানতাম না। হোম সেক্রেটারি এই সম্পর্কে এস. পি. ২৪ পরগনাকে কন্টার করেন। ঠিক করেছি কোনও সিকিউরিটি গার্ডকে উইথড্র করা হবে না, যে যেখানে আছে দেখাকবে।

#### Starred Questions

(to which oral answers were given)

### मूर्निमावारम द्वारितम धक्छ

- \*২৪৮। (অনুমোদিত প্রশ্ন নং \*৩) শ্রী আবু হেনা ঃ গ্রামীণ উন্নয়ন বিভাগের র্জ মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) ১৯৯১-৯২ ও ১১৯৯২-৯৩ আর্থিক বছরে মুর্শিদাবাদ জেলা<sup>র বিজি</sup> ট্রাইসেম প্রকল্প বাবদ আর্থিক বরান্দের পরিমাণ কড;
  - (খ) তন্মধ্যে, ১৯৯৩ (জানুয়ারি) পর্যস্ত কত অর্থ খরচ করা হ<sup>রেছে</sup> : <sup>এর</sup>

কতজন বেকার যুবক-যুবতী প্রশিক্ষণ ও আর্থিক সাহায্য পেয়েছে? সূর্যকান্ত মিশ্র ঃ

১৯৯১-৯২ এবং ১৯৯২-৯৩ আর্থিক বছরে মুর্শিদাবাদ জেলায় ট্রাইসেম প্রকল্প বাবদ আর্থিক বরান্দের ব্লকভিত্তিক হিসাব নিম্নরূপঃ

eri.	বরাদ্দের পরিমাণ	(লক্ষ টাকা হিসাবে)
N .	>6-<66	১৯৯২-৯৩ জানুঃ পর্যস্ত
	0.%0	\$.00
->	0.89	0.9@
j- <b>২</b>	0,8২	<i>60</i> .0
<b>ড়া</b>	0.8২	o. <u></u> ७७
	0.82	o. <b>৬৩</b>
	0.00	0.62
	0.83	০.৬৩
দ-জিয়াগঞ্জ	0.00	09.0
	0.8২	0.৬৩
₹- <b>5</b>	0.29	०.७४
রে-২	0.94	0.68
গোলা-১	0.00	0.00
≀গোলা-২	०.२१	0.88
<b>ালা</b>	0.8%	0.96
	0.8২	o. <b>৬৩</b>
বুর-১	0.90	09.0
1 <del>3</del> -2	0.29	0.88
	0.60	6.67
•	.e.8%	0.9@

	ASSEMBLY PROCEEDING	S
454		[ 1st April,
রঘুনাথগঞ্জ-১	0,29	०.७৮
রঘুনাথগঞ্জ-২	۵.00	, o.es
সুতি-১	0.29	०.७৮
সূতি-২	0.8২	০.৬৩
সাগরদীঘি	0.82	०.७৯
সামদেরগঞ্জ	<b>30,0</b>	0.69
ফারাক্কা	0.00	0.66
	\$0,00	\$6.95
	. অন	্যান্য খরচ ০.২১
		\$6.00
	( ) ( )	বকভিত্তিক খবচ নিদ্

খ) ১৯৯১-৯২ এবং ১৯৯২-৯৩ (জ্ঞানুয়ারি পর্যন্ত) ব্লকভিত্তিক খরচ নিম্ন

1) •		
ব্লুকের নাম	বরাদ্দের পরিমাণ	(লক্ষ টাকা হি
ACTA III	となってのよく	১৯৯২-৯৩ জ
বহরমপুর	<b>১.৩২</b>	89.
বেলডাঙ্গা-১		_
বেলডাঙ্গা-২		
- হরিহরপাড়া	0৬	<i>ذ</i> ذ.ه
নওদা		\$.00
ডোমকল	0.58	0.00
জলঙ্গী	0,5@	_
মূর্শিদাবাদ-জিয়াগঞ্জ	3.90.	-
নবগ্রাম		_
রাণীনগর-১	0.50	_
রাণীনগর-২	0,50	_
ভগবানগোলা-১		_

तर्गाना-२	०.২७	0.22
গালা	०.৯২	-
	0.২0	
পূর-১	-	
পূর-২	০.৬২	-
चंग्री	· Carriera	.0.22
ম		_
থগঞ্জ-১	-	_
থগঞ্জ-২	-	
>	0.50	_
<b>\$</b>		
দীঘি	۵.06	_
দরগঞ্জ		
<b>5</b> 1	0.0%	0.২৫
	৬.৫৩	২.৩৮

শ্রী আবু হেনাঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন ১৯৯১-৯২ সালে ৬ লক্ষ ৫৩ র টাকা খরচ হয়েছিল, কিন্তু ১৯৯২-৯৩ সালে তা কমে ২ লক্ষ ৩৮ হাজার টাকা টু জানুয়ারি '৯৩ খরচ হয়েছে। খরচ কম হ'ল কেন?

ডাঃ সূর্যকান্ত মিশ্রাঃ মাননীয় সদস্য যখন প্রশ্নটি করেছিলেন তখন পর্যন্ত ১৯৯২-৯৩ ার প্রশিক্ষণ চলছিল এবং ২ মাসের প্রশিক্ষণ বাকি ছিল। শেষ ২ মাসে সব টাকাই বিয়ে যাবার কথা, তবে বছর শেষের হিসেব এখন আমার কাছে নেই।

শী আবু হেনাঃ মাননীয় মন্ত্রী মহাশয়, প্রশিক্ষণ প্রাপ্ত যুবক-যুবতীদের কতজন সেম্ফ ক্রিন্টের এবং কতজন ওয়েজ এমপ্লয়মেন্টের সুযোগ পেয়েছে এবং তাদের মধ্যে কতজন শ্রিনি হাভিক্যাপ্ত ?

জঃ সূর্যকান্ত মিশ্রঃ ট্রেনিং প্রাপ্তদের মধ্যে ১৯৯২-৯৩ সালের জানুয়ারি '৯৩ পর্যন্ত জন সেন্ফ এমপ্লয়মেন্টে সাহায্য পেয়েছে এবং ২১জন ওয়েজ এমপ্লয়মেন্টের সুযোগ ফিন। এদের মধ্যে যুবক, যুবতী. তফসিলি জাতি. সবাই আছে। আলাদা করে

[1st April, 199

হ্যান্ডিক্যাপ্ডদের ফিগার জানতে হলে আলাদা প্রশ্ন করতে হবে।

শ্রী **জাবু হেনা ঃ** যেসব যুবক যুবতী ট্রেনিং পেয়েছেন তাঁদের ট্রেনিং পাওয়ার এলিজিন্দি কাইটেরিয়া কি, হোরাট ইজ দি এলিজিবিলিটি ক্রাইটেরিয়া?

ডাঃ সূর্যকান্ত মিশ্রাঃ আই. আর. ডি. পি.-র বেনিফিসিয়ারীদের জন্য যে ক্রাইট্রি ধার্য আছে 'ট্রাইসেম''-এর ক্ষেত্রেও সেই একই ক্রাইটেরিয়া।

শ্রী আবু হেনাঃ মিনিমাম এডুকেশনাল কোয়ালিফিকেশন কিছু নির্দিষ্ট আছে িঃ

ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ না। মিনিমাম এডুকেশনাল কোয়ালিফিকেশন কিছু নেই, দারিদ্ধীন্ত্র নিচের মানুষ হলেই হবে।

শ্রী **আবু হেনা :** যেসব যুবক যুবতী ট্রেনিং পেয়েছে তাদের সরকারি দপ্তর থে<sub>ট শু</sub> কিট দেওয়া হয়েছে কি?

্ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ ফুল-কিট দেওয়া হয় না। আই, আর. ডি. পি. স্কীমে সাহাদ্য ন্নৃ হচ্ছে, ব্যাঙ্ক অনুদান দেওয়া হচ্ছে।

শ্রী অঞ্জন চ্যাটার্জিঃ "ট্রাইসেম" স্কিমের ট্রেনিং সবটাই সরকারের নিজম্ব সংস্থার মার্কা দেওয়া হয় না। বিভিন্ন রেজিস্টার্ড সংস্থার মাধ্যমেও দেওয়া হয়। মাননীয় মন্ত্রী মহাশয় র্রী সংস্থাওলোকে মনিটরিং করার কোনও ব্যবস্থা করবেন কি?

ডাঃ সূর্যকান্ত মিশ্র : বিভিন্ন জেলার ডি. আর. ডি. এ. মনিটরিং করে। তা হর্ত্ত আমাদের অফিসাররা যান।

[11-40 - 11-50 a.m.]

শ্রী নরেন হাঁসদা: আমার প্রশ্ন হল, আপনি হিসাব দিলেন এতগুলি <sup>যুবক-বুৰ্ক</sup> প্রশিক্ষণ এবং আর্থিক সাহায্য পেয়েছে। এর মধ্যে এস. সি. অ্যান্ড এস. টি এবং ফি<sup>কিন্স</sup> হ্যান্ডিকাপ্ট-এর সংখ্যা কত এবং তারা কত টাকা করে পেয়েছেন?

ডাঃ সূর্যকান্ত মিশ্রাঃ এস. সি. অ্যান্ড এস. টি এবং ফিজিক্যাল হ্যান্তিকা<sup>ন্ট্ৰ-এর জি</sup> আপ চাইলে আলাদা কোয়েন্দেন করতে হবে।

শ্রীমতী জয়শ্রী মিত্র: ট্রাইসেম প্রকল্পে কি আলাদা প্রশিক্ষণ দেওয়া হয় এবং বিশে মহিলাদের জন্য কি কি প্রশিক্ষণ ক্রেওয়া হয়ে থাকে?

**ডাঃ সূর্যকান্ত মিশুঃ** এলাকার চাহিদা অনুসারে ট্রেনিং দেওয়া হয়ে  $^{alco}$ ।  $^{alco}$ । নির্বাচন করা হয় তাদের চাহিদা অনুযায়ী করা হয় এবং বাজারের চাহিদা অনু $^{all}$ ।  $^{co}$ 

<sub>ইলাদের</sub> টেলারিং, উলনিটিং, কার্পেট প্রভৃতি এইসব ট্রেনিং দেওয়া হয়ে থাকে।

ি শিশির সরকার : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে এত সংখ্যককে আর্থিক সাহায্য হয়েছে। যাদের আর্থিক সাহা**য্য দেওয়া হয়েছে, তাদের সে**ল্ফ এমপ্লয়মেন্ট হয়েছে কিনা লা-আপ করার ব্যবস্থা আছে কিনা?

াঃ সূর্যকান্ত মিশ্র ঃ ফলো-আপ করার সুনির্দিষ্ট ব্যবস্থা আছে। কোয়ালিটোটিভ মনিটোরিং <sub>эণগত</sub> মান পর্যালোচনা করা হয়। এ ব্যাপারে একটা ফোরাম আছে। জেলান্তরে এবং র অফিসার থাকেন। তাঁরা ফর্ম পুরণ করে রিপোর্ট দেয়, সেইভাবে আমরা পর্যালোচনা কি।

### বাঁকুড়া জেলায় নৃতন শিল্প

২৪৯। (অনুমোদিত প্রশ্ন নং \*১২৬) **শ্রী অমিয় পাত্রঃ শিল্প** ও বাণিজ্য বিভাগের । মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- ক) বাঁকুড়া জেলায় নৃতন শিল্প স্থাপনের জন্য রাজ্য সরকারের কোনও প্রস্তাব আছে
   কি;
- থ) থাকলে, কি কি ; এবং
- গ) বড়জোড়ায় পলিয়েস্টার ইয়ার্ন প্রকল্পটির কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে?
   য়ী বিদ্যুৎ গাঙ্গুলিঃ
- হাঁ, বাঁকুড়া জেলায় নতুন বড় এবং মাঝারি শিল্প স্থাপনের জন্য কয়েটি প্রস্তাব
  আছে।
- খ) ঐ শিল্পগুলিতে তৈরি হবে,
  - >। রিজিড পি. ভি. সি পাইপ,
  - २। মনোলিথিক রিফ্র্যাক্টরী,
  - शिलायाम्यात्र किलायान्य देयार्न.
  - ৪। প্লাস্টিক কোটেড ফিল্ম।
- <sup>(গ) বড়জোড়ায় পলিয়েস্টার ফিলামেন্ট ইয়ার্ন প্রকল্পটির জন্য ১৫০ একর জায়গা অধিগ্রহণ করা হয়েছে।</sup>

<sup>বড়জোড়াতে</sup> শি**ল্প পরিকাঠানো (ইনফ্রাস্টাকচার) তৈ**রি করতে কি কি বিষয়ের

[ 1st April

উপর জোর দিতে হবে, সেগুলো খতিয়ে দেখার জন্যও ঐ ব্যাপারে দেবার জন্য একটি কনসালট্যান্দি ফার্মকে দায়িত্ব দেওয়া হয়েছে।

শ্রীমতী জন্ম মিত্র ঃ বড়জোড়ায় পলিয়েস্টার ইয়ার্ন কারখানার জনা ভেস্ট প্রায় ২ বছর আগে হস্তান্তর করা হয়েছে, কিন্তু আজ পর্যন্ত সেখানে প্রাইমারি যে র করার কথা তা কিছুই দেখতে পাওয়া যাচ্ছে না। এই প্রকল্পটির কাজ কবে নাগান বলে মাননীয় মন্ত্রী মহাশয় মনে করেন?

শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ পলিয়েস্টার ফিলামেন্ট ইয়ার্ন কারখানাটির জন্য ১৫০ ঞ্ব নেওয়া হয়েছে। এর জন্য অনেক দূর থেকে জল আনতে হবে, কিছুটা দূর থেকে। আনতে হবে। এইসব বিষয় বিবেচনা করার জন্য একটা নাম করা কোম্পানিকে দান্ত্রি হয়েছে। তাঁরা একটা রিপোর্ট দেবেন। তাঁরা একটা ড্রাফ্ট রিপোর্ট দিয়েছেন। এর বিবেচনা করে দেখা হচ্ছে।

শ্রী সৃদীপ বন্দ্যোপাধ্যায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, জানাবেন কি—বাঁকুড়া গ্রিইয়ার্ন প্রকল্প আগে বিভ্লাদের সঙ্গে যৌথ হিসাবে যুক্ত ছিল, তারপর সেটা আম্বানীর রিলায়েন্দ গ্রুপের যৌথ প্রকল্প হিসাবে যুক্ত হয়। এখন শোনা যাচেছ আম্বানী সং চেষ্টা করছে, তাহলে আমার জিজ্ঞাসা এই যে, এই প্রকল্পের কাজ কতদ্র এগিয়েছে আম্বানীদের সরে যাবার যে কথাটা উঠেছে তার মধ্যে কিছু সত্যতা আছে কিনাং

শ্রী বিদ্যুৎ গাঁকুলি: কোনও সত্যতা নেই, ১৫ একর জমি অধিগ্রহণ করা। এখানে জলবিদ্যুৎ এবং অন্যান্য পরিকাঠামোর সুযোগ সুবিধা সৃষ্টি করে আধুনিক ই স্থাপনের জন্য কিছু কিছু ব্যবস্থা গ্রহণ করার জন্য যা দরকার তার জন্য একটা সংস্থাকে দায়িত্ব দেওয়া হয়েছে, তার একটা খসড়া রিপোর্ট আমার কাছে আসে সেটা দেখা হচ্ছে।

শ্রীমতী আরতি হেমব্রম ঃ মাননীয় মন্ত্রী মহাশয় আপনি জানেন যে বাঁকুড়ার দিল<sup>া হ</sup> প্রচুর পরিমাণে বাবুই চাষ হয়, বাবুই চাষকে কেন্দ্র করে বাবুই দড়ি শিল্পে <sup>বর</sup> স্থাপনের কোনও চিস্তা-ভাবনা করছেন কিনা করলে কতদিনে তা শুরু হবে?

শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি: এ ধরনের কোনও প্রস্তাব এখন নেই।

শ্রী সৌগত রায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—এই <sup>প্রব্ধ</sup> হয়েছিল কত টাকায় জয়েন্ট সেক্টর, আম্বানী দেবেন কত টাকা, কত টাকা রাজ <sup>গ্র</sup> দেবেন, এই প্রকল্প শুরু হবে জয়েন্ট সেক্টর, আ্যাসিস্টেড সেক্টর, রাজ্য সরকারের <sup>১১ ক</sup>থাকবে তাতে কিছু কনভার্টের কোনও প্রস্তাব রাজ্য সরকারের কাছে আছে <sup>কিনা</sup>

শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি: এই প্রকরের প্রোজেক্ট কস্ট ধরা হয়েছে ৪০০ <sup>কোটি রুর</sup>

বলিউ. বি. আই. ডি. সি. ৫১টা ইকুইটি অ্যাসিস্টেড সেক্টর নিয়ে আসার জন্য প্রথমে যে ভাবে ধরা হয়েছে তার পরিবর্তন করার কোনও চিন্তা করা হয় নি। বাকিটা ন, ডবলিউ. ডি. আই. ডি. সি'র ৫১র মধ্যে ২৬ পাসসেন্ট, রিলায়েন্স হবে ২৪.৯ ১। প্যাকেট তৈরি হচ্ছে।

ो সূভাষ বসুঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—যে পলিয়েস্টার চরি হবে সেই সূতা পাওয়ারলুমে ব্যবহার করা যাবে কিনা, কারণ পাওয়ারলুম াল ডেভেলপমেন্ট করার চেষ্টা হচ্ছে, এই বিষয়ে জানাবেন কিং

🏿 বিদ্যুৎ গাঙ্গুলি : কিছুটা পাওয়ারলুমে নিশ্চয়ই যাবে।

### মূর্শিদাবাদ সীমান্তে অনুপ্রবেশকারী

্বে। (অনুমোদিত প্রশ্ন নং \*১১) **শ্রী নুরুল ইসলাম চৌধুরিঃ** স্বরাষ্ট্র (রাজনৈতিক) । ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

- ক) মুর্শিদাবাদ জেলায় সীমান্ত দিয়ে বছ সংখ্যক বাংলাদেশের মানুষ প্রায় প্রতিদিনই
  পশ্চিমবঙ্গে দুকে পড়ছে এই মর্মে কোনও তথ্য সরকারের কাছে আছে কি;
  এবং
- (খ) থাকলে, রাজ্য সরকার এই বিষয়ে কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

#### শ্ৰী জ্যোতি বসুঃ

- (क) মূর্শিদাবাদ জেলার সীমান্ত দিয়ে বাংলাদেশিদের বে-আইনি অনুপ্রবেশ সম্বন্ধে সরকার অবহিত আছে।
- (খ) ১। অনুপ্রবেশকারীদের প্রতি আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়।
  - অনুপ্রবেশকারীদের সনাক্ত করে ফেরৎ পাঠানোর উদ্দেশ্য মোবাইল টাস্ক ফোর্স সমেত পশ্চিমবঙ্গ পুলিশ প্রায়ই অভিযান চালায়।
  - ৩। অনুপ্রবেশের ব্যাপকতা রদ করার জন্য সীমান্তে বি. এস. এক.-এর চৌকি সংখ্যা ও নজরদারী বাডানো হয়েছে।
  - ৪। পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারের কাছে মোবাইল টাস্ক ফোর্সের শক্তি বৃদ্ধির প্রস্তাব করেছেন।
  - ৫। মোবাইল টাস্ক কোর্স এবং সীমান্তরক্ষী বাহিনীর যাতায়াত সুবিধার জন্য সীমান্ত বরাবয় এবং সীমান্তেয় কাছাকাছি সীমান্ত সড়ক প্রকল্পের কাজ

#### क्लाक् ।

[11-50 - 12-00 Noon.]

শ্রী সৌগত রায় ঃ স্বরাষ্ট্রমন্ত্রী জানাবেন কি, কত লোক বাংলাদেশ সীমান্ত পার। প্রতিদিন এই রাজ্যে ঢুকছে; গত বছর এইভাবে কত মুসলীম ঢুকেছে তার ফিগার সরক্ষ কাছে আছে কিনা?

শ্রী জ্যোতি বসুঃ আমার কাছে এই ব্যাপারে যে তথ্য আছে সেটা বলে দিছি। ১৯ সালে আমাদের পুলিশ যাদের ডিটেক্ট করতে পেরেছেন তাদের সংখ্যা হল হিন্দু ৬। মুসলমান ১,০৪১ জন, ১৯৯১ সালে হিন্দু ১০ জন, মুসলমান ৮৭৩ জন, ১৯৯২ সা হিন্দু ১২ জন, মুসলমান ৭৮২, অন্যান্য ৩ জন। আর বি. এস. এফ ১৯৯০ সালে ভি করেছেন হিন্দু ৯১ জন, মুসলমান ৭১১ জন, ১৯৯১ সালে হিন্দু ১৭ জন, মুসলমান জন, ১৯৯২ সালে মুসলমান ১০ জন। যাদের ধরা হয়েছে তাদের স্বাইকে ফেরং পাছ হয়েছে।

শ্রী সৌগত রায় ঃ মাননীয় মুখ্যমন্ত্রীর জবাব থেকে দেখা গেল ১৯৯০ সালে ৯০ এর মতো অনুপ্রবেশকারী ধরা পড়েছে, ১৯৯১ সালে ৯০০ জন মতো, ১৯৯২ সালে মধরা পড়েছেন তাদের সংখ্যাও প্রায় ৮০০ এর মতো। কিন্তু বাস্তব অভিজ্ঞতা থেকে অব সবাই জানি যে, এর থেকে অনেক অনেক বেশি অনুপ্রবেশকারী প্রতিদিন এই রাজ্যে ক্রেম আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাই—অবশ্য এটা ঠিকই, ১৪০০ মাইল লাভ, র্ম এলাকায় সবটা প্রাটেষ্ট করা সম্ভব নয় কারণ বর্ডার এলাকায় রাস্তারও অসুবিধা রয়েছে— এইরকম কোনও খবর আছে কিনা যে, যারা অনুপ্রবেশ করেছেন তারা এদেশে ঢালর জনপ্রতিনিধিদের মাধ্যমে রেশন কার্ড করিয়েছেন এবং নিজেদের নাম ভোটার লিন্টে চ্বিক্স বলে তাদের ডিটেষ্ট করা যাচ্ছে না, এই জাতীয় খবর থাকলে ঐ এলাকার জনপ্রতিনিশেষ করে শাসক দলের প্রতিনিধি যারা এটা করছেন তারা যাতে এটা না করতে শাতারজন্য কী ব্যবস্থা নিয়েছেন ?

শ্রী জ্যোতি বসু থ এটা নির্দিষ্টভাবে বলতে পারছি না। তবে এইরকম কিছু কিছু দ আছে যে, কিছু অনুপ্রবেশকারী যাদের ধরা যাচেছ না তারা থেকে যাচেছন এবং এইরক্ষ দ খবরও আছে যে তারা বিভিন্নভাবে ভোটার লিস্টে নাম ঢোকাচেছন এবং অন্তাবে ট কার্ড জোগাড় করার চেষ্টা করছেন। কিছু নির্দিষ্টভাবে তার সংখ্যা আমি বলতে পার্মি

**শ্রী সৌগত রায়:** আপনাকে আই. বি. কোনও রিপোর্ট দিচ্ছে না এ-স<sup>ম্পার্ক!</sup>

**ন্ধী জ্যোতি বসুঃ সেটা সম্ভব নয়।** ভোটার লিস্ট যখন তৈরি হ<sup>চ্ছিল তথন চ</sup> নির্দেশ দেওয়া হয়েছিল তারা যেন বর্ডার এলাকায় সাবধানতা অবলম্বন <sup>করেন</sup> । প্রবেশকারীদের নাম ভোটার লিস্টে না ঢুকে পড়ে।

শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ মাননীয় মুখ্যমন্ত্রী জানাবেন কি, অনুপ্রবেশকারীদের ফেরত পাঠাতে । ঠিকই, কিন্তু ফেরত পাঠাবার নামে সীমান্ত রক্ষী বাহিনী তাদের উপর যে অমানবিক চরণ—মাথা ন্যাড়া করে দেওয়া, চুল কেটে দেওয়া ইত্যাদি করছেন তার প্রতিকারের কি ক্রান্ত্রনং

মাননীয় অধ্যক্ষ মহোদয়, এক-আধটা এইরকম খবর এসেছে এবং দিল্লিতেও এক টা ঘটনাও ঘটেছে। দিল্লির কিছু মানুষকে ধরে তাদের মাথা মুড়িয়ে দেওয়া হয়। আমার মনে হয় তাতে শ'খানেক লোককে এইরকম পাঠিয়ে দেওয়া হয়েছে। বাংলাদেশি নাগরিক দর আবার এখান থেকে পাঠিয়ে দিলেন কিন্তু মাথা কেন মুড়িয়ে দিয়ে পাঠিয়ে দিলেন তে পারলাম না। আমি এই ব্যাপারে স্বরাষ্ট্র মন্ত্রীর সঙ্গে কথা বলেছি এবং এই কথাও াছি যে এটা একটা **ইনফ্রিনটেশন এবং আমি অন্তত** বলেছিলাম যে অনেকে তো এসে ছ. ধরা যাচেছে না, তার কি হবে ৷ তারা ভিন্ন রাজ্যে চলে গেছেন এখন চেষ্টা হচেছে কি । এই আশা বন্ধ করা যায়। তবে এটা খুবই অমানবিক যে হঠাৎ করে কিছু লোককে ্করে দেওয়া, যেটা দিল্লিতে ঘটেছে। আজকে সকালে যা শুনলাম যে দিল্লিতে বাংলার রের উপরে অত্যাচার চলছে। আমি এই ব্যাপারে কেন্দ্রে বলেছিলাম যে ওরা তো আর ভেড়া নয় যে এখান থেকে পাঠিয়ে দেবেন চলে যাবে। এর একটা ব্যবস্থা নিতে হবে। বাপারে কতগুলি পরিসংখ্যান আছে, আমি তারমধ্যে যাচ্ছি না। যারা ভ্যালিড ডকুমেন্ট মপোর্ট নিয়ে এসেছেন **তারাও এদের সঙ্গে মিশে** গেছে। আবার অনেকে ডকুমেন্টস্ হারিয়েও লিছে। আমি এই ব্যা**পারে বলেছি যে, ফরেন** ন্যাশনাল যারা আসছেন তাদের রেজিস্ট্রেশন া করা হোক। কিন্তু এইভাবে যে চলে আসছে আবার ফিরে যাচেছ সে তো হতে পারে । আমাদের বাংলাদেশের সঙ্গে একটা ভাল সম্পর্ক চলছে, আমরা এই ব্যাপারে কথাও <sup>াছি।</sup> এই ব্যাপারে **একটা হিসাবও পাও**য়া গেছে। ১৯৭২ সাল থেকে ১৯৯২ সাল অবধি <sup>নাদে</sup>শি ন্যাশনালস্, যারা এখানে এসেছেন তাদের ভ্যালিড ডকুমেন্টস্ পাওয়া গেছে। এদের গা ৬ লক্ষ ৭৫ হাজার। তারমধ্যে ৪ লক্ষ ৮১ হাজার হিন্দু। এই বছরও ৮৯ হাজার <sup>লমান</sup> আর বাকি কি**ছু হিন্দু এসেছে। তবে এই ব্যাপারে** কি করা যায় তা নিয়ে কেন্দ্রীয় <sup>কার</sup> এবং রাজ্য সরকার উভয়ই উদ্বিগ্ন। তবে এটা একটা বড় সমস্যা, এই নিয়ে আমাদের <sup>দোচনা চলছে।</sup> মাননীয় সদস্যদের এই বিষয়টা জানিয়েও দিলাম যে এই ব্যাপারে কেন্দ্রও <sup>র এবং</sup> এই নিয়ে সি. এমদেরও একটা মিটিং হয়েছে। যারা এখানে এসে গেছে তাদের <sup>রা জমি-জমা দিয়েছি,</sup> রাস্তাঘাট তৈরি করে দিয়েছি। তবে বি এস এফের যে ঘটনা ঘটেছে <sup>তে সেটা খৃবই</sup> নিন্দনীয় ব্যাপার। ওখানে যে বাংলার মানুষকে মাথা মুড়িয়ে দেওয়া হল <sup>জামি তী</sup>ত্র নিন্দা করছি। ওদের যে মাথা মুড়িয়ে দিয়ে পাঠিয়ে দেওয়া হল এটা খুবই <sup>ন্ত্রি কার</sup>ণ ওরা তো আর গরু, ভেড়া নয় যে এখান থেকে সরিয়ে অন্য জায়গায় <sup>ান্ত দেব</sup>। তাই আমি সম্<del>সক্তি ক</del>ে ব্যবহাৰ কাজ করবেন না, এটা অত্যন্ত অমানবিক

[1st April, ]

কাজ। এই ব্যাপারে কেন্দ্রের সঙ্গে আমাদের আলোচনা চলছে। তবে এই ষে ঘটনা ঘটেছে তা অত্যন্ত নিন্দনীয় বলে আমি মনে করি। এইকথা বলে আমার বক্তব্য শেষ

শ্রী সূত্রত মুখার্জিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী যে কথা বলে কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার উদ্বিগ্ন এবং কিছু কিছু ব্যবস্থা নিচ্ছেন, আমার প্রশ্ন হচ্ছে যে, সংবাদ আছে যে মুর্শিদাবাদ জেলায় চাষের সময়ে এবং ধান কাটার এইসব লোকেরা অর্থাৎ বাংলাদেশের লোকেরা আসেন এবং থাকেন, কাজ হয়ে গে যান। এরা সাপ্তাহিক, মাসিক এবং বাৎসরিক হিসাবে পায়, এই সংবাদ আপনার কিনা?

শ্রী জ্যোতি বসুঃ আমি সব জেলার কথা বলতে পারছি না তবে মালদহের শুনেছি যে এরা দৈনন্দিন হিসাবে কাজ করে। রিক্সা চালায় পরিবার নিয়ে আসে দকরে পরের দিন আবার চলে যায়। বর্ডার জেলাগুলিতে এইরকম ঘটনা ঘটেছে। এই নিশিষ্ঠত বলা সম্ভব নয় যে কিভাবে এটা করেন। তবে এদের ধরা সম্ভব হ এইভাবেই তারা কাজ করে যাচ্ছে। এর একটা ব্যবস্থা হওয়া দরকার বলে আমিও ম তবে এর খবর ঠিকমতো পাওয়া যাচ্ছে না।

[12-00 - 12-10 p.m.]

শ্রী নির্মল দাসঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আমরা যখন অ্যাসের্ঘা আন ইরিগেশন অ্যান্ড ওয়াটারওয়েজ মুর্শিদাবাদ গিয়েছিলাম স্টাডি ট্যুরে তখন গ পল্লার বিভিন্ন ভাঙনের ফলে অনেক নতুন নতুন স্থল ভাগ সৃষ্টি হয়েছে দো সেখানকার স্থানীয় প্রশাসন এবং পঞ্চায়েত থেকে বলা হয়েছিল, দেখেছিলাম। স্থোনীয় প্রশাসন এবং পঞ্চায়েত থেকে বলা হয়েছিল ওপার থেকে বাংলাদেশের লোগ গিয়ে বসবাস করছে, চাষবাস করে অনেকে চলে যাছে, অনেকে থেকে যাছে। এই সরকারের কাছে কোনও খবর আছে কি না, থাকলে যারা থাকছে ওরা কি ভারতীর হিসাবে চিহ্নিত হছে কি নাং

শ্রী জ্যোতি বসু: এটা বোঝা যাচ্ছে যে অর্থনৈতিক কারণে তারা বেশি ম বলে ওখানে তারা কাজ করতে আসেন। আবার আমি বলছি, নির্দিষ্টভাবে এর আমার কাছে কোনও খবর নেই, দৈনন্দিন কোনও জেলায় কত লোক এই রক্ম দেশে এসে কাজ করেন, তার কোনও হিসাব আমাদের কাছে নেই।

শ্রী আব্দুস সালাম মুন্সী: মাননীয় মুখ্যমন্ত্রী জানাবেন কি, আমরা শুনতে গ এলাকায় এমন কতকণ্ডলো লোক আছে যারা ভারতীয় নাগরিক, এরা <sup>যাং</sup> অনুপ্রবেশকারী, চোরাচালানকারী তাদের সাহায্য করে আসছে। যাওয়া এবং অ বাংলাদেশিদের সাহায্য করছে, তার বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে কি ন ারিসংখ্যান আছে কি না এবং তাদের সম্পর্কে কী ব্যবস্থা নেওয়া হচ্ছে?

জ্যোতি বসুঃ আমি আবার বলছি, নির্দিষ্টভাবে আমাদের কাছে এই রকম কোনও আসেনি। যদিও এটা ঠিক আমাদের খবর আছে, আসা যাওয়া হচ্ছে, হয়তো কিছু র আসছে, তারা হয়তো টাকা পয়সা নিচেছ, আমাদের কাছে কিছু কিছু খবর আসে, স্টভাবে আমি কিছু বলতে পারব না।

সূভাষ বোস ঃ মাননীয় মুখ্যমন্ত্রী জানাবেন কি, বর্ডার এলাকায় যে সমস্ত বি. এস.
াছে, তারা চোরা চালানকারীদের সহযোগিতা করছে, এই রকম অভিযোগ আপনার
ছে কি নাং

; স্পিকারঃ এটা হয় না।

নাসিক্লদিন খাঁন ঃ মাননীয় মন্ত্রী মহাশয় যা বললেন, যথাযথভাবে ঠিকই বললেন, বন্তীর্ণ এরিয়ায় কে আসছে, কে যাচ্ছে ঠিক রাখা যায় না কিন্তু একটা কথা, দের জলঙ্গী, ডোমকল, ভগবানগোলা, লালগোলা, এই সব জায়গায় বাইরে থেকে গকেদের ভোটার লিস্টে বাংলাদেশের অনেক মানুষের নাম উঠে গেছে। বাংলাদেশের অনেক নাম উঠে গেছে। এই নিয়ে বি. জে. পি. অনেক স্পেসিফিক কেস দিয়েছিল, দর্কে ভোটার লিস্ট থেকে এ নামগুলো কাটা হচ্ছে কি না জানাবেন কি?

জ্যোতি বসুঃ যদিও এই প্রশ্ন থেকে এটা আসেনা, তবুও বলছি, এবার ভোটার দি তৈরি হয় দুমাস ধরে, তখন দিল্লি থেকে ইলেকশন কমিশন আমাদের জানিয়েছিলেন রাও একমত ছিলাম, এবার ভোটার লিস্ট তৈরি করার সময় সাবধানতা অবলম্বন থে। কারণ কথা উঠেছিল বাংলাদেশি যারা তাদের নাম নাকি চুকিয়ে দিয়েছে। কমিশন তাদের প্রতিনিধি পাঠিয়েছিলেন, তারা এসে আমাদের বলে গেছে কলকাতায়, ভোটার লিস্টে। বিশেষ কোনও গোলমাল নেই, সঠিক আছে ভোটার লিস্ট।

### ৰুনো হাতির আক্রমণ

<sup>125</sup>। (অনুমোদিত প্রশ্ন নং \*৫৮৩) শ্রী সুশান্ত ঘোষঃ বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ন্<sup>গুহ</sup>প্র্বক জানাবেন কি—-

) ১৯৯২ সালের ১লা জানুয়ারি থেকে ৩১শে ডিসেম্বর পর্যন্ত, রাজ্যে বুনো হাতির আক্রমণে নিহত মানুষের সংখ্যা কড ; এবং

মেদিনীপুর জেলায় ঐ সংখ্যা কত?

<sup>যদরীশ</sup> মুখোপাধ্যায়ঃ (ক) ১৯৯২ সালে রাজ্যে বুনোহাতির আক্রমণে ৭৮ জনের ক্ষিয়াছে।

[1st Apri

(খ) ঐ সময়ে মেদিনীপুর জেলায় বুনোহাতির আক্রমণে ১ জনের প্রাণ্যার

শ্রী সুশান্ত ঘোৰ: প্রতিবছর বুনো হাতি আসছে এবং মানুষ নিহত হচ্ছে। এ প্রতিকারের জন্য সরকারের পক্ষ থেকে কোনও স্থায়ী পরিকল্পনা গ্রহণ করা হয়

ভাঃ অম্বরীশ মুখোপাধ্যায় : এ বিষয়ে স্থায়ী এবং অস্থায়ী, দু'রকম পরিকল কাজ শুরু হয়েছে। একটা হচ্ছে, হাতি এলে হাতি তাড়িয়ে দেওয়া হয়। তাড়িয়ে ৫ আমাদের নিজম ট্রন্ড হাতির দল আছে। এদের কুনকো হাতি বলে। এ ছাড়া আমা স্কোরার্ড আছে। তারাও তাড়াবার চেষ্টা করে। পঞ্চায়েত এবং সাধারণ মান্যতে। বন বিভাগের কর্মীরাও হাতি তাড়াবার কাজ করে। আর একটা স্থায়ী পরিক**র**ন আমাদের কিছু কাজ শুরু হয়েছে। মেদিনীপুর তথা দক্ষিণবঙ্গ হাতির দল দক্ষিণ हि আগেও আসত, কিছু দিন থেকে চলে যেত। এখন ধীরে ধীরে থাকতে শুরু ক্র ৫/৬টি হাতি কোনও দিনই যাচেছ না। এখানে বাচ্চা দিতে পর্যন্ত শুরু করেছ। দিলেও আবার ফিরে আসছে। এই সমস্যার সমাধান করবার জন্য আমরা ea স্যানচ্যয়ারী করতে যাচ্ছি। এ ব্যাপারে দিল্লির সরকারের সঙ্গে আলোচনা করেছি হয়েছি। হাতি প্রদেশের সীমা-রেখা মানে না। দলমা পাহাডে খাদ্যের অভাব-জিম বায়োটিক প্রেসারে এখানে চলে আসে। মেদিনীপুরের যেখানে আমাদের সোস্যাল মর্ম্ম হয়েছে এবং যেখানে জঙ্গল রক্ষায় কিছুটা আমরা এশুতে পেরেছি সেখানটাকে লা মনে করে বাচ্চা দেওয়ার আগে সেখানে আসে। হাতি স্থলের সব চেয়ে বড় গাঁ আমরা ত্যাগ করতে পারি না। সূতরাং তাদের স্থায়ীভাবে রাখার দায়িত্ব নিতে হরে। কথা হয়েছে। আমরা কাজ শুরু করেছি। এখন প্রশ্ন হচ্ছে, আজকে সারা ভারতার্থ আানিমেল কন্ফ্রিক্ট বাড়ছে। অবশ্যই এ বিষয়ে চিন্তা-ভাবনা শুরু হয়েছে। তবে প সঙ্গে মানুষের সহাবস্থানের ব্যবস্থা করতে হবে। মানুষের কল্যাণের জন্য হার্চির। আছে। আমরা বিভিন্নভাবে আলোচনা করছি, দিল্লির সরকার আমাদের সঙ্গে আর্ছে ওয়াইল্ড লাইফ থেকে শুরু করে অন্যান্য ভলান্টারি অর্গানাইজেশন আ<sup>মাদের ম্ম</sup> একটা এলাকাকে হাতির বাসযোগ্য করে তোলার জন্য সেখানে জঙ্গল, <sup>জল ঐ</sup> ডেভেলপমেন্ট প্রয়োজন। এই সমস্ত ভেবে আমরা একটা প্রকল্প শুরু করেছি।

শ্রী সুশান্ত ঘোষ : মাননীয় মন্ত্রী, স্যাংচ্যুয়ারী করার জন্য কত টাকা <sup>ধরু</sup> সে টাকা কোথা থেকে আসবে অনুগ্রহ করে জানাবেন কি?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ এটা এমনই প্রকল্প যে শেষ পর্যন্ত <sup>কত ধর</sup> এখনই বলা সম্ভব নয়। তবে আমরা ১৯৯১ সালে ২০ লক্ষ টাকা <sup>ধর্চ করে</sup>

[12-10 - 12-20 p.m.]

১৯৯২-৯৩ সালে আনুমানিক ৪৫ লক্ষ টাকা খরচ করা হবে <sup>বলে নির্ম্ম</sup>

শ্রী মনোহর টিরকি: মাননীয় মন্ত্রী মহাশর হিসাব দিলেন যে ১৯৯২ সালে ৭৮ জন গেছে। হাতির আক্রমণের প্রকোপ বেশি নর্থবেঙ্গলে। প্রোটেকশনের ক্ষেত্রে আপনি দন চেষ্টা হচ্ছে। স্বচেয়ে আশ্চর্যের কথা, হাতি লোক মারল আর আপনি কমপেনসেশন দি ৮ হাজার টাকা। মানুষ মারছে, ফসলের ক্ষতি করছে আর আপনি প্রোটেকশনের জন্য ব্যবস্থা নিচ্ছেন এবং ক্ষতিপ্রণের টাকা বাড়ানোর জন্য কি চিন্তা-ভাবনা করছেন ?

শ্রী শৈলজাকুমার দাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি শুরুত্বপূর্ণ র প্রতি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের মেদিনীপুর জেলার মক্টেমার পাঁচটি ব্লকের কয়েক হাজার বোরো চাষী আজকে বিপন্ন হয়ে পড়েছে। বা নদীর জল উড়িষ্যা কোস্ট ক্যানেল দিয়ে ভোবড়া ক্যানেলে আসে। কিন্তু বর্তমানে সরকার উড়িষ্যা কোস্ট ক্যানেলের মধ্যে দিয়ে সেই জল ভোবড়া ক্যানেলে আসতে না এখচ এ জলের ভরসায় ওখানে কয়েক হাজার চাষী বোরো চাষ করেছে। যখন দির বাজা সরকার অধিক ফসল ফলাবার কথা বলছেন তখন আমি বিষয়টির প্রতি বির দৃষ্টি আকর্ষণ করছি। এবং জরুরী ভিত্তিতে এ জ্বলের দাবি জানাচ্ছি। উড়িষ্যা বির সঙ্গে কথাবার্তা বলে অবিলম্বে কোনও ব্যবস্থা গ্রহণ না করলে ওখানে চাষীরা শ্রম

[ 1st Appl, এবং অর্থ ব্যয় করে যে বোরো চাষ করেছে তা শুকিয়ে যাবে। তারা আর ক্ষ পারবে না। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিষয়টির গ্রন্থ সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শী বিজেন্দ্রনাথ রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার কেন্দ্র কুমারগঞ্জের একটা বিদ্যালয়ের কথা এখানে উল্লেখ করছি এবং মাননীয় দৃষ্টি আকর্ষণ করছি। গত দু বছর আগে যাঁরা বালুপাড়া কলোনি নিবেদিতা বালির চাকরি পেয়েছিলেন তাঁদের এ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা এবং তাঁর স্বামী চক্রান্ত করেছেন। ফলে ওখানে একটা জটিল অবস্থার সৃষ্টি হয়েছে। হাইকোট থেকে সেহয়েছে যে, তাঁদের অবৈধভাবে নিযুক্ত করা হয়েছে। অথচ ম্যানেজিং কমিটি তাল করেছিল। দৃ'বছর চাকরি করার পরে এই জিনিস কি করে হয়? এ বিদ্যালয়ে শিক্ষিকার স্বামী বেনামে দীর্ঘদিন ধরে এই চক্রান্তে লিপ্ত আছেন। বিষয়টিব প্রপ্রথমিক এবং মাধ্যমিক শিক্ষা দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং সৃকরছি। এ বিদ্যালয়ে পঠন-পাঠন যাতে সঠিকভাবে চলতে পারে তার জন্য তি গ্রহণ করুন। ইতিমধ্যে ওখানে ছেলে-মেয়েরা শিক্ষক ছাঁটাই-এর প্রতিবাদে ব্লক অফিসে দিয়েছে। সাধারণ মানুষ এই কাজকে ভাল মনে নিচ্ছে না। প্রসঙ্গক্রমে উল্লেখ করিছি শিক্ষিকা একইসঙ্গে আর একটি বিদ্যালয়ের সহকারি প্রধান শিক্ষিকা পদে নিযুক্ত আতিনি ব্লক কংগ্রেস (ই) দলের প্রেসিডেন্ট।

শ্রী ভূপেন্দ্রনাথ শেঠঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি মাননীয় ভূমি সন্থাবহার ও ভূমি সংস্কার বিভাগের মন্ত্রী মহোদয়ের গৃঁ করছি। স্যার, পঞ্চায়েত নির্বাচনের আর কয়েক দিন বাকি আছে। ঠিক পঞ্চায়েত প্রাক্কালে সি পি এম পার্টি থেকে নতুন কৌশল অবলম্বন করা হয়েছে। তাদের মন্ত কিছু গ্রামের লোক নিয়ে বি. এল. আর. ও. এবং এস. ডি. এল. ও. অফিসে গণব করার জন্য যাচেছ। যারা কোনওদিন চাযবাস করেনি তাদের নিয়ে গিয়ে বর্গা রেক হচ্ছে ভোট কালেকশনের জন্য। বি. এল. আর. ও. অফিসে গিয়ে তারা মার্য়ে করছে। এক্তিয়ার বহির্ভৃতভাবে এই জিনিস তারা করছে। বর্গা রেকর্ডিং-এর য়ে পর্ব তাতে তদন্ত না করে কারও নাম রেকর্ড-ভূক্ত করা যায় না। কোনও পর্ম্বিত আজকে এই জিনিস করা হচ্ছে পঞ্চায়েতের নির্বাচনে ভোট কালেকশনের রণ-কৌশ সিপিএম থেকে এই জিনিস করা হচ্ছে। আমি দাবি করছি অবিলম্বে এই জিনিস হোক। বনগা মহকুমায় এই জিনিস আমর। দেবছি। অবিলম্বে এই জিনিস বর্জ ব্রামি ভূমি-সংস্কার মন্ত্রীর কাছে দাবি জানাচিছ।

শ্রী **ধীরেন্দ্রনাথ চ্যাটার্জিঃ মাননী**য় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার <sup>মার্শ</sup> জরুরি বিষয়ের প্রতি মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার <sup>নির্বাচ</sup> লার রায়না বিদ্যুৎ সরবরাছের ক্ষেত্রে গত ১৫/২০ দিন ধরে এক কঠিন অবস্থার ছে। দিনের বেশিরভাগ সময় বিদ্যুৎ সরবরাহ থাকছে না এবং সামান্য যে সময়টুকু সময় এতই লো ভোল্টেজে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে যে, মেশিন-পত্র সব নস্ট । ফলে যে সমস্ত চাষীরা ওখানে ধান চাষ করেছে তারা মাথায় হাত দিয়ে বসেছে। লা দগুরে যোগাযোগ করে কোনও সুফল পাইনি। বাধ্য হয়ে আপনার মাধ্যমে শুপর্কে ব্যবস্থা গ্রহণের জন্য বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

### 10 - 1-20 p.m.]

ওলেদু চৌধুরিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ
তি বার রশাসন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মালদা শহরে ঠিক
র হওয়ার পরে পরেই ২।১ ঘন্টা বৃষ্টি হলেই জলমগ্র হয়ে পড়ে। নিচের
তে বাভি্যর হওয়ার ফলে জল নিকাশি ব্যবস্থা তেমন গড়ে উঠছে না। লক্ষ্মীপুর
ম করা হয়েছে, কিন্তু সেই স্কিম একজিকিউট করা হচ্ছে না। দীর্ঘদিনধরে সেই স্কিম
না করার জনা প্রতিবছর বর্যার সময়ে এলাকার মানুষ দুর্ভোগে পড়ছে। অবিলম্বে
রুলেজ স্কিম-এর কাজ শুরু করা উচিত। কারণ এখনই হাইটাইম, এরপরেই বর্ষা
্রি আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করলাম।

টা মমতাজ বেগম ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনস্বার্থে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের নার নাধানে মাননীয় পূর্তমন্ত্রী ও মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি শচন্দ্রপুর ২ নম্বর ব্লকের শেষ প্রান্তে এলাঙ্গী নদীর উপর ৮০ হাজার গ্রামবাসীর শ্বী ব্রিজ তৈরি করা প্রয়োজন। কিছুদিন আগে মাননীয় মুখ্যমন্ত্রী মালদায় গিয়েছিলেন। তার সঙ্গে আলোচনা হয়েছিল। এই ব্রিজটা তৈরি করার জন্য ১৯৯৩-৯৪ সালে ক্রার জন্য আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে বিশেষ দাবি জানাচ্ছি। কারণ এই শুরুর মানুষের দীর্ঘদিনের দাবি। এই ব্রিজ না হওয়ার জন্য স্কুলের ছাত্র-ছাত্রী, বিজ এবং রোগী নিয়ে যাওয়ার ক্ষেত্রে বিশেষ অসুবিধা হচ্ছে।

থী জয়শ্রী মিত্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর র্গ করছি। বেলিয়াতোড়-সোনামুখী-বিষ্ণুপুর ৩৩ কেভি তার গেছে। এটি ১৯৫৬ র হয়েছিল। একটা কনডাক্টরের যে লাইফ ধরা হয় সেই লাইফ পেরিয়ে গেছে। রের পরিমাণ অনেক বেড়ে গেছে। বাঁকুড়াকে ফিট্ করার বিকল্প আর কোনও ব্যবস্থা লাইজ অফ কডাক্টর পরিবর্তন করে একটা উচু গেজের কভাক্টর দেওয়ার মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি।

শিশির সরকার মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর ব্দ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। আপনি জানেন, বর্তমানে আমাদের [ Ist April.] কেন্দ্রীয় সরকারের দয়ায় বেকারের জ্বালা থেকে মুক্তির আর পথ নেই। উপরোষ্ট কির ফলে হতাশা সৃষ্টি করেছে। যদিও বামফ্রন্ট সরকারের জনমুখী নীতির ফলে কিছু ক্রিনিয়োগের সুষ্ঠু ব্যবস্থা আছে। কিন্তু কর্মবিনিয়োগ কেন্দ্রে অসাধু কর্মচারিদের য়োগসাজ্যন্থ থেকে বিচ্যুত কিছু ছেলে আয়ের উৎস হিসাবে ধরে নিয়ে দালালির বাবসা কর্মত্র যুবক ছেলেরা যখন কর্মবিনিয়োগ কেন্দ্রে যায় তখন ওদের কাছ থেকে টারা পাসাং ক্রছে। আমি বিশেষভাবে জানি, টাকা নিয়ে সিনিওরিটি করা হয়। বাতিল করে লাম পাঠানোর ব্যবস্থা করা হয়। কোনও সংস্থা যদি নোটিফাই করে তা ভিনে ব্যব্দ হলা প্রার্থীত প্রার্থীর নাম সিনিওরিটির বেসিসে আসে ততক্ষণ পর্যন্ত ব্যব্দ হলারীয় কোনও ছেলেনের চাইতে তাদের সুযোগ আরও বেশি হয়।

শ্রী নির্মাল দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিয়ালদহ স্টেশন অন্নিগতে প্রিন্ত হ সেখানে বেশ কিছুদিন ধরে টাইমটেব্ল মেইনটেন হচ্ছে না যথাযথভাবে। রেল প্রক্র যাত্রীদের হয়রানি করছে। অবিলমে পূর্ব রেলকর্ত্রপক্ষ যদি জরুরী বাবস্তা না তেন্দ্রেক্ত যদি না মেইনটেন করেন, নির্মায়ত ট্রেন চলার ব্যবস্থা যদি না করেন জ্বেক্তানও সময়ে শিয়ালদহ স্টেশন সংবাদপত্তের শিরোনামে আসবে। মাননীয় স্বাই মাননীয় পরিবহন মন্ত্রীর কাছে অনুরোধ করছি, অবিলম্বে পূর্বরেল কর্তৃপক্ষের ফ্র বলুন। আজকে রেল প্রশাসন ভেঙে পড়েছে। যাত্রীদের হয়রানি করা হছেছ। ঘটার প্র যাত্রীরা দাঁড়িয়ে আছে। যে যার নিজের নিজের জায়গায় ফেরছ যদি সময়য়য়েন। পারেন তাহলে যে কোনও মুহুর্তে একটা সাংঘাতিক সুর্ঘটনা ঘটে সেত্রে পারে। আ

শ্রী মৃণালকান্তি রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধানে পর্কি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি ওকত্বপূর্ণ বিষয়ে। আমার নির্বাচনী এবং দিঘার সন্নিকটে অবস্থিত এবং রাজ্য সরকারের কিছু ওকত্বপূর্ণ ভূমিকা নেওকে ওখানে ইতিবাচক পদক্ষেপ সৃষ্টি হওয়ার ফলে এখন বহু ভ্রমণার্থী ওগানে আফ্রাস্ত্র ওলাকায় ঘূরে বেড়াছেন। কিন্তু ইতিমধ্যে একটা সমসারে সৃষ্টি হয়েছে, আর্ বুকিং না করে চলে যান এবং পিকআওয়ার্সে যাওয়ার জন্য তারা বসস্থান গোরে পারেন না। এর জন্য যাতে ইনক্রাস্ট্রাকচার গড়ে ওঠে, যেহেড় একটা দীর্ঘইন্মী বাই কিন্তু তার পাশাপাশি অস্থায়ীভাবে পর্যটকদের রাখার জন্য যদি পর্যটন দপ্তর ক্রেন্টনন তার জন্য অনুরোধ করছি।

শ্রী ভন্দু মাঝিঃ মিঃ স্পুকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় গৌরে আকর্ষণ করছি। পুরুলিয়া মহকুমার একটা আয়গা বহরমপুর, শহর একটা ফোট সেখানে জনসংখ্যা ২০ থেকে ২৫ হাজার। স্বাভাবিকভাবেই সেখানে পৌরসভা হা—বৈদ্ধ ওগানে এখন হর্মনি ব

় রেওলেটেড মার্কেট রয়েছে, ওখানে ৩০ থেকে ৪০ হাজার লোক দৈনন্দিন ব্যবসার
্যুত, আমি অনতিবিলম্বে ঐ বহরমপুর শহরে যাতে পৌরসভা করা হয় তার জন্য দাবি
ভি

শ্রী আবুস সালাম মুনীঃ মাননীয় অধ্যক্ষ মহাশর, আপনার মাধামে আমি মাননীয় মেন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা এলাকা কালীগাঙ্গের বিভিন্ন প্রামে প্রায় ৫/৬ বছর গ্রামিণ বৈদ্যুতিকরণের জন্য চেন্টা করা হচ্ছে, কিন্তু আজ পর্যন্ত সেই সমন্ত গ্রামে তিকরণের কোনও ব্যবস্থা করা হয়নি। মীরজাপুর গ্রামের মানুষেরা দীর্ঘদিন ধরে চেন্টা লাজও কিছু হয়নি। মাননীয় বিদ্যুৎ মন্ত্রীকে বার বার অনুরোধ করা হয়েছে, আজ কোনও বাবস্থা করেননি, তাই আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অনতিবিলম্বে এই জারগায় মীরজাপুর, জানকিনগর, পাগলানভী, আমালপুর, রহিপুর, সাজপুর, পলাশী পাতা, পলাশী আশাপাড়া, পলাশী ডাঙ্গাপাড়া, আরামডাঙ্গা ও পাথরজোমা প্রভৃতি গ্রামে গুরে বাবস্থা করা হয়।

श्री मनोहर तिरकी: सर, मैं आपके माध्यम से वनमंत्री का ध्यान आकर्षित करना ना हूं। इस राज्य में गैरकानूनी तरीके से हो रही गाछ कटाई की ओर विशेषकर उत्तर ल वक्सा टाइगर प्रोजेक्ट वहाँ से लेग करीव २० हजार लोग जरे फोरेस्ट पर रेक्नल और फोरेस्ट भिलेजर है, जिसमें अधिकांश आदीवासी सम्प्रदाय के हैं, उनको । नटी मिल रहा हैं। काम नहीं मिलने के कारण गैर कानूनी टंग में गाछ कटाई वढ़ है। मैं माननीय मंत्री से अनुरोध करुगा कि इन फोरेस्ट भिलेजर को काम मिले। गोगों को जो पंचायत में सुविधा दी जाती हैं। वह सब इनलोगों को भी दिया जाए। य मरकार की ओर से दी जानेवाली सहायता इसलोगों को भी मिले। इन लोगों के । में भी ध्यान दे। फोरेस्ट भिलेजर को बढ़ावा देने के लिए पंचायत की तमाम सुविधा । जाए। इनलोगों को अवसर देने की व्यवस्था करे।

[1-20 - 1-30 p.m.]

শী প্রশান্তপ্রধান: মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় দিটার দৃষ্টি আকর্ষণ করছি। দিঘা যাবার একটি বিকল্প রাস্তা রয়েছে, সেটা বাদকুল-এগ্রা 
রও যাওয়া যায়। কিন্তু ঐ ৫২ কিলোমিটার দৈর্ঘের রাস্তাটির অবস্থা অত্যন্ত খারাপ এবং 
রব্ধে আট-দশ কিলোমিটার রাস্তা বাস চলাচলের অযোগ্য, যে কোনও সময়ে দুর্ঘটনা 
রৈ পারে। কিছুদিন আগে ঐ রাস্তা রিপেয়ারের জন্য টেন্ডার হয়েছিল, কিন্তু কোনও কাজ 
রি ি এই কংগ্রেসি কনট্রাক্টর রয়েছে যারা বিভিন্ন সময়ে হাইকোর্টে ছুটে যাচ্ছে, ফলে 
রবে কাজ হচ্ছে না। ঐ রাস্তা যাতে ঠিকনতো রিপেয়ার করা হয়, সরকারি টাকা যাতে

[1st April, 19

সুষ্ঠভাবে খরচ হয় তারজন্য আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী নিত্যানন্দ অধিকারী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি ম্ব করছি। আমার নির্বাচনী কেন্দ্র ময়নাগুড়ি হচ্ছে গেটওয়ে অফ ভূটান, গেটওয়ে অলাত আসাম, সিংহন্বার বলে উত্তরবঙ্গের। কিন্তু ৩১ নং জাতীয় সড়ক যখন সম্প্রদান্ত করত তথন ময়নাগুড়ি সম্প্রসারিত করতে হলে সেখানকার একটা সঙ্কীর্ণ সেতু জর্দা সেতুর সম্প্রসারণ করা দ্ব কিন্তু কেন্দ্রীয় সরকারের অনুমোদন এই ব্যাপারে পাওয়া যাচ্ছে না। বলা হল উত্তরদ্বিশ্বন বাইপাস করে সংযোগ করা হবে। আজকে দুই দশক হয়ে গেল, রাস্তার জন্য মেধিগ্রহণ করা হয়েছে তারজন্য ক্ষতিপূরণ পর্যন্ত দেওয়া হয়নি। শুধু মাত্র সেখানে: কাজ হয়েছে, কিন্তু রাস্তা সম্প্রসারিত হয়নি। আমি বিষয়টার প্রতি পূর্তমন্ত্রীর দৃষ্টি মাকরিছি।

শ্রী খারা সোরেন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি অ করছি। দক্ষিণ দিনাজপুর জেলায় একটি ফুড কর্পোরেশনের অফিস ছিল, কিন্তু সেটা ম স্থানান্তরিত করা হচ্ছে। আমরা লক্ষ্য করেছি, ১৯৮৭-৮৮ এবং ১৯৯১ সালের বন্যার যেভাবে খাদ্য বিলি করা হয়েছে তারজন্য ঐ অফিস সেখানে থাকা প্রয়োজন। ঐ জ আনেক চাল-কল রয়েছে এবং তারা লেভিও দিছেন, কিন্তু এই ব্যবস্থার ফলে ঐ জ চাল মালদায় গিয়ে জমা হবে। তাছাড়া ঐ অফিস তুলে নেওয়া হলে ৭০ জন ই মালদায় ট্রাসফার হবেন এবং ১৪০ জনের মতো কর্মচারী চাকরি হারাবেন। তাই যা অফিস সেখানেই রাখা হয় তারজন্য আপনার মাধ্যমে কেন্দ্রীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি অ করবার জন্য আমাদের খাদ্যমন্ত্রীর কাছে অনুরোধ রাখছি।

#### ZERO HOUR

শ্রী ভূপেন্দ্রনাথ শেঠঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আ মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকের বর্তমান পত্রিকা দেখেছি, সারা র আন্ত্রিক রোগ ছড়িয়ে পড়েছে। আমাদের জেলার স্বরূপনগরের এম. এল. এও এই ৫ ১১১ জনের মৃত্যুর কথা উদ্রেখ করেছেন, স্বাস্থ্যমন্ত্রীও এই ব্যাপারে বিবৃতি দিয়েছেন, দেখা যাচ্ছে যে, জেলা এবং মহকুমা হাসপাতালগুলিতে পর্যন্ত কোনওরকম ওর্<sup>ধ</sup> আজকে গ্রামে-গঞ্জে যেখানে আন্ত্রিক রোগে মানুষ মারা যাচ্ছে সেখানে দেখা <sup>রাছে</sup> কোনওরকম প্রিভেণ্টিভ মেজার নেওয়া হচ্ছে না, হ্যালোজেন ট্যাবলেট দেওয়া হচ্ছে কান্তর্বকম প্রিভিণ্টিভ মেজার নেওয়া হচ্ছে না, হ্যালোজেন ট্যাবলেট দেওয়া ব্যক্তি

ওয়েলণ্ডলিকে রিসিঞ্জিং করে তার মধ্যে ব্লিচিং পাউডার দেবার ব্যবস্থা করা হচ্ছে মাধ্যমে আমি স্বাস্থ্যমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি, বিধানসভায় এসে এ-সম্বন্ধে তিনি বিবৃতি দেন।

রা কি পদ্ধতি অবলম্বন করেছেন কি মেজার নিয়েছেন যাতে করে এতগুলো

গাছে এবং আক্রান্ত হচ্ছে তার একটা ব্যবস্থা হতে পারে। ব্যাপকহারে মানুষগ্রামে

এবং বছ আক্রান্ত হচ্ছে। অনেকে বাড়িতেই মরে যাচেছ, হাসপাতালে আর আসতে

হাসপাতালগুলিতে ওযুধ নেই, একটা ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে। এখানে

কলেজ থেকে কিংবা কোনও হাসপাতাল থেকে মেডিক্যাল টিম পাঠানো হোক।

৯ পাঠানো হোক। গ্রামে গ্রামে নার্স এবং ডাক্তার দেওয়া হোক। আমার জেলাতে

খনের ব্যবস্থা করা হোক এবং টিউবওয়েলগুলো ব্লিচিং পাউডার দিয়ে পানীয় জল

করার ব্যবস্থা করা হোক। যুদ্ধকালীন অবস্থা হিসাবে মনে করে স্বাস্থামন্ত্রী এই

দৈন এবং জেলায় জেলায় মানুষদের চিকিৎসার ব্যবস্থা করে তাদের রক্ষা করন।

ানবেন্দ্র মুখার্জিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের গি করছি তথা মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। কিছুদিন পরেই ১৪০০ হবে। সরকারি পক্ষ থেকে পশ্চিমবঙ্গের নাম পরিবর্তিত হওয়ার একটি প্রস্তাব কারে দেওয়া হয়েছে। সেই পটভূমিতে দাঁড়িয়ে আমি আবেদন রাখছি যে, কলকাতা রোজি নাম 'ক্যালকাটা', হিন্দি নাম 'কোলকাতা'—এই দুই নামের পরিবর্তন করে কন আছে কলিকাতা সেই নামই রাখা হোক। হিন্দিতে এবং ইংরাজি এই উভয় া য়েক কে ও এল কে এ টি এ অর্থাৎ কলকাতা। ইংরাজারা কলকাতা উচ্চারণ বন না বলে 'ক্যালকাটা' উচ্চারণ করত। সূতরাং ১৪০০ সালে 'ক্যালকাটা' এই নাম এবং হিন্দি 'কোলকাত্তা' এই নাম পরিবর্তিত হয়ে কলকাতা নামান্ধরণ করা। সূদ্র বিদেশেও যেন এই 'কলকাতা' এই নামে পরিচিত হয় সেই দিকে দৃষ্টি কনে রেখে আমার বক্তব্য শেষ করছি।

শূনীপ বন্দ্যোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মানব মুখার্জি মহাশয় যে পটভূমিকা লিচনা শুরু করেছেন সেই পটভূমিকাকে আমি স্বাগত জানাই। আজকে যেখানে সর্বত্র বিবার প্রয়োজন সেই হিসাবে তিনি ক্যালকাটার নাম পরিবর্তন করে যে কলকাতা করার কথা বলেছেন এতে আমি স্বাগত জানাই এবং এতে কোনও বিতর্কের বিষয় সেই সঙ্গে বহরমপুরকে ইংরাজিতে যে 'বেরহামপুর' বলা হয় মেদিনীপুরকে 'এবং কাঁথিকে 'কন্টাই' বলা হয় সেটাও পরিবর্তন করে বাংলাতে যেমন বলা 'পুর, মেদিনীপুর এবং কাঁথি সেইভাবে রাখা হোক। এই ব্যাপারে বুদ্ধদেববাবু যে

[ 1st April

প্রস্তাব এনেছেন যে ১৪০০ সালে পশ্চিমবঙ্গের নাম পরিবর্তন করার, তাতে এটাও ফ উপনীত হোক এই আবেদন আমি রাখছি।

শ্রী নির্মল দাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এখানে মাননীয় সদস্য মুখার্জি যে প্রস্তাব এনেছেন যে বাংলায় কলকাতা যেমন নাম আছে সেইভাবে ইর্মা হিন্দিতেও যাতে নাম করা হয় কলকাতা এই প্রস্তাবকৈ সমর্থন জানাই। বাংলা ভাষা রাজ্যের কাজকর্ম হয় এবং বিধানসভার কাজকর্ম হয় সেই ব্যাপারে মাননীয় অধ্যক্ষ দৃষ্টি দিতে অনুরোধ করছি। মাননীয় বুদ্ধদেববাবু যে প্রস্তাব দিয়েছেন পশ্চিমবঙ্গ নার করার জন্য তাঁকে ধন্যবাদ জানাই। তিনি যে রাজ্যে বাংলা ভাষার ব্যবহার প্রর্ক্ত বার্ত্তা করেছেন এবং বাংলা সংস্কৃতির ক্ষেত্রে একটি দৃষ্টান্ত স্থাপন করেছেন হারক্র ধন্যবাদ জানাই। রবীন্দ্র শতবর্ষের সময়ে আমাদের রাজ্যে এইরকম একটা কথা হয় আমাদের রাজ্যের অর্থাৎ পশ্চিমবঙ্গের সমস্ত কাজকর্ম বাংলা ভাষাতেই করা হয়ে দুর্ভাগ্যের বিষয় যে, শতবর্ষ কেটে গেল, আমরা ইতিমধ্যে প্রায় ৩২ বছর চলে এল তবুও বাংলা ভাষায় সমস্ত কাজকর্ম হচ্ছে না। সেইজন্য আমি আপনার মাধ্যমে করছি যে, যাতে রাজ্যে এই বাংলা ভাষার প্রচলন হয় এবং প্রশাসনিক দিক থেনে এর ব্যবহার হয় সেইদিকে দৃষ্টি দেবেন।

[1-30 - 1-40 p.m.]

শ্রী নরেন হাঁসদা । মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য মানববাব ফোঁ ব আমি তাঁর সঙ্গে একমত যে কলকাতার নামকরণ হোক এবং বাংলা ভাষা মর্যাদ দাবি করছি। আমার প্রশ্ন হল, আমি বাঙালি না বিহারী না উড়িষয়া এটা আমি কিবুঝতে পারছি না। আমি কেং মানববাবু বাঙালি, উনার মাতৃভাষা বাংলা। বিহ বাঙালি, বিহারী না উড়িয়া, আমি কেং আমি ভারতীয়, কিন্তু আমি বাঙালি নই, আমি উড়িয়া নই। মোট ৩।। কোটি ঝাড়খন্ডী মানুষ, এদের ঝাড়খন্ডী ভারতি দেওয়া হোক। বাংলা ভাষা মর্যাদা পাক এটা আমরা চাই, সঙ্গে সঙ্গে ঝাড়খন্ডী ভারতি দেওয়া হোক।

শ্রী মানৰ মুখার্জি ঃ মাননীয় স্পিকার মহাশয়, এই সম্পর্কে আমি নরেনবার্<sup>র বৃ</sup> রায়ের একটি কবিতা শোনাই—

"খিলখিল্লির মূলুকেতে থাকত নাকি দু বেড়াল, একটা শুধায় আর একটাকে, তু বেড়াল না,
মই বেডাল?"

্উনি যে সব প্রশ্ন করছেন সুকুমার রায় পড়লে উনি তার উত্তর <sup>পেরে ব</sup>

নিঃ ম্পিকার ঃ মাননীয় সদস্য নির্মল দাস মহাশয় যে কথা বলেছেন তার উত্তরে বলছি ব বিধানসভায় সব কিছু বাংলায় করা যায়, আইন প্রণয়ন করা ছাড়া। আমাদের ল আছে বাংলা ভাষায় আইন প্রণয়ন করতে হলে হিন্দি অনুবাদ দিতে হবে অথেন্টিক্যাল সোরে। যদি কোনও শব্দের বাাখ্যার প্রয়োজন হয়, তাহলে হিন্দি শব্দ গ্রহণ করা হবে, গ্রহণ করা হবে না। কোনও প্রান্তিক ভাষায় আইন করতে গেলে হিন্দির অনুবাদ থাকা বা যার ফলে সর্ব ভারতীয় স্তরে হিন্দি ভাষী রাজ্যগুলিতেও আইন প্রণয়ন করেন হে। যার ফলে সর্ব ভারতীয় স্তরে হিন্দি ভাষী রাজ্যগুলিতেও আইন প্রণয়ন করেন হে। কারণ একটা লিমিটেশন আছে। তামিলনাডু থেকে আরম্ভ করে ইভিন গুজরাটিও গ্রহাটি ভাষায় আইন প্রণয়ন করতে পারেন না, তাদের ইংরাজিতে আইন প্রণয়ন হয়ে। তার কারণ গুজরাটিতে আইন প্রণয়ন করতে গেলে হিন্দিতে আগে করতে হবে। ধ্যা হচেছ, আইন প্রণয়নটা ইংরাজিতে করতে হবে। কিন্তু সরকারি দপ্তরের কাজ বাংলা

শ্রী নির্মল দাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বিশেষ করে বলছি, এর 
আমি বলেছি শিয়ালদহে বিপর্যয়ের কথা। প্রকৃত পক্ষে সাম্প্রতিক যে ভাড়া বেড়েছে

ক্রেটে, তার বিরুদ্ধে আজকে পশ্চিমবাংলার সমন্ত বামপত্নী ছাত্র, যুব সংগঠন, তারা

রেল রোকো আন্দোলন শুরু করেছে সকাল থেকে ১২ ঘন্টার জন্য। প্রকৃত পক্ষে

বাংলার মানুষ এতে সামিল হয়েছে, যাত্রীরা নাকাল হলেও তারা সামিল হয়েছেন।

রে ক্ষোভ এবং বিক্ষোভ থেকে শিক্ষা গ্রহণ করে কেন্দ্রের জনবিরোধী সরকার মানুষের

যে ভাড়া বৃদ্ধি চাপিয়ে দিয়েছে তা প্রত্যাহার করে নিন। এই দাবি আমি এই সভার

ম ক্রেটীয় সরকারের কাছে রাখছি এবং আপনার মাধ্যমে কেন্ট্রীয় রেল মন্ত্রীর বিষয়টির

নৃষ্টি আকর্ষণ করছি। আজকে পশ্চিম বাংলায় ছাত্র যুবরা যে প্রতিরোধ আন্দোলন,

রাকো' আন্দোলন করলেন তা দেখে আমি আশা করব কেন্দ্রের জনবিরোধী সরকার

ত্বংগ করবেন।

শ্রী আব্দুস সালাম মুসীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বিদ্যুৎ বর কিছু দিন পূর্বের একটি সার্কুলারের প্রতি মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কি আগে বিদ্যুৎ দপ্তর থেকে একটা সার্কুলার ইস্যু করা হয়েছে—যে সমস্ত এলাকায় শ্রের ইত্যাদি চুরি হয়ে যাওয়ার জন্য বিদ্যুৎ সরবরাহ বিদ্যিত হচ্ছে যে সমস্ত এলাকায় করে যায়পতি বসিয়ে বিদ্যুৎ সরবরাহ করার জন্য যে বায় হবে তার ৫০% সেই বাজিউমারদের দিতে হবে। চুরি হলে বা পুড়ে গেলে কনজিউমারদের ৫০% খরচ প্রে । এই সার্কুলারের পরে আবার একটা সার্কুলার দিয়ে বলা হচ্ছে, ১৯৯৩ চাল আগস্ট পর্যন্ত এ সার্কুলারের আপাতত পেভিং থাকবে। অর্থাৎ আপাতত ৫০% করা দিতে হবে না। ৩১শে আগস্ট, পর্যন্ত পূর্বের সার্কুলারটা কার্যকর হবে না। এতে যা কার্ছিত ৩১শে আগস্ট-এর পরে ওটা কার্যকর হবে। অর্থাৎ বদি কোথাও যন্ত্রপাতি র বা পুড়ে যায় তাহলে গ্রাহকদের ৩১শে আগস্ট-এর পর থেকে ৫০% খরচ বহন

[1st April, ]

করতে হবে। তাদের এই খরচ দিতে বাধ্য করতে হবে। আমার মনে হয় এটা জনস্বার্থ বিরোধী কাজ। এর ফলে গ্রামের মানুষ গ্রামীণ বৈদ্যুতিকরণের সুযোগ-সূবিধ বঞ্চিত হবে। তাই আমি বিদ্যুৎ মন্ত্রীকে অনুরোধ করছি তিনি অবিলয়ে এ সার্ক্ সম্পূর্ণরূপে প্রত্যাহার করে নিন।

শ্রী অঞ্জন চ্যাটার্জিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আজকে গোঁচা জুড়ে বাম এবং গণতান্ত্রিক ছাত্র এবং যুব-সংগঠনগুলি কেন্দ্রীয় সরকারের রেল বা এবং রাজ্যের বকেয়া রেল প্রকল্পগুলি না দেওয়ার প্রতিবাদে রেল অবরোধ আন্দোলন ব স্যার, আপনি জানেন এমন কি ১৯৯১-৯২ সালের আর্থিক বছরে রাজ্যের যে রেল প্রক্ষ কথা ঘোষণা করা হয়েছিল সেগুলির কাজও এখনও পর্যন্ত শুরু হয়নি। এ অবহার এই সভা থেকে দাবি করছি যে, কেন্দ্রীয় সরকার অবিলয়ে জনবিরোধী রেল বাজেট প্রং করে নিন এবং আমাদের রাজ্যসহ গোটা উত্তর-পূর্বাঞ্চলের প্রতি রেল-পথ নির্মাণ সম্প্রসারণের ক্ষেত্রে যে বঞ্চনা করা হচ্ছে তা বন্ধ হোক। তাঁরা আমাদের রাজ্যের ব রেল প্রকল্পগুলির অনুমোদন দিন এবং সেগুলির কাজ শুরু করন। যে প্রকল্পগুলি ইরি অনুমোদন পেয়েছে সেগুলির কাজ শুরু করে শীঘ্র সম্পূর্ণ করুন।

শ্রী সৌগত রায় ঃ স্যার, আপনি নিশ্চয়ই সংবাদপত্রে দেখেছেন যে, গতকাল রাশি আর একটা ডেরা ধরা পড়েছে ফ্রী স্কুল স্ট্রীটে। সেখানে মোগল দরবার বলে তার অফিস ছিল এবং সেখানে ওয়েস্ট পেপারের বিরাট ব্যবসা চলত। কিন্তু কি ভাবে রাদিছেড়ে দেওয়া হচ্ছে দেখুন। পুলিশ তাকে ছেড়ে দিচ্ছে। সকালবেলা পুলিশের কাছে এ বিবর যায়। তা সত্তেও বিকেল পর্যন্ত পুলিশ সেখানে যায়নি। লালবাজার থেকে ফোর্সনি। ফলে সেখান থেকে সমস্ত লোক পালিয়ে যেতে সুযোগ পায় এবং ইনফ্রিমি ডকুমেন্টসগুলি উধাও হয়ে যায়। বিকেলে সেখানে মায়্র দু'জন পুলিশ অফিসার যান। মার বার শুনছি পুলিশের একাংশ রশিদ খানের সঙ্গে যুক্ত। পুলিশ রিপোর্ট দিয়েছে শাসক-দলকে টাকা দেয়। শুধু মূল শাসক-দলকেই নয়, শাসক দলগুলির আর একটা যাদের বৌবাজার স্থ্রীটে অফিস রশিদ তাদেরও টাকা দেয়। এখন এগুলি পুঝানুপুঝালিক করা দরকার। আমরা এবিযয়ে সম্পূর্ণ এক-মত যে, এক মাত্র সি. বি. আই. তদত ক্বিলিশের না বলা কথা সব বেরিয়ে পড়বে এবং মাফিয়া ডন রশিদের সমন্ত লীয় এয়াশ ছবে।

[1-40 - 2-30 p.m.]

(including adjournment)

শ্রী বীরেন্দ্রকুমার মৈত্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সৌগতবাবু এই মাত্র <sup>যা ক্ষা</sup> আমি তার প্রতিবাদ করছি। আমি আপনার মাধ্যমে বলতে চাই, রেলের ভাড়া <sup>হোঁ বাং</sup> সেটা তো বাড়ছেই, কিন্তু উত্তরবঙ্গে যারা যায় তাদের প্রতিদিন এই ফরাঞ্চা ব্যারে<sup>প্রের ট</sup> া যাবার জন্য যেদিন থেকে আরম্ভ হয়েছিল সেইদিন থেকে টাকা (ট্যাক্স) দিতে হচ্ছে।
র ভাড়া এ. সি. টু-টায়ার ১১৫ টাকা, ফার্স্ট ক্লাস ৫৯ টাকা। ম্লিপার করেছে ৫৮ টাকা।
সি চেয়ারকার ৪৭ টাকা। খ্রি-টায়ার ৩৩ টাকা। এছাড়া ব্রিজের ট্যাক্স দিতে হবে। আমার
বা হচ্ছে আর কদিন এইভাবে ট্যাক্স দিতে হবে? এই ট্যাক্স মকুব করার জন্য কেন্দ্রীয়
ক্লার্কে বলা হোক। এখন ভাড়া বাড়ার সঙ্গে সঙ্গে ব্রিজের ট্যাক্সও বেড়ে গেছে। ৫৯ টাকা
ক্লার্ক ট্যাক্স স্বোন করে দিয়েছে। সাধারণ মানুষের স্বার্থে একটা প্রস্তাব করে কেন্দ্রীয়
ক্লারকে ব্রিজের ট্যাক্স তুলে দেওয়ার ব্যাপারে বলা হোক।

খ্রী মানিক ভৌমিক ঃ স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ হি। খ্রী অজিত পাঁজা যখন পশ্চিমবাংলার স্বাস্থ্যমন্ত্রী ছিলেন তখন গ্রামীণ স্বাস্থ্যকে আরও দুখী করার জন্য তিনি প্রতিটি গ্রাম-পঞ্চায়েত সংলগ্ধ এলাকায় দাতব্য হোমিওপ্যাথি হসালয় খুলেছিলেন। যাদের নিয়োগ করা হয়েছিল তাদের স্যালারি দেওয়া হবে বলা হিল। কিন্তু আমি দেখছি, এই ভ্রষ্টাচারী বামফ্রন্ট সরকারের আমলে ঐসব স্বাস্থ্যকেন্দ্রগুলি দৃদ্ধে চলছে। গত ১৯৯২-৯৩ সালের মার্চ মাস পর্যন্ত ঐসব স্বাস্থ্যকেন্দ্রের ভাক্তার এবং কির নেই, নার্স নেইয়া হয়নি। যেখানে মানুষ আদ্রিকে মারা যাচ্ছে, হাসপাতালে ওযুধ নেই, দার নেই, নার্স নেই, কমপাউন্ডাররা আসে না, সেখানে যখন প্রতিটি গ্রাম-পঞ্চায়েত কায় ঐসব ডাক্তার এবং কর্মীরা কাজ করছেন, ত্রখন তাদের ভাতা দেওয়া হোক।

ত্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় 
্রির দৃষ্টি আকর্যণ করছি। আমার পাতৃষা এলাকায় যে গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রটি রয়েছে 
ানে একটি এশ্ম-রে মেশিন বসানো হয়েছে এবং ঘর তৈরি করা হয়েছে। কিন্তু একজন 
কিনিয়ান না যাবার ফলে সেই এক্স-রে মেশিনটি নৃষ্ট হয়ে যেতে বসেছে। কয়েক লক্ষ্ণ বায় করে এই মেশিন বসানো হয়েছে, কিন্তু তা কাজে লাগানো যাচছে না। এর ফলে 
করে মানুষের কন্ত হচ্ছে। দুর-দুরান্তে গিয়ে তাদের ছবি তুলতে হচ্ছে। তাই আমি 
নার মাধ্যমে আবেদন করছি এই বিষয়ের প্রতি নজর দিন।

শ্রী জটু লাহিড়ী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কয়েকদিন ধরে আদ্রিক নিয়ে আলোচনা হ। আমার নিজের কেন্দ্রে আদ্রিকে ৫ জন মারা গেছে। এ ব্যাপারে যদিও আমরা সবাই ছি কিন্তু স্বাস্থ্য দপ্তর এ ব্যাপারে নির্বিকার। দুইল্যা, উনসানি, বালিটিকুরী, জগাছা, শান্তিনগর তি এলাকায় ঘরে-ঘরে আদ্রিক রোগ হয়েছে। স্বাস্থ্য দপ্তরকে এ ব্যাপারে বারবার জানানো ছা। ওধু কিছু ব্লিচিং পাউডার, কিছু হ্যালোজেন ট্যাবলেট দিয়ে দায়িত্ব পালন করেছে। লালা এবং হাওড়া হাসপাতালে রোগীরা বেড পাচ্ছে না। বাড়ির লোকেরা স্যালাইনের দিয়ে দাঁড়িয়ে আছে। আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, এ ব্যাপারে বিবস্থা নেওয়া হোক।

<sup>&</sup>lt;sup>র্ম</sup> প্রবীণ ব্যানার্জিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর

[ 1st April. ]। দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল আমার বিচিত্র অভিজ্ঞতা হল। এ. আই. সি. সি. প্রতি শেষ করে হাওড়া স্টেশনে ফিরলাম। ফিরে ট্যারি নেব বলে দাঁড়ালাম, যাব হ কনস্টিটুয়েন্সিতে। ট্যাক্সি স্ট্যান্ড-এর ওখানে যে পুলিশ চার্জে ছিলেন তাঁকে বললাম। বললেন, ট্যাক্সি অতদূর যাবে না, আপনি দালালের মাধ্যমে ট্যাক্সি ধরুন। দালালার বললেন, ট্যাক্সি অতদূর যাবে না, আপনি দালালের মাধ্যমে ট্যাক্সি ধরুন। দালালের মাধ্যমে ধরতে। এইভাবে হাওড়া স্টেশনে একশ্রেণীর পুলিশ, দালাল এবং ট্যাক্সি ড্রাইভাররা র অত্যাচার শুরু করেছে সে ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করুন যাতে সাধারণঃ সুষ্ঠভাবে যাতায়াত করতে পারে তারজন্য ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ জানাছি।

শ্রী সত্ত্রত মখার্জি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি ব্যাপারে 🖫 ম্পোর্টস মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে Indian Air Gold Cup. অত্যন্ত জনপ্রিয়, পশ্চিমবঙ্গে তো বর্টেই, সেই খেলাটা শুরু হয়েছে, আৰু ফুটবল ফেডারেশন থেকে নির্দিষ্ট টাইম করে দেওয়া হয়েছে, সেই শিডিউল থাল ম মোহনবাগান গ্রাউত্তে খেলার ব্যবস্থ। করা সত্ত্বেও হঠাৎ যিনি পুলিশ কমিশনার তিনি ক আইনশৃঙ্খলার কি অবস্থা, পুলিশ দিতে পারবেন না। অতএব যুব ভারতী ক্রীডাঙ্গদে । করতে বাধ্য করলেন। ওখানে শেষ মুহূর্তে কোনও গাড়ি পাওয়া যায় না, এত ভাল। মোহনবাগান, ইস্টবেঙ্গল, মহামেডান স্পোর্টিং তা ছাড়া বাংলাদেশ কত ফুটবল টা খেলছে কোনও ফুটবল প্রেমী ১০/১২ জনের বেশি যেতে পারে না, প্রথম শ্রেণীর। হওয়া সত্তেও বর্তমান পুলিশ কমিশনার তাঁর আপত্তির কারণ—আগের পুলিশ কমিশনা কে. সাহা, তার পেট্রন, এই দুই পুলিশ কমিশনারের ঝগড়ার ফলে ফুটবল প্রেমীদের ফ একটু বুঝে দেখুন। মাননীয় অম্বিকাবাবু, আমি যারা ফুটবল খেলা দেখি, এবং গ্রা কোটি টাকা এই টুর্নামেন্টের সঙ্গে যুক্ত ওখানে স্পনসর্ড পেলনা। পুলিশের অত্যচারে হচ্ছে, পুলিশের অত্যাচারে ফুটবল খেলা মার খাচ্ছে, পুলিশ কি ধর্মের যাঁড় হয়ে 🖰 আপনি যদি আমাদের সেমিফাইনাল এবং ফাইনাল খেলাটা দেখার একটু সুযোগ কর তাহলে আমরা এ টুর্নামেন্টের খেলাটা একটু দেখতে পাই।

শ্রী নরেন হাঁসদা । স্যার, একটি শুরুত্বপূর্ণ সমস্যার সমাধানের জন্য আমি মন্ত্রী দৃষ্টি আকর্ষণ করছি। ঘরের মধ্যে যদি কুমীর থাকে তাহলে পরিবারের যে অবস্থা হর ইন এক নম্বর ব্লকে লালগড়ে সেই অবস্থা হয়েছে। ওখানকার বি. ডি. ও. সরকারি টির ইন হ্যান্ড রেখে দিয়েছেন প্রায় ৭০ থেকে ৮০ হাজার টাকার মতো। দুজন গ্রামনের কন্ট্রাক্টরদের দিয়ে বাইরে সরকারি এবং বেসরকারি কাজ করিয়ে যে অংশ আসছে ক্রিই আত্মসাত করছে। প্রত্যেক মাসে বি. ডি. ও. ৭০ থেকে ৮০ হাজার টাকার কাজ ক্রেই কন্ট্রাক্টরদের দিয়ে করাছেন এবই সুদটা আত্মসাত করছেন।

(The House was then adjourned till 2.30 p.m.)

fter adjournment)

.30 - 2-40 p.m.]

# CUSSION AND VOTING ON DEMAND FOR GRANT Demand No-21

- r. Speaker: Now discussion on Demand No.21.
- Printed Speech of Shri Jyoti Basu on Demand No-21 was taken as read)

অধাক্ষ মহাশয়,

জ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে ১৯৯৩-৯৪ সালে ব্যয় নির্বাহের জন্য গবির অধীনে মুখ্যখাতঃ "২০৫৫-পুলিশ" বাবদ ৩৭৯,২০,২২,০০০ টাকা (তিনশ । কোটি কুড়ি লক্ষ বাইশ হাজার টাকা) মঞ্জুর করা হোক। ইতিমধ্যে ভোট-অন-ন্টে গৃহীত অর্থও এর মধ্যে ধরা হয়েছে।

- । ঐ একই খাতে ১৯৯২-৯৩ সালে মোট ৩৪৮,৯৪,৫০,০০০ টাকা (তিনশ আটচল্লিশ নোনব্বই লক্ষ পঞ্চাশ হাজার টাকা) মঞ্জুর করা হয়েছিল।
- া বেতন ও ভাতা বৃদ্ধি, গাড়ি কেনা, নতুন নতুন পদ সৃষ্টি ইত্যাদির জন্য আরও ংস্থান রাখতে গিয়ে বিগত ১৯৯২-৯৩ সালের তুলনায় ১৯৯৩-৯৪ সালে ব্যয়-বরাদ্দ গয়েছে। পুলিশ প্রশাসনকে শক্তিশালী করার জন্য গাড়ি ও সাজ-সরঞ্জাম কেনা এবং পদ সৃষ্টির বিষয়টি আবশ্যক।
- ৪। বাজেট-সংক্রান্ত দাবি উপস্থাপিত করতে গিয়ে আমি বিগত বছরে যেসব গুরুত্বপূর্ণ ঘটেছিল এবং যেসব বিষয়ে স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের প্রশাসনকে ব্যাপৃত থাকতে দ সংক্ষেপে সেগুলি উল্লেখ করতে চাই। আজ দেশের কিছু অংশে আমরা সাম্প্রদায়িক, শি ও সন্ত্রাসবাদী শক্তির উদ্ভব ঘটতে দেখছি। কিছু কিছু শক্তির পিছনে রয়েছে জির প্ররোচনা এবং ইন্ধন। এ-ধরনের বিপথগামী লোকজনের মোকাবিলা করতে গিয়ে বার্বিছি কিছু না হয় এবং রাজনৈতিক প্রক্রিয়ার মধ্যে দিয়ে যাতে তাদের ভারতীয় শিহের মূলল্লোতে ফিরিয়ে আনা যায় তা দেখা একান্ত জরুরি। অতএব, এইসব বিপদ করার জন্য আইন-বলবংকারী সংস্থাগুলির সামর্থ্য বৃদ্ধি করা প্রয়োজন হয়ে পড়েছে।
  - <sup>১।</sup> সভার সদস্যরা ভালভাবেই জানেন, ১৯৯২ সালের শেষ মাসটি সমগ্র জাতির <sup>মেপ্লের</sup> মতো দেখা দিয়েছিল। কিছু সংখ্যক তথাকথিত জাতীয় নেতা, রাজনৈতিক <sup>ও ধর্মীয়</sup> গোষ্ঠীর ভন্ডামির দক্ষন দেশে বিশৃষ্খলা ও অনৈক্যের সূত্রপাত হয়েছিল।

[ 1st April

৪.২। দুর্ভাগ্যক্রমে পশ্চিমবঙ্গও এই সংক্রমণ থেকে মুক্ত ছিল না। িসেম্ব প্রথম সপ্তাহে কলকাতার কিছু অঞ্চলসহ এই রাজ্যের কিছু কিছু স্থানে সাম্প্রদায়িক মাথাচাড়া দিয়েছিল। হিংসায়ক ঘটনায় পুলিশ ও সামরিক বাহিনীর গুলিতে নিহত সহ ২৯ জনের প্রাণহানি হয় এবং ১৬৮ জন আহত হন। এছাড়া, সম্পত্তির ক্ষতি সাধনের দক্রন আর্থিক ক্ষতি হয়েছে। পরিস্থিতির সুযোগ নিয়ে সমাজবিরোধীদের ক্রিক্রিসংযোগ ও অন্যান্য বিদ্বেষপ্রসৃত কার্যকলাপের দক্রনই মূলত সম্পত্তির ক্ষতি সাধিত হয়েছে।

ে। অবশ্য, ১৯৯২ সালের ১০ই ডিসেম্বর তারিখের পর আর কোনও ব্ গোলাযোগের খবর আসেনি। রাজ্য সরকার ও পুলিশ প্রশাসন প্রয়োজনের মৃর্রে পরিচয় দিতে পেরেছিল এবং স্বাভাবিক জীবনযাত্রা গুরুতরভাবে ব্যাহত হওয়া সাজ্ রোধ করতে সক্ষম হয়েছিল। এই কালপর্বে কয়েকটি রাজ্যে জঘন্যভাবে রঞ্জ গোলেও পশ্চিমবঙ্গে কিছু কিছু অঞ্চলে বিক্ষিপ্তভাবে খুব অঙ্গা সময়ের জন্য উপত্র ছিল। রাজ্যের জনগণ সাম্প্রদায়িক শক্তির কুৎসিত চক্রান্ত ব্যর্থ করে সাম্প্রদায়িক কাঠামো সুরক্ষিত রাখতে পেরেছিলেন। এইসব সাফল্যের জন্য আমি আমাদের সেনাবাহিনী, এবং সেই সঙ্গে পুলিশ প্রশাসনকে সাধুবাদ জানাছিছ। পরিস্থিতি আয় জন্য রাজ্যের সশস্ত্র পুলিশ বাহিনীর সঙ্গে সেনাবাহিনী ও ই-এফ-আর কর্মীদের করা হয়েছিল। অত্যন্ত স্পর্শকাতর ও উপদ্রুত অঞ্চলসমূহে কার্ফু জারি করা হয়ে তারি করা হয়েছিল। বিগত ডিসেম্বর মাসের দুর্ভাগ্যজনক ঘটনাবলী ছাড়া আমা সাম্প্রদায়িক দাঙ্গার ঘটনা থেকে সম্পূর্ণ মুক্ত ছিল। এই রাজ্য বরাবরই সাম্প্রদায়ি ঘটনা থেকে মুক্ত।

৬। ১৯৯২ সালে এই রাজ্যে আইন-শৃঙ্খলা পরিস্থিতি অধিকাংশ ক্ষেত্রে <sup>শাহি</sup> পশ্চিমবঙ্গ যে সব সময়েই জাতিভেদ থেকে মুক্ত থেকেছে, এটা রাজ্যের প<sup>ক্ষে কু</sup> কথা। তফসিলি জাতি ও তফসিলি উপজাতিভুক্ত মানুযের ওপর নির্যাতনের <sup>ঘট</sup>

৬.১। মেদিনীপুর জেলার ঝাড়গ্রামে একজন লোধা তরুণীর আত্মহতার শ্রেস্থাব্য কারণ অনুসন্ধান করার জন্য ১৯৫২ সালের তদস্ত কমিশন আইন <sup>মোতার</sup> তদস্ত কমিশন গঠন করা হয়েছে।

৭। এ বছর এমন করেকটি ঘটনা ঘটেছে যেগুলিতে পাঞ্জাবের জঙ্গীরা র্জা ১৯৯২ সালের আগস্ট মাসে বাঁকুড়া জেলায় পাঞ্জাবের সন্দেহভাজন জঙ্গীদের সং সংঘর্ষ হয়। দু'জন সন্দেহভাজন জঙ্গী নিহত হন এবং কয়েকজন পুলিশকর্মী আদেখা গেছে, এ ক্ষেত্রে পুলিশকর্মীর প্রশংসনীয়ভাবে তাদের ভূমিকা পালন করেছে থেকে পাওয়া তথ্যের ভিত্তিতে সন্দেহভাজন জঙ্গীদের গ্রেপ্তারের অন্যান্য ঘটনাও

ায় পাঞ্জাবের কয়েকজন জ্বন্সী কলকাতায় এসে তাদের এক সহযোগীকে শুলি করে বিলে। এটা উৎসাহব্যঞ্জক যে পুলিশ অন্যান্য রাজ্য থেকে আসা সন্ত্রাসবাদীর গতিবিধির জরদারি জোরদার করেছে। উদ্ভূত পরিস্থিতির মোকাবিলা করার জন্য বিশেষভাবে গ্রপ্ত পুলিশকর্মীদের প্রস্তুত রাখা হয়েছে। সন্ত্রাসবাদ দমনকারী এইসব স্কোয়াডকে যাতে প্র্তুত সাজ-সরঞ্জাম দেওয়া যায় এবং প্রশিক্ষণ দেওয়া যায় তা সুনিশ্চিত করার জন্য হুণেরও উদ্যোগ নেওয়া হয়েছে। এ বিষয়ে আরও ভালভাবে সমন্বয় সাধনের উদ্দেশ্যে রাজ্যের পুলিশের সঙ্গেও ঘনিষ্ঠ যোগাযোগ রাখা হচ্ছে।

া ১৯৯৩ সালের ১৬ই মার্চ কলকাতার বউবাজার স্ট্রীটের বোমা বিস্ফোরণের ঘটনা মর্বিনারক, কারণ এর ফলে ৬৭ জন নিরীহ ব্যক্তির মৃত্যু ঘটে। রাজ্য, সেনাবাহিনীর অন্যান্য সংস্থার বিশেষজ্ঞদের সাহায্যে এই ঘটনার জোরদার তদন্ত চালানো হচ্ছে। পরানোর সময়ে বেশ কিছু হাতে তৈরি বোমা উদ্ধার করা হয়েছে। এই ঘটনায় ২ গ্রেপ্তার করা হয়েছে। এই ঘটনায় যারা মারা গেছেন তাদের প্রত্যেকের নিকট ক অনুদান হিসাবে ২০,০০০ টাকা এবং যারা আহত হয়েছেন তাদের জন্য নির্ধারিত দুলান দেওয়ার সিদ্ধান্ত সরকার নিয়েছেন। যাদের হাসপাতালে ভর্তি করা হয়েছে সকলের জন্য বিনামূল্যে চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। এই অপরাধীদের সায়েজ্য রাজ্য সরকার চেষ্টার কোনও ক্রটি করবে না। যাই হোক, ইত্যবসরে আমাদের যেটুকু ম্পদ রয়েছে তা কাজে লাগানো হয়েছে এবং সারা রাজ্যে নজরদারি বাড়ানো হয়েছে। কে অবশ্য সাম্প্রদায়িক সম্প্রীতি ও সামাজিক সুস্থিতি নম্ভ হওয়ার আশক্ষা মোকাবিলা ছন্য সব রাজনৈতিক দল ও জনসাধারণের সঙ্গে একযোগে কাজ করতে হবে। এবলা যেতে পারে যে ১৯৯৩ সালে ১২ই মার্চ যেসব শক্তির ঘৃণ্য চক্রাম্ন্তে সংঘটিত মণে বোম্বাই মহানগরীতে ভয়াবহ জীবনহানি ঘটেছে, রাজ্য সরকার ইতিমধ্যেই দ্বর্থহীন তাদের নিন্দা করেছে।

া ১৯৯২ সালের ৮ই জুন তারিখে রাজ্যে ৬৩ - বহরমপুর, ১৫২-বালিগঞ্জ এবং
ন্যাগ্রাম (তফসিলি উপজাতি) নির্বাচনক্ষেত্রগুলিতে পশ্চিমবঙ্গ বিধানসভার জন্য
চিন অনুষ্ঠিত হয়। বালিগঞ্জ বিধানসভা নির্বাচনক্ষেত্রের উপ-নির্বাচনে ঐ নির্বাচনক্ষেত্রাধীন
ব মধ্যে ও বাইরে বেশ কিছু স্থানে কংগ্রেস (আই) জনজীবনের শান্তি ও সৃষ্থিতি
গরেছিল এবং হিংসাত্মক ঘটনা ঘটেছিল। কংগ্রেস (আই) সমর্থকেরা একজন কেন্দ্রীয়
হি তাদের কয়েকজন নেতার নেতৃত্বে পথ অবরোধ করে এবং সরকারি যানবাহন,
নিয়ার টেভার এবং মন্ত্রীর নিরাপত্তার জন্য যেসব পুলিশ কর্মচারীকে বিশেষভাবে
ব করা হয়েছিল তাঁরা পুলিশের যে গাড়িটিতে ছিলেন সেই গাড়ির ক্ষতিসাধন করে।
পুলিশের গাড়িটির ওপর হিংল আক্রমণ চালানো হয় এবং সেটির ব্যাপক ক্ষতিসাধন
ব তারা ইট-পাটকেলও ছোড়ে, আর তার ফলে বেশ কয়েকজন পুলিশ কর্মচারী
হন। কালনে গ্যাসের শেল ফাটিয়ে কাজ না হওয়ায় পরিস্থিতি মোকাবিলা করতে

[ 1st April 1

পুলিশকে গুলি চালাতে হয়। গুলিতে ২ জন আহত হন এবং তাঁদের মধ্যে এক্স যান। এই বিষয়ে তদন্ত করার জন্য ১৯৫২ সালের তদন্ত কমিশন আইন অনুযান্ত্রী তদন্ত কমিশন গঠন করা হয়েছে।

১০। সভার সদস্যরা জানেন, মুর্শিদাবাদ জেলার হরিহরপাড়ায় পুলিশ বাহিনীর জনতা হিস্পেভাবে আক্রমণ করলে ম্যাজিস্ট্রেটের আদেশবলে পুলিশের গুলিচালনার ঘটনা ঘটেছিল। এই ঘটনায় ২২১ জন ব্যক্তিশ্বক গ্রেপ্তার করা হয়। পুলিশ ৬৭টি খ্র ১১১ রাউন্ড গোলাগুলি উদ্ধার করে। বর্তমানে সেখানে আইন-শৃঙ্খলা পরিস্থিতি পুনিয়ন্ত্রণে রয়েছে। পুলিশের গুলিচালনা ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে তদন্ত করার উদ্দেশ সরকার ১৯৫২ সালের তদন্ত কমিশন আইন অনুসারে একটি তদন্ত কমিশন গাঠা হ

১১। ১৯৯২ সালে, বিভিন্ন রাজনৈতিক দল বিক্ষোভ আন্দোলন গড়ে জে আইন অমান্যের কর্মসূচির আয়োজন করে। ১৯৯২ সালের ৬ই নভেম্বর কংগ্রেস (ফা ঘন্টাব্যাপী বাংলা বন্ধের ডাক দেয়। বন্ধে তেমন সাড়া পাওয়া যায়নি। বেশ : হিংসাত্মক ঘটনা অবশ্য ঘটেছিল।

১১.১। ১৯৯২ সালের ৩রা নভেম্বর বি. জে. পি.-ও বিভিন্ন কারণে ভারত ডাক দেয়, বন্ধ সফল হয়নি। ১৯৯২ সালের ২৩শে ও ২৪শে নভেম্বর বার কয়েকটি সংগঠন 'ব্যবসা বন্ধের' ডাক দেয়। কেন্দ্রীয় সরকার পেট্রোলজাত সামগ্রীর মূল্যবৃদ্ধি ঘটানোয় তার প্রতিবাদে এবং কেন্দ্রীয় সরকার যে জন-বিরোধী অর্থ ও দি অনুসরণ করছেন তার প্রতিবাদে বামফ্রন্ট ১৯৯২ সালের ২৩শে সেপ্টেম্ব সকাল ও একই সঙ্গে ১২ ঘন্টাব্যাপী বন্ধ ও ২৪ ঘন্টাব্যাপী 'শিল্প ধর্মঘট'-এর ডাক দেয়। দারুণভাবে সফল হয়েছিল।

২২। অযোধ্যায় বাবরি মসজিদ ধ্বংস হওয়ার পেছনে ভারতীয় জনতা পার্টিন সর্বজনবিদিত হওয়ায় এখানে তার পুনরাবৃত্তির প্রয়োজন নেই। বি. জে. পি. নেতা ও ই প্ররোচনামূলক ও বিদ্বেষপ্রসূত ভাষণ ও প্রচারের মাধ্যমে পশ্চিমবঙ্গের ধর্মনিরপেন্দ দূষিত করার ব্যর্থ প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। মানুষের ভাবাবেগকে উদ্ধে দিতে এমনি ঘটনাবলীকেও তারা সাম্প্রদায়িক রঙ চড়িয়ে প্রচার করতে চাইছে। বি. জে. পি. নেতারা কলকাতা পরিদর্শন করছেন ও বাবরি মসজিদ ধ্বংস করার সমর্থনে বঙ্গুতা বি. জে. পি. নেতাদের যুক্তি ও বক্তৃতা রাজনৈতিক পরিপক্ষতা ও ধর্ম-নিরপেন্দ দৃষ্টিং পশ্চিমবঙ্গবাসীর মনে কোনও ছাপ ফেলছে না এবং তাঁরা অযোধ্যাকান্ডে বি. চিড়মিকাকে তীর ধিক্কার জানিয়েছেন।

১৩। সভার সদস্যরা জানেন, ১৯৬৭ সালের বে-আইনি কার্যকলাপ <sup>(নিবারণ)</sup> বিধানাবলী অনুযায়ী রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ, বিশ্ব হিন্দু পরিষদ, বজরং <sup>দল, চ</sup> ইসলামিক সেবক সংঘ, এই পাঁচটি সংগঠনকে ১৯৯২ সালের ১০ই ডিসেম্বর বিদ্ধ করা হয়। এইসব সংগঠন নিষিদ্ধ হওয়ার সঙ্গে সঙ্গে মুদ্রণালয়সহ ৩৯টি ন করে দেওয়া হয়েছিল এবং সারা রাজ্যে ২৪০ জন ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়। র বিধানাবলী অনুসারে মোট ৭৩টি মামলা দায়ের করা হয়েছে। রাজ্য সরকার নিয়িক মনোভাবাপন্ন দল ও তাদের নেতাদের কাজকর্মের উপর তীক্ষ্ণ দৃষ্টি রেখেছে।

১৯৯২ সালে দার্জিলিং-এ পার্বত্য এলাকায় আইন-শৃঙ্খলার সামগ্রিক পরিস্থিতি । তিপুর্ণ ছিল। দার্জিলিং-এর মর্যাদা প্রসঙ্গে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের "রাট্র বহির্ভূত" অংশ-এর অলীক দাবি উপস্থাপন করেছেন। এটা জনসাধারণের রাতা সৃষ্টি করারই এক অপচেষ্টা। ভারত সরকার দ্বার্থহীন ভাষায় স্পষ্টই জানিয়েছেন গুলিমবঙ্গ ও ভারতীয় যুক্তরাষ্ট্রের এক অবিচ্ছেদ্য অংশ। সংবিধানের অন্তম পালী ভাষাকে অন্তর্ভূক্ত করার অব্যবহিত পরেই শ্রীসুনর্শন শর্মাকে পৈশাচিকভাবে হয়। শ্রীশর্মা ছিলেন জি এন এল এফ-এর বিরোধী এবং নেপালী ভাষার এক বজা। এই ঘটনার পরে যে খুনের মামলা দায়ের করা হয়েছে সে ব্যাপারে জাের । এ পর্যন্ত এ ঘটনায় তিন ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে। পাহাড়ী এলাকায় শান্তি র ক্ষেত্রে রাজ্য সরকার সাফল্য দেথিয়েছেন। তবে, রাষ্ট্রবিরোধী ও অন্যান্য শক্তিগুলি জিবনযাত্রা যাতে কোনওভাবে বিঘ্নিত না করতে পারে সেজন্য পরিস্থিতির ওপর হছে।

পৃথক রাজ্য গঠনের দাবিতে এ বছর ঝাড়খণ্ড পার্টি, ঝাড়খণ্ড মুক্তিমোর্চা ও দ দূলত বিহারে এবং এই রাজ্যের বিহার-সংলগ্ন কিছু অঞ্চলে বেশ কিছু বন্ধ তক অনরোধ সংগঠিত করে। এ রাজ্যে এইসব বন্ধ ও অর্থনৈতিক অবরোধের ভাব পড়েনি।

। এ বছর ভারত-ভূটান সীমান্ত অঞ্চলে পরিস্থিতি শান্তিপূর্ণ ছিল। ১৯৯০ ও লে ভূটান থেকে নেপালী ভাষাভাষী মানুষের জলপাইগুড়ি ও দার্জিলিং জেলায় র দক্ষন সীমান্ত অঞ্চলে যে উত্তেজনা ছিল সে তুলনায় ঐ অঞ্চলে বর্তমানে কোনও নেই। জলপাইগুড়ি ও দার্জিলিং জেলায় যাঁরা এসেছিলেন তাঁদের বেশিরভাগই <sup>মন্ত্র</sup> চলে গেছেন বলে মনে হয়। ভূটানের সংলগ্ন সীমান্ত বরাবর ফলপ্রস্ সতর্ক <sup>মা</sup>র রাখার জন্য কত লোক ও সাজ-সরঞ্জাম প্রয়োজন রাজ্য সরকার তার বিশদ <sup>মনি</sup>য়ে ভারত সরকারের কাছে একটি কর্মপ্রকল্প পাঠিয়েছে। কিন্তু কেন্দ্রীয় সরকারের ক এ বিষয়ে কোনও সাড়া পাওয়া যায়নি।

া বাংলাদেশের সঙ্গে আন্তর্জাতিক সীমান্ত নিয়ন্ত্রণ করার প্রশ্নে কিছু কিছু অঞ্চলে নিন্যায় পড়ছে। আইন-শৃঙ্খলা সংক্রান্ত এবং আর্থ-সামাজিক সমস্যান্ত মাঝে মাঝে ই। বাবরি মসজিদ ধ্বংস হওয়ার ফলশ্রুতিতে ভারতের কিছু কিছু অঞ্চলে সংগঠিত [1st April সাম্প্রতিক ঘটনাসমূহ সীমান্তেও প্রতিক্রিয়া সৃষ্টি করেছে এবং পরিস্থিতিকে আরও ট করে তুলেছেন ১৯৯২ সালে প্রামান টাস্ক ফোর্স ও সীমান্ত-রক্ষী বাহিনী ৩৮,০ বেশি বাংলাদেশি নাগরিককে খুঁজে বের করতে ও ফেরত পাঠাতে সক্ষম হয়েছে ডাকাতি ও চোরা-চালানের মতো অপরাধ সরকারকে দারুণভাবে ব্যস্ত রেখেছে। প্রাম্বার্কারের কাছে অমীমাংসিত অবস্থায় রয়েছে। পূর্বাঞ্চলে বাংলাদেশের সঙ্গে আন্তর্জাতি দক্ষ পরিচালন পদ্ধতির জন্য ব্যবস্থাদি পর্যবেক্ষণ ও সুপারিশ করার উদ্দেশ্যে ভারত একটি স্পোশাল স্টাডি গ্রুপ গঠন করেছেন। এই আন্তর্জাতিক সীমান্তে বেড়া দেও ভারত সরকার অর্থের সংস্থান করছেন।

১৭.১। পশ্চিমবঙ্গে ৪৬২ কি.মি. দীর্ঘ সীমান্ত বেড়ার জন্য প্রথম পর্যায়ে আর্থ্ন করা হয়েছে। রাজ্য সরকার সীমান্ত-রক্ষী বাহিনীর সঙ্গে পরামর্শক্রমে এই বেড়া কাজটিকে অগ্রাধিকার দিয়েছেন এবং ঐ প্রস্তাবটি কেন্দ্রীয় সরকারের কাছে প্রাক্রেমার পূর্ত বিভাগ জেলা প্রশাসন ও জনগণের সঙ্গে আলোচনাক্রমে এই কর্মপ্রক্ত্ম করবে যাতে স্থানীয় স্তবে কোনও সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট সকলের সায় নিয়ে হ ফেলা যায়। ভারত-বাংলাদেশ সীমান্তে সীমান্ত-রক্ষী বাহিনীর ফলপ্রসূ টহলদারির জন সরকার একটি সীমান্ত সড়ক প্রকল্প গ্রহণ করেছে। পশ্চিমবঙ্গ সেন্টরে উন্তর ২৪-নদীয়া, উত্তর দিনাজপুর ও দক্ষিণ দিনাজপুরে এই প্রকল্পের প্রথম পর্যায়ের কাল ওক ৬৬৫ কি. মি. দীর্ঘ সড়কের জন্য জমি অধিগ্রহণ করা হয়েছে। সীমান্ত-রক্ষী বাহিনী বাড়াবাড়ির দরুন ঐসব অঞ্চলে বসবাসকারী মানুষজন কিছু কিছু জায়গায় ক্তিগ্রন্থ যে ১৯৯২ সালে সীমান্ত রক্ষী বাহিনী কখনও কখনও আপাত দৃষ্টিতে সামান্য কর্মাণ্ড কিলে ছিল। এর ফলে ৮ জন নিহত ও ১৬ জন আহত হন। এইসব ঘটনার ক্রিরপোর্ট প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণের জন্য ভারত সরকারের কাছে পাঠানো হয়েছে।

১৮। ১৯৭৪ সালের ভারত-বাংলাদেশ ভূমি সীমানা চুক্তির অংশ হিসাধের সালের ২৬শে জুন বাংলাদেশকে তিনবিঘা করিডর লিজ দেওয়া হয়। লিজ সঞার শুঁটিনাটি বিষয় চূড়ান্ত করার আগে বিভিন্ন রাজনৈতিক দলের নেতাদের সঙ্গে আলোর হয়েছিল। লিজ দেওয়ার ফলে এই করিডরের ওপর আমাদের সার্বভৌমত্ব য়ে জেনির ক্ষম হবে না এবং কুচলিবাড়ির লোকেদের স্বার্থ কোনওভাবেই ক্ষম হবে না, এ জ্বারত সরকার ও রাজ্য সরকারের পুনঃ পুনঃ আশ্বাস দান সত্ত্বেও কুচলিবাড়ির সমিতির সদস্যবৃন্দসহ কিছু কিছু রাজনৈতিক দল ও গোন্ঠী কিছু মানুষকে বিপথে গালি এবং আইন-শৃঙ্খলার সমস্যা সুষ্টি ক'রে তিনবিঘা চুক্তি রূপায়ণে বাধা সৃষ্টি হয়েলি বাধাবিদ্ন অতিক্রম করে তিনবিঘা চুক্তি রূপায়ণে রাধাবিদ্ন অতিক্রম করে তিনবিঘা চুক্তি রূপায়ণের ক্রমাণ দিতে আমি সভার ক্রমানের ভূমিকার তারিফ করার জন্য আমার সঙ্গে যোগ দিতে আমি সভার ক্রমানের জ্বারাধ করছি। ভারত-বাংলাদেশ সীমানা চুক্তির অবশিষ্ট অংশগুলির রূপায়ণের ক্রমা

<sub>লিণ্ড</sub>লির বিনিময় ও **বিরুদ্ধ অধিকারে থাকা জ**মির যুক্তিসঙ্গত পুনর্বিন্যাসের জন্য ভারত সরকারকে ব্যব**ন্থা গ্রহণ করতে অনু**রোধ জানিয়েছি।

্রা কৃষিক্ষেত্রে ১৯৯২ সা**লে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা থেকে ফসল কাটার সঙ্গে** ১৬টি সংঘর্ষের খবর পাওয়া যায়। গত বছর এই সংখ্যা ছিল ২৩। এই সব সংঘর্ষে ন মানুষ প্রাণ হারান এবং ৩৬ জন মানুষ আহত হন।

্০। ১৯৯২ সালে রাজ্যে অপরাধ পরিস্থিতি ছিল সম্ভোষজনক ও নিয়ন্ত্রণাধীন। গত তুলনায় এ বছর ডাকাতি, চুরি ও রাহাজানি-সংক্রান্ত ঘটনা কম ঘটে। ১৯৯১ সালে ডাকাতি, ৮২২টি চুরি ও ১,৩৭৬টি রাহাজানির ঘটনা ঘটে। কিন্তু ১৯৯২ সালে ওই ঘটনার সংখ্যা ছিল যথাক্রমে ৫৫৫; ৭৭৮ এবং ১,২৪৩টি।

্০.১। এটা প্রাসন্ধিকভাবে উল্লেখযোগ্য, পশ্চিমবঙ্গে ভারতীয় দণ্ড সংহিতা মতে হগ্রাহ্য অপরাধের সংখ্যা নম্ন-এর দশকের চেয়ে সাত-এর দশকে ছিল অনেক বেশি। সালে এ ধরনের আদালত-গ্রাহ্য অপরাধের সংখ্যা ছিল ৭৮,৫৪৬; ১৯৭৩ সালে ২; ১৯৭৫ সালে ৮৬,৫১৪; ১৯৭৭ সালে ৯১,৪৫০; কিন্তু ১৯৯২ সালে এ অপরাধের সংখ্যা ছিল ৭২,১৭১।

২০.২। এই বছর কলকাতা বাদে পশ্চিমবঙ্গে ১৪৮টি খুনের মামলার বিচার শেষ হয়। ধ্য ২১.৬ শতাংশের দণ্ডাদেশ হয়। ৯১টি ডাকাতির মামলার বিচার শেষ হয়, আর মধ্যে ২০.৯ শতাংশের দণ্ডাদেশ হয়। ৭৫টি রাহাজানির মামলার বিচার শেষ হয় এবং ধ্যে ১৬ শতাংশের দণ্ডাদেশ করা হয়। বানতলার ঘটনাটি সি. আই. ডি. তদন্ত করে। মলার ৭ জন অভিযুক্ত ব্যক্তির দণ্ডাদেশ হয়। তাদের সকলেই যাবজ্জীবন কারাদণ্ডে হয়। এছাড়া বেশ কিছু সংখ্যক মামলা আদালতে বিচারাধীন রয়েছে।

২০.০। এটা খুবই আসার কথা যে, ১৯৯২ সালে এই মহানগরীতে ব্যাঙ্ক ডাকাতির বি যে ঘটনাটি ঘটে পুলিশ সঙ্গে সঙ্গে সেটি ধরে ফেলে এবং পুরো দলটিকে গ্রেপ্তার ও লুটের টাকার প্রায় সবটাই উদ্ধার করে। কলকাতা পুলিশ পাঁচটি নথিভূক্ত খুনের বি জন, ৩টি ডাকাতির ঘটনায় ১৪ জন এবং ২টি রাহাজানির ঘটনায় ২ জনকে দোষী করতে পেরেছে। এই বছরে কলকাতা বন্দর বিভাগের প্রাক্তন ডেপুটি কমিশনার ভি. মহতার হত্যা-সংক্রান্ত মামলার বিচার শেষ হয় এবং অভিযুক্তদের মধ্যে ২ জনের চি পেওয়া হয়।

২১। মহিলাদের ওপর নির্যাভনের ঘটনা ঘটতে থাকায় রাজ্য সরকার খুবই উদ্বিগ্ন।
সালে ৬১৫টি ধর্ষণ, পণজনিত কারণে ১৪৮টি মৃত্যু ও ৫৩টি বধু পুড়ে মরার ঘটনা

যারা এই নির্যাতনের শিকার তাদের সচেতনতার অভাব এবং সামাজিক ও অন্যান্য

বার দরন আগে বেশির ভাগ ঘটনাই রিপোর্ট করা হত না। এ-ধরনের ঘটনা যাতে

[ 1st April

দ্রুত রিপোর্ট করা হয়, নথিভুক্ত ও আনুপূর্বিক তদন্ত করা হয়, বিভিন্ন মহিলা দ্র অন্যান্য স্বেচ্ছাদেবী সংস্থার সাহায্যে প্রশাসন তা সুনিশ্চিত করতে পেরেছে। তবুং বেশির ভাগ মহানগরীর চেয়ে কলকাতার অবস্থা ভাল। ১৯৯২ সালে কলকাতা ধর্ষণের ঘটনা ঘটে। সে জায়গায় ওই একই কালপর্বে দিল্লিতে ধর্ষণের ঘটনা ঘট আর বোম্বাই-এ ১০৪টি। তথাপি, আত্মতুষ্ট থাকলে চলবে না এবং আরও র্কে সম্পদ সংগ্রহ করে আমাদের প্রয়াস বিগুণ করতে হবে।

২১.১। আরও ভালভাবে তদারকি ও নিয়ন্ত্রণের পদক্ষেপ হিসাবে ১ জন আরক্ষা পরিদর্শকের দায়িত্বে সি. আই. ডি.-তে ১টি বিশেষ সেল সৃষ্টি করা হয়েছে। ওপর নির্যাতনের ঘটনা সম্পর্কে দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য প্রতিটি জেলাতে এই 'মহিলা সেল" গঠন করা হয়েছে। ওই সব সেল বিভিন্ন জেলা সমাজ কল্যাণ হ ও স্বেচ্ছাসেবী সংগঠনের মধ্যে সংযোগ রক্ষা করে থাকে। কলকাতার ফুলবাগ ধর্ষনের ঘটনায় তদন্তের কাজ পুলিশ অতি দ্রুত শেষ করেছে। এটি এখন দায়রা বিচারাধীন।

২২। যে কোনও রাজনৈতিক ব্যবস্থাতে মানবাধিকার রক্ষা একটি মূল নীতি সংবিধান মৌলিক অধিকার কার্যকর করার জন্য রক্ষা-কবচ ও ব্যবস্থাদির সংফ্ল এইসব মৌলিক অধিকার লঙ্ঘনের ঘটনা যথোচিতভাবে বিচার বিভাগীয় প্রক্রিমটোনো হয়। আমরা অবশ্য মনে করি যে, এ-ছাড়াও একটি পৃথক ফোরাম থাক মানবাধিকার লঙ্ঘনের বিরুদ্ধে সদাসতর্ক প্রহরীর কাজ করবে। এই ধারণা দি রাজ্যন্তরে একটি মানবাধিকার কমিশন গঠনের প্রস্তাব করছি। জাতীয়ন্তরে যে জার্ট হওয়ার সন্তাবনা রয়েছে, এই কমিশন তারই সম্পূরক হবে।

২৩। এই বছরে চোলাই মদের বিরুদ্ধে অভিযানে ১,৯২৩টি মামলা রুজু ব পুলিশ খুবই কৃতিত্ব দেখিয়েছে। এই সমস্ত ঘটনায় ১,৯৭২ জনকে গ্রেপ্তার করা করা মদের পরিমাণ ছিল ৪৭,৫১২ লিটার। গত বছরে মামলার সংখ্যা ছিল গ্রেপ্তারের সংখ্যা ১,৪১০ আর আটক করা মদের পরিমাণ ছিল ৪৩,৪৯০ লিটার। ১৯৯২ সালে জেলা পুলিশ ৩৫০টি মামলায় ১,১২৩ জনকে গ্রেপ্তার করে এবং লিটার মদ আটক করে।

২৪। কলকাতা পুলিশ জুয়াড়ীদের বিরুদ্ধে অভিয়ান চালিয়ে জুয়ার। ২৭,০৬,৩৫২ টাকা আটক করে এবং ৫,০৫২টি কেন্সে ১৯,৪২৯ জনকে হে কলকাতার বাইরে, এভাবে আঁটক করা অর্থের পরিমাণ ২,৮৮,৮৪০ টাকা ও কেন্সে ১,৯১২ জনকৈ গ্রেপ্তার করা হয়।

২৫। এই বছুরে জেলা পুলিশ ৪৫টি বন্দুক, ৩৫টি রিভলবার, ১৬টি <sup>রাইরে</sup>

্ন আগ্নেয়ান্ত্র, ৪,৩০০ রা**উণ্ড** গোলাণ্ডলি এবং ১,৬৩৭টি বোমা-পটকাসহ বেআইনি <sub>আটক</sub> করে। একইভাবে কলকাতা পুলিশ যে অভিযান চালায় তাতে ২৬৩টি ৭০টি দেশি রিভলবার, ৩৪টি পাইপগান, ৪৮৭টি বোমা পটকা উদ্ধার করে।

। ড্রাগের সর্বনাশা উৎপাদনকে দমন করার বিষয়ে রাজ্য সরকার অত্যন্ত গুরত্ব সেইমতো চলতি বছরে শহর ও জেলাগুলিতে ড্রাগের কেনাবেচা-সংক্রান্ত সমস্যাদি আনার দায়িত্ব রাজ্য পুলিশের ওপর ন্যন্ত রয়েছে। কলকাতা পুলিশ ২৯০ জনকে রে, ২৪০টি মামলা দায়ের করে, আট কেজিরও বেশি হেরোয়িন, কিছু চরস, ১৭ জা ও আফিং এবং কয়েক শিশি ইন্ট্রা ভেনাস ইন্জেকশন উদ্ধার করে। বিগত তে রুজু করার মামলায় তিন জনকে প্রতিদিন বৃত্তিমূলক শান্তি দেওয়া হয়েছিল। লিশের ক্ষেত্রে মাদক সংক্রান্ত ঘটনায় ১৩৫ জনকে গ্রেপ্তার করা হয়। অপরাধের ই ব্যাপারে পাঁচ জনের দণ্ডাদেশ হয়। অন্যান্য মামলাগুলি আদালতে বিচারাধীন সি. আই. ডি.-তে মাদক নিয়ন্ত্রণ সংক্রান্ত বিশেষ সেল ও কলকাতা পুলিসকে সক্রিয় এবং ড্রাগের উৎপাতের মোকাবিলা করার ব্যাপারে তারা একটি প্রধান ভূমিকা রতে ছির প্রত্য়মী। তদন্তে জানা যায় যে, উত্তরপ্রদেশ, নেপাল, আসাম এবং বাংলাদেশ প্রধান উৎস। ড্রাগ কেনা-বেচা সংক্রান্ত ব্যাপারে কয়েকটি ক্ষেত্রে ১০ থেকে ১২ বছর পর্যন্ত কারাদণ্ড দেওয়া হয়েছে। যাট ড্রাগ বিফ্রেতা ও ব্যবহারকারী উভয়ের উপর-ই কিছুটা মঙ্গলজনক প্রভাব বিস্তার যার তার ফলে এই ধরনের অপরাধ কিছুটা হ্রাস পেরেছে।

া আইন-শৃঙ্খলা বজায় রাখতে বেশ কয়েকটি শুরুত্বপূর্ণ ফুটবল, ক্রিকেট ও ভলিবল গিতায় অনেক পুলিশ মোতায়েন করতে হয়। এছাড়াও ছিল এশিয়া কাপ ফুটবল গিতা, চার্মস লীগ ম্যাচ, রঞ্জি ট্রফি ক্রিকেট, জাতীয় ভলিবল প্রতিযোগিতা, ডেভিস আদি। কলকাতা ক্রীড়া-প্রেমীদের শহর হওয়ায় এই প্রতিযোগিতাণ্ডলিতে বিপুল দর্শকের ঘটে এবং এশুলির সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য ব্যাপক পুলিশি বন্দোবস্ত করতে হয়।

ইচ। যানবাহনের সংখ্যা বৃদ্ধি পাওয়ার সঙ্গে কলকাতায় মানুষের ভিড়ও বেড়ে গেছে।

লৈ যানচলাচল ও পরিবহন পরিচালনা-সংক্রান্ত সমস্যাও অনেক বেড়ে গেছে। এসব

ে পুলিশকে 'পার্কিং নিষেধ' ও 'প্রবেশ নিষেধ'-এর মতো কিছু ব্যবস্থা নিতে হয়।

ভিলি রাস্তাকে সুসংবদ্ধ করে একমুখী করতে হয়। জেলাগুলিতে, বিশেষ করে হাওড়া,

শুর, শিলিগুড়ি, আসানসোল ইত্যাদি জনাকীর্ণ এলাকায় এবং জাতীয় ও রাজ্য সড়কে

ক্লিন বজায় রাখার জন্য পশ্চিমবঙ্গ পুলিশ প্রবল চেষ্টা করে চলেছে।

<sup>২৯। কর্মদক্ষ</sup>তার সার্বিক উন্নতি ঘটানোর জন্য রাজ্য পুলিশ বাহিনীর আধুনিকীকরণ <sup>জরুরি।</sup> পুলিশ বাহিনীর আধুনিকীকরণ কর্মপ্রকল্পের দরুন ১৯৯২-৯৩ সালে মোট <sup>দিয়ু</sup> টাকা মঞ্জুর করা হয়। রাজ্য পুলিশ বাহিনীর আধুনিকীকরণ কর্মপ্রকল্পটি পুলিশ বাহিনীর কর্মসম্পাদনের মানোময়নের ক্ষেত্রে প্রভূত সাহায্য করেছে। আরও গতিনীর যোগাযোগ সুবিধাদি ও আধুনিক যন্ত্রাদি সংগ্রহ করার ফলে শহর ও গ্রামাঞ্চলে অ ও অপরাধ সংক্রান্ত অন্যান্য ঘটনার ক্ষেত্রে যথাস্থলে পৌঁছানোর সময় উল্লেখযোগ্য গেছে। এই কর্মপ্রকল্পের অধীনে পরিকাঠামোগত সহায়তা পুলিশ-কর্মীদের প্রশিক্ষা ক শুণমানের উন্নতি ঘটাতে সমর্থ হয়েছে।

৩০। ১৯৯২-৯৩ সালের বার্ষিক যোজনায় কিছু নৃতন কর্মপ্রকল্প, যেমন এর ব্যাটেলিয়ন গঠন, জেলাস্তরে উইমেন্স গ্রিভাস সেল গঠন ও পুলিশ লকআপণ্ডলিতে ইত্যাদি প্রবর্তন করা হয়েছে। উক্ত কর্মপ্রকল্পণ্ডলি রূপায়িত করার জন্য এবং থান প্রশাসনিক ভবন নির্মাণ, জলসরবরাহ ব্যবস্থা, জমি অধিগ্রহণ ইত্যাদির জন্য সালের বার্ষিক যোজনায় মোট ৫.৫০ কোটি টাকা বরান্দ করা হয়। যোজনা কমিকরায় বার্ষিক যোজনায় পুলিশ আবাসনের জন্য অর্থ বরান্দ করা যায়নি। আমাদে ভারত সরকারের স্বরাষ্ট্রমন্ত্রক পুলিশ আবাসনের বিষয়টি যোজনা ক্ষেত্রে অন্তর্ভৃত্তি উপরোধ করতে নীতিগতভাবে সম্মত হন। এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্তের অপেক্ষ এই কর্মপ্রকল্পণ্ডলির জন্য ১৯৯৩-৯৪ সালের বার্ষিক যোজনায় ৩৮৫ লক্ষ টাক রাখা হয়েছে। রাজ্য সরকারের দ্বারা গঠিত 'পশ্চিমবঙ্গ রাজ্য পুলিশ হাউসিং ব্যামিটেড' ১৯৯৩-৯৪ সালে পুর্গোদ্যমে কাজ করতে শুরু করবে।

৩১। কলকাতা এবং জেলাগুলিতে টেলিযোগাযোগ ব্যবস্থার উন্নতি ঘটানোর সরকার দশম অর্থকমিশনের কাছে ২৮২.৭৫ লক্ষ টাকার দাবি পেশ করেছে।

৩২। কলকাতা পুলিশ কম্পুটার সেন্টার সন্তোষজনকভাবে কাজ করে চাকেন্দ্র অপরাধ, অপরাধী, পুলিশকর্মী, যান-চলাচল আইন ভঙ্গের ঘটনা এবং কলকাতায় নিবন্ধভুক্ত যানবাহন সম্পর্কে বিস্তারিত তথ্যাদি সংগ্রহ করছে। সারা রা সম্পর্টলেকে একটি পুলিশ কম্পুটার সেন্টার রয়েছে। কম্পুটার পরিষেবা আগা বছরের মধ্যে থানাস্তর অবধি সম্প্রসারিত হতে পারে। পুলিশ কম্পুটার সিস্টেনের উজন্য দশম অর্থকমিশনের কাছে ৬৮ লক্ষ টাকার দাবি পেশ করা হয়েছে। পশি আই. ডি. যাতে তাঁদের দৈনন্দিন কাজের জন্য ঘরে বসে কম্পুটার ব্যবস্থার সুবিধা সুযোগ করে দেওয়া হয়েছে।

৩৩। পুলিশের দায়িত্বপালনে কান্ডের ঝুঁকি ও বিপদ বেশি। এই কথা ম পুলিশ বাহিনীর সদস্যদের জন্য বাড়তি কিছু সুযোগ-সুবিধা দেওয়া প্রয়োজন। কলক কো-অপারেটিভ সোসাইটি ও ব্যাক্তিং সোসাইটি, কলকাতা পুলিশ অ্যামেনিটিজ ফার্ড পুলিশ ক্যামিলি ওয়েলফেয়ার সেন্টার ইত্যাদি হল এই ধরনের কিছু সুযোগ-সুবিধা

৩৩.১। সরকার পুলিশ কর্মীদের জন্য যে সমস্ত কল্যাণমূলক ব্যবস্থা নিয়েছে

্বর্ম প্রদের মূল্যে করেকটি অত্যাবশ্যক পণ্যসামগ্রীর সরবরাহ উল্লেখযোগ্য। মূলনীতি ইত রেখে এই ধরনের সামগ্রী সংগ্রহের ব্যাপারে সম্প্রতি একটি সংশোধিত পদ্ধতি রা হয়েছে। এই ধরনের সামগ্রী সরবরাহ করার উদ্দেশ্যে এইগুলির দর ও মান বে নির্ধারণ করতে যে বাছাই কমিটি গঠন করা হয়েছিল এই নৃতন ব্যবস্থায় তাতে না এবং এনফোর্সমেন্ট শাখার আধিকারিকদের অন্তর্ভুক্ত করা হয়েছে। এর ফলে অর্থের অনেকটা সাম্রায় হয়েছে ও পুলিশ বাহিনীর জন্য রেশন সরবরাহের ব্যবস্থা ভাল হয়েছে।

১৪। রাজ্য ফরেনসিক বিজ্ঞান গবেষণাগার সারা রাজ্যে অপরাধের সঙ্গে সম্পর্কযুক্ত ধ প্রদর্শবস্তুর ফরেনসিক পরীক্ষার শুরুদায়িত্ব বহন করে চলেছে। এই বছরে এই গার ২৬৫৪টি কেসের নিষ্পত্তি করেছে, যেগুলির সঙ্গে ২২১৩০টি প্রদর্শবস্তু পরীক্ষার দ্বিত্ত ছিল। এই বছর যতগুলি কেস পাওয়া গিয়েছিল ও রিপোর্ট করা হয়েছিল তা ২১ শতাংশ বেশি। ফরেনসিক বিজ্ঞান গবেষণাগারের সুযোগ-সুবিধাদির মানোদ্রয়নের র পরীক্ষা করে দেখার জন্য রাজ্য সরকার ফরেনসিক বিজ্ঞানের প্রখ্যাত বিশেষজ্ঞাদের একটি কমিটি গঠন করেন। ঐ কমিটি ইতিমধ্যে রিপোর্টের যে অংশবিশেষ দিয়েছেন।

20। সপ্তম, অস্টম ও নবম অর্থ কমিশন থেকে মোট যে অর্থ পাওয়া গেছে তা দিয়ে
্জারেরও বেশি আবাসন ইউনিটে তৈরির কাজ শেষ হয়েছে এবং কয়েকটি ফ্র্যাট কেনা
। কিছু কিছু আবাসন ইউনিটের নির্মাণকার্য এখনও চলছে। ঐ আবাসন ইউনিটগুলির
কাজ শেষ করতে প্রায় ৯ কোটি টাকা লাগবে। নির্মায়মান আবাসন ইউনিটগুলির
শেষ করতে প্রয়োজনীয় অর্থসংস্থানের জন্য রাজ্য সরকার সর্বতোভাবে প্রয়াস চালাচ্ছেন।
। বাহিনীর আধুনিকীকরণ, পুলিশ কর্মীদের আবাসন ও কল্যাণ ইত্যাদির জন্য দশম অর্থ
নের কাছে কয়েকটি প্রস্তাব পেশ করা হয়েছে। এগুলিতে খরচ পড়বে প্রায় ৩০০ কোটি

৩৬। পশ্চিমবঙ্গে প্রশিক্ষণের সুবিধাদি আরও প্রশস্ত করা প্রয়োজন। এ রাজ্যে দুটি
পশ্চিমবঙ্গে প্রশিক্ষণ প্রতিষ্ঠান রয়েছে, একটি ব্যারাকপুরে, অন্যটি কলকাতায়। এই প্রতিষ্ঠানগুলিতে

গ্রানাগত সুবিধাদি যথেষ্ট নয়। শ্রেণীকক্ষ, শিক্ষার্থীদের জন্য আবাসগৃহ, ব্যারাক ইত্যাদির

একটি কর্ম-প্রকল্প তৈরি করা হয়েছে। এতে মূলধনী ব্যয় হবে ২২.৬৭ কোটি টাকা। এটি

অর্থ কমিশনের কাছে পেশ করা হয়েছে।

<sup>৩৭।</sup> বিশেষভাবে বিবেচনা করে সরকার উপলব্ধি করেছে যে, প্রবীণ পুলিশ আধিকারিকের <sup>দ্বটি পদ</sup> সৃষ্টি না করলে পুলিশ প্রশাসনকে কার্যকরভাবে মজবুত রাখা কঠিন হত। <sup>দ্বা মনে</sup> রেখে চলতি আর্থিক বছরে আই. পি. এস.দের ক্ষেত্রে বেশ কয়েকটি ক্যাডার <sup>হি পদ সৃষ্টি</sup> করা হয়েছে।

[1st April

৩৮। ১৯৯২ সালে বিভিন্ন পদমর্যাদাভূক্ত ৪৮৬ জন পুলিশ আধিকারিক বিরুদ্ধে বিভাগীয় শৃদ্ধলাভঙ্গের অভিযোগ আনা হয়। ঐ বছর ২,০৮৮ জন পুরি শান্তিদান করা হয়। যে ১৭ জনকে চাকুরি থেকে বরখান্ত করা হয় তাদেরও এর হয়েছে।

৩৯। ১৯৯২ সালে, বিশিষ্ট পরিষেবার জন্য দুজন পুলিশকর্মী রাষ্ট্রপতির পু পান এবং কৃতিত্বপূর্ণ পরিষেবার জন্য ১৭ জন পুলিশ পদক পান।

80। বাহিনীর সদস্যদের অভিযোগ শোনবার জন্য যৌথ পরামর্শ কমিটি গাঁ
এবং পুলিশ কর্মচারী ও তাদের কাজকর্ম সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনার জ
স্তারে সময়ে সময়ে এই কমিটিগুলি বৈঠকে মিলিত হয়। পদোন্নতি, বিভিন্ন ধর
ইত্যাদি সম্পর্কে তাদের কিছু দাবি সরকার প্রক্রিয়ণ করেছেন এবং কিছু কিছু
করাও হয়েছে। এতে পুলিশ স্তরবিন্যাসের সকল পর্যায়ে আরও ভালভাবে সমন্বর
গেছে।

8>। ১৯৯২ সালে মুর্শিদাবাদ জেলার বর্তমান বহরমপুর থানার এলাকা থেং করে এলাকা নির্দিষ্ট করে দিয়ে দৌলতাবাদে একটি নৃতন থানা গঠন করা হা মেখলিগঞ্জ বিভক্ত করে কুচবিহার জেলার অন্তর্গত কুচলিবাড়িতে একটি নৃতন থা জন্য প্রশাসনিক অনুমোদন দেওয়া হয়।

8২ ১৯৯২ সালে ৫৮৩৫ জন প্রাপ্তবয়স্ক ব্যক্তি নিরুদ্দেশ হওয়ার রিপে গিয়েছিল। কলকাতা পুলিশের মিসিং ক্ষোয়াড তার মধ্যে ২২৬৫ জনের সন্ধান করতে তাছাড়া, ১৫৩৩ জন অপ্রাপ্তবয়স্কের নিরুদ্দিষ্ট হওয়ার ঘটনাও রিপোর্ট করা হয়েহি মধ্যে ৭৫৩ জনের সন্ধান পাওয়া গেছে।

8৩। মাননীয় সদস্যরা অবহিত আছেন, পুলিশ প্রশাসনকে অসংখ্য গ্রপ্তিবন্ধকতা ও চ্যালেঞ্জের মুখে দাঁড়িয়ে কাজ করতে হয়। কন্টসাধ্য বিভিন্ন ধরত পালনের ক্ষেত্রে যে সব পুলিশ আধিকারিক ও কর্মী প্রশংসমীয় কৃতিত্ব দেখিয়েছেন আমাদের অভিনন্দন জানাতে হবে। আমি এই সুযোগে এই বলে সভাকে পুনর করতে চাই যে, পুলিশ যে ভাবে পক্ষপাতশূন্য হয়ে ও বিধিসম্মতভাবে আইন কাক্রমসম্পাদন করেছে, পুলিশ সেভাবেই তার কর্মধারা অব্যাহত রাখবে।

এই কথা বলে আমি আমার বিভাগের ব্যয়-বরাদের দাবি মঞ্জুর করার জ সদস্যবৃদ্দের কাছে প্রস্তাবটি উত্থালন করছি।

Mr. Speaker: There are 18 cut motions to Demand No the cut motions are in order and taken as moved.

augata Roy rabir Banerjee leba Prasad Sarkar Janik Bhowmik ljoy De labitri Mitra Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-

সতারঞ্জন বাপুলি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মুখ্যমন্ত্রী তথা পুলিশ ্মান্ত নাম্বার ২১ এর বিরোধিতা করে এবং আমাদের কাট মোশনকে সমর্থন করে ্রা আপনার সামনে রাখতে চাই। এখানে গত বছরের পুলিশ বাজেটে বিরোধী দলের ্ ছিলেন শ্রী সিদ্ধার্থশঙ্কর রায়। তিনি বক্তৃতা দেবার সময় মাননীয় মুখামন্ত্রী তথা পলিশ ায়ে সমস্ত প্রশ্ন করেছিলেন সেই সমস্ত প্রশ্নের জবাব দেবার ক্ষমতা তাঁর হয়নি। আমি 🛮 সেখান থেকেই শুরু করছি। গত বছরের এই বাজেটে তিনি যে সমস্ত বক্তবা পন করেছিলেন তাকে তথ্য দিয়ে, যুক্তি দিয়ে বোঝাবার অপেক্ষা না করে মুখামন্ত্রী বট্টলার উকিল বলে ছেড়ে দিলেন। অবশ্য সব কথা তাঁর মনে রাখবার ক্ষমতা নেই. সেটা তিনি হারিয়ে ফেলেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পুলিশ মন্ত্রী যদি এই চালাতেন তাহলেও একটা কথা ছিল, কিন্তু আজকে এই দপ্তর একটা একস্টা টিউশনাল অথরিটি আলিমুদ্দিন স্ট্রীট থেকে চালাচ্ছেন। আজকে এটা একটা দঃখের আরও একটা দৃংখের বিষয় হল, আজকে মুখ্যমন্ত্রী বয়সের ভারে এবং অন্যান্য সমস্যা ত হয়ে পড়েছেন এবং তাই আর একজন একস্টা কনস্টিটিউশনাল ম্যানআরবান নপমেন্ট ডিপার্টমেন্টের মন্ত্রীকে দিয়ে চালানো হচ্ছে এই দপ্তর। একটা দপ্তর, সেটা যদি 'গু মন্ত্রী চালান সেটা আলাদা কথা, কিন্তু সেই দপ্তর যদি আর একজন, যিনি ভারপ্রাপ্ত র্তান চালান বা একটি রাজনৈতিক দলকে সেটা চালাবার দায়িত্ব দেওয়া হয় তাহলে <sup>নপুর</sup> চলে না। আবার এই দপ্তর চলে পুলিশের মাধ্যমে, পুলিশ প্রশাসনের মাধ্যমে। <sup>ক এখানে</sup> সরকার পূলিশকে চালান না, পূলিশ সরকারকে চালান। এটা আমার কথা <sup>হারণ</sup> স্বয়ং মুখ্যমন্ত্রী নিজেই স্বীকার করেছেন যে, পুলিশ তাঁদের সঙ্গে সহযোগিতা ন বলেই এরা এতদিন ক্ষমতায় আছেন। আজকে পশ্চিমবঙ্গের এই অবস্থা কেন—এটা ্<sup>দর</sup> আপনাদের সকলেরই জানবার বিষয়।

করণ পূলিশ হচ্ছে এমন একটা দপ্তর যার উপরে সারা পশ্চিমবঙ্গের উন্নতি নির্ভর । পূলিশ দপ্তর না চললে দেশের সার্বিক উন্নতিই হতে পারে না। সেই পুলিশ দপ্তরই কৈ সবদিক থেকে ব্যর্থতায় পরিণত হয়েছে। আজকে একটা গুরুত্বপূর্ণ দপ্তর তার টিনায় অংশ গ্রহণ করতে গিয়ে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কথা না বলে কয়েকটি দিয়া আমার বক্তব্য শেষ করব। এক্স ডি. জি. অরুণপ্রকাশ মুখার্জি এবং এক্স পি গীরেন সাহা তাঁদের বক্তৃতা এখানে উপস্থিত করে বলছি, ১৯৮৭ সালের ২৮শে বির ৩৫নং ওয়ার্ডের ট্যাংরা থানা উদ্বোধন করতে গিয়ে বলেছেন যে পুলিশ লক আপে

[ 1st April, ]

খুন হলে সভ্য সমাজ বলা যেতে পারে না। কিন্তু আজকে পুলিশ লক আনে হরেছে তার যদি একটা হিসাব মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে রাখি তাহলে 🕸 একটি অসভ্য এবং বর্বর সরকারে পরিণত হবে। তার অধীনেই আমরা রয়েছি। পশ্চিমবঙ্গে কোন জায়গায় আমরা দাঁড়িয়ে আছিং আমাদের বামফ্রন্টের আমলে 🖈 ১৪০ জন ১৩ বছরে পুলিশ লক আপে খুন হরেছে। আজকে আমাদের যে 🕫 বাহিনী আমাদের খুব দক্ষ এর দ্বারা কি তাই প্রমাণিত হচ্ছে? প্রাক্তন ডি. জির 🕫 থেকেই ধরা যেতে পারে যে পশ্চিমবঙ্গের আয়তন ৮৮ লক্ষ ৭৫৮ কি. মি এ লোকসংখ্যা ৬ কোটি ৯ লক্ষ ২০ হাজার, থানা ৩৮৪টি এবং পুলিশ বাহিনী কি 🖟 হিসাব যদি ভূল হয় মাননীয় মুখামন্ত্রী বসে আছেন ঠিক করে দেবেন, পুলিক্ষে সিভিল পুলিশ হচ্ছে ৪৬ হাজার ১৭৩ আর সশস্ত্র বাহিনী ৩০ হাজার ৭০২ জ জনসংখ্যার অনুপাতে ১২.২২। প্রতি ১০০ কি. মি. অন্তর ৫২ জন করে পূলিশ আ রেঞ্জে সশস্ত্র পুলিশ ব্যাটিলিয়ানের সংখ্যা ১১৩ লক্ষ ৫.১৩। কিন্তু দুঃখের বিষয় টাকা খরচ করেও পুলিশের আমরা কাজ পাচ্ছি না। কয়েকদিন আগেই মাননীয় মুখা বছরের হিসাব দিয়েছেন। সেই হিসাব অনুসারেই বলছি—লাস্ট ইয়ারে রেপ হয়ে ভাউরিডেপ ১৪৮, পুড়ে মারা গেছে ৫৩ জন, আপনারাই বলেছেন যে ১৯৭৭ সালে কংগ্রেসি সরকারের আমলের যে পুলিশ দিয়ে চালিয়েছেন আমরাও সেই পুলি চালাচ্ছি। কংগ্রেস সরকারের পুলিশের কথা বলতে গেলে আমি বলব, কংগ্রেসি অর্থাৎ আমাদের সময়ে একজন আই. জি. থাকতেন আর একজন ডি. জি থাকতে আপনাদের সময়ে একজন আই. জি., একজন ডি. আই. জি., একজন ডি. জি.এ কতজ্বন যে এ. সি. এবং আরও কি কি তার সংখ্যা দিতে পারব না। এই <sup>কা</sup> বছরে সাডে ৩০০ কোটি টাকা পুলিশ খাতে খরচ করেছেন।

## [2-40 - 2-50 p.m.]

করে কী পেয়েছি? বেশি টাকা খরচ করে বেশি খুন পেয়েছি, বেশি টাকা খবিল নারী ধর্ষণ পেয়েছি, বেশি টাকা খরচ করে বেশি ডাকাতি রাহাজানি পের্মো টাকা খরচ করে পুলিশ লক আপে বেশি খুন পেয়েছি। আজকে মুখ্যমন্ত্রী এখানে ওঁর লজ্জা সরম নেই, ওঁর দৃঃখ নেই, বোঝবার ক্ষমতা নেই, উনি বোঝেন না। এবার বেশি টাকা চাইছেন। আমি সরকারে আসার পর কতবার গুলি চালিয়েছেন, কতজন মারা গেছে, শেষ পর্যন্ত স্থপনকে মারলেন, তার জন্য অবশ্য কমিশন বসেছে। আ ভাবে জিজ্ঞাসা করব, আপনি পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী হ্বার পর বিবেকের তাড়না কি হল না? ফুলবাগানে গিয়ে আপ্রনার মন্ত্রী পাঁচ শত টাকা দিতে গেলেন একজ্ব মহিলাকে, সেই মন্ত্রী এখনও পর্যন্ত এই মন্ত্রী সভায় আছেন। টাকা দিয়ে আপনার ধর্ষিতা নারীর মুখ বন্ধ করতে চাইছেন? আজকের নাকের ডগায় যে সমন্ত ঘটনা জন্য কী ব্যবস্থা নিতে পেরেছেন? আমি একটা ছোট্ট প্রশ্ন করব, ৯১ সালে আপনি

🖁 খুনী বা আসামী যাদের বিচার হচ্ছিল, তার মধ্যে ডাকাতির অভিযোগে অভিযুক্ত ু হাজার ৫৭৬ জন, আপনি জ্ববাব দেবেন এদের মধ্যে কতজন কনভিকশন হয়েছে তন্ত্রনের ট্রায়াল হয়েছেং আপনি এমন একজন পুলিশ কমিশনারকে নিয়ে এসেছেন. ন্ত্রসীয় ভাবধারায় বিশ্বাসী। আপনার বিবেক নেই, তারও বিবেক নেই, আমরা কোপায় আছি? আমরা কী দেখলাম ছয় তারিখের ঘটনায়, আমি প্রশ্ন করি, আপনি জবাব ব্যত্রি ১১.৫০ মিনিটে ফোর্ট উইলিয়াম থেকে আপনাদের রেড অ্যালার্ট করেছিল কি ১.৪০ মিনিটে রেড অ্যালার্ট করেছিল কি না, ফার্স্ট। তারপর ১১.৫০ মিনিটে বলল, দ্ম ওয়াজ গ্রেভ। কিন্তু তবুও আপনারা মিলিটারীর কথা শুনলেন না। কারণ তাতে দের পুলিশের মর্যাদা ক্ষুদ্র হত। তার ফলে কি হল, কলকাতায় দাঙ্গা হল, দাঙ্গা পড়ল, ট্যাংরা জ্বলল, আপনাদের দলের উল্লুক, ভল্লুকরা লুঠপাট করল, দাঙ্গা করল, ব জেনেও কিছু করলেন না। কারা ভলুক গ্রেপ্তার হওয়ার পর থানা ঘেরাও করল? কারা তার মুক্তির দাবি করল, জ্ববাব দেবেন, যাতে সে জামিন পায়ং মুখামন্ত্রী বললেন া সময়ে যিনি পাবলিক প্রোসিকিউটর ছিলেন তিনি কেন বাধা দেন নিং কেন তার া হয়ে গেল ? এর পরেও আপনি বিবেকের তাড়গায় একদিনও ভাবলেন না যে, এটা ংয়েছে, অন্যায় হয়েছে! বরঞ্চ ফুলবাগানের ঘটনার পরে আপনি বললেন, 'কংগ্রেস লন করছে, এখনও কংগ্রেসিদের গ্রেপ্তার করা হচ্ছে না। বিরাটির কথা না হয় ছেডে ।। বান্তলার ঘটনার পর আপনি বললেন. 'এমন ঘটনা ১০ বছরের মধ্যে ঘটে নি। ানে আপনি নারীর সম্মান, ইজ্জত রক্ষা করতে পারছেন না, সেখানে এরপরেও আপনি 🖫 হয়ে ক্ষমতায় বদে আছেন কি করে? আপনার কি একটুও বিবেক নেই? আমরা हं আপনারা সরকারে থাকার জন্য সমস্ত কিছু, এমন কি বিবেক পর্যস্ত বিক্রি করে দিতে আছেন। আপনার পার্টির লোকেরা গোটা রাজ্যে তান্ডব নৃত্য চালাচ্ছে। প্রণব মুখার্জি ায় গিয়েছিলেন মিটিং করতে। সেখানে তাঁর সামনে আপনার পার্টির লোকেরা তান্ডব ন। ভন্ন গ্রেপ্তার হ'ল, আবার সঙ্গে সঙ্গে ছাড়াও পেয়ে গেল। সে কাদের লোক, াথম-এর লোক নয়? আপনাদের নাকের ডগায় বৌবাজারে এত বড় ঘটনা ঘটে গেল। র জন্য এ ঘটনা ঘটল? আপনারা এমন একজন নতুন পুলিশ কমিশনার আনলেন যিনি বিদী দর্শনে বিশ্বাসী। তাঁর সময়ে কলকাতায় এই সমস্ত বড় বড় ঘটনা ঘটছে, কিন্তু তিনি ী ঘটনার দায়িত্বও নিজের কাঁধে নিচেছন না। কলকাতায় দাঙ্গা হয়ে গেল, তিনি সে <sup>াছ</sup> <sup>কা</sup>ধে নিলেন না। বৌবাজ্ঞারে এত বড় ঘটনা ঘটল, তিনি কোনও খবরই রাখলেন না। <sup>ছকে</sup> পুলিশে কোনও ইন্টালি**জেন্স নেই, কোন**ও কিছু নেই। এখন আমরা কি শুনছি? <sup>দাকে</sup> বলছে, রশিদের সঙ্গে নাকি আপনার সম্বন্ধ ছিল এবং এই বিধানসভায় কয়েক জন <sup>মার সঙ্গেও</sup> তার সম্পর্ক ছিল। তাহলে আমরা কোথায় দাঁড়িয়ে আছি! এটা কিসের <sup>নির চল</sup>ছে? স্যার, এটা একটা সাট্রার সরকার, সমাজবিরোধীদের সরকার। এই সরকার 🖟 রাজ্যে পুলিশ-রাজ কায়েম করতে গিয়ে পুলিশ যতই অপরাধ করুক, যতই অপদার্থতার <sup>রিছা দিক</sup> না কেন পুলিশের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নিতে পারছে না। যার ফলে গোটা

1 st April রাজ্যে এই দূরবস্থা নেমে এসেছে। মাননীয় মুখ্যমন্ত্রী, আপনি কয়েক দিন আগ ব্যারাকে গিয়ে বক্ততা দিয়ে এসেছেন। এ জিনিস আমরা ইতিপূর্বে কোনও দিন 🚓 মুখ্যমন্ত্রী পুলিশ ব্যারাকে গিয়ে বক্তৃতা করছেন। আপনি সেখানে বলতে বাধ্য হয়ে পু**লিশকে আরও সংযত হতে হ**বে। ইতিপূর্বে এ রাজ্যে যিনি ডাইরেক্টর জেনার পুলিশ ছিলেন তিনি চলে যাবার সময় একটা কথা বলে গেছেন—তাঁর বক্তৃতার এই এখানে আমি উল্লেখ করছি. তিনি বলেছেন, "এই ভাবে যদি আর ১০ বছর চলঃ তাহলে যে ভয়ন্কর অবস্থার সৃষ্টি হবে তা ভাবা কন্টকর।" এটা আমাদের কথা নয় চ জেনারেল অফ্ পুলিশ অবসর গ্রহণের সময় এই কথা বলে যাচ্ছেন। তিনি <sub>যেখান</sub> এই কথা বলছিলেন সেখানে পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী ছিলেন, অথচ তাঁর প্রতিবাদ ক্ষমতা হয়নি। তাহলে আজকে পুলিশ প্রশাসনসহ সমস্ত প্রশাসন কোথায় গিয়ে 🖞 এবং এই প্রশাসনের মধ্যে দিয়ে আমাদের গোটা সমাজ ব্যবস্থাটা কোথায় গিয়ে 🛊 পুলিশ প্রশাসনের ওপর কি আজকে সরকারের কোনও নিয়ন্ত্রণ আছে? না. নেই। দেখেছি লালবাজারের মধ্যেই পূলিশ আন্দোলন করছে। সে সময়ে পূলিশ কমিশনার সাহা বলেছিলেন, ''পুলিশের আন্দোলন করার ক্ষমতা আছে, কিন্তু লালবাজারের মধ্য यि आत्मानन करत ठारूल जाएनत शूनिंग वरन गंग कता याग्र ना।" ज्यानि আন্দোলন হয়েছে, যারা আন্দোলন করেছে তাদের বিরুদ্ধে সরকারের কোনও বাবয় 🖟 ক্ষমতা নেই। কারণ আপনাদের নির্বাচনী বৈতরণী পার হতে গেলে পুলিশকে দরণ জন্যই এখানে পুলিশ-রাজ কায়েম করেছেন। এ একটা উদ্দেশ্যেই আজকে এখান রাজ, সাট্রা-রাজ, সমাজবিরোধী-রাজ কায়েম হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী, আজকে পুলিশ ह লাগামের বাইরে চলে গেছে। এটা অত্যন্ত দুঃখের কথা। আপনারা ১৬/১৭ বছর পশ্সি সরকারে বসে আছেন, এখানে কি সরকার তৈরি করেছেন? এমনই একটা সরকার করেছেন যে সরকারের পরিচয় পশ্চিমবাংলার বাইরে গিয়ে দিতে আমাদের লভা বাইরে গিয়ে আপনার সরকারের কোনও পরিচয় দেওয়া যায় না। আপনি একটু প

### [2-50 - 3-00 p.m.]

বেরিয়ে যাবেন হরিয়ানার নিকে, উত্তরপ্রদেশের দিকে, দিল্লির দিকে, যে সেখানে <sup>থুব</sup> অবস্থা। আজকে ১৬।১৭ বছর ধরে পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী তথা পুলিশ মন্ত্রী <sup>হরে</sup> আছেন। এই জিনিস অন্য কোনও রাজ্যে নেই। আপনার রাজ্যে উমতির চেয়ে অবন্টি মহিলাদের নিরাপত্তার অভাব, মানুষের নিরাপত্তার অভাব। আজকে ভাবতে পারেন কোন জায়গায় গাঁড়িয়ে আছি। দোষীরা নিরাপদে ঘুরে বেড়াছে, গ্রেপ্তার করার ক্ষমতা গার্ডেনরীচের মোল্লা পুলিশের সামনে ঘুরছে, তাকে গ্রেপ্তার করার ক্ষমতা নেই। কেন? শ্বাজবিরোধী আর আপনার পার্টি এই ৩ জন এক হয়েছে—তাহলে বলুন পশ্চিমই মানুষের নিরাপত্তা কাদের হাতে আছে? কাদের উপর মানুষ ভরসা করে বদে আছে? দুর্ভাগ্যের বিষয়, সেই মোলাকে গ্রেপ্তার করার ক্ষমতা নেই আর বন্দরমহলার কুলু—গে

্<sub>রর পার্টির</sub> মস্ত বড় ক্যাডার। কে নয়? সমস্ত সমাজবিরোধীদের ক্যাডার তৈরি করে ্বা তাহলে আজকে আমি কি বলবং এই সরকার সমাজবিরোধীদের সরকার আর ারাধীর সম্রাট আপনি। সমাজবিরোধীদের সম্রাট হিসাবে আপনি পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী সু আছেন। সূতরাং নৈতিকভাবে আপনার দায়-দায়িত্ব গ্রহণ করার ক্ষমতা নিশ্চয়ই aং তা আপনি নেবেন না এটা আমি জানি। আপনি দুংখ প্রকাশ করে বলেছেন যে ালায় নারী নির্যাতন বেড়েছে। কই, বিবেকের তাড়নায় নারী নির্যাতন বন্ধ করার জনা কি প্রচেষ্টা নিয়েছেন? দিনের পর দিন বেড়ে যাচ্ছে। একটুও কমাতে পারেননি। ার বকে বাড়ছে। আমি আপনাকে উদাহরণ হিসাবে দু-একটি ঘটনার কথা বললে নিশ্চয়ই খুশি হবেন। একজন অধ্যাপিকা, শ্রীমতী শ্বাশতী ঘোষ পার্ক স্ট্রীট দিয়ে ন্ম। তাকে রিজেন্ট পার্কে নিয়ে গিয়ে রেপ্ করা হয়েছে। শ্রীমতী মঞ্জ চক্রবর্তী, চ্চঁচডা বারাকে নিয়ে গিয়ে তার শ্লীলতাহানি করা হয়েছে। ফুলবাগানের কথা তো রয়েই এখন আপনাকে প্রশ্ন করি—আপনি পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী হয়ে বসে আছেন। আপনার —পলিশ ব্যাপাকে নিয়ে গিয়ে রেপ করছে, আপনার পুলিশ নারীদের সম্মান রক্ষা পারছে না, সমাজবিরোধীদের সঙ্গে মিশে গেছে—আপনি এ ব্যাপারে কি পদক্ষেপ ন। কোনও পদক্ষেপ নিতে পারেননি। তার একটাই কারণ, আপনার সরকার নিরোধীদের উপর ভরসা করে বসে আছে বলেই পুলিশ তাদের উপর কন্ট্রোল করার হারিয়ে ফেলেছে। প্রাক্তন পুলিশ কমিশনার বীরেন সাহা বসেছেন, রাজনৈতিক নেতারা, an. এ এবং এম. পিরা যদি পুলিশের উপর কন্ট্রোল করে সেখানে আমাদের কিছু थारक ना। जिनि ठिकरै वर्लाष्ट्रन এवः वर्लाष्ट्रन वर्लारे जाँरक कर्ल यारा श्राह्म। ্য জায়গায় পুলিশের উপর কন্ট্রোল করছেন। আপনাদের যারা লোকাল কমিটি সদস্য এবং আপনাদের বিধানসভার সদস্য তাঁরাও পুলিশ কন্ট্রোল করছে। তাহলে পুলিশ য়ে সাড়ে ৩০০।৪০০ কোটি টাকা নেবেন, কি করবেন? আপনারা নিজেরাই মহিলাদের ধর্বদের ব্যবস্থা করেছেন, ডাকাতির ব্যবস্থা করেছেন, সমাজবিরোধীদের গ্রেপ্তার করার <sup>রাখেন</sup> না, পুলিশকে ঠুটো জগন্নাথ করে বসিয়ে রেখে দেন, পুলিশকে পার্টি ক্যাডারে <sup>ত করেছেন।</sup> এরজন্য যদি পুলিশের ব্যয়-বরাদ্দে টাকা দেওয়া হয় তাহলে এই পবিত্র <sup>মসভায়</sup> দাঁড়িয়ে বলতে আমার দুঃখ নেই, বিবেক বলে যদি কিছু থাকত তা**হলে** ম্বাংলার মুখ্যমন্ত্রী তথা পুলিশ মন্ত্রী এই পুলিশের দপ্তর থেকে পদত্যাগ করে চলে ন। আপনাদের একজন এম. পির প্রতি—আমি নাম বলব না—পুলিশ কমিশনার, শ্রী <sup>ই তালুকনা</sup>র অসন্তুষ্ট হয়ে**ছিলেন** এবং অসস্তুষ্ট হয়ে তিনি পদত্যাগ করতে চেয়ে**ছিলেন**। ি সেই পদত্যাগপত্র গ্রহণ করলেন না কেনং গ্রহণ করুন। অত্যাচার এবং অবিচার <sup>তির কোন জারগার</sup> নিয়ে এসেছেন। এই কয়েক মাসের মধ্যে পুলিশের নাকের ডগায় ২ <sup>দিয়া</sup> হল। বউবাজারের ঘটনায় ১০০ জন লোক মারা গেল। আপনাদের রাজনৈতিক <sup>র্থি মর</sup> বাড়ি ভেঙ্গে চুরমার করে দিচ্ছে। আপনাদের একজনের দিকে আঙুল দেখিয়ে বলা <sup>রে তীরটা</sup> আপনাদের গায়ে বিঁধছে। রশিদের ব্যাপারে তীরটা আপনাদের গায়ে বিঁধছে। [ 1st Apri] আমি বলব যে আজকে যেহেতু রশিদকে বাঁচাতে হবে, সেজন্য রশিদকে খুন করতে; ইদ্রিশকে করা হয়েছিল। পশ্চিমবঙ্গে জঙ্গলের রাজত্ব সৃষ্টি করেছেন, পুলিশ-রাজ করতে গিয়ে আজকে পুলিশকে পঙ্গু করেছেন। প্রশাসন, দুর্নীতিগ্রস্ত প্রশাসন তৈরি করেছেন। আমি আপনাকে চলে যেতে বলছি পুলিশ দপ্তর থেকে বিদায় নিতে বলছি, অন্য কাউকে দিন, যাতে পশ্চিমবঙ্গের এই কথা বলে আমি এর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী রবীন্দ্রনাথ মন্ডলঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী তথা ফ পুলিশ খাতে ব্যয়বরান্দের বাজেটকে আমি সমর্থন করছি। আমি প্রথমে যিনি বলাল একটা কথা স্মরণ করিয়ে দিই, উনি মাঝে মাঝে ভূলে যান ১৯৭৪ সালে এই বি মাননীয় সিদ্ধার্থবাবুর সময়ে উনি বলেছিলেন এটা একটা রাজত্ব চলছে, আমি হি সদস্য এই সত্যবাবু তাঁর প্রসিডিংস আছে, ১৯৭৪ সালে। উনি ঐসব কথা ভলে হ এই ব্যয়বরান্দ সমর্থন করতে গিয়ে একটা কথা সংক্ষেপে বলতে চাই। বিষয়টা হ বাজেট বরাদ্দ বৃদ্ধি হয়েছে ৩০ কোটি ২৫ লক্ষ ৭২ হাজার টাকা, কেন বেডেছে আছে মাননীয় মুখ্যমন্ত্রী উত্তর দেবেন। আমি বলি ওনারা যখন বক্তৃতা করেন তঞ্চ ভারতবর্ষের কোনও রাজ্যে কখন বাজেট বাড়ে না, কংগ্রেস শাসিত রাজ্যে বড়ে বাজেট বাড়ে না। দিল্লির তথ্য আছে, গত বছরে ২৩০ কোটি টাকা স্বরাষ্ট্র দপ্তরে ৯৪ সালে ২৭১৬ কোটি ৯৭ লক্ষ টাকা বেড়েছে, ২০ শতাংশ বেড়েছে। আমা কোটি ২০ লক্ষ ২২ হাজার টাকা, গত বছর বারে, ৩৪৮ কোটি ৯৪ লক্ষ ৫০ হা সামথিং পারসেন্ট বেড়েছে, কেন বেড়েছে? বলা হয়েছে চারিদিকে একটা আশঙ্কার ভারতবর্ষে সৃষ্টি হয়েছে, এই রাজ্যে বিচ্ছিন্নতাবাদী, সম্ভ্রাসবাদী কার্যকলাপ বাড়া হচ্ছে, এই সব মিলিয়ে এখন যে ধরনের বোমা বা উচ্চাঙ্গ ধরনের অস্ত্র ব্যবহার একে মেক আপ করার জন্য উচ্চ প্রযুক্তি সম্পন্ন মেকানাইজেশন দরকার হয়, স্বাৎ এ জন্যই বাড়বে, বিশেষ করে এবারের দাঙ্গার সময়ে আমরা গভীরভাবে উপল ভিহিকলের অভাবে পুলিশের যাতায়াত বন্ধ হয়ে গিয়েছিল, এগুলি উপেক্ষা করার বুদ্ধি থাকলে এসব প্রশ্ন কেন ওঠে আমি বুৰতে পারি না। আমি যে বিষয়টা উত্থা চাই যে আজ্বকে পরিস্থিতিটা কিং আমরা এমন একটা দেশে বাস করছি যে দেশ ধ যে দেশে সংখ্যালঘুরা বাস করে, এখানে মহিলাদের মান-সম্মান রক্ষা করা যায় দেশকে কখনই সভ্য দেশ বলা যায় না। আমাদের দুর্ভাগ্যজনক পরিস্থিতিতে <sup>যে ভা</sup> আমাদের দেশে যে ঘটনা ঘটেছিল সেটা নজিরবিহীন। আমাদের দেশে <sup>যুগে যু</sup> মসজিদ ভাঙ্গা হয়েছে, গত বছরের শেষের দিকে অর্থাৎ শেষ মাসে সমগ্র ভারতবর্ষে কাছে একটা কলঙ্কিত অধ্যায়।

[3-00 - 3-10 p.m.]

যে দাঙ্গা হয়ে গেল সেটা একটা নজির বিহীন ঘটনা। দাঙ্গা কিভাবে <sup>শুরু ই</sup>

পত্তিনিধিদের উপস্থিতিতে, কেন্দ্রীয় প্রশাসনের নীরব রহস্যজনক উপস্থিতিতে সেখানে দিদের প্রতিষ্ঠানটিকে ভেঙ্গে দেওয়া হল এবং যার দ্বারা ভারতবর্বের মর্মমূলে আঘাত ল, তারই পরিণতিতে সেখানে দাঙ্গা শুরু হল এবং তাতে প্রচুর প্রাণ এবং ধনসম্পত্তি ্ব। ঐ দাঙ্গার রেশ আমাদের এই পশ্চিমবঙ্গে—যে রাজ্য রাজনৈতিক কারণে ারিকতা থেকে মুক্ত—সেখানেও এসে পৌঁছাল, কারণ পশ্চিমবঙ্গ ভারতবর্ষের বাইরের ্রাজা নয়। ফলে এবারেও তার কিছুটা সংক্রামণ দেখা দিল। কিন্তু তফাৎটা কোথায়? <sub>চরিখে</sub> কলকাতার কয়েকটি জায়গায় বিক্ষিপ্ত হাঙ্গামা শুরু হল, কিন্তু ২৪ ঘন্টার মধ্যেই ন্ধর দাঙ্গা বন্ধ হল। উপদ্রুত এলাকায় মিলিটারী নামানো হল। রাজ্য পুলিশের উজ্জ্বল া কথা কেউ অস্বীকার করতে পারেন আমাদের রাজ্যে? সাম্প্রদায়িকতার প্রশ্নে পুলিশের । নিয়ে কংগ্রেস দলের পক্ষ থেকেও প্রশ্ন তোলা সম্ভব হয়নি। এখানে দাঙ্গা বন্ধ করা চবে এটা ঠিক, এখানে কিছু অশান্তিকর পরিস্থিতি হয়েছে, কিছু লুঠতরাজ হয়েছে। কিছ ্র এসব করেছে। কিন্তু সঙ্গে সঙ্গে এখানে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে এবং ্রাবিশ্বর পর আমাদের রাজ্যে আর দাঙ্গা ঘটেনি। কিন্তু তার পরবর্তীকালে সুরাট, বোম্বে ছবাটে আমরা কি দেখেছি? তারপর দ্বিতীয় ফেব্রু যেসব জায়গায় দাঙ্গা হয়েছে। ালাইজেশন অফ পলিটিক্স--রাজনীতিতে দুর্বিত্তকরণ, এটা কি ভয়ঙ্কর জিনিস সেটা ারা জানেন নাং এখানে দাঙ্গা নিয়ে যেসব কথা আপনারা বললেন তাতে কি ভারতবর্ষের র পক্ষে ভাল হবে ? এই প্রসঙ্গে আমি বোম্বের একটি ইকোনোমিক আভে পলিটিকাল ন রেফার করতে চাই। তাতে আজগর আলি, ইঞ্জিনিয়ার, যা লিখেছেন তার দুই-একটি যামি আপনাদের নজরে আনছি। বোম্বের এক গ্যাঙ্গ-স্টার এবং তার রাজভালরি গ্রুপ কাল আফিলিয়েশনের স্বার্থে সেখানে দাঙ্গা বাধায় এবং তার পরিণতিতে কি পরিস্থিতি ন দেখা দেয় সেটাই তিনি লিখেছেন। তিনি লিখেছেন—"Bombay's underworld is expanding and there are gang rivalries, with the gangs often dividlong communal lines. The gangsters have their own political conions, including with different fractions of the ruling party. It has l alleged that some notorious gangsters have links with the Sharad ar group which is at daggers drawn with Chief Minister Naik's p. This group rivalry has been allegedly one of the factors contribg to the communal violence, specially in the second phase. It has been alleged that the Chief Minister was reluctant to call in the as then the credit for stopping the riots would have gone to his the Union Defence Minister." এটার মধ্যে দিয়ে যেটা বলতে চাই সেটা হল, the perception of many political analyses. সেক্ষেত্রে পুলিশ সেখানে কি িনিয়েছে? পুলিশের মধ্যে কমিউনালাইজেশন কিভাবে গ্রো করেছে সেটা বোম্বের ঐ <sup>ই প্রকৃষ্ট</sup> নিদর্শন। ঐ উইকলির একটি জায়গায় তিনি লিখেছেন—"In the case of buque Sheikh, he was pulled out from his house, taken to some

[1st April.

distance and then shot dead. The police, according to an eyen account, shouted 'Jay Shri Ram' while shooting him. Mohd  $M_{II}$  Sheikh was also shot and wounded, but he is alive."

এই অভিযোগ আপনারা পশ্চিমবর্গে করতে পারবেন? আমাদের বামফ্রন্ট সর ভার মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর রাজত্বে পুলিশ কমিউনাল হয়ে গেছে এই অভিযোগ করতে পেরেছেন? সেটা যে পারেননি এটা মানতেই হবে আপনাদের।

অন্য আরেকটি প্রশ্নের উত্তরে দেখবেন এখানে পুলিশ কিভাবে রোল নি December 8, according to a resident there, the police came aroun P.M. and first opened fire and then set fire to the huts with provocation, when we visited the site not a single hat existed. ing to Mohd Hanif Ramzan Sheikh, a taxi driver whose hut w burnt, five persons were injured in the police firing of whom to still missing at the time of our isit. ওইসব জায়গায় দেখুন হিন্দু মুসলমা হল পুলিশ সেখানে ঢুকে পড়ে কমিউনালিজিম করছে। আমি আবার পড়ছি "B: few places, it was a confrontation between the muslims and the rather than a Hindu-Muslim-riot, সুতরাং এইভাবে দেখা যাচ্ছে যে পুলিশে ক্রিমিনালাইজেশন ঢুকে পড়ছে। সেই সঙ্গে সঙ্গে পুলিশের মধ্যে কমিউনালাইজে পড়েছে। এর ফলে আজকে, ভারতের অর্থনীতি আক্রান্ত হয়েছে। এই দাঙ্গার ফলে হয়েছিল তার কিছু তথ্য আমার কাছে আছে সেণ্ডলো আমি রেফার করছি। ঐ গুজরাটে ৯ হাজার কোটি টাকার মতো ক্ষতি হয়েছে বম্বেতে দাঙ্গাতে কয়েকশো হা টাকার ক্ষতি হয়েছে। এমন কি আমেরিকা, জাপান পাকিস্তান থেকে যে সমন্ত ভারতবর্ষে আসেন ওখান থেকে নির্দেশ দেওয়া হয়েছে যে তোমরা ভারতবর্ষের ট্যুরিস্ট স্পট অ্যাভয়েড করবে। সেইদিক থেকে আমরা গর্ব করে বলতে পারি। ভারতীয়রা বলেছিল যে আমরা এই রাজ্যে অনেক নিরপত্তাবোধ অনুভব করছি শিল্পপতিদের নেই সময়ে ওপিনিয়ন ছিল যে বম্বের তুলনায় কলকাতায় নিরাপ বেশি। বস্বের মতো বাণিজ্যিক শহরের তুলনায় পশ্চিমবঙ্গে অনেক বেশি নিরাপ<sup>দ হ</sup> বিবৃতি আমার নয়, দেশের বড় বড় শিল্পতিদের। আজকে ভারতবর্ষের অর্থনীতির, <sup>১</sup> যে ক্ষতি হয়েছে তাতে ভারতবর্ষের অর্থনীতি কয়েকশো বছরে পিছিয়ে যাবে। রা**ন্ত**নৈতিক ব্যাপার ময়, বিপদটা গভীরতম, এটা উপলব্ধি করতে হবে। আজকে প আইনশৃশ্বলার কথা বলতে গেলে প্রথমেই বলতে হয় ভারতবর্ষের কথা—<sup>(মুখা)</sup> পচনশীল পুঁজিব্যবস্থা প্রতিনিয়ত যানুষের সহট কাড়াচ্ছে। সামাজিক মূল্যবোধের এক অবক্ষয় হচেছ এবং ভারতবর্ষের অর্থনীতিকে কুরে কুরে খাচেছ, সমাজবিরোধীদের ' ভারে যাছেছ দোখানে পশ্চিমবঙ্গ তার থেকে যতই চেষ্টা করুক না কেন <sup>খুব এক</sup> থাৰুতে পারে না । সর্বভারতে সেখানে অবনতি ঘটছে সেখানে পশ্চিমবঙ্গে তো <sup>একা</sup> গর্বের সঙ্গে বলতে পারি যে পশ্চিমবঙ্গে যেভাবে প্রশাসনিক ব্যবস্থা নিয়ে 
ন্ত ব্যবস্থা করেছেন তা অন্য কোনও রাজ্যে হয়নি। যে কোনও অপরাধ করলেন 
করে কেস রুজু করে বিচার বিভাগীয় ব্যবস্থা নেওয়া কোনও রাজ্যে এত দ্রুত 
ারা গর্বের সঙ্গে বলতে পারি যে, যে কোনও অপরাধই হোক কেন তার কেস 
মিশন করা হয়। এমন একটা পরিকাঠামো তৈরি করা আছে যাতে যদি কোনও 
্রেরুগর করা হয় এবং তার যদি কনভিকশন হয় তাহলে প্রয়োজন হলে তার 
জন্মেন্ট পর্যন্ত হয়েছে এইরকম দৃষ্টাপ্তও আছে। আপনাদের সময়ে এইসব জিনিস 
রাধ অপরাধই, রাজনৈতিক তার কোনও রঙ হতে পারে না। দোষ করলে তাকে 
গিয়ে তার সাজার ব্যবস্থা করতেই হবে। আজকে কংগ্রেসিরা আমাদের অন্যায় 
ক্রেছল কিছু তো হয়নি, একটা কমিশনও তো হয়নি। কিন্ত এই মুহুর্তে বলতে 
রাজ্যে ৫টি কমিশন হয়েছিল এবং সেই কমিটিগুলোর নামও বলে দিতে পারি। 
রকর্ড দেখলেই দেখতে পাবেন যে তাতে কত লাইফ ইমপ্রিজনমেন্ট হয়েছে, 
নিভকটেড ছিল ইত্যাদি। আপনারা দয়া করে একটু দৃষ্টি দেবেন। এখন কেউ 
চটা অপরাধ করলেই পুলিশ কেস স্টার্ট হয় যা আপনাদের আমলে ছিল না।

#### 0 - 3-20 p.m.

আপনারা সেই দৃষ্টান্ত দিতে পারেননা। আমি এইটুকু বলতে পারি, আমাদের টা বামফ্রন্ট সরকার আছে, তার নীতি আছে, নীতি নিয়ে আমরা চলি। এবং বলা গার্ডলেস অব পলিটিক্যাল কনিসিডারেশন, আসামীদের ধরতে হবে। ধরা হচ্ছে। াগায় ধরা হচ্ছে। কিন্তু বিষয়টা হল এই, সাম্প্রদায়িকতার প্রশ্নটা, এটা আপনারা ল সাম্প্রদায়িকতা বলেন, আইন-শৃষ্ণলা বলুন, একটু দায়িত্ব নিতে হবে, সকলকে ত হবে, আমাদের বিপদ হলে—আপনাদের সুবিধা সাম্প্রদায়িকতার বিপদ দেশ া কংগ্রেসের পক্ষে ভাল নয়, দেশপ্রেমিক হতে হবে, মানুষকে ভালবাসতে হবে। ক্তার বিপদটা আমাদের দেশে অনেক পুরানো। কিন্তু এবারে যা হল, তার কিছু <sup>মাদের</sup> কাছে আছে যে কি<del>ভা</del>বে বেড়ে যাচ্ছে সাম্প্রদায়িকতার বিপদ। ১৯৮২ সাল ১৯০ সালের পূর্বে সারা দেশে ৬ হাজার ৪৯৯ জন সাম্প্রদায়িক সংঘর্ষের ঘটনায় ু ৩৫৬ জন প্রাণ হারিয়েছে, আহত হয়েছে ৩৫ হাজার ৪০০ জন এই সময়কালে। ত আমার কাছে তথ্য নেই সারা ভারতবর্বে কত হয়েছে। আমাদের এখানে ২৯ জন <sup>ছ। কিন্তু</sup> যাই মারা যাক্ আজকে বলুন, এই পরিস্থিতিতে অযোধ্যায় শুধু বাবরি <sup>ভাগ্ন</sup> হল, সেখানে যে সমস্ত মুসলমানদের তাড়িরে দিয়েছে, একজনকেও সেধানে <sup>টোতে</sup> পারেননি। এই লচ্জা জাতীয় লচ্জা, কংগ্রেসের লচ্জা। যদি বিবেক থাকে শিংল, যদি মূল্যবোধ খাকে তাহলৈ বলুন কেন্দ্রীয় সরকারের কাছে যে অন্ততপক্ষে ই সেই সর্ব আপনারা হারিয়ে ফেলেছেন। দুর্ভাগ্যের বিষয়, আর্মি

[ 1st At বলছি এই বিষয়টা নিয়ে এত হাল্কাভাবে ব্তৃতা করার জায়গা এটা নয়। আজকে দেখন আমাদের কৃতিত্ব, আজকে বিভিন্ন রাজ্যে রাজ্যে কেন্দ্রীয় সরকারে সাম্প্রদায়িকতার প্রশ্নে র্য়াপিড আকশন ফোর্স গঠন করা হয়েছে, বিভিন্ন ে কাতর সিটিগুলো আছে সেখানে, সৌভাগ্যক্রমে এই রকম একটা দেশ জ্ঞে বিষাক্ত আবহাওয়া সেখানে আমাদের রাজ্য সেই লিস্ট থেকে বাদ আছে " কৃতিত্ব। এটা আপনাদের মেনে নিতে হবে। আইন শৃঙ্খলার প্রশ্নে আমি ত্ব যে সারা দেশের তলনায় আমাদের রাজ্যের আইন শৃঙ্খলা ভাল। আমরা যথেষ্ট আছি বলে আপনারা এত স্বাধীনভাবে চলাফেরা করতে পারছেন। তবে ঠিক সরকারের সমীক্ষা আছে, সেটা বলছে, এটা আমার কথা নয়। গত ৪০ বছা সমীক্ষা হয়েছিল নভেম্বর মাসে, তাতে বলছে সারা দেশে গত ৪০ বছরে অপ ১৪৬ শতাংশের বেশি বেডে গেছে। হিংসাত্মক অপরাধের ঘটনা সর্ব ভারতীয় হি ৫৩ সালে মোট ৪৯ হাজার ৫২৮ টি ছিল, ৯০ সালে তা বেডে দাঁডায় ২ লং ৩৩৮'এ। আর এই সমস্ত ঘটনার বেশিরভাগ মধ্যপ্রদেশ, উত্তরপ্রদেশ, মহার বেশির ভাগ সব কংগ্রেস শাসিত অঞ্চলে। এখানে প্রায় ৫২ শতাংশ এবং তার হয়েছে কর্ণাটক থেকে ত্তরু করে তামিলনাড় এই সব জায়গায়। আমাদের রাজ निक्तः। सर्वक्रद्धाः निक्तः। व्यापि वलिष्टः साधार्यश्चारतः या सुक्रवे वाष्ट्रः, जः ডাকাতি, রাহাজানি কিছু যে বাড়বে না তা নয়। আমি একটা পরিসংখ্যান আপ **নিয়ে এই মুহর্তে একটা পরিসংখ্যান আপনার কাছে দিছি।** ৯২ সালে দিলি যে decoity, robbery, burglary, theft, murders and others এর ট বলছি ইন্ডিয়ান পেনাল কোড ক্রাইম থেকে—৩৬ হাজার ৩০২ এই সব হয়ে সেখানে এসে দাঁড়াচ্ছে ১৪ হাজার ১১০ কলকাতায়। বম্বে হল ৪০ হাজার ন আমাদের আত্মসন্তুষ্টি নেই। আর একটা ক্রাইম ফিগার্স দিচ্ছি ওয়েস্ট বেঙ্গল স্টেটের। প্রতি এক কোটি মানুষ পিছু অপরাধের ঘটনা। ডেকয়টি, রবারি thefi আব্রে ১২৪.৭৪ হাজার ডেকয়েটি, গুজরাটে ১১৪.৫৩ হাজার, কর্ণাটক ৯৬.৪ <sup>হাং</sup> ১০১.৫২ হান্ডার, আমাদের পশ্চিমবঙ্গে ৭৯.১৪ হাজার। রেপ আমাদের রা মহারাষ্ট্রে ৪৫২.৯৯, ব্লণ্টিকে ১৩৬.২২, গুজরাটে ২৪০.৩৯। মার্ডার—অঞ্জে <sup>৪১০.২</sup> ৩৯৪.০৯, কর্ণাটকে ২৯৮.৮৯, মহারাষ্ট্রে ৩৬৬.০৭ আর ওয়েস্ট বেঙ্গলে ২৫৪. ওয়েস্ট বেঙ্গল অনেকের চেয়েই নিচে রয়েছে। তবে আমি বলছি, এবি<sup>ষয়ে আ</sup> সম্ভুষ্ট, তা নয়। আমাদের কোনও আত্ম-তুষ্টি নেই। আইন-শৃঙ্খলার প্রশ্নে <sup>আমি ফৌ</sup> কাছে বলতে চাই সেটা হচ্ছে মহিলাদের ওপর নির্যাতনের বিষয়টি <sup>খুবই গ</sup> আমাদের রাজ্যের জনগণ ঝাজনৈতিক দিক দিয়ে, সামাজিক দিক দিয়ে <sup>যথেষ্ট সা</sup> সত্তেও এখানে রেপ কিছুটা বেড়েছে, মহিলাদের ওপর নির্যাতনের ঘটনা <sup>কিছুটা (</sup> **এর জন্য আমাদের রাজ্যের মানুষ যথেষ্ট পরিমাণে উদ্বিগ্ন** এবং আমাদের <sup>রাজ্যের</sup> সরকার সম-পরিমাণ উদ্বিগ্ন। সত্য বাপুলি বললেন, 'আপনারা সমস্ত <sup>বিষয়ে এ</sup>

নি কি জানেন আমাদের সরকারের প্রচেষ্টায় আমাদের রাজ্যে একটা বিশেষ সেল হয়েছে মহিলা নির্যাতনের ব্যাপারে এবং মুখ্যমন্ত্রী নিজে সেই সেলের কাজ ্র<sub>ন,</sub> পর্যবেক্ষণ করেন? এখানে নারী কমিশন গঠিত হয়েছে। আমরা বিভিন্ন দেখতে পাই? অজ্ঞতা, পশ্চাৎপদতা, এবং সামাজিক বিধি-নিষেধের জন্য মহিলারা ্ব অত্যাচারের, নির্যাতনের বিষয়গুলো নথিভূক্ত করতে পারেন না। মহিলা সংগঠন <sub>দবী সংগঠনের</sub> সাহায্য নিয়ে তাঁরা যাতে অভিযোগ নথিভুক্ত করাতে পারেন তার ্র আভকে পদক্ষেপ নেওয়া হয়েছে। হাাঁ, স্বীকার করা হয়েছে ধর্ষণের সংখ্যা ং এর জন্য আমরা উদ্বিশ্ন। কিন্তু সারা দেশে যা হচ্ছে তার জন্যও আমরা যথেষ্ট াতে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে ৩রা জানুয়ারি '৯৩ কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী ্রাগেনস্ট ওমেন' একটি পত্রিকা বের করেছেন। সেটি যেদিন প্রকাশিত হয় সেদিন অনুষ্ঠিত হয়েছিল। সেখানে লোকসভার এবং রাজ্যসভার সদস্যদের ডাকা হয়েছিল. ্রুঅগোরেট করেছিলেন। স্বরাষ্ট্রমন্ত্রী সেখানে রিপোর্ট পেশ করেছেন, ১৯৮৭ সাল ্ সালের মধ্যে সারা ভারতবর্ষে ভায়লেন্স এগেনস্ট ওমেন ৪৬% বেড়েছে। রেপ. । অ্যান্ড আদার ক্রাইমস মিলিয়ে এ ক্ষেত্রে ভারতবর্ষের ৬টি রাজ্ঞ্য পশ্চিমবাংলার ্ছ। মধ্যপ্রদেশ ১৭.৬%, ইউ. পি ১৬.৭%, মহারাষ্ট্র ১৭.৯%, অন্ধ্রপ্রদেশ ৬.৬% দের রাজ্য ৫%। আমরা লক্ষ্য করছি সারা ভারতবর্ষে জেনারেল ক্রাইম বেড়ে থাপি আমরা দেখছি আমাদের রাজ্যে কোনও অপরাধ সংঘটিত হলে বা কোনও াক ঘটনা ঘটলে পুলিশ সঙ্গে সঙ্গে হস্তক্ষেপ করে, আসার্মীকে ধরার চেষ্টা করে, ্টোজদারি কেস হয়। কিন্তু আমরা অন্য রাজ্যগুলোতে কী দেখছি? যখন কংগ্রেসি ফ্ল ত্রিপুরায় তখন সেখানে কী ঘটছিল? ত্রিপুরায় বীরচন্দ্র মনু বলে একটা গ্রা<mark>ম</mark> াখনে গত পাঁচ বছর ধরে আমরা যেতে পারি নি। সেখানে কয়েকদিন আগে পার্টি অফিসে লাল-ঝান্ডা তুলে আমাদের পার্টি কর্মীরা ইলেকশনের প্রস্তুতি নিচ্ছিলেন। সেই পার্টি অফিস পেট্রোল ঢেলে জ্বালিয়ে দেওয়া হ'ল। আমাদের পার্টির ৯ জন শুড়িয়ে মারা হ'ল। একজন এম. এল. এ.-র সিকিউরিটিকে পুড়িয়ে মারা হ'ল। সে ।পুরার কংগ্রেসি স্বরাষ্ট মন্ত্রী কী বিবৃতি দিয়েছিলেন? 'জনরোবে ওরা মারা গেছে।' ক্র্যেসের আইন-শৃশ্বলা এবং গণতন্ত্র রক্ষার নমুনা। আমরা দেখেছি ত্রিপুরার নূলীয়া ধ্রনের ঘটনা ঘটেছে। সেখানে বাড়ি থেকে পাঁচ জনকে ধরে নিয়ে যাওয়া হয়েছিল। শ্য একজন এম. এস. সি. পাশ ছেলে ছিলেন। তাদের ধরে নিয়ে গিয়ে জ্যান্ত <sup>রা</sup> হয়েছিল, একটা কেসও হয়নি, ফৌজদারি মামলা হয়নি। আর এখানে তো ্ সালের ঘটনা আমরা দেখেছি।

20 - 3-30 p.m.]

<sup>&</sup>lt;sup>নারা</sup> এইসব কথা বলেন, কি**ন্তু কোনও কেস কিছু হয়নি। আর আমাদের রাজত্বে** <sup>ম ভাবা</sup> যায় না। আমাদের **কিছু বক্তব্য নেই,** তা নয়। রাজারহাটে ৪ জন খুন হল।

[1st An

আমাদের পার্টির এল. সি. এম শ্রী শঙ্কর বিশ্বাসকে খুন করল। কারা খুন করল, নেতা শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় যখন ছিলেন তখন তিনি দে-গঙ্গায় গিয়ে 👊 করলেন, তারপর সন্ধ্যাবেলায় সালারউদ্দিন, আলাউদ্দিন এবং আনারউদ্দিন তাত গলা কাটল এবং সেই গলা তার মায়ের সামনে উপহার দিল। বাবুসমর দে যে আসামী তারা প্রত্যেকেই আজকে কংগ্রেসের মদতপুষ্ট। আপনাদের মহিলা নে তাঁকে নিয়ে গিয়েছিলেন। তিনি শাসনে গিয়ে মিটিং করলেন। নির্লচ্জের এক্ট দরকার। এইসব খুন আপনারাই করাচেছন। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে ত্ব এইসব আসামীগুলি যারা কংগ্রেসের শেলটারে আছে তাদেরকে অবিলম্বে গ্রেপ্তার আমি আগেই বললাম, রাজনীতিতে দুর্বৃত্তায়ন বা ক্রিমিনালাইজেশন এণ্ডলি করতে না পারেন তাহলে ক্ষতি হবে। দুর্বৃত্ত বা সমাজবিরোধীরা যদি রাজনৈ থাকে তাহলে তাদের প্রভাব পড়ে নারীদের উপর এবং অন্যান্য জিনিসের উ এদের থেকে দূরে থাকুন। রাজনীতিতে এইসব সমাজবিরোধীদের কংগ্রেসিরাই আফ ১৯৭২ সালে এদের উপর ভর করে ক্ষমতায় এসেছিলেন। এই সম্পর্কে ইতিবাচক নথিপত্র তুলে ধরে আপনাদের সামনে হাজির করেছিলাম। এইসব স আপনাদের অ্যাসেট, এদের ওপর ভর করেই আপনাদের রাজনীতি। তাই এই একের পর এক করে যাচ্ছেন, আর এখানে বড় বড় কথা বলছেন। তাই ক গণতান্ত্রিক ব্যবস্থায় এইসব কথা আপনাদের শুনতেই হবে। আমাদের যারা कृ কংগ্রেসের শেলটারে আছে। তাদের অবিলম্বে গ্রেপ্তার করা দরকার। তাই বল আলোচনা নেই, তা নয়, ভুরি-ভুরি অভিযোগ আছে আপনাদের বিরুদ্ধে। আ কিছু কাজ আমরা মানুষের জন্য করি। আমাদের এখানে ধর্ম নিয়ে উন্মাদনার জ্ঞাত-পাতের দাঙ্গা নেই। সেইজন্য আমরা গর্ব অনুভব করি। তফসিলি জাতি ও উপর নির্যাতন আমাদের রাজ্যে প্রায় নেই। কিন্তু সারা ভারতবর্ষের ক্ষেত্রে <sup>তর্ফা</sup> উপজাতিদের উপর নির্যাতনের পরিসংখ্যান প্রচুর দিতে পারি। আজকে সারা ভ কী হচ্ছেং কংগ্রেসি রাজত্বগুলিতে এদের কোনও নিরাপত্তা নেই, কিন্তু আমাদের আছে। নারীদের উপর নির্যাতনের প্রশ্নে একটি কথা বলি। নারী নির্যাতন <sup>হ</sup> প্রতিহত করার জন্য নিশ্চরই ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। মাননীয় সদস্য গ্রী সত মহাশয় ধর্ষণের অভিযোগ তুলেছেন। কোন মুখে একথা বলছেন? আপনাদের <sup>ছ</sup> কী থ্রু অতীত ইতিহাস থেকেই বর্তমানের জন্ম। আপনারা আজকে যে সংখ্যা<sup>য় এ</sup> সেটা কিন্তু অতীতের কার্যাবলীর ফলেই। আমাদের অতীত কার্যাবলী <sup>হচ্ছে</sup> <sup>1</sup> গণ-সংগ্রাম এবং জনগণের আন্দোলনে মধ্য থেকে আজকে আমাদের বর্তমান। বর্তমান আগামীদিনে ভারতবর্ষে তা লিখিত হবে। আর আপনাদের দল <sup>হল ২</sup> ভাঙার পিছনে প্রত্যক্ষ মদতদাতা। আগামীদিনে ভারতবর্ষের মানুষ সেইভাবে <sup>আ</sup> করে দেবেন। আপনারা ধর্যণের কথা বলতে পারেন? নৈতিকতা বলে এ<sup>কটা ব</sup> কথা কংগ্রেস কি করে বলেন? আমাদের পার্টির একজন কৃষকনেতা প্রার্ট <sup>বলে</sup> ্রকাচাদের সংগঠন। আপনারা নাগপুরের সন্মেলনে গিয়েছিলেন, মনে আছে? মানুষের 
গুবিশ্বাসঘাতকতা করে। অতীতের ইতিহাস নিশ্চয়ই আপনাদের জানা আছে। আপনাদের 
নর ভয়ে নাগপুরের গণিকারা শহর ছেড়ে পালিয়ে গিয়েছিল। বোম্বে যখন সন্মেলন 
কি পরিস্থিতি হয়েছিল? আপনাদের একজন কেন্দ্রীয় মন্ত্রী বিদেশ যাবার সময় 
বিমানসেবিকার শ্লীলতাহানি করার জন্য তাঁকে মাঝপথে নামিয়ে বাড়িতে পৌছে দিতে 
কিন আপনাদের দলের মহিলাদের মর্যাদারক্ষার জন্য দৌড়ে পালাতে হয়ং

াপনাদের একজন সাংসদকে কলকাতার নিষিদ্ধ পল্লীতে গ্রেপ্তার হতে হয়, শুধু তাই <sub>সনাদের</sub> একজন বিধায়ক ১৮০ জন মহিলাকে নিয়ে ব্লুফি<del>ন্</del>ম অশ্লীল ছবি করে গ্রেপ্তার রন। এসব অতীতের ঘটনা, আজকে আপনাদের দলের মহিলাকে শ্লীলতাহানি করার াপনাদের দলের যুব নেতাকে গ্রেপ্তার হতে হয়। বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার সময় ক্রটকির ব্যাপারে আপত্তি জানানোর জন্য বিশ্ববিদ্যালয়ের একজন বিভাগীয় প্রধানের রু দদিন তুলে নিয়ে গিয়েছিলেন। আপনারা ধর্ষণ নিয়ে চিৎকার করছেন। আসলে র ঢাকে অনেক সময় বিভ্রাস্ত হবার সুযোগ হয়ে যায়। আমাদের দুর্ভাগ্য যে আমাদের গ্রংশের সংবাদপত্র আপনাদের মর্যাদা নষ্ট করছে, আপনাদের বোর্ডের কাগজগুলিকে াবলে চালাচ্ছে। তারাই আপনাদের উৎসাহিত করছে। এটা জাতীয় লচ্ছা, তবুও আমি বলি যে আপনারা এখনও সতর্ক হন, তা না হলে সকলকেই বড় বিপদের মধ্যে পড়ে হবে। সেটা আপনাদের কাছ থেকে আশা করি না। সাম্প্রদায়িকতার ক্ষেত্রে পূলিশের া কি ছিলং সন্ত্রাসবাদ রুখতে, বাঁকুড়ায় পুলিশের সঙ্গে যে সংঘর্য হয়েছিল তাকে ত করেছে আমরা এটুকু জানি। আজকে উপনির্বাচন, বালীগঞ্জ, নয়াপাড়া, বহরমপুর নির্বাচন আমরা শান্তিতে করতে পেরেছি। আপনারা গণতন্ত্র জানেন, আমি যে বিষয়টি যে, আপনাদের নেত্রী যা করে বেডাচ্ছেন সেটা রাজ্য এবং গণতন্ত্রের পক্ষে মোটেই নয়। আপনাদের দেখা দরকার সেগুলি গণতন্ত্রের পক্ষে মোটেই শুভ নয়। কেন করছেন, <sup>যদি</sup> আপনাদের উপর ভরসা না করতে পারেন তাহলে কি করবেন? আপনাদের <sup>দুর</sup> কাজ শুধু নন্পলিটিক্যাল অ্যাকশন যুক্ত হওয়া। তাই আমি বলছি যে এশুলি ্রর পক্ষে বিপদজনক। আমি একটি আবেদন রাখছি, পঞ্চায়েত নির্বাচন আসছে, মানুষকে ন্য়ে তা করা যাবে না, এ রাজ্যের একটা ঐতিহ্য আছে, আমাদের রাজ্যের মানুষকে গৌরবের দৃষ্টিতে দেখে, এই রাজ্যের মানুষ হিসাবে আমাদের গৌরব হওয়ার কথা। না, আপনারা গুরুত্বপূর্ণ বিরোধীদল আপনারা পুলিশকে সাহায্য করবেন নাং দাঙ্গা <sup>এবং</sup> বিচ্ছিয়তাবাদী আন্দোলনের বিরুদ্ধে আপনাদের ভূমিকা অনেকখানি আপনাদের <sup>। পক্ষ</sup> থেকে যা বক্তব্য রেখেছেন, তাতে খুবই আশ্চর্য হতে হয়। আপনাদের মাননীয় শাধন পান্ডে মহাশয় বি. জে. পি.কে সমর্থন করেন এবং বাইরে অন্যরকম কথা , উনি বি. জে. পি.র দিকে এক পা এগিয়ে দিয়েছেন। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে <sup>াধ</sup> করব আজকে <mark>আমাদের দেশে</mark> বড় বিপদ এবং তা হচ্ছে কংগ্রেসের জন্য, তাদের

[ 1st April 16

হাত থেকে রক্ষা করবার জন্য পঞ্চায়েত নির্বাচনকে সৃদৃঢ় করার জন্য গ্রামে গঞ্জে বাক্ত হবে এবং দেখতে হবে। আপনাদের কাছে আবেদন এই যে এই সংকীর্ণ দলীয় 💥 রেখে বামফ্রন্টের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে ঐক্যবদ্ধ সংগ্রাম করতে আগামী দিনে আসবেন। এই কথা বলে, এই বাজেটকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য <sub>শেষ ম</sub>

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় : মিঃ স্পিকার স্যার, আজকে এখানে সরকার প্র<sub>ক্ষে</sub> বক্তা মাননীয় রবীন মন্তল মহাশয়ের বক্তব্য শুনে বিশ্মিত হতে হল। যেখানে কলকাল পুলিশ দপ্তরের ব্যয়-বরাদ খাতে যা আলোচনা হচ্ছে সেখানে কলকাতা শহরে & ঘটনাকে কেন্দ্র করে সারা রাজ্য যেখানে উদ্বেলিত, সে সম্পর্কে কোনও উল্লেখ করেন্দ্র কলকাতা শহরের যে ঘটনা সারা পশ্চিমবঙ্গসহ সারা দেশের মানুষকে উদ্বেলিত করেছ সম্পর্কেও তাঁর মুখ থেকে একটা বাক্য স্ফুরিত হল না। আমি জানি আমাদের ম মুখ্যমন্ত্রী বিরোধীদলের কোনও অভিযোগ যা সরাসরি করা হয় তার উপর কোনও গুরু না। আমি আবার মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে নারী ধর্যণের কথা বার বার বলেছি, আমি y থেকে ১৯৯২ পর্যন্ত এই ১০ বছরে পুলিশ লক আপে এবং পুলিশ কর্তক ৪২ট ধর্ষণের ঘটনা কোথায়, কবে কোন থানায় কি হয়েছে তার একটা তালিকা জমা দিছে আমি আশা করব মাননীয় মুখ্যমন্ত্রী প্রয়োজন হলে সরকার পক্ষ এবং বিরোধী দল্য থেকে সদস্যদের নিয়ে একটা হাই কমিটি তৈরি করে তদন্ত করার স্যোগ করে দে

[3-30 - 3-40 p.m.]

আমি এখানে যারা রেপড হয়েছেন, যাদের উপর নির্যাতন করা হয়েছে তালে উল্লেখ করছি। আমার লিস্টে ৪২ জনের নাম আছে, কিন্তু সেই ৪২ জনের নাম ঐ সময়ে বলা যাবে না. তবে কিছু নাম বলে দিচ্ছি। যেমন, এক তরুণী, হাওড়া স্টেশন, য এপ্রিল, ১৯৯২, যুবতী-কোতায়ালী, কুচবিহার, তারিখ ডিসেম্বর ১৯৮৩, বিজলী হালদার-ব ফেব্রুয়ারি ১৯৮৪, দীপ্তিরাণী ঘোষ—উদয়পুর গ্রাম, জুন ১৯৮৪, তরুণী নার্স—নার্কেন জুলাই ১৯৮৪, তরুণী—ভবানীপুর, অক্টোবর ১৯৮৪, আদিবাসী মহিলা—কামারকুণ্ণ, আ ১৯৮৪, মঞ্জু চক্রবর্তী—টুঁচুড়া থানা ব্যারাক, অক্টোবর ১৯৮৪, এইরকমভাবে মৌ 🖟 ঘটনা আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে জমা দিতে চাই এবং প্রত্যাশা নিয়ে যে, <sup>যশ্ধন ক</sup> নির্যাতন নিয়ে এখানে এত আলোচনা হচ্ছে তখন সেই সম্পর্কে মাননীয় মুখ্যন্ত্রী বক্তব্য রাখবেন যে, এই ব্যাপারে তাঁর সরকারের বক্তব্য কি। আজকে কলকাতা <sup>শহরের</sup> এতবড় যে ঘটনা ঘটে গেল সেটা কি করে ঘটল এবং এর তদন্তের ভার <sup>রি. রি. র</sup> এর হাতে দেওয়া হবে কিনা সে সম্পর্কেও তাঁর স্পষ্ট ঘোষণা আমরা শুনতে <sup>চাই। বউরঞ্জা</sup> বোমা বিস্ফোরণ সম্পর্কে সভাকেু অবহিত করুন যে, ঐ ঘটনার নায়ক রশিদের <sup>সঙ্গে ৪</sup> কোন রাজনৈতিক নেতার যোগাযোগ ছিল, দল হিসাবে কোন রাজনৈতিক <sup>দল, কোন র্ক্স</sup> **নেতা এবং পূলিশ প্রশাসনকে কত টাকা করে উপটোকন দিত** ঐ রশি<sup>দ, কি কর</sup>

প্রেছিল। এছাড়া ১৯৮৯ **সালে** রশিদ যে বিমানে লন্ডন গিয়েছিল সেই বিমানের <sub>টা প্রকাশ</sub> করতে হবে এ**বং** যতবার সে বিদেশ সফর করেছে প্রতিবারের প্যাসেঞ্জার বি. আইকে দিয়ে তদন্ত করিয়ে তার রিপোর্ট এই সভাকে জানাতে হবে এই দাবি মার মশলা কি কারণে সেখানে মজুত রাখা হয়েছিল, সেটা কি ত্রিপুরার নির্বাচনের , পঞ্চায়েত নির্বাচনের জন্য রাখা হয়েছিল সেসবও আমরা জানতে চাই। কারণ রুর ২০০ মিটারের মধ্যে এত বোমার মশলা এসে জমা হয়েছে অথচ পুলিশ সেটা রেনি, এটা সরকারের পক্ষে লজ্জার এবং রাজ্যের পক্ষে কলঙ্কের। কিন্তু এক সময় য়ার্ডের সঙ্গে ক্যালকাটা পুলিশের তুলনা করা হত। আজকে লালবাজারের ২০০ মধ্যে এতবড় অস্ত্রভান্ডার গড়ে ওঠার দায়টা স্বরাষ্ট্র (পুলিশ) মন্ত্রীকে বহন করতে আমরা আরও জানতে চাই, অল্প কিছুদিনের মধ্যে রশিদ এত বিপুল পরিমাণ ন্ট করল কি করে। সাট্টা ডন রশিদের এই বেআইনি কারখানার পেছনে কাদের । তার বিস্তৃত রিপোর্ট সি. বি. আই তদন্তের মাধ্যমে উদঘাটিত করতে হবে। এটা দিয়ে হবে না, কারণ ফ্রি স্কুল স্ট্রীটে পৌঁছাতে পুলিশ সময় নন্ট করেছিল যাতে থকে সে কাগজপত্র সরিয়ে দিতে পারে। মাননীয় মুখ্যমন্ত্রী সংবাদপত্রের বিরুদ্ধে ামামলা করেছেন, মানহানীর মামলা করেছেন। নিশ্চয়ই উনি নিজের প্রটেকশনের ক্ষেপ নিতে সারেন। কিন্তু সি. বি. আই. এনকয়ারীর মাধ্যমে যদি তিনি ক্লেন চিট সতেন তাহলে পশ্চিমবঙ্গসহ ভারতবর্ষের কাছে মাথা উঁচু করে বলতে পারতেন যে, আই. তদন্তের মাধ্যমে তিনি নিজেকে ক্লিন প্রমাণ করতে পেরেছেন। আজকে উনি ত্রের বিরুদ্ধে মানহানির মামলার পথে না গিয়ে যদি সি. বি. আই. তদন্তের পথে তাহলে দেশবাসী তাঁকে ধন্যবাদ দিতেন।

াজকে মাননীয় মুখ্যমন্ত্রীর বাজেট আলোচনা করতে গিয়ে দাঙ্গা সম্বন্ধে আলোকপাত 
য়ছে। আমি মাননীয় মন্ত্রীকে প্রশ্ন করি ৬ই ডিসেম্বর দাঙ্গা হবার পরে ৯ তারিখে 
গতে কেন দাঙ্গা ছড়াল? আপনারা তো সমস্ত রকমের ব্যবস্থা নিয়েছিলেন তাও বছ 
লোক কেন দাঙ্গায় মারা গেল? এই কলকাতার আশেপাশে এবং কলকাতা শহরে 
রন্ধে মানুষ এর স্বীকার হয়েছিল। আজকে এই ঘটনাতে কি রাজ্যের পুলিশের অদূরদর্শিতা 
নাম দর্শিতার পরিচয় দিচ্ছে, না? এর দায়-দায়িত্ব পুরোপুরি রাজ্য সরকারের ঘাড়ে 
ঠিছে। অপনাদের অদূরদর্শিতার ফলে এতগুলো লোকের প্রাণ কেড়ে নিলেন। আজকে 
র উপরে মানুষের আস্থা চলে যাছেছে। ৩ জন উগ্রপন্থীকে পুরুলিয়াতে ধরবার জন্য 
পুলিশকে সেই উগ্রপন্থীরা কিভাবে নাকে দড়ি দিয়ে ঘুরিয়ে ছিল সেটা সবাই জান। 
গ্রুপন্থীদের সঙ্গে মোকাবিলা করতে পাঞ্জাব পুলিশ এখানে রাজ্যের পুলিশের উপর 
রাখতে পারল না। পাঞ্জাব থেকে সশস্ত্র পুলিশ এসে জোমজুড়ে উগ্রপন্থীদের সঙ্গে 
ক্রাণ্ড থার এবং এর থেকে পুলিশের কি ব্যর্থতা প্রমাণ করছে না? এমন আজকে 
ইয়েছে যে পন্টিমবঙ্গের পুলিশের উপরে আর কেউ আস্থা রাখতে পারছে না। যার

[ 1st April 1 জন্য অন্য রাজ্যের পুলিশ এসে তার মোকাবিলা করছে। আপনারা আজকে বি a ভূমিকা নিয়ে সমালোচনা করছেন কিন্তু আপনারাই তো রাজীব গান্ধীকে পরাত্ত 🗞 অাদবানি এবং অটলবিহারী বাজপেয়ীর সঙ্গে হাতে হাত মিলিয়ে কলকাতার ম্যাদ্র করেছিলেন। আপনারা যে বিষবৃক্ষ রোপন করেছেন তার ফল আজকে সবাইকে 🕫 এবং সেই কারণে পশ্চিমবঙ্গ আজকে ভুগছে। সেইদিন আপনাদের লক্ষ্য ছিল যে, ক্ পরাস্ত করতে হবে, রাজীব গান্ধীকে যে কোনও ভাবেই হারাতে হবে। আপনাদ্রে কৃতকর্মের জন্য আজকে তার মাণ্ডল দিতে হচ্ছে। আজকে অন্তত সেদিনের কথা 🙃 প্রার্থনা করুন এবং উঠে দাঁড়িয়ে বলুন যে আমরা কংগ্রেসিরা সাম্প্রদায়িক দল নঃ। আপনারা যতই ধর্মনিরপেক্ষ দৃষ্টিভঙ্গি নিয়ে চলার চেষ্টা করুন না কেন মানুষের ফ পি যথেষ্ট দাগ কাটতে পেরেছে। সেই কারণে আমি বলছি যে, আর আত্মসম্ভষ্টিত . বিজেপির ভূমিকা কি সেটা মানুষকে বোঝানোর চেটা করুন। বিজেপি ওধু শহরের: গ্রামের বুকেও যথেষ্ট আঁচড় কাটতে পেরেছেন। সেইজন্য আমি আবেদন করছি য জনগণকে সজাগ থাকতে বলুন, বি জে পির ভূমিকা সম্পর্কে তাদের সচেতন হ আরও বেশি করে প্রশাসনিক দিক থেকে সতর্ক হতে হবে। দার্জিলিংও জুলতে 😘 পশ্চিমবঙ্গে অনেকদিন পরে দার্জিলিংয়ে শান্তি এসেছিল। দার্জিলিং নিয়ে পার্লামেন্টে হচ্ছে। আপনারা বলেছেন যে দার্জিলিংয়ের ইউটিলাইজেশন সার্টিফিকেট তারা দে **জ্ঞি এন এল এফের তরফ থেকে সুভাষ ঘিষিং বলেছেন যে, রাজ্য সরকারের** ' টাকা তারা এখনও পায়নি। যার ফলে দার্জিলিংয়ের সমস্যার সমাধান হচ্ছে না। সু **অবস্থা এর একটু পরিবর্তন করুন, এই**ভাবে তো চলতে পারে না। এর ফলে দ যেটুকু শান্তি এসেছিল তা বিদ্নিত হচ্ছে। এবং পর্যবেক্ষকরা এর ফলে খুব অসুবি পড়ছে। এর একটা ব্যবস্থা নেওয়ার দরকার।

# [3-40 - 3-50 p.m.]

আমরা সংবাদপত্রে দেখেছি সুভাষ ঘিষিং দাবি করেছে পার্লামেন্টে কংগ্রাসর ইন্দ্রজিৎ সেখানে গিয়ে বলেছেন চীফ সেক্রেটারি চিঠি লিখে ইউটিলাইজেশন স সুভাষ ঘিষিং দিয়েছেন বলে প্রাপ্তি স্বীকার করেছে, অথচ বিধানসভার দাঁড়িয়ে ব হচ্ছে যে জি. এন. এল. এফ. এর যে বরাদকৃত অর্থ, তা সঠিকভাবে দেওয়া হা তার সত্যাসত্য কিছু জানতে পারছি না, তা আজও বলছেন না। মানবাধিকার সদন না শিশির মঞ্চে কয়েকটি প্রশ্ন করার জন্য কয়েকজন যুবককে কি শার্তি তা আপনাদের স্মরণে নেইং বুদ্ধদেববাবুর অঙ্গুলি হেলনে কয়েকজন যুবককে হে হয়েছিল নকশালপন্থী বলে, যারা সভার মধ্যে বসে ২/৪টি প্রশ্ন করেছিলেন, তার গ্রেপ্তার করে অজানা কোনও জীয়গায় ছেড়ে দেওয়া হয়েছিল। আপনারাই আবার এর কথা বলছেন। এরপরে পুলিশের নানাবিধ বাড়তি সুযোগসুবিধা দিছেন। আমি পুলিশ সার্জেন্টাদের কথা বলছি, তারা ১৫/২০/২৫ বছর ধরে কলকাতা পুলিং

বে চাকরি করছে, অথচ **তাদের** প্রোমোশন হয় না। ভাবতে পারেন, একজন পুলিশ টি যদি ২০ বছর চাকরি করার পর দেখা গেছে সেই সার্জেন্ট পদেই আছেন, সেই পদ ্রতদের একটা সীমা নির্ধারণ করে দিন, তারা যাতে প্রোমোশন পেয়ে অন্যত্র যাবার াগ পেতে পারে। আজকে অনেক রকম ভাবে পুলিশের বিভিন্ন সুযোগ সুবিধার কথা ছেন। একটা কথা বলতে চাই কতজন কলকাতা পুলিশের আই. পি. এস., আই. এ. ক্যাতার এর অফিসারদের সন্ট লেকে জমি দিয়েছেন, যারা সেখানে বড় বড় প্রাসাদ ছুং এই রকম ভাবে রাজ্য সরকারের পক্ষ থেকে সেই সব আই. এ. এস., আই. পি. অফিসারদের হাতে রাখার জন্য জমি দিয়েছেন, সেটা এখানে বলা দরকার। আপনি ্নার বক্তব্যে হরিহরপাড়ায় শুলি চালনার কথা বলেছেন। আপনার ট্রিগার্ড হ্যাপি পুলিশ ানে की করল, সেটা সকলেই জানেন। ৬ই নভেম্বর, কংগ্রেসের বাংলা বন্ধ ব্যর্থ হয়েছে । বাজেট বকুতায় আপনি দিলেন। ২৫শে নভেম্বর আপনার সরকারের যে মৃত্যু ঘন্টা াবার জন্য যে সমাবেশ হয়েছিল তা কি ব্যর্থ হয়েছিল বলে চিহ্নিত না করার জন্য নাকে ধন্যবাদ জানাচ্ছি। একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ কথা বলতে চাই, সেটা হচ্ছে এই 📷র পুলিশের সঙ্গে সি. পি. এম. এর একটা আনহোলি নেকসাস সর্বত্র গড়ে উঠেছে। শ প্রশাসন সম্পূর্ণ ভাবে দলীয় নিয়ন্ত্রণে চলে গেছে। ১৬ বছর পরে পুলিশ অফিসারের াতা একজন স্থানীয় সি. পি. এম. নেতার উপর নির্ভর করে যে সে কতটা তাকে সম্ভুষ্ট তে পারে। যার ফলে আজকে এই রাজ্যের সাধারণ মানুষের জীবনযাত্রা বিপন্ন হয়ে হয়ে। সেইজন্য এই বাজেটকে বিরোধিতা করে, এবং আমাদের দেওয়া কাট মোশনের দ বক্তব্য রেখে আমার বক্তবা শেষ করছি।

মিলেন্দ্রনাথ মন্ডল ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী
১৪ সালের স্বরাষ্ট্র (পুলিশ) খাতের যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন আমি
সমর্থন করছি। আমি লক্ষ্য করছি যে, গত বছর এই খাতে তিনি যে ব্যয়-বরাদ্দ পেশ
লেন বর্তমান বছরে তার চেয়ে অনেক বেশি টাকা তিনি এই খাতে বরাদ্দ করেছেন।
যাভাবিক কারণে তাঁকে এই বরাদ্দ বৃদ্ধি করতে হচ্ছে। আমি আরও লক্ষ্য করিছি যে,
এবং বিভিন্ন রাজ্যে বর্তমানে এই খাতে বরাদ্দ বৃদ্ধি ঘটছে। সারা দেশে এই মুহুর্তে
রিস্থিতির সৃষ্টি হয়েছে তাতে আমরা লক্ষ্য করছি সারা দেশেই প্রতি মুহুর্তে আইনবিশেষভাবে বিদ্মিত হচ্ছে। ফলে মানুষ্বের জীবন এবং সম্পত্তি রক্ষার জন্য প্রশাসনের
বৃদ্ধির প্রয়োজন দেখা দিছে। প্রশাসনিক ব্যয় স্বাভাবিকভাবেই বৃদ্ধি পাচ্ছে। ইতিপূর্বে
বন্তা আমাদের বর্তমান জাতীয় সঙ্কটের পরিপ্রেক্ষিতে তাঁদের বক্তব্য রেখেছেন। আমরা
১৯৪৭ সালের ১৫ই আগস্ট তদানীস্তন জাতীয় কংগ্রেসের নেতারা দেশটাকে বিভক্ত
দেশের স্বাধীনতা এনেছিলেন। সাম্প্রদায়িকতার ভিত্তিতে, ধর্মীয় জাতিভেদকে মেনে নিয়ে
দেশটাকে ভাগ করেছিলেন। ফলে স্বাধীনতার পূর্ব মুহুর্তে এবং স্বাধীনতার পরবর্তী
রিভিন্ন সময়ে আমাদের দেশে সাম্প্রদায়িক দাসা হয়েছে। কিন্তু আমরা বিশেষভাবে গত

· [1st April | কয়েক বছর ধরে যে জিনিস লক্ষ্য করছি এবং বিশেষ করে '৯২ সালের ৬ই ডিন্স ঘটনা আমাদের দেশে ঘটে গেল তা অত্যন্ত দুংখজনক এবং লজ্জাজনক। এ ঘটনা ছ দেশের ঐতিহ্য, কৃষ্টি, সংস্কৃতির ওপর এক চরম আঘাত। ঐ ঘটনা দেশ-বিদেশের কাছে আমাদের মর্যাদাহানি ঘটিয়েছে। প্রাসঙ্গিকভাবে একথাও আমরা বলতে পারি যে হ বর্তমান কেন্দ্রীয় সরকার এ ঘটনা রোধে অনীহা প্রকাশ করার ফলেই অত বড 🕏 সম্ভব হয়েছে। যদি তাঁরা ঐ অনীহা না দেখাতেন তাহলে ঐ ঘটনাকে রোধ করা সম্ভ আমরা দেখলাম কেন্দ্রীয় সরকারের দূরদর্শীতার অভাবে এবং টালবাহানার ফলেই 🛦 ঘটল। ঐ ঘটনার পরিপ্রেক্ষিতে পরবর্তী পর্যায়ে গোটা দেশে যেভাবে দাঙ্গা হন পশ্চিমবঙ্গের মানুয নিশ্চিতভাবে গর্ববোধ করতে পারে। এখানে ঐ দাঙ্গাকে শুধু মাত্র প্রশাসন দিয়েই রোধ করা হয় নি। এখানকার সংগ্রামী মানুষ তাঁদের সংগ্রামী চেতনা হয়ে সাম্প্রদায়িক ভেদাভেদ ভুলে ঐক্যবদ্ধভাবে খুবই অল্প সময়ের মধ্যে ঐ দাসাকে : করেছেন। আমরা লক্ষ্য করেছি ৬ই ডিসেম্বরের ঘটনাকে কেন্দ্র করে কলকাতার ব ঘটনা ঘটেছিল। নিশ্চয়ই আমরা তার জন্য দুঃখিত। নিশ্চয়ই সেই ঘটনায় যারা দোষী বিরুদ্ধে উপযুক্ত প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে। সে কথা মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর বক্তৃতার মধ্যে উল্লেখ করেছেন। সেদিন কলকাতার বুকে যে ঘটনা ঘটেছিল তা প্রশাসন খুবই অল্প সময়ের মধ্যে প্রতিহত করেছিল। তথাপি অত্যন্ত দুঃখের সঙ্গে এ কথা বলতে হচ্ছে যে, সেই ঘটনায় ২৯ জনের প্রাণহানি ঘটেছে, এবং বিপুল অর্থের সম্পত্তি বিনষ্ট হয়েছে। বেশ কিছু অগ্নি সংযোগের ঘটনা ঘটেছে। আমর এবিষয়ে এক-মত যে এই ঘটনা গোটা পৃথিবীর কাছে আমাদের রাজ্যবাসীর উচু ম করে দিয়েছে। এর জন্য আমরা লজ্জিত। কিন্তু আমি এই প্রসঙ্গে এটাও মনে করি ক্ষেত্রে আমাদের রাজ্যের বিরোধী দল, তথা কংগ্রেস দলের যে ভূমিকা আছে স পালন করছেন না। তা যদি করতেন তাহলে আমাদের রাজ্যেও যে সমস্ত ঘটনা হ সমস্ত ঘটনা আরও দ্রুত প্রতিরোধ করা সম্ভব হ'ত। সাম্প্রদায়িক সম্প্রীতি <sup>আরও ভ</sup> রক্ষা করা সম্ভব হ'ত।

[3-50 - 4-00 p.m.]

তাদের সক্রিয় করতে হবে। এক্ষেত্রে আমাদের রাজ্যবাসীর যে ঐক্যবদ্ধ ই মানসিকতা সেই ঐক্যবদ্ধ প্রচেষ্টা ও মানসিকতা নিয়ে এই শক্তির বিরুদ্ধে লা দরকার। শুধুমাত্র প্রশাসন একা প্রতিহত করতে পারে না। তাই নিশ্চিতভাবে এইক্ষ এই ঘটনায়, এই খাতে প্রশাসনিক ব্যয় বেড়েছে। শুধু কলকাতার ঘটনা না, সাম্প্রদায়িকতার প্রশ্নে, গ্রামে-গ্রামে যেভাবে ঘটনার বিস্তার ঘটছে—সামনে পঞ্চায়েত নির্ব ঘটনাকে সামনে রেখে আইন-শৃক্ষলাকে বিশ্লিত করার চেষ্টা করবে। তাই সেই স্ব খাতে ব্যয়-বরান্দ বাড়ানো স্বাভাবিক হয়েছে। আমি এই প্রসঙ্গে নিশ্চয়ই উল্লেখ কর আমাদের রাজ্যে পুলিশ প্রশাসনের পক্ষ থেকে কিছু কাজ নিশ্চয়ই সফলতা অর্জন

্রদের ক্ষেত্রে আমাদের রাজ্য নিশ্চয়ই উদাহরণ হিসাবে দেখাতে পারেন। যেখানে পেছিয়ে ন্য—তফ্সিলিভুক্ত, আদিবাসীভুক্ত মানুষদের উপর উচ্চশ্রেণীর মানুষরা যেভাবে অত্যাচার াগুহের ঘটনা সারা ভারতবর্ষে ঘটছে, নিশ্চিতভাবে আমাদের রাজ্যে সেই ঘটনা নেই। ন্টা সম্ভব হয়েছে একটা লড়াই, সংগ্রাম এবং মানুষের চেতনার মধ্য দিয়ে এবং তার 🖻 প্রশাসনকে যুক্ত করার ফলে। সারা ভারতবর্ষে সম্ভাসবাদী কার্যকলাপ, বিঘিত ্আজকে তাদের বিরুদ্ধে লড়াই এবং সংগ্রামের ক্ষেত্রে আমাদের রাজ্যের প্রশাসন তথা প্রশাসন সঠিক ভূমিকা অবলম্বন করেছে এবং এইসব কার্যকলাপের বিরুদ্ধে সফলতা করেছে। আজকে দার্জিলিং-এর পরিস্থিতিকে উত্তপ্ত করে পেবার চেষ্টা করা হচ্ছে। ্রুর ঘটনার পরিপ্রেক্ষিতে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী মহাশয় যে । নিয়েছিলেন এবং তাঁর চিন্তা-ভাবনাকে যেভাবে কাজে লাগিয়েছিলেন তাতে দার্জিলিং ্য স্বাভাবিক হয়েছিল। সেক্ষেত্রে কংগ্রেস দলের ভূমিকা অন্যরকম ছিল। এই মুহুর্তে দেখছি, নেপালী ভাষাকে যে স্বীকৃতি দেওয়া হয়েছিল সেই ভাষাকে কেন্দ্র করে ঐসব াযে ঘটনা ঘটল এবং তাদের সামনে রেখে ওখানকার এম. পির যেসব কথাবার্তা ঠক তাতে শান্তিপূর্ণ অবস্থান ক্ষেত্রে বাধা সৃষ্টি করছে। বিরোধীদলের কংগ্রেস সদস্যরা দর দায়িত্ব এক্ষেত্রে সঠিকভাবে পালন করতে না পারেন তাহলে শুধুমাত্র পুলিশখাতে है ঘটিয়ে পশ্চিমবাংলার বামপন্থী সরকার দেশের মানুষের শান্তি ও আইন-শৃঙ্খলা রক্ষা भारत ना। সমাজবিরোধীদের একটা বৃহৎ অংশ আপনাদের সমর্থনে কংগ্রেসের আছে। ার্থনকে কাজে লাগিয়ে বিপথে পরিচালিত করলে আইন-শৃঙ্খলা বিঘ্নিত হবে। তার ম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা করা যাবে না। এই প্রসঙ্গে বিরোধিতার জন্য বক্তব্য না ারও বেশি গঠনমূলক সমালোচনা করে রাজনৈতিক দায়িত্ব পালন করবেন যাতে াংলার শাস্তি-শৃঙ্খলা সুস্থির থাকে। আজকে আইন-শৃঙ্খলার ক্ষেত্রে কিছু কিছু ঘটনা সেইজন্য প্রশাসনিক ব্যয়-বৃদ্ধি ঘটে গেছে। আমি কয়েকটি নির্বাচনের ক্ষেত্রে দেখলাম, #র উপ-নির্বাচনকে কেন্দ্র করে সেই এলাকার মানুষের শান্তি-শৃঙ্খলা বিঘ্নিত করার <sup>ক্রছিল।</sup> খুব স্বাভাবিকভাবেই প্রশাসনকে যে ধরনের ভূমিকা নিতে হয়েছিল তাতে র ব্যয়বৃদ্ধি ঘটে গেল। এইরকম সারা রাজ্যে একই জিনিস লক্ষ্য করছি। শুধু ফৈ আন্দোলনেই প্রশাসন ব্যবস্থা গ্রহণ করছে না, পশ্চিমবাংলার শান্তিপূর্ণ অবস্থানকে ক্রার চেষ্টা প্রশাসনকে নাজেহাল করে দিচ্ছে। হাওড়া জেলার যুবকংগ্রেস সভাপতি ্ইল। পরবর্তীকালে দেখলাম তাঁকে মারার পিছনে তাদেরই এক গোষ্ঠীর ভূমিকা আমরা দেখলাম, সেই ঘটনাকে কেন্দ্র করে সারা জেলায় অবরোধ সৃষ্টি করা হল <sup>ান্তি-শৃদ্ব</sup>লা বিদ্নিত করল, একটা অশান্তির পরিবেশ সৃষ্টি করা হল। স্বাভাবিকভাবেই <sup>প্রশাসনকে</sup> দায়িত্ব নিতে হল। প্রশাসনের দায়িত্ব হল এই ধরনের বাতাবরণের ক্ষেত্রে <sup>বিশ্বনা আ</sup>ছে সেণ্ডলি দেখতে হবে। তার সঙ্গে এটাও দেখতে হবে কারা পশ্চিমবঙ্গের <sup>াশুখলা</sup> বিহিত করছে। কারা পশ্চিমবঙ্গের মানুষের সর্বতো শান্ত অবস্থার বিদ্ন ঘটিয়ে <sup>্বা</sup> সুতরাং স্বাভাবিকভাবে মাননীয় বিরোধী সদস্যদের রাজনৈতিক প্রক্রিয়া এবং রাজনৈতিক

[ 1st April, lo कर्मकारखंत मर्सा यिन मनीय विरताथ घर्ट मरे विरतास्थत यनकार शिमारव अनामनाह, নিতে হয়। তারজনাই ব্যয়-বরান্দ বাড়ছে এবং বাজেটের ক্ষেত্রে তা পরিলক্ষিত হ<sub>য়েছ।</sub> বলতে চাই যে, আমরা অনেকগুলি বড় কাজ করেছি। গতবারে নিশ্চিতভাবে প্রি অনুপ্রবেশকে অর্থাৎ বাংলা দেশের নাগরিকদের আসাকে কেন্দ্র করে কোনও কোন রাজনীতি করার চেষ্টা করেছিলেন, সে ক্ষেত্রে সরকার পক্ষ থেকে ব্যবস্থা গ্রহণ করা ফ সরকারের আরও সক্রিয় ভূমিকা গ্রহণ করা দরকার। সীমান্তবর্তী জেলাগুলিতে এ उক ঘটতে থাকে, আইন শৃদ্ধালা বিঘ্নিত করার চেষ্টা করা হয়, চোরা চালানের ঘটনা ঘটাবা করা হয় তাহলে এই রকম অনুপ্রবেশের মতো ঘটনাকে সামনে রেখে সরকারকে তারও দায়িত্ব নেবার জন্য এবং এই ব্যাপার নিয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলাপ-আলোচনার আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব। সেই সঙ্গে আন্তর্জাতিক একটা চ্চি ফ বিঘা-চুক্তিকে কার্যকর করতে গিয়ে রাজ্যের মধ্যে যে নানা ঘটনা ঘটছে, সমস্ত দল এ এ চক্তিকে কার্যকর করার সঙ্গে সঙ্গে ৩ বিঘা করিডর লীজ দেওয়া হয়েছে, কিছু ত মব ছিট মহল আছে সেগুলির বন্দোবস্ত করে বাংলা দেশের সঙ্গে যাতে ভাল সন্ধ ওঠে—কেন্দ্র তার বক্তব্য রেখেছেন—এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ উদ্যোগ নিয়ে এই বিষয়টিকে কার্যকর করতে হবে। কারণ, শুধু ৩ বিঘা চুক্তির মধ্য যে অবস্থার সৃষ্টি হয়েছে তার ছিটমহলগুলি পরিবর্তন করে হস্তান্তর করতে পারনে এর দিয়ে বাংলাদেশের সঙ্গে আমাদের দেশের একটা ভাল সম্পর্ক গড়ে উঠবে। মাননীয় ি সদস্যরা নারী নির্যাতনের ঘটনা, বছবাজারের ঘটনার কথা উল্লেখ করেছেন, পশ্চিম্বট নির্যাতনের ঘটনা ঘটছে এর জন্য আমরা খুবই দুঃখিত এবং লঙ্জিত, ফুলবাগানের সঙ্গে বে পুলিশ কর্মচারী জড়িত তাকে আমি ধিকার জানাচ্ছি। মাননীয় বিরোধীদলের একটা প্রশ্ন রাখতে চাই যে এই সব নারী নির্যাতনের ঘটনাকে রাজনীতির মধ্যে ন যদি সবাই এর বিরুদ্ধে লড়াই করতে পারি, অপরাধীদের চিহ্নিত করতে পারে এবং বিং যদি সেইভাবে দেখি তাহলে আমরা সঠিক পথে চলতে পারি। ফুলবাগান এবং কং যেসব ঘটনা ঘটে গেছে সেগুলি খুব দুঃখজনক ঘটনা, আমি তাই আবেদন জানাছি 🤈 নিহত হয়েছেন তাঁদের পরিবারকে সরকারিভাবে যে সাহায্য দেবার কথা আছে সেঁ দেওয়া হয়। রাজনীতি না করে অপরাধিদের যাতে খুঁজে বার করা যায় সকলে সেই নেবেন। আজকে শুধু কলকাতা নয়, থানাগুলিকে যাতে সংস্কার করা যায় এবং আগাঁ সৈতলিকে পরিচ্ছমভাবে প্রশাসন বাবস্থা পরিচালিত করতে পারা যায় সেজন <sup>র</sup> জানিয়ে বায়বরাদকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-00 - 4-10 p.m.]

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় । মিঃ ডেপুটি স্পিকার স্যার, রাজ্যের পুলি<sup>শমন্ত্রী মে</sup> পেশ করেছেন ১৯৯৩-৯৪ সালের জন্য, এই বাজেটের আমি বিরোধিতা করছি। বিরোধী দলে রয়েছি বলেই হাউসে এর বিরোধিতা করছি তা নয়। আমরা দেখছি পু

<sub>র পুলি</sub>শ খাতে বরান্দ বাড়িয়ে চলেছেন। কিন্তু এখানে যেসব পুরানো সদস্য যাঁরা ালের আগে থেকে আছেন তাঁদের নিশ্চয়ই মনে আছে, সেই সময় বিরোধী দলের দাবে বর্তমানে যিনি মুখামন্ত্রী তিনি কিভাবে আবহাওয়া গরম করেছেন কংগ্রেস গুলিশ দপ্তরের ব্যয়বৃদ্ধি করেছেন এই খাতে। আজকে কেন পুলিশের জন্য এই ব্যয়-্দ করা হয়েছে? আজকে কোনও ক্ষেত্রে রাজ্য পুলিশের কি যোগ্যতা প্রমাণিত াকি কোনও কাজে সফল হয়েছে, কিংবা তদন্ত করে কয়েকটি ক্ষেত্রে তারা সাফলা রছে, যে কারণে এই ব্যয়-বরাদ্দকে আমাদের সমর্থন করতে হবে? একটি মেয়ে. যকে কিডন্যাপড করে নিয়ে চলে গেল! তারপর অনেক বড় বড় ঘটনা ঘটে গেছে. র পর্যন্ত সেই কিডন্যাপড ঘটনার তদন্ত হয়নি, উল্টে তার বাবা খুন হয়ে গেছে। খামন্ত্রী পলিশের জন্য বরান্দ বাড়িয়ে চলেছেন! গত পৌর নির্বাচনে সি. পি. এম. প্রন স্কোয়াড হাতে রিভলভার নিয়ে ঘুরে বেড়াচ্ছে এই ছবি বিভিন্ন কাগজে বেরনো াদের একজনও গ্রেপ্তার হল না কেবলমাত্র সি. পি. এম. করবার জন্য, অথচ वताम वृक्षि करत চলেছেন পুলিশের জন্য। বেশি দূর যেতে হবে না, লালবাজার -তিনশ মিটার দুরে বউবাজারে যে ঘটনা ঘটে গেল তার জন্য একটা দিক রয়েছে। াজ্যের পূলিশমন্ত্রী হিসাবে তাঁর সোর্স অফ ইনফর্মেশন হিসাবে কাজ করে আই. বি.। পলিশ প্রশাসনের চোখের সামনে এত বোমার মশলা এসে মজত হল, অথচ সেটা ए रन ना? এর জনাই कि আজকে এই পলিশ বাজেট পাস করাতে হবে? গ সাম্প্রদায়িক দাঙ্গা হয় না এর জন্য আমরা গর্বিত। তবে এরজন্য মুখ্যমন্ত্রীর ্তিষ নেই, এটা পশ্চিমবঙ্গের ট্র্যাডিশন। একটু আগে রবীন মন্ডল মহাশয় হাত-পা তা করছিলেন। কিন্তু তাঁকে এটা মনে রাখতে হবে যে, আমাদের রাজ্যে সাম্প্রদায়িক না এটা আমাদের রাজ্যের ঐত্যিহ্য হলেও এবারে দাঙ্গায় এবং পুলিশের গুলিতে <sup>মারা</sup> গেছেন কলকাতায়। এক্ষেত্রে পুলিশ কোনও আগাম ব্যবস্থা নিতে পারেননি। ়িক আজকে পুলিশের বাজেট বৃদ্ধি করতে হবে?

1 আর আপনারা সেখানে ৬জন ডি. জি, একজন এ-আইজি এবং ৬ জন ডি

1 আর আপনারা সেখানে ৬জন ডি. জি, ৬জন আই জি এবং ১১জন ডিআইজি

1 আপনারা একটা মাথা ভারী প্রশাসন তৈরি করেছেন। পুলিশের যে সংখ্যা তাতে

রতবর্ষের ২৫টি রাজ্যের মধ্যে পঞ্চম স্থানে রয়েছে এই রাজ্যের পুলিশ। এই বিরাট

পুলিশ নিয়েও পশ্চিমবঙ্গের দাঙ্গা বন্ধ করা যাচ্ছে না। এখানে রশিদখানের লোকেরা

বামা মজুত করে রেখেছে অথচ পুলিশ কোনও খবর রাখে না। পুলিশের কাছে তার

বির নেই সূতরাং এই বাজেটকে সমর্থন করার কোনও প্রশ্নই উঠে না। এই রাজ্যের

শের সংখ্যা তাতে ভারতবর্ষে পুলিশের, সংখ্যা ৩২.০৮ সেখানে পশ্চিমবঙ্গের পুলিশের

স১০১। এখানে এত পুলিশ থাকা সত্তেও প্রতিদিন দাঙ্গা বেড়েই চলেছে। ক্রাইম,

বিনে বেড়েই চলেছে। এই বাজেট বক্তৃতার মধ্যেই পুলিশ মন্ত্রী স্বীকার করেছেন নারী

[ 1st April | নির্যাতনের সংখ্যা বেড়েই চলেছে। এর জন্য তিনি উদ্বেগও প্রকাশ করেছেন। ১৯৮ এই রাজ্যে রেপের সংখ্যা ছিল ৫৪৭টি, ১৯৯০ সালে ৫৪০ জন, ১৯৯২ ফা দাঁড়িয়েছে ৬১৫ জন। আপনার নিয়ত এই রাজ্যে নারী, নির্যাতন বেড়েই চলেছে। খুন জখমের সংখ্যা বেড়েই চলেছে। এই অবস্থাতে আমাদের মুখ্যমন্ত্রী এই রাজিং: কাছে তাঁর বাজেটের মঞ্জুরীকৃত অর্থের দাবি পেশ করেছেন। একটু আগেই সুদী<sub>পরং</sub> বললেন যে পুলিশ খাতে বরাদ্দ বৃদ্ধি করতে যাচ্ছে অথচ পুলিশ লকআপে পু<sub>লিৎ</sub> ৪২ জন মহিলার শ্লীলতাহানি হল। কংগ্রেস আমলে এই ধরনের ঘটনা ঘটনে ম্পেসিফিক কেস দেওয়া সত্ত্বেও কোনও ব্যবস্থা ন্ধেওয়া হয়নি। আমার থানায় প্রেদি ঘটনা ঘটেছে, কিন্তু তার কোনও বিচার হয় নি। এই দাঙ্গার প্রশ্নে একটি কথা তান চাই সেটা, হচ্ছে যে, এই দাঙ্গার ব্যাপারে প্রশ্ন তোলাতে মাননীয় মুখ্যমন্ত্রী উত্তর দিং এই দাঙ্গাতে মোট ২৯ জনের মৃত্যু হয়েছে। কিন্তু কেন্দ্রীয় সরকার বলেছেন ৪৬ জন হয়েছে। অথচ মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির ডিসি মেম্বারদের কাছে সার্কুলার গ্রে জানুয়ারি, তাতে বলা হয়েছে যে মোট ৩৩ জনের এই দাঙ্গায় মৃত্যু হয়েছে। জোটি যদি সং সাহস থাকে তো বলুন কোন হিসাবটা সত্য। যদি তিনি প্রমাণ করতে ন তাহলে বুঝতে হবে তাঁর ভাষণ অসত্য। তিনি এখানে এক রকম কথা বলেছেন ত্ত মেম্বারদের কাছে আরেকরকম ফিগার দিয়েছেন। মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির ডিসি মে কাছে ১লা জানুয়ারি খবর গেছে যে ৩৩ জন মারা গেছে এবং কেন্দ্রীয় সরকার ব যে ৪৬ জন মারা গেছে দাঙ্গাতে, অথচ মুখ্যমন্ত্রী তাঁর প্রশ্নের উত্তরে বলেছেন 🛭 •দাঙ্গাতে মারা গেছে। এই ফিগার থেকে মনে হচ্ছে মুখ্যমন্ত্রীর ভাষণ অসত্য <sup>এবং ম</sup> ভুল বোঝানোর চেষ্টা হয়েছে। আজকে রাজ্যের নারীদের নিরাপত্তা নেই, রাজ্যের নিরাপতা নেই। যে রাজ্যে আইন-শৃঙ্খালা বলে কিছু নেই সেই রাজ্যে পুলিশ <sup>বাজ্যে</sup> টাকা মঞ্জরি করার কোনও অর্থই নেই। এখানে কোটি কোটি টাকা দিয়ে পু<sup>লিশ্বে</sup> বাড়ানোর প্রয়োজন আছে বলে মনে করি না।

[4-10 - 4-20 p.m.]

শ্রী নির্মল দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যের মুখ্যমন্ত্রী তথা ষরাষ্ট্রমন্ত্রী সালের যে ব্যয়-বরাদ্দ উত্থাপন করেছেন, আমি প্রথমে তাকে সমর্থন করছি। দির্ঘল বিরোধী দলের বক্তব্য শুনলাম। শুনে মনে হল, এখানে একজন সদস্য তাঁর বক্তব্যে নকশালদের জন্য কুন্তীরাশ্রু বিসর্জন করলেন এবং মানবাধিকারের ব্যাপারটা উদ্লেধ ক্ষ আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই, ৭১ সাল থেকে ৭৬ সাল পর্যন্ত পশ্চিমবার্লী পরিসংখ্যান রয়েছে সিদ্ধান্ত রাহু্যের মুখ্যমন্ত্রীত্বের সময়, তা আমি দিতে চাই এবং ও রিরোধী দলের অনেক সদস্য সেই মন্ত্রিসভা আলোকিত করেছিলেন। তখন দেখেছিলান ক্ষ পন্থী হাজার হাজার ছাত্রছাত্রী, যুবককে ওরা হত্যা করেছিল। সেদিন কোথায় ক্ষি কুন্তীরাশ্রু, এদের মানবাধিকার ব্যাপারটা কোথায় ছিল ং আম্বা যে সমাজে বাস কর্মী

্<sub>কী</sub> ধনতান্ত্রিক সমাজ। আমাদের নীতি হল পুলিশ খাতে ব্যয় কমাও আর শিক্ষা ্য বাড়াও। কিন্তু যে ব্যবস্থার মধ্যে দিয়ে আমরা যাচ্ছি তাতে পুলিশ খাতে কিছু বায় াড়াতে হচ্ছে। কারণ এক**টাই,** এদের যে সমাজ এবং যে ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থা, ন যে সমাজ বিরোধীর সৃষ্টি হয়েছে, আমরা লক্ষ্য করছি স্বাধীনতার পরবর্তীকালে ন্ত ধনতান্ত্রিক ব্যবস্থাকে আটকে রাখার জন্য সমাজ বিরোধী সৃষ্টি করা হয়েছে। সমাজ সৃষ্টি করে ধনতান্ত্রিক ব্যবস্থাকে ওরা টিকিয়ে রেখেছেন। এই সব করে চুরি, ডাকাতি, ্রাহাজানি, নারী ধর্ষণ, ইত্যাদি সৃষ্টি করেছেন। এই কারণে রাজ্য সরকারকে বর্তমানে <sub>লিশ</sub> ব্যবস্থাকে ঢেলে সাজানোর জন্য যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, সেইগুলো যাতে ্ত হয়, তার জন্য বরান্দ বাড়ানো হয়েছে। তার সঙ্গে সঙ্গে আমি বলছি যে সমস্ত না চলছে সেই ব্যবস্থাপনার কিছু পরিবর্তন দরকার। আমরা দেখেছি যে কংগ্রেস র উত্তরাধিকার সূত্রে পুলিশকে পেয়েছি। সেই পুলিশের মধ্যে একাংশ এখনও সেই ার মতবাদে বিশ্বাসী। তারা তখনকার কার্যকলাপ ভূলতে পারছেন না। এখন তাদের লাগাম টানার ব্যবস্থা করা হচ্ছে। এটা নিশ্চিত করতে হবে যাতে পুলিশ নিরপেক্ষ কিন্তু প্রশ্ন উঠেছে থানাতে গেলে সাধারণ মানুষের জি. ডি. পুলিশ নেয়না। এর ্কঠোর ব্যবস্থা নিতে হবে। যদি দেখা যায় যে তারা দোষী তাহলে যে সমস্ত পুলিশ নেয় না তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে। এখানে আনন্দের কথা, অন্যান্য য়, যেখানে তদন্ত কমিশন গঠন করার ব্যাপারে নানা টালবাহানা চলে, কিন্তু আমাদের াসেই জিনিস হয় না। আমরা জানি মেদিনীপুরে জেলার লোধা তরুণী, বিশিষ্ট শিক্ষিত যেভাবে আত্মহত্যা করলেন, সেখানে তদন্ত কমিশন গঠন করা হয়েছে। কিন্তু সেই কমিশনের রিপোর্ট তাড়াতাড়ি প্রকাশের জন্য দাবি জানাচ্ছি। তেমনিভাবে যারা তরুণীর তোর জন্য দায়ী তাদের দৃষ্টান্ত মূলক শাস্তি দেওয়া দরকার। যে ঘটনা এ রাজ্যে ঘটছে অতান্ত নিন্দনীয় এবং সেটা আমাদের লচ্ছা। আমি দাবি করছি সে সম্পর্কে দ্রুত ট প্রকাশ করা হোক এবং দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়া হোক। বৌবাজারের ঘটনা আজকে চারিদিকে শোরগোল উঠেছে। এটা কোনও বিচ্ছিন্ন ঘটনা নয়। গোটা ভারতবর্ষে কে একটা আন্তর্জাতিক ষড়যন্ত্র চলছে। পশ্চিমবাংলার মতো একটা প্রগতিশীল রাজ্যেও ত্ত্ব করে প্রগতিশীল আন্দোলনে বিদ্ন ঘটাবার চেষ্টা চলছে। এই ষড়যন্ত্রের পেছনে যারা ই নিরপেক্ষ তদন্ত করে তাদের আজ চিহ্নিত করা উচিত। এবিযয়ে পুলিশের বিরুদ্ধে যে গ্যাগওলি উঠছে সেগুলিরও তদন্ত করা উচিত। পুলিশের কোনও অংশ যদি এর সঙ্গে থেকে থাকে তাহলে তাদেরও চিহ্নিত করা উচিত। কারণ আজকে এই সমস্ত ঘটনার 🎙 দিয়ে পুলিশের ভাব-মূর্তি নস্ট হতে বসেছে। পুলিশের ভাব-মূর্তি ফিরিয়ে আনা দরকার। ক্ষেত্রও নিরপেক্ষ তদন্তের মধ্যে দিয়ে দোষীদের চিহ্নিত করে দৃষ্টান্তমূলক শান্তি দেবার মি দাবি জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়়, বহরমপুরের হরিহরপাড়ার ঘটনায় ২২১ জন জির হয়েছিল। সেখানে ১১ রাউন্ড গুলি চলেছিল। সে ঘটনার এখন তদন্ত চলছে। আমি ি <sup>কর্ছি</sup> সেই তদন্ত দ্রুত শেষ করে রিপোর্ট প্রকাশ করা হোক এবং দোষী ব্যক্তিদের

[ 1st April 1 দৃষ্টান্তমূলক শান্তি দেওয়া হোক। মুর্শিদাবাদ জেলা ভারত বাংলাদেশ সীমান্তে অব<sub>স্থিত।</sub> অপরাধমূলক কাজ দমন করার ক্ষেত্তে কিছু অসুবিধা থাকা সত্ত্বেও আমরা দেখিঃ, যদি সদিচ্ছা থাকে তাহলে ডাকাতি, গুন্ডামি, রাহাজানি, সন্ত্রাস তারা বন্ধ <sub>করকে</sub> সম্প্রতি মুর্শিদাবাদে যিনি এস. পি. হয়ে গেছেন তিনি তা প্রমাণ করেছেন। আফ করছি আজকে রাজ্যের কয়েকটি জায়গায় রাহাজানি সন্ত্রাস, অরাজকতা প্রভৃতি সুপরিঞ্জ ঘটাবার চেষ্টা চলছে এবং এর পেছনে কংগ্রেস এবং বি. জে. পি. যুগ্মভাবে 🖦 আমরা লক্ষ্য করছি। যখন সুরজকুন্ডে এ. আই. সি. সি., বি. জে. পি. বিরোধী প্র<sub>ক্ষা</sub> তখন রাজ্য কংগ্রেস এ রাজ্যে বি. জে. পি-কে মদত দিচ্ছে। আজকে বি. জে<sub>. পি</sub> শঙ্খলা ভেঙে অরাজকতা সৃষ্টি করার ক্ষেত্র হিসাবে পশ্চিমবাংলাকে বেছে নিয়েত। বি. জে. পি বিগ্রেড প্যারেড গ্রাউন্ডে মিটিং করতে চাইছে এবং করতে না দিলে ক বইয়ে দেবে বলে ছমকি দিচ্ছে। অথচ এ প্রসঙ্গে এখানে কংগ্রেস দলের একজন কথাও বললেন না। বি. জে. পি. ধর্মীয় সাম্প্রদায়িক দল। তারা রাজ্যে অরাজক্য চেষ্টা চালাচ্ছে, অথচ কংগ্রেস সে সম্পর্কে কিছু বলছে না! আমরা মনে করি আয়াল আমাদের যথাযথ শক্তি দিয়ে বি. জে. পি.-র মোকাবিলা করতে হবে। আমরা আন বিশ্ব হিন্দু পরিষদ, বজরং দল, জামাতে ইসলামী প্রভৃতি সংগঠনগুলোকে নিষিদ্ধ হুৱা এবং এখন তাদের লোকরা আভার গ্রাউন্ডে গিয়ে কংগ্রেস এবং বি. জে. পি.: যোগাযোগ করছে এবং বিভিন্নভাবে অন্ত্রশন্ত্রে সজ্জিত হচ্ছে। আজকে সে সমস্ত আঃ-দরকার এবং তাদের চিহ্নিত করা দরকার। এই অবস্থায় আমাদের পুলি<sup>ন</sup> । আধুনিকীকরণের বিশেষ প্রয়োজনীয়তা রয়েছে যাতে তারা পরিস্থিতির মোকাবিলা কর তার জন্য তাদের সঠিকভাবে গড়ে তুলতে হবে। বিরোধীপক্ষ থেকে এখানে পাঞ্জান বলা হয়েছে। আমরা জানি পাঞ্জাবে পলিশ কি করেছে। সে কথা এখানে আর G বলাই ভাল। বিশ্বের মানুষ জানে, ভারতবর্ষের মানুষ জানে পাঞ্জাবে পুলিশ কি ভাবে ম করেছে। অবশ্য তার জন্য সমস্ত কৃতিত্ব দাবি করতে পারেন পাঞ্জাবের তংকালীন সিদ্ধার্থশঙ্কর রায়। বিশ্বের কোথাও পুলিশ অত ম্যাসাকার করেনি যা পাঞ্জা<sup>রে ই</sup> পুলিশই সেখানে সব চেয়ে বেশি তান্ডব চালিয়েছে। এখানে একজন বিরোধী সদস্য <sup>হ</sup> 'পাঞ্জাব পুলিশ পশ্চিমবাংলায় এসে উগ্রপন্থী ধরেছে।' পাঞ্জাব পুলিশের পক্ষ <sup>খেং</sup> স্বীকার করা হয়েছে, যে ঐভাবে কাজ করা তাদের ঠিক হয়নি। উগ্রপন্থী দমনে <sup>পাঠ</sup> **দিলিতে যা হচ্ছে তা কখনই নজির হতে পারে না। মাননী**য় উপাধ্যক্ষ মহা<sup>নায়, পা</sup> আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি, আমাদের রাজ্যের বেশ কিছু ক্ষেট্র থানা করার দরকার আ**ছে, সে বিষয়ে** তিনি ব্যবস্থা গ্রহণ করুন। বিশেষ <sup>করে অ</sup> উত্তরবঙ্গের কয়েকটি জায়গায় অবিলম্বে নতুন থানা করা দরকার। আমাদের <sup>আলিপুর</sup> বারোবিশা, কামাখ্যাগুড়ি প্রভৃতি ভূটান সীমান্তের অঞ্চলগুলিতে আইন-শৃদ্ধলা রক্ষা নতুন থানা করা দরকার। নতুন থানা করার দাবি জানিয়ে, ব্যয়-বরাদ্দকে আর <sup>এ</sup> সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

20 - 4-30 p.m.]

দেবপ্রসাদ সরকার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বারাষ্ট্রমন্ত্রী মহাশয় পুলিশ ু <sub>উপর</sub> যে ব্যয়-বরান্দ এ**নেছেন, আমি সেই বাজেটে**র বিরোধিতা করে এবং আমার <sub>গনকে</sub> সমর্থন করে বক্তব্য রাখছি। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী পূলিশ বাজেটে ৩০ কোটি পর বাড়িয়েছেন। রাজ্যের বর্তমান আইন-শৃঙ্খলা পরিস্থিতির পট-ভূমিতে দাঁড়িয়ে আমি গাঁকে বলতে চাই, পুলিশ বাজেটে এক-পয়সা বাড়ানোর কোনও নৈতিক অধিকার, ্য কাছ থেকে বাড়তি পয়সা চাওয়ার অধিকার তাঁর আছে কিনা? আমি এই প্রসঙ্গে ্রত বউবাজারের যে ঘটনার কথা এখানে বলা হয়েছে—বউবাজারের ঘটনাটা কি? 🗦 মধ্যরাত্রির ঘটনা এবং এই ঘটনার অন্যতম নায়ক হিসাবে সাট্টার সম্রাট ১ জন ন্ত্রছে। আমি এই ঘটনা সম্পর্কে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে জিজ্ঞাসা করতে চাই—এই নক ঘটনা ঘটে গেল, সেই ঘটনার জন্য ৬৭ জনের মৃত্যু হল এবং সেই সংখ্যাটা ছছে। এইরকম মর্মান্তিক ঘটনা এতগুলি মানুষের জীবন-দীপ নিভে গেল, এতগুলি সান্ত হয়ে গেল—এই এতবড় অপরাধমূলক ঘটনার সত্য উদযাটনের জন্য যথার্থ ঢ় তদম্ভ হবে কিনা? কারণ ইতিমধ্যে এর উপর এই হাউসে যে বিবৃতি দিয়েছেন এবং াকাত্ত যেভাবে পরিচালনা হচ্ছে তাতে স্বভাবতই এই আশকা জনমনে দেখা দিচ্ছে যে র্যন্ত যথার্থ অপরাধীর সাজা হবে কিনা? কারণ প্রথমত এই অপরাধমূলক ঘটনার সাট্টার নায়ক যিনি তাঁকে ঘটনা ঘটার ১০ ঘন্টা পরে পুলিশ অ্যারেন্ট করল। তাঁর াণ্ডলি আছে সেই ডেরাণ্ডলিতে পুলিশ তল্লাশিকরল ৪৮ ঘন্টা পরে। ফলে এই র জন্য অপরাধী তার সমস্ত তথ্য প্রমাণ যাতে অতি সহজে গায়েব করে দিতে পারে এট সময় পুলিশ প্রশাসন কিন্তু দিয়েছে। এমন কি ঐ বিস্ফোরণের ঘটনায় যাঁরা াদের ধ্বংসস্তৃপ থেকে ঐ সাট্টার সম্রাট এবং তার লোকজন পুলিশের সামনে সেই ত ব্যক্তির পকেট থেকে কাগজ-পত্র সমস্ত নিয়ে যায়। এইসব জিনিসের ফলে খুব ভাবেই আশঙ্কা হচ্ছে যে শেষ পর্যন্ত এই তদন্তের পরিণতি কি দাঁড়াবে। সরকারি ্জুর সংখ্যা ৬৯।৭০ জন। কিন্তু যিনি এই ঘটনার জন্য দায়ী, সেই সাট্টার নায়কের <sup>এখন</sup> পর্যন্ত পুলিশ ৩০২ ধারায় খুনের আসামী হিসাবে কেস রুজু করতে পারছে একটা অদ্ভূত ব্যাপার। অদ্ভূত ব্যাপার, সব ভাল, সমস্ত জিনিসটা কোথায় গিয়ে <sup>শষ</sup> পর্যন্ত এটা আমাদের উদ্বেশের ব্যাপার। আজকে অভিযোগ আসছে সাট্টা সম্রাটের <sup>াক দলের</sup> প্রধান শরিক দলের যোগাযোগ রয়েছে। তখন তার সততা নিরূপিত<sub>্</sub>হবে <sup>দুরের</sup> কাছে? প্রশ্ন এসেছে যে রাজ্য সরকারের একেবারে খোদ পুলিশ হেডকোয়াটার্স <sup>ার ভার</sup> কয়েক গজের মধ্যে এই রকম সাট্টা সম্রাটের রাজত্ব চলছে দিনের পর দিন <sup>পর মাস</sup>, বছরের পর বছর, অপরাধীরা এই কার্যকলাপ চালিয়ে যাচেছ, অথচ <sup>ধরপাকড়ের</sup> ব্যবস্থা কিছুই নেই। স্বাভাবিকভাবেই মানুষের মধ্যে সন্দেহগুলি ঘনীভূত <sup>মধ্যে</sup> যেগুলি এসেছে তার মধ্যে সততা থাকতে পারে, কিন্তু এখন তাঁদের বিরুদ্ধে ল আসছে তা নিরপেক্ষ তদন্ত করে আজকে সেটা প্রমাণ করুন এবং

[ 1st April, কোনওরকম রাজনৈতিক আনুগত্য বিচার না করে অপরাধীদের যাতে কঠোর <sub>সাজার</sub> যাতে কোনও রকমে অব্যাহতি না পায় রাজ্য সরকারের তদন্তের মধ্যে দিয়ে <sub>জনগঞ্জ</sub> প্রমাণ প্রতিষ্ঠা করুন। আজকে হরিহরপাড়ার প্রশ্নে ১০ প্যারাতে মাননীয় স্বরাট্রন্দ্রী। 'পুলিশের সঙ্গে সশস্ত্র মানুষের সংঘর্ষ হওয়ায় আত্মরক্ষার জন্য পুলিশ গুলি চিক্ গুলি চালানোর ঘটনা ঘটল, খুবই দুঃখজনক ঘটনা; হরিহরপাড়ার ঘটনা কি আপনার। হরিহরপাড়ায় পুলিশ যেভাবে সমাজ বিরোধীদের আশ্রয় দিয়েছিল সেই সমাজল দৌরাত্মের প্রতিকারের দাবিতে দলমত নির্বিশেষে হরিহরপাড়ার জনসাধারণ আন্দেলন এবং ২রা নভেম্বর তারিখে নিরপরাধ মানুষগুলি যখন ডেপুটেশন দিতে এসেক্তি পুলিশ নৃশংসভাবে তাদের উপর গুলি চালিয়েছিল, হত্যা করেছিল এবং তার <sub>প্রতির</sub> ঘন্টা বাংলা বন্ধ, ৪৮ ঘন্টা মুর্শিদাবাদ বন্ধ এবং ৯৬ ঘন্টা হরিহরপাড়া কা সর্বোপরি পুলিশকে বয়কট করা হয়েছিল। সমাজবিরোধীদের সহযোগী পু<sub>লিশ</sub> ও শাসকদল পরিকল্পিত গণহত্যার পরিকল্পনা নিয়েছিল, এর ফলেই নৃশংস গণহতাঃ পুলিশে এই জঘন্য ঘটনা আড়াল করার জন্য জনসাধারণের উপর ওলি চালিয়েছিল **कि वलिप्टिलन**? **७. जि. वलिप्टिलन य अभराधीरा এक मित्न वास्कित, कराव व** ধীরে ধীরে এই অপরাধীরা শক্তি সঞ্চয় করেছিল এবং ঐ জায়গা একেবারে হল মুক্ত অঞ্চল হয়ে গিয়েছিল .স : অস্ত্র তৈরীর ৪টে কারখানা পুলিশ উদ্ধার কর্মো জি. বলেছিলেন আজকে এই সমাজবিরোধীদের ধরবার জন্য যারা দাবি তুলেছিল উপর পুলিশ গুলি চালিয়েছিল পুলিশের সহযোগিতায় সমাজ বিরোধীরা নারী নির্যাক্ত নিরীহ মানুষের জীবন নিয়েছে, অসংখ্য পরিবারের যথাসর্বস্ব লুঠ করেছে, নারীং ভুলুষ্ঠিত করেছে। শুধু হরিহর পাড়া নয় শাসকদলের ছত্র ছায়ায় গোটা গ সমাজবিরোধীদের মুক্তানচল গড়ে উঠেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত বছর ২৪৫ আন্তর্জাতিক খ্যাতনামা চলচ্চিত্রকার সত্যজিত রায়ের অন্তেষ্টিক্রিয়ার সময় শ্মশানে মন্ত কান্ড করল কর**ল সেটা গোটা পশ্চিমবঙ্গ** তো বটেই গোটা ভারতবর্ষের লজ্জা। পুনি কর্তারা গ্রীবাই সেখানে উপস্থিত ছিলেন, স্বপন দে কে ধরার ব্যাপার নিয়ে তংকানি কমিশনারকে 'নরে যেতে হল। স্বপন দে ধরা পড়ল, কিন্তু ধরা পড়ার ৬ <sup>মাসে</sup> চার্জনীট দিতে না পারার জন্য জামিনে বেকসুর খালাস পেয়ে গেল।

আমি বলতে চাই, এখানে অপরাধীদের বিরুদ্ধে চার্জ আনছেন পুলিশ, কিন্তু ए ছয় মাসের মধ্যে চার্জ-শীট না দিতে পারার ফলে অপরাধীরা ছাড়া পেরে <sup>যারে</sup> এখনও শ্রীধরকে ধরা গেল না? আজকে ভ্য়া এবং সাট্টা ডনরা লালবাজারে নাকে উপর, জ্যোতিবাবুর প্রশাসনের নাকের ডগার উপর বসে রয়েছে। একদিকে <sup>মদের</sup> জ্যার বিরুদ্ধে অভিযান করছেন্তু অপরদিকে ঢালাওভাবে মদের দোকানের লাইদেশ যাচ্ছেন। আজকে কলকাতার বুকের উপর যে সাম্প্রদায়িক দাঙ্গা হয়ে গেল সেটা দুর্ভা কিন্তু কলকাতার বুকে এই দাঙ্গা হতো না যদি প্রশাসন আগাম সতর্কতা মূলক

<sub>াতিন।</sub> যারা দাঙ্গাবাজ **জাদে**র গ্রেপ্তার করা হলো না রাজনৈতিক কারণে। যে <sub>াপ্তার</sub> করা হল তাদের আমবার ছেড়ে দেওয়া হল। এর ফলে দাঙ্গাবাজ যারা র রেসট্রেন্ড হবে? এর ফলে তারা তো আরও প্রশ্রয় পাবে! কাজেই এটা ্র আমি বলতে চাই, এই যে ক্রিমিনালাইজেশন অফ পলিটিক্স রাজনীতির দুর্বৃত্তকরণের ্যাদের ঐ অপরাধজগতের সঙ্গে মাখামাখি, এটাই আজকে সমাজের পক্ষে সবচেয়ে , সবচেয়ে বড় বিপদ। এর হাত থেকে যদি সমাজকে রক্ষা করা না যায় তাহলে ্<sub>বে</sub> মারাত্মক। এই কলকাতা, যে কলকাতার নাম পণ্ডিত নেহরু দিয়েছিলেন ় যে নগরী হচ্ছে বামপন্থী আন্দোলনের পীঠস্থান, আজকে সেই কলকাতা হয়ে মাজবিরোধীদের দৌরান্মের নগরী। এটা আমাদের কাছে উদ্বেগের ব্যাপার। আজকে নার সঙ্গে আমাদের এই পরিস্থিতি লক্ষ্য করতে হচ্ছে, কিন্তু বামফ্রন্ট সরকারের রকম চিত্র দেখতে হবে এটা অস্তত পশ্চিমবঙ্গের মানুষ আশা করেননি। কংগ্রেস বিজেপির রাজত্বে এই জিনিস কাম্য নয়। কিন্তু সেটাই হচ্ছে এবং এটা বাস্তব। ভাবে সমাজবিরোধীরা বামপন্থী দলকে গ্রাস করে বামপন্থার বিনাস ঘটিয়ৈছে সে দ্বাজারের ঘটনার মধ্যে দিয়ে সকলের চোখ খুলে দিয়ে গেছে। বড়বাজারের ঐ ত যারা প্রকৃত বামপন্থার চর্চা করেন তাদের কাছে যদি একটা শিক্ষা হিসাবে কাজ ্ব নতুনভাবে সংগ্রামে উজ্জীবিত করে তাহলে সেটা হবে দেশের পক্ষে কল্যাণ, ক্ষ কল্যাণ।

মনীকান্ত দেব বর্মন ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী আজকে যে ত বরাদ্দ প্রস্তাব এখানে উত্থাপন করেছেন আমি তাকে সর্বান্তকরণে সমর্থন করছি। বটুমন্ত্রী তিনি আজকে যে বাজেট বিবৃতি পেশ করেছেন তাতে পরিষ্কারভাবে ারকার পুর্শের যে দৃষ্টিভঙ্গি, পুলিশের চিন্তাভাবনার কথা বলেছেন। সেখানে র বাস্তব পরিস্থিতির কথা অস্বীকার করেননি। এইবার পুলিশ বাজেটে গতবারের গ বৃদ্ধি পেয়েছে সেটা হচ্ছে ৩০ কোটি ২৫ লক্ষ ৭২ হাজার টাকা। এটা মূলত হয়েছে পুলিশ কল্যাণে, অর্থাৎ তাদের বাসস্থান, ভাতা, বেতন, গাড়ি ইত্যাদি বাবদ <sup>নিরু</sup> পুলিশি প্রশাসনকে আধুনিকীকরণ করার জন্য এবং তাকে আরও শক্তিশালী ন বৃদ্ধি করা হয়েছে। আমাদের এই পূলিশবাহিনী তারা আমাদের দেশেরই সন্তান <sup>বিত্তর</sup> সম্ভান। তাদের প্রতি সামাজিক দায়-দায়িত্ব, কর্তব্য থাকার দরকার সরকারের <sup>ইদিক</sup> থেকে সরকার তার বাজেট বৃদ্ধি করেছেন তাকে আমি সম্পূর্ণভাবে স্বাগত আমি এতক্ষণ ধরে বিরোধীপক্ষের বন্ধৃতা শুনলাম। এই বিরোধীদলই অর্থাৎ কংগ্রেসি <sup>দিল্লিতে</sup> সরকার পরিচালনা করছেন। তাঁরা পশ্চিমবঙ্গে দীর্ঘ ২৮ বছর সরকার <sup>ম করেছেন।</sup> পুলিশ খাতে তারা কোনও ইতিবাচক ভূমিকা পালন করতে সক্ষম ানে অনেকেই নারী ধর্ষণ, মারামারি ইত্যাদির কথা বলে গেলেন এবং বৌবাজারের <sup>পর্কে বললেন</sup> কিন্তু পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের যে নেতিবাচক দিকের সঙ্গে

[ 1st April ইতিবাচক দিকওলোও আছে সেই ব্যাপারে কেউ উল্লেখও করলেন না। আমি 🚴 সঙ্গে বলতে পারি যে, পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের আমলে পুলিশের এখন 🍇 করতে পারেননি কিন্তু এটা ঠিকই যে পুলিশের মৌলিক দৃষ্টিভঙ্গির কিছুটা প্রিক সক্ষম হয়েছেন। কংগ্রেসি আমলে এই পুলিশ প্রশাসন দিয়ে তারা বড়লোকের <sub>সার্থ ম</sub> স্বার্থ এবং মালিকশ্রেণীর স্বার্থে ব্যবহার করতেন। তাদের জন্যই এই পুলিশকে বা হত। সেখানে বামফ্রন্ট সরকার পুলিশকে সাধারণ মানুষের স্বার্থে, শ্রমিক মানুষের খেটে খাওয়া মানুষের স্বার্থে ব্যবহার করেছেন। এই কারণেই পুলিশ বাজেটের উদ্ধ **কুরু এবং সমালোচনা করছেন। আজকে যে পুলিশ বাজেট সম্পর্কে আমাদের** মধ্যা দিয়েছেন তাতে এত সুন্দরভাবে পরিসংখ্যান দিয়েছেন যা সর্বভারতীয় আলোকে : যার। পশ্চিমবঙ্গের পুলিশ অন্য যে কোনও রাজ্যের চেয়ে অনেক বেশি তংগুৱা কংগ্রেস শাসিত রাজ্যে যে আইনশৃঙ্খলার অবস্থা তাতে যে কোনও মুহুর্তে ওখানে নি হয়ে যেতে পারে। অথচ তারা পশ্চিমবাংলার আইনশৃঙ্খলার কথা বলছেন। আমন্ত্র সরকার ১৬ বছর ধরে ক্ষমতায় আছি, কোনও কোনও বছর একটা না একা হয়েছে, সমস্ত নির্বাচন সুস্থ এবং অবাধ নির্বাচন হয়েছে। পশ্চিমবাংলার মানুষ : গর্বিত। পশ্চিমবাংলার পুলিশের যে ভূমিকা তা সারা ভারতবর্ষে প্রশংসনীয়। করে । এখানকার পুলিশ সাম্প্রদায়িকতা থেকে মুক্ত, বিচ্ছিন্নবাদ থেকে মুক্ত, যেটা আ জ নয়। সেই জন্য মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রীর আনা বাজেটকে সর্বান্তকরণে সমর্থন জনি বিরোধীদলের আনা কাট-মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ কর্মছ।

শ্রী জটু লাহিড়ী ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় হরাষ্ট্র মন্ত্রী হল যে পুলিশ খাতে ব্যয়বরাদ্দ এনেছেন, তার বিরোধিতা করে এবং আমাদের কার্ট্র সমর্থন করে আমি বক্তব্য রাখছি। স্যার ১৬ বছর ধরে ক্ষমতায় থেকে ন্যারনীতি মন্তর্বন ধরে প্রতি বছর পুলিশের বাজেট বাড়াতে বাড়াতে আজকে ৩৮০ কোটি টালা এসেছেন। তার কারণ নাকি পুলিশ জনগণের কল্যাণের জন্য কাজ করছে। আমি বিশেষ করে কলকাতা পুলিশের সম্পর্কে, সারা ভারতবর্ষে একটা গর্ব ছিল কলকা এবং পশ্চিমবঙ্গ পুলিশের একটা সুনাম ছিল। কিন্তু এই পুলিশকে গত ১৬ বছর গ্রে স্থাব্যে: ক্ষমতায় থাকার স্বার্থে কাজে লাগিয়ে এই পুলিশকে এমন জায়গায় নির্দেশ সমহায়ক করে মানুষের ভোটাধিকার কেড়ে নিয়ে এই সি. পি. এম. পার্টি নির্বাচ্ন পরিণত করেছেন। আমি বলুতে চাই শুধু হাওড়া জেলায় ৭৮ সাল থেকে ৯২ মন্বর্ষের নেতৃস্থানীয় ব্যক্তি খুন হয়েছেন ১৬ জন। অথচ কাউকে শান্তি কেন্ত্রা আমতার কান্দুয়ায় হাত চিহ্নে ভোট দেবার অপরাধে গোপাল পাত্রকে নৃশাংস্ভারে কল। খতেকর বাগ, রামু ধাড়া, কেশব খাড়া, চমতকারী পাত্র, টুম্পা পাত্র, এরের ই

্য়েছে কংগ্রেসকে ভোট দেবার জন্য। এরা বলছেন যে আজকে পুলিশের জন্য নত কাজ করছেন, তার জন্য বাজেট বাড়াতে হবে। আজকে পুলিশ এদের সহায়ক ছে। যার জন্য সি. পি. এম. ক্যাডারদের কেশাগ্র এরা স্পর্শ করে না। বালিগঞ্জ ্রাকজন পথচারীকে এরা নৃশংসভাবে গুলি করে হত্যা করেছে। আমার বক্তব্য <sub>রা খা</sub>শানে আমাদের সকলের শ্রন্ধেয় সত্যজিত রায়ের অন্তেষ্টি ক্রিয়ায় একজন বোধী অশালীন আচরণ করার পর সাহাদা বলে পুলিশ কমিশনারকে ডেকেছিল বলে ল ক্মিশনারকে অপসৃত হতে হয়েছিল। তাহলে লালবাজারের খুব কাছে রশিদের । টুন টুন বোমার মশলা জমিয়ে রাখা হয়েছিল, যার জন্য বিস্ফোরণ হল, কাদের ্র জমানো হয়েছিল, আমরা জানি সামনে ত্রিপুরায় নির্বাচন সেখানে এই বোমা হত। সাথে সাথে আগামী পঞ্চায়েত নির্বাচনেও মানুষের ভোটাধিকার কেডে নেবার দ এবং তার সাঙ্গোপাঙ্গদের মাধ্যমে প্রস্তুতি নেওয়া হচ্ছিল। এক্ষত্রে পুলিশ এখনও ক ভুমিকা পালন করছে। সে জন্যই আমি বলছি আজকে পুলিশ খাতে যে ভাবে র বদ্ধি করা হচ্ছে সে ভাবে এই ব্যয়-বরান্দ বৃদ্ধি করা কখনই উচিত নয়। অপদার্থ শাসনের জন্য বরান্দ বৃদ্ধিকে কখনই সমর্থন করা যায় না। স্যার, নারী নির্যাতন নের বিষয়ে জ্যোতিবাবু নিজেই উদ্বেগ প্রকাশ করেছেন। এ রাজ্যে ১৯৯২ সালে র্মনের ঘটনা ঘটেছে। ১৪১টি বধু নির্যাতনের ঘটনা ঘটেছে এবং ৫৩ জন বধুকে ারা হয়েছে। এ সমস্তই খুবই দুঃখের এবং লজ্জার, কিন্তু বর্তমানে এ রাজ্যে কিছুই নেই, কারণ এখানে রক্ষকই ভক্ষক। নারীর সম্ভ্রম, পশ্চিমবাংলার একটা গর্বের বিষয় িন্তু আজকে পশ্চিমবাংলায় নারীর সম্ভ্রম কি করে রক্ষিত হবে? আজকে পলিশই যে । ভক্ষক হয়ে গেছে। আমরা দেখলাম ফুলবাগানে একটা অসহায় মেয়েকে পুলিশ িম্বনারে তুলে নিয়ে এসে থানার মধ্যে ধর্ষণ করল। থানার মধ্যে পুলিশ অফিসারদের িতে ঐ জিনিস ঘটল। আমরা দেখলাম কাঁথিতে একটি মেয়ে তাঁর সাথীকে সঙ্গে নিয়ে মেটলে রাত্রি-যাপন করতে গিয়েছিল, পুলিশ সেই হোটেলে ঢুকে সেই মহিলাকে ধর্ষণ । আমরা দেখলাম হাওড়া স্টেশনে পুলিশ—যে পুলিশের প্রশংসা মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী ট, সেই পুলিশ একটা মেয়েকে বা একজন মহিলাকে ধর্ষণ করল। সব চেয়ে লজ্জার সেই মহিলার কেস ডায়রি নেওয়া হয়নি। ফলে ঘটনাটির কোনও কেস হয়নি। আমরা ি সিঙ্গুর থানার লক্ আপ-এ একটি মহিলা ধর্ষিত হলেন। তদন্তের নামে একটা <sup>। তিনবার</sup> ও. সি. বদল হ**'ল। পরবর্তীকালে** দেখলাম চার্জসিট না দিয়েই সে কেসের <sup>দি রিপোর্ট</sup> দিয়ে দেওয়া হ'ল। আজকে প্রতিটি থানায় এই জিনিস আমরা দেখছি। কেস i রাখা হচ্ছে খুন থেকে শুরু করে ধর্ষণ পর্যন্ত সব কেসেরই, কিন্তু পরবর্তীকালে দেখা ্বপদার্থ পুলিশ চার্জসিট দিচেছ না বার বার কোর্ট রিমাইন্ডার দেওয়া সত্ত্বেও। শেষ সঙ্গীট না দিয়ে ফাইনাল রিপোর্ট দিয়ে দেওয়া হচ্ছে। জ্যোতিবাবু আজকে পুলিশ <sup>দিকে</sup> এই অবস্থায় এনে দাঁড় করিয়েছেন। একদিকে জ্যোতিবাবুর ক্যাভাররা শুন্ডামি । <sub>ধর্ষন</sub> করবে, সম্ভ্রাস **সৃষ্টি ক**রবে তাতে তিনি প্রশ্রয় দেবেন, অন্যদিকে পুলিশকে

[1st April

বলবে, সন্ত্রাস সৃষ্টি করবে তাতে তিনি প্রশ্রয় দেবেন, অন্যদিকে পুলিশকে বলবেন, অন্যায় কর, আমি তো আছি। এই হচ্ছে জ্যোতিবাবুর আসল রূপ, একই তরে বিরক্তিম একই অঙ্গে দুই রূপ ইতিহাসের পাতায় দ্বিতীয় কারও আর খুঁজে পাওয় ই জ্যোতিবাবু এমনই একজন মুখ্যমন্ত্রী যাঁর একই অঙ্গে দুই রূপ। একদিকে তিনি জ্ব তাঁর পুত্রের দল, দুঃশাসনের দল শত অন্যায় করলেও তিনি তা দেখতে পান না। ত করছে, সন্ত্রাস সৃষ্টি করছে, তিনি কিছুই দেখতে পাচ্ছেন না। পুত্র সন্দেহে বা কাজ্য তিনি জন্ধ। ক্যাডারদের শত অন্যায়ও তিনি দেখতে পান না। অপর দিকে তিনি ত্বরু ভূমিকা পালন করছেন। ক্ষমতায় থাকার জন্য, তাঁর দলীয় শাসন কায়েম রাধ বিরোধীদের শত প্রতিবাদকে তিনি গ্রাহ্যের মধ্যে নেন না। তাই তো আমরা দেখি বিরোধীদের শত প্রতিবাদকে তিনি গ্রাহ্যের মধ্যে নেন না। তাই তো আমরা দেখি বিরোধীদের শত প্রতিবাদক তিনি গ্রাহ্যের মধ্যে নেন না। তাই তো আমরা দেখি বিরোধীদের শত প্রতিবাদক তিনি গ্রাহ্যের মধ্যে নেন না। তাই তো আমরা দেখি করে হত্যা করল, কিন্তু সে পুলিশের কোনও বিচার হ'ল না। স্কুলের ছাত্র প্রান্তিক করতে গিয়ে পুলিশের গুলি খেল, অথচ কোনও বিচার হ'ল না। জলের দাবিতে আন্দোলন করতে গিয়ে পুলিশের গুলি থেয়ে মরল, তার কোনও বিচার হ'ল না। গ্রে নিরীহ মানুষ পুলিশের গুলিতে মারা গেল, জ্যোতিবাবু বললেন, 'সমাজবিরোধীর ঐসব গোলমাল করছিল।' অথচ উনি একবারও বললেন না যে, ওখানে ক'জন মা

যে পুলিশ ঐ কাজ করেছে সেই পুলিশের তিনি কি বিচার করেছেন সে কথাও জ এই সমস্ত কারণে আমি এই পুলিশ বাজেটের বিরোধিতা করে আমাদের পক্ষের ম

[4-50 - 5-00 p.m.]

সমর্থন করে আমার বক্তবা শেষ করছি।

শ্রী নাসিরুদ্দিন খানঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী তথা পূ
মহাশয় পূলিশ খাতে যে ব্যয়-বরাদের দাবি এনেছেন আমি সেই দাবিকে সমর্থা
পারতাম যদি রবীনবাবুর কথা সত্য হয় তাহলে সমর্থন করব। রবীনবাবু তাঁর বজবলতে বলে ফেলেছেন যে রাজ্যে ক্রাইম বাড়ছে, সমস্যা বাড়ছে, ডাকাতি বাড়
নির্যাতন বাড়ছে, সূতরাং পূলিশ খাতে বাড়তি টাকা বাড়াতে হবে। তাই যদি হয়, তা
কোটি টাকা কেন, মুখ্যমন্ত্রী মহাশয় যদি ৬০ কোটি টাকা চান তাতেও আমাদের আগ
কিন্তু ওঁকে বলতে হবে, ৬০ কোটি টাকা দিলে আর দেশের এইসব অরাজকতা থা
কিন্তু উনি একথা বলতে পারবেন না, তাই এই ব্যয়-বরাদ্দকে সমর্থন করতে পা
১৯৫৩ সাল থেকে লক্ষ্য করে আসছি, মুখ্যমন্ত্রী মহাশয় তখনকার সময়ে বিরোধীলা
ছিলেন। তিনি সারা জীবন একটি কথা বলে আসছেন, যে পূলিশ খারাপ, পূলিশ ত
পূলিশ কংগ্রেসের দালাল, পূলিশু তাজা মানুষকে মারে। এই কথা বলে আমাদের
মুখ্যমন্ত্রী তখনকার সময়ে হাউস মাতাতেন। কিন্তু পরবর্তী সময়ে দেখা যাছে, পূলি
আর একটি কথাও বলেন না। সাত-সাতজন মারা গেল হরিহরপাড়ায়। নূর্লল
১৯৬৬ সালে বারাসাতে ইলেকট্রিক তার কাটছিল। পূলিশ গুলি করল। এটা ছিল ব

্সেই সময় নু**রুল ইসলামের মৃত্যুকে কেন্দ্র** করে বামেরা কত গান গেয়েছিলেন। সেই <sub>য়ে মাত</sub> করে দিয়েছিল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, হরিহরপাড়ায় সাত-সাতজন মারা <sub>গার</sub> পরে আর কোনও কথা নেই।

#### (গোলমাল)

<sub>হিন্তু</sub> একাই স্তব্ধ করে দেব। আমাকে যদি এইভাবে বাধা দেওয়া হয় তাহলে আমি াবুকে বলতে দেব না। আমি একাই যথেষ্ট। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সেদিন ্ক পুলিশ নিয়ে নিল। এখন কথা হচ্ছে, কংগ্রেসের আমলে পুলিশের গুলিতে ছিল যুদুগা হত মানুষের। আজ ওঁদের আমলে পুলিশের গোলাপ ফুলের গুলি, সেই সময়ে ্র <sub>উলিতে</sub> জান বাঁচাতে বড়ই কষ্ট হত, এঁদের আমলে পুলিশের গোলাপফুলের গুলি করে মারে আর ফুরুত করে জান চলে যায়, এঁদের গুলি ভাল। মাননীয় উপাধ্যক্ষ আমি বলছি এই সভায় গত বছরে বাজেট সেসনে আমাদের মাননীয় তথ্যমন্ত্রী বক্রব্যের জবাবি ভাষণে বলেছিলেন—আমি বলেছিলাম থানায় থানায় মন্দির হচ্ছে মন্দির তৈরিতে আপত্তি নেই কিন্তু পুলিশের মন্দিরের মানে হচ্ছে টাকা আদায়ের আমি সেটাতে আপত্তি করেছিলাম—উনি তার জবাবে বলেছিলেন আমি সব থানার ভেঙ্গে দেব। সেই মাননীয় তথ্য মন্ত্রীকে আমি জিজ্ঞাসা করি এই সভায় দাঁড়িয়ে আপনি তি দিলেন যে মন্দির ভাঙ্গবেন এখন সেই প্রতিশ্রুতি কোথায়? আপনাকে কাঠগড়ায় করা দরকার। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একজন মাননীয় মন্ত্রী এখানে প্রতিশ্রুতি সত্তেও কিছু হল না? আমি কোরানের একটা কথা বলি, 'লাকুম, দিলকুম ওলিয়াদিন' নে হচ্ছে যার যার ধর্ম তার তার কাছে। সুতরাং আমি যদি খাঁটি মুসলিম হই অন্য মপত্তি থাকতে পারে না। কোনও মন্দির রক্ষায় আপত্তি নেই, কিন্তু মন্দিরকে আশ্রয় গুলিশের বাৎসরিক লক্ষ লক্ষ টাকা আয় হবে আর সাধারণ মানুযের উপর নির্যাতন, াবে? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত সেসনে আমি নিজে এখানে প্রিভিলেজ এনেছিলাম, <sup>াগর থানায়</sup> পুলিশের পক্ষ থেকে আমাদের প্রতি যে অত্যাচার হয়েছিল সে কথা আমি লাম মাননীয় স্পিকার তখন বলেছিলেন যে সিরিয়াস কেস, সূতরাং তিনি গ্রহণ ানন পরে দেখা গেল আজ পর্যন্ত সেই প্রিভিলেজ মোশন এল না। একজন এম. এল. <sup>দি বিচার</sup> না পায় তাহলে দেশের সাধারণ লোক বিচার পাবে? এঁদের আমলে বিচার <sup>। কোনও</sup> সম্ভাবনা নেই। মাননীয় ভূতের মুখে রাম নাম করলেন তাঁর বক্তব্যের সময়ে দিজম নিয়ে খুব নাচানাচি করলেন, শুনবেন, আমার বলার ইচ্ছা ছিল না, আমি <sup>ম, তাই</sup> আমাকে বলতে হবে আপনাদের কথার পরিপ্রেক্ষিতে এখানে বলতে হবে। <sup>র সময়ে গার্ডেনরীচ,</sup> মেটিয়াবুরুজ থেকে কিছু মুসলিমকে ধরে নিয়ে এসে তাদের উপর <sup>চার করা</sup> হল, উপর তলার অফিসাররা ছুটে এলেন, লঙ্জা করে না? শেষ বারে ন কমিউনিজম প্রতিষ্ঠিত হবে, দুনিয়া থেকে যখন কমিউনিজম চলে যাচ্ছে তখন [\*]

<sup>\*[</sup>Expunged as ordered by the chair.]

[ 1st April, ]

কমিউনিজম প্রতিষ্ঠিত হবে। আমার সময় কম, তাই এর পূর্ণ বিরোধিতা করে আফ্র মোশনের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

মিঃ ডেপুটি স্পিকার: নাম বাদ যাবে।

[5-00 - 5-10 p.m.]

🖹 কামাখ্যাচরণ ঘোষঃ মিঃ স্পিকার স্যার, আজকে বিধানসভায় মাননীয় ফুর্ন্ন বাজেট পেশ করেছেন তাকে আমি সমর্থন জানাচ্ছি এবং বিরোধী পক্ষের আনীত স প্রস্তাবের বিপক্ষে বলছি। আমার এই রাজের তিনটি অভিজ্ঞতা হয়েছে : রাজ জি ব্রিটিশ-রাজ, কংগ্রেসি-রাজ এবং বামফ্রন্ট সরকারের রাজ। ব্রিটিশ-রাজ ছিল এক ক্র যায় পুলিশ-রাজ, কংগ্রেসি-রাজ—সেটাও ছিল পুলিশ-রাজ এবং আজকে যে রাজ জ হল জনগণের রাজ। এই মূল পার্থক্যটা বুঝতে হবে। দুই নম্বর কথা হচ্ছে ভ বর্তমানে সবচেয়ে বড বিপদ যেটা সেটা হচ্ছে সাম্প্রদায়িকতা। আমি বিরোধী সদসক জিজ্ঞাসা করি, এই দাঙ্গা হয়ে গেল, এটা হল কেন? আমরা বলেছিলাম, পরিছ বলেছিলাম, ব্যবস্থা নিন, আমরা আছি। কিন্তু কোনও ব্যবস্থা নিলেন না তাঁরা, ফার মসজিদ ভাঙ্গা হল। ঐ মসজিদ ভাঙ্গার আগে এবং পরে দাঙ্গা হয়েছে। এখনে র্ক যে কথা বলেছেন যে, সাম্প্রদায়িকতার বীজ ছিল পুলিশের মধ্যে, আমি সেটা সম্প্র বোম্বেতে যে ঘটনা ঘটল, তারপর প্রধানমন্ত্রী পি. ভি. নরসিমা রাও সেখানে ছুট গিঃ এবং সেখানে গিয়ে তিনি সুধাকর নায়েককে বাতিল করলেন। ছয়দিন ধরে সেগা চলেছে এবং তার সঙ্গে যেটা চলেছে সেটা হল, বিভিন্ন জাতপাতের মানুষকে বোষে তাডিয়ে দেওয়া হয়েছে। কিন্তু তার বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। তারজন রাও শারদ পাওয়ারকে সঙ্গে নিয়ে যেতে হল। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে এটা শ্বীকার <sup>কর</sup>ে যে. এখানে কিছু দুঃখজনক ঘটনা ঘটলেও পুলিশ সঙ্গে সঙ্গে ব্যবস্থা গ্রহণ <sup>করেছে</sup> রায়ট ছড়াতে পারেনি। কারণ কংগ্রেস রাজত্বের পুলিশের সঙ্গে এখানকার পুলিশের পার্থক্য রয়েছে। দাঙ্গা যখন এখানে বাধে তখন আমি মেদিনীপুর শহরে সংখ্যানঘূলে ছিলাম। সেখানে হঠাৎ রটে গেল যে, মুসলমানদের মসজিদ ভাঙ্গা হয়েছে। <sup>কিন্তু দে</sup> সঙ্গে সঙ্গে সেখানে পুলিশ ছুটে এল, ফলে মেদিনীপুর শহরে দাঙ্গা হল না। <sup>যদি (</sup> দাঙ্গা হত তাহলে সমস্ত জেলা জ্বলে যেত। সামান্য দাঙ্গা হয়েছে কলকাতায়, <sup>কিন্তু পুঁ</sup> **ক্রেন্ডিট দিতে হবে, সেটা তারা সঙ্গে সঙ্গে বন্ধ করতে পেরেছে**ন। আর একটি <sup>লক্ষ †</sup> বিষয়, গ্রামাঞ্চলে কোনও দাঙ্গা হল না। কেন হল না?

আমরা আমাদের অভিজ্ঞতায় দেখছি যে উত্তরপ্রদেশ, গুজরাট এবং বােছে জায়গায় পুলিশ দাঙ্গায় অংশগ্রহণ করেছেন। কিন্তু পশ্চিমবঙ্গে আমরা দাঙ্গা হতে একথা কেউ অস্বীকার করতে পারবেন না। এই দাঙ্গা ঘটাতে কারা সাহায্য করেছি সকলেই জানেন। এই বৌবাজারের ঘটনা ঘটেছে রশিদকে নিয়ে যে ঘটনা ঘটছে ত

<sub>ঘটনা</sub> একথা কেউ **অস্বীকার করতে পারে না।** এই ব্যাপারে এনকোয়ারী চলছে**, সমস্ত** তথাদি লাই ডিটে**ক্টর দিয়ে বার ক**রার চেষ্টা করছেন। তাদের কাছ থেকে স্টেটমেন্টও <sub>রার</sub> চেষ্টা করছে। য**তটুকু দুর্বলতা** রাজ্য সরকারের আছে তা কাটিয়ে উঠবে। **এই** <sub>গকোন্ত</sub> যেটুকু অসুবিধা **আছে তা আমরা কাটি**য়ে ওঠার চেষ্টা করছি। শুধু পুলিশের <sub>াধ-সংগঠন</sub> করে নয়, এই সঙ্গে সঙ্গে নারীরা নিজেরাও সচ্চেতন হয়েছে, তারা প্রতিবাদ বধ হত্যা, নারী নির্যাতন নারীর উপরে ব্যাভিচার তার সম্বন্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে। া সময়ে এটাও আমরা কাটিয়ে উঠতে পারব। এখানে এস. সি. এবং এস. টিরা -ভাবে চলাফেরা করতে পারেন যা কোনও রাজ্যে নেই। অন্যান্য রাজ্যে জোতদার-্রাদর হয়ে পুলিশ গরিব মানুষদের খুন করে এবং তারজন্য সরকার থেকে কোনও নেওয়া হয় না। কিন্তু সেইদিক থেকে আমাদের বামফ্রন্ট সরকার অনেক দৃঢ়তার সঙ্গে ় ্বছে এবং আমাদের পুলিশ বাহিনী যথেষ্ট সততার সঙ্গে কাজ করছে। আমরা যেখানে ্য দুর্বলতা আছে তা কাঠিয়ে ওঠার চেষ্টা করছি। সারা ভারতবর্ষে বিচ্ছিন্নতাবাদী আন্দোলন. াদী ব্যবস্থা যেভাবে বিরাজ করছে সেই সমাজের মধ্যে বাস, তার পাপ আমাদের গায়ে র না তাতো হতে পারে না। সুতরাং বামফ্রন্ট সরকারের আপ্রাণ চেষ্টা সত্ত্বেও কিছুটা তো আসবেই। কিন্তু তার মধ্যেও আমরা যথেষ্ট উন্নতি করতে সক্ষম হয়েছি। এই কথা এই বায়বরান্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী যে চ পেশ করেছেন তার বিরোধিতা করে সমস্ত কাটমোশনকে সমর্থন করে কয়েকটি কথা হাউসের কাছে তুলে ধরতে চাই। এই বাজেট দেখে মনে হল যেন ঠাকুরমার ঝুলির গঙ্গা বলা হছে। এই ১৬ বছরে বামফ্রন্ট সরকারে ব্যাভিচার ভরে গেছে এবং প্রশাসন হতে চলেছে। এখানে কোটি কোটি টাকা বরাদ্দ করা হচেছ এবং এই বিরাট পুলিশবাহিনীকে ল করছে আলিমুদ্দিন স্ট্রাট। ওখানে আপনাদের পার্টির এল. সি. এসদের দিয়ে পুলিশ ার বানিয়েছেন। তারাই পুলিশের হয়ে কাজ করছে। পশ্চিমবঙ্গের মানুয আগামীদিনে নাদের এই কাজকে কখনোই মেনে নেবে না। আজকে, এই রাজ্যে কংগ্রেসিরা খুন হচ্ছে, গ্রিসদের বাড়ি লুঠ হচ্ছে। ক্রমশ রাজ্যে নারী নির্যাতন বাড়ছে। পশ্চিমবঙ্গের মতো রাজ্যে কোটালা নামে এক লোধা মহিলাকে সিপিএমরা খুন করল। অতীতে পশ্চিমবঙ্গে এইরকম বিষনও ঘটেনি।

[5-10 - 5-20 p.m.]

আমরা দেখছি যে মাননীয় জ্যোতি বসু বিদেশ যাত্রা করছেন রশিদের হাত ধরে, আবার নে যাচ্ছেন, কোনও মাথা ব্যথা নেই, অথচ পশ্চিমবঙ্গ তখন কি হচ্ছে, আজকে থানায় <sup>রি, কর</sup>তে গেলে কেস ডাররি নেওয়া, হয় না। আমার এলাকা মালদায় এস. পি. আমাকে <sup>বিছন</sup> মাডাম কী করব, তেল নেই, এরপর আমাদের সাইকেলে করে যেতে হবে। তারপর

[ 1st April, lo পেটোল পাম্প থেকে রিভলভার দেখিয়ে তেল নিতে হবে। বুঝে দেখুন এস্ 🖟 আজকে এই কথা বলেন, আজকে মুখ্যমন্ত্রী তবে কাদের জন্য পুলিশ বাজেট এত বাজ এই সব টাকা কোথায় যাচেছ? আজকে ৪/২ নং অনুচ্ছেদের পরিপ্রেক্ষিতে কার পশ্চিমবাংলার সাম্প্রদায়িক উত্তেজনা কারা ছড়াচ্ছে, আদবানিদের সঙ্গে কারা মিটিং কর্ম মানের গলায় কারা মালা দিয়েছিল? মালদায় কারা রথ চালাতে দিয়েছিল, ইট প্রা করতে দিয়েছিল? ৬ নং অনুচ্ছেদে আপনারা কি বলছেন—একজন অসহায়া লোধ ক মৃত্যুর জন্য কারা দায়ী, ঐ সি. পি. এম. এর জহ্বাদ বাহিনী এর জন্য দায়ী। এবাং নং অনুচ্ছেদ দেখুন, উগ্রপন্থীদের ধরতে বার্থ একজন ও. সি. বাথরুমে লুকিয়ে আ করেন। অথচ পাঞ্জাব থেকে পূলিশ এসে তাদের গ্রেপ্তার করে। মাননীয় অধাক 🛭 আজকে ৯ নং অনুচেছদের পটভূমিকায় বলতে চাই, ৩৩ পারসেন্ট যে মহিলাদের জনা ং পঞ্চায়েত নির্বাচনে আসন রাখার কথা হয়েছে, আমি দাবি করছি, তাদের সকলকে মিঠা দিতে হবে, তা নাহলে তারা ইলেকশন কন্টেট করতে পারবে না। বালিগঞ্জ ইলেঞ মতো একটা নরমেধ যজ্ঞ হবে। ১৫ এবং ২০ নং অনুচ্ছেদে যা বলা হয়েছে, সেই স তথু আমি এই কথা বলব যে আজকে ৬ জন আই. জি., ডি. আই. জি. ডি. ছি. করা হচ্ছে, কিন্তু খুন, ভাকাতি, রাহাজানি, নারী ধর্ষণ কিছুই কমেনি, বরং বেড়েছে। ম অধ্যক্ষ মহাশয় ২০/২ এর অনুচেছদে চার্জ শিটের কথা বলা হয়েছে। চার্জ শিট সং এস. পি. দেন। অথচ পশ্চিমবাংলার বিভিন্ন থানায় এক শ্রেণীর পুলিশ আজকে সি. গি. এর ক্যাডার হয়ে কাজ করছে, এদের জন্য ব্যয়-বরাদ্দ দাবি আমরা কি করে সমর্থন ব চুরি, ডাকাতি, রাহাজানির ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি, অর্থ বেশি বরাদের ফলে ১০ ৯২ সাল একটা ক্ষেত্রে ৯১ এর জায়গায় এটা হচ্ছে ৫১ এবং আর একটা ক্ষেত্র জায়গায় হয়েছে ৫৬, এইটুকু উন্নতির জন্য এত বড় টাকা পুলিশ বাজেটে দেওয়া, <sup>হ</sup> সমর্থন করি না। তদন্তের নামে প্রহসন হচ্ছে।

মাননীয় জ্যোতিবাবু ২১ নং অনুচ্ছেদে নারী নির্যাতনের কথা বলেছেন। আমর।
১৯৯১ সালে এ রাজ্যে রেকর্ডভুক্ত ধর্ষণের সংখ্যা হচ্ছে—৪৬১। ১৯৯২ সালে এই
বৃদ্ধি পেয়ে হয়েছে—৬১৫। এখানে সরকার পক্ষের সদস্যরা দিল্লির কথা টেনে এই
অন্য স্টেটের কথা বলে কি পশ্চিমবাংলার ঘটনাগুলো ঢাকা যাবে? অন্য রাজ্যে কি
না হচ্ছে তা আমরা জানতে চাই না। আমরা পশ্চিমবাংলার মানুষ, পশ্চিমবাংলার কি
তাই দেখতে চাই। আর যদি দিল্লির কথা বলতেই হয় তাহলে পশ্চিমবাংলার ঘটনাই
সঙ্গে দিল্লির ঘটনা গুলোর একটু তুলনা করে বলাই ভাল। ১৯৯১ সালে পশ্চিমব
রেপ্-এর ঘটনা ঘটেছে ৪১৬টি, আর ১৯৯১ সালে দিল্লিতে রেপ্-এর ঘটনা ঘটেছে ১
মলেসটশন ১৯৯১ সালে দিল্লিতে ইয়েছে ২০০টি, পশ্চিম বাংলার হয়েছে ৩৫৩টি। ১৯৯১
জেখ ১৯৯১ সালে পশ্চিমবাংলায় ঘটেছে ৫৩৮টি, দিল্লিতে ঘটেছে ১৩০টি। ১৯৯১
পশ্চিমবাংলায় স্বামী বা পরিবারের অন্যান্য আদ্মীয়দের দ্বারা বধু নির্যাতনের ঘটনা

দিল্লিতে হয়েছে ১১২টি। তথাপি অন্য রাজ্যে এই সমস্ত ঘটনা ঘটছে বলে পশ্চিম ঘটবে, এটা কোনও যুক্তি নয়। মাননীয় মুখ্যমন্ত্রী, অন্য রাজ্যে যেহেতু এই সমস্ত ছে, সেহেতু আমাদের রাজ্যেও ঘটবে, এই যুক্তি কি আমাদের মেনে নিতে হবে? গৈছি প্রতিবছর পশ্চিমবাংলায় নারী নির্যাতন এবং খুনের ঘটনা ক্রমশ বৃদ্ধি পাচেছ। জ্বাবের মতো রাজ্যেও গত তিন মাসে খুনের ঘটনা ৫০% কমেছে, ডাকাতি শতকরা কমেছে এবং অপহরণের ঘটনা শতকরা ৪০ ভাগ কমেছে।

নীয় মুখ্যমন্ত্রী, তাঁর ভাষণের ১১ নং অনুচ্ছেদে কংগ্রেসের ডাকা 'বাংলা বন্ধ'-এর রখ করেছেন। তিনি মুখে গণতন্ত্রের কথা বলেন, অথচ কার্যক্ষেত্রে আমরা দেখছি ।তন্ত্রে বিশ্বাস করেন না। কংগ্রেসের ডাকা বাংলা বন্ধকে সমর্থন করার অপরাধে ।তিন্দে শিক্ষক যোগেন গিরি এবং আদিবাসী যুবক পরিমল সোরেনকে সিপিএম-এর খুন করেছে।

ার, আমার সময় শেষ হয়ে এসেছে, সে জন্য আমি আর বেশি কিছু বলছি না। ন রশিদ, লাল্লু, ভুলু প্রভৃতিকে বাঁচাবার জন্য যে বাজেট এখানে পেশ করা হয়েছে ব্র বিরোধিতা করে, আমাদের আনা কাট-মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ

ামতী নিরুপমা চ্যাটার্জিঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী পুলিশ ় বয়-বরান্দের দাবি এখানে উপস্থিত করেছেন তাকে সমর্থন জানিয়ে আমি কয়েকটি াছি। স্যার, বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর থেকেই আমরা লক্ষ্য করছি যখনই যুরাষ্ট্র মন্ত্রী এখানে পুলিশ বাজেট পেশ করেন তখনই আমাদের বিরোধী দলের হৈ-চৈ, চিৎকার চেঁচামেচি শুরু করে দেন এবং প্রতিবারই প্রথমে যেটা তাঁরা বলেন েছ, পুলিশ খাতে এত টাকা বরাদ্দ করা হচ্ছে কেন? এ বছরও তাঁরা এই কথা <sup>5६का</sup>র করলেন। আমি তাঁদের পরিদ্ধার বলতে চাই যে, তাঁরা গোটা দেশটাকে যে 🛚 দিয়ে এসেছেন তাতে এক ভয়াবহ পরিস্থিতির সৃষ্টি হয়েছে। এই ভয়াবহ পরিস্থিতির <sup>পশ্চিমবঙ্গে</sup> যদি বামফ্রন্ট সরকারকে কাজ করতে হয়, যদি আজকে শান্তি-শৃঙ্খলা রক্ষা হয়, যদি মানুষের গণতান্ত্রিক অধিকার রক্ষা করতে হয় তাহলে আমাদের পুলিশ <sup>কে আরও</sup> সংগঠিত করার দরকার আছে বলে আমি মনে করি। সুতরাং পরিস্থিতির <sup>৬কর</sup> আরোপ করে সামর্থ অনুসারে মাননীয় মন্ত্রী যথাযথভাবে ব্যয়বরাদ্দ পেশ করেছেন। া বিরোধী দলের সদস্যরা রশিদ সম্পর্কে কয়েকটা কথা বললেন। আমি তাঁদের এই । লৈতে চাই যে, স্যার, আজ ৪৬ বছর আমাদের দেশ স্বাধীন হয়েছে, এই ৪৬ বছরে <sup>কত রশিদ</sup> গোটা দেশে তৈরি করেছেন তা কি জানেন না? আজকে গোটা দেশটাকে <sup>কিখায়</sup> নিয়ে চলে গেছেন, আজকে দেশের সমস্ত সমাজবিরোধীরা কংগ্রেসের পতাকাতলে <sup>হাহির</sup> <sup>হয়েছে</sup>। যাঁরা প্রকৃত দেশকে ভালবাসেন তাঁরা আজকে কংগ্রেসে স্থান পাচ্ছেন

[ 1st April, 19

না। স্থান পাচেছ কারা? যারা সমাজবিরোধী।

[5-20 - 5-30 p.m.]

আছকে কংগ্রেসিরা যে কথা বলেছেন—আমি মনে করি—সঠিক কথা না তাঁদের ভাবতে বলব, স্বাধীনতার পরে আমাদের দেশে ৬ বার দাঙ্গা হয়েছে। এই সাল দাঙ্গার বিরুদ্ধে বাংলাদেশের মানুষ লড়াই করেছে এবং লড়াই করে বলেছে আফ দাঙ্গার বিরুদ্ধে. আমরা দাঙ্গা চাই না, শান্তি চাই। কিন্তু অত্যন্ত লজ্জার, ৬ 🔊 ভারতবর্ষের বুকে যে ঘটনা ঘটে গেছে—এটা অত্যন্ত লঙ্জাজনক এবং কালিমালিও ম আমরা দেখছি. মাননীয় বিরোধীদলের সদস্যরা এখানে দাঙ্গার বিরুদ্ধে যত কথাই 🙀 কেন, আমরা এলাকায় দেখছি, গ্রামবাংলায় দেখছি, ৮ তারিখে যে মিছিল বেরিয়ের যখন আমরা বলছি. সাম্প্রদায়িক দাঙ্গার বিরুদ্ধে ঐক্যবদ্ধ লডাই করতে হবে তল্প দেখছি, কংগ্রেস দলের সদস্যরা গ্রাম-বাংলায় মিছিল করে বলছে, ''বাবরি মসজি 🗈 কে, জ্যোতি বসু আবার কে"। এই হচ্ছে তাদের স্লোগান এবং এইভাবে তারা উম্পর্টি। যাতে দাঙ্গা হয় গ্রামবাংলায়। এই ধরনের বিভিন্ন স্লোগান দিয়ে মানুষকে বিভ্রান্ত করা। করছে এবং বিছিন্নতাবাদী শক্তিকে মদত দেওয়া হচ্ছে। বি. জি. পি কারাং দিনের কংগ্রেস সেজে বসে রয়েছে আর রাত্রিবেলা কংগ্রেসি বন্ধদের একটা অংশ বি. জ. 🕅 এলাকায় বিভ্রান্তি সৃষ্টি করার চেষ্টা করছে। আমরা দেখতে পাচ্ছি, সংখ্যালঘু এলাকাঃ গোপনে তাঁদের বিভিন্ন রকমের ভয় দেখাচ্ছে। ১৯৭২ সালের কথা আমাদের মন কংগ্রেসিরা রাত্রিবেলা নকশাল সেজে আমাদের কর্মীদের খুন করেছে, এমনকি পুলিশ 🕮 খুন করেছে। সূতরাং কংগ্রেসের ইতিহাস আমাদের জানা আছে তাই আমি <sup>বাছে</sup> কংগ্রেসের একটি অংশ বি. জে. পি হয়েছে এবং তারাই গ্রামে-গ্রামে প্রচার করছে। <sup>জ</sup> ভারতবর্ষে কংগ্রেস শেষ হয়ে যাচেছ, তাই বি. জে. পি দলকে নিয়ে এসে তাদের 😽 করে দাঁড়াবার চেন্টা করছে। সেইজন্য এইসব কথা বলে প্রচার চালাচ্ছে। তাই আ<sup>র্ক</sup> আপনারা আজকে যে ধরনের পথ নিয়েছেন, এটা মারাত্মক পথ। তারা <sup>বিলি</sup> প্রোরোচনামূলক উস্কানি দিচেছ। মাননীয় কংগ্রেস দলের সদস্যরা মনে করছেন, <sup>পশ্চিমন</sup> বুকে গণতান্ত্রিক অধিকার কেড়ে নেবার জন্য আগামী পঞ্চায়েত নির্বাচনে হানাহনি 💝 করে দেশে একটা অশান্তি সৃষ্টি করে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারকে বিত্রত করে আশায় তারা বিভোর হয়ে আছেন। আজকে যে ভূল পথে আপনারা <sup>পরিচালিত র্ক্ষ</sup> পশ্চিমবাংলার মানুষ তার বিরুদ্ধে ঐক্যবদ্ধ সংগ্রামের মধ্য দিয়ে এগিয়ে <sup>যাবে। ফর্ট্ হি</sup> পি আসুক, যতই ঝাড়খন্ডীরা আসুক, যতই জামাত-ই-ইসলাম আসুক, য<sup>তুই ক্র</sup> আসুন—পশ্চিমবাংলার মানুষ সংগ্রামের মধ্য দিয়ে এগিয়ে যাবে। এই কথা বলে है ক্কাদ্দ আনা হয়েছে তাকে সমর্থন জানিয়ে এবং বিরোধীদের আনীত কাট-মো<sup>শনের ক্লি</sup> করে আমার বক্তব্য শেষ করছি।

পুকুমার দাস : মাননীয় **অধ্যক্ষ মহাশ**য়, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী ২১ নম্বর ডিমা**ন্ডে তাঁ**র বে বাজেট প্লেস করেছেন সেই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের আনীত ় নর সপক্ষে কয়েকটি কথা বলতে চাই। আমরা যে যুগে বাস করছি সেটা নৈতিক ্ <sub>যগ।</sub> অতীতের স্বাধীনতা **সংগ্রামে, গণতান্ত্রিক অধিকার রক্ষার** সংগ্রামে আমা**দের** াদর্শের যে শিক্ষা পেয়েছিলাম, আজকে বামফ্রন্ট সরকারের ১৬ বছরের রাজত্বে তা ্য়ে গেছে। সমস্ত ক্ষয়িষ্ণু সমাজের পথপ্রদর্শক এই বামফ্রন্ট সরকার। আমি এই ্ ব্র হরেকৃষ্ণ কোঙার যখন বেঁচে ছিলেন তখন তিনি বলেছিলেন, আমাদের সরকার নুবকারের মতোন হবে না। আমাদের সরকার হবে কৃষকের সরকার, আমাদের বে শ্রমিকদের সরকার, আমাদের সরকার হবে গণতান্ত্রিক অধিকার রক্ষার সরকার। নিকে বামপন্থীবন্ধুদের জিজ্ঞাসা করি, আজকে পুলিশ লক-আপে মৃত্যু হচ্ছে নাং ন খেয়ে মরে না, ছাত্র গুলি খেয়ে মরে না, মহিলা, উদ্বাস্ত মরে নাং কে বাকি গণতান্ত্রিক আন্দোলন প্রথম যখন শুরু হয়েছিল, ১৯৭৯ সালের ৩০শে মার্চ গতে গুলি চালানো হয়েছিল, ৩০ জন মারা গিয়েছিল। ১৯৭৯র নভেম্বরে টালিগঞ্জে ামিক মারা গিয়েছিল এই রকম করে হিসেব করলে দেখা যাবে তখন প্রায় ৭২টি ওলি চলেছিল। বামফ্রন্ট সরকারের আমলে কে মরেছে? শ্রমিক রঘুনাথ রায়, কৃষক লদার, মানস ব্যানার্জি, শিক্ষিকা বিমলা দে, হাওড়া স্টেশনে। এই রকম অসংখ্য আছে। আমি মনে করি আজকে যাঁরা এইসব খুনের ব্যাখ্যা করেন তাঁদের বলব যে ভূমিকা প্রগতিশীল হলেও স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের ভূমিকা প্রগতিশীল কিনা সেটা বিষয়। আমি দুটি উদাহরণ আপনাদের কাছে রেথে যাব। লালবাজারের ১০০ গজের ইটার্সের কাছে রশিদের আড্ডা, আজকের দিনে যখন ১০০ জন লোকের প্রাণহানি দ্য মৃত্যুবরণ করল বামফ্রন্টের বন্ধুদের জিজ্ঞাসা করি যে আপনাদের বিবেক বলে াঃ মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী এবং তৃষার তালুকদারের বিরুদ্ধে প্রতিবাদ করে কোনও <sup>নতে</sup> পারছেন না, আপনাদের বিবেক বলে কিছু নেই, আপনারা বামফ্রন্ট সরকারের ত্ম নিয়ে কবরের শান্তি বিরাজ করতে চলেছেন। আমি আর একটা উদাহরণ দিতে ৯৯২ সালের ২১শে এপ্রিল মাননীয় সদস্য দেবপ্রসাদবাবু যেটা বললেন সত্যজিত অন্তেটিক্রিয়ার সময় স্বপন দে কে গ্রেপ্তার করতে গেলে সে কি বলেছিল, তখন স্বপন ্বিলে চিংকার করেছিল। শুধু স্থপন নয়, রিপোর্ট ছিল যে কে একজন শ্রীধর তার <sup>খিনী</sup>পুরের উকিল শ্রী শ<mark>ঙ্কুনাথ পাইন চিত্রটা তুলে ধরেছিলেন, বলেছিলেন এতব</mark>ড় ্রে বেড়াচ্ছে কিছুদিন আগে জামিনের জন্য আমার কাছে এসেছিল, একে কেউ <sup>রতে</sup> পারছে না? আ**জকে তাই আপ**নাদের কাছে প্রশ্ন রেখে যাব, পুলিশ যে রছে, তাতে কোনও সাধারণ মানুষ বিচার পাচ্ছে না। আজকে গণতান্ত্রিক আন্দোলনের <sup>ছেন,</sup> পুলিশের ও. সি. এল. সি দ্বারা পরিচালিত হয়। আজকে আসামীদের ধরা <sup>পুলিশে</sup>র গাড়ির তেল না দিলে আসামী ধরতে যায় না। আপনারা রাজি আছেন? <sup>দর্বদলীয়</sup> কমিটি করুন, থানায় থানায় পুলিশ কি করছে তার বিচার করা হবে। ার April.
মাননীয় পঞ্চায়েত মন্ত্রী বলেছিলেন রাস্তা করব, গ্রামের ছেলেরা কন্ট্রান্টর ইঞ্জিনিয়ে
না তা কেমন করে হবে? তারপর ১৭ জন সি. পি. এম. বন্ধুর নাম বেরিয়েই;
ভায়রিটা বার করুন, মাননীয় জ্যোতিবাবু কি বক্তব্য রাখবেন? উনি একবারও বলু
বিধানসভায় দাঁড়িয়ে যে আমার সঙ্গে রশিদের কোনও সম্পর্ক নেই? সি. বি. আয়
তদন্ত করানোর কথা বলেছেন? আজকে পুলিশ নিরীহ নিপীড়িত মানুষকে হত্য
শান্তিপুর, মরিচঝাঁপি, টালিগঞ্জ প্রভৃতি জায়গায় পৌর নির্বাচনের সময়ে পুলিশ ৩নি
আবার সেই পুলিশই রিভলবার নিয়ে সি. পি. এম. কে রক্ষা করে, কংগ্রেসের লাল্ম
দিতে দেয় না এই কি পুলিশের নিরপেক্ষতার পরিচয়? মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী তার
রাখবেন, আজকে পুলিশ সাধারণ মানুষের কথা শোনে? হাড়োয়া এবং হগলিতে ম্
রকের [\*\*\*] কি বক্তব্য রেখেছেন, 'আমরা কারও দয়ায় আসিনি।' সরলবে:
জানেন। আজকে পুলিশের সঙ্গে সাট্রা এবং প্রোমোটার কম্বিনেশনে এমন একটা রা
করেছেন ছোট দল হিসাবে আমরা বিচার পাছ্ছি না।

[11-10 - 11-20 p.m.]

সি. পি. আই. এর কামাক্ষা ঘোষ মহাশয় যা বলেন এখানে, বাইরে তার লৈ বলেন। আজকে সি. পি. আই., কংগ্রেস, আর. এস. পি., ঝাড়খন্ড, ফরোয়ার্ড ব্ল. ধ বলছেন ? তবে যারা রশিদের পয়সায় জয়লাভ করবেন বলেন তাদের কথায় আমি প্রা না, কিন্তু যারা সাংবাদিক জগতে রয়েছেন আদর্শে বিশ্বাস করেন—আমি মনে জঃ সব সদসেরে বিবেক মারা গেছে—তাঁরা প্রতিবাদে গর্জে উঠবেন। আজকে <sup>সাধার</sup> ই যদি নিরাপত্তা না দিতে পারেন তাহলে আমরা কি করে নিরাপত্তা দাবি করবং আরু পঞ্চায়েত নির্বাচন কিভাবে হয় জানি এবং তারই জন্য আমরা চাই পঞ্চায়েত 🖼 ৰুখভিত্তিক না হয়ে ব্লকভিত্তিক হোক। ১০ই ডিসেম্বরের দাঙ্গায় আপনারা বলেছে 🛭 সি. পি. এম. পেপার বলেছে ৩৩ জন, অন্যান্য পেপার বলেছে ৪৬ জন মার গেছে। মধ্যে কার কথা সত্যি? মৃত্যু নিয়েও এখানে রিগিং? হাসপাতাল বলেছে ১০০ জ হয়েছেন, সেখানে জ্যোতিবাবু বলেছেন ৬২ জন মার্ডার হয়েছেন। এঁরা আজকে ক্র্ রিগিং করছেন। এই সেদিন সি. পি. এম. না**স্কু**দ্বিপাদের সঙ্গে বেঙ্গল লা<sup>ইন জিল</sup> নিয়ে ঝগড়া করেছিলেন এবং তার ফলে সেদিন কলকাতার স্ল্যানেটরী <sup>সেসন ক্ষে</sup> চলে গিয়েছিলেন। তিনি অযোদ্ধার প্রশ্নে বিজেপি থেকে সাবধান করেছিলেন। <sup>কিন্তু র্ক্তি</sup> বেঙ্গল লাইন নেওয়ায় সেদিন তিনি সাম্প্রদায়িকতার বিরুদ্ধে **কথা** বলে <sup>এই পীর্ম্বা</sup> চলে গিয়েছিলেন। মনে রাখবেন, পশ্চিমবঙ্গের বাইরে কিন্তু আরও ২৪<sup>টি রাজ রা</sup> সেখানে সংখ্যালঘুদের রক্ষা•করছে এই কংগ্রেস দল। সেখানে কেনও সি. <sup>পি. ক্র</sup> আজকে মুসলিম সম্প্রদায় আহত হয়েছেন, কিন্তু এই ফেডারাল স্ট্রা<sup>চচারে উপার</sup>ি

Note: \* [Expunged as ordered by the chair.]

র মুখ্যমন্ত্রীকে বিশ্বাস করা ছাড়া। তবে তাঁকে বিশ্বাস করে আমরা আঘাত পেয়েছি।

র রাজ্যের মুসলিম এবং আদিবাসী সমাজকে রক্ষা করছে কিন্তু কংগ্রেস। সেখানে

র. আছে মাত্র একটি রাজ্যে। আজকে আপনাদের এই কথাটা স্মরণ করিয়ে দিচ্ছি।

লম সম্প্রদায়ের কাছে আবেদন করব, কারণ ভারতবর্ষে কংগ্রেস দুর্বল হলে

নতার বীজ ছড়াবে। যদি জ্যোতি বসুদের বৃদ্ধি হয়, যদি কংগ্রেসকে দুর্বল করেন

রতবর্ষ দুর্বল হবে। তাই আমি এই বাজেটকে সমর্থন করতে পারছি না। আমাদের

টি-মোশনকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

ডেপুটি স্পিকারঃ অশোক ঘোষ মহাশয়ের নাম বাদ যাবে।

নরেন হাঁসদাঃ মিঃ ডেপুটি স্পিকার স্যার, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী যে বাজেট পেশ আমি তার বিরোধিতা করছি। আজকে পশ্চিমবঙ্গের যে সমস্যা এবং এই বাজেটের া, এই দুই এর মধ্যে কয়েক যোজন দূরত্ব। ফলে প্রতি মানুষের উপর ঘনিয়ে গলো মেঘ। এই কালো দিনের বিরোধিতা করতে গিয়ে এই বাজেটের বিরোধিতা ফ্র সরকারের কাছে পশ্চিমবাংলার আদিবাসী উপজাতি মানুষ নিরাপত্তা পাননি।

ননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী উপস্থিত, তাঁর মামি বলছি, ওই যে লোধা মহিলা চুনি কোটালকে খুন করা হল তারজন্য সরকার কটি কমিশনও গঠন করা হয়েছে। কিন্তু সেই কমিশন কাদের স্বার্থে গঠিত হয়েছে াজকে আমাদের ভাবতে হবে। এই কমিশন কি এস এফ আই কে দিয়ে করানো তাই যদি করা হয়ে থাকে তাহলে কোনওদিনই আসল দোষী ধরা পড়বে না। <sup>দর</sup> দৃষ্টিভঙ্গি হচ্ছে যে কিভাবে এটাকে আড়াল করা যায় এবং তার চেস্টাই চলছে। অমি আসব ঝাড়খণ্ডীদের একজন গবেষক এবং ডেপুটি ম্যাজিস্ট্রেট শ্রী মহেন্দ্র মাঝির ঘটনায়। কারা এই মহেন্দ্র মাঝিকে খুন করেছে? সি পি এমই খুন করেছে এবং 🌣 এরজন্য দায়ী। ওইসব খুনীরা আজকে সিপিএমের মদতপুষ্ট হয়ে ঘুরে বেড়াচ্ছে র্তমনে তারা আবার বি**জেপির সঙ্গে অ্যালায়েন্স** করেছে। রবীনবাবু যে বি জে পি ানক কথা বলে গেলেন তার পরিপ্রেক্ষিতে আমি বলতে চাই যে বিজেপি এবং : কোনও তফাৎ নেই। আমাদের রাজ্যের সিপিএমের আজকে কোনও চরিত্র নেই। বি জে পি এবং সিপিএম একটাই কয়েন হয়ে গেছে। কয়েনের এ পিঠ এবং ও <sup>বীন</sup> বাবু বললেন যে অন্য **রাজ্যে বি জে পি পুলিশের সমর্থন পে**রে 'শ্রী রাম' ধ্বনি রা মন্দির বানাচেছ আর আমাদের রাজ্যে পুলিশ যথেষ্ট সজাগ। এই যদি হয় তাহলে বীনবাবুকে একটা প্রশ্ন করি, আপনাদেরই বা বিজেপির সঙ্গে তফাৎ কোথায়? আজকে <sup>সাধারণ</sup> মানুষের নিরাপত্তা কোথায় এটা আপনাদের ভেবে দেখতে হবে। আজকে <sup>রই একটা</sup> অংশ রাজনৈতিকভাবে মদতপুষ্ট হয়ে সাধারণ মানুষ ডায়েরি করতে গেলে <sup>pয়িরি নেয়</sup> না। সেই ডায়রি করতে গেলে আগে সিপিএম হতে হবে তবে তারা

[ 1st April :

ভারেরি ভারেরি নেবে। আজকে পশ্চিমবঙ্গে একটা ভয়ন্কর কালোদিন এবং জসন্ত্র চলছে। আগামীদিনে যাতে উপজাতি সম্প্রদারের কোনও আর অধিকার না থাকে ত্ত্ব পি এম সর্বদা চেন্টা করছে। সেইকারণে মাননীয় মুখ্যমন্ত্রী যে বাজেট বরাদ্দ পেশ इ তা ঝাড়খন্ডীদের স্বার্থ বিরোধী এবং নারী জাতির স্বার্থবিরোধী বাজেট তাই এই ব বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-40 - 5-50 p.m.]

**শ্রী অঞ্জন চ্যাটার্জিঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয় যে বাজা পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে দু-একটি কথা ছ সামনে তলে ধরতে চাই। আপনাদের যেটা উল্লেখ করার দরকার সেটা হচ্ছে যে, विर्ता সদস্যরা বললেন যে বাজেটে ৩০০ কোটি টাকার বেশি ধরা হয়েছে। এই প্রস্ত বিরোধীপক্ষকে স্মরণ করিয়ে দিতে চাই যে এইসবের মধ্যেও তাদের সরকার কলা আমাদের দেশে মুদ্রাস্ফীতি ঘটিয়েছে ১১ শতাংশ, বাজেট বৃদ্ধি হয়েছে ৮ শতাংশ, গহীত নীতির ফলেই আজকে জিনিসপত্রের দাম বাড়বে এবং রাজ্য সরকার তান্তে শক্তিশালী সংগঠনের মধ্যে থেকেও এই সীমিত ক্ষমতার মধ্যে থেকে সমস্ত কিছুর 🛭 থাকবেন তা হতে পারে না। পাশাপাশি আমরা এই কথা বলতে চাই যে আমরা উর্জোৎ একটা পলিশি ব্যবস্থা পেয়েছি। আপনি জানেন যে প্রথমে ব্রিটিশ সাম্রাজ্যবাদ এবং পর আমাদের দেশের কংগ্রেসি সরকার, যারা পুলিশকে ব্যবহার করেছে মূলত সাধারণ বিরুদ্ধে। স্বাধীনতার অব্যবহিত পরে ৫৯ সালে খাদ্য আন্দোলন এবং ৬৬ <sup>সাহে</sup> আন্দোলনে আন্দোলনের আমরা দেখেছি যে কী ভাবে পুলিশকে সাধারণ মান্<sup>যের</sup> ব্যবহার করা হয়েছে এবং পরবর্তীকালে ৭২ থেকে ৭৭ সাল পর্যন্ত এই পু<sup>লিশ ব</sup> গণতান্ত্রিক আন্দোলনের বিরুদ্ধে প্রয়োগ করা হয়েছে, গণতান্ত্রিক আন্দোলনের বিরুদ্ধে করা **হয়েছে। ৭৭ সালে ক্ষম**তায় আসার পর আমরা এই কথা পরিষ্কারভাবে করেছিলাম যে একটি জনমুখী প্রশাসন, একটি জনমুখী পুলিশ প্রশাসন আমরা গড়ে নিঃসন্দেহে এই কথা বলতে চাই, বিগত দেড় দশকে আমাদের শাসনের মধ্যে <sup>দিয়ে হ</sup> রাজ্যে যে পুলিশি প্রশাসন গড়ে তোলা হয়েছে তা গোটা ভারতবর্ষের মানুষের কার্ দৃষ্টান্ত স্থাপন করেছে। কংগ্রেসিরা এই সম্পর্কে বললেন না এখানে, বিভিন্ন <sup>রাজ্যে</sup> এখানে দিলেন কিন্তু তারা একবারও বললেন না যে এই সময়ের মধ্যে তার <sup>গা</sup> আন্দোলনের বিরুদ্ধে পুলিশ প্রয়োগ করা হয়েছে বললেন, কিন্তু তারা হিসাবে <sup>দিলেন</sup> সাল পর্যন্ত আমাদের রাজ্যে ১১ শত গণ আন্দোলনের কর্মীকে তারা খুন <sup>করেছেন</sup>, হাজার মানুষকে তারা বিনা বিচারে আটক করেছেন। হাজার হাজার মানু<sup>ষকে তারা এন</sup> করেছেন। যে নকশালপন্থীদের সম্পর্কে তারা কুন্ডীরাশ্রু বর্ষণ করছেন, এ <sup>কাশীপুরি</sup> গণ হত্যা করা হয়েছে। কিন্তু আজকে বিগত ১৫ বছর ধরে তারা এ<sup>কটা দুটাত</sup> পাবলেন না, যেখানে একটি কংগ্রেসি কর্মীকে রাজনৈতিক কারণে আটক <sup>করা হয়েছে</sup>

িকে এইভাবে আধা ফ্যাঙ্গিবাদী কায়দায় তারা যে ভাবে সন্ত্রাস সৃষ্টি করেছিলেন ্র কোনও ঘটনা ঘটানো হয়েছে? তারা বিভিন্ন প্রশ্ন তুলতে গিয়ে নারী নির্যাতনের ্ন। আমি যে কথা বলতে চাই এই রকম একটা সমাজ ব্যবস্থা যেখানে পুঁজিবাদী ্ছ সেখানে এই ধরনের অবস্থা থাকবে। কিন্তু আমাদের রাজ্যে এটা বিশেষ বৈশিষ্ট, ত্ত্বর্ষে আজকে নারীদের উপর নির্যাতন হচ্ছে ধর্ষণ বাড়ছে, নারী নির্যাতন বাড়ছে ্<sub>ফলে।</sub> আজকে বহু নির্যাতন হয়েছে, কিন্তু ভারতবর্ষে মধ্যে একটি মাত্র রাজ্য हो নির্যাতনের বিরুদ্ধে সরকার একটা বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণ করছেন। ওরা বানতলার हा, ওরা বিরাটীর কথা বলেছেন, ওরা ফুলবাগানের কথা বলেছেন। কিন্তু একবারও ন না যে বানতলার ঘটনায় যারা অপরাধী তাদের বিচার হয়েছে, তাদের সাজা য়ছে। ফুলবাগানের ঘটনায় যারা যুক্ত, তাদেরকে গ্রেপ্তার করা হয়েছে, তাদের করা হয়েছে। অথচ আমাদের পাশের রাজ্য ত্রিপুরা, যে ত্রিপুরাতে তারা পাঁচ বছর ্ব করেছেন সেই উজার ময়দানের ঘটনাতে নারীদের গণ ধর্ষণ করা হয়েছে। কিন্তু ৷গরাধীকেও গ্রেপ্তার করা হয়নি, একজন অপরাধীকেও তারা সাজা দেবার ব্যবস্থা এমন কি মিনিমাম তাদের বিরুদ্ধে যে অভিযোগ দায়ের করা দরকার, সেই অভিযোগ র দায়ের করেননি। আমাদের রাজ্যে এই কাজের ক্ষেত্রে সরকার আরও অন্যান্য তারা গ্রহণ করছেন। ইতিমধ্যে মহিলাদের জন্য বিশেষ সেল গঠন করা হয়েছে। ার দিয়ে আগামীদিনে আমাদের রাজ্যে নারীদের নির্যাতনের ক্ষেত্রে যারা যুক্ত তাদের াতে কঠোর ব্যবস্থা নেওয়া যায়। সাম্প্রদায়িকতার প্রশ্নে ওরা আমাদের রাজ্য সরকারের । সেই ভূমিকার সমালোচনা করেছেন। কিন্তু সারা ভারতবর্ষে একটা রাজ্য দেখান া এ চারটে বি. জে. পি. শাসিত রাজ্য, কংগ্রেস শাসিত রাজ্য গুজরাট, কংগ্রেস জ মহারাষ্ট্র, সেই সমস্ত রাজ্যে ৬ই ডিসেম্বরের দাঙ্গার পর তারা কোনও অপরাধীদের ।বङ्ग নিয়েছেন? প্রকাশ্যে বম্বেতে দাঙ্গার পর ওখানে শিব সেনার যিনি নেতা, সেই <sup>হারে,</sup> তিনি প্রকাশ্যে ঘোষণা করেছিলেন যে বাবরি মসজিদের ভাঙার ক্ষেত্রে শিব দি যুক্ত থাকে, তার জন্য আমি গর্বিত। কিছুদিন আগে বোমা বিস্ফোরণের পর তিনি মরিছিলেন যে এর প্রতিশোধ তিনি নেবেন। অথচ মহারাষ্ট্রে একটা কংগ্রেস সরকার একটা কথা বলা হল না, প্রতিবাদ পর্যন্ত করা হল না। কেবলমাত্র মারা নিষিদ্ধ 🖟 কর্মী, যারা নেতা, তাদের প্রকাশ্যে যে সমস্ত কথা বলতে দেওয়া হচ্ছে—আজকে <sup>देतु</sup>रू দেওয়া হয়েছে। গতকাল লোকসভায় আপনি দেখেছেন, সেখানে বিতর্কিত <sup>'থা</sup> বেরিয়ে এসেছে। যে ঐ প্রাক্তন বি. জে. পি. শাসিত রাজ্য যেখানে আজকে াট্ট্রপতি শ'সনের নামে কংগ্রেস সরকার চলছে, লোকসভায় আলোচনা হয়েছে যে াজার ারা পদস্থ অফিসার, তাদের একটা অংশ, তারা প্রকাশ্যে বি. জে. পি.'র রাজ্যের প্রাসনকে পরিচালনা করছেন. সেখানে কোনও ব্যবস্থা তারা গ্রহণ করছেন <sup>কে উঠ্</sup>ন প্র দশের বিষয় বিভিন্ন বক্তা উল্লেখ করেছেন যে বাবরি মসজিদ ভাঙার <sup>নকার সংখ্যা</sup> ঘুদের সেই এলাকা থেকে তাড়িয়ে দেওয়া হয়েছে, সেখানকার ইমামের

[ 1st April 1 ছেলেকে খুন করা হয়েছে, অথচ উত্তরপ্রদেশে বর্তমানে রাষ্ট্রপতি শাসনের নাম ১ কংগ্রেসের রাজত্ব রয়েছে। একজনকেও গ্রেপ্তার করা হয়নি। একটা সমাজ বিরেদিঃ যারা এই দাঙ্গার সঙ্গে যুক্ত, তাদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। ওরা বি কথা বলেছেন! আজকে আমি একথা বলতে পারি যে, স্বাধীনতার পরবর্তীকাল एए है। গৃহীত নীতির ফলে বিভিন্ন রাজ্যের মধ্যে বৈষম্য বেড়েছে। কেন্দ্র রাজ্য সম্প্র ফেডারেল স্ট্রাকচারে যা বলা আছে তাকে অনুসরণ না করার জন্য রাজ্যওলোর নঃ বেড়েছে। তার ভেতর দিয়েই বিভিন্ন রাজ্যে বিচ্ছিদ্নতাবাদী শক্তি মাথা চাড়া দিয়ে ইক্র সাম্রাজ্যবাদী শক্তি পেছন থেকে তাদের মদত দিয়ে উস্কে দিয়েছে। এর বিরুদ্ধে কংগ্রেসি সরকার এবং কংগ্রেস শাসিত রাজ্যগুলো কোনও বলিষ্ঠ পদক্ষেপ নেয়নি ই যে ঝাড়খন্ডী সদস্য বসে আছেন তাঁকে সমর্থন করে এখানে উপস্থিত হতে সাহায়। আমি কংগ্রেসি বন্ধুদের জিজ্ঞাসা করছি,—দার্জিলিং থেকে যিনি লোকসভায় নির্ব্যচিত্ত। তিনি কাদের সমর্থনে নির্বাচিত হয়েছেন? অবশ্য এটা দেশের মানুষদের বুঝতে আ না। আমরা দেখেছি দার্জিলিং-এ বিচ্ছিদ্ধতাবাদী আন্দোলনের বিরুদ্ধে লড়তে গিছে। যেমন গণতান্ত্রিক আন্দোলনের কর্মারা প্রাণ দিয়েছেন, অপরদিকে তেমন আমাদে পুলিশ বাহিনী, প্রশাসন ঐ আন্দোলন প্রতিরোধ করার ক্ষেত্রে একটা গৌরবজন পালন করেছে। ৬ই ডিসেম্বরের ঘটনার পরবর্তী ক্ষেত্রে আমরা দেখেছি সরবার দৃষ্টিভঙ্গি থাকলে, গুড-উইল থাকলে সাম্প্রদায়িক সম্প্রীতি এবং দেশের এক, প্রশাসন দিয়ে অক্ষুম রাখা যায়, রক্ষা করা যায়। গোটা রাজ্যে দাঙ্গাকে, বিশেষ করে ব ঘটনাণ্ডলোকে কয়েক ঘন্টার মধ্যে মোকাবিলা করা হয়েছে। দাঙ্গাকে গোটা রয়ে পড়তে দেওয়া হয়নি। এর থেকেই প্রমাণ হয় যে, যদি বিকল্প দৃষ্টিভঙ্গি <sup>দি</sup>টে স্ঠিকভাবে পরিচালনা করা যায় তাহলে আমাদের মতো সমাজ ব্যবস্থা এবং র<sup>ন্তু</sup> মধ্যে দাঁড়িয়েও জাতীয় ঐক্য, জাতীয় সংহতিকে রক্ষা করা সম্ভব। ওঁরা পুলিশ বৃদ্ধি নিয়ে কথা বলছেন। আমরা আগে বলেছি এবং এখনও বলছি, পুলিশ কর্মীর সমাজেরই মানুষ, তাঁরা আমাদের ঘরের ছেলে—তাঁদেরও বেতন এবং সুযোগ-সুবি প্রয়োজন আছে। বামফ্রন্ট সরকার পুলিশকেও অধিকার দিয়েছে তাঁদের দা<sup>বি-নং</sup> লড়াই করার, আন্দোলন করার। কাজেই আগামীদিনে প্রয়োজন হলে তাঁদের <sup>সুয়ে</sup> বৃদ্ধির জন্য সরকারকে আরও বেশি অর্থ বরাদ্দ করতে হবে। প্রয়োজন হ<sup>লে নি</sup> করা হবে। পাশাপাশি বলতে চাঁই, যত দিন যাচ্ছে ততই দেশে বিচ্ছিন্নতাবাদী <sup>শতি, গ</sup> শক্তি মাথা চাড়া দিয়ে উঠছে। এমন কি কেন্দ্রীয় সরকার পর্যন্ত ঘোষণা করুলে সাম্রাজ্যবাদী শক্তি এই সমস্ত আন্দোলনের পেছনে মদত দিচেছ। কাজেই <sup>সচিকত</sup> মোকাবিলা করতে হলে পুলিশের আধুনিকীকরণের দরকার আছে। সেই প্রচেষ্টা <sup>এক</sup> কথা মাননীয় মুখ্যমন্ত্রী অত্যম্ভ সঠিকভাবে তার বাজেট ভাষণের ভেতর <sup>দিয়ে বং</sup> প্রসঙ্গে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমার আবেদন, দেশের বর্তমান পরিস্থিতি<sup>তে বি</sup> আন্দোলন এবং সাম্প্রদায়িক দাঙ্গা মোকাবিলায় পুলিশবাহিনীর আধুনিকীকরণের <sup>বের</sup>

্রু চা মেন করতে হবে তেমন ্র্যামাদের রাজ্যে মাঝে মাঝেই রাজনৈতিক সন্ত্রাস ্রুবে চেটা করছে, তার বিরুদ্ধেও যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য পুলিশবাহিনীকে হতে হবে। এই কথা বলে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী যে বাজেট বরাদ্দ ফুলু সমর্থন করে, বিরোধীদের কাট-মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ

ন্রাগত রায়ঃ স্যার, আমি মুখ্যমন্ত্রী যে পুলিশ খাতের ব্যয়-বরান্দের দাবি নিয়ে ়ুর তীব্র বিরোধিতা করছি এবং আমাদের সমস্ত কাট-মোশনশুলো সমর্থন করছি। হেরে বামফ্রন্ট সরকারের জ্যোতিবাবু মুখ্যমন্ত্রী থাকার সময়ে পুলিশ খাতে ব্যয় ংশ বৃদ্ধি পেয়েছে। ৫০০% বৃদ্ধি পেয়েছে। ১৯৭৮ সালে যেটা ৬০ কোটি টাকা ত সেটা ৩৮০ কোটি টাকা হয়েছে। পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার একটা পুলিশ হর এবং পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু একজন পুলিশ েই। রাস্তা দিয়ে মুখ্যমন্ত্রী যখন মোটর করে যান তখন সেই মোটরগুলো দেখলেই ে পারবেন মুখ্যমন্ত্রী জনগণ থেকে বিচ্ছিন্ন, ভীত সন্ত্রস্ত মানুষ। আটটা গাড়ি যায় ার মধ্যে পাঁচটা গাড়িতে ছেলে পুলিশ এবং একটা গাড়িতে মেয়ে পুলিশ পর মুখ্যমন্ত্রী একটা গাড়িতে 'ভ্যাস্পা' নামক কুকুরটাকেও নিয়ে যাবেন। তিনি <sup>হ যান</sup> তখন এখান থেকে খরচা করে কুকুরটাকেও নিয়ে যাবেন। তিনি যখন ংতখন এখান থেকে খেরচা করে ১৪ জন লোক তাঁর সঙ্গে দিল্লিতে যায়। ্দ গিয়েছিলেন তখন ওয়াকি-টকিসহ একজন ডি. আই. জি.-কে সঙ্গে নিয়ে ্ল্ডনে দু-জন আই. পি. এস. অফিসারকে সঙ্গে নিয়ে গিয়েছিলেন। এই খরচা <sup>জা</sup> সরকার, রাজ্যের গরিব মানুষ। অসীমবাবুকে জিজ্ঞাসা করলে তিনি বলবেন ্বি মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই—তাঁর সিকিউরিটির জন্য আজ পর্যন্ত রাজ্য <sup>FE টাকা খরচ হয়েছে</sup>? তাঁর সাহস থাকলে তিনি বলুন।

# - 6-00 p.m.]

নাংস থাকলে বলুন, এই রাজ্যের গরিব জনগণের কত টাকা তাঁর নিজের না খরচ করেছেন? আর বুদ্ধদেববাবু গর্ব করে বলছেন যে উনি সিকিউরিটি তা কায়দা। মুখ্যমন্ত্রীকে সিকিউরিটির বেড়াটোপে বন্দি করে সিকিউরিটি ছাড়া ক্ষিদেববাবু ছড়ি ঘোরাচছেন। মুখ্যমন্ত্রীকে আমি যেটা বলেছিলাম—মুখ্যমন্ত্রী আগ্রার সাজাহান, সিকিউরিটির ঘেরাটোপে বন্দি। তাই আমি এই বাজেটের বিরোধিতা ইশ্মন্ত্রীর জন্য বাজেট, আমি এই বাজেটকে সমর্থন করি না। আপনি বলতে ২ বছরের বাজেট বক্তৃতা আমি ভাল করে পড়েছি—কোনও প্রশংসার কাজ ক্ষির ৩২ অনুচ্ছেদের বাজেটে তিনটি প্রশংসার কাজ আছে। একজনের নাম বি প্রত্নিল কুমার। তিনি সি পি এমের ভি. ওয়াই এফের প্রেসিডেন্টকে

[ 1st Appl

ধরে অ্যারেস্ট করেছেন। আমি শ্রী অনিল কুমারকে এই হাউসে প্রশংসা করতে ह কৃতিত্ব বানতলায়, যাঁরা ইনভেস্টিগেশন অফিসার ছিলেন—সেখানে কভিশন হক্তা আমি প্রশংসা করতে চাই। তৃতীয় কৃতিত্ব বিনোদ মেহেতাকে, সেখানে যারা  $rac{1}{2}$ করেছিল সেই ব্যাপারে যে কনভিকশন হয়েছে, আমি তার প্রশংসা করতে চাই। ह কথা বলে আমি আসতে চাই মূল পয়েন্টে। রবীনবাবু বললেন, রাজনীতিতে দুর্বন্ধ ক্রিমিনালাইজেশন অফ পলিটিক্স। রবীনবাবু, মখ্যমন্ত্রীকে আমি বলছিলাম, "জ্ব হু কেন তোর যায় না, হায় ভিরু প্রেম হায় রে"। আর আপনাকে আমি বনি 🕆 বীনা, দেখতো তুমি চেয়ে আমারে চিনিতে পার কিনা"। ভল্পককে চেনেনং খ্রীরে মোগলকে চেনেন ? আনসারিকে চেনেন ? রশিদ খাঁকে চেনেন ? আজিজকে চেনেন ? এ পার্টির সঙ্গে লিঙ্ক লোক। কলকাতায় আজকে যারা মাফিয়া ডন তারা সি. পি. এ মদতে এগিয়ে এসেছে। এরাই আজকে দায়ী রাজ্যের পলিটিক্সের ক্রিমিনালাইক্ত আজকে পলিটিক্সে ক্রিমিনালাইজেশনের জন্য যদি কেউ দায়ী থাকে তার নাম দি যদি পলিটিলাইজেশন অফ পুলিশের জন্য কেউ দায়ী থাকে তার নাম সি. পি.৫ কি শুনেছেন—লালবাজারে পুলিশের পক্ষ থেকে বামফ্রন্ট সরকার জিন্দাবাদ, মুখ্য ধ্বনি দেওয়া হয়? পুলিশের মধ্যে পলিটিক্স ঢুকেছে, পুলিশে পচন শুরু হয়েছ রাজ্যের পুলিশ কিছু করতে পারে না। আপনি বললেন না—যে দাঙ্গা আ হয়েছে? কলকাতার দাঙ্গায় ৪৬ জন মারা গেছেন। পশ্চিমবাংলার লোকেরা <sup>নগ</sup> রবীন্দ্রনাথ, নজরুল, শরৎচন্দ্রের দেশের লোক করে না। দাঙ্গা করেছে কলকং এম-এর ক্যাডাররা। মেটিয়াবুরুজে করেছে ঝুরু, মোগলরা, ট্যাংরায় করেছে ভা দিলীপরা। এরা সব সি. পি. এমের ক্যাডার এবং তাদের আপনারা ধরতে শ কারণ এই পলিটিসাইজ পুলিশের হিম্মৎ নেই সি. পি. এম ক্যাডারের গায়ে 🕫 আড়াই মাস পরে (দাঙ্গার) ভাল্লুককে গ্রেপ্তার করে ২ দিনের মধ্যে বেল ফ বেল হয়ে যায়। রশিদকে নিয়ে যদি আমরা চিৎকার না করতাম তাহলে <sup>বিশ</sup>্ বেল হয়ে যেত। আমরা জানি, পুলিশের কি অবস্থা? আমরা জানি, <sup>হল্লহ</sup> কমিশনার হয়ে এসেছিলেন বি. কে. সাহা। তিনি এসে উপটোকন দিয়েছি<sup>লেন,</sup> ইলেকশনে সি. পি. এমের নগ্ন দৌরাত্মের বিরুদ্ধে তিনি চুপ করে বসে ছিলেন অফিসাররা বোঝেন না যে, সি. পি. এমের প্রয়োজন ফুরিয়ে গেলে <sup>ছেঁড়া জু</sup> তাদের ফেলে দেওয়া হয়। বি. কে. সাহাকে সরিয়ে দেওয়া হল। তুযার <sup>তল্লে</sup> তাঁর আসার পর রশিদের ঘটনা ঘটেছে। তাঁর আসার পর দাঙ্গা হ<sup>রেছে। টুর</sup> বালিগঞ্জে ইলেকশন হয়েছে। তিনিও বুঝতে পারছেন না এই সি. পি. এ<sup>ম প্র</sup> যখন ফুরিয়ে যাবে—যতই লেনিনের ছবি মাথার উপর টাঙ্গান—,ওঁকেও ছেঁট্ট 🕏 ফেলে দেবেন—আমি এটা জানি। আমি তাই বলতে চাই, কলকাতায় <sup>যে নঙ্গ</sup> দাঙ্গা সম্পর্কে আমি জুডিসিয়াল এনকোয়ারীর দাবি করছি এবং আমি <sup>মনে র্কা</sup> এনকোয়ারী হলে সত্য বার হবে। আপনারা—আপনারা লড়বেন কমিউ<sup>নালিজ</sup>

<sub>সং তয়ে</sub> বড় গলা আপনাদের আ**ছে? যে লোক**টা অযোধ্যায় বাবরি মসজিদ ভেঙে**ছে**, লার্গ সিং উত্তরপ্রদেশের বাইরে জামাই আদরে কোনও রাজ্যে মিটিং করেছেন ? আমাদের 🕫। যে লোকটা দাঁড়িয়ে থেকে দেখল বাবরি মসজিদ ভাঙা হচ্ছে, তাঁকে মুক্ত ভাবে . ছবতে কোনও রাজ্যে দেওয়া হয়েছে? এই পশ্চিমবাংলায়। আদবানীর রামরথ নিরুপদ্রপে ্ব হোন রাজ্যে? এই পশ্চিমবাংলায়। বিহারের লালু তাঁকে গ্রেপ্তার করেছিল। আমাদের ্রন্থী জ্যোতি বসু তাঁকে গ্রেপ্তার করেছে। কে লড়বে সাম্প্রদায়িকতার বিরুদ্ধে? কে . ফম্প্রায়িকতার বিরুদ্ধে? কলকাতায় এক দিকে টেররিস্টদের আশ্রয়স্থল, একদিকে ্রার্যান এসে আশ্রয় নেয়, আর অন্য দিকে কিছুদিন ধরে দেখছি উমা ভারতী থেকে র সমস্থ বি. জে. পি. নেতা কলকাতায় আসছেন, তার কারণ ওরা জানে যে দ্র হটেই এরা বাইরে কথা বলুক ভিতরে ভিতরে এদের সঙ্গে সম্পর্ক রয়েছে. এরা হয়ে চলছে। মূলত তাই আমি মাননীয় রবীনবাবুর একটি কথায় ফিরে যাই রবিনবাবু ন না গণতান্ত্রিক আন্দোলন থেকে আপনারা এসেছেন। গণতান্ত্রিক আন্দোলনে আপনারা ্রেলি চালাবেন না? কিন্তু কতবার গুলি চালিয়েছেন? গত কয়েক বছরে আপনারা ্ট নায়গায় গুলি চালিয়েছেন, আমার কাছে হিসাব আছে। আপনারা গুলি চালিয়েছেন ্র মারা গেছে। আপনাদের আমলে পুলিশের গুলিতে অন্তত ২৭০ জন মারা গেছে। ং বণী নীরবে নিভৃতে কাঁদে।' এ রাজ্যে হিউম্যান রাইটসের রেকর্ড সবচেয়ে খারাপ। নীয় বৃদ্ধদেববাবু —যখন সূজাত ভদ্ররা পি. টি. আরের ছেলেরা হিউম্যান রাইটের ্র-ছিলেন তখন মাননীয় বুদ্ধদেববাবুর নির্দেশে তাদের বার করে দেওয়া হয়। ছেলে**ণ্ডলো** <sup>†</sup> ছিল এই বলে ডিসমিস করে দেওয়া হয়। আজকে মাননীয় বুদ্ধদেববাবু—ভয় ি নুটা প্রশ্ন মাননীয় মুখ্যমন্ত্রীকে করতেন তাহলে এমন কিছু মহাভারত অশুদ্ধ হয়ে <sup>্রি</sup>ন্ত আজকে তাঁরা ফেস করলেন না। তার কারণ অ্যামনেস্টী ইন্টারন্যাশনাল তারা ি<sup>টা রিপোর্ট</sup> দিয়েছে, তাতে তারা বলছে যে গত ৫ বছরে পশ্চিমবাংলায় লকআপ ্রেছ ৪৩টা, পুলিশ কাস্টোডিতে ৮২টা কেস এবং ডেথ ২৭০টা। শুধু লক আপ <sup>সংখা ৪৬টা</sup> ছিল, এবং আমি স্যার, আরও আপনাকে বলছি ১৯৭৭ থেকে ১৯৮৯ <sup>এই ১২ বছরে</sup> লকআপ ডেথ এফিলডিয়ার বলছে ১০৮টা, আর সরকারি হিসাব াছ ৯১টা। স্যার, আপনি আইনজ্ঞ, আপনি জানেন স্যার, মাননীয় দিলীপ বোস, ংইকোটের জাসটিস একটা ল্যান্ডমার্ক জাজমেন্ট দিয়েছেন ৯/৭/৯২ তারিখে সেখানে 🖔 পুনিশ কাস্টভিতে ডেথের সংখ্যা লিপিবদ্ধ করা হয়েছে। দিলীপবাবু সেখানে উদ্ধৃত <sup>দু পুলিশ</sup> কমিশনারের রিপো**র্টে** কোথায় এনকোয়ারী করা উচিত উনি নির্দেশ দিয়েছেন। <sup>শাল বি</sup> জুডিশিয়াল প্রুভ অ্যাজ সুন অ্যাজ রিপোর্টস অফ কাস্টডি ভায়োলেন্স মিনীং ইন লক আপ ডেথ, রেপ ইন কাস্টডি অব আদার অ্যাবিউসেস অফ ফিমেল <sup>উটিনি, দি</sup> পুলিশ স্টেশন কাম টু দি নলেজ অফ দি অথরিটি অর আইডেন্টিফায়েড ্র্যারিটি। এ পর্যন্ত লক আপ ডেথ ইনভেস্টিগেট করেছেন মাননীয় দিলীপবাবুর <sup>টি এটা রয়েছে।</sup> লক আপ ডেথের ব্যাপারে আপনারা সুপ্রীম কোর্টে অ্যাপীল করেছেন,

[ Ist April]
সঞ্জীব, তীর্থন্ধরের ব্যাপারেও অ্যাপীল করেছিলেন কিন্তু সেই অ্যাপীল টেকেনি। হ
বিঠারকে দাবিয়ে দিতে চান। আপনাদের এই জান্ধের হিউম্যান রাইটসের, সেখারে
কমিশনারের রিপোর্টকে কোর্টে করা হয়েছে ঐ জাজমেন্টে এবং সেখানে বলা হয়েছে,
কমিশন বলেছিলেন রুপ্তমন্ধীর চেয়ারম্যানশিপে যে এই তিনটে কেস অবশাই ক্লি
এনকোয়ারী হবে।

- > | Alleged rape of a woman in police custody.
- (2) Death of previous heart caused while in police custody
- © I Death of two or more persons arising out of police firing disturb in the unlawful assembly under section 141 of the criming cedure code.

আমি এখুনি হিসাব দিচ্ছিলাম যে কতগুলি কেস অফ ডেথ হয়েছে। আমি ए যে ৮২টি কেস অফ পুলিশ কাস্টডি। আমি বলেছিলাম যে ১৯৮৭ থেকে ৮৯ ৭ এখন পর্যন্ত মোর দ্যান এ হানড়েড ইন লকআপ কাস্টডি। আমার বন্ধ মার্নির বন্দ্যোপাধ্যায় মহাশয় বলেছেন, ক্রিয়ারলি বলি ডেথ আর রেপের সংখ্যা নীহারবার ফুলবাগান থানার নীহারবানুর রেপ নিয়ে এর মধ্যে অস্তত ১০টি কেস ইজ ফটি 🖟 হ্যাভ একসিডেন্ড। পুলিশ আন্ডারে মহিলারা রেপ হচ্ছে। This is the human record of a Government which claims its present democratic move আপনাদের লক্ষা হয় নাং আপনাদের বিবেকে হাত দিয়ে বলুন কটা কেনে র্জ্ এনকোয়ারী করেছেন? আপনারা কত সম্মান দেন তা জানা আছে। এই রাজে ১৬<sup>6</sup> কমিশন অ্যাপয়েন্ট করা হয়েছিল, সেই ১৬টি এনকোয়ারী কমিশনের মধ্যে মার 🦠 আপনারা ফাইনাল রিপোর্ট দিয়েছেন, বাকি ১২টি কেস সম্বন্ধে এখন কিছু <sup>জান</sup>্ আপনাদের আমলে জুডিশিয়াল এনকোয়ারী হয়, কিন্তু তা চেপে রাখা হয়। নুক <sup>হয়</sup> **হচ্ছে, পুলিশের হাতে যে লোক মরছে সবাই তো কংগ্রেস নয়, পলিটিকা**ল <sup>ওয়ার</sup> মারা গেছে। সি. পি. এম. ৫টা, নকশাল ৫টা, কংগ্রেস ৫টি এবং এস. ইউ. <sup>সি. ভ্র</sup> পি. ফরওয়ার্ড ব্লক একটা করে রয়েছে। এই কলকাতায় শহরে শুধু ১৯৮৭ <sup>ছেটে</sup> এই ১২ বছরে যে লকআপ ডেথ গুলি হয়েছে কেন এগুলির প্রত্যেকটা হাইকোর্টের <sup>হ</sup> অনুসারে, ন্যাশনাল পুলিশ কমিশনারের রিপোর্ট অনুসারে আপনারা এনকো<sup>ন্নারী হা</sup>

[6-00 - 6-10 p.m.]

আমাদের নাসীরুদ্দিন খান যখন মুসলমানদের উপর অত্যাচার করেছেন <sup>বলে ক</sup> তখন আপনারা চিৎকার করছিলেন, বলছিলেন যে, উনি কমিউনাল কথা <sup>বলকি</sup> কাগজ্ঞও বলেছে, 'Nearly 150 Muslim youths, who were picked up!

from the Metiabruz area during the riots in December and held Rehala Police Station, were not only severely beaten and humilwere also forced to chant "Jai Shri Ram" while in detention.'.. <sub>र পুলিশ,</sub> লজ্জা হয় না আপনাদের? নাম করে বলছি—আবদুল রশিদ ফরটি. এ ্দ নৌলানা আজাদ জুনিয়র হাইস্কুল এবং ফরোয়ার্ড ব্লকের নেতা, তাঁকে সারা কেবার মেটিয়াক্রজ থেকে বেহালা থানা, সেখান থেকে আলিপুর সেন্টাল জেলে ু হয়েছে। পশ্চিমবঙ্গের পুলিশ কি কাজ করেছেন সে সম্পর্কে আর একটি নাম Habul Kalam Siraj and Rafiq Ahmed both 22 years old and of Katalberia Road in Metiabruz said they were playing carrom local club on December 9 when policemen barged in and them. With his left leg in a plaster-cast, Siraj said, he was io badly that his knee cap was shattered.'.... আপনাদের পুলিশ গুরিব হরকদের পিটিয়ে পিটিয়ে হাঁটুর মালাই-চাকি ভেঙ্গে দিয়েছে। এখানে রায়ট হয়নি 🖼 লাগছে না। এই রায়টে কোটি কোটি টাকা ক্ষতি হয়ে গেছে, মুখ্যমন্ত্রী বিবৃতি ে চিনি বলেছেন, 'কংগ্রেস (আই) একটি বন্ধ ডেকেছিলেন, কিন্তু তাদের সেই 🛊 (আই) বন্ধ ইভোকড় লিটল্ রেসপন্ধ অন্ নভেম্বর সিকস্থ কিন্তু কংগ্রেস (আই) লর্জ সাকসেস হয়েছে এবং সেটা রেডিও এবং টি. ভিতেও বলেছে। কিন্তু তিনি 🎮 পড়েন না, তাই সেক্রেটারি তাঁকে খুশি করবার জন্য যা লিখে দিয়েছেন সেটাই নে, কংগ্রেস (আই) এর বন্ধ ইভোকড লিটল রেসপন্স। মুখ্যমন্ত্রী বিবৃতি দিয়ে মিথ্যা াফে যে, কংগ্রেস (আই) এর বন্ধ সফল হয়নি, কিন্তু মুখ্যমন্ত্রীই লেফ্ট ফ্রন্টের বন্ধ ে সেপ্টেম্বরে হয়েছিল সে সম্পর্কে বলেছেন যে, লেফ্ট ফ্রন্ট বন্ধ ওয়াজ এ সক্ষেস। বিবৃতি দিয়ে এইভাবে তিনি মিথ্যা কথা বলেছেন। মুখ্যমন্ত্রী বালিগঞ্জের ন্তির কথা বলেছেন। এটা তিনি বলতে পারেন কিনা জানি না, কারণ এটা নিয়ে হ্মিশন হয়েছে। আমার কাছে ছবি আছে—পুলিশ একজনকে কুকুরের মতো গুলি <sup>র গাড়িতে</sup> তুলছে সেখানে। **লজ্জা করে না আপনাদের? ঐ বালিগঞ্জ নির্বাচন রি**প্নিং লেভে এই কাজ করেছেন। সেখানে কমিশনার স্বীকার করেছেন যে, তিনি ভুল তথ্য <sup>এথমে</sup> তিনি পাঁচজ্জন সেখানে মারা গেছেন বলেছেন, কিন্তু পরে বলেছেন তিনজ্জন ন। অপনার দলের লোক সেখানে রিগিং করেছিলেন একথা আপনার মনে পড়ে <sup>র মননী</sup>য় মুখ্যমন্ত্রীর এ বাজেটকে কেন সমর্থন করব? বৌবাজারে বোমা পড়ল, 殕 ২০ হাজার করে সেখানে প্রধানমন্ত্রী দিয়েছেন ৫০,০০০ করে। বৌবাজারে <sup>` হর।</sup> <sup>হয়ে</sup>ছিল ত্রিপুরা নির্বাচনে ব্যবহার করবার জন্য। যেগুলো বাঁচত সেগুলো <sup>স্কা</sup>ন্তে নির্বাচনে ব্যবহৃত হত। সেই বোমায় আজকে ১০,০০০ লোক মারা যেতে <sup>াপনারা</sup> বলেন গণতন্ত্রের কথা। সেদিন রাইটার্স বিল্ডিং থেকে মমতা ব্যানার্জিসহ <sup>; ও বধি</sup>র **অত্যস্কতা মেয়েকে** বের করে দিয়েছিলেন। সময় আসছে য**ং**ন <sup>'ও ঐ</sup> রাইটার্স বিশ্ভিং থেকে টেনে বের করে দেবে। তাই বলছি—

[ 1st April

শোন রে সি. পি. এম., শোন রে মজ্তুদার,
তোদের প্রাসাদে জমা হল কত মৃত মানুষের হাড়—
হিসাব কি দিব তার?
প্রিয়ারে আমার কেড়েছিলি তোরা
ভেঙ্গেছিস ঘরবাড়ি,
সে কথা কি আমি জীবনে মরণে
কখনও ভূলিতে পারি?
আদিম হিংল্ল মানবিকতার যদি আমি কেউ হই
ফজন হারানো শ্মশানে তোদের
চিতা আমি তুলবই, তুলবই।
এই বলে বাজেট বরান্দের বিরোধিতা করছি।

শ্রী জ্যোতি বসু ঃ আমি আমার ব্যয়-বরান্দকে সমর্থন করে ছাঁটাই প্রতাবের দ্বিকরে আমার বক্তব্য রাখছি। এখানে এবারে উঠেছে এবং বারেবারেই উঠে যে পূলি অনেক বরান্দ বেড়েছে। পূলিশের জন্য হাঁা, কিছুটা আমাকে বাড়াতে হয়েছে, সেটা অপরাধ নয়। যে পরিমাণ জিনিসের দাম বেড়েছে তাতে মায়ী ভাতা, পে কম্পি বাবদ আমাকে কিছু বাড়াতেই হয়েছে। কিন্তু কংগ্রেসি রাজত্বের সঙ্গে আমাদের হা এবং ওদের কত বেড়েছে সেটা আগে খবর নিন। সূতরাং এইসব কথা না বলে সকথা বলবেন তা হয় না। আমাদের খরচ কি বাবদ বেড়েছে সেটা আগে দেখুন। মনে করি আরও বেশি কিছু খরচ করার দরকার ছিল। আমাদের যেসব যানবাহন রেডিও ইত্যাদি আছে তার বিভিন্ন ব্যাপারে আধুনিকীকরণ করার দরকার এবং বরান্দ আরও বাড়ানো দরকার বলে আমি মনে করি। আমরা যে অবস্থার মধ্যে লাতাতে আমাদের দেশে এটা খুবই প্রয়োজন হয়ে পড়েছে। দুর্ভাগ্যবশত এটা না হাছ হ'ত। তাছাড়া কংগ্রেসিদের নিজেদের মধ্যে মারামারি লড়াই এত বেশি বিড়ে গোরে এই মারদাঙ্গা থামাতে পুলিশের দরকার হয়ে পড়েছে। (গোলমাল)

Mr. Speaker: We can not go in this way. He is making be What is this? Don't disturb. Please take your Seat. Behave your

শ্রী জ্যোতি বসুঃ এই পুলিশকে খুব জটিলতার মধ্যে এবং কঠিন <sup>কার্চ প্র</sup> এর একটা ইতিবাচক দিকও আছে এবং তার মধ্যে পুলিশকে কাজ করতে হয়। (<sup>ব</sup>

মিঃ স্পিকার ঃ টেক ইয়োর সীট। আপনার ভাল না লাগলেও শুনতে হ<sup>রে।</sup> যখন বলেছেন তখন উনি শুনেছেন্, এবার উনি বলছেন, আপনারা শু<sup>নবেন।</sup>

ব্র জ্যোতি বসুঃ আজকে সকালেই একটা আলোচনাতে শুনলাম যে ওঁদের আরও ্র দিট্টির দরকার। ওরা তো নিজেদের মধ্যে মারামারি করছে আর এইসব কারণে পলিশ া সেই কারণে আমাদের বেশি করে পুলিশ রাখতে হচ্ছে (গোলমাল) মিঃ স্পিকার আনি তো আমার বক্তব্য অনুযায়ী বলব। ওদের বক্তব্য অনুযায়ী আমি তো বক্তব্য না ওরা বকৃতা চলাকালীন এইসব করবেই। পার্লামেন্টারী সিস্টেমে এইরকম ব্যবহার <sub>লে না।</sub> সূতরাং এই যে পুলিশের ইতিবাচক দিকটা আছে সেটার ব্যাপারে বিরোধীপক্ষরা লোকে না। এখানে সাম্প্রদায়িকতার ব্যাপারে, এস. সি. এস. টির ব্যাপারে অন্য त्रे तात्नात जूननात्र এই तात्नात जनसा जत्नक ভान। जन्माना करदात्रि तात्ना या ্রোনে সেই জিনিস হয় নি, তারজন্য আমরা গর্ব অনুভব করতে পারি। এখানকার : সম্পর্কে ইলেকশন কমিশনার প্রশংসা করেছেন। সঠিকভাবে ৪টি নির্বাচন হয়ে গেছে. হ পদ্ধায়েত এবং কয়েকটি পৌরসভার নির্বাচনও সৃষ্ঠভাবে হবে যা কংগ্রেসি রাজ্যে এর সাথে সাথে পুলিশের নৈতিবাচক দিকটাও নিশ্চয় আছে। এই ব্যাপারে পলিশের হালোচনা করেছি, কমিশনারের সঙ্গেও আলোচনা করছি। আমাদের এখানকার ক্রন্তর একটা দুর্বলতা আছে। শুধু কলকাতা শহরে নয়, সমস্ত জেলাতেই এই ইন্টালিজেন্স ভাল করে স্ট্রেনদেন করতে হবে, শক্তিশালী করতে হবে যাতে অনেক জিনিস আগের রুতে হতে পারে। এর আবার একটা নেগেটিভ দিকও আছে এবং এই ব্যাপারে পূর্নিশকে বলেওছি। এমনও দেখেছি এবং এই ব্যাপারে আমি খোলাখুলিভাবে বলতে ্য কেউ বোমা মেরে চলে গেল কিন্তু পূলিশ তারপর সেটা পারস্যু করল না। এই াজন বোমা মারলেন, তার পারস্যু করবেন না, তাকে ধরবেন না এইকথা আমি <sup>র বহুবার</sup> বলেছি। তার ফলে যেটা দেখা যায় সেটা হচ্ছে যে তখন নাগরিকরা বলে ি সাজার ব্যবস্থা করব এবং তারাই কেসটা হাতে নিতে চায়।

## 6-10 - 6-20 p.m.]

টো ঠিক নয়। সেই জন্য এটাও পুলিশকে দেখতে হবে, এই সব যারা করে, সেখানে করে তাদের গ্রেণ্ডার করতে হবে। আপনি দিনের বেলা না পারেন অন্য সময়
্ পরের দিন করবেন। কিন্তু এই সব করতে হবে। তা নাহলে এরা মনে করেন, এই নিশ এল লাঠিটাঠি একটু মারল, টিয়ার গ্যাস ছুঁড়ল, আমি সেফ আমি কোথাও চলে। এই সব নেগেটিভ কিছু দিক আছে। সেইগুলো আমাদের নিশ্চয়ই দেখতে হবে। আর নাছি যে এটা আমাদের পক্ষ থেকে বলা হয়েছে যে যদি আইন-শৃঙ্খলা ইত্যাদি আলোচনা করতে হয় পুলিশ বাজেটে। শুধু আমরা তো আলাদা হয়ে নেই ভারতবর্ষ গেলোভনা করতে হয় পুলিশ বাজেটে। শুধু আমরা তো আলাদা হয়ে নেই ভারতবর্ষ হয়েলে ভারতবর্ষের অন্য রাজ্যে কী হচেছ, তার সমস্ত ফিগার আমি দিয়েছি আমার সেইগুলো আছে, তার পুনরুশ্বেখ করছি না যে বড় বড় শহরগুলোতে বা যাদের নিজেদের তুলনা করতে পারি, সেই সমস্ত রাজ্যের সঙ্গে, সেইগুলো তো মিলিয়ে বিজ্ঞানে। তাও আমরা বলছি আত্ম সম্ভান্তির কোনও জায়গা নেই। সেদিক

[ 1st April | থেকে আমাদেরটা নিশ্চরাই তুলনামূলকভাবে অনেক ভাল আইন-শৃষ্খলার ব্যাপার ব্যাপারে। কিন্তু ফিগার তো আছে, ফিগারগুলো দেখুন নাং আমাদের এই পরিসংখ্যা বিরোধীরা ঘাবড়ে যাচ্ছেন, পরিসংখ্যান তো আমরা তৈরি করতে পারি না, যা পতি আছে কেন্দ্রীয় সরকারের কাছে আছে। আমাদের কাছে যা আছে সেটা নিয়ে আফ্র এখানে বলা হয়েছে যে রায়ট এখানে নাকি ভয়ঙ্কর অবস্থা এবং ভারতবর্ষের সঙ্কে : চলে না. এত খারাপ এখানে, এটা বলছেন। আমি বলছি এটা কোনও অল্প নোৰ মর্খ লোক, কোনও পাগলও এই সব কথা বিশ্বাস করবে না। কারণ কংগ্রেস সক থেকে আমি কতন্ত তাদের কাছ থেকে আমি আজকে একটা ১০ লক্ষ টাকার চেত্র এ ওরা বলেছে আপনি ম্যানেজ করছেন, এটা আমাদের সকলে মিলে করতে হবে ট বলৈছেন। কর্ণাটক থেকে আমি পেয়েছি, ওদের মুখ্যমন্ত্রীর কাছ থেকে। আরও আ সঙ্গে আমার কথা হয়েছে, শারদ পাওয়ারের সঙ্গে কথা হয়েছে, অনেকের সঙ্গে হয়েছে, হোম মিনিস্টারের সঙ্গে কথা হয়েছে। অথচ এখানে বলা হচ্ছে, কী स একজাম্পলটা কী? একদিন বোধ হয়, সেদিন শুক্রবার ছিল, আট তারিখ না নয় তারি রায়টের সময়, সেদিন দু-ঘন্টার ভূটি দেওয়া হয়েছিল, বললাম আমরা তলে নিচ্ছি য কারফিউ ছিল আমরা তুলে নিচ্ছি। দুটো কারণে একটা নামাজের কথা ছিল, তারা হ কাছে আপ্রোচ করেছিল, আর একটা ছিল যে দু-ঘন্টার ছুটি দিয়েছিলাম এই কর অনেকে বলছেন বাজার করতে পারছি না, কতদিন কারফিউ চলবে, সারাদিন রং ইত্যাদি। সেই জন্য বললাম দু-ঘন্টার মধ্যে যার যা খুশি করে নিন আপনাদের বাজ্য<sup>ু</sup> আবার কারফিউ ইমপোঞ্চ হল। এখানে আরও অসত্য কথা বলা হচ্ছে যে ফোর্ট <sup>টুই</sup> **থেকে নাকি মিলিটারীরা আসতে চাইছিল আমি বারণ করেছিলাম। আমাদের সরকার** করেছিল। আমিই তো প্রথম শারদ পাওয়ারকে ফোন করি। তাঁকে বলি, যা <sup>থবর ই</sup> আর আমার এখানেও যে সমস্ত ঘটনা হতে চলেছে বলে মনে হচ্ছে তাতে নিন্টিং কোনও উপায় নেই। মিলিটারী এবং পুলিশকে এক যোগে কাজ করতে হবে। সমন্ত ভব পক্ষে এটা প্রয়োজন এবং আমার এখানে আপনি করুন। উনি যথেষ্ট সাহায় <sup>হ</sup> করেছিলেন, উনি তক্ষ্ণণি ১০ মিনিটের মধ্যে ফোর্ট উইলিয়ামে ফোন করেছিলেন, <sup>এরি</sup> আমার কাছে আঘ ঘন্টার মধ্যে এসেছিলেন, তারা বললেন আমরা এখানে তৈরি র্মি একটু সময় লাগবে আমাদের। কারণ ব্যারাকপুর এবং কোথায় সব ওদের ফৌজ <sup>পারে</sup> সময় লাগবে। আমি বললাম যে আসুক। একটা কথা ওরা আমার কাছে জানতে <sup>চর্টো</sup> সেটা হচ্ছে যে প্রয়োজনে আমরা গুলি করতে পারি তো? আমি বললাম আর <sup>কিছু 1</sup> হয়, অনর্থক তো আপনারা গুলি করবেন না এবং পুলিশ একযোগে কাজ কর্তে কেউ যদি মন্দির, মসজিদ আক্রমণ করে, আর কোনও উপায়ে যদি ঠেকাতে র' তাহলে গুলি করবেন। কেউ যদি কোনও মানুষকে হত্যা করতে চায় দল বেঁধে, <sup>য়ি ট</sup> না পারেন গুলি করবেন, ওরা সম্ভুষ্ট হয়ে চলে গেলেন। আর সুন্দরভাবে এ<sup>ক রেছি</sup> হয়েছে, অথচ সেটা নিয়েও এখানে নিন্দা হচ্ছে। কি আর করা যাবে, <sup>কিছু কর্ম</sup>

্ আমি বলেছি সাধারণভাবে পুলিশ আমার ধারণা নিরপেক্ষভাবে কাজ করছে। ওরা ্ন, নিরপেক্ষভাবে কাজ করছে না। সব আপনাদের দিকে হয়ে কাজ করছে। ওদের মুমাদের এগার শত ছেলেকে খুন করা হল, একটা মামলা হল না।

রানে বলা হয়েছে, আমরা চালাচ্ছি না পুলিশ বিভাগ, ঐ নাকি আলিমুদ্দিন স্ট্রীট হারে বিভাগ চালানো হচ্ছে। আমরা যদি এতই ইন্এফিসিয়েন্ট হয়ে থাকি এবং লু স্থিট থেকে চালাতে হয় তাহলে তো আর কিছুই বলার থাকে না। একটা কথা হিন্নেব বলতে চাই, পুলিশের কাজে আমরা ইন্টারফেয়ার করি না। শুধু মেদিনীপুরের ল কাভিষ্ট হয়েছে, তাতে কংগ্রেসের কয়েক জন আছে, কিন্তু বেশিরভাগই আমাদের হেলে কি করে কনভিষ্ট হ'ল? আমরা ইন্টারফেয়ার করলে, আমাদের পার্টি অফিস লিশকে পরিচালনা করলে আমাদের লোক কি করে কনভিষ্ট হ'ল? এ-রকম বর্ধমানে ২৪ জন কনভিষ্ট হয়েছে। বীরভূমে ১৯ জন হয়েছে। গত ১/২ বছরের মধ্যে ফন ৩৭ জন কনভিষ্ট হয়েছে যারা সবাই আমাদের লোক বলে পরিচিত। মুর্শিদাবাদে বাকুড়ায় ১৩৩ জন আমাদের লোক কনভিষ্ট হয়েছে।

ব যদি খুনের হিসাব দেখি তাহলে দেখব যে, ১৯৯১ সালে সি. পি. আই. (এম)'গেছে ২৬ জন, কংগ্রেসের ৮ জন, ফরোয়ার্ড ব্লকের ২ জন, বি. জে. পি.-র ১
পি. আই. (এম. এল.)-এর ৩ জন, ঝাড়খণ্ডী ২ জন, জি. এন. এল. এফ. ৩
ফরান্য ৬ জন। তারপর ১৯৯২ সালে সি. পি. আই. (এম)-এর ৪৬ জন মারা
বন থেকে কংগ্রেস এবং তার সঙ্গে ৪টে সংবাদপত্র প্রচার শুরু করল—'রাজ্যে
কো নেই' তখন থেকে আমরা দেখছি কংগ্রেস আরও বেশি করে মার-দাঙ্গা করছে
'দের লোক বেশি মরছে। ওরা যখন থেকে মুক্ত আকাশের তলায় বলতে শুরু
'পুলিশকে মারতে হবে, গাড়ি পোড়াতে হবে, থানা দখল করতে হবে, রাইটার্স'
ক্রমণ করতে হবে' তখন থেকেই কংগ্রেসের ২১ জন, আমাদের ৪৬ জন এবং

পার্টির ২/১ জন মরতে শুরু করল।

পরেও ওঁরা বলছেন, এখানে নাকি নিরপেক্ষতা নেই! ওঁদের সময়ে কি রকম 
্য ছিল সে তো আমরা দেখেছি। কংগ্রেস আমাদের ওপর যে বর্বর অভিযান 
তাতে আমাদের হাজারের ওপর মানুষ মারা গেছিল, খুন হয়েছিল। একটা মামলা 
কি, কিছু হয়নি। বরঞ্চ আমরা দেখেছি যারা খুন করেছিল, সে সব ছেলেদের বিভিন্ন 
করেয় হ'ত। বাসের পারমিট দেওয়া হ'ত, আরও অনেক কিছু দেওয়া হ'ত। 
সময়ে এ জিনিস হয় না। আমি বলছি, সাধারণভাবে আমরা নিরপেক্ষতা রক্ষা 
বে এটাও ঠিক এবং এটাও দেখছি যে—২/৪টে জায়গায় এরকম খবরও 
বিভাগ মারামারি হ'ল, কংগ্রেসিরা আমাদের ওপর আক্রমণ করল, পুলিশ নিরপেক্ষতা 
বির কংগ্রেসের ১০ জনকে ধরল, আমাদেরও ৫ জনকে ধরল। কংগ্রেসের ১০

[ 1st April, 1

জ্বনকে ধরার সাথে সাথে যারা আক্রান্ত তাদেরও ৫ জন অ্যারেস্টেড হ'ল। এরহুর আছে। আমি অনেক জায়গার সম্বন্ধে এরকম রিপোর্ট পাচ্ছি।

আমাদের প্রশাসনের তুলনা করতে হলে কংগ্রেসের বিগত দিনের, ২৮ বছরের  $\eta_{RR}$ সঙ্গে তুলনা করতে হবে এবং এখন কি হচ্ছে ভারতবর্ষের কংগ্রেস শাসিত রাজ্য $\psi$ তাদের সঙ্গেও তুলনা করে দেখতে হবে।

তারপর ওঁরা এখানে কতগুকলো পুরনো বস্তা পচা কথা বলে গেলেন। ন্
কলতে পারছেন না। হাঁ, আমরা জানি এ রাজ্যে রেপ-টেপ একটু বেশি হলে ওঁঃ
হন। তা বানতলার ঘটনার কন্ভিক্ট হয়ে গেছে। বিরাটীর ঘটনার চার্জনিট হয়ে
ফুলবাগানের ঘটনারও চার্জনিট হয়ে গেছে। এ পুরনো ঘটনাগুলোর কথা ওঁরা আবার চুঃ
তার মানে ওঁদের আর কিছু বলার নেই। সেইজন্য ঐসব কথা বলছেন।

তবে আজকে প্রশ্নোত্তরের সময়ে এখানে দিল্লি নিয়ে একটা কথা উঠেছে। ই আমরা সবাই এক-মত। দিল্লিতে বাঙালি অঞ্চলে যে সমস্ত ঘটনা ঘটেছে বা ঘটছে দে বিষয়ে আমরা কংগ্রেসের সঙ্গেও একমত। ওখানে বাংলা ভাষা যাঁরা বলেন তানে খুঁজে বের করা হচ্ছে। কিন্তু দিল্লিতে তো প্রধানমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী বাস করেন তা করছেন? সেখানে বাঙালিরাই রুখে দাঁড়িয়েছেন। তারা পুলিশের সাহায্য পাননি। তারা রুখে দাঁড়িয়েছেন। তারজন্য আমরা গর্বিত। তাঁরা বলেছেন, "এসব জিনিস আমরা তানে দাঁটিয়েছেন। তারজন্য আমরা গর্বিত। তাঁরা বলেছেন, "এসব জিনিস আমরা তানের রোশন কার্ড দিয়েছিল, ভোটার লিস্টে নাম তুলে দিয়েছিল। তাদের কেউ কেট নালের রেশন কার্ড দিয়েছিল, ভোটার লিস্টে নাম তুলে দিয়েছিল। তাদের কেট কেট কেট কেট নাগরিক নাও হতে পারে। আজকে আশ্বর্য হয়ে ওঁদেরই কাছ থেকে ও "আপনি মুখ্যমন্ত্রী আপনি দেখুন, ইত্যাদি।" তা আমি ইতিমধ্যেই কথা বলেছি। গ্রাম্বকার থেকে আমাকে বলেছে, "আমরা এসব হতে দেব না।" আমি যত দূর ক্রমি আর ঐসব হচ্ছে না।

[6-20 - 6-30 p.m.]

আপনাদের রাজত্বে—দিল্লি তো আপনাদের, কোনও কিছু করতে পারছেন নাই আইন-শৃদ্ধালার কথা বলা হয়। খুন এই কংগ্রেসিরাই করে, আর বলেন, আইন-শৃদ্ধালার কথা বলা হয়। খুন এই কংগ্রেসিরাই করে, আর বলেন, আইন-শৃদ্ধালিজদের মধ্যে খুনোখুনি করে বলেন পুলিশ কোথায়, জ্যোতিবাবুর পুলিশং তারগর্গ মনে পড়ছে,—ইন্দিরা গান্ধীর মৃত্যুর পর কারা ১৪টি বাস পোড়াল এবং আক্রমণ ঐ কংগ্রেসিরা। আমি ততক্ষণে রাজীব গান্ধীর সঙ্গে দেখা করে এসেছি। রাজীব গান্ধী করেছেন যে জ্যোতি বসুর সঙ্গে কো-অপারেট কর, এই জিনিস কর না, এই জিনি পারে না। ততক্ষণে দিল্লিতে সাড়ে ত হাজার শিখ খুন হয়েছে, নারী, পুরুষ শিও করেছে। কারেছেণ কংগ্রেসিরা খুন করেছে। মামলা কিছু হচ্ছে না। আমি আসার পর হ্র

ì

া আমার সঙ্গে দেখা করলেন এবং তাঁরা একসঙ্গে দেখেছি শান্তি যাতে বজায় থাকে ছেন। ঠিক রাজীব গান্ধী যখন মারা গেল—কি কারণে জলপাইগুড়িতে ফৌজ লগ কারা করেছে জলপাইগুড়িতে? বি. জে. পি., বা অন্য পার্টি বা আর. এস.

এ কংগ্রেসিরা করেছে। আমাদের ফৌজ নামাতে হয়েছিল এবং স্তব্ধ করতে 
থার বউবাজারের কি ঘটনা, সেটা এখনই বলতে পারব না, কারণ তদন্ত হছে।
থার বেরুবে, রসিদের খবর বেরুবে। কারা কারা তাদের সমর্থন করছে খবর 
কিন্তু তদন্ত হছে। এখানে অজ্বৃত দাবি শুনছি, সি. বি. আইকে কেন দিছেন না।

থি এইসব কেন বলা হছে। যে পুলিশ ইনভেস্টিগেট করছে তারা সি. বি. 
থাকে দক্ষতা রাখেন না এটা কোথায় প্রমাণ হল? আর যদি এটা হয়, এদের মধ্যে 
বিদ্যুক করছেন—

### (গোলমাল)

this stage Shri Subrata Mukherjee rose to speak)

. Speaker: Mr. Mukherjee, please take your seat. I would not by point of order at this state. I am on my legs. I will not ou now. Please take your seat.....(noise).....(Shri Subrata ee was seen standing in his seat)....For the last time I warn you have to take your seat.....(noise)....(Shri Subrata Mukherjee seen standing)...Mr. Mukherjee, I name you under rule noise)....Please withdraw from the House.....(noise and tions)....(Shri Subrata Mukherjee: Sir, We want CBI (noise)....Mr. Mukherjee, I name you under rule 348 and you for the rest of the session....(noise).....

ope we have the consensus of the House.

....(noise and interruptions).....

ieveral Congress (I) Hon'ble Members rose to speak)...

....(noise).....

<sup>ৰুৱত</sup> মৃখাৰ্জিঃ যাব না, সি. বি. আই.কেই দিতে হবে সি. বি. আই. চাই।

motion was then put and agreed to.

<sup>·</sup> Speaker: Mr. Mukherjee, I request you to please .....(noise and interruptions)...

[ 1st April.

....(noise).....

Mr. Speaker: The time of this debate is extended by on

The Marshall will take assistance of other security officers Mr. Mukherjee from the House.

.....(noise and interruptions).....

[6-30 - 6-44 p.m.]

.....(গোলমাল)......

(এই সময় কংগ্রেস দলের মাননীয় সদস্য শ্রী সুব্রত মুখার্জিকে নিরাপন্ত সহায়তায় বাইরে নিয়ে যাওয়া হয়)

.....(গোলমাল).....

(এই সময় কংগ্রেস দলের মাননীয় সদস্যবৃন্দ সভাকক্ষ ত্যাগ করেন)

শ্রী জ্যোতি বসুঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলছি যে, বউবাজার সদহে যে এনকোয়ারী হচ্ছে সেটা শেষ না হলে আমি এ-সম্পর্কে কোনও রিপোর্ট দিরে গ্রাপারটি নিয়ে এখন তদন্ত চলছে। ওরা বলেছেন যে, সি. বি. আই.-কে দিরে তদন্ত করা হচ্ছে না। কেন্দ্রীয় সরকারকেও কোনও কোনও ক্ষেত্রে সি. বি. আই.-ক করতে হয়। আমাদেরও সেটা যদি দরকার থাকত নিশ্চয়ই করতাম। এখানে আ বোষে থেকে বিশেষজ্ঞ আনিয়েছি। ফোনে সারদ পাওয়ারের সঙ্গে কথা বলে তা যে, আমাদের এখানে একটা ঘটনা ঘটে গেছে, বিশেষজ্ঞদের এখানে পাঠান। ব্রুতি পারছি না, আমাদের পুলিশের উপর ওদের যদি বিশ্বাস না থাকে তার পুলিশের উপরই বা আমাদের বিশ্বাস থাকবে কেন? আমাদের পুলিশ যদি ইন্মার্ফি তাহলে ওদের পুলিশও তো এফিশিয়েন্ট হতে পারে না। তাই বলছি, এই মুর্গে আইকে দিয়ে এনকয়ারী করা সম্ভব নয়।

এরপর আর একটি কথা বলছি, এখানে দার্জিলিং সম্বন্ধে বারবারই বি আগামীকাল দার্জিলিং যাচিছ। ফিরে এসে এ-সম্পর্কে আপনাদের দেওয়া কলিং বা উত্তরে আমার কি বক্তব্য সেটা বলতে পারব। ওখানে আমাদের যে পার্টি কর্ম্পা তাতে আমরা যাচিছ। এখানে একজন বলছিলেন যে, রাজীব গান্ধীর সঙ্গে নার্ছি চুক্তি হয়েছিল। আমি বলছি, ঐ চুক্তি রাজীব গান্ধীর সঙ্গে নয়, আমার সঙ্গে হর্মে তিনি সাহায্য করেছিলেন মাত্র।

এখানে আর একটি প্রশ্ন তোলা হয়েছিল থানার লক-আপে ম*লেস্টে* 

্র ভাষণের উপর আলোচনা চলবার সময়। আমি সেটা আজকে সঙ্গে এনেছি। ওরা ু <sub>নিতে</sub> পারবেন, কারণ এখন তো ওরা হাউসেই নেই, একটা অবস্থা সষ্টি করে ারে চলে গেলেন। এটা ইংরেজিতে লেখা, আমি পড়ে দিচ্ছি। এতে বলছে—Failure Government to prevent moleslation in Police custody a- সম্পর্কে ক্ট কট-মোশনও আছে—molestation in police custody have been rare Bengal but it is not a fact that this is rampant in West Bengal the list of 42 cases submitted to the Hon'ble Speaker alleging tion in police custody since 1982, 13 could not be traced which 19 cases. It has been ascertained that only in two cases there eation of molestation in police custody. One was that of Kakali if Singur P.S. which was not substantiated. The second was the gan P.S. case in which the policemen have been chargesheeted. the remaining 27 cases, in 22 cases policemen were involved was not in police custody. They have been suitably proceeded and criminal cases have been started against erring police pern of which in two cases, one of Narkeldanga P.S. and the Chinsura P.S., the concerned personnel were acquitted by the n the remaining five cases, police personnel were not involved ed. In one case army Jawans and in another case sepoys of if were involved, which in the other three members of the ere involved

ond point, Death in Police custody.

enesty International in its latest report has mentioned 43 cases (ed) of death from 1985 to 1991.

a detailed examination of this report, the so-called deaths of sons, they have claimed, Swapan Das, Raj Kumar Molla, Sk. In Molla and John Mondal could not be established or traced do not know who they are. Enquiry as per provisions of law in respect of 39 cases of alleged deaths in police custody. Out ises, only four cases were of police charge with homicide. In of Motia Rahaman Gaji of Hasnabad, the Officer-in-Charge ged with murder but was acquitted by the Additional Sessions Barasat. In the three other cases, namely, Keshpur, Karaya i Police Stations, police officers and constables are facing trials. Durse as criminal cases have been started against them, relating in police custody, police persons who were found guilty of

1 at April, 198 negligence of duty in six cases were prosecuted departmentally remaining 29 cases have been observed to be natural deaths suicides police custody and have been substantiated to be so through enquir conducted in accordance with law by Magistrates. On 20th Man 1992 morning police staff from Moyna Police Station went to Care village to arrest some accused person in Case No.52 of 1992 stand on a complaint of one Sukdeb Mondal against his brother Kanai Mondal The incident was the outcome of a dispute relating to land. The poli party was gharaoed and assaulted by some people, most by wond Nine women were arrested in this connection. On the same day no testing against this arrest, some local people in the area came to Mon Police Station and assulted some police officers and pushed the police jeep in a nearby pond. In this connection Moyna P.S. Case No.59 1992 was started and 12 persons were arrested. These two cast which were started at Moyna Police Station against some men a women have ended in charge-sheet. It is not a fact, therefore, that police had committed any excess. আরেকটি মানিক ভৌমিক কটমোশন মন্ত্র

তারপর সত্যরঞ্জন বাপুলি যে দুই কেসের কথা বললেন সেই দুজনের কেস পর্বাধানার অধীনে পুলিশ কেস হয়েছে। এখানে যে কথা বলা হয়েছে যে, আমি নাবি প্রথিকে আমি চাইনি, এমন কি যথন খবর আসতে আরম্ভ করল তখনও আমি আর্মির স্ট চাই নি। জাের করে নাকি আর্মি এসেছে—এই কথাটি একেবারে ঠিক নয়। এর রেনি বলব না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডঃ জয়নাল আবেদিন একটি বক্তৃতায় বলদেন থে রাজ্যপালের ভাষণের উপরে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবের উপরে বক্তৃতায় সময়ে বলদেন বাসু কমিশন অফ ইসলামপুর এনকােয়ারী, যেটা ১৯৮০-৮১ সালে হয়েছিল তার ফার্ম্ম আ্যাসেশ্বলিতে দেওয়া হয়নি। আমি তাতে বলছি যে, এটা কংগ্রেদি সরকারের আইনে আ
সোমানে এনকােয়ারীর রিপােট ইচ্ছা করলে উইথহেন্ড করতে পারেন, হাউসে দিতে ন পারেন। আমাদের জুডিশিয়াল এনকােয়ারী করা শুরু হলে সেটা পক্ষে বা বিপক্ষে ফ্রেমিনা কেন আমাদের উত্তর দিতেই হবে। যাইহােক উনি চলে গেছেন, থাকলে ভাল হবা কি.১০.৮২ তারিখে হাউসে প্রেসড় হয়েছিল। উনি পরে জেনে নিতেও পারবেন। এর কি কছু আর আমার বলার নেই, বাজেট বরাদ্দকে সমর্থন করে কাটমােশনের বির্রােধিটা বামি আমার বজবা শেষ করছি।

Mr. Speaker: Now, I put all the cut motions to vote except of motion No.12 on which I understand a Division will be demanded.

The motions (Cut Motion Nos. 1 to 11 and 13 to 18 that the amount of the Demand be reduced by Rs.100/- were then put and los

The Motion that the amount of Demand be reduced by Rs.100/-Motion No.12) was then put and a division was taken with the ing results.

## NOES

Abdul Haque, Shri

Abdul Quiyom Molla, Shri

Abu Ayes Mondal, Shri

Abul Basar, Shri

Acharya, Shri Prabhat

Adak, Shri Kashinath

Adhikari, Shri Nityananda

Anisur Rahaman, Shri

Bal, Shri Saktiprasad

Basu, Shri Bimal Kanti

Basu, Shri Jyoti

Basu, Shri Subhas

Baora, Shri Samar

Bannan, Shri Jogesh Chandra

Bauri, Shri Madan

Bera, Shri Bishnupada

Bera, Shrimati Chhaya

Bhattacharjee, Shri Buddhadeb

Biswas, Shri Benoy Krishna

B<sub>ISWas</sub>, Shri Kamalakshmi

Biswas, Shri Sushil

Boun, Shri Haradhan

[ 1st April

Chakrabarty, Shri Deb Narayan

Chakrabarty, Shrimati Kumkum

Chatterjee, Shri Anjan

Chatterjee, Shri Dhirendra Nath

Chatterjee, Shrimati Nirupama

Chattopadhyay, Shrimati Şandhya

Chatterjee, Shrimati Santi

Chatterjee, Shri Tarun

Choudhury, Shri Bansa Gopal

Chowdhury, Shri Bikash

Chowdhury, Shri Sibendra Narayan

Chowdhury, Shri Subhendu

Das, Shri Ananda Gopal

Das, Shri Debesh

Das, Shri Jagadish Chandra

Das, Shri Nirmal

Das, Shri S. R.

Dasgupta, Shrimati Arati

Dasgupta, Shri Asim Kumar

Deb, Shri Rabin

Deb Sarma, Shri Ramani Kanta

Dey, Shri Lakshmi Kanta

Dey, Shri Narendra Nath

Duley, Shri Krishnaprasad

Ganguly, Shri Bidyut

Ganguly, Shri Shanti

osh, Shri Biren

osh, Shri Kamakhya Charan

sh, Shri Malin

sh. Shri Sunil Kumar

sh. Shri Susanta

a. Shri Sachindra Nath

a. Shri Sundar

er, Shri Krishnadhan

igir Karim, Shri SK.

dar, Shri Badal

Shri Haripada

1a. Shri Manindra Nath

ırdar, Shri Dinesh

Kar. Shri Nani

Koley, Shri Barindra Nath

Mahboob Zahedi, Shri

dajhi, Shri Bhandu

Jaji, Shri Pannalal

lajhi, Shri Raicharan

falakar, Shri Nanigopal

lalik, Shri Sreedhar

lamtaz Begum, Shrimati

londal, Shri Dhiren

<sup>londal</sup>, Shri Kshitiranjan

ondal, Shri Rabindra Nath

ondal, Shri Manik Chandra

Manna, Shri Janmenjoy

Md. Ansaruddin, Shri

Minj, Shri Prakash

Misra, Shri Surya Kanta

Mitra, Shrimati Jayasree

Moitra, Shri Birendra Kumar

Mostafa Binquasem, Shri

Mukherjee, Shri Anil

Mukhopadhyay, Dr. Ambarish

Mukherjee, Shri Dipak

Mukherjee, Shri Manabendra

Mukherjee, Shri Narayan

Mukherjee, Shri Nirmal

Munda, Shri Chaitan

Naskar, Shri Sundar

Neogy, Shri Brajo Gopal

Omar Ali, Dr.

Oraon, Shri Jagannath

Paik, Shri Sunirmal

Pathak, Shri Patit Paban

Phodikar, Shri Prabhas Chandra

Pramanik, Shri Abinash

Putatunda, Shrimati Anuradha

Roy, Shri Banamali

Ray, Shri Dwijendra Nath

Roy, Shri Mrinal Kanti

lay. Shri Subhash Chandra

en, Shri Dhirendra Nath

eth, Shri Lakshman Chandra

haw. Shri Prabin Kumar

haikh Khabiruddin Ahmed, Shri

ingh, Shri Lagan Deo

inha, Shri Khagendra Nath

inha, Shri Prabodh Chandra

inha, Dr. Nirmal

k. Nazmul Haque, Shri

oren, Shri Khara

irkey, Shri Monohar

YES

ırkar, Shri Deba Prasad

e Ayes being 1 and the Noes being 112 the Motion was lost.

ne Motion of Dr. Asim Kumar Dasgupta moved on 23rd March, hat a sum of Rs.3,79,20,22,000 be granted for expenditure under d No.21, Major Head: "2055—Police" was then put and agreed

### Adjournment

the 2nd April, 1993 at the Assembly House, Calcutta.

# roceedings of the West Bengal Legislative Assembly lbled under the provisions of the Constitution of India

he Assembly met in the Legislative Chamber of the Assembly suse. Calcutta on Friday, the 2nd April, 1993 at 11.00 a.m..

#### PRESENT

· Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 12 Ministers, · ters of State and 132 Members.

-00 - 11-10 a.m.]

### POINT OF ORDER

মানস ভূঁইয়া ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল স্বরাষ্ট্র দপ্তরের বাজেট বিতর্কে 
রু দ্বী তথা মুখ্যমন্ত্রী বক্তব্য রাখছিলেন তখন বৌবাজারের ঘটনার পরিপ্রেক্ষিতে 
রেধী দলের সদস্যরা-ঐ ঘটনার সি.বি.আই তদন্তের দাবি জানাচ্ছিলাম। আমাদের 
দক্ষ আমাদের দলের সহকারি নেতা শ্রী সুব্রত মুখার্জিও ঐ দাবি জানাচ্ছিলেন। 
গড়িয়ে উঠে ঐ দাবি জানাচ্ছিলেন তখন আপনি ওকে বসতে বলেছিলেন। 
সময় আমাদের দাবি মেনে নেবার জন্য মুখ্যমন্ত্রীকে চাপ দিছিলাম।

ম্পিকার : কালকের ঘটনা নিয়ে কোনও ডিবেট হতে পারে না।

মানস ভূইলা ঃ স্যার, আপনার সিদ্ধান্তকে চ্যালেঞ্জ জানাবার ক্ষমতা আমাদের রি অলমাইটি। এ নিয়ে কোন বিতর্ক হতে পারে না। সে সময়ে আপনি হাউসের রিণ সদস্য, আমাদের দলের সহকারি নেতা শ্রী সূত্রত মুখার্জিকে এই সেসনের রি করেন এবং আপনার সিদ্ধান্ত তিনি মেনে নেন। এই অবস্থায় বিরোধী দল পিছত থাকবে, বিতর্কে অংশ গ্রহন করার সুযোগ থাকবে, কিন্তু তাদের অন্যতম দা এবং সহকারি নেতা উপস্থিত থাকবেন না, এটা আমাদের কাছে সুখকর হচ্ছে ই আপনার সিদ্ধান্তকে চ্যালেঞ্জ জানাবার কোনও এক্তিয়ার আমাদের নেই। তথাপি রূপে, সংসদীয় রীতি-নীতির স্বার্থে আপনার কাছে আমার অনুরোধ আপনি বিষয়টা করুন। স্বাস্থ্যকর পরিস্থিতির মধ্যে সংসদীয় রীতি-নীতি বজায় থাকুক। অতীতে দির্জর আপনি সৃষ্টি করেছেন। আপনার কাছে আমার প্রার্থনা, আপনি আপনার নির্বিকেনা করুন। আপনি নিশ্চয়ই সংসদীয় রীতিতে বিরোধী দলের ভূমিকাকে করেতে পারেন না। আমাদেরও আমাদের দলের অন্যতম প্রবীণ সদস্য এবং করে সংকারি নেতাকে বাদ দিয়ে এখানে হাউসের কাজকর্মে অংশ গ্রহণ করা অত্ঞব আমি আর একবার আপনার কাছে আবেদন রাখছি, আপনি বিষয়টা করুন।

<sup>র্বীক্রনাথ</sup> ম**তদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, গতকাল সকালে আপনি এই সভার

সদস্যদের কাছে সভা পরিচালনার ক্ষেত্রে সাহায্য চেয়ে একটা রুলিং দিয়েছিলেন। তারপ স্বরাষ্ট্রমন্ত্রীর বাজেট বক্তৃতার সময় মাননীয় সদস্য সুব্রতবাবু যে পদ্ধতিতে ইটারআন করেছেন সেটা ঠিক সংসদীয় পদ্ধতি হিসাবে বিবেচিত হতে পারে না। স্বাভাবিক্ত তখন আপনি সঠিক সিদ্ধান্ত নিয়েছিলেন। কিন্তু এই সভার নজির আছে, আপনি ইতি বংগেষ্ট লিবারাল হয়ে উদারতা দেখিয়ে আপনার সিদ্ধান্তের পরিবর্তন ঘটিয়েছেন। ডাঃ যথেষ্ট লিবারাল হয়ে উদারতা দেখিয়ে আপনার সিদ্ধান্তের পরিবর্তন ঘটিয়েছেন। ডাঃ বংগাই লিবারাল হয়ে উদারতা দেখিয়ে আপনার সিদ্ধান্তের পরিবর্তন ঘটিয়েছেন। ডাঃ বংগাই লিবারাল হয়ে উদারতা দেখিয়ে আপনার সিদ্ধান্ত করতবাবু এই সভার অনেক বিশ্বনো সদস্য এবং এখন গুরুত্বপূর্ণ বাজেট সেসন কলছে, সুতরাং তিনি উপস্থিত গ্রুত্বাণ পেলে আমরা খুশি হব। আমরা আরো খুশি হব সুব্রতবাবু সহ যদি গোটা ক্রন্দাটা এখানে বিরোধি দলের গুরুত্বপূর্ণ দায়িত্ব পালনের ক্ষেত্রে তাঁদের দায়িত্বশীল পরিচয় দেন। আমরা চাই তাঁরা এই সেসনের পুরো সময় সভার কাজে অংশ গ্রহণ সভার মর্যাদা বৃদ্ধিতে সাহায্য করুন। অতএব আমি আশা করব আপনি আপনার গতকা সিদ্ধান্তটি পুনর্বিবেচনা করবেন।

শ্রী কৃপাসিদ্ধু সাহা ঃ স্যার, যে প্রস্তাব এসেছে আমি তাকে সমর্থন করছি। তর একটা থেকে গেছে। কাল সকালবেলা আলোচনা হয়েছে যে হাউসের আচরণবিধি পে সকলে চলবে। আপনি সকলকে তা স্মরণ করিয়ে দিয়েছেন পরশু দিন যে ঘটনা দ্বা তারই পরিপ্রেক্ষিতে। ইদানিংকালে লক্ষ্য করছি, বিরোধী দলের কিছু কিছু সদস্য দি করে সূত্রত মুখার্জি বারবার একই জিনিস ঘটাবার চেষ্টা করছেন। কোন নতুন সদস্য বা যাঁরা এমনি সদস্য তাঁদের ক্ষেত্রে একটা প্রশ্ন থেকে যায়, কিন্তু উনি বছ পুরানে দ এবং প্রাক্তন মন্ত্রী। এখন বর্তমানে তিনি দায়িত্বে আছেন, দলের সহকারি নেতা। আমি ফ করব, এই জাতিয় ঘটনা ভবিষ্যতে আর করবেন না। কালকে যে ঘটনা ঘটেছে গ্র আপনি ক্ষমা ঘেয়া করে এবারের মতন ক্ষমা করে দেবেন।

শ্রী নির্মল দাস ঃ গতকাল যে ঘটনা ঘটে গেল, আমাদের দেশে সংসদীয় বাব বাবা পক্ষে ওকালতি করছেন, সংসদীয় ব্যবস্থার পথ বলে মনে করছেন তাঁদের পদ্ধ থে ধরনের ঘটনা কালকে এখানে সংগঠিত করা হয়েছে সেটা অত্যন্ত দুর্ভাগ্যজনক। তার্ম এটা আসলে মনে হয়েছে আমাদের ছিম্মস্তা কালির মতন। সংসদীয় রাজনীতিতে বির্মেশ্য যে গুরুত্বপূর্ণ ভূমিকা যেটা নিয়ে আলোচিত হয়েছে সেটাকে সামনে নিয়ে বিরোধিণ যিনি নেতা বিশেষ করে উপনেতা এবং সিনিয়র লিডারদের একটা প্রবণতা দেখা দিছে গ্রুপিনের সামনে আসা, সংবাদপত্রের মাধ্যমে সামনে চলে আসা। এই যে একটা ট্রান্টি প্রতিদিন প্রায় এর পুনরাবৃত্তি ঘটাছে। যদিও আপনি মাঝেমধ্যে বলেছেন সভার ফ্রান্টি পশ্চিমবাংলার বিধানসভার যে ট্রাডিশন সেই ট্রাডিশনকে সম্মান জানাবার জনা তারে ধের রাখতে পারি ‡ সুব্রতবাব যা করেছেন তা খুবই দুর্ভাগ্যজনক এবং তিনি নিশ্চয়ই বার্মি অনুতপ্তেও বটে। সেইজন্য তাঁর দলের ছইপের পক্ষ থেকে যে আবেদন রাখা হর্মেই গ্রাণ্ডাতাবনে আমরা সাড়া দেবা এবং আপনি নিশ্চয়ই তা বিবেচনা করনে। আমরা চিন্স সুব্রতবাব আসুন, অংশগ্রহন করন। দায়িত্বশীল বিরোধীদলের নেতা হিসাবে আসুন। ক্ষ

<sub>াই ঘটনা</sub>র যাতে পুনরাবৃত্তি যেন না হয় সেই ধরনের ব্যবস্থাপনা আপনাদের কাছ থেকে <sub>মশা</sub> করছি। আমরা চাই, বিরোধীদল অ্যাজ এ হল যোগ্য ভূমিকা পালনে ব্রতী হন।

শ্রী কামাখ্যাচরণ ঘোষ ঃ গতকাল যে ঘটনা সুব্রতবাবু ঘটালেন—আমি বুঝতে পারছি

নিক উদ্দেশ্য নিয়ে তিনি এই কাজ করলেন। তিনি জানতেন এবং ভাল করে বুঝেছিলেন

য এই কাজটা ঠিক হচ্ছে না। কিন্তু ওনার উদ্দেশ্য কি তা আমি বুঝি না। সংসদীয় গণতন্ত্র

শ্বন্ধে সুব্রতবাবুর জ্ঞান কার্ত্ত থেকে কম বলে আমি মনে করি না। কিন্তু তিনি সেটা

ভিঘন করলেন। আজকে বিরোধীদলের পক্ষ থেকে যে আবেদন রাখা হয়েছে আমি মনে

রি সেই ব্যাপারে বিবেচনা করা উচিত এবং আশা করি ভবিষ্যতে যাতে এইরকম ঘটনা

যার না হয় সেটা যেন বিরোধীদল লক্ষ্য রাখবেন।

[1]-10-11-20 a.m.]

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোন মন্তব্য আমি করতে চাইনা। য প্রস্তাব এই সভায় এসেছে আমি মনে করি সেই প্রস্তাব সর্বসন্মত হওয়াই বাঞ্ছনীয়। মামি এই প্রস্তাব সমর্থন করছি।

শ্রী নরেন হাঁসদা ঃ মানতা স্পিকার, জোহাদ, স্যার, গতকালকার ঘটনা যা ঘটে গেছে সই ব্যাপারে মাননীয় সদস্য ডাঃ মানস ভূঁইয়া যে গুস্তাব এনেছেন আমি সেটাকে সমর্থন রিছি। সংসদীয় গণতক্ষ্ণে বিরোধীদলের একটা ভূমিকা আছে, এটা আপনি স্বীকার করেন, গরই পরিপ্রেক্ষিতে মানসবাবু যে প্রস্তাব এনেছেন আমি তাকে সমর্থন করছি।

बी প্রশান্ত শ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়ক মানস বাবু যে প্রস্তাব দরেছেন আপনার সুবিবেচনা রক্ষার জনা, সেই সুবিবেচনার কথা আমিও বলছি। শুধু গাপনার কাছে আমার একটা অনুরোধ যে, বিরোধীদলের মাননীয় নেতারা ডিবেট নিশ্চয়ই দ্রবেন এবং এখানে আমি বিরোধীদলের এমন দেখছি না যে একেবারেই সংসদীয় গণতন্ত্র ন্মজে অজ্ঞ, বরং বছ অভিজ্ঞ সদস্য এখানে আছেন। মাননীয় সূত্রত বাবুর কথা বলা নৃষ্প্রয়োজন, তিনি মন্ত্রীও ছিলেন। মাননীয় সৌগত রায় সুদিপ বন্দ্যোপাধ্যায় এবং মাননীয় জ্ঞানসিং সোহনপাল পুরনো সদস্য। আপনি বার বার একটা অনুরোধ করেছিলেন এই সভার <sup>মর্যাদা</sup> কি করে রক্ষা করা যায় আপনি বার বার গতকাল আপনার বক্তব্যে প্রথম অধিবেশন <sup>ংক</sup> হওয়ার সময় **আপনার বক্তব্য যে ভাবে রেখেছিলেন সবাইকে সহ**যোগি**তার জন্য** <sup>অনুরোধ</sup> করেছিলেন বিশেষ করে এই বাজেট অধিবেশনে। স্বরাষ্ট্র দপ্তর সম্বন্ধে সমালোচনা <sup>থাকতে</sup> পারে, সমালোচনা মাননীয় মুখ্যমন্ত্রী সেইভাবেই গ্রহণ করে থাকেন, তাঁর বক্তব্যগুলির মধ্যে দিয়ে তিনি দেখিয়েছেন যেখানে দুর্বলতা, ত্রুটি তা স্বীকার করেছেন, তা সত্ত্বেও অপনি যে নির্দেশ দিয়েছিলেন সেই নির্দেশ শুধু তিনি অমানাই করলেন না বেশির ভাগ <sup>সদস্য</sup> মিলে সুব্রতবাবুর বাইরে চলে যাওয়ার যে নির্দেশ দিয়েছিলেন সেই নির্দেশকে অগ্রাহা <sup>করে ঘিরে</sup> রাখলেন। মার্শালকে বলতে হল মার্শাল পারল না, তারপর অতিরিক্ত-মার্শালকে <sup>সহযোগিতার জন্য লোক এনে-আপনি দেখেছিলেন-কিভাবে তাঁকে সভা থেকে সরিয়ে</sup>

দেওয়া হল। স্বাভাবিক ভাবে বিরোধীদলের বিক্ষোভ হতে পারে, তাঁরা সভা পরিজ করলেন। আমি অনুরোধ করব মাননীয় সুব্রত বাবু আসবেন, নিশ্চয়ই আসবেন, এবং র অধিবেশনে থাকবেন বিতর্ক করবেন, আমরা বিতর্ক চাই, আমাদের যেখানে দুর্বলতা, ভ এই সমালোচনার মধ্যে দিয়ে আমরা সেগুলি সংশোধন করব। কিন্তু আজকে সভায় র এই ধরনের কাজ কর্ম পরিচালনায় বাধা সৃষ্টি হয় তাহলে কি করে হবে আমি বৃষ্ণ পারছি না। আপনি ওনাকে আসতে বলুন, তবে ভবিষ্যুতে এ ধরনের কাজ করবেন না প্রতিশ্রুতি যদি না পাওয়া যায় তাহলে কি করে সভার কাজ পরিচালনা করবেন জন্মি আমরাও ভাবছি যে কি করে তাহলে বক্তব্য রাখব। আমি আপনার কাছে অনুরোধ রাষ্ক্র স্বত্রবাবু আসবেন, অংশ গ্রহণ করবেন, বিধানসভার মর্যাদা রক্ষা করে সেই ভাবেই ব্যব্য করবেন। আমি দেখেছি মাননীয় বিরোধীদলের সদস্য শ্রী জ্ঞানসিং সোহনপাল মহাশ কিভাবে তাঁর দলকে পরিচালনা করার চেষ্টা করেন। গতকাল বিরোধী দলনেতা ছিলেন থাকলে ঐ রকম হত না। আমি আশা করব এই সভার মর্যাদা রক্ষা করে বিতর্ক বাং স্বাভাবিক ভাবে হতে পারে সেই সুযোগ সবাইকে করে দেবেন। এই আবেদন করে আমার বক্তব্য শেষ করছি।

### RULING FROM CHAIR

Mr. Speaker: Dr. Manas Bhunia has moved a resolution under proviso (2) of rule 348 for revocation of the suspension of the Hon'ble Member Shri Subrata Mukherjee for the rest of the session which the House adopted yesterday due to his continuous obstruction of the business of the House disregarding the authority of the Chair and abusing the rules of the House.

Now, the question arises that at a point of time—we have already been very lenient as regards application of the rules. In this regard also I intend to be very lenient, at this point of time also. My only commen on this ocassion would be that members get equal opportunity to debale in this House. No member can complain that he has not been given at opportunity to make his submissions. I have personally been very liberal extremely liberal. On ocassions I have also ignored protests and continu ous disturbances in the House. I have ignored on purpose. But what happened yesterday was when the Chief Minister of the State was reply ing to a budget debate, cut motions of the opposition had been moved In parliamentary system the Chief Minister has equal right as any other member in the House. It is true the House belongs to the opposition Parliamentary system. That means that in the House the opposition will use the opportunity for bringing out the defects of the Government. weaknesses of the Govt., failings of the Government. That is a weapon of the opposition to use through debates, not through disturbance, not

ough abuse of process, not through violation of rules. If they can't ke use of the debate they cannot fill that shortcomings of gap by this slent protestations or demonstration. That is violation of parliamentary xess. It should never be done. And other thing which is most unforlate is that a tendency is growing now-a-days it is happening in other ts of India very glaringly and unfortunately now coming to West Bengal. est Bengal is a part of India. We cannot remain absolutely free from versities taking place in other parts of the country. When Marshal is ected to remove a member from the House he carries out the duty veved to him under the authority of the House. He is a servant of the use. Physical resistance is now being offered to the Marshal to carry his duties of the House which is a very serious breach of Privilege the House and that physical resistance is offered not only by the ticular member but by other members also who have not been named. at is even more glaring. It means an attempt has been made to show ce, to show physical power in obstructing the process of the House. at is very unfortunate because inside the House there can be no show physical power. There should never be show of physical power, that es against the rules of democracy. People have elected us here to pate, not to flex muscles. Parliament is not the place where muscles Il be shown. One may be very strong physically, for that there is hting ground, boxing rings are there, wrstling pads are there in their ality. Don't disturb me here. It is very unfortunate. The question is, mbers may fight among themselves, they have got their own hands, at Marshal has got to do? Why should you flex your muscles against Marshal? Because he is a servant, he is equally your servant as my vant or of any other member. It is grave misconduct. It should never done. I hope members will take a note of it and keep it in their mind. took a very serious note of it. It should never be done in future. vertheless, I put the motion to vote. I think we have consensus of the suse. The suspension order passed yesterday may be withdrawn and the n'ble Member Shri S. Mukherjee may be permitted to rejoin the House. think we have consensus of the House.

..... (Voices: Ayes) .....

It is adopted.

# Starred Questions (to which oral Answers were given)

### রাজ্যে চটকলগুলির বর্তমান অবস্থা

\*২৭৮। (অনুমোদিত প্রশ্ন নং \*৮৬) **শ্রী আব্দুল মান্নান ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয়

# অনুগ্রহপূর্বক জানাবেন কি-

- (ক) রাজ্যে কতগুলি চটকল চালু এবং বন্ধ আছে;
- (খ) বন্ধ চটকলগুলির শ্রমিক কর্মচারির সংখ্যা কত; এবং
- (গ) বন্ধ শিল্প-সংস্থার কতজন শ্রমিক কর্মচারী ওই সময়ে অনাহারে মারা বি ও কতজন আত্মহত্যা করেছেন?

### শ্রী শান্তিরঞ্জন ঘটক

(ক) উল্লিখিত চালু চটকলের সংখ্যা ৫৪টি এবং লক আউট হয়েছে এরূপ চ সংখ্যা ৫টি

(খ)	বন্ধ চটকলগুলির নাম	শ্রমিক কর্মচারীর সংখ্যা
>)	বজবজ জুট ইন্ডাস্ট্রিজ লিঃ দক্ষিন ২৪ পরগনা।	9000
২)	অ্যাংলো ইন্ডিয়া জুট মিল, জগদ্দল, উঃ ২৪ পরগনা	¢ <b>¢</b> 00
<b>૭</b> )	ফোর্ট উইলিয়াম জুট মিল হাওড়া।	७২००
8)	বিড়লা জুট অ্যান্ড ইন্ডাস্ট্রিজ লিঃ বালি, হাওড়া।	8000
<b>(</b> )	গ্যাঞ্জেস্ ম্যানুফাকচারিং কোঃ বাঁশবেড়িয়া, ছগলি।	<b>6000</b>

(গ) এরূপ কোনও তথ্য আমাদের জানা নাই।

[11-20—11-30 a.m.]

ডাঃ মানস ভূঁইয়া ঃ মাননীয় মন্ত্রী মহাশয় তথ্য দিলেন এবং 'গ' প্রশ্নের উদ্ব বললেন যে এই ধরনের তথ্য জানা নেই। কিন্তু অবিরত সংবাদপত্রে খবর প্রকাশিত য যে কর্মচাতৃত শ্রমিকদের অনেকেই অনাহারে আত্মহত্যা করছেন। আপনি বললেন যে আপ কাছে কোনও খবর নেই। আপনি এই বিষয় নিয়ে কোন অনুসন্ধান কমিটি তৈরি করিং যারা বিস্তারিত ভাবে এই বন্ধ কারখানায় কতজন শ্রমিক মারা গেছে সেটা জানার জি

শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ যে প্রশ্ন করেছেন তার উত্তর আমি দিয়েছি। এর চেন্নে র্গে আমি বলতে পারছিল। ডাঃ মানস ভূঁইয়া ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি কি এই বিষয়ে কোনও অনুসন্ধান বং কারণ আপনি যে কথা বলেছেন সেটা ঠিক নয়।

গ্রী শান্তিরপ্রন ঘটক । এই রকম কোনও পরিকল্পনা নেই।

জঃ মানস ভূঁইয়া । ভাল কথা, শ্রমিক দরদী শ্রমমন্ত্রী বলছেন যে শ্রমিকদের আত্মহত্যার ব্যবর সংগ্রহ করার কোন পরিকঙ্কনা নেই। এবারে আমার পরের প্রশ্নে আসছি।

শ্রমমন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি যে সমস্ত কারখানা বন্ধ হয়ে আছে

থোলার জন্য সরকার কি কি পদক্ষেপ নিয়েছেন?

শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ বজবজ জুটমিল, অ্যাংলো ইন্ডিয়া জুট মিল এবং গাঞ্জেস াকচারিং, এই তিনটা বি.আই.এফ.আর-তে আছে। আর ফোর্ট উইলিয়াম এবং বালিতে এই দুটো নিয়ে ত্রিপাক্ষিক আলোচনা চলছে, আমার সঙ্গেও কথা হয়েছে, এখন দুই গরা নিজেরা ঘরোয়া কথাবার্তা বলছে, আলোচনা করছে।

শ্রী সৌগত রায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় ঠিকই বলেছেন যে ৩টি জুটমিল বি.আই.এফ. বাছে, আর ২টি নিয়ে আলোচনা চলছে। মন্ত্রী মহাশয় কি জানাবেন যে বি.আই.এফ.আনে পর্যন্ত যে ৩টি জুট মিল আছে তারা কোনও প্যাকেজ অ্যানাউন্স করেছে কিনা, আর চা নিয়ে আলোচনা চলছে সেটা কতদুর এগিয়েছে।

আমি এই সভাকে এটা জানাতে পেরে আনন্দিত যে সমবায় আন্দোলন গ্রামীণ, <sup>বিশেষ</sup> অর্থনৈতিকভাবে দুর্শনতর ভাংশের জনগনের জীবনধারা উন্নত করতে ক্রমশ গুরুত্বপূর্ব ভূমিল পালন করছে। আশা করা যায় যে সব স্তর থেকে সাহায্য এবং সহযোগিতা <sup>লাভ কর</sup> <sub>রায়</sub> আন্দোলন গ্রামে বসবাসকারি অসংখ্য জনগণের আর্থিক অবস্থার উন্নতি ঘটাতে ন্যস্ত <sub>াকা পালন</sub> করতে সমর্থ হবে।

Mr. Speaker

: There are four cut motions on Demand No-57. All the Cut motions are in order.

Shri. Subrata Mukherjee: Sir, I beg to move that the amount Shri. Saugata Roy: of the Demand be reduced to Re.1/-

Shri. Subrata Mukherjee: 3ir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-

দ্রী শৈলজাকুমার দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমবায় দপ্তরের মন্ত্রী মহাশয় যে া ববালের দাবি উত্থাপন করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের পক্ষ তে যে ছাঁটাই প্রস্তাবণ্ডলো আনা হয়েছে তাকে সমর্থন করছি। এই সমবায় দপ্তরকে শ্ব করে সমবায় ভিত্তিক অর্থনীতির যে অবস্থা আজকে পশ্চিমবাংলায়, তাতে একে টা বিশেষ জায়গায় নিয়ে যাওয়া উচিত ছিল পরিবর্তিত আর্থ-সামাজিক প্রেক্ষাপটে। এই াদকে কিজন্য সমর্থন করতে পারছি না? আজকে মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদের দাবি াপন করে যে বাজেট ভাষণ রেখেছেন ১৯৯৩-৯৪ সালের জন্য, তাঁর সেই বাজেট ধণের বইটি আমার হাতে আছে। তেমনি আমার হাতে ১৯৯২-৯০ সালের বইটিও রছে। মন্ত্রী মহাশয় বিগত বছরে হতাশাব্যঞ্জক পরিস্থিতি দেখে এবারের বাজেট ভাষণটি ই সংক্ষিপ্ত করবার চেষ্টা করেছেন। গতবারের বইটি ১৯ পৃষ্ঠার ছিল। এবারের বইটি র্দ্ধক, ৯ পৃষ্ঠায় নেমে এসেছে। এমনটি কেন হল? হওয়ার কারণ আছে। তিনি নিজেই है ভাষণের মধ্যে দিয়ে এই কথা প্রমাণ করেছেন। তাঁর উপায় ছিল না, তিনি অসহায়। র বায় বরাদের পরিমাণ কত? আমরা দেখতে পাচ্ছি ১৯৯২-৯৩ সালের জন্য তাঁর ্যরের জন্য বরাদ্দ ছিল ৪৭ কোটি ৭৫ লক্ষ ৪১ হাজার টাকা। যেখানে জনসংখ্যা বাড়ছে, খনে পশ্চিমবাংলায় আরও সমবায় সমিতি দিনের পর দিন হচ্ছে, মানুয সাধারণ ভাবে <sup>াবায়</sup> সমিতি তৈরি কর**ছে, সেখানে আমরা কিন্তু** দেখতে পাচ্ছি ১৯৯৩-৯৪ সালের জনা র বাজেট বরাদ্দ ধরা **হয়েছে ৪৪ কোটি** ২৭ লক্ষ ৪৮ হাজার টাকা।

[2-20—2-30 p.m.]

Section States

আপনার তো উপায় নেই, অর্থমন্ত্রী তো টাকা দেননা, টাকা না দিলে আপনি করবেন
করে? অর্থমন্ত্রী টাকা দিতে তা কৃষ্ঠা করছেন। মাননীয় সমবায় মন্ত্রী ইতিমধ্যেই
১৯২-৯৩ সালের পশ্চিমবঙ্গের সমবায় আন্দোলনকে জোরদার করতে এবং এই আন্দোলনকে
রো এগিয়ে নিয়ে যেতে এবং এর প্রসার এবং প্রচারের জন্য ১০ কোটি টাকা ধরেছেন।
জিনা খাতে যে বরাদ্দ ছিল তাতে ১০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছিল কিন্তু পেয়েছেন।
তং ওই খাতের টাকা কাটি ছাট দিয়ে এক কোটি টাকারও নিচে অর্থাৎ কম পেয়েছেন।

এতে কি করে সমবায় আন্দোলন চলবে বলে আপনি আশা করেন? এই অন্ন টাক পশ্চিমবঙ্গের মানুষকে কিভাবে আকৃষ্ট করা যাবে? এইসব কারনেই এই বাজেন্ত্র বিরোধিতা করছি। মাননীয় সমবায় মন্ত্রী এই সমবায় আন্দোলনকে আরো জোরদার জন্য তাঁর পুস্তিকাতে নতুন পরিকল্পনার কথা ঘোষণা করেছেন। কিন্তু এই নতুন প্<sub>তি</sub> কথা তো ঘোষণা করলেন, কাজটা করবেন কি করে? অর্থ পাবেন কোথা থেকে? জ তো এই দপ্তরে দুর্নিতিতে পরিপূর্ণ এবং রাজনীতিতে নগ্ন দলবাজি এবং দলবাজির খন কয়েকমাস ধরে বিভিন্ন খবরের কাগজে ফলাও করে বেরিয়েছে। আজকে এই <sub>মহা</sub> কলকাতার হাউসিং কোঅপরেটিভগুলোর অবস্থা কি— সেখানে মহারাষ্ট্র, গুজন্না রাজ্যগুলিতে আবাসনের সমস্যা সমাধানের জন্য তারা অনেক পরিকল্পনা নিয়েছেন ঞ রূপান্তরিত করতে পেরেছেন। সেখানে আপনারা এখানকার মানুষদের আবাসন দিতে প না। আজকে হাউসিং কো-অপারেটিভের কি অবস্থা তা সেখানে তাদের দুর্নীজি একজিকিউটি অফিসারকে সরে যেতে হল। হাউসিং কো-অপারেটিভের যে আন্দোলা হ যে সিটু ইউনিয়ন আছে তারসঙ্গে অফিসারের ছন্দ লেগে যায় এবং শেষকালে মুন মন্ত্রীর হস্তক্ষেপে ওই একজিকিউটিভ অফিসারকে সরিয়ে সিটুর দাবির কাছে মাধা করতে বাধ্য হয়েছেন। তা না হলে তাঁর গদি থাকত না। সেখানে একটা অফিসারতে ও করে বেতন বৃদ্ধির ব্যাপারে নয়, হাউসিং আন্দোলনকে জ্বোরদার বা প্রচার বাড়ানোর ঃ নয়, শুধু তাঁর গদি রক্ষার জন্য ওই অফিসারকে সরিয়ে দেওয়া হল। সি.আর ভট্টার্ম অন্য জায়গায় সরিয়ে দিতে বাধ্য হয়েছেন। এরফলে সিটুর নেতাদের জয় হল এবং আ দুর্নীতির অনুপ্রবেশ ঘটল। এই দুর্নীতি এমনভাবে ঢুকল যে এই হাউসিং ঢ অপারেটিভগুলোতে অচলাবস্থার সৃষ্টি হল। আসলে ওই একজিকিউটিভ অফিসার খার তো আরো বহু জিনিস ফাঁস হয়ে যেত তাই মাননীয় মন্ত্রী তাঁকে সরিয়ে দিলেন। এই। ঘটনা ঘটল এর একটা জুডিশিয়াল এনকোয়ারী করা হোক এবং জুডিশিয়াল এনকোয়া সমস্ত রিপোর্ট হাউসে পেশ করা হোক। তারপরে **তথু হাউ**সিং কো-অপারেটিভ নয়, নেত্রেজ আজকে অবস্থাটা কি- আজকে বেনফ্রেডেও দুর্নীতি চলছে, সুতরাং এইতো হচ্ছে ঞ অপারেটিভের অবস্থা। আপনি বিশেষ করে পশ্চিমবাংলার সমবায় সমিতিগুলির কথা বলেছে কোন সমবায় সমিতি, যে সমবায় সমিতিশু**লিকে আপনি পুনরুজ্জি**বিত করতে চান গেঁ সমবায় সমিতিগুলি? সংখ্যা কত ৬ হাজার ৬ শত, এই ৬ হাজার ৬ শত সমিতি যুক্তি আজকে সংখ্যায় অনেক বেড়েছে, ইতিমধ্যে বেড়েছে ৯২-৯৩ সালে যাদের সংখ্যা জি হাজার ৬ শত, এবারেও সেই ৬ হাজার ৬ শত সমবায় সমিতির কথা উ*চ্চে*খ <sup>করেছে</sup> তাদেরকে শক্তিশালী করার জন্য রিভাইটালাইজ ক্কিম সেটা বছরে কয়টা করতে চন্ আপনি বলেছেন অ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৬ হাজার ৬ শতর মধ্যে ৮৫০টি রিভাইটালাইজ করকে তাহলে ক'টি পরিক্**রনা লাগবে** এই সমবায় সমিতিগুলিকে <sup>শক্তিশালী</sup> করার জন্য? তাদের পুনক্লজ্বিতীত করে সমবায়ের মানুষের স্বার্থে, গরিব কৃষকের মানুষ্ স্বার্থে তাদেরকে হাতিয়াররূপে ব্যবহার করবেন, তাই আমার দাবি আজকে যদি আরো বার্ খণ্দান সমিতিগুলি আর্থিক সাহায্যের হাত না বাড়ান তাহলে সমবায় আন্দোলন শে<sup>ব হরে</sup> यादा शक्तियवादनाव प्रश्वाश जात्मान

ূরে যাবে। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি কতগুলি পরিকল্পনার কথা বলেছেন কিন্তু র একটা জিনিস দেখলাম আমাদের মেদিনীপুর জেলায় ব্যাপকভাবে যে ২টি এলাকায় ্র কাঠি উৎপাদন হয়, সেই মাদুর শিল্প বিশেষ করে সবং, রামনগর প্রভৃতি জায়গার ন্ধ এই বাজেট বক্তৃতায় কিছু বলা নেই। আমি আশা করব আপনি অন্ততঃ জবাবী ে এই মাদুর শিল্পর কথা মনে রেখে, মাদুর শিল্পের সঙ্গে জড়িত মানুষদের জন্য ন অন্ততপক্ষে তাদের জন্য ব্যবস্থা গ্রহণ করবেন। আপনি জানেন মাননীয় অধ্যক্ষ ুয়ে, মাননীয় মন্ত্রী মহাশয় গত বাজেট বক্তৃতায় তিনি স্বীকার করেছিলেন যে পশ্চিম-<sub>লোয়</sub> যে বিভিন্ন ব্যা**ন্ধ ঋণ দান সমিতি আছে, সেই ঋণ দান সমিতি**র যারা কর্মচারী হে, যারা কাজ করে <mark>তারা খুব স্বল্প মাইনে পায়। অথচ তার ম্যানেজার বলেন, সেই</mark> নেজারের সাথে চতুর্থ শ্রেনীর কর্মচারী যারা তারা নামমাত্র মাইনে নিয়ে কাজ করেন, দের ব্যাপারে আপনি ঘোষণা করেছিলেন, অঙ্গিকার করেছিলেন, এই বিধানসভায় দাঁড়িয়ে এট বক্তৃতায় বলেছিলেন সামনের আর্থিক বছর পে কমিশনে যে কথা ঘোষণা করা ুছে তার ৪০ ভাগ টাকা দেওয়া হবে। কিন্তু আজও সেই টাকা দেওয়া হয়নি। যদিও গনি আবার বলেছেন আগামী আর্থিক বছরে তাদেরকে ঐ ৪০ ভাগ টাকা সরকার থেকে ঃয়া হবে, আমি মনে করি আপনার এই বাজেট বক্তৃতায় মানুষ ধোঁকা খেয়েছে, সরকারি র্চারী তারা বঞ্চিত হয়েছে। আগামি আর্থিক বছরে তাদের জন্য এই ব্যবস্থা আপনি ারেন এটা অন্ততঃপক্ষে আমি আশা করছি। যেখানে আপনি বারে বারে বলছেন যে বায়কে সরকারের নিয়ন্ত্রণমুক্ত করতে চাই, সরকারি নিয়ন্ত্রণ বাঁধন থেকে আলগা করে ত চাই, সেক্ষেত্রে বলব এই সমবায় সমিতিগুলিতে আগে কি ব্যবস্থা ছিল, সেখানে কারের যে নমিনি মনোনীত করা হত সমিতিতে, সেখানে আজকে কি হয়েছে, এলাকার prolitoral, সমস্ত বিধায়করা মনে করেন তাদের নাম সুপারিশ করতে এ.আর.সি.এস.-র মাধ্যমে তাদেরকে মনোনীত করা হত কিন্তু এই ক্ষমতা আপনি কেড়ে নিয়েছেন, অনেক সমিতিতে দেখা যাচ্ছে যে সমিতির মানুষ নয়, সে সমবায় সমিতির সঙ্গে যুক্ত ছিল না।

## [2-30-2-40 p.m.]

আমার দাবি— আগের যে ব্যবস্থা ছিল বিধায়করা তাদের এ.আর.সি.এসের মাধ্যমে য় সুপারিশ করে পাঠাবে সমবায় সমিতিগুলিতে তারা মনোনীত হয়ে কাজ করার সুযোগ গারেন। ২৭(১) ধারায় বলা হয়েছে একটা সমবায় প্রতিষ্ঠানে একটা অফিস বিয়ারার, যদি স চেয়ারমান হয়, সেক্রেন্টারি হয় দুটো টার্মের জন্য অফিস বিয়ারারের পদ পায় তাহলে একটা পদের জন্য তাকে অবসর গ্রহণ করতে হবে। দুটো টার্মের জন্য অফিস বিয়ারার কি তাকে একটা টার্মের জন্য অবসর গ্রহণ করতে হবে। এই সুযোগটা তাদের ফরিয়ে দিতে হবে, এই দাবি আপনার কাছে আমি রাখছি। আপনি জানেন এটা নিশ্চয় মস্যা। মেদিনীপুর জেলার আরেকটা সমস্যার কথা আমি বলছি। আপনি জানেন সারা গরত্বর্ধের মধ্যে মেদিনীপুর হচ্ছে বৃহস্তম জেলা। এখানে তিনটে কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক করছে। এই তিনটে সমবায় ব্যাঙ্ক এমন যে একটা এরিয়ার মধ্যে এরা কাজ করে

থাকে। এদের কোন এরিয়া ভাগ নেই। মেদিনীপুর জেলার কাঁথি মহকুমাতে <sub>বলাগ</sub>্লি মুগবেড়িয়া, বিদ্যাসাগর এই তিনটি কেন্দ্রে সমবায় ব্যাঙ্ক কাজ করে থাকে। আমরা কর্ম কুল্রার সমবায় ব্যাঙ্কের অধীনে এনে এলাকাগুলোকে ভাগ করার জন্য। যাতে 🚓 সাধারণ মানুষদের ঋণ পাওয়ার ক্ষেত্রে এবং ঋণ দেওয়ার ক্ষেত্রে সুবিধা হতে পারে দাবি আমি করছি। সাথে সাথে আপনারা জানেন আজকে দুই প্রকারের 🙉 পশ্চিমবাংলাতে দেওয়া হয়। সমবায় যে ঋণ দেওয়া হয় তার একটা হচ্ছে এস.টি ক্ল এবং আরেকটা হচ্ছে এল.টি লোন। এই এল.টি লোনটা দেওয়ার অধিকার <sub>ওধু আরক</sub> ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাঙ্কের। কৃষি ঋণ দেওয়ার ক্ষমতা আজকে তাদের নেই। যদি 📸 না করতে পারেন তাহলে হবে না। আরবান ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাক্কগুলোর উপর ক্লি করে সমবায় আন্দোলনের মধ্যে দিয়ে, সমবায় ঋণের মধ্যে দিয়ে স্বল্প মধ্যবিত্ত মানুছে কৃষকের যাতে উপকার করা যায় তার চেষ্টা আপনি করকেন। বর্গাদার, চাষী, এদ্ধে র সাহায্য করতে চাই সেই সাহায্য করা যাচ্ছে না। তাই আমার দাবি হচ্ছে, এই ব্রয়েট আপনি করুন যার মধ্যে দিয়ে প্রাইমারি সোসাইটিগুলির মাধ্যমেও এই লোন দেবার ব্যবস্থ করা যেতে পারে। তারপর পাকেসর যে সাধারণ সভা যেটা হয় সেখানে আপনার দিয়ে অনুযায়ী নিয়ম হচেছ রুলসের মধ্যে যে এক নং এজেন্ডা থাকবে নির্বাচনের ব্যাপারে। ক্ষেত্রে আমাদের অভিজ্ঞতায় দেখছি যে এখানে এক নং এজেন্ডাতে নির্বাচনের ব্যব্ধ থাকার জন্য সেখানে যেই নির্বাচন শেষ হয়ে গোল সঙ্গে সঙ্গে সাধারণ সভাও শেষ য়ে যায়। কাজেই আমি বলব, এখানে রুলসের পরিবর্তন করা দরকার। কারণ এর ফা প্রাইমারি সোসাইটির মেম্বাররা তাদের ভবিষ্যতের কর্মপন্থা বা কার্যাবলির ব্যাপারে ফ্রা গ্রহণ করতে পারেন না। তারপর যে সমস্ত রেঞ্জ আছে—আমাদের মেদিনীপুর জেলাটে তিনটি রেঞ্জ আছে, অন্যান্য জেলাতে একটি করে রেঞ্জ আছে সেখানে প্রাথমিক সমগ্য সমিতিগুলি যাতে শুধু ঋণ দেওয়া এবং তা আদায় করার মধ্যে সীমাবদ্ধ না থাকে সৌ দেখা দরকার। সেখানে বিভিন্ন স্কিমের মাধামে এগুলিকে বছমুখী করার চেষ্টা করা হচ্ছে। তারমধ্যে সেখানে যদি আপনি রেঞ্জ ভিত্তিক হোলসেল কনজিউমার না করেন তাহলে 🖟 ঋণ দেওয়া এবং নেওয়ার বাইরে তাদের আর কিছু কাজ থাকবে না। সেইজন্য আমি <sup>বলব</sup>, রেঞ্জ ভিত্তিক একটা করে হোলসেল কনজিউমার করতে হবে। তারপর ঐ ঋণ মকুরে ধাক্কার ব্যাপারে আমি আসছি। ভারতবর্ষের এক সময়কার উপপ্রধানমন্ত্রী শ্রী দেবীলাল হ<sup>টাৎ</sup> একদিন ঘোষণা করলেন যে সমস্ত কৃষিঋণ মকুব করা হবে। সম্প্রতি আপনার স<sup>মবার</sup> দপ্তর থেকে একথা বলা হয়েছে যে শুধু ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাকণ্ডলি পশ্চিমবাংলায় কেবল কৃষকদের এল.টি.লোন দেবে না, হাউসিং লোনও দিতে পারবে। কিন্তু <sup>যে সমস্ত</sup> ব্য**ৰু**গুলি অদ্যা**বধি লোন দিল এবং তার বেশিরভাগ ৬০ পারসেন্ট টাকা** আদায় করে <sup>বরাবর</sup> একটা নজির সৃষ্টি করে গিয়েছে তারা আজকে উপেক্ষিত হচ্ছে। কি ভাবে? তারা এই 🕬 মকুবের ধাক্কায় ঋণ আদায়ের রেট থেকে নেমে গিয়েছে। বিভিন্ন জেলাতে আমরা দেখিছি এই ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যা**ছগুলি দাদন দিয়ে সেই ঋণ আদা**য় করতে পারে নি। <sup>আমাদের</sup> মেদিনীপুর জেলার কন্টাই, তমলুক ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাস্ক্র যারা শতকরা ৭০/৮০ 🕬 লোন আদায় করে এসেছে তারা আজকে এই ঘর তৈরি করার জন্য যে ঋণ <sup>সেটা ৬০</sup>

াসেট আদায় হচ্ছে না বলে দিচ্ছেন না। এ ব্যাপারটা দেখার জন্য আমি অনুরোধ

[2-40—2-50 p.m.]

এবং আপনার গত বারের বাজেটের মধ্যে আমি একটা জিনিস দেখলাম, সেটা ছিল ্য পশ্চিমবাংলায় আর্বান কোঅপারেটিভ ব্যাঙ্কের যে একটা বিশেষ ভূমিকা পালন করে কু সেই কথা স্বীকার করলেন এবং স্বীকার করে কিছু বক্তব্য রেখেছিলেন এবং বলেছিলেন ্ব কিছু উন্নয়ন ঘটানো যায় কি না, তার সমস্যাগুলো বোঝবার চেষ্টা করেছিলেন, তার দ্যাওলো দুরীকরণের জন্য কিছু অর্থ ও বিভিন্নভাবে সাহায্য করবার চেষ্টা করেছিলেন 🤋 এক লক্ষ টাকা আরবান কো অপারেটিভ ব্যাঙ্গগুলোর ডেভেলপমেন্টের জন্য রেখেছিলেন। 🖁 এবারে বাজেটের মধ্যে এই ব্যাঙ্কগুলো সম্পর্কে আপনি একটি কথাও বলেননি। অথচ 🗦 गास्क्रित गाপারে অর্থমন্ত্রী কিছুক্ষণ আগে ছিলেন তিনি থাকলে তাঁকে শোনাতাম গতবারে নি বাজেটের সময় ঘোষণা করেছিলেন যে কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণাধীন রাষ্ট্রায়ন্ত 🚌 ওলো পশ্চিমবাংলার মানুষের প্রতি সুবিচার করছে না। সেইজনা সমবায় প্রতিষ্ঠান, লাকে ব্যাঙ্কে রূপান্তরিত করা হবে। গতবার বাজেট বক্তৃতায় এই কথা তিনি বলেছিলেন। ন্তু এই সমবায় ব্যাঙ্ক সরকারি সাহায্য না নিয়ে এই আর্বানাইজ্ড ব্যাঙ্কগুলো পশ্চিম-লোয় যে বিভিন্ন প্রায়রিটি সেক্টার রয়েছে তাদের বিভিন্ন ভাবে দাদন দিয়ে আসছে এবং াখানে জীবন এবং জিবীকার প্রশ্নে একটা ভূমিকা পালন করে আসছে। মন্ত্রী মহাশয় সেই ৰ আরবানাইজ্ড ব্যাঙ্কের ব্যাপারে একটা কথাও বলেন নি। আপনি জানেন আজকে, আমি ৰ্গাছ ঐ জায়গায় যুক্ত রয়েছি বলে নয়, আজকে পশ্চিমবাংলায় এমন ব্যাঙ্ক আছে শুধু শ্চিমবাংলার মফস্বলে এক নং ব্যাঙ্ক নয়, সমগ্র পূর্বাঞ্চলে শীর্য স্থানীয় ব্যাঙ্ক কনটাই ারবান কো অপারেটিভ ব্যাঙ্ক যার আমানত ৩৮ কোটি টাকা এবং ৩০ কোটি টাক। দাদন য়েছে এবং বিভিন্ন প্রায়রিটি সেক্টারে দাদন দিয়ে আসছে। মন্ত্রী মহাশয় আপনার সদিচ্ছা াছে সমবায় আন্দোলনকে পশ্চিমবাংলায় ব্যাপক ভাবে ছড়িয়ে দেবার এবং সেই আর্থ-ামাজিক কাঠামোতে সমবায় আন্দোলনের প্রেক্ষাপটে দাঁড়িয়ে সমবায় আন্দোলনকে হাতিয়ার ারছেন। কিন্তু পারবেন কি করে, আপনার বাজেট বইতে যা দেখলাম, যেখানে ৯২-৯৩ ালে বাজেট বরাদ্দ যা ছিল সেখানে ৯৩-৯৪ সালে বাজেট বরাদ্দ কমিয়ে দেওয়া হয়েছে। ় কোটি টাকা ছিল ৯২-৯৩ সালে, সেখানে আপনারা এক কোটি টাকাও পাননি। সেই মর্থিক দৈন্য দশার ছায়া প্রতিফলিত হচ্ছে এই বাজেট বক্তৃতায় এবং হাউজিং কো অপারেটিভ, রনফেডে যে জিনিস চলছে, এই ব্যাপারে স্পষ্ট ভাবে জবাব দেবেন। সূতরাং এই বাজেটের <sup>ব্</sup>রোধিতা করে আমাদের কাট মোশানের সমর্থনে বক্তব্য রেখে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পান্নালাল মাঝি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সমবায় দপ্তরের মন্ত্রী যে 

(বিজ্ঞান্ত পেশ করেছেন, তাকে সমর্থন করে দু-একটি কথা বলতে চাই বিরোধী দলের যে 
ক্রিন সদস্য এক সময়ে সমবায় মন্ত্রী ছিলেন, এতদিন তারাই তাঁদের দলের পক্ষে এখানে 
প্রথম্য সম্বন্ধে বক্তব্য রাখতেন। আজ দেখছি তাঁরা পিছু হটেছেন এবং একজন জুনিয়র

কস্তিগিরকে পাঠিয়েছেন সমবায় আন্দোলন সম্পর্কে আজে-বাজে কথা বলে মানুষ<sub>কে হি</sub> করার জন্য। স্যার, ওঁরা কোনও কিছুতেই ভাল দেখতে পান না। অথচ ওঁরাই 🤊 কৃষকদের জন্য এক সর্বনাশা ব্যবস্থা সৃষ্টি করে তার মধ্যে গরিব কৃষকদের ফে<sub>লি।</sub> গেছিলেন। তা হচ্ছে মহাজনি ব্যবস্থা। এমন কি সমবায় ব্যবস্থা এবং অন্যান্য ব্যবস্থার ন ওঁরা মহাজনি ব্যবস্থা অব্যাহত গতিতে চালিয়ে গেছেন। আমাদের বিরোধী বন্ধুরা গ্রামা মহাজনি ব্যবস্থা সংঘটিত করে, তাকে নেতৃত্ব দিয়ে অন্যান্য সমস্ত ব্যবস্থাকে দুর্বন দিয়েছিলেন। অথচ আমরা জানি সমবায়ের মধ্যে দিয়ে সর্বস্তরের সাধারণ মানুয়ের থাকার সুযোগ রয়েছে। উন্নয়নমূলক কাজের সুযোগ রয়েছে সমবায় আন্দোলনের <sub>প্রসা</sub> মধ্যে। কিন্তু আমর। জানি এসব কথা এখানে বঙ্গে বিরোধী দলের বদ্ধুদের একট ে হবে। কারণ ওঁদের অতীতে মহাজনি কারবারের মধ্যে দিয়ে, কালোবাজারির মধ্যে দিয়ে মূনাফা হ'ত সে মূনাফার সুযোগ থেকে আজ ওঁরা বঞ্চিত হচ্ছেন। সেই সুযোগ পা না বলেই ওঁদের আমাদের ওপর গোসা হচ্ছে। স্যার, কয়েকটা দৃষ্টান্ত দিলেই 🥸 অবস্থাটা বুঝতে পারবেন। আমাকে বেশি দূর যেতে হবে না, আমাদের স্টেট কো-অপার্রো ব্যাঙ্ক, সেটা আমাদের রাজ্যে সমবায় ঋণদানের ক্ষেত্রে শীর্ষ স্থানে এবং সমবায় আদেদ তার ভূমিকা অতান্ত গুরুত্বপূর্ণ। এই স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ককে নিয়ে ওঁরা কি করেছিল নানা রকম দুর্নীতি, অপকর্ম, নানা রকম গোলমাল সেখানে সৃষ্টি করে গেছিলেন। পর্যন্ত সেটা একটা ঠুঁটো জগল্লাথে পরিণত করেছিলেন। মামলা করে, আডিমিনিস্ট্রে বসিয়ে এক যুগ কাটিয়ে দিয়েছিলেন। পরবর্তিকালে আমরা সেই সমবায় ব্যাঙ্গকে নির্বাচ্য মাধ্যমে কমিটি তৈরি করি সুষ্ঠু পরিচালন ব্যবস্থার মধ্যে নিয়ে এসেছি। যাঁরা সেখ নির্বাচিত হয়ে এসেছেন তাঁরা বামফ্রন্ট সরকারের সাহায্যে সেই ব্যাঙ্কে এমন একটা জায়গ উন্নীত করেছেন যা ওঁরা কল্পনাও করতে পারবেন না। গোটা ভারতবর্ষের সমবায় আন্দোলনে ক্ষেত্রে সেই ব্যাঙ্ক আজকে একটা দৃষ্টান্ত। অতাতে যে ব্যাঙ্ক কোটি কোটি টাকা লোকস দিত, তৎকালীন ভাইরেকট্ররা প্রতি মাসে <sup>শু</sup>.এ.ডি.এ. বাবদ লক্ষ টাকা খরচ করত সেখা আজকে সেসব বন্ধ হয়েছে, লোকসান বন্ধ হয়েছে এবং যোগ্য ও সঠিক পরিচালনার মং দিয়ে বিরাট দৃষ্টান্তমূলক অ্যামাউন্ট, ৭ কোটি টাকার বেশি মুনাফা অর্জন করেছে। ডিভিডেং দিচ্ছে, এমপ্লয়িদের পুরস্কৃত করছে। অতীতে আমাদের বিরোধী দলের যে সমস্ত <sup>লোকের</sup> সেখানে ডাইরেক্টর ছিলেন তাঁদেরও সম্মান জানাচ্ছে, সম্বর্ধনা দিচ্ছে। এই হচ্ছে <sup>বাযুক্ত</sup> সরকারের আমলে স্টেট সমবায় ব্যা**ক্ষের ভূমিকা। এরপরও** কি ওঁরা বলবেন যে <sup>বাফুর্ট</sup> সরকারের আমলে সমবায় আন্দোলনের **কিছু হচ্ছে না? আমরা দেখে**ছি ওঁরা সমবা<sup>য়েকে</sup> সামনে রেখে পিছন দিয়ে সমস্ত টাকা আত্মস্মাৎ করতেন। ওঁদের সময়ে সাধারণ মান্<sup>যুদ্ধে</sup> সমবায় সমিতির সদস্য হবার সুযোগ ছিল না। আজকে সদস্যপদ সর্বজনীন করা <sup>হয়েছে।</sup> গরিব কৃষক, ক্ষেতমজুর, বর্গাদারদের হাতে সব সময় টাকা থাকে না, তারা শে<sup>য়ার কিনতে</sup> পারে না, সমবায়ের মেম্বার হ'তে পারেননা। তবুও তাঁরা আজকে বিভিন্ন সমবায় সমি<sup>তির</sup> সদস্য হচ্ছেন। অতীতে ঐ সমস্ত মানুষদের সমবায় সমিতির মেম্বার হবার প্রশই উঠত না কারণ সমবায় সমিতি গুলোকে সে সময়ে মৃষ্টিমেয় মানুষ গোষ্ঠিবদ্ধ করে পারিবারিক সমবায় সমিতিতে পরিণত করে রেখেছিল।

1-50-3-00 p.m.]

মবামের যাঁরা নেতৃত্ব দিতেন তাঁরা পারিবারিক সংগঠনে পরিণত করেছিলেন। কিন্তু সরকারের আমলে সেটার পরিবর্তন হয়েছে। আজকে সকলে সমবায় সামিতির ক্রেন। সমিতিতে যে অর্থনীতির ব্যবস্থা আছে, যে সুযোগ আছে তা তারা কাজে <sub>চান</sub> এবং নি**জেদের বাঁচাবার ক্ষেত্রে সু**যোগ পেতে চান। তাই সদস্য হবার জন্য আগ্রহ দেখা যাচ্ছে। বামফ্রন্ট সরকার সেইভাবে লক্ষ্য রেখে তাদের মেশ্বার হবার ণ্যার মানি যোগান দিচ্ছে। বর্গাদার চাষী এবং পাট্টা হোল্ডার তাদেরকে মেম্বার ক্রনা ৫০ টাকা শেয়ার বাবদ দেওয়া হচ্ছে এবং তারা সমিতির মেম্বার হচ্ছে। তারা াবায় সমিতি থেকে ঋণ নিচ্ছেন এবং ছোট-ছোট শিল্পীরাও ঋণ নিচ্ছেন। এর মধ্য ারা তাদের জীবিকা নির্বাহের পথ দেখে নিচ্ছেন এবং এইভাবে তারা জীবিকা নির্বাহ াঁচে আছে। কিন্তু কংগ্রেসি আমলে তো অনেক বেশি সুযোগ ছিল। তারা এইদিকটা চিন্তা করেনি। অর্থনৈতিক সঙ্কট আজকে ভারতবর্ষে যা সৃষ্টি হয়েছে ওদের আমলে ্রতটা ছিল না। অনেক সুযোগ ছিল যদি ওরা সৎ উদ্দেশ্য নিয়ে, দায়িত্ব বোধ নিয়ে । জনা কাজ করতেন তাহলে ভারতবর্ষের চেহারা পাল্টে যেত, গ্রামের চেহারা অন্য ্য়ে যেত। তাহলে আমাদের এত কষ্ট স্বীকার করতে হতো না, এতে আরো বাড়িয়ে য়তে পারতাম। তাই বলছি, বড় বড় কথা বলে কিছু হবে না, কাজ করে দেখিয়ে য়ে, জনকল্যাণমূলক কাজ করতে হয়। তাই বলছি, সেই সমস্ত কাজ ওরা করেনি। ় বামফ্রন্টসরকারের সাহায্য নিয়ে সমবায় সমিতিগুলির উন্নতি করে যাওয়া হচ্ছে। নি সদস্য গতবারে ৫৮ **হা**জার হয়েছে এবং সব মিলিয়ে এটা এখন ১২ লক্ষের মতন পর্যন্ত সদস্য হয়েছে। সামনের বছর আরো এইভাবে শেয়ার ৫০ টাকা করে দিয়ে হবার জন্য বরান্দ করা হয়েছে। সামনের বছর আরো ২ হাজার সর্বজনীন সদস্য সুযোগ পারেন। কিন্তু আপনারা কোনওদিনও তা করেননি। শুধু তাই নয়, কৃষি ঋণ যটা দেওয়া হয়েছে সেটা সর্বকালের মধ্যে সর্বাধিক ঋণ দেওয়া হয়েছে। মাননীয় ক্ষ মহাশয়, ১৯৯৩ সালের জানুয়ারি পর্যন্ত ১০০ কোটি টাকা ঋণ দান করা হয়েছে। র্বকালের মধ্যে সর্বাধিক। এই খোঁজ-খবর কংগ্রেসিরা কি রাখেন? অবশা রাখবেই বা করে? ওখানে গেলে তো আর মধু লুটতে পারবে না। জনকল্যাণমূলক কাজ যে সেটা আজকে মানুষ জানতে পেরেছে এবং তারা তা কাজে লাগাচ্ছে। শুধু তাই নয়, <sup>াধ্যে</sup> ৫০ কোটি **টাকা বকেয়া ঋণ আগে** যা ছিল তা আদায় হয়েছে। বকেয়া ছিল ় বেশি। গতবারে যে আদায়ের হার ছিল ২৩ পারসেন্ট এখন সেই আদায়ের হার ২৮ পারসেন্ট। এটা নিঃসন্দেহে একটা উল্লেখযোগ্য দিক। বিরোধীদলের বন্ধুরা যাঁরা কের সিটে বসেন তাঁরা কিন্তু ঋণ আদায়ের ক্ষেত্রে কোনও উৎসাহ দেখাতেন না। যে গরিব মানুষরা ঋণ নেয় তাঁরা যাতে ফেরৎ না দেয় তারজন্য ডিসকারেজ করেন। আজ মানুষ সমবায় সমিতিগুলিকে বাঁচিয়ে রাখার জন্য সাহায্যকারি শক্তিশালী সংগঠন র তাঁরা বুঝেছেন, তাই তাঁরা ঋণ পরিশোধ করছেন এবং এই ঋণ পরিশোধের স্লটেজ বাড়ছে এবং **দাদনও বাড়ছে। কুন্তু**রিরা**শ্রু** ঝরিয়ে গেলেন, এই রকম দেখা যায়

না, অবশ্য এটা ঠিকই কুম্ভীরাশ্রু ছাড়া সত্যিকার দরদ, সত্যিকার ব্যথা, মানুষের <sub>অস</sub> বন্ধ করবার ক্ষমতা আপনাদের নেই। থাকলে আজকে ওখানে যেতেন না। বামফ্রন্ট <sub>সরও</sub> প্রথম, সমবায়ের প্রাথমিক সমিতির কর্মচারিদের পে-স্কেল তৈরি করার সম্পর্কে ১৯৮১ সালে চিন্তা করেছিলেন। সেই কমিটি যখন পে-স্কেল নিয়ে আলোচনা করেন তথন <sub>আ</sub> রাজ্যে কি আছে, না আছে দেখবার জন্য বিভিন্ন রাজ্যে যান। আমি অত্যন্ত বিনয়ের : বলছি আমিও সেই কমিটির সদস্য ছিলাম এবং মাননীয় নির্মল বোস মহাশ্যও স ছিলেন। আমরা গিয়ে দেখেছিলাম কোনও রাজ্যে ব্যবস্থা নেই। আজকে বলা হয় <sub>আফা</sub> এ রাজ্যে সমবায় আন্দোলন দুর্বল অন্যান্য রাজ্যে বেশ ভাল অবস্থা। যারা নিজ জিনিসের মূল্যায়ন না করে অন্য জায়গায় জিনিসের প্রতি নজর দেন তাঁরা আর বঝবেন। অন্য কোনও রাজ্যে পে-স্কেল নেই, সেখানে কিছুই নেই। সেখানকার ফ ত্রারও খারাপ। কর্মচারিদের ক্ষেত্রে তখন কমন ক্যাডার হয়েছিল কেন্দ্রীয় সরকার গ্র দিয়েছিলেন যাঁরা ম্যানেজার, প্রাইমারি সোসাইটির পক্ষে ম্যানেজার থাকবেন তাঁদের এর পে-স্কেল দেবার জন্য। কমন ক্রেডিট সোসাইটি করেছিলেন যেটা ৫০ পারসেট ক্রে সরকার বহন করবেন আর রাজ্য সরকার ৫০ পারসেন্ট বহন করবেন। কেন্দ্রীয় <sub>সর</sub> শেষ পর্যন্ত পিছু হটে চলে গেলেন রাজ্যসরকার তাঁর যে প্রতিশ্রুতি ছিল তার খে বিন্দুমাত্র সরে যান নি. তাই তার এই অবস্থা। শুধু এ ক্ষেত্রে নয়, এই রকম অনেক ক্ষে কেন্দ্রীয় সরকার পিছিয়ে গেছেন। সুদ ছাড় দেবার কথা যেটা ছিল, গরিব কৃষকদের ভ তার জন্য কিছু রেমিশন দেবেন শেষ পর্যন্ত কেন্দ্রীয় সরকার তাও প্রত্যাহার করেন। গা কৃষক, বর্গাদার, পাট্রা হোল্ডার ঋন নেবে, তার সুদের একটা অংশ ছাড় দেবে। রের্দ্র সরকার প্রতিশ্রুতি ভঙ্গ করলেন বামফ্রন্ট সরকার গরিব খেটে খাওয়া মানুষকে গাঁচনে জন্য শোষকদের বিরুদ্ধে দাঁড়িয়েছিলেন। এখানে সুদের ছাড়ের কথা বলা হয়েছে তা <sup>ওঁট</sup>ে আমলে কখনও হয় নি। কাজেই এসব ওঁদের নজরে পড়ছে না। এটা সম্পূর্ণ <sup>অবাস্তব কা</sup> যে কর্মচারিদের পে-স্কেল আপনারা জানেন এখানে এসব বলে কোনও লাভ নেই মাননী সমবায় মন্ত্রী কিছুদিন আগে রেডিও, টি.ভি., ঐসব জায়গায় একই কথা বলেছিলেন। সম্ম সমিতির ৪০ পারসেন্ট এবং গভর্নমেন্ট ৬০ পারসেন্ট সমবায়কে সংগ্রহ করতে হবে। <sup>তাদে</sup> গ্রস প্রফিট, প্রস্তাব ছিল সরকার তাদের জন্য স্কেল দিচ্ছে, ম্যানেজার সাবসিডি <sup>দিছে আর</sup> অনেক কিছু দিচ্ছে এটাকে লোভনীয় করতে হবে তার ব্যবস্থা ছিল না। সমবায় <sup>আন্দোৱ্য</sup> ধনতান্ত্রিক অর্থনৈতিক ব্যবস্থা মানুষের বেঁচে থাকার জন্য সমবায় আন্দোলন <sup>ছাড়া রা</sup> কোনও পথ নেই। তাই একে আরও শক্তিশালী করার দরকার। কর্মচারিদের <sup>সাহাজ্যে</sup> ব্যাপারে একটা প্রস্তাব ছিল সেখানে ৬০ পারসেন্ট সমবায় দেবে এবং বাকি ৪০ <sup>পারসে</sup> সরকার দেবে।

সেটা কার্সকর হয়েছে এর থেকে **আনন্দের কথা আর** কি হতে পারে? <sup>এরজ্ঞ</sup> সরকারকে ধন্যবাদ দেওয়া উচিত। এরজন্য **আমি সমস্ত সমব্রায় আন্দোলনে**র প<sup>রু (ধর্মে</sup> ধন্যবাদ জানাচ্ছি যে, সরকার এইরকন এক**টা গুরুত্বপূর্ণ দায়িত্ব গ্রহণ** করেছেন। <sup>এরফ্রে</sup> সমস্ত সমবায় আন্দোলন শক্তিশালী হবে এবং গরিব মানুষের স্বার্থে কাজটা স্ঠিকভাবে য়িত হবে। আজকে এটাই সবচেয়ে বড় কথা।

[3-00-3-10 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আর একটি ঘটনার কথা এখানে তুলে ধরতে । সমবায় সমিতির সদস্যদের প্রাথমিক কৃষি ঋণদান সমিতি থেকে ঋণদানের স্বার্থে তিগুলিকে শক্তিশালী করবার জন্য সপ্তম পরিকল্পনাকালে কেন্দ্রীয় সরকার একটা টাস্কফোর্স াকরে কাজ শুরু করেছিলেন এবং ৬,৬০০-র মধ্যে ২০০০ টি প্রাথমিক সমবায় সমিতি র্নির্বাচিত করা হয়েছিল। কিন্তু পরে কেন্দ্রীয় সরকার ঐ প্রকল্পে আর্থিক দায় বহন ত অস্বীকৃত হন। যেখানে কেন্দ্রীয় সরকার সমবায়ের প্রতি এইরকম ব্যবহার করছেন 🖟 এখানে বিরোধী দলের সদস্যরা সমবায় সমবায় বলে চিৎকার করছেন! কেন্দ্রীয় । রুলর টাস্কফোর্স গঠন করেছিলেন একে শক্তিশালী করবার জন্য, কিন্তু পরবর্তীকালে । ম্থান থেকে তারা সরে দাঁড়ালেন। কিন্তু বামফ্রন্ট সরকার জনসাধারণের কাহে দায়বদ্ধ। েটে খাওয়া গরিব মানুষের স্বার্থ দেখাই হচ্ছে বামক্রন্ট সরকারের কাজ। সেজনা তাঁরা রে যেতে পারেন না। এবং তারই জনা বামফ্রন্ট সরকার বারবার নির্বাচিত হয়ে ক্ষমতায় সিছেন। এই প্রকল্প চালান খুবই কঠিন, খুবই ব্যয়সাধ্য। তবুও সীমিত আর্থিক ক্ষমতা ্য়েও এই সরকার এইরকম স্ক্রিম গ্রহণ, করে চলেছেন। ইতিমধ্যে ৪২২টি সমিতিকে এই চরের আওতায় আনা হয়েছে এবং প্রতি বছরই এর সংখ্যা বাড়বে। ধীরে ধীরে অন্য মতিগুলিকেও এর আওতায় আনা হবে। তবে এটা বলা দরকার, কেন্দ্রীয় সরকার যদি ংবাপারে সাহায্য করতেন তাহলে সমবায় আন্দোলন আরও শক্তিশালী হত এবং উপকার ্যজনসাধারণের দারিদ্র দূরীকরণের ক্ষেত্রে। ন্যাবার্ডের বিরোধিতা সত্ত্বেও রাজ্য সরকার বায় ঋণ পরিশোধের ক্ষেত্রে ২ কোটি ৭৫ লক্ষ টাকা ছেড়ে দিয়েছেন, সুদ ছাড় দিয়েছেন। ট্রাক্টরদের নাম পরিবর্তন হয়েছে এখন। ওরা দীর্ঘমেয়াদি ঋণ দিয়ে থাকেন ট্রাক্টর, <sup>ওরার টিলার</sup> কেনার জন্য। ইতিমধ্যে তারা কিছু ঋণ দানও করেছেন। এটা অভিনন্দনযোগ্য। পনারা জানেন যে অন্যান্য যেসমস্ত ঋণদান ব্যবস্থা আছে সেখান থেকে ঋণ নেওয়া মর মানুষের সাধ্য ছিলনা। সে জন্য এই ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাঙ্ক চালু করার পরিকল্পনা <sup>9রা</sup> হয়েছে। সেজন্য আমরা গ্রামের মানুষের পক্ষ থেকে ধন্যবাদ জানাচ্ছি এবং এটা ত ব্যাপক ভাবে হয়, এই সুযোগ যাতে সাধারন মানুষ পায়, সেটা সুনিশ্চিত করে <sup>ারেন</sup>, এই অনুরোধ জানাচ্ছি। আর একটা কথা আমি এখানে বলব। সত্তি৷ কথা বলতে ্ল একথা বলতে হবে যে আজকে পশ্চিমবাংলায় সমবায় আন্দোলন রাছমুক্ত হয়েছে। ী নাহলেও আজকে বেশির ভাগ মানুষ সমবায় জিনিসটা কি সেটা তারা বুঝেছে। আগে <sup>া সমবায়</sup> কথাটা শু*নে*ছে, কিন্তু তাকে কোনওদিন ধরতে পারেনি, জানতে পারেনি। তারা <sup>ারের</sup> কাছে যেতে পার**তো** না। সমবায় বলতে আগে মানুষ বুঝত যে এটা গোস্তির <sup>কেনের</sup> মধ্যে, পরিবারের মধ্যে সীমাবদ্ধ। আজকে সমবায় চারিদিকে ছড়িয়ে পড়েছে। <sup>নকে</sup> মানুষ তাকে নিজের প্রতিষ্ঠান বলে মনে করে এবং সেজন্য লোক এগিয়ে আসছে। । এক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের ভূমিকা কি সে সম্পর্কে আপনি রিপোর্ট দিয়েছেন।

আপনারা জানেন যে কেন্দ্রীয় সরকারের বর্তমান যে বাজেট সেটা ধনিক শ্রেণীর স্বার্থ র করার বাজেট। তারা বিলাসী দ্রব্যের উপরে ট্যাক্স ছাড় দিয়েছেন এবং অপর <sub>দিকে গ</sub> মানুষ যে সব জিনিস ব্যবহার করেন সেই সব জিনিসের উপরে ট্যাক্স বাড়িরেছেন। পশ্চিমবঙ্গ সরকার বিলাসী দ্রব্য যেওলি অবস্থাপন্ন মানুষ ব্যবহার করেন সেওলির 🕏 ট্যাক্স বসিয়েছেন, অপরদিকে গরিব মানুষ যেসব জিনিস ব্যবহার করেন সেই সব জিনিস তান্ত্র নাক্র কমিয়ে দিয়েছেন। এই যে দুটো বিকল্প অর্থনীতি, এটা আমাদের ভাষা হবে। কেন্দ্রীয় সরকার আর একটা বিপর্যয় সৃষ্টি করেছেন সেটা হচ্ছে তাঁত শিল্পে। আমাল এখানে যে অ্যাপেকস বডি বা কর্পোরেশন আছে, রুর্য়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন আছ যে প্রাইমারি সোসাইটি আছে, তারা যে সুতো কেনেন, তার একসাইজ ডিউটির উল্ল ্র একটা সাবসিডি ছিল এবং সেটা তারা বরাবরই পেতেন। এবারে কেন্দ্রীয় সরকার <sub>সৌ</sub> সাবসিডি তলে দিয়েছেন। প্রাইমারী সোসাইটিগুলি যে সাবসিডি পেতেন সেগুনি তন্ত দিয়েছেন। এটা শুধু পশ্চিমবঙ্গে নয়, গোটা ভারতবর্ষে যে কয়েক লক্ষ প্রাইমারি সোমগ্র আছে. তারা এখন থেকে আর কোনও সাবসিডি পাবেন না। এর ফলে তাদের চড়া 👊 সতো কিনতে হবে। তার ফলে পাওয়ার লুম, মিল ইত্যাদির সঙ্গে যদি তাদের কম্পিট্র যেতে হয় তাহলে এই তাঁত শিল্পগুলি দুর্বল হয়ে পড়বে এবং আস্তে আস্তে ভবিষয়ে ধ্বংস হয়ে যাবে। পশ্চিমবঙ্গে যে তাঁত শিল্প দুর্বল ছিল সেটা আজকে পুনঃ প্রতিষ্ঠিত হয়ে চলেছে, নৃতন ভাবে মাথা তুলে দাঁড়িয়েছে, সেই সময়ে কেন্দ্রীয় সরকার প্রাইমার সোমারী ইনডিভিজুয়াল উইভার্সদের যে সুযোগ-সূবিধা ছিল সেটা বন্ধ করে দিছেন। এই হছ কেন্দ্রীয় সরকারের কাজ। কাজেই শুধু বড় বড় কথা বললেই হয়না, সত্যিকারের কাজে মাধ্যমে সেটা প্রমান করতে হয়। সততার সঙ্গে, নিষ্ঠার সঙ্গে গরিব মানুষ, কৃষক, শ্রাক তাদের অবস্থা বুঝে তাদের জন্য কাজ করতে হবে। ধনী, জমিদার, পুঁজিপতি শ্রেনীর স্বা রক্ষা করার জন্য কাজ করলে হবেনা। তা যদি আপনারা করেন তাহলে ভবিষ্যতে <sup>মন্ত্র</sup> আপনাদের নদীর জলে ফেলে দেবে। এই কথা বলে মাননীয় সমবায় মন্ত্রী মহাশয় হে বাজেট বরাদ্দ পেশ করেছেন, তাকে সমর্থন করে. বিরোধীদের সমস্ত কাট মোশনের <sup>বিরোধিত</sup> করে, আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[3-10—3-20 p.m.]

শ্রী প্রবীর ব্যানার্জি ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার সমবায় মন্ত্রী সমর্বর আন্দোলনকে জোরদার করার জন্য যে ৪৪ কোটি ২৭ লক্ষ ৪৮ হাজার টাকার ব্যারবরাক্ষে দাবি পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের আনা কটনোশনওণিও সমর্থন করছি। প্রথমে বলি যে ভারতবর্ষের সমবায় আন্দোলন কেন? যে কথা মহাত্রা গার্টী বলে গিয়েছিলেন যে গ্রামীণ অর্থনৈতিক বুনিয়াদ শক্ত করার জন্য এই সমবায়। অপন্তর কথাই বলছি, আপনি বলেছেন "সমবায় আন্দোলন গ্রামীণ, বিশেষত অর্থনৈতিক ভারে দুর্বলতর অংশের জনগণের জীবনধার। উন্নত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন কর্মেই বাজেট বক্তৃতায় প্রথমে আপনির স্বীকার করেছেন আপনার বাজেট কম। আপনার স্বকারে ঘোষিত নীতির সঙ্গে সঙ্গতি রেখে সরকার বিভিন্ন ক্ষেত্রে যে ভাবে আপনার বাজেট বর্মেক

্<sub>রিণ</sub> করেছেন তাতে ভাল ভাবে পশ্চিমবাংলায় সমবায় আন্দোলন জোরদার করা যায় ্র্যার ব্যক্তেট বরাদ্দ আপনি স্বীকার করেছেন। আপনি সমবায় আন্দোলনকে পরিণত ্<sub>তিন।</sub> করলে খু**শি হত্মম** এবং সমর্থন করতাম। কিন্তু আমরা দেখতে পাচ্ছি অত্যস্ত ভাল ্ন কথা বলে লোককে ভুলিয়ে রাখার চেষ্টা করছেন। সমবায় অত্যন্ত গুরুত্বপূর্ণ দপ্তর। ্ব ভূ আপনাদের অর্থমন্ত্রী অসীম দাসগুপ্ত মহাশয় যে বাজেট বক্তব্য রেখেছেন অবাক হয়ে ্ নে সেই বাজেট বক্তব্যে সমবায় সম্পর্কে একটা কথাও লেখা নেই। ভাল করে বইটা ্রাল দেখা যা**বে বাজেট বক্তব্যে সমবায় সম্পর্কে একটা কথাও** তিনি বলেন নি। আপনারা বলেছেন? আপনি বলেছেন পশ্চিমবাংলায় কো-অপারেটিভ মূভমেণ্ট এগিয়ে চলেছে। s যদি আপনারা দেখেন আমাদের যে অ্যাকচুয়াল বাজেট তার থেকে আমাদের যেটা াবাজেট সেই প্লান বাজেটে কত পেলাম। আপনারা যখন বলেছেন আমরা দিনের পর সমবায় আন্দোলনকে একটা গণ আন্দোলনে পরিণত করব এবং সেটা করতে গেলে শাই বাজেটের **টাকা বাড়াতে হবে। একটু আ**গের থেকে বলি। ১৯৯১-৯২ সালে নীয় অর্থমন্ত্রী যে **প্লান বাজেট পেশ করেছিলেন তাতে** দেখতে পাচ্ছি সমবায়ে দিয়েছিলেন কাটি ৯০ লক্ষ টাকা। এমবার্গো বলে যে একটা লাল ফিতের ফাঁস তৈরি হয়েছিল সেই । ফিতের ফাঁসে **আটকে গিয়ে পেল ৪ কোটি** ৫০ লক্ষ টাকা। ১৯৯১-৯২ সালে যাও দিয়েছিলেন ১৯৯২-৯৩ **সালে এসে সেটা কমে** গেল। যদি সমবায় আন্দোলনকে গণ দালনে পরিণত করতে হয় তাহলে আমরা আশা করব ১৯৯১-৯২ সালে যেটা ৬ <sup>টি</sup> ৯০ লক্ষ টাকা **ছিল সেটা বৃদ্ধি পাবে। ১৯৯২-৯৩ সালে** বরাদ্দ হল ২ কোটি ১১ টাকা। পেল ক**ত? লজ্জার ব্যাপার, মা**ত্র ৩২ লক্ষ টাকা। অর্থাৎ ১৯৯১-৯২ সালে । ধরা ছিল তার থেকে কম পেয়ে দাঁড়ালো সাড়ে ৪ কোটি টাকা আর ১৯৯২-৯৩ া ধরা হলো ২ কোটি ১১ লক্ষ টাকা আর পেল মাত্র ৩২ লক্ষ টাকা। এই হল কো-ারেটিভ মুভমেন্টের নমুনা। এবারে বরাদ্দ করা হয়েছে ২ কোটি টাকা। আপনি নিজেও ন না কত পাবেন। আপনি এটা মনে করে বসে অংছেন যে দিলে ভাল হবে না দিলে ন। বামফ্রন্ট সরকার যে ভাবে চলছে সেই ভাবেই সমবায় দপ্তর চলছে। অথচ আমরা তে পাচ্ছি পুলিশের বাজেট দিনের পর দিন বেড়ে যাচ্ছে। সমবায় কর্মিদের মাইনে য়ে দেবেন বলেছেন। খুব ভাল কথা, এটা হলে ভাল হবে, আমরা এটা সমর্থন করব। নার সমবায় কর্মীদের সঠিক মাইনে কত, আপনার সোর্স অফ ইনকাম কত? আপনার <sup>র এটা বলবেন।</sup> ভার<mark>তবর্ষের অন্যান্য রাজ্যে যেখানে সমবায় আছে সেই সমস্ত রাজ্যে</mark> <sup>ায় কর্মীদের</sup> মাইনে সরকার দেয় না। গুজরাট, মহারাষ্ট্র, তামিলনাডু এই সমস্ত রাজ্যের <sup>াট বরান্দ</sup> যদি দেখে**ন তাহলে দেখনেন কোন**ও রাজ্যেই সমবায় কর্মীদের মাইনে স্টেট মিন্ট দেয় না। আপনি ঘোষনা করে দিলেন সমবায় কর্মীদের মাইনে এখন থেকে <sup>াসরকার</sup> দেবে। <mark>আলটিমেটলি বাড়িয়ে দিলেন। এ</mark>টা বেকারভাতার মতো হয়ে যাবে। নার একচুয়াল বাজেট যেটা আছে, প্লান বাজেটে যেটা ধরা আছে সেই টাকা দিয়ে <sup>াও সম্ভব</sup> নয়। এই স্টান্ট দিয়ে মাইনে বাড়ানোর পর এম্বার্গেরি অজুহাত দিয়ে সেটা <sup>তুলে</sup> নেওয়া হয় **তাহলে আমরা হিসাব করে দেখে**ছি যে টোটাল অনেক টাকা ঘাটতি <sup>। ঘাটতি</sup> হবে ৪০ **কোটি টাকা। বাজেট বরাদ্দ ধরা হয়েছে** ৪৪ কোটি ২৭ লক্ষ ৪৮

হাজার টাকা। এই অবস্থায় এম্বার্গোর কারণে আপনি যদি টাকা না পান তাহলে 📸 দাঁড়াৰে ৪০ কোটি টাকা। এই টাকা যেখানে পাবেন না, সেই অবস্থায় কি কর্ম পশ্চিমবঙ্গ সরকার যুবকদের ভাঁওতা দিয়ে বেকার ভাতা প্রবর্তন করেছিল, পরে 🔏 উইথড় করে নিয়েছিল। এখানে আপনি যেটা করছেন তাতে শেষ পর্যন্ত আপনাকে উঠ্ করতে হবে। কৃষি উন্নয়ন সমিতির ব্যাঙ্ক যেগুলো আছে সেগুলো উঠে যাবে কিনা তা 🙉 দরকার। আন্দোলনে পরিনত করতে গিয়ে বিরাট ভাবে গ্রামে সেই সমস্ত লোক, স্ত্র অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে পড়া শ্রেনী তারা ক্ষতিগ্রস্ত হবে। মন্ত্রী মহাশা<sub>র জান</sub> ব্যাপারে কিছুই করতে পারবেন না। হাউসিং ফেডারেশনকে নিয়ে কাগজে অনেক <sub>শেখার্রা</sub> হয়েছে। সি.আর.ভট্টাচার্য্য সেখানে ছিলেন, তাঁকে সরিয়ে দিলেন কার চাপে? বাফ্টো শরিক দলের ইউনিয়ন সি.আর.টি.ইউ-এর চাপে আপনি তাঁকে তাঁর পদ থেকে সন্থ্য দিলেন। এর ফলে হাউজিং কো-অপারেটিভ, আবাসন পর্যদ কি স্বাভাবিক অবস্থা<sub>র ছিত্</sub> এসেছে? আপনি বলেছেন, 'এই রাজ্যের নিম্ন এবং মাঝারি আয়ের জনসাধারণের আব্যান্তর ক্ষেত্রে সহায়তা করার বিষয়ে পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় হাউসিং ফেডারেশনের একটি ক্র্প্রু ভূমিকা রয়েছে।' এল.আই.সি. এতে টাকা দেয়। এরপর বলেছেন অনিবার্য কারণে ফেজুক্ আশানুরূপ কাজ করতে পারেনি। এই অনিবার্য কারণটি কি? বর্তমান বংসরে ফেডারু আশানুরূপ কাজ করতে পারেনি। অবশ্য আপনি পরে বলেছেন '.......বর্তমানে অংক্ষ উন্নতি ঘটেছে।' এই অনিবার্য কারণ মানে হচ্ছে মন্ত্রীর সর্ক্তে সি.আই.টি.ইউ'-এর अवह অবশেষে তার কাছে আত্মসমর্পণ। বামফ্রন্টের অন্য শরিকদলের মন্ত্রী যাঁরা আছেন গ্রন্থ সি.পি.এম'এর কথা যদি শোনেন তবে ভাল, না শুনলে কমল গুহকে দেখতে পাছি, র্রু পিছনে বসতে হবে। যতীন চক্রবর্ত্তিকে এর আগে তাড়িয়ে দেওয়া হয়েছে। আমি বাঞ্জি ভাবে মন্ত্রী মহাশয়কে জানি, উনি আমার মাস্টার ছিলেন। উনি সৎ লোক, উনি 🧬 করছেন। উনি লড়াই করবেন কার সাথে? সি.আই.টি.ইউ-এর সাথে যদি লড়াই <sup>করেন, র্ফ</sup> সঠিক ভূমিকা নিতে যান তাহলে কমল গুহ বা যতীন চক্রবর্ত্তির মত অবস্থা হবে জি কোঙার মিটিং করে যে কথা বলেছিলেন, তার বিরুদ্ধাচরণ করার কোনও উপায় ছিল 🗐 সেজন্য আপনি তাদের কাছে সারেন্ডার করে সি.আই.টি.ইউ.এর চাপে পড়ে সি.আর.ভট্টা<sup>চার্ক্</sup> সরিয়ে দিয়েছিলেন।

**ঞ্জী সূত্রত মুখার্জি ঃ** স্যার, পয়েন্ট অর্জার। স্যার, হাউসে কোরাম নেই। <sup>আপনি ওন</sup> দেখুন কোরাম নেই।

(এই সময়ে কোরাম বেল বেজে ওঠে)

ভেপুটি স্পিকার ঃ প্রবীর বাবু, কোরাম হয়ে গেছে, আপনি আপনার বক্তবা রাপুন

শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ হাউসিং ফেডারেশনের সভাপতিকে সরিয়ে দিলেন এবং বর্লন্দি অনিবার্য কারণে করা হয় নি, এতে কতটা লাভ হল তাতো দেখলেন না।

এরফলে লোনি মেম্বাররা সাফার করছে অনেকে টাকা পাচ্ছে না। আপনার <sup>সুকো</sup>

# [3-20-3-30 p.m.]

এই লোনি মেম্বারদের টাকা রিয়েলাইজ করতে কী ব্যবস্থা নিয়েছেন? এই ব্যাপারে है वन्तिम मा তার বক্তৃতার মধ্যে এবং এখানে যে ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাঙ্কগুলো ু সেই ব্যাঙ্কগুলোর কাজ কি? সেই ব্যাঙ্কগুলো ভূমি সমস্যার সমাধানের জন্য গৃহহীনদের 🚌 টাকা করে আর্থিক সহায়তা গৃহ নির্মাণের জন্য দিয়েছেন। ল্যান্ড ডেভেলপমেন্ট ্যে লোন দিয়েছে সেই লোন রিয়েলাইজ হচ্ছে কিনা সেটাও তো দেখার দরকার ছ। পাশাপাশি ওই ব্যাক্ষের চেয়ারম্যানরা গাড়ি করে ঘুরে বেড়াচ্ছেন এবং পলিটিক্স ় বিজাচ্ছেন। অথচ এই আর্থিক অবস্থার মধ্যে থেকে লোন দিচ্ছে কিন্তু সেই লোন ্বলাইজ হচ্ছে না। আজকে মহারাষ্ট্র, গুজরাট এবং জামিলনাডুতে কো-অপারেটিভ মুভমেন্ট গ্যাবে এগিয়ে গেছে পশ্চিমবঙ্গে তার কিছুই হয় নি, সেইদিক থেকে ব্যর্থ **হ**য়েছেন। ্রকটি কথা বলি, আমাদের সেন্ট্রাল গভর্নমেন্ট তাঁরা একটা নির্দেশ দিয়েছেন যে প্ল্যানিং মণন একটা মডেল অ্যাক্ট চালু করেছেন। সেই মডেল অ্যাক্ট উড়িষ্যা গভর্নমেন্ট াকসেপ্ট করেছে। এই মডেল অ্যাক্টের দ্বারা কো-অপারেটিভ মুভমে**ন্ট** বা সমবায় র্যতিগুলো যে আন্দোলন তা আরো জোরদার হবে। এই সমবায় সমিতিগুলো বেনামি বায় সংস্থা। আজকে যদি সত্যি সমবায় আন্দোলনকে জোরদার করতে হয় তাহলে িনং কমিশনের দেওয়া মডেল অ্যাক্টের গ্রহণ করুন তাহলে পশ্চিমবঙ্গের সমবায় আন্দোলন লো হবে। এখানে বলেছেন যে আপনার বাজেট বক্তৃতায় যে, প্রাথমিক কৃষি ঋণদান নায় সমিতিগুলোকে আরো শক্তিশালী করতে হবে। তাতে সেন্ট্রাল গর্ভর্নমেন্ট যে টাস্কফোর্স দ্র করেছেন। সেখানে ৬ হাজার ৬০০টি সমবায় সমিতির মধ্যে ২ হাজারটিকে শক্তিশালী রার কথা বলেছেন। এবং এক্ষেত্রে কেন্দ্রীয় সরকার আর্থিক দায় দায়িত্ব নিচ্ছেন না লছেন। কেন্দ্রীয় সরকার কেন দায়িত্ব নেবে? আপনারা কেন্দ্রীয় সরকারের টাকায় পার্টিফান্ডে বহার করবেন এতে পশ্চিমবঙ্গের কোন উন্নয়ন সাধিত হবে? যেখানে আপনার ২ হাজারটি মবায় সমিতি করার কথা সেখানে কোথাও ১০০টি, কোথাও ৮০টি এইরকম করছেন। ইরকম কো-অপারেটিভ গড়লে কখনোই উন্নতি হবে না। সবচেয়ে মজার কথা হচ্ছে যে, াপনার দীর্ঘমেয়াদি ঋণের ক্ষেত্রে আপনার লক্ষ্যমাত্রা ছিল ২১ কোটি টাকা, সেখানে নিয়োগ করলেন ১২ কোটি ২০ লক্ষ টাকা আর আদায় করলেন ৮ কোটি ১৯ লক্ষ ২৭ জার টাকা। অনাদায় রইল ৫ কোটি, এটা রিয়েলাইজ করার ক্ষেত্রে আপনি কি ভূমিকা ন্য়েছেন। ১৯৯০-৯১ সালে আপনার যা লক্ষ্যমাত্রা ছিল ১৭ কোটি টাকা সেইক্ষেত্রে মাপনি বিনিয়োগ করলেন ১৪ কোটি ৭ লক্ষ টাকা। যেখানে আপনি আদায় করলেন ১৭ কাটি টাকা সেক্ষেত্রে আপনি কেন ১৭ কোটি টাকা বিনিয়োগ করলেন না? তাহলে কি <sup>াক্ষে</sup>ত্রে আপনি বলুন আমরা কি ধরব? ১৯৯১-৯২ সালে যা লক্ষ্যমাত্রা ছিল ১৯ কোটি াকা, সেখানে আপনি বিনিয়োগ করলেন ১৫ কোটি টাকা। আপনি বাজেট বক্তৃতায় যেটা লিছেন আপনার কার্যধারার সঙ্গে কিন্তু কোনও মিল খুঁজে পাচ্ছি না। এবং আপনার সমবায় থিরের যে বার্থতা অন ফেডারেশন যে চূড়ান্ত দুর্নীতি চলছে, বেনফেডে যে ব্যাপক ভাবে নীতি চলছে পার্টিবাজি চলছে একটু ভালভাবে কাজ করার ইচ্ছা থাকলে আপনার রুলিং পার্টি আপনাকে কাজ করতে দেবে না। আপনি যদি সত্যিকারের পশ্চিমবাংলায় ম করতে চান তাহলে আপনি মন্ত্রিও ছেড়ে দিন, লড়াই করুন ফাইট করুন, আপনি আমা সমর্থন পাবেন। আপনি সমবায় আন্দোলনকে এগিয়ে নিয়ে যান আপনাকে আমরা সম করব। বনগাঁয় একটা ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাঙ্ক ছিল সেটাকে ভেঙে দিয়েছেন যালগ্ আমার কন্সটিটিউয়েন্সিতে একটা সমবায় সমিতি আছে সেখানে ৫ বছর ধরে ক্লেইলেকশন হচ্ছে না, আমরা তো বলছি নির্বাচন করুন, আমরা হারি হারব, আজকে ৫ ব সেখানে নির্বাচন হচ্ছে না, সরকারি অনুদান পাওয়া যাছে না। এই ভাবে আপনি প্রতিটিক্লে ব্যর্থ হচ্ছেন বলে আপনার বাজেট বক্তৃতাকে সমর্থন করতে পারছি না এবং আমা কটিয়োশনকে সমর্থন করে আমার বক্তব্য এখানেই আজকের মতো শেষ করছি।

দ্রী বীরেন্দ্রকমার মৈত্র ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সমবায়মন্ত্রী যে বারু এখানে উপস্থাপিত করেছেন তাকে সমর্থন করে এবং কাটমোশনগুলির বিরোধিতা ৯ আমি দ-চারটি কথা বলতে চাই। কংগ্রেসের বন্ধরা বললেন যে এতে অর্থমন্ত্রীর উল্লেখ ন আমিও বলছি অর্থমন্ত্রীর এতে উল্লেখ না থাকতে পারে কিন্তু বিজনেস আড্রেট্রা কমিটিতে কংগ্রেসের বন্ধরা আছেন এবং স্পিকার মহোদয়তো ওদের কথা বেশি ক রাখেন কো-অপারেটিভ একটা ডিপার্টমেন্ট গ্রাম স্বরাজ বলে আমরা যা ব্যাতাম একা কংগ্রেস বলে, গ্রামে ৩টি জিনিস থাকবে একটা পঞ্চায়েত, কোঅপারেটিভ সোমটে আ একটা প্রাইমারি স্কল। কোঅপারেটিভ যদি এতটাই মেজর জিনিস হয় কংগ্রেসিরা তরা छ বিজনেস আডভাইসারি কমিটিতে আছেন তারা ৪ ঘন্টা আলোচনা চান না কেন, আমি ম করি কোঅপারেটিভকে যদি গুরুত্ব দেওয়ার দরকার হয়, এতদিন যে গুরুত্ব দেওয়া ফ্রা কংগ্রেস আমলে হয়নি-এখনও হচ্ছে বলে মনে হয়না। আমি মনে করি গ্রামের সম ব্যবস্থায় কোঅপারেটিভই এই দেশকে উন্নত করতে পারে। কিন্তু কোঅপারেটিভকে মালী মন্ত্রী যে ভাবে চালাচ্ছেন, এই ব্যাপারে বলব মাননীয় মন্ত্রীর প্রতি আমার আস্থা আছে আ তাকে ধন্যবাদ জানাচ্ছি, এই আর্থিক সমাজ ব্যবস্থার মধ্যে দিয়ে তিনি যে ভাবে র্ঞার্ড যাবার চেষ্টা করছেন তার জন্য তাকে ধন্যবাদ জানাচ্ছি। আমি আপনাকে ধন্যবাদ জন<sup>ই</sup> ১৬ বছরের যে ব্যাকলগ ছিল ৫৬ জন সি.ডি.ও.কে আপনি প্রমোশন দিয়েছেন, রেজিস্টার্জ কাঁচটাঁচ ভেঙেছে, এটাকে এড়িয়ে যে দিতে পেরেছেন তার জন্য ধন্যবাদ জানাছি। ৮০ <sup>জ</sup> সি.আই.কে. প্রমোশন দিয়েছেন তার জন্য ধন্যবাদ জানাচ্ছি। আমি ওনাকে পরিষ্কার <sup>ভাগে</sup> বলি ডাঃ রায় যখন সমবায় মন্ত্রী তখন আমরা তার সঙ্গে কাজ করেছি।

[3-30-3-40 p.m.]

আজকে ওরা বলছে পশ্চিমবাংলায় সমবায় এগোচেছ না। ডাক্তার রায় বলেছিল আমাদের বাণ্ডালিরা যদি থূথু ফেলেন তাহলে একটা ক্যানেল তৈরি হবে। আমাদের মাননীর্ক সমবায় মন্ত্রী কি করবেন তিনি পুরোনো ব্যক লগ নিয়ে এসেছেন। পুরোনো মাধাতরী প্রশাসন, যারা নিউ সেক্রেটারিয়েটে বসে আছেন তারাই সমবায় আইন করবে। <sup>আগি</sup> সমবায় ছিল ফর দি পিপল, বাই দি পিপল, অফ দি পিপল। আর এখন হয়ে গেছে গ্র

<sub>মর্থায়</sub>জ, অফ দি এমপ্লয়িজ, বাই দি এমপ্লয়িজ। এখন অফিসাররা যা করছে তাতে ্ব এগোতে পারে না। পঞ্চায়েত একটা দলে চলতে পারে, সরকার একটা দল নিয়ে পারে. কিন্তু সমবায় সমিতিতে সমস্ত দলের লোক যদি না থাকে তাহলে চলতে না। আইন বলছে মানুষের থেকে সরকারি কর্মচারিদের ক্ষমতা বেশি। যাই হোক. সের তরফ থেকে বলা হয়েছে মহিলা সমিতির অক্ষমতা প্রকাশ। কিন্তু তাদের তো দ দেওয়া উচিত ছিল ভারতবর্ষের মধ্যে মাত্র আমাদের রাজ্যেই সাতটা মহিলা সমিতি করছে এবং শিঘ্রই আরো দুটো হবে। আর্থ-সামাজিক ক্ষেত্রে সারা দেশের সঙ্গে এ ই যে অবস্থা চলছে তা সাধারণ মানুষের পক্ষে মোটেই সুথকর নয়। রাজ্য সরকারের ্য আর্থিক ক্ষমতা বিভিন্ন ক্ষেত্রে বিশেষ করে অর্থনৈতিক ক্ষেত্রে ঔদাসীন্য, এই প্রেক্ষাপটে র সমবায় মন্ত্রী তার বাজেট পেশ করেছেন। তাই সমবায় মন্ত্রীর এই বাজেটকে সমর্থন ছি। এই কারনে যে বিভিন্ন বাধা-বিপত্তি দূর্নিতি, সমবায় মানসিকতার অভাব—সব সত্তেও রাজ্যে সমবায় আন্দোলন বিগত বৎসরের তুলনায় ১৯৯২-৯৩ তে আন্দোলনের তি হয়েছে এবং ১৯৯৩-৯৪ সালে বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পগুলির সৃষ্ঠ রূপায়ণের ম আরও এই আন্দোলন এগিয়ে যাবে। এর ইঙ্গিতই এই বাজেটের মধ্যে পাচ্ছি। এর মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি ধন্যবাদ জানাচ্ছি। ধন্যবাদ জানাচ্ছি যে প্রত্যেক গৃহহীন কে একলক্ষ টাকা করে দেওয়া হবে তার জন্য। যদিও এটা আমি খবরের কাগজে ছি, যদি কাজে রূপ পাই তাহলে ভালো। তবে মহিলা কো-অপারেটিভের বাই ল া দেখতে পাচ্ছি না। উনি দু হাজারের মতো সদস্যভূক্তি করবেন বলেছেন তার জন্য ধন্যবাদ জানাচ্ছি। এখনো পর্যন্ত ১২ লক্ষ ৬৫ হাজার সদস্য আছে, ওটাকে উনি ১২ ৬৫ হাজার করবেন এর জন্য ওনাকে সমর্থন জানাচ্ছি। সমবায়ের ক্ষেত্রে প্রাথমিক <sup>ায়</sup> সমিতিগুলির শতকরা ৮০ শতাংশ ক্ষুদ্র ও প্রান্তিক চাষী একথাটা মনে রাখতে হবে। <sup>্রা</sup>সের লোকরা অনেক কথা বললেন—এটা হচ্ছে না, ওটা হচ্ছে না ইত্যাদি। কিন্তু াল গভর্নমেন্ট যে ৬ হাজার ৬০০র মধ্যে ২ হাজারকে শক্তিশালী করতে হবে বলেছিলেন সেখানে ওরা কিছু সাহায্য করবেন এবং আমাদের সরকার কিছু দেবেন—এইভাবে বলেছিলেন অর্থাৎ কেন্দ্র ও রাজ্য সরকার যে খরচ বহন করবেন বলেছিলেন সেখানে <sup>রা দেখলাম</sup> যে ওরা পালিয়ে গেলেন। যাইহোক, সেখানে আমরা দেখলাম যে আপনি <sup>।</sup> সমবায় বিভাগ থেকে নিজ প্রচেষ্টাতে ব্যবস্থা নিয়েছেন এবং ৪২২ টাকে সাহায্য <sup>য়া হয়েছে এবং ১৯৯২/৯৩ সালে আরও ১০০ টাকে আর্থিক সাহায্য দেওয়া হবে।</sup> র মনে হয় এটাকে আরো জোরদার করা দরকার এবং এ সম্পর্কে নতুন করে ভাবনা <sup>করা দরকার।</sup> তারপর **ন্যাবার্ড আপন্তি করা সত্ত্বে**ও আপনি যে অনুদান দিচ্ছেন সেজন্য <sup>নাকে</sup> আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। ন্যাবার্ডের আপত্তি সত্ত্বেও যেটা করেছেন এই <sup>মন্ট্রা</sup> জোরদার করার ক্লেত্রে এটা মস্তবড় পদক্ষেপ বলে মনে করি। তারপর মার্কেটিং প্রসেসিং-এর ক্ষেত্রে ১৯৯২/৯৩ **সালের ডিসেম্বর পর্যন্ত** যে ১৪৫ কোটি ২ লক্ষ টাকা চর ৪ লক্ষ ৬৬ হাজার মেঃ টঃ সার বিতরণ করা হয়েছে সেজন্য আমি আপনাকে <sup>মদ জানাছি</sup>। এটা **আ**রো করা দরকার। এরপর আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে বলি ন্দেডেড ফেল করছে কলে মিনারেল কো-অপারেটিভ ঢুকে যাচ্ছে। এটাও একটা

গর্ভনমেন্ট সংস্থা কিন্তু বেনফেডের ব্যাপারটা আপনাকে দেখতে অনুরোধ জানাচ্ছি। <sub>তাং</sub> হিম্মার ও গুদামঘরের ধারণ ক্ষমতা যে বাড়ানো হয়েছে তারজন্য আপনাকে ধন্যবাদ জানা তারপর ক্রেতা সমবায়ে ১৯৯২/৯৩ সালে যে ৩২৫ কোটি টাকার ভোগ্যপণ্য বিতর্জ লক্ষ্যমাত্রা স্থির করেছেন তারজন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। এরপর আমি আর <sub>এই</sub> কথা বলব, আপনি এখানে বলেছেন যে কো-অপারেটিভে পে কমিটির রিপোর্ট চালু কর্ত বিশেষ করে ম্যানেজারদের ক্ষেত্রে। এটা করুন ভাল কথা কিন্তু এই প্রসঙ্গে আমি <sub>টে</sub> বলব সেটা হয়ত একটু বেসুরো লাগবে, আপনাকে শ্রদ্ধা করি, আপনার উপর আস্থা মা তাই বলছি যে এটা কেমন করে করবেন? কত টাকা পেয়েছেন এবার? আপনার ডিগান্নি থেকে যতদূর খবর পেয়েছি তাতে বলতে পারি পরশু গোটা রাত্রি জেগে আপনারা আক্ষা ২ কোটি ১১ লক্ষ টাকা পেয়েছিলেন, ১০ কোটি টাকা বরান্দ হয়েছিল, সেখানে ২ রে টাকার জি.ও. পেয়েছিলেন, গোটা রাত্রি জেগে থেকে ৩২ লক্ষ টাকার মাত্র চেক পেল্লেছ জানিনা টাকাটা উঠবে কিনা, আবার এমবারগো হয়ে যাবে কিনা। এখানে যে ৩৮ র টাকার দায়িত্ব নিতে যাচ্ছেন, বেতন দেবেন, কথাটা শুনতে খারাপ লাগবে, মনে য় সমালোচনা করছি কিন্তু আসলে আমি সমালোচনা করছি না। আমি তখন কংগ্রেসে জি নাগপুর সম্মেলনে বলা হয়েছিল সমস্ত জমিতে কো-অপারেটিভ ফার্মিং হবে, আমি খ্রিন্ন ইন্দিরা গান্ধীকে বলেছিলাম যে এটা হবে না, হতে পারে না, হওয়া সম্ভব নয় য রায়কেও আমি বুঝিয়েছিলাম, এখানে হয়নি। তারপর ডাঃ জয়নাল আবেদিন ফ্র্যুন্ অপারেটিভের মিনিস্টার ছিলেন তখন বলেছিলেন পুলিশ দিয়ে ট্যাক্স আদায় কর্তে আমি সেই সময়ই বলেছিলাম যে তা হবে না, শুধু পেপার ট্রানজাকশন হবে। সেই 🕬 ট্রানজাকশনের ফল আজকেও আমরা ভূগছি। কাজেই গোটা ব্যাপারটা নিয়ে অপন এবং মন্ত্রিসভাকে চিন্তা করতে হবে। এতে কো-অপারেটিভের উন্নতি হচ্ছে না, ৰ্ক্ষতি হ ভাবতে হবে। এই যে ৩৮ লক্ষ টাকার দায়দায়িত্ব নিচ্ছেন এটা কাদের কাছে যারেং 🤉 অপারেটিভ সোসাইটির কাছে যাবে। কো-অপারেটিভে বেতন বাড়াবেন বলজে, <sup>র</sup> অ্যাপয়েন্টমেন্ট দিয়েছেন তাদের সঙ্গে কনসাল্ট করেছেন কি? করেন নি। এই <sup>ট্টাকা রু</sup> দিতে পারলেন না তখন ঐ ম্যানেজাররা এই টাকাটা তুলে নেবে ঐ ঋণ যা <sup>আদায় হ</sup> তা থেকে এবং সেটা তারা পকেটে পুরবে।

[3-40—3-50 p.m.]

সেক্রেটারিকে ঘেরাও করবো। সমস্ত কোঅপারেটিভগুলোর ইরোশন এখন হা আরও হবে, ইরোশন হয়ে এক সময়ে এই কোঅপারেটিভগুলো উঠে যাবে। একবার বে বাড়ালে কমানো যায় না। কিন্তু এই যে মাইনে বাড়াচ্ছেন, কাদের জনা, কিন্তু বাড়াচ্ছেন? আপনারীই বলেন এটা কুক্ষিগত হয়ে কিছু লোকের হাতে ছিল। আমি বা পারি কমিশন করুন, দেখবেন যে সেক্রেটারি আছে বা যে সেক্রেটারি আগে ছিল, ই ভাই, ভাইপো, নয় জামাইকে সেক্রেটারি করে বসিয়ে দেওয়া হয়েছে। আমি জানি অম পার্টির লোক কালকে কালো পতাকা দেখাবে, এই সব কথা আমি এখানে বলছি বা আমি উদাহরণ দিয়ে বলছি, কোতলপুর মোলা বাড়ির সোসাইটিতে সেক্রেটারির ভাইগোঁ

ানেজার হিসাবে বসিয়ে দেওয়া হয়েছে, যে ম্যাট্রিক পাশও নয়। সেই ম্যানেজারকে ১৭ ত টাকা, ১৩ শত টাকা করে মাইনে দিতে হচ্ছে। সুতরাং এটা করলে সমবায় সমিতিগুলোর পর এই চাপ এসে পড়বে এবং তা সামলাতে পারা যাবে না। আমরা আগে যখন ্যার্যারেটিভ করেছি তখন পাঁচসিকা দামের কন্ট্রোলের কাপড় নিজের হাতে বিক্রি করেছি, ধার করে বয়ে নিয়ে এসেছি, তার জন্য এক পয়সাও টি.এ. নিইনি। সেদিন যে আদায় 5. লেন্ডিং ক্ষমতা এত কম ছিল, কিন্তু আদায়ের অবস্থা ভাল ছিল। আমি বেতন <sub>জানোর</sub> বিপক্ষে নই, কিন্তু যোগ্যতা থাকলে দিন। যে ভাবে আজকে কোঅপারেটিভ ছে তাতে আমি মনে করি আগামি দিনে কোঅপারেটিভগুলো উঠে যাবে। আমার কথা <sub>হ</sub> না বেঠিক সেটা পরে আপনারা বুঝতে পারবেন। কালকে কালো পতাকা দেখাবেন র্ম বিরোধী কথা বলছি বলে, কি**ন্ত আ**মি মনে করি ১২ লক্ষ মেম্বারের স্বার্থ আগে না হাজার লোকের **স্বার্থ আগে? আমি এটা বলে যেতে** বাধ্য হলাম। আমাকে এখানে চিয়েছেন সাধারণ মানুষ, এখানে আমাকে নির্বাচিত করে তারা পাঠিয়েছেন, তাদের কথা মাকে বলতেই হবে। সর্বশেষে বলি, উত্তরবঙ্গের প্রতি বঞ্চনা। পাট বেশি হয় উত্তর-দর কুচবিহার এবং মালদহে, কিন্তু আপনি সিলেক্ট করলেন নদীয়া এবং ২৪ প্রগনাকে। ় প্রগনায় আপনার বাড়ি আপনি করতে পারেন। আর একটা কথা বলি, হাউসিং জরেশন সম্পর্কে। আমাকে আপনারা তাড়িয়েছেন। আমি আপনাকে হাত জোড় করে র্নি যে আমাকে মেম্বার করুন, আমাকে নমিনেশন দিন। আমাকে বললেন হাউজিং ডারেশন থেকে রিজাইন করতে হবে কোঅপারেটিভের স্বার্থে, আমি রিজাইন করলাম। ন্তু দেখলাম হাউজিং ফেডারেশন যে তিমিরে ছিল সেই তিমিরেই আছে। আমি আর শ্চ কিছু বলতে চাই না, এই কথা বলে আমার বক্তব্য আমি শেষ করছি।

শ্রী নরেন হাঁসদা ঃ মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, মাননীয় সমবায় মন্ত্রী মহোদয় সমবায় বাজেট পেশ করেছেন তা বাস্তব থেকে অনেক দুরে অবস্থান করছে। ফলে তাঁর জট বিবৃতিটি একটি মুখরোচক বিবৃতি মাত্র। বাস্তবের সঙ্গে এর কোনও সম্পর্ক নেই। ল তাঁর এই বাজেটটি একটি হতাশাব্যাঞ্জক বাজেট। মাননীয় সমবায় মন্ত্রী সরল বাবুর জট শহরের মানুষের কাছে সোজা সরল মনে হলেও গ্রাম বাংলার পিছিয়ে পড়া অনুমত বিদের কাছে সরলবাবু মোটেই সোজা সরল নন, বড়ই কঠিন। মামনীয় সদস্য বীরেন মহাশয় সরলবাবুকে ধন্যবাদ জানালেন। কিন্তু আমি সরল বাবুকে ধন্যবাদ জানাতে ছিনা। কারন আমি তাঁর বাজেট দেখে হতাশ হয়েছি। তিনি কিছু কিছু ক্ষেত্রে ঋণ মকুব র কথা এবং সাবসিডি দেবার কথা ঘোষণা করেছেন। এর জন্য কি তাঁকে সাধারণ বিধাবাদ জানাবেন? আপাত দৃষ্টিতে ধন্যবাদ জানানোর মতো ঘটনা হলেও ঋণ যারা ক্ষালে এবং অনুদান যাঁরা পাবেন তাঁরাই শুধু ধন্যবাদ জানাবেন। স্যার, এই প্রসঙ্গে আমার টা গঙ্গের কথা মনে পড়ে যাছেছ। আমাদের এলাকায় 'পাহাড়ি পূজা' বলে একটা মেলা আমি সেই মেলা দেখতে গিয়েছিলাম। সেখানে আমার ভীষণ খিদে পেয়ে যায়। আমি লক্ষা করি একটা দোকানে একজন দোকানদার চিৎকার করে বলছে, লুচি পার পিস্বাসা সঙ্গে তরকারি ফ্রি। আমার কাছে কোন পয়্যসা ছিল না। আমি ভাবলাম লুচি পার

পিস ৫০ পয়সা হলে হবে কি, তরকারিটা ফ্রি। তা আমি যদি লুচি না খেয়ে 🔑 খাই তাহলে প্রসা লাগবে না। আমি দোকানদারের কাছে গিয়ে তরকারি চটেল সে আমাকে বলল, 'লুচি কিনলে তবেই তরকারি পাওয়া যাবে'। সমবায় মন্ত্রীর য সাবসিভিও ঠিক ঐ রকম। খণ নিলে তরেই সাবসিভি পাওয়া যারে। অর্থাৎ ঐ ্ব<sub>য়ণ প</sub> টাকার মধ্যেই সাবসিডি ধরা আছে। অর্থাৎ সরলবাবুর সাবসিডি ঘোষণার মধ্যে দি পক্ষে মানুযকে বিভ্রান্ত করছেন। এই অবস্থার মধ্যে দিয়ে আমরা দেখিছি গ্রাম পিছিয়ে পড়া মানুষদের উন্নয়নের পথ বন্ধ হয়ে যাচ্ছে এবং তাদের তিনি <sub>আনো</sub> দিচ্ছেন। সারে, যাঁরা অন্ধ, যাঁদের চাকরি যাবার সম্ভাবনা আছে তারাই শুধু এই ন সমর্থন করবেন। আমি অন্ধ নই এবং আমার চাকরি যাবার কোনও সম্ভাবনা <sub>নেই</sub> বাস্তবের সঙ্গে সম্পর্ক যুক্ত তাই আমি এই বাজেটকে সমর্থন করতে <sub>পাবহি</sub> ; বাজেটের মধ্যে উল্লেখ করা হয়েছে, সমবায় মন্ত্রী সার বিতরণের কেন্দ্র খুলফে ২ কথা। প্রশ্ন হচ্ছে, যে সময়ে চাযিদের সারের প্রয়োজন হয় সে সময়ে সমবাহে চাযিদের কাছে সার পৌছয় কি? না পৌছয় না। কখন পৌছয়? ভাদ্র মাসে, আঁদ্ধ তাহলে চাষিরা কি তত দিন অপেক্ষা করে থাকবে? না, কখনই থাকতে পারে না বাজার থেকে, বহুজাতিক সংস্থাগুলোর কাছ থেকে বেশি দাম দিয়ে সাব কিন্তু কীটনশক ওয়ধ কিনতে হয়। সমবায় সমিতির মাধ্যমে সার এবং কাটনাশক হয়ে পৌছয় তখন তা আর চাষিলের কোনও কাজে লাগেনা। ফলে সেওলো প্রর্ণ্ড কালোবাজারে বিক্রি হয়। অর্থাৎ আজকে সার, কীটনাশক, কোনও কিছুই তারা স্ক পাছে না। ফলে কোন অনুদানই তারা পাছে না। এক খ্রেনীর কালোবার্জার সং নিয়ে কালোবাজারি করছে। এটা মাননীয় মন্ত্রী মহাশয়ের জানা দরকার। মান সরলদেব মহাশয়কে আজ জানাতে হরে—সরষের ন্যায়া দাম কি চাধিরা প্রয়েং মাথার ঘাম পায়ে ফেলে উৎপন্ন করল তারা কোন গ্যারান্টি পেয়েছে, নায়া ফুল 🖄

## [3-50-4-00 p.m.]

১৬ বছর বামফ্রন্ট সরকার ক্ষমতায় থাকার পর আজকে চাষিদের এই হল হে আজকে চাষির। থালা, ঘটি-বাটি এবং বউরের গহন। বিক্রি করে খাণ নিরে চাই বর্ত্ত ও তারা উৎপাদিত ফসলের ন্যায়া দাম পাচ্ছে না। সরকার তাদের ন্যায়া দাম দিতে ওটে না। আজকে বাজার কারা নিয়ন্ত্রণ করছে? ধানের দাম, আলুর দাম কি হবে—টে ইই নিয়ন্ত্রণ করছে? ঐ বড়লোকেরা, অস্যাধু মানুষেরা। ফলে হচ্ছে কিং চাষিবা তাদের ক্রি যে নায়ো দাম তা থেকে বঞ্চিত হচ্ছে। আজকে ১৬ বছর রাজত্ব করার পর আক্রাই বাহবা নিতে চাচ্ছেন? আজকে হিমঘর কাদের দখলে আছে? একশ্রেনীর হিন্তি ই মাদতপুষ্ট বেয়াদপ মানুষের দখলে আছে। চাষিরা আলু চাষ করছে। হিমঘরে আল ইইই জনা তাদের বন্ড দরকার। কিন্তু সেই বন্ড বাইরে চলে যাচ্ছে। সিপিএমের ফর্লেই লোকেদের হাতে বন্ড চলে যাচ্ছে। সেই বন্ড চাষিরা মোটা অঙ্কের টাকা দিরে করছে। ফলে চাষিদের কি লাভ হচ্ছে? লাভের শুড় পিপড়ে থেমে নিচ্ছে। অরি স্কর্মির বন্ধনাশ হয়ে যাচ্ছে। হিমঘরে মালিকরা লাভবন হচ্ছে, বেয়াদপ গুডারা লাভকে হন্তি

মার মতো চাষিরা গুড় খেতে পারছে না। ফসল হচ্ছে চাষিদের আর রশিদের মতন দিরো, জ্যোতিবাবুর মদতপুষ্ট লোকেরা খেয়ে নিছে। চাষিরা যেভাবে পিছিয়ে আছে ইভারেই পড়ে থাকছে। এইসব পিছিয়ে পড়া মানুষরা বামফ্রন্ট সরকারের কাছ থেকে কিছু আশা করেছিল। আজকে বলুন তো? দীর্ঘদিনধরে সমবায় সমিতির সাথে যে মারু কর্মচারা যুক্ত তারা এই সরকারের কাছ থেকে কি পেয়েছে? আপনারা বলেছিলেন র্বের দেব, পেরেছেন দিতে? আপনারা বলেছিলেন পে-কমিশনের রিপোর্ট কার্যকর করবেন। ত্তি বাস্তবে আজ পর্যন্ত তা হয়নি এখন তাদের সুইসাইড করতে হছে, হতাশার মধ্যে দিন টাছে। আজকে বামফ্রন্ট সরকার এদের উদ্ধার করবেন কিভাবে? সারা পশ্চিমবাংলার ছিয়ে পড়া মানুষ আজ হতাশাগ্রন্ত, সমবায় সমিতির কর্মচারিরা আজ হতাশাগ্রন্ত, চাষিক্রির পড়া মানুষ বারা মাথার ঘাম পায়ে ফেলে ফসল উৎপাদন করছে তারা আজকে বঞ্চিত ছেন। তাই এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী **ঈদ মহম্মদ ঃ সম**বায় দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় আজকে যে ব্যয়-বরাদ্দের াভেট পেশ করেছেন আমি তাকে সর্বান্তকরণে সমর্থন করে এবং কংগ্রেস দল যে কাট-মান নিয়ে এসেছে তার বিরোধিতা করে আমি সমবায় সম্পর্কে কিছু বলছি। সমবায় মিতি হচ্ছে গ্রামের দুর্বলতর শ্রেনীর আর্থিক প্রতিষ্ঠান। সুতরাং সমবায় আন্দোলনকে তারে। ভোবদার করতে হবে সরকারের ঘোষিত নীতি অনুসারে। আমাদের রাজ্যে পঞ্চায়েত ব্যবস্থা অনুন্নত শ্রেনীর বেঁচে থাকার যেমন একটি প্রতিষ্ঠান হিসাবে স্বীকৃতি পেয়েছে, সারা ভারতার্যে এই আন্দোলন যেভাবে আজকে ছড়িয়ে পড়ছে ঠিক তেমনি সমবায় আন্দোলনকে ব্মফ্রন্ট সরকার সেইভাবে ছড়িয়ে দেবার জন্য, আরো জোরদার করার জন্য এবং গ্রামের ম্ব্রেয়ে অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে পড়া শ্রেনী-সে চাষী হতে পারে, ক্ষেতমজুর হতে পারে, বর্গাদার হতে পারে বা অন্যান্য যেসব সম্প্রদায় আছে যেমন তন্তুজীবী সম্প্রদায়. <sup>মৎসাজী</sup>বী তাদের স্বার্থে সমবায় সমিতিগুলিকে আরো জোরদার করতে হবে। আমরা কংগ্রেস আমলে দেখেছি, এই সব সমবায় সমিতিগুলি নামেমাত্র ছিল। বাস্তবে এর কোনও কার্যকারিতা ছিল না। সাধারণ মানুষের ক্ষেত্রে কোনওদিন কিছু লক্ষ্য করেনি। আমরা <sup>দেখেছি</sup>, অনুন্নত শ্রেনী, পিছিয়ে পড়া মানুষ—সে কৃষকই বলুন, তন্তজীবীই বলুন তারা গ্রামের যারা জোতদার-জমিদার, মহাজন যারা সুদের কারবারি তাদের কাছ থেকে লোন করে, সুদের উপর টাকা নিয়ে তারা চাষবাস এবং কাজকাবেবার করত। চাষ করে যে ফসন <sup>তানা</sup> পেত এবং **তার থেকে উপার্জিত অর্থ তা**রা যা পেত তা <mark>সবই ঐ সব জোত</mark>দার <sup>মহাজনদের</sup> হাতে তুলে দিয়ে খালি হাতে ফিরে আসত। সেদিক থেকে এই সমবায় আন্দোলনকে উপলব্ধি করার দরকার আছে। সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গে সমবায় আন্দোলন বামফ্রন্ট সরকারের আমলে জোরদার হচ্ছে। আমরা দেখেছি গ্রামের বেশিরভাগ <sup>মানুষ</sup> যারা চাষবাস করে তারা এই সমিতির সদস্য হয়েছে। আমরা দেখেছি সমিতির যারা <sup>কর্মচারী ছিলেন</sup> তাঁরা কোনও বেতন পেতেন না। ঐ যে সমবায়গুলি আছে তাদের যা আয় <sup>তার থেকে</sup> সামান্যতম অংশ বেতন বা অনারেরিয়াম হিসাবে পেতেন, ম্যানেজার তাঁদের <sup>৫০/৬০</sup> টাকা দেওয়া হত, ফলে সেই কর্মচারিদের পক্ষে সমিতির কাজ চালানো সম্ভব

হতনা। যে টাকা আয় করতেন ব্যাঙ্ককে জমা পড়ত না, অনেক ক্ষেত্রে সমিতির কর্ম্যুর্ভ সেক্রেটারি প্রেসিডেন্ট ডাইরেকটার বোর্ড থাকত তাঁরা নিয়ে নিতেন। তখন স্বল্প সমিতিত ডিফাংট হয়ে গেল, সরকার ব্যাঙ্কগুলিতে টাকা দিতেন না, ভাগ্যক্রমে ঐ কেন্দ্রে জ সরকার তাঁরা কৃষকদের স্বার্থে ১০ হাজার টাকা লোন মকুবের নীতি গ্রহণ করেছ ডিফলটার যে সামতিগুলি তাঁরা সেই টাকা পাওয়ার ফলে সমিতিগুলি আবার ফ্রান্ করছে। বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার ফলে কর্মচারিদের স্বার্থে কমন ক্যাডার <sub>ফো</sub> ু ১৫০টা দেওয়ার ব্যবস্থা করে। সেই টাকা তারা পাচ্ছে। সেই সরকারের যে অর্থ <sub>অঞ্জি</sub> সঙ্গতি অনুসারে কর্মচারিদের ক্ষেত্রে কোনও সময় ১৫০, কোনও সময় ১০০ কোনও স ৫০ সঙ্গতি অনুসারে কর্মচারিদের দিয়ে থাকেন। এর ফলে কর্মচারিরা নিজেদের গ্র দাঁডাবার চেষ্টা করছেন। বামফ্রন্ট সরকারের অর্থ না থাকার ফলে পে-কমিশনের <sub>রিপে</sub> অন্যায়ী যা দেবার কথা ছিল তা দিতে পারা যায় নি। আনন্দের বিষয় সেই কর্মচারিদ ৪০ পারসেন্ট সরকার দেবেন আর বাকিটা সমবায়ের নিজস্ব আয় থেকে দেওয়া হরে র ভাবে গ্রামীণ সমিতিগুলিকে চাঙ্গা করার জন্য আমরা চেষ্টা করছি। আমরা দেখেছি তন্ত্র সমিতিগুলি একরকম উঠে গিয়েছিল বলা যেতে পারে সমবায়ের মাধ্যমে সূতা পাছে কাপড বনছে, কাপড দিচ্ছে, মজুরি দিছে। আমাদের গ্রামীণ সমবায় সমিতিগুলি জোল করার কথায় মাননীয় শৈলজা বাবু বললেন ৬৬০০টি সমবায়ের মধ্যে ৮৫০টি কো-অপন্তঃ বাড়বে। তিনি একটি জিনিস এড়িয়ে গেছেন যে ট্যাকৃস রাজা সরকার এবং কেন্দ্রী সরকারের সব সমবায়ওলির মধ্যে ২ হাজারটি শক্তিশালী করার কথা ছিল। কার আরু করার সঙ্গে সঙ্গে কেন্দ্রীয় সরকার সরে পডলেন। আর্থিক সঙ্গতি না থাকার ফলে বাফট সরকার এগোতে পারলেন না, সীমিত ক্ষমতার মধ্যেও বামফ্রন্ট সরকার কৃতিত্ব দেখিয়েছে: কেন্দ্রীয় সরকার পিছিয়ে গেলেন। কংগ্রেস দলের পক্ষ থেকে একটু কেন্দ্রীয় সরকারে কাছে সুপারিশ করুন না সমবায় সমিতিগুলিকে শক্তিশালী করার জন্য বামফ্রন্ট সরকার যে প্রচেষ্টা করছেন সেই প্রচেষ্টা থাকবে, কংগ্রেস আমলে অনেক ক্ষেত্রে দেখছি সমিতি কর্যা ব্যাপারে তাঁরা হাইকোর্ট করে রেখে দিয়েছেন।

[4-00--4-10 p.m.]

হাইকোর্ট থাকবার ফলে সমিতিগুলিতে নির্বাচন হচ্ছে না। ফলে সমিতিগুলি মার থাচ্ছে। এখনও সেগুলো কংগ্রেসের নীতিতেই চলছে, নতুন নীতি গ্রহণ করা হয়নি। কার্মেই আজকে সমবায় সমিতিগুলিতে জন প্রতিনিধিদের নিয়ে কমিটি করা যায় কিনা ভাবতে হবে। এটা করতে পারলে কো-অপারেটিভ আন্দোলন জোরদার হবে এবং তারা ভুলগ্রাজ্ঞী ধরতে পারবেন। আমরা দেখতে পাচ্ছি কৃষকরা তাদের উৎপাদিত ফসলের ন্যায়া দাম পাচ্ছেন না। জুট কর্পোরেশ্রন অফ ইন্ডিয়া, তারাও দেখছি ঠিকমতো পাট কিনছেন না এবং পাটের সহায়ক মূল্যও নির্ধারণ করতে পারছেন না। ফলে ফড়েদের কাছে জলের দামে পাট বিক্রি করতে বাধ্য হচ্ছেন। তাই কো-অপারেটিভের মাধ্যমে আজকে চাষিদের কাছ থেকে ফলল কেনার ব্যবস্থা করতে হবে। সমবায়ের মাধ্যমে আজকে চাষিদের কাছ থেকে ফল

রবিস্থা করতে হবে। সমবায়ের মাধ্যমে আজকে যদি সার এবং চাষের সরঞ্জাম দর কাছে কন্ট্রোল রেটে পৌছে দেওয়া যায় তাহলে তারা উপকৃত হবেন, যেমনভাবে বিদের কাছে সূতো পৌছে দেওয়া হচ্ছে। আমরা দেখছি, যেসব লেবার কো-অপারেটিভ সেখানে নানাপ্রকার বাধ্যবাধকতা রয়েছে। সেখানে অনেক ক্ষেত্রেই রেজিস্ট্রেশনের দেওয়া হলেও রেজিস্ট্রেশন দেওয়া হচ্ছে না। আমার কাছে সংবাদ আছে, জলপাইগুড়ি র মাদারিহাটের বসুন্ধারা কো-অপারেটিভ। তারা দীর্ঘদিন হল রেজিস্ট্রেশনের জন্য ভ করেছেন এবং সমস্ত রকম টার্মস অ্যান্ড কন্ডিশন ফুলফিল করেছেন, কিন্তু রেজিস্ট্রেশন না। একইভাবে এইরকম বহু সমবায়কে রেজিস্ট্রেশন দেওয়া হচ্ছে না। এই বিষয়ে দিতে হবে। .....

# ( এই সময় মাইক অফ হয়ে যায়)

খ্রী প্রবোধচন্দ্র পুরকায়েত ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সমবায় মন্ত্রী ৪৪ কোটি ২৭ ৪৮ হাজার টাকার যে বরান্দ উপস্থাপন করেছেন, আমি এই বরান্দ দাবির ব্যাপারে কটি কথা বলতে চাই। সমবায় আন্দোলনকে আমাদের পশ্চিমবঙ্গে যেভাবে গুরুত্ব গুরে দেখবার কথা এবং এই আন্দোলন বিস্তৃতি লাভ করবার কথা ছিল সে্টা বিগত . 📂 সরকারের আমলে সেইভাবে বিস্তৃতি লাভ করেনি। একথা ঠিক যে, গ্রামীণ মীতিতে কো-অপারেটিভের ভূমিকা গুরুত্বপূর্ণ। আমাদের ভারতবর্ষে কো-অপারেটিভ দালন গড়ে উঠেছিল কৃষকদের মহাজনদের কবল থেকে অব্যহতি দেবার জনা। কিন্তু হুদ্রে আমরা দেখেছি, যে সমস্ত সমবায় সমিতি গড়ে উঠেছে সেগুলো এতকাল পর্যন্ত াণ মহাজন, প্রভাবশালী ব্যক্তি এবং ধনী চাষিদের কুক্ষিগত ছিল। বামফ্রন্ট সরকার ত্য়ে আসার পরে সমবায় আইনের কিছু কিছু সংশোধন করার পরে এখন যে সমবায় তিওলি গড়ে উঠেছে, সেই সমবায় সমিতিগুলি কিছু কিছু ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা া করেছে। কিন্তু আমরা জানি যে বহু ক্ষেত্রে এই সমবায় সমিতিগুলি অকার্যকর অবস্থায় 🗦 আছে। এই সমবায় সমিতিগুলি বেশির ভাগ কাগজে-কলমে আছে, কিন্তু এর যে শা. সমবায় সমিতিগুলির মাধ্যমে গরিব মানুষকে, ক্ষেতমজুরকে, পাট্টাদারকে সাহায্য ার কথা, সেই ভাবে এই সমবায় সমিতিগুলি তার ভূমিকা পালন করতে পারছেনা। <sup>দার</sup> ভাগ জায়গায় ডিফাংক্**ট অবস্থায় পড়ে** আছে। বিগত কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্ত যার্গ্রী সমবায় সমিতিগুলির মাধ্যমে যে ঋণ দেওয়া হয়েছিল, সেই ঋণ মকুব করার যে নিত, সেই সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে যে সমস্ত সমবায় সমিতি ডিফাংক্ট ছিল, তাদের ঋণ ুর পরে সেই সমিতিগুলির প্রাণ সঞ্চারিত হয়েছে। এই সমবায় সমিতিগুলি যাতে ঠিক টে নির্বাচন করা হয় এবং সেই নির্বাচন যাতে গণতান্ত্রিক পদ্ধতিতে হয় এবং সমবায় <sup>মতিওলি</sup> পরিচালনার দায়িত্ব যাতে সাধারণ মানুষের মধ্যে থেকে নেওয়া হয়, সেদিকে প্রনি লক্ষ্য রাথবেন। আপনি বলেছেন যে সমবায় সমিতিগুলির সদস্য সংখ্যা বৃদ্ধি করার ট্টা নিয়েছেন। সেই প্রচেষ্টায় যে সমবায় সমিতিগুলি চলছে তাতে আমরা দেখছি যে ্র কাপড় ইত্যাদি ব্যবসার ক্ষেত্রে ঠিকমতো হচ্ছে না, সেখানে প্রচন্ড দুর্নীতি চলছে। মরা দেখেছি বাজারে যে দামে সার বিক্রয় হচ্ছে, আর সমবায় সমিতি যে দামে সার

সরবরাহ করছে সেটা দামেও বেশি এবং মাপেও সঠিক থাকেনা। আমরা <sub>অনুসরা</sub> দেখেছি এবং কো-অপারেটিভ যারা চালান তাদের সঙ্গে কথা বলে জেনেছি যে স্ব সার সরবরাহ করার কথা তারা ঠিক সময় মতো সার সরবরাহ করেনা। তার ফ্র জায়গা থেকে সার কিনে তাদের কৃষকদের কাছে বিক্রয় করতে হয়। এর ফ্<sub>লে</sub>, সংস্থা সার সরবরাহ করে সেখানেও একটা দুর্নীতি চলছে। কাজেই এগুলির <sub>দিকে</sub> মন্ত্রী মহাশয়কে নজর দিতে বলব। আর একটা কথা বলব। ভূমি উন্নয়ন যে ব্যা<sub>ই, ও</sub> একটা দুর্নীতি কাজ করছে। এখানে কিছু ব্যক্তি আছে যারা এই দুর্নীতিকে <sub>আহা</sub> সাধারণ গ্রামের চাষি, বর্গাদার, প্রাস্তিক চাষি, এদের ঋণ দেবার নাম করে নান ঠকাচেছ এবং তাদের কাছ থেকে টাকা নিয়ে ঋণ পাইয়ে দিচেছ এবং এই ্বাণ গ্র ক্ষেত্রে একটা দীর্ঘ পদ্ধতির মাধ্যমে তাদের যেতে হয়। তার ফলে যে উদ্দেশ্য নিয় ্ ভূমি উন্নয়ন ব্যাঙ্ক গঠিত হয়েছে সেটা সাধিত হচ্ছে না। তার কারণ এর ফলে তারা ্ ঋণ পরিশোধ করতে পারছেনা, বহুক্ষেত্রে অনাদায়ি পড়ে থাকছে। কাজেই এই রি আপনি আশা করি দৃষ্টি দেবেন এবং ভূমি উন্নয়ন ব্যাক্কের মাধ্যমে যাতে কৃষকরা 🤯 হতে পারে সেটা দেখবেন। আর একটা কথা বলেছেন যে পে কমিশনের রিপোর্ট জন কর্মীদের, ঋণ দান সমবায় সমিতির ম্যানেজার যারা আছেন, তারা যাতে আগামিদির র পরিমাণে সরকারি অর্থ পায় তার জন্য আপনি ব্যবস্থা করছেন। এই বিষয়টা দীর্ঘদ্দি ঝুলে ছিল এবং এটা সম্বন্ধে আমরা জানি বামফ্রন্ট সরকারের প্রধান শরিক এটাতে : দিয়েছিল। যাইহোক, মন্ত্রী মহাশয় উদ্যোগ নিয়েছেন, যারা সমবায়ে আছেন তাদের আর্গ্লার্ফ এই পে কমিশনের সুপারিশ অনুযায়ী অর্থ দেবার জন্য ব্যবস্থা করছেন।

[4-40-4-20 p.m.]

অপরদিকে তিনি বলেছেন আবাসন সমবায়ের ব্যাপারে। এই ব্যাপারে গ্রচন্ত দুনী আছে। মাননীয় সদস্য বীরেনবাবু তিনিও এই ব্যাপারে বলেছেন। তিনি আবাসন সমবা সদস্য হিসাবে মনোনীত হয়েছেন, তিনি তাঁর অভিজ্ঞতা দিয়ে বলেছেন। এটা সব্য আশ্চর্যের বিষয়। মাননীয় মন্ত্রীর উদ্যোগ আছে, প্রচেষ্টা আছে, তিনি কর্মোদ্যোগি, ভি চেষ্টা করছেন। কিন্তু সমবায়ের মধ্যে রক্ত্রে রক্ত্রে দুর্নীতি চুকে আছে। এই দুর্নীতি বন্ধ কর্জ তা না হলে সমবায় যে উদ্দেশ্য নিয়ে গঠিত হয়েছে পশ্চিমবাংলার বুকে সেই উদ্প্র সাধিত হবে না। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ কর্ছি।

শ্রী শুভেন্দু টৌধুরি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সমবায় মন্ত্রী ১৯৯৬৯ সালের জন্য যে ব্যায় বরাদের দাবি পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করিছি। বির্ন্তেপক্ষ থেকে যে কাট মোশন এনেছেন তার বিরোধিতা করছি। ওনারা কাট মোশন <sup>প্রেচ</sup> এনেছেন সেই বিষয়ে মাননীয় মন্ত্রী উত্তর দেবেন। তথাপিও আমি বলতে চাই ওনরা রকাট মোশন এনেছেন সেটা দেখলে বোঝা যাবে সমবায় সম্পর্কে তাঁদের অভিজ্ঞতা নি ওনাদের সম্পর্কে বলতে গিয়ে বলতে হল জেসাস ক্রাইন্টের মতো যে দে ভূ নট নি হোয়াট দে আর সেইং। ওনারা কিছু জানেন না কি সম্পর্কে কি বলেছেন। এখানে শ্লেজ্বর্ম

ন্নীপুরের সমবায় আন্দোলন সম্পর্কে বললেন। কিন্তু ওনার জায়গায় কটা সেন্ট্রাল কো-ারেটিভ ব্যাঙ্ক আছে উনি জানেন না। উনি বলেছেন ৩ টি আছে কিন্তু ৪টি। উনি ্তিন বাজেট বরাদ্দ কমে গিয়েছে, এটা নিয়ে ওনার খুব মাথাব্যাথা ওনার সম্পর্কে বেশি া বলছি না, শুধু একটা কথা বলতে চাই সেটা হল উনি যখন মেদিনীপুরের কো-👖 🖟 🖟 🖟 নিয়ে বলছেন তখন যদি ওখানকার দুর্ণীতির কথা বলতেন তাহলে ভাল হত। ্লিনীপুরে ইছাবনি মারকেটিং সোসাইটিতে চালে জল ঢুকিয়ে দিয়ে তাঁদের সমস্ত বোর্ড । ভিরেক্টারসরা পালিয়ে গিয়ে বেঁচে ছিলেন। এই কথাটা তিনি যদি বলতেন তাহলে , হত। প্রবীরবাবু অসীমবাবুর সম্পর্কে যেটা বলেছেন সেটা অসীমবাবু বলেন নি। গত হু দিন বলা হয়েছে নন-ব্যাক্ষিং ফাংশানিং সম্পর্কে। তিনি বলেছেন যে, ইভিন পিয়ারলেস দার্ক তিনি বলেছেন যে, সমস্ত নন-ব্যাঙ্কিংগুলির লাইসেন্স রিজার্ভ ব্যাঙ্ক দেয়. এই <sub>এর সমস্ত</sub> লাইসেন্স সাসপেন্ড করতে বলেছেন। রাজ্যের নিজস্ব ব্যাঙ্ক করার কথা. কিন্তু B বাান্ক এখনও করা সম্ভব হয় নি বলে স্টেট কো-অপারেটিভ ব্যান্ক এবং সেম্ট্রাল কো-গারেটিভ ব্যাঙ্ক রাজ্যের ব্যাঙ্ক হিসাবে ফাংশানিং করছে। স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কই ে ভবিষাতে স্টেট গভর্নমেন্ট ব্যাঙ্ক। সি.সি.বি. ফাংশানিং করছে বিভিন্ন জায়গায়। আপনারা ন্দ্র যে গ্রন্তর্নমেন্টের যে বিজনেস ডেভেলপমেন্ট প্রোগ্রাম আছে সেটা বিভিন্ন প্রাথমিক র্টিতে কনজিউমার কো-অপারেটিভ সোসাইটি হিসাবে কাজ করছে। প্রবীরবাবু সমবায় র্মদের মাইনে দেবার ব্যাপারে বলেছেন যে সরকারের সমস্ত টাকা নাকি পার্টি ফান্ডে চলে র সমবায় কর্মিদের মাইনের ব্যাপারে কোনও স্কেল ছিল না, এবারে সেই স্কেলের ছো করা হয়েছে। সমবায় মন্ত্রী আগে ঘোষণা করেছিলেন যে ৪০ পারসেন্ট সরকার ে বাকি তারা কালেকশন করবে ১উনি বলে চলে গেলেন যে এই ৪০ পারসেন্ট টাকা ন দিতে পারছেন না? কেন তিনি জানেন না? আমাদের ৭১ কোটি টাকা সেন্ট্রাল র্লমেন্ট মেরে দিয়েছে। আপনারা সমবায়ে কি করেছেন? আগে আপনারা যখন ক্ষমতায় নেন তথন সমবায়কে ঠুটো জগন্নাথ করে রেখেছিলেন। পঞ্চায়েতকে যে ভাবে রেখেছিলেন, বায়কে ঠিক সেই অবস্থায় রেখেছিলেন। তখন সমবায় ছিল কতকগুলো বাস্তব্যুবুর জ্ঞাখানা। গাঁরের মোড়ল মাতবুররা সমবায়ের ফল ভোগ করত। মন্ত্রী মহাশয় তাঁর <sup>ছতার</sup> মধ্যে বলেছেন, তাঁর <mark>সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে সমবায় আন্দোলনকে গণ আন্দোলনে</mark> <sup>শরিত</sup> করতে চান। সর্বজনীন সদস্য ভুক্তি প্রকল্পে পঞ্চাশ টাকা করে সরকার থেকে <sup>ওয়া হচ্ছে।</sup> এটা প্রতি বছর**ই** দেওয়া হচ্ছে। ১৯৯৩-৯৪ সালে দু<sup>°</sup> হাজার নতুন সদস্যের <sup>না এক লক্ষ</sup> টাকার প্রভিসন রাখা হয়েছে।

মিঃ ডেপৃটি স্পিকার ঃ আমাদের হাতে যে সময় আছে তাতে হবে না। আমি আরও <sup>ধিঘটা</sup> সময় বাড়াবার প্রস্তাব রাখছি। আশা করি এতে সকলের মত আছে।

(ধ্বনি-'হাা।')

(এই সময়ে আধ ঘন্টা সময় বাড়ানো হয়।)

শ্রী শুভেন্দু টৌধুরি ঃ ওঁরা গুজরাট, মহারাষ্ট্রের কথা বলেছেন। ওখান মুভমেন্ট হয়ে গেছে। নিশ্চয়ই আমাদের সমবায় মুভমেন্ট পিছিয়ে ছিল। তবে ১ কথা, আপনারা শুনুন এশিয়ার মধ্যে বৃহত্তম কো-অপারেটিভ, যেটি আমাদের বর্ধমান আছে। তার নাম হচ্ছে 'শ্রীধরপুর কো-অপারেটিভ।' এটি আমাদের এই পশ্চিমবদ্রে ত এই ভাবে কো-অপারেটিভকে প্রসারিত করতে চাই আমরা। আপনারা শুধু গুজরাট, ফ্র মধ্যে জানেন না। আমাদের ঘরের মধ্যে, গাঁয়েতে যে জিনিস আছে তাকে ভিত্তি ক মহাশ্য আরও প্রসারিত করার চেষ্টা করছেন। কৃষি-ঋণ মকুব করার জন্য আমাদের কা কমে গিয়েছিল, কালেকশনটা মার খেয়েছিল। তবে গ্রামেগঞ্জে শতকরা ৮০ 🗟 প্রাম্তিক চাষী আমাদের সদস্য-ভূক্তির মধ্যে এসেছেন। আর একটি কথা, কোন্ড 🖮 কথা। কোল্ড স্টোরেজের ক্ষেত্রে আমাদের স্থান দ্বিতীয়। ১৯৯২-৯৩ সালে এর ক্ষ ১ লক্ষ ৮০ হাজার টন। উত্তর প্রদেশের স্থান প্রথম, যারা পশ্চিমবঙ্গের চাইতে ক বড। আমরা সেখানে দ্বিতীয়, এটা আমাদের গৌরবের কথা নয়? আমরা আর্ স্টোরেজ তৈরি করতে চাই যেমন, কুচবিহারের ধুপগুড়িতে পাঁচ হাজার মেট ক্ষমতাসম্পন্ন কোল্ড স্টোরেজ আমরা করব। এন.সি.ডি.সি.র সার্ভে অনুসারে ১৮৫ ভায়াবল সোসাইটিকে ভায়াবল করা হয়েছে, যাদের টার্নওভার দশ লক্ষ টাকার আমাদের ১৮০০ নিজস্ব গোডাউন আছে, সেখানে ৩২০০ গোডাউন করার গ্রন্তার হু আছে। রাজ্য সরকারের পক্ষ থেকে ২০ পারসেন্ট শেয়ার ক্যাপিটাল দেবার কগা: অর্থমন্ত্রী স্বীকার করেছেন। 'বেনফেডে' যেখানে দুর্নীতির বাসা ছিল, সেটা ভেঙে হয়েছে। এটা আচিভমেন্ট নয়। আমাদের প্রোমোশন লিস্ট যেটা ১৬ বছর ধরে। ছিল, সেটা হয়েছে। এরফলে সরকারি কর্মচারিরা কাজে উৎসাহিত হচ্ছেন। কেন্দ্রীয় স্ত্র কথা শুনবেন? কেন্দ্রীয় সরকার সমবায় সম্পর্কে কত ভাল কথা বলেন। কিন্তু মিষ্টি তো আর চিড়ে ভেজে না? টাকা না পেলে কিছু হয় না। ওঁরা অনেক ভাল কথা মডেল কো-৬ পারেটিভ করতে চান, ন্যাবার্ড, এন-সি-ডি-সি কাজ করবে বলছেন। র্কে দিয়ে কাজ করাতে চান। অর্থাৎ সবই তারা লুটে নিয়ে চলে যাবে। ওঁদের মারফং করার **ক**থা বলবো-সেন্ট্রাল কাজ কর**ছেন কি** রকম বলব? সিক্সথ গ্লানে <sup>কত</sup> রেখেছিলেন-৩.২। সেভেনথ প্ল্যানে ০.৯৪ ভাগ। অস্টম যোজনায় কিছুই নেই, শূনা <sup>রে:</sup> গরু যদি বদমায়েস হয়, তার লাথি খাওয়া যায় যদি কিনা সেই গরু দুধ দেয়। <sup>আর</sup> কথা বলি, এখানে একটু আগে .লা হয়েছে-সেন্ট্রাল স্পনসর্ড স্কীমের কথা <sup>বলা হ</sup>ে ঐ প্রকল্পে টাকা দেবে বলে কিছুই দেয়নি, কিছু করা হয়নি। আমরা কিন্তু <sup>করেছি</sup>

## [4-20-4-30 p.m.]

আমরা সম্পৃত জায়গাতেই এই বাবস্থাটার একটা গণতান্ত্রিকরণের চেটা করিছি আগে টাস্ক ফোর্সের কথা বলা হয়েছে। টাস্ক ফোর্স পাওয়ার ক্ষেত্রে ৫০ পাবসেট এ ও একে ৬ হাজার ৬০০ টাকা করে দেওয়ার করা হয়েছে এবং এই ভাবে ভালের <sup>করি</sup> করার ডেষ্টা হয়েছে। কিন্তু শেষ পর্যন্ত দেখা গোল যে টাকা এল না তথন আবার ২ টাকা উইথডুল করে নেওয়া হল। তবে এই উইথডুল করে ভালেই আমরা ব ৯৮৭-৮৮ সালে ৪২২টি সমিতিকে প্রান্তিক ঋণ সাহায্য দিয়েছি। ১৯৯১-৯২ সালে ১০০টি 
মিতিকে ৫১ লক্ষ টাকা দিয়েছি। ১৯৯৩-৯৪ সালে ৮০টি সমিতিকে অন্তর্ভুক্ত করেছি।

মারা অন্তম পঞ্চবার্ষিকি পরিকল্পনায় ৮৫০টি সমিতিকে অন্তর্ভুক্ত করেছি।

আমরা ট্রাডিশন

লোকাতেও যেমন পুরুলিয়াতে চা চাষের ব্যবস্থা করতে যাচ্ছি বন দপ্তরের কো-অপারেটিভ

দস্টেমের মাধ্যমে। সমবায়ের মাধ্যমে আমরা তুলোর চাষ করতে চেষ্টা করছি। বীরভূম,

শিলিবাদে আথের চাষ কো-অপারেটিভের মাধ্যমে করতে যাচ্ছি। এছাড়া পাট প্রক্রিয়া

রপের মাধ্যমে দুটি মিনি জুট মিলকে আমরা লাইসেন্স দিয়েছি। উত্তর ২৪ পরগনায় এবং

দীয়াতে এই দুটি জুট মিল অবস্থিত। আমরা সমবায় আন্দোলনকে স্বাভাবিকভাবেই প্রগতিশীল

রতে চাই। শুধু শহরের মধ্যে আর থাকতে চাই না আরো বৃহত্তরভাবে ছড়িয়ে দিতে চাই।

সইকারণে এই বাজেট বরান্দকে সর্বান্তকরণে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কামাখ্যানন্দন দাসমহাপাত্র ঃ মাননী**য় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সমবায়মন্ত্রী যে ায়বরাদ্দ উপস্থিত করেছেন তাকে আমি সমর্থন করছি। স্যার, আমি প্রথমেই বলে রাখতে ই যে পশ্চিমবঙ্গে এই বামফ্রন্ট সরকার এই ভূমি সংস্কারকে ভিত্তি করে যেমন এখানে জমোক্রেটিক রিফর্মসের কর্মসূচিতে এগিয়েছেন এবং সেইদিক থেকে ভূমি সংস্কার যেমন বচেয়ে গুরুত্বপূর্ণ দপ্তর ঠিক তেমনি সমবায় দপ্তরেরও বিশেষ গুরুত্ব আছে। সেইদিক একে সমবায়মন্ত্রীর দায়িত্ব অনেক বেশি। পশ্চিমবঙ্গের গ্রামের খেটে খাওয়া মানুষরা যাতে ্যাদের জমিতে এক ফসলিকে দু-ফসলিতে পরিণত করতে পারে সেটা দেখার দায়িত্ব এই ।প্তরের। ভূমি সংস্কার করে যেমন জমির উপরে খেটে খাওয়া মানুষকে সত্ত্বা দেওয়া রকার তেমনি তারা যাতে জমিতে দু-ফসলি, তিন ফসলি করতে পারেন সেটা দেখাও ন্মবায় দপ্তরের দায়িত্ব। সেখানে জমিতে দু-ফর্সলি, তিন ফর্সলি করতে গেলে কৃষকদের াকার দরকার, সেই টাকা যাতে তাদের কাছে এসে পড়ে তারজনা এই দপ্তরের দায়িত্ব মনেক বেশি। এবং সেইভাবে তাদের কাজ এগিয়ে নিয়ে যেতে হবে। এইদিক থেকে ভূমি <sup>দং</sup>স্কার এবং সমবায়ের সমান দায়িত্ব বর্তাচ্ছে। এই দপ্তরে ১৫-১৬ বছর ধরে যে প্রোমোশনল এফেয়ার্সগুলো আটকে ছিল তার যে জটিলতা দূর করতে পেরেছেন এরজন্য আমি খুবই মানন্দিত। ৫৬জন সিডিওকে এবং ৮০জন সি আই কে যে প্রোমোশন দিতে পেরেছেন তারজন্য আনন্দিত। সমবায়ের ম্যানেজারের পদের ক্ষেত্রে তাদের যে স্কেল তার ৪০পারসেন্টের <sup>দায়িত্ব</sup> আপনারা নিয়েছেন। গ্রামীণ ঋণের ক্ষেত্রে আপনারা যে বাবস্থা নিয়েছেন তাতে আপনাকে সাধুবাদ জানাই। আমি এই প্রসঙ্গে দু-একটি কথা বলচি, যদি পারেন বিবেচনা করে দেখনে। আমরা জানি এই সমবায় দপ্তরে অর্থ সঙ্কট চলছে, রাজ্যেরও অর্থ সঙ্কট <sup>চলুছে।</sup> ভূমি সংস্কার এবং কৃষি সংস্কারের মধ্যে দিয়ে পুনক্জ্জিবনের যে কর্মসূচি নিয়েছে স্মি দপ্তর সেই রকম একই দায়িত্ব নিয়েছে সমবায় দপ্তর। সেক্ষেত্রে আমি অনুরোধ করব শাগামি আর্থিক বছরে যে সাহায্য দেবার জন্য বিভিন্ন প্রকল্প নিয়েছেন তাতে যে দু'হাজার <sup>টাকা</sup> পর্যস্ত দেওয়ার প্রকল্প নিয়েছেন সেটা যাতে বিবেচনার সাথে দেখা হয় সেই দিকটা <sup>দেখবেন।</sup> এটা এর সাহায্য পেতে গ্রামের সাধারণ মানুষদের খুবই অসুবিধা হচ্ছে। সমবায় আন্দোলনকে নস্যাৎ করার একটা চক্রাস্ত চলছে। এটা যাতে না হয় সেই দিকটা বিবেচনা

করতে অনুরোধ করছি। ঋণ মকুবের প্রশ্নে এখনো পর্যন্ত ২১ কোটি টাকার যে চা রয়েছে সেই ঘাটতি আপনারা এখনো মেটাতে পারেন নি। আমি এই প্রসঙ্গে <sub>অনুরোধ ব</sub> যে, ঋণ দেওয়ার ক্ষেত্রে অ্যাডমিনিস্টেটিভ লুপ হোলস্ কতগুলি আছে সেগুলো দুর ক ব্যবস্থা করুন। এই বিষয়ে আপনার নোটিশে বিষয়টি আনতে চাই, বিষয়টি বিরেচনা । দেখবেন। আমি কিন্তু একটি কথা আপনাকে বলতে চাই পশ্চিমবাংলার সমবায়ের <sub>ওক্ত</sub> কথা বিবেচনা করে এক্জিসটিং যে স্ক্রিমগুলি আছে এবং নৃতন যে বিভিন্ন সমবায় আন্দ্র হচ্ছে এবং যা প্ল্যান বাজেট করতে চান তাতে করে দাঁড়াচ্ছে আপনি যে আশা ভরসা এণ্ডচ্ছেন সেটা শুধু আশান্বিত, কিন্তু আমার মাথায় এটা ঢুকছে না, আমাদের রাজ্য সরকা অনেক সঙ্কট আছে, কিন্তু যত সঙ্কটই থাকুক না কেন আপনার প্ল্যান বাজেট দ্র স্যাংশন ১১ কোটি ১০ লক্ষ টাকা অথচ আপনি ঈয়ার বিফেনর লাস্ট যা খরচ কলে সেটা হচ্ছে সাড়ে ৪ লক্ষ টাকা, এর জাস্টিফিকেশন কি? আমি যতদূর জানি গত আহি বছরে প্লান স্যাংশন হয়েছে ১৩ কোটি ৮০ লক্ষ টাকা, আপনি ৩৫ লক্ষ টাকাও হ করেননি। আমি মনে করিনা রাজ্য সরকারের এমন ভয়াবহ সঙ্কট যে আপনি ৩৫ লক্ষ্য খরচ করবেন, এটা আমার মাথায় ঢুকছে না। এটা যদি আপনি ক্লিয়ার করেন তাল সকলেরই উপকার হবে। আপনি যদি এই রেটে খরচ করেন লেস দ্যান ফিফটি পারুস ঈয়ার বিফোর লাস্ট প্রায় ৬০ শতাংশও খরচ করতে পারলেন না। ১০ কোটির জাগ ৩৫ লক্ষ টাকা এটা কত পারসেন্টেজ হয় আমি জানি না, আপনি একট দেখে নেরে এ রেটে যদি আপনি খরচ করেন তাহলে পশ্চিমবাংলার যে কো-অপারেটিভ আলেল ডাইমেনশন কো-অপারেটিভ মুভমেন্ট যাতেই যান তা পারবেন না। শুধু কি সর্বভারতী ক্ষেত্রে সঙ্কট যে কেন্দ্রীয় সরকার এটা সৃষ্টি করছেন তার শিকার সমস্ত রাজাই, তাই ক অপারেটিভ মুভমেন্টের ব্যাপারে বলব এখানে অ্যাজ এ হোল যে অগ্রগতি পশ্চিমবাল ক্ষেত্রে ঘটেছে, এক্ষেত্রে আপনি তা পালন করতে বার্থ হবেন, আপনি দয়া করে এটা জি করে দেখবেন। আমি আশা করব আপনি এই পয়েন্টটা ক্লারিফাই করবেন। আমি ফ্রা বিষয়টা বলতে চাই সেটাও আমি আপনার কাছে তুলে ধরতে চাই। আপনি নুতন <sup>দ্বি</sup> কথা বলেছেন, আমাদের মেদিনীপুর জেলার একটা শি**ন্ন আ**ছে যা ভারতবর্ষে <sup>কোণ</sup> নেই, শৈলজাবাবু বলেছেন ২টো থানায় হয়, শুধু দুটো থানা নয়, রামনগর, এগরা, পটার্শগু সবং এই ৪টে থানায় এই মাদুর শিল্পটা আছে। পশ্চিমবাংলায় যেমন মাদুর শিল্প <sup>আ</sup> তেমনি মাদ্রাজেও এই শিল্প আছে, যন্ত্রচালিত মাদুর শিল্প শুরু হয়েছে তার সঙ্গে প্রতিযোগিত হস্ত নির্মিত মাদুর শিল্প হটে যাচ্ছে। এখানকার এই মাদুর শিল্প মাদ্রাজের সঙ্গে প্রতি<sup>যোগিত।</sup> তার বাজার হারিয়েছে অথচ এই হস্তনির্মিত শিল্পর প্রভূত উন্নতির সম্ভাবনা আছে <sup>এবং সম:</sup> ভারতবর্ষে এই শিল্প মার্কেট বিস্তার করতে পারে, শুধু এটা নয়, এটাকে এক্সপো<sup>র্টও করে</sup> পারে। এই চারটি থানায় কয়েক লক্ষ মানুষ বাস করেন তারা এই শিল্পের উপর নির্ভর্কীত লক্ষ লক্ষ টাকার এই কারবারে পাইকাররা বড় বড় ব্যবসাদাররা তারা এখানে <sup>মুনাফা কর্তা</sup> আর আমাদের মাদুর চাষিরা মার খাচেছ, শিক্ষটা মার খাচেছ। আমি সাধারণ বাজেটে বলিছিন এই মাদুর শিল্প নিয়ে, এই তন্তবাঈদের নিয়ে কোঅপারেটিভ করেছেন, ফিশারম্যানদের নিয়ে কোঅপারেটিভ করেছেন, আমি আপনাকে অনুরোধ করব আপনি যদি ভরসা <sup>দেন স্নর্পর</sup> দর নিয়ে একটা স্কিম করতে পারেন, এই মাদুর শিক্সের জন্য আপনি এদের যন্ত্র দিয়ে 
রু করতে পারেন, এদের জিনিসগুলি অবিলম্বে পারচেজ করা প্রয়োজন, এই পাইকারদের 
রু থেকে রক্ষা করা দরকার? সেখানে ধান চাষ হয়না, সেখানে একমাত্র চাষ হচ্ছে ঐ 
রু কাঠি, এই মাদুর কাঠিকে আংটির মধ্যে—দশ হাত মাদুরকে ঢুকিয়ে দিতে পারব। 
রকমই একটা অসম্ভব শিল্প। তাই আমার দাবি এই শিল্পকে যদি রক্ষা করতে চান 
লে এই জিনিসটা নিয়ে আপনি বিচার করবেন। আপনি কায়েমি স্বার্থের হাত থেকে 
বায়কে রক্ষা করেছেন, আপনি বছক্ষেত্রে সরকারের পক্ষ থেকে প্রতিনিধি হিসাবে যাদের 
লিত করেছেন অনেকক্ষেত্রে তাদেরকে আমরা দেখতে পাচ্ছি। অনেক ক্ষেত্রে আমরা 
তে পাছি কায়েমি স্বার্থের হয়ে সমবায় কাজ করছে। এটা কখনই আাদি পিপলের 
যেন কাজ না করে, অ্যান্টি টয়েলিং মাস যেন না হয়ে যায় এটা আপনাকে দেখতে 
া ঐ অফিসাররা কেন গ্রামীণ ভূস্বামিদের স্বার্থ রক্ষা করবে। এই বিষয়টা বিবেচনা করার 
অনুরোধ করে আপনার ব্যয়-বরাদকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

### [4-30-4-40 p.m.]

দ্রী সরল দেব ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আমার বায়-বরাদের ৫৭ নং ধারা র্থনে এবং সৌগত বাবু এবং সুব্রত বাবু যে কাট মোশন এনেছেন তার সম্পূর্ণ বিরোধিতা া আমি আমার বক্তব্য রাখছি। আমি অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি, হাউস চলে বিরোধীদের কার উপর। বিরোধী দলের ভূমিকা কি? সমবায় সম্বন্ধে তারা এত বড় বড় কথা ্লন, অথচ কংগ্রেস বেঞ্চের যারা সমবায় আন্দোলন করে এসেছে আজকে তারা অনেকেই পছিত প্রায়। মাননীয় সদস্য শৈলজা দাস বক্তৃতা করতে গিয়ে সমস্ত ব্যাপারটাই প্রায় ায়ে ফেলেছেন। তিনি শুধু রাজ্য সরকারের উপর দোষ আরোপ করলেন। শৈলজা বাবু লন সমবায়ে পশ্চিমবাংলা পিছিয়ে আছে। আমাদের সদস্য আছে ৩২ লক্ষ ৩১ হাজার, <sup>মধ্যে</sup> ২৬ লক্ষ ৯৭ **হাজার হচেছ মারজিনাল ফার্মা**র। এদিকে আপনারা মহারাষ্ট্র, <sup>রাটের</sup> সঙ্গে তুলনা করছেন। মহারাষ্ট্র এবং গুজরাটে, সেখানে সুগার লবি, কটন লবি <sup>লর</sup> মুখ্যমন্ত্রী কে হবে, কেন্দ্রে কে যাবেন এসব ঠিক করে। আমাদের রাজ্যে কিন্তু সেই <sup>মসটা</sup> হচ্ছে না। সুতরাং এই ব্যাপারে মহারাষ্ট্র, গুজরাতের সঙ্গে তুলনা করলে চলবে না। <sup>রা এই</sup> পনেরো বছরে বারো লক্ষের উপর সদস্য করেছি, ইউনিভার্সাল মেম্বারশিপ <sup>ছি। এটা</sup> একটা গু**রুত্বপূর্ণ ব্যাপার। আমাদে**র মাননীয় সদস্য বলছেন টাকা যাতে পাওয়া সেই ব্যাপারে পুনর্বিবেচনা করতে। তিনি তো একবারও বললেন না শর্ট টার্মে আমরা ০ কোটি লক্ষ্যমাত্রা রেখেছিলাম ১৯৯১-৯২ সালে, আমাদের অ্যাচিভমেন্ট পুরণ হয়েছে <sup>৮ কোটি</sup> টাকা। আমরা ৭২ পারসেটের উপর কালেকশন করেছি। ১৯৯২-৯৩ সালে <sup>মুুুুুুুুুু</sup> ১৪৮ কোটি টাকা-শুটটার্মে সেখানে আমরা ১৪০ কোটিতে গিয়ে পৌছেছি। <sup>মাধ্যে</sup> ২৮.৫৬ পারসে**ন্ট আমরা কালেকশন করেছি। আপনারা ৩**০ বছর রাজ্যে ক্ষমতায় <sup>দিন,</sup> আর আমরা ১৫ বছর হল ক্ষমতায় এসেছি। ওদের আমলে ওরা সেন্ট্রাল কো-<sup>ারেটিভ ব্যাঙ্ক-</sup>এর <mark>যারা শেয়ার হোল্ভার, তাদের এক প্য়সাও ডিভিডেন্ড দেয়নি, আম</mark>রা

৯ কোটি টাকা শেয়ার হোল্ডারদের ডিভিডেল্ড দিয়েছি। লংটার্মে ১৯৯১-৯২ <sub>স্না</sub> কোটি টাকা আমাদের লক্ষ্যমাত্রা ছিল, সেখানে আমরা ১৫ কোটি ৭৭ লক্ষ্ টাকান পৌছেছি এবং কালেকশন হয়েছে ১৫ কোটি ৫৫ লক্ষ টাকা। ১৯৯২-৯৩ সালে ফ লক্ষামাত্রা ছিল ২৫ কোটি টাকা, ইতিমধ্যে আমরা ২৩ কোটিতে গিয়ে পৌছেছি। স রাজ্যে এই কেন্দ্রীয় সরকারের অনুসৃত নীতির ফলে কলকারখানা যা ছিল তাও হ বন্ধ হয়ে যাচ্ছে। ফলে বেকারি বাড়ছে। প্রায় ৫৮ লক্ষ বেকার যুবক যুবতি এফ একসচেঞ্জে নাম লিখিয়েছে। আমাদের ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাঙ্কগুলি থেকে আফ ফার্মিং লোন দিচছে। এটা ১০ হাজার থেকে ৭/৭।। লক্ষ্ণ টাকা পর্যন্ত। আমাদে উন্নয়ন ব্যাক্ক থেকে গ্রামের মানুষকে গ্রামীণ গৃহনির্মাণের জন্য লোন দিচ্ছি। সৌগতর কাটমোশনে উল্লেখ করেছেন যে, সমবায়িকা এবং আমাদের ক্যালকাটা হোলসেলে হাছে না কেন? এটাতে কোর্ট কেস আছে বলে হচ্ছে না। বেহালা হোল সোল আন্তার সেকশন ২৫, ক্লজ ওয়ানে নমিনেটেড বোর্ড করেছি। বিধাননগরেও তাই নাম বোর্ড। নর্থ সুবারবনে নির্বাচিত সংস্থা। কৃষ্ণনগর হোলসেলে নির্বাচিত সংস্থা। মের্নি কোর্ট কেস আছে। ওয়েস্ট বেঙ্গল স্টেট কনজিউমার ফেডারেশনে, সেখানে জট আছে। কোর্ট কেস থাকার ফলে নির্বাচন হচ্ছে না। যেখানে কোর্ট কেস নেই: সেখানে ব্যবস্থা নিতে বলেছি। যেমন কনজিউমার ফেডারেশনকে আমরা বার্য্য বলেছি নির্বাচনের জন্য। সূতরাং গণতন্ত্রিকরণের বিরুদ্ধে আমরা নই। বারবাব একটা বলা হচ্ছে যে সরকারি অফিসার এবং কর্মচারিরা মাথা ঘামাচ্ছেন না। দুর্নীতি যদিন তাহলে যেখানে স্বাভাবিকভাবে চলছে সেইভাবেই চলা উচিত। মাননীয় সদস্য খলে উল্লেখ করেছেন যে শ্রীধরপুরে একটা প্রাইমারি কো-অপারেটিভ সোসাইটিতে ডিং হচ্ছে ৪।। কোটি টাকার উপর। সেখানে তো আমাদের সরকার ছড়ি ছোরচ্ছে মাননীয় সদস্য প্রবোধবাব বেনফেডের কথা বলেছেন। আপনারা জানেন যে এক সেখানে ২০ বছরের উপর মৌরসী পাট্টা করে বসেছিল এবং লোকজন <sup>সর ত</sup> আমলে নিয়োজিত হয়েছিল। আমরা সপ্রিম কোর্ট পর্য্যন্ত মামলা করে দীর্ঘ ২০ <sup>বস্ক</sup> সে জায়গা থেকে দুর্নীতির মূল উচ্ছেদ করেছি এবং সেখানে একজন দক্ষ অফিসার 🖟 করার ব্যবস্থা করছি। <mark>সার সম্পর্কে আপনারা কিছু কিছু কথা</mark> বলেছেন। এ স<sup>ম্পর্কে</sup> কিছু অভিযোগ যে আসছে না তা নয় তবে আপনাদের আমি বলব, লিখিতভাবে <sup>আ</sup> যদি অভিযোগ দেন তাহলে আমি নিশ্চয় তদন্ত করে দেখব। একজন মাননীয় সদস্য হ অ্যাক্টের কথা বলেছেন। আমাদের এই রাজ্যে যে কো-অপারেটিভ <sup>আইন আহে</sup> সম্পর্কে প্রথম কথা হচ্ছে, এটা একটা স্টেট সাবজেক্ট এবং এখানে কো-অপারেটিং যে আইন আছে তার মধ্যে দিয়ে প্রভূত উন্নয়ন করা যায়। ডাঃ আবেদিন <sup>এই স</sup> দপ্তরের যখন মন্ত্রী ছিলেন তখন তিনি কিছু করবার চেষ্টা করেছিলেন। উনি জানে রাজ্যের হাতে যে আইন আছে তা যথেষ্ট, মডেল অ্যাক্ট গ্রহণ না করেও <sup>অনেক কি</sup> যায়। তারপর প্যাক্সের উন্নয়নের কথা বলেছেন। আমি পুনরাবৃত্তি না <sup>করেও বর্কা</sup> এটাতে ফিফটি ফিফটি শেয়ার দেওয়ার কথা ছিল কিন্তু কেন্দ্র দিল না। <sup>না দেবার</sup> রামাদের নিজস্ব অর্থ ভান্ডার থেকে যে টুকু ক্ষমতা আছে তার ভিত্তিতে ইতিমধ্যেই ৪২২ তিতে আমরা উন্নয়ন প্রকল্প গ্রহণ করেছি এবং ১৯৯২/৯৩ সালে ১০০ টিতে করবার জন্য ৫১ লক্ষ টাকা বরাদ্দ করেছি। ১৯৯৩/৯৪ সালে ৮০ টিতে এবং ৮ম পঞ্চবার্ষিকি পরিকল্পনার মধ্যে আমরা ৮৫০ টিকে উন্নয়নের পথে নিয়ে যাব। মাননীয় একজন সদস্য বলেছেন যে গত বছরও ৬হাজার ৬শোটি সোসাইটির কথা বলেছিলেন, এবারেও তাই বলেছেন। না, তা নয়। আমাদের ৭ হাজার ৫০০ টির মতন সোসাইটি আছে। এরমধ্যে ৬হাজার ৬শোটি আমরা বলছি এফেকটিভ। এদের ভ্যায়াবল করবার জন্য আমরা এদের বি.ভি.পি. প্রকল্পের আওতায় আনবার প্রচেষ্টা নিয়েছি। আমরা জেলায় জেলায় একথা ঘোষণা করেছি এবং সেটা করবার জন্য আমাদের দপ্তরের পক্ষ থেকে কেন্দ্রীয় মন্ত্রী জাফর সাহেবকে আমরা লিখেছিলাম যে, তৃতীয় এন.সি.ডি.সি, থার্ড প্রকল্প শেষ হয়ে গিয়েছে চতুর্থটা এখনও ফাইনালাইজ হয়নি, একটা ট্রানজিট পিরিওড চলছে। এই সময় ভারতবর্ষের কিছু কিছু রাজ্য তারা এন.সি.ডি.সি. থার্ড প্রকল্পর পুরো টাকা খরচ করতে পারে নি।

#### [4-40-4-50 p.m.]

সতরাং আমরা পশ্চিমবাংলায় এস.কিউ.এস. ৩২০০ গোডাউন করতে চাই, আনুমানিক ব্যয় ৬৪ কোটি টাকা লাগবে। আপনারা যদি অনুমোদন দেন তাহলে আমরা করতে পারব। আমরা ১০০ টাকায় ১০০ টাকা দিয়েছিলাম। এল.সি.ডি.সি. বলেছেন ৭৫ পারসেন্ট ঐ সোসাইটিওলোর শেয়ার আর ২৫ পারসেন্ট রাজ্যের শেয়ার, সেই মঞ্জুর এসেছে। আমরা মুখ্যমন্ত্রী এবং অর্থ**মন্ত্রীর মঞ্জুরি পেয়েছি। ইতিমধ্যে কিছু কিছু জা**য়গায়, বহু জায়গায় ৫/৭ <sup>বছর</sup> নির্বাচন হয়নি। **এইগুলো স**ব পারিবারিক সম্পত্তিতে পরিণত হয়েছিল এক সময়। বিশ্ব কবি রবীন্দ্রনাথ-এর যে উদ্দেশ্য—সুদখোর মহাজনদের হাত থেকে গরিবদের বাঁচানো। কিন্তু সোসাইটিগুলো পারিবারিক সোসাইটিতে রূপান্তরিত হয়েছিল। বামফ্রন্ট সরকার আসার পর <sup>বহু</sup> জায়গায় নির্বাচনের ব্যবস্থা করা হয়েছে এবং এতদিন আপনি জানেন ১৫ মাস পর্যন্ত আমাদের ডিরেক্টারেটের পাওয়ার ছিল। তারফলে গভর্নমেন্টে যেতে হত। বিভিন্ন জায়গায় গ্র্নমেন্ট ঢালাও ভাবে ডিরেক্টার অর্ডার দিয়েছে। তিন বছরের উপরে আপ টু টেন ইয়ারের মধ্যে ব্যবস্থা হোক। আমরা ইতিমধ্যে আপনারা জানেন এই রাজ্যে যেমন সঙ্কট <sup>আছে,</sup> কেন্দ্রের সঙ্কট **আছে, পরিকল্পনা বাজেট অনে**ক কম হয়েছে, কিন্তু একটা কথা <sup>মুর</sup>ণে থাকা দরকার, প**রিকল্পনা খাতে বরাদ্দকৃত ৭১** কোটি টাকা কেন্দ্র দেন নি। ফলে সমস্ত দপ্তরের বাজে**ট সন্ধুচিত হয়েছে। আম**রা চেষ্টা করছি প্ল্যানড বাজেটে তো বরাদ্দ হয়ে গেছে, সাপ্লিমেন্টারি বাজেটে কিছু করা যায় কি না এই সম্পর্কে অর্থমন্ত্রী আলোচনা করছেন, সূতরাং গুরুত্ব দেওয়া হয়নি এই কথা ঠিক নয়। গুরুত্ব সকলে মিলে দিয়েছে। শৈলজা বাবু বলেছেন মেদিনীপুর জেলায় ওভার ল্যাপিং হয়েছে। ব্যাঙ্কের যারা চেয়ারম্যান, তাদের সঙ্গে আমরা আলোচনা শুরু করেছি, কনসেনসাস হয়ে একটা সিদ্ধান্তে আসা যায় <sup>কি না সেটা</sup> দেখছি। <mark>উনি বলেছেন মেদিনীপু</mark>র একটা বিশাল জেলা সেখানে একটি মাত্র <sup>ক্নিজিউমার</sup> সোসাইটি কেন? উনি বোধ হয় জানেন না, ইতিমধ্যে আমরা তিনটে করব

বলে ঠিক করেছি, একটা আছে আরও দুটো হবে। ইতিমধ্যে তমলুকে, ঘাটালে <sub>ইল</sub> নিয়ে একটা কনজিউমার সোসাইটি রেজিস্টার্ড হয়ে গেছে। আর একটার কাজ দ্রুত এগ্রা তারপর আরও বলেছেন ব্যাঙ্কের পারফমেন্স স্যাটিসফ্যাক্টারি নয়। আমি সব কটায় হে নিয়ে দেখেছি সব কটাই ভাল চলছে এবং মুগবেড়িয়া ব্যাঙ্ক, তমলুক ব্যাঙ্ক, বিদ্যাসাগর ২ ভাল ভাবে চলছে। মাননীয় সদস্য কামাক্ষা বাবু এবং শৈলজা বাবু যে কথা বলে মেদিনীপুরে মাদুর শিল্প এর একটা উল্লেখযোগ্য ভবিষ্যত আছে। আমি এই ব্যাপারে <sub>কা</sub> চাই, এই বাজেট অধিবেশনের পরে আপনাদের সঙ্গে এই সম্পর্কে আলোচনা করব ও আমাদের প্ল্যানড বাজেট নামে মাত্র, তবুও আমি বলব মেদিনীপুরের ১০ লক্ষ কৃষ্ণি মানুষের স্বার্থ আমরা দেখব, আমার দপ্তর পিছিয়ে থাকবে না। তারপরে হাউসিং ফেডারু কথা তুলেছেন। আমি আপনাদের বলতে চাই যে, হাউসিং ফেডারেশনে কিছু শ্রমিক হস্ত থাকা সত্ত্বেও আমাদের গত ৬ কোটি ৬৫ লক্ষ টাকা আদায় হয়েছে। কিছু শ্রমিক হক্ষ ছিল, তথাপি আমরা মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করে সুষ্ঠ ব্যবস্থা গ্রহণ কর আমাদের চাহিদা ছিল আড়াই কোটি টাকা, ইতিমধ্যেই আমরা এল.আই.সি.-র কাছ ৫০ দু' কোটি টাকা পেয়েছি। প্রতি বছর মার্চ মাসে আমরা রুটিন ট্রান্সফার করি। আডিক্র ডাইরেক্টর লেভেলে, জয়েন্ট ডাইরেক্টর লেভেলে সেই ভাবেই ট্রান্সফার করা হত এতে চাপের কোনও ব্যাপার নেই। কো-অপারেটিভ হাউসিং-এর লোনী সদস্য, তার 😥 সুদ সহ টাকা ফেরত দিয়েছেন। কিছু কিছু সদস্য বলেছেন, ভারতবর্মের কোখাও ফর কর্মচারিদের বেতন দেওয়া হয় না, এখানে দিলে সমবায় সমিতিগুলি মরে যাবে এবং চ বেকার ভাতার প্রসঙ্গ উল্লেখ করেছেন। আমি মাননীয় সদস্যদের অবগতির জনা কাহি ১৯৭৩ সালে, কংগ্রেসের আমলেই একটা পে কমিটি বসেছিল. সেঁই পে কমিটির মূগ্য আমরা ৮৪ সালে, কার্যকর করেছি। এটা কি আমাদের অপরাধ হয়েছে? ১৯৮৪ 🔻 অ্যাডহক ৫০ টাকা করে দেওয়া হয়েছিল। ১৯৮৯ সালে সেটা বাড়িয়ে ১০০ টাকা ক দেওয়ার ব্যবস্থা হয়েছে। এরফলে আমরা কতগুলো কন্ডিশনও আরোপ করেছি। তরে <sup>পর্ন</sup> বাংলায় সমবায় কর্মচারিদের আন্দোলন দীর্ঘদিন ধরে চলছে। কিন্তু আমরা তাদের <sup>রে</sup> দিচ্ছি, এ কথা ঠিক নয়। আমরা সমবায় সোসাইটির কর্মচারিদের বলেছি—নির্বাচিত শোসং হতে হবে, আপটুডেট অভিট থাকতে হবে তবেই আমরা তাদের পারফরমেন্দের <sup>৫</sup> ৪০% টাকা দেব এবং এই প্রস্তাব আমরা ক্যাবিনেটের কাছেও রেখেছি। সে<sup>খানে আ</sup> আরো একটা কথা বলেছি, ১লা এপ্রিল, '৯৩ সাল থেকে এই প্রস্তাব কার্যকর করা <sup>হেই</sup> যদি ক্যাবিনেট আমাদের প্রস্তাব অনুমোদন করে, বাজেটে যদি টাকা শুধু আলোকের নয়, অ্যাকচুয়াল রিলিজ অফ ফান্ড যদি হয় তাহলে নিশ্চয়ই আমরা সমবায় <sup>কর্মচারিত</sup> ঐ বেতন দেব। আমি আরো বলতে চাই যে, প্রাইমারি সোসাইটিগুলোকে <sup>যদি ভারে</sup> করতে হয় তাহলে সৈ কাজ শুধু মাত্র নির্বাচিত বোর্ডের মুষ্টিমেয় কয়েকজন সদসোর <sup>হা</sup> সম্ভব নয়, সমবায় কর্মচারিদের নিয়ে একটা যৌথ উদ্যোগ গ্রহণ করতে <sup>হবে। সোসাইটি</sup> সদস্যরা কর্মচারিদের নিয়ে যদি একটা যৌথ উদ্যোগ গ্রহণ করেন তাহলেই প<sup>দিচুম বার্লো</sup> সমবায় আন্দোলন সফলতা লাভ করবে। আমি একথা বলতে পারি যে, আমরা <sup>পুলি</sup>

বাংলার সমবায় আন্দোলনে নিশ্চয়ই একটু গতি সঞ্চার করতে পেরেছি। হাঁা, মহিলা সমবায়ের করে আমরা পিছিয়ে আছি। এটা আমাদের দুর্বলতা। তথাপি এখানে ৭৮ টি মহিলা সমবায় সমিতি কর্মরত আছে। বিভিন্ন ক্ষেত্রেই এগুলি আছে। ইন্ডাস্ট্রিয়াল প্রসেসিং ইন্ডনিট আছে। সেগুলিকে কি ভাবে ভায়েবল করা যায় তার জন্যে ইতিমধ্যেই আমাদের দপ্তর উদ্যোগ গ্রহণ করেছে। জয়নাল আবেদিন সাহেব পাঁচ বছর সমবায় মন্ত্রী ছিলেন, তিনি জানেন মণিপুরের মতো রাজ্য ছোট রাজ্য যার আমাদের রাজ্যের যে কোনও একটা হেকুমার সঙ্গে তুলনা করা যায়, সেখানেও মহিলা ব্যাঙ্ক আছে। মহারাষ্ট্রে ২৬টি মহিলা গ্রাঙ্ক আছে। আমি কয়েক দিন আগেই পুনায় গিয়েছিলাম, সেখানে দেখলাম একটি মহিলা গ্রাঙ্ক ১৭০ জন চাকরি করেন।

[4-50-5-03 p.m.]

সেখানে ২ হাজার থেকে সাড়ে ৭ হাজার টাকা বেতন দিচ্ছে। সিস্টার নিবেদিতা কা-অপারেটিভ ব্যাঙ্ক মহিলাদের। সেখানে ২৫ কোটি টাকা ডিপোজিট হয়েছে। অথচ দ্রপনারা (কংগ্রেসিরা) ৩০ বছর ধরে এই রাজ্যে ক্ষমতায় ছিলেন। এ ব্যাপারে কোনও গুদাগ গ্রহণ করেননি। পশ্চিমবাংলায় ৫০ ভাগ জুড়ে আছে মহিলারা। সেই মহিলাদের দ্যংশুর হওয়ার কোনও প্রচেষ্টা আপনারা নেননি। পুরুষ-শাসিত সমাজব্যবস্থা দিয়ে তাদের র্ণবিয়ে রাখবার জন্য কোনও প্রচেষ্টা নেননি। আমরা ৭টি মহিলা ব্যাঙ্ক করেছি এবং ৭টি জলায় তা উদ্বোধন করেছি। এই মাসের মধ্যে আরো দুটির উদ্বোধন হবে। গত বছর াজেট বক্তৃতার ১৬ নম্বর প্যারাগ্রাফে বলেছিলাম পশ্চিমবাংলার প্রতিটি জেলায় কম করে ্টি মহিলা ব্যাঙ্ক হবে এবং তার শেয়ার হোল্ডার হবে মহিলারা, বোর্ড অফ ডিরেক্টরস েরন মহিলারা এবং বেনিফিসিয়ারিজ হবেন মহিলারা। ইতিমধ্যে ৭টি ব্যাঙ্ক চালু করেছি 🔐 প্রত্যেকটি লাভে চলছে। আমি আশা করেছিলাম এই সুখবরে আপনারা অভিনন্দন গনারেন। কিন্তু আপনারা শুধু বিরোধিতা করলেন। তারপর আপনারা বলছেন, সেন্ট্রাল কা-অপারেটিভ ব্যাঙ্ক থেকে রাজ্য সরকার যে লোন নিয়েছেন তার কি করেছেন? স্টেট ।ভর্ননেন্ট ৪০ কোটি টাকা লোন নিয়েছে। স্টেট গভর্নমেন্টের শেয়ার পার্টিসিপেশন আছে। <sup>🏥</sup> রাজ্যের ব্যাঙ্ক। রাজ্য **সরকারকে টাকা দিয়ে কি অপরাধ করেছি**? আমি মনে করি টাকা <sup>দিয়ে</sup> ঠিক কাজ করেছি। **স্টেট গভর্নমেন্ট টাকা** ফেরৎ দিয়েছে এবং সুদও দিয়েছে। ৫০ <sup>দিছ ৪১</sup> হাজার টাকা সুদ দিয়েছে। সুতরাং সমালোচনা করার কোনও ব্যাপার নেই। <sup>মাপনাদের</sup> আমলে জরুরি অবস্থার সময়ে সমবায় অফিসারদের প্রতি আপনারা এমনভাবে <sup>মরিচার</sup> করলেন যে <mark>তাঁরা মামলা করলেন। তাঁ</mark>দের স্টাগনেশন হয়ে গিয়েছিল, প্রমোশন ফিনি। আমি সমবায় দপ্তরের সি.ডি.ওকে এ.আর.সি.সি. এবং সি.আইকে সি.ডি.ও করে <sup>মর্থাৎ</sup> প্রমোশন দিয়ে সমবায় দপ্তরের গতি সঞ্চার করতে পেরেছি, পশ্চিমবাংলায় একটা ম্ভাবনার দ্বার খুলে দিয়েছি। সেইজন্য আশা করব, এই ব্যয়-বরাদ্দের দাবি সমর্থন <sup>নরবেন</sup> এবং কাট-মোশনের সম্পূর্ন বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Deputy Speaker: I now put to vote Cut Motions except cut

motion Nos. 2 and 4 on which I understand a Division will be demand

The motions of Shri Subrata Mukherjee and Shri Saugata Roy  $_{\parallel}$  the amount of the Demand be reduced to Re.1/- (Cut Motion Nos.  $_{\parallel}$  3) were then put and lost.

The Motions of Shri Subrata Mukherjee that the amount of the D mand be reduced by Rs.1/-(Cut Motions No. 2-3) and that the amount reduced by Rs. 100/- (cut motion No. 4) were than put and a divisit was taken with the following results.

#### NOES

Abu Ayes Mondal, Shri

Acharya, Shri Prabhat

Baora, Shri Samar

Bera, Shrimati Chhaya

Biswas, Shri Sushil

Chakraborty, Shri Deb Narayan

Chakraborty, Shrimati Kumkum

Chakraborty, Shrimati Tania

Chatterjee, Shri Dhirendra Nath

Chattopadhyay, Shrimati Sandhya

Chatterjee, Shri Tarun

Chowdhury, Shri Benay Krishna

Chowdhury, Shri Sibendra Narayan

Chowdhury, Shri Subhendu

Das, Shri, Ananda Gopal

Das, Shri Bidyut Kumar

Das, Shri Paresh Nath

Das, Shri S. R.

Das Mahapatra, Shri Kamakshvanandan

Deb, Shri Saral

Deb Sarma, Shri Ramani Kanta

Dey, Shri Lakshmi Kanta

Ganguly, Shri Santi Ranjan

Ghatak, Shri Santi Ranjan

Ghosh, Shri Biren

Halder, Shri Krishnadhan

Jamadar, Shri Badal

Jana, Shri Haripada

Majhi, Shri Bhandu

Malik, Shri Shiba Prasad

Mamtaz Begum, Shrimati

Mondal, Shri Rabindra Nath

Mondal, Shri Raj Kumar

Md. Ansaruddin, Shri

Md. Mahamuddin, Shri

Md. Nizamuddin, Shri

Md. Yakub, Shri

Moitra, Shri Birendra Kumar

Mukherjee, Shri Narayan

Oraon, Shri Jagannath

'aik, Shri Sunirmal

hodikar, Shri Probhas Chandra

radhan, Shri Prasanta Kumar

Pramanik, Shri Abinash saha, Shri Kripa Sindhu Sanyal, Shri Kamalendu

Sarkar, Shri Nayan

Sarkar, Shri Sisir Kumar (Murshidabad)

Sen, Shri Dhinendra Nath

Sinha, Shri Prabodh Chandra

Toppo, Shri Salib

### **AYES**

Abedin, Dr. Zainal

Abu Hena, Shri

Abdus Salam Munshi, Shri

Adhikari, Dr. Tarun

Banerjee, Shri Prabir

Chattopadhyay, Shri Shobhan Deb

Das, Shri Sukumar

Gyan Singh Sohanpal, Shri

Mitra, Shri Somendra Nath

Nasiruddin Khan, Shri

Nurul Islam Chowdhury, Shri

Poddar, Shri Deokinandan

### ABST:

Purkait, Shri Probodh

The Ayes being 12 and the Noes 51 the motion was lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved on 23rd Mar 1993 that a sum of Rs. 44,27,48,000 be granted for expenditure and Demand No.57 Major Heads. 2425 Co-Operative, 4425-capital outlay Co-operation and 6425 Loans for co-operation.

(This is inclusive of a total sum of Rs. 14.77,00,000 already 18

account in March 1993), was then put and agreed to.

্যাঃ **জয়নাল আবেদিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বন্ধুদের উল্লাস ৬ তারিখের ্থাক্বে না, সেটাতে আপনি নিঃসন্দেহ থাক্বেন। আমি যে কথা বলতে চাই মাননীয় ্র দেব এখানে বললেন কেন্দ্রীয় সরকার প্ল্যানিং কমিশনের ৭১ কোটি টাকা দেয়নি, <sub>জনা</sub> রিসোর্স ক্রুনচ হয়েছে অনেক ইম্পলিমেনটেশন হতে পারেনি। এই অভিযোগ ানসভায় অনেক শুনেছি ট্রেজারি বেঞ্চ, পসিবল গ্রাউন্ড থেকে কেন্দ্রীয় সরকার ন্যায্য ্রনা থেকে রাজ্য সরকারকে বঞ্চিত করছে। We will examine it for the interest the state আমাদের কাছে প্রস্তাব নিয়ে কেউ আসেনি। We are prepared to ampion their cause, support their cause. কিন্তু সেই দক্ষতা যদি না থাকে ্রত যদি না থাকে এখানে সিনিয়ার মিনিস্টার মাননীয় বিনয় চৌধুরি মহাশয় রয়েছেন া মাঠে, ঘাটে বলছেন হাউসে বলছেন এই রকম কেস হচ্ছে If there is a plausible ound we will champion their cause. এইসব ওয়াইল্ড অ্যালিগেশন করে লাভ है। আমাদের বক্তব্য হচ্ছে আজকে আমরা জানতে চাই আপনাদের কি বক্তব্য. কেন ন্দ্রীয় সরকার রাজ্যকে বঞ্চিত করল? ভারতবর্ষের আরও অঙ্গ রাজ্যগুলির সম্বন্ধে বাবস্থা রাছেন এখানে কি এমন অন্যায় আচরন দেখলেন যে ডবল স্ট্যানডার্ড তৈরি হয়েছে. জনের বার্থতা ঢাকবার জন্য সব কেন্দ্রীয় সরকারের উপর চাপাবেন? Let the Chief mister come out with the plausible ground and we will champion their use. আপনি আজকে এখানে ইউনিটির কথা মুখ দিয়ে বলছেন, কিন্তু আপনি প্রপাগেট ছেন আজ ইফ ইউ আর বিইং ইনস্পায়ার্ড বাই সাম আউটসাইড একস্ট্রানিউয়াস নমেন্টস-এই জিনিস তো হতে পারে না। ভারতের ইনটিগ্রিটি, এই নিয়ে আলোচনা াক, আমরা প্রিপেয়ার্ড। একটা ডেট করুন। আপনি বারবার কালকে বেইল আউট করে ন মুখ্যমন্ত্রিকে পুলিশ বাজেটে। অ্যাসেম্বলিতে এইরকম কোনও রেকর্ড নেই। আপনার ্ব কোনও গ্রাউন্ড থাকে, কাম আপ, (....**নয়েজ অ্যান্ড ইন্টারাপশন**......) কাম আপ উইথ গ্রাউন্ত। আজকে ৫০ লক্ষ্ণ টাকা সুদ দিয়ে টাকা নিয়েছেন। আপনি তো বললেন না, বুলিওয়ালার কাছ থেকে টাকা নিতে কত সুদ দিয়েছেন! এটা তো আপনাদের দুমুখো তি-পিয়ারলেসের কাছ থেকে টাকা ধার নিয়ে মাইনে দিলেন, আবার কালকে নাকি লোচনা হয়েছে আপনারা পিয়ারলেসকে বন্ধ করে দিচ্ছেন, তাদের লাইসেন্স ক্যানসেল রে দিছেন। তাহলে এটা কি ব্রাকমেইলের চেষ্টা? চম্বলের ডাকাওরা এই চেষ্টা করেন। ই সরকার তাহলে কি চম্বলের ডাকাতের রূপ নিয়েছেন? এটা তো ঠিক হচ্ছে না। জেই আপনি প্রস্তাব নিয়ে আসন। আমি সরলবাবকে বলছি, আমি মনে করি আপনি <sup>রিত্বশীল</sup>, সি.পি.এম.এর মতো আপনি সুযোগ সন্ধানি নন। কাজেই আপনার যদি বেসিস <sup>। থাকে</sup> তাহলে এই অভিযোগ আপনি প্রত্যাহার করবেন। কাম আউট উইথ দি <sup>্রাপোজালস। উই উইল চ্যাম্পিয়ন ফ্রম দিস সাইড। (..... নয়ে**জ অ্যান্ড ইন্টারাপশন**.....)</sup>

ৰী বিনয়কৃষ্ণ চৌধুরি : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধী দলনেতা যে কথা 
<sup>দিছিলেন</sup>, আমি শুধু একটি কথা বলব—কাঁচের ঘরে বাস করে অন্য দিকে ঢিল ফারা

[2nd April

উচিত নয়। জয়েন্ট পার্লামেন্টারি কমিটির মিটিং হয়েছে, আজকের কাগজে এটা বে দেখবেন। সেখানে স্বীকার করতে হয়েছে। তারা ফিনান্স মিনিস্টার মনমোহন সিংকে ভে তাদের স্বীকার করতে হয়েছে যে, প্রায় ১০ হাজার কোটি টাকা বিভিন্ন ব্যান্ধ ব্যাক্কের নিয়ম-কানুন না মেনে .......(নয়েজ অ্যান্ড ইন্টারাপশন.....) এইভাবে চিংকার তো হবে না। এই রকম অনেক বিষয় অল-পার্টি পার্লামেন্টারি কমিটি দেখিয়েছে

### **ADJOURNMENT**

At this stage, the House was then adjourned at 5-03 p.m. till a.m. on Monday, the 5th April. 1993, at the Assembly House, Ca

# Proceedings of the West Bengal Legislative Assembly ssembled under the provisions of the Constitution of India

Re Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Monday the 5th April 1993 at 11-00 a.m.

#### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 12 Ministers, Ministers of State and 122 Members.

[11-00 - 11-10 a.m.]

# Held over Starred Questions (to which oral answers were given)

### হরিহরপাড়া ৩৩ কে.ভি. সাব-স্টেশন

- \*৪৯। (অনুমোদিত প্রশ্ন নং \*৭০২) শ্রী মোজাম্মেল হকঃ বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মহাশয় অন্ত্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) এটা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলার অন্তর্গত হরিহরপাড়া থানার চোঁয়া মৌজায় ৩৩ কে.ভি বিদ্যুৎ সাব-স্টেশন স্থাপনের সিদ্ধান্ত কয়েক বছর আগে সরকার গ্রহণ করা সত্ত্বেও উক্ত সাব-স্টেশনটির স্থাপনের কাজ আরম্ভ হয় নি;
  - (খ) সত্যি হলে,
    - (১) এর কারণ কি: এবং
    - (২) কবে নাগাদ এ কাজ শুরু হবে বলে আশা করা যায়?

### ডঃ শঙ্করকুমার সেন **ঃ**

- (ক) হ্লা
- (খ) (১) জমি অধিগ্রহণ সংক্রান্ত সমস্যার সমাধান না হওয়ায়।
  - (২) জমি অধিগ্রহণের কাজ সমাপ্ত হলেই চোঁয়া মৌজায় ৩৩ কে. ভি. সাব-স্টেশনটি নির্মাণের কাজ শুরু করা হবে।
- শ্রী শিশির সরকার : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই জমি অধিগ্রহণের পারে কি কোনও বাধা আছে?
  - জঃ শঙ্করকুমার সেন ঃ হাাঁ, বর্তমানে বাধা আছে। মুর্শিদাবাদ জেলার হরিহর পাড়ার <sup>মৌজায়</sup> ৩৩ কে. ভি. সাব-স্টেশান নির্মাণের অর্ডার দেওয়া হয়েছিল ২১.৪.৮৯ তারিখে।

সাব-স্টেশনের জন্য জমি অধিগ্রহণের সমস্যার মীমাংসা না হওয়ায় কাজ শুরু করা স্থানীয় লোকজনের কাছ থেকে বাধা আসে। যে কমপেনসেশান দেওয়া হছিল তা সম্ভুষ্ট নয় সেই কারণে বাধা আসে। কথাবার্তা চলছে। এখনও পর্যন্ত কিছু মীমাংসা

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন, সরকার সিদ্ধান্ত নিলেন যে ৩৩ কে. ভি. সাব. স্টেশন তৈরি করা হবে। আমরা বিভিন্ন ভাবে যে জমি অধিগ্রহণের ব্যাপারে বিভিন্ন পরিকল্পনা রূপায়ণের ক্ষেত্রে অন্তরায় হয়ে দ এর পদ্ধতিটা কি? আগে জমি অধিগ্রহণ করে তারপরে সিদ্ধান্ত গ্রহণ করা কি সমিটী আগে একটা সিদ্ধান্ত নেওয়া হয়। তারপরে জমি অধিগ্রহণের নামে কত বছর পড়ে তার কোনও নিশ্চয়তা নেই। কাজেই জমি অধিগ্রহণ করে তারপরে সিদ্ধান্ত ঘোষ কি বাস্তব সম্মত নয়?

ডঃ শঙ্করকুমার সেন ঃ আমি আপনাকে মেথডটা বলছি। আমরা যখন ৩৩ সাব-স্টেশন করতে চাই, যেখানে এটা করতে হবে, সেই সম্পর্কে মেথডটা আমি

# শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ কত সালে এটা শুরু হয়েছিল?

ডঃ শন্তরকুমার সেন ঃ এটা ১৯৮৯ সালে শুরু হয়েছিল। মেথডটা হছে, টেকনিক্যাল পরেন্ট অব ভিউ থেকে ১, ২, বা ৩টে জমি আইডেনটিফাই করা হয় হ যে লাইন যাছে তার কাছাকাছি যেটা সুবিধা হবে। এটা সম্পূর্ণ টেকনিক্যাল পয়ে ভিউতে করা হয়। তারপরে ডি.এম, ল্যান্ড অ্যাক্যুইজিশান ডিপার্টমেন্টে পাঠানো হয়। য়য়ায় ইলেকটেড রিপ্রেজেনটেটিভের সঙ্গে কথাবার্তা বলে জমি ঠিক করা হয়। য়য়ায়িয়হলেকটেড রিপ্রেজেনটেটিভের সঙ্গে কথাবার্তা বলে জমি ঠিক করা হয়। য়য়ায়িয়হল করা হয়। এই জমি অধিগ্রহণ করা হয়েছে। তারপরে যখন কমপেনসেশাল আসে তারও একটা কলস আছে। তখন স্থানীয় যারা কমপেনসেশান পাকেন, তার কমপেনসেশানে সন্তান্ট না হওয়ায় বাধা দিছেছ। এই ব্যাপারে তাদের সঙ্গে কথাবার্তা

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ তারা তো আর কোর্টে গিয়ে বাধা দেয়নি?

ডঃ শঙ্করকুমার সেন ঃ বেশীর ভাগই এলাকা থেকে বাধা দেওয়া হচ্ছে।

ফরাক্কার তাপবিদ্যুৎ কেন্দ্রের জন্য জমির অধিগ্রহণ ও ব্যবহার

- \*১৬৫। (অনুমোদিত প্রশ্ন নং \*১৮০৮) **দ্রী আবৃদ্দ হাসনাৎ খাঁন ঃ** বিদ্যুৎ <sup>ह</sup> ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) ফরাকার কত মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা স্থির করে রাজ্য <sup>সং</sup> মাধ্যমে প্রয়োজনীয় জমি অধিগ্রহণ করা হয়েছিল; এবং
  - (খ) ঐ লক্ষ্যমাত্রা প্রণের প্রয়োজনীয় ব্যবস্থা কেন্দ্রীয় সরকার করছে <sup>কি?</sup>

# ৬ঃ শঙ্করকুমার সেন ঃ

- (क) ফরাঞ্চায় মোট ২১০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্য মাত্রা স্থিব করা হয়েছে। উহার মধ্যে প্রথম পর্যায়ে ৩টি ২০০ মেগাওয়াট ইউনিট দ্বিতীয় পর্যায়ে দুইটি ৫০০ মেগাওয়াট ইউনিট এবং তৃতীয় পর্যায়ে একটি ৫০০ মেগাওয়াট ইউনিট স্থাপনের লক্ষ্য মাত্রা স্থির করা হয়েছে।
- (খ) ১। প্রথম পর্যায়ের ৩টি ২০০ মে.ও. এর ইউনিট ইতিপ্রেই চালু হয়েছে।
  - ২। দ্বিতীয় পর্যায়ের ২টি ৫০০ মেগাওয়াট ইউনিটের প্রথমটির সিনক্রোনাইজেশন হয়েছে সেপ্টেম্বর ৯২ তে এবং আশা করা যাচ্ছে বাণিজ্যিক ভাবে বিদ্যুৎ উৎপাদন হবে জুন '৯৩ এ, দ্বিতীয় ইউনিটটি ১৯৯৩ এর অক্টোবরের মধ্যে চালু হবে বলে আশা করা হচ্ছে।
  - ৩। প্রকল্পের তৃতীয় পর্যায়ের একটি ৫০০ মেগাওয়াট ইউনিট স্থাপনের বিষয়টি কর্তৃপক্ষের বিবেচনাধীন আছে।

শ্রী শিশিরকুমার সরকার ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে বিবেচনাধীন আছে। তা অধিগ্রহণে হয়ে গেছে, অসুবিধাটা কোথায়?

ডঃ শঙ্করকুমার সেন ঃ এই ৫০০ মেগাওয়াটের ইউনিটটি আমরা এখনই শুরু করব ২ বছর বাদে করব। আপনি জানেন যে সমগ্র পূর্বাঞ্চলে বিদাৎ ঘাটিটো এখন অনেক গিয়েছে। এই সঙ্গে যদি ৫০০ মেগাওয়াটের ইউনিটটি যদি আসে তার মানে আরো 5 দরকার হবে। সেই জন্য সেন্ট্রাল ইলেক্ট্রিসিটি অথরিটি এখনও পুরোপুরি ছাড়পত্র নি। আমরা কাজ শুরু করবো, তবে ২টি ইউনিট এলে বোঝা যাবে সর্বাদিন অবস্থাটা প্রথম ইউনিটটি সিংক্রোনাইজ হয়ে গেছে, জুন মাসে বাণিজ্যিক ভিত্তিতে আসবে। তার চটা সঠিক ভাবে দেখলে নেই। ইতিমধ্যে পশ্চিমবাংলার বিদাৎ সংস্থাগুলির উৎপাদন 
দিয়েছে, আমাদের সেন্টে ইলেক্ট্রিসিটি বোর্ডের উৎপাদন বেড়ে গিয়েছে। এই লোডটা চনা করে তৃতীয় পর্যায়ের ব্যাপারটা খতিয়ে দেখা হছে।

শ্রী শক্তিপ্রসাদ বল : ছাড়পত্র না পাওয়ার জন্য উৎপাদনে দেরি হচ্ছে। উৎপাদন ভ হলে আমাদের রাজ্যে কত মেগাওয়াট বিদাৎ এই উৎপাদনের ক্ষেত্রে সাহায্য পাব?

তঃ শঙ্করকুমার সেন ঃ ব্যাপারটা একটু বুঝিয়ে বলি। ২০০ মেগাওয়াটের ৩টি ইউনিটে শাদন হচ্ছে, তার ৩৫ পারসেন্ট আমাদের পাওয়ার কথা। ৫০০ মেগাওয়াটের একটি নিট এই বছরের জুন মাসে এসে যাবে অর্থাৎ আগামী ৩ মাসের মধ্যে এসে যাবে। তার পারসেন্ট অর্থাৎ প্রায় ২০০ মেগাওয়াট আমাদের কোটা। আরো একটা ইউনিট আশা বাছে অক্টোবর-নভেম্বর মাসে আসবে, তার ৩৫ পারসেন্ট আমাদের কোটা। বাকি রে যাবে, আসামে যাবে, উড়িষ্যায় যাবে, পূর্বাঞ্চলের অন্যান্য রাজ্যে যাবে। সমগ্র ইস্টার্ন

রিজিয়ানে যে লোড সেটার সম্বন্ধে খতিয়ে দেখা হচ্ছে। দুটি ইউনিট হয়ে যাছে ্ ইউনিটটি কেন্দ্রের বিবেচনাধীন আছে। কিছুদিন বাদে কি লোড ডেভেলপড কর্<sub>বে</sub> অনুযায়ী ছাড়পত্র পাওয়া যাবে।

ডাঃ মানস ভূঁইয়া ঃ মাননীয় বিদৃৎ মন্ত্রী বললেন যে ইতিমধ্যে পশ্চিমবাংলার। কেন্দ্রগুলির উৎপাদন বৃদ্ধি পেয়েছ, তার সঙ্গে সঙ্গতি রেখে কতটা পাব সেটা হ এখনও বলতে পারছেন না, এটা হিসাব করে দেখবেন। বর্ত্তমান পরিস্থিতিতে এই র জুন মাসে একটি ৫০০ মেগাওয়াটের ইউনিট স্টার্ট করব এবং আর একটি ইউনিট বছরের সেপ্টেম্বর মাসে এসে যাবে বললেন। এই অবস্থায় পশ্চিমবাংলায় পশ্চিমবার বিদৃৎ পর্যদ এবং সহযোগী বিদৃৎ সংস্থা থেকে যে বিদৃৎ পাচ্ছেন তাতে পশ্চিমবাটিত পুরণ হয়ে গিয়ে এক্সেস বিদৃৎ অন্য রাজ্যকে দেবার কথা ভাবছেন?

[11-10-11-20 a.m.]

ডঃ শঙ্করকুমার সেন ঃ আমরা বর্তমানে যে বিদাুৎ উৎপাদন করতে পারি, এটা আমাদের সার্প্লাস। আমরা মেশিন বসিয়ে রাখছি।

ডাঃ মানস ভুঁইয়া ঃ তবু লোডশেডিং কেন?

ডঃ শঙ্কর সেন ঃ এটা সিস্টেমের ব্যাপার। আমি এখানে অনেকবার বলেছি । থেকে উৎপাদন বেশি হলে লোডশেডিং হলেও আমরা এটাকে লোডশেডিং বি আমরা এটাকে বলি সিস্টেমের ফণ্ট হয়েছে। আমি অনেকবার বলেছি, এখানে জর্লা কেন্দ্র নেই, সেজন্য ফ্রিকোয়েন্সী মেনটেন করা যাচ্ছে না। রাত্রিবেলা চাহিদা না থাকর আমাদের মেশিন বন্ধ রাখতে হচ্ছে। সন্ধ্যাবেলায় দু-তিন ঘন্টা চাহিদা মতে। বিদ্যুত আমাদের অসুবিধা হয় না। কোলাঘাটে আমাদের দুটি ইউনিট বসানো আছে। আমরা বার রাত্রি দশটা সাড়ে দশটার পর ওড়িষ্যা, আসাম এবং বিহারকে বিদ্যুত দিছি এই ! সেটটকে গামরা বিদ্যুত দিছি।

ডাঃ মানস ভূঁইয়া ঃ আপনি কৃষিক্ষেত্রে বেশি বিদ্যুত দেবেন কি?

মিঃ স্পিকার ঃ এই ভাবে প্রশ্ন হবে না।

শ্রী প্রবীর বাানার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি-আপনি বলেছে হরিহরপাড়ায় ৩৩ কে.ভি. বিদ্যুৎ স্টেশন স্থাপনের সিদ্ধান্ত কয়েক বছর আগে সরকর করা সত্ত্বেও কাজ আরম্ভ হয় নি-একই ভাবে আমার কেন্দ্র গোবরডাঙ্গায় আপনি বলেছিটিনে এ শার্ট টাইম ৩৩ কে.ভি.ট্রাঙ্গফর্মার বসানো হবে-সেই কাজ আজও ডরু ই প্র উত্তর জানা আছে?

মিঃ ম্পিকার ঃ গোবরভাঙ্গার ব্যাপার হবে না।

শ্রী সূবত মুখার্জি ঃ আপনি ঠিকই বলেছেন যে বিদাৎ উদ্বন্ত হচ্ছে। চাহিদা থেকে ভাকশন ভাল, আমরা খুশি। ডাঃ মানস ভুঁইয়া যেটা বলছিলেন, তাসত্ত্বেও লোডশেডিং ছু কেন—সেটাও ধরে নিলাম যে এটা টেকনিক্যাল ফল্ট। কিন্তু গ্রামে দু-তিন দিন পর্যন্ত ভেশেডিং চলছে। এটা কিসের ফল্ট? অতীতে যেটা বলেছেন, এটা চুরির কারণে হয়। মার প্রশা হচ্ছে, দীর্ঘদিন ধরে চুরি হবে কেন? এটা বন্ধ হবে কিনা, আর বাইরে যেটা কু কাছেন সেটা কি হারে—কমার্শিয়াল হারে, না কি হারে?

তঃ শঙ্করকুমার সেন ঃ স্যার, আমি একটু সময় নেব। মাননীয় বিধায়কদের এটা জানা ্বার, এটা খুব ইন্টারেস্টিং প্রশ্ন। চাহিদা থেকে বেশি উৎপাদন হচ্ছে অথচ গ্রামেগঞ্জে. কাতার জায়গায় জায়গায় বিদ্যুত ব্যহত হচ্ছে। কলকাতায় থার্ড নভেম্বর থেকে আমরা ন্ত্রস্কিটেড পাওয়ার দিচ্ছি, প্রয়োজনমতো বিদ্যুত তাঁরা নিতে পারেন। আমার যেটা ু হয়েছে, গত দেড় দু বছর ধরে, বিশেষ করে সাওতালদিতে নতুন ভাবে বেশি করে নং উৎপাদন করতে শুরু করেছে। এটা আগে থেকে অ্যাপ্রিহেন্ড করা যায়নি। যারজন্য ্র ভিরিউশন লাইনে, বিশেষ করে ট্রান্সফর্মারের ক্যাপাসিটি বাড়ানোর যে ব্যাপার আছে ্রা থেকে সেটা আাপ্রিহেন্ড না করার জন্য কিছু কিছু জায়গায় ট্রান্সফর্মার ওভার লোডেজ ্যাচ্ছে। কিছু কিছু ট্রান্সফর্মারের যেমন ক্যাপাসিটি আছে—এটা ছোট হতে পারে আবার ;৫ হতে পারে—ধরুন, ৩৩ কে.ভি. সাব স্টেশন আছে, ৬টা থেকে সাপ্লাই দেওয়া যায়। মু ট্রাপফর্মার ওভারলোডিং হয়ে যাওয়ার জন্য ৪টাতে সাপ্লাই দিলাম, ২টা অফ করে গ্রাম। আবার দুটিতে সাপ্লাই দিলাম ৪টি অফ করে দিলাম। একে আমরা টেকনিক্যাল র্মে রোটেশনাল লোডশেডিং বলি। এটা কিছু কিছু জায়গায় হচ্ছে, কলকাতা শহরের কিছু ছু জায়গায় হচ্ছে। যার জন্য জনসাধারণের কাছ থেকে দাবি উঠেছে যে ৩৩ কে.ভি. র-স্টেশনগুলো তাড়াতাড়ি করা হোক। আমরা চেস্টা করছি, আমাদের বাজেট প্রতিবেদনে াখতে পাচ্ছি আমরা কতকগুলি সাবস্টেশন শুরু করেছি। অনেক জায়গায় অনেকগুলি সুবিধা নয়েছে। এছাড়াও সাব-স্টেশনের নৃতন লাইন টানতে হবে, চুরির ব্যাপারও আছে। টা ঠিকই ডিফিকাল্ট জায়গা নিয়ে যে শেষ প্রশ্নটা করলেন সেটার ব্যাপারে বলি রেটটা ক করে, ইস্টার্ন রিজিওনাল ইলেকট্রিসিটি বোর্ড, গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার এই সংস্থা তারা টার পুল রেট ঠিক করে। অন্যান্য স্টেটের সঙ্গে কি রেট হবে। যদি সন্ধ্যাবেলায় ২।৩ ইউনিট সাডেনলি বন্ধ হয়ে যায় তখন কিন্তু আমরা অন্যের কাছ থেকে পাওয়ার নিই, <sup>র একটা</sup> লেনদেন-এর ব্যাপার আছে, এটা ইস্টার্ন রিজিওনাল ইলেক্ট্রিসিটি বোর্ড ঠিক ্রে. বর্তমানে যেটা সেল করছি এটা হচ্ছে ৯৩ শতাংশ।

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ আপনি বললেন সারপ্লাস বিদ্যুত হচ্ছে তার জন্য অন্য জা পৌছানো হচ্ছে, কিন্তু গ্রামাঞ্চলে অনেকে বিদ্যুত-এর জন্য অ্যাপ্লাই করেছে কিন্তু নিকশন পাচ্ছে না, এই ব্যাপারে রাজ্যের মানুষের যে চাহিদা সেটা মেটাবার জন্য পনার এটা কি সারপ্লাস রাখা সম্ভব পর?

<sup>মিঃ</sup> স্পিকার ঃ এই প্রশ্নটা হবে না, এটা ওঠে না।

[5th April, 10

শ্রী তপন হোড় ঃ মাননীয় মন্ত্রী জানাবেন কি, আন্তার ফ্রিকোয়েন্সি র্যালির যে ব আপনার বিদ্যুত দপ্তর করেছেন যার ফলে কিছু কিছু এলাকায় ঘনঘন লোডশেডিং ; এটার সম্বধ্বে কিছু জানাবেন কি?

মিঃ স্পিকার ঃ নট অ্যালাউড, এটা হবে না।

### মৎস্য চাবে বিশ্বব্যাঙ্কের সাহায্য

- \*১৮৭। (অনুমোদিত প্রশ্ন নং \*৫২৪) শ্রী তপন হোড় ঃ মৎস্য বিভাগের মন্ত্রী মহা অনুগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) এটা কি সত্যি যে, রাজ্যে মৎস্য চাষ উন্নয়নে বিশ্বব্যাঙ্ক থেকে টাকা পা গিয়েছে; এবং
  - (খ) সত্যি হলে, (১) কত টাকা পাওয়া গিয়েছে; এবং (২) কোন কোন প্রক উক্ত টাকা বিনিয়োগ করা হয়েছে?

### **बी कित्रगमग्र नन्म ३**

- (ক) হাা
- (খ) )। বিশ্বব্যাঙ্ক ৯০ (নব্দুই) কোটি টাকা মঞ্জুর করার অঙ্গীকার করেছে; তারমাং
   ৭৭ (সাতান্তর) লক্ষ টাকা ছাড়ার আদেশ কেন্দ্রীয় সরকার থেকে গাল্
   গিয়েছে;
  - ২। সার্ভে ইত্যাদি প্রাথমিক পর্যায়ের কাজেও অন্যান্য প্রস্তুতির কাজে ঐ ট্রা খরচ হবে।
- শ্রী তপন হোড় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি কোন কোন প্রকল্পের ক্ষ্মে আপনি সার্ভে করার কথা বলছেন?
- শ্রী কিরণময় নন্দ ঃ এই প্রকল্পে মোট ১৭টি বিল এবং ৫টি নোনা জলের মংসাচারে ক্ষেত্রে শুরু করা হয়েছে। এই ১৭ টি বিলের মধ্যে ছগালি জেলায় কোল, দেকোল, নদীর জেলায় ছাড়িগঙ্গাঁ, পলদা, ভালুকা, বারো বিন ; মুর্শিদাবাদ জেলায় ভাভারদহ, বেলুন কুচবিহার জেলায় গড়াইনলীর চড়া, ঘোরাডোবা, ; উত্তর ২৪ পরগনায় সিন্দ্রালী, পেট্রাপেলি গোপালনগর, আকাইপুর, আগ্রেইল, পুন্তিপুর, বেরবাড়ী ; আর ৫টি চিংড়ি চাষের ক্ষেত্র হল-মেদিনীপুর জেলায় দীঘা, দাদনপাত্রবার, নয়াচর, দক্ষিশ ২৪ পরগণায় ক্যানিং দীঘির পাড়ি।
- শ্রী তপন হোড় ঃ এই যে সার্ভে করা হয়েছে, এই প্রকল্পগুলি রূপায়ণের <sup>ক্ষেত্র</sup> পঞ্চায়েত বা জেলাপরিষদকে কোন দায়িত্ব দেওয়া হবে?
  - শ্রী কিরণময় নন্দ**ঃ এই সার্ভেটা পুরোপুরি টেকনিক্যাল** সার্ভে, বিশেষ <sup>করে নেন</sup>

<sub>লর মংস্য</sub>চাবের ক্ষেত্রে, এ**ইগুলির ব্যাপারে বিশ্ব**ব্যাঙ্ক আর কেন্দ্রীয় সরকার ওরা নিজেরা <sub>স্থা</sub> ঠিক করে দিয়েছে কি ভাবে সার্ভে করা হবে আর যেগুলি হচ্ছে বিলে মৎস্য চাষ <sub>খানে মু</sub>ইজ গেট করা হবে, এটার টেকনিক্যাল সার্ভেটা আমাদের ইঞ্জিনিয়াররা করছে।

[11-20-11-30 a.m.]

ভাঃ মানস ভূঁইয়া ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ৯০ কোটি টাকা বিশ্বব্যাঙ্ক ক্ষেপ্ত্রির হয়েছে এবং আপনি পাবেন, এই পরিপ্রেক্ষিতে আমি জানতে চাই যে, আপনি জেলাগুলির প্রকল্পের নাম বললেন তাতে মেদিনীপুর জেলার একটিমাত্র প্রকল্পের নাম লেন, কিন্তু আমরা জানি মেদিনীপুর জেলা মৎস্যচাষের উপযুক্ত জায়গা, সূতরাং এখানে গুওলি প্রকল্প করেছেন?

শ্রী কিরণময় নন্দ ঃ মেদিনীপুর জেলায় ৩টি প্রকল্প নিয়েছি যথা দীঘা, দাদনপাত্রবার ং নয়াচর।

শ্রী সমর বাউরা ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, এইযে ৯০কোটি নি বিশ্বব্যাদ্ধ থেকে কেন্দ্রীয় সরকার মারফং পাওয়ার কথা এক্ষেত্রে যে সুদে টাকা ছেন তাতে কেন্দ্রীয় সরকারের কত পারসেন্ট সুদে নিচ্ছেন এবং আপনারা অর্থাৎ রাজ্য কার কে কত পারসেন্ট সুদে দিচ্ছেন?

শ্রী কিরণময় নন্দ ঃ কেন্দ্রীয় সরকার কত পারসেন্ট সুদে বিশ্ব ব্যান্ধ থেকে টাকা ছন তা রাজ্য সরকারের জানা নেই, তবে আমরা জেনেছি যে, কেন্দ্রীয় সরকার যে দর হারে টাকা নিচ্ছেন তার চেয়ে বেশি হারে আমাদের সুদের টাকা দিতে হচ্ছে।

শ্রী সুরত মুখার্জি : মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, আপনি বলেছেন ভালোই টাকা পেয়েছেন এবং অতীতে আপনি পাহাড়ে মংস্য চাবের কথা ঘোষণা রছিলেন এবং এখন শুনছি আপনি নদীতে মাছ চাষ করবেন, আমার প্রশ্ন হচ্ছে যে, পনি মাছ ছাড়ার প্রকল্প ঘোষণা করেছেন তা কি এই টাকার মধ্যে আছে? কারণ এই য় পি.এ. কমিটিতে আলোচনা হয়েছে যে নদীতে মাছ চাষ হলে গুনবে কি করে?

শ্রী কিরণময় নন্দ ঃ এই প্রকল্পগুলো কোথায় কোথায় হবে তা আমি পড়ে শুনিয়ে শম, এছাড়া যদি আলোচনা করতে চান তাহলে পরে উত্তর দেবো।

শ্বী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, এই যে 
ম্বাঙ্ক থেকে টাকা আসবে তার থেকে মালদহ জেলার সাগরদীঘি প্রকল্পের জন্য দেওয়া
বৈ কিনা, কারণ এই সাগরদীঘি প্রকল্পে অর্থাভাব চলছে।

m price}$  মাংগো গার্ডেন নম্ভ হয়ে গেছে। আপনারা গাছ কাটা নিষেধ আছে। গার্ডেন নম্ভ ্র হবে। আজকে হটিকালচার একটা সম্পদ, ৫০ বছর মানুষ করতে লাগে। এটাকে ্রাক্রমন কতথানি দিয়েছেন? কত জনকে ধরেছেন ফর ডেস্ট্রইং দি গার্ডেনস? আজকে ্রা আপনি একটু দেখকেন। আপনি জানেন, পৃথিবীতে ফলের বিরাট দাম আছে, আদার ্র প্রনস ফলের বিরাট ডিমান্ড আছে, ইন্ডিয়াতে ডিমান্ড আছে। ইন্ডিয়া ইজ সেকেন্ড ইন ূ<sub>বেই অফ</sub> ফুট প্রোডাকশন। আজকে বাগান ধ্বংস করে ফলের উৎপাদন করা যাবে না. হর পেছিয়ে পড়ব, ম্যাংগো ইজ আওয়ার প্রাইড, ম্যাংগো ফলের রাজা। আজকে ্রাগার্ডেন যদি ধ্বংস হয় কিছু হবে না। এটাকে প্রোটেকশন কত খানি দেবেন সেটা 🦟 জনাকে। আজকে শ্বাশান পর্যন্ত সি.পি.এম দখল করে নিয়েছে। কেওডাতলা নিমতলা ্ৰুদ্ধ বলে রেকর্ড আছে, সি.পি.এম দখল করে নিচ্ছে। খাস খতিয়ানে কতকগুলি গ্রেভিয়াড ের রেকর্ডেড, জমিদারের নামে রেকডেড, সরকারের হাতে বর্তেছে, এই গ্রেভিয়াড এবং শোনগুল বিভিন্ন পারপাসে দখল হচ্ছে। তাতে এক দিকে রিলিজিয়াস সেণ্টিমেন্টে হিট হতে অনা দিকে সংকার করার জন্য জায়গা পাওয়া যাছে না। আপনার কাছে কোনও হুল্লের আছে কিনা জানাবেন, আমি নিজে আপনাকে কমপ্লেন দিয়েছি তিনটি জায়গা ন্ত্র আপুনি স্টাট্টেরি অর্ডার দিলেন। যাইহোক এটা দেখবেন, তা না হলে সোসাল ্রিশ্ম বাডবে। ভাগাড় দখল হয়ে আছে। সি.পি.এম অজগর, তাই সব ভক্ষণ করতে পারে স্ট্রন্য করে যাছে। পসিবলি সেকশন ৩৯-এ আছে ল্যান্ড কনসোলিডেশন। আপনি গ্রন্দ হাস-মূরগীর অংশ আছে, তাতে ফ্রাগমেনটেশন অফ ল্যান্ড হয়ে যাচ্ছে। বোথ হিন্দু নাভ মুসলিম ল এটা আছে। হিন্দু ল তে আছে ইভিন লেডিস, ডটারস আন্ড ওয়াইভস 🕮 এনটাইটেল্ড টু দি ইনহ্যারিটেন্স। খ্রিস্টান ছাড়া এখানে সকলেরই এই ল আছে। ফলে ম্প্রেনটেশন অফ ল্যান্ড হয়ে যাছে। এতে কালটিভেশন এখানে মডার্নাইজেশন করা ম্পূর্বধা হয়ে যাছে। তা যদি না হয়ে থাকে ল্যান্ড কনসোলিডেশন বলে ল্যান্ড রিফর্মসে াকী বিধান ছিল, ৩৯এ সেকশনে ছিল। এই সম্বন্ধে প্রগ্রেস হয়েছে? আপনার বাজেট জনে কোথাও এর উল্লেখ নেই। ল্যান্ড কনসোলিডেশন সম্বন্ধে চিন্তা ভাবনা করছেন? <sup>মপনি</sup> স্বপ্ন দেখেছিলেন, ভূলে গেছেন। এই বিষয়ে সম্বন্ধে উল্লেখ নেই। এটা অ্যাবানডান্ড <sup>াই দি</sup> গভর্নমেন্ট, কারণ *ল্যান্ড কনসোলিডেশনে*র কোন প্রপোজাল নেই। প্রোগ্রেস কোথায় <sup>য়েছে,</sup> কোপায় মেশিনারী সেট-আপ হয়েছে এটা বলবেন। আমি আর একটা কথা বলতে 🏗 মহিষী বিনবা ভাবে ইন দি ইয়ার ১৯৬২ এখানে আসেন। উনি ভুদান আন্দোলন ম্বছিলেন। আই রিমেমবার আমি সেই সময় ডেপুটি মিনিস্টার ছিলাম, তখন ভূদান নিয়ে <sup>কেটা</sup> অর্ডিনেন্স হয়েছিল, সাবসিকুয়েন্টলী ইট ওয়াজ এ স্টাটুট। ভূদান এটা কি অ্যাবানডান য়েছে, এই আইন রিপ্লেড হয়েছে? এতো বছর পশ্চিমবাংলা জমি পায় নি, রেস্ট অফ জিয়া পেল? আপনার অ**ন্ধটা ঠিক কত? সেই জমি গুলি কি ভাবে ডিস্ট্রিবিউট হ**য়েছে। <sup>ছই সম্বন্ধে</sup> আপনার বয়ানে **উল্লেখ** নেই, বিবৃতি নেই। এটা আপনার কাছে জানতে চাই।

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমি বিশেষ ইয়েকটি ব্যবস্থার কথা তুলে ধরতে চাইছি। জমিটা কি, না, ইট ইজ এ নেগোসিয়েবল [2-30-2-40 p.m.]

আাসেটস এবং ল্যান্ড নট অনলি এ রিসোর্স বেস। এই নেগোশিয়েবল আচে আপনি কতথানি অ্যাপ্রিশিয়েট করার ব্যবস্থা করতে পেরেছেন? আমি আপনাকে ইরিণ্ডের কথা বলছি। আপনি এখানে বলেছেন টু দ্যাট এক্সটেন্ট ইরিগেশন ল্যান্ড হয়েছে। ১<sub>৭৪7%</sub> করে ইরিগেশন ল্যান্ড বাড়ছে। আবার এই কথা ঠিক, যেখানে ফ্লাড গ্রোটেকশনের বন্ধ নেই. সেখানে এর দাম নেই। এখানে মানিক ভৌমিক, এম.এল.এ., চিৎকার কর্নাছিলে ও ওখানে বোরো চাষ করেছেন চাষিরা কিন্তু কোনও জল নেই, দে আর নট গেটিং ওল্লাই চাষী তার সর্বস্থ খইয়ে সব ইনভেস্ট করে চাষ করেছে অথচ জলের কোনও ব্যবস্থা 📸 আপনি এখানে প্রোটেকশনের কী ব্যবস্থা করেছেন? ক্রপ ইনসিওরেন্স আজকে পাঞ্জার 😁 করতে পেরেছে, আপনি এখানে ইভেন ইন সিলেক্টিভ ওয়েতে ক্রপ ইনসিওরেন্ত্রে রন করতে পারেন নি। মানিকবাবর কথা আপনারা শোনেন নি। কিন্তু লক্ষ লক্ষ চার্যা বিষ অব দি ল্যান্ড বিকজ অব দি মননু বিহেভিয়র আজকে অসুবিধায় পড়েছে। আপুনি ৫% কী গারোন্টি দিচ্ছেন? এখানে ইরিগেশন শুধ ইরিগেশন হয়, ইট ইজ এ ইনপটে। ই ১ এ সাবসিতি। আপনি এখানে বলেছেন— ইউ উইল ক্যালকুলেট ১৭ একরের জায়গায় 🔀 একর। তাহলে এখানে কত জমি সার্প্লাস হয়ে এসেছে এটা দেখা দরকার। কারণ স্টা অব ল্যান্ড ইজ স্মল ইন ইরিগেটেড এরিয়া। আপনি কতজনকে ধরতে পেরেদ্র **সি.পি.এম'এর খাতায় নাম লিখিয়েছে ওরা, দে আর ফ্রি। কারণ সি.পি.এম.'এ**র খাতায় ন লেখালে ভগবানও দেখতে পায় না। আর একটি কথা বলতে চাই, আমি ব্রিটিশ আন্ত কথা উদ্রেখ করছি। ব্রিটিশ আমলে যে বক্তব্য রাখা হয়েছিল, আপনি তো জানে হর্ণ তো এই লাইনের মানুষ, আপনি আমাদের লোক ছিলেন, এখন ওখানে তপস্যা কর্মে আমি ২২৩ পাতা থেকে পড়ছি- The State of things there, and the peasant relations to the management (that is, to the proprietor) had therefore log been known to him. The relations of the peasants to the proprietor we such that the peasants were, to put it delicately, completely dependent of or to put it bluntly, slaves to, his management. This was not a him slavery such as that abolished in 1861, the slavery of certain individua to their master, but the slavery of the peasants as a whole who had I land or very little land to the large land holders as a whole, or to tho individual large land-holders among whom they lived. Nekhlyudov kne that; indeed, he could not help knowing it, estates depended and I himself supported such a method of managing estates. আমি ভধু আৰু কাছে জনতে চাই, আজকে ল্যান্ডের উপরে পজেশন হচ্ছে-এটা গিভ্স হিম সিঞি<sup>র্র্</sup> এই ফিলিংসটা তার আসে। আজকে এটা ট এনসিওর দি পজেশন আপনার পার্টি ইনটারফো করবে না, টু হোয়াট এক্সটেন্ট ইট হ্যাজ বিন পসিবল ? কারণ আপনাদেরই বস্তু<sup>বা, বা</sup> ল্যান্ড পেয়েছে দে হ্যান্ড গট এ সোস্যাল স্ট্রাটাস। নিজেরাই এটা মনে করছে। আগে ও ব্রাকাণ, ক্ষত্রিয়, শূদ্র ও বৈশা ছিল। এদের মধ্যে এখানে ব্রাক্ষাণরা চাষ করত না। তারা <sup>রো</sup>

্যের করাতো। জমির মা**লিক ভারা অ**ন্যকে দিয়ে চাষ করাতো, দে লিজ ইন আর্বান ্বাভ এ পজেশন টু স্টে দেয়ার ইন রুর্যাল এরিয়া। তাদের সম্বন্ধে আপনার ্বৰ ভাবনা চিন্তা আছে কি? দে আনে ডিপেন্ডেন্ট অন ল্যান্ড। দে হ্যাভ গট সাম আন্দার ন্তর্ক। আপনার এখানে আছে কিং শেষ কথা যেটা আমি আপনাকে বলতে চাই ্রেলান সম্বন্ধে আপনি জানেন যে কর্নওয়ালিশ ১৭৯৩ সালের চিরস্থায়ী বন্দোবস্তের 🖟 করেছিলেন। দি ভল্মুম অ্যান্ড দি সাইজ অব দি শিলিং অন ল্যান্ড রেভেনিউ ইজ हेक्ग्रान নাইদার ইট ইজ ইকুয়াল অর প্রোপোর্শনেট অ্যাকর্ডিং টু দি ইল্ড—আমাদের র প্রডিউস তত হয় না। জমিদার, এখানে সরকার, এই যে কোথায় ভ্যাকেশন আছে— ্র দ্রা এখানে নিষ্কর, এখানে নাখরা কোন জমি, কোন জমি আয়মা. এই জমির রুস্মানের কথা আপনি চিন্তা করেছেন? ল্যান্ড রেভিনিউয়ের ক্ষেত্রে সার্টেন ক্যাটাগরি **ঢ দিলেন এই ক্যাটাগরি বাদ দিলেন কেন? এক্ষেত্রে রেশনালাইজেশন করার কথা চিন্তা** 🖼 হরছেন কিনা সেটা দেখার দরকার আছে। ল্যান্ড রেভিনিউ কি ইউনিফর্ম, না এটা র্ক্তর্ম নয়। বরং র্যাদার ডিসপ্রোপরশোনেড। কাজেই আজকে আপনার র্যাশনালাইজেশন ্র ল্যান্ড রেভিনিউ এটা চিন্তা করা উচিত ছিল। মাননীয় মন্ত্রী মহাশয়কে আরেকটি শেষ ং র্বল, আশা করি উনি তার জবাব দিয়ে কৃতার্থ করবেন। আমরা জানি ট্যাকসেশন খ্য়ে ৬০ হাজার টাকা করে দেবেন। এখানে সেটা সম্ভবত ২৮ হাজার টাকা পারসোনাল কম ট্যাকস একজ্যাম্পশন হবে। আপনার কাছে প্রশ্ন এই সমস্ত কৃষি নির্ভর লোকেদের ্য আপনি কি ভাবছেন। ১৯৪৪ সালে যখন এগ্রিকালচারল ইনকাম ট্যকস প্রবর্তন হয়েছিল জ বোধহয় সীমা ধরা হয়েছিল আপটু থ্রি থাউসেন্ড এবং সেটা আজকে ১০ হাজারে ্রু বাঁড়িয়েছে। সেইকারণে আমি বলতে চাই যে, ট্যাকসেশন শুড বি ইমপারসোনাল **জ্বে আপনারা যেভাবে ট্যাকসের নিরিখে কাজ করেছেন তাতে যারা কৃষি নির্ভরশীল** দের ক্ষেত্রে এক রকম আর সাবসিডিয়ারি ভোকেশনাল তাদের ক্ষেত্রে এক রকম আর র্মিভিয়ারি ভোকেশনাল ভাদের ক্ষেত্রে আরেক রকম, এটা চলতে পারে না। সেইজন্য <sup>পনাকে</sup> বলছি যে, ইনকাম ট্যাকসের একসজ্ঞাম্পশন ল্যান্ডের মধ্যে যে ডিসক্রিপ্যানসি ্ব সেটা আগে ঠিক করুন, রেশনালাইজ করুন। এগ্রিকালচারাল সেক্টারকে যদি ট্যাক্স ে চন তাহলে সর্বক্ষেত্রে ট্যাক্স করুন, এমন কি ম্যানের উপরেও ট্যাক্স করুন। উনরি ইনকাম ট্যাক্স এক রকম, সিলিংয়ের ক্ষেত্রে আরেক রকম এবং এগ্রিকালচারাল ক্ম টাক্স আরেক রকম এ হতে পারে না। এই যে সিলিংয়ের অসমীচিন ভেদ রয়েছে ট আপনাকে দূর করতে হবে। আমি এই প্রসঙ্গে আরো জ্ঞানাই যে, আপনারা তো সব <sup>র উপরেই</sup> টাক্স করেছেন, বিদ্যুতের উপরে ট্যাক্স বসিয়েছেন, সিনেমার উপরেও হুস বসিয়েছেন। কোনদিন শুনব যে আপনারা বাতাসের উপরেও ট্যাক্স বসাবেন। বাতাস <sup>ত গেলেও</sup> ট্যাক্স দিতে হবে। মাননীয় মন্ত্রীকে একটি কথা বলি এই প্রসঙ্গে চার্চিলের <sup>া ফরণ</sup> করিয়ে দিতে চাই যে, উনি ইন্ডিয়ান ইন্ডিপেনডেন্স বিলের সময়ে বলেছিলেন উইন নট অ্যালাউ দেম টু টেক পাওয়ার। উই ক্যান্ট অ্যালাউ দেম টু টেক পাওয়ার <sup>দ্বি</sup> এভরিখিং উইল বি ট্যাক্সড। আজকে ট্যাক্সেসানের ক্ষেত্রে এই অসম ব্যবস্থা চালু

[5th April

থাকলে সোস্যাল একটা টেনশন থেকে যাচ্ছে, এটা আপনি অস্বীকার করতে পার্
প্রহারে আমি হেনরি জজের একটি কথা স্মরণ করিয়ে দিতে চাই। ট্যাক্দেন
আমরা তো একটা বিকাশশীল দেশ এবং সেই দেশের আপনি নাস্থার টু ইন দি কা
আপনি তো অনেক পড়াশুনো করেছেন। ওঁনার মতে আজকে ট্যাক্সের প্রয়োজনই।
আজকে শহরাঞ্চলে যেভাবে ভলিউম অফ ল্যান্ড হছেে সেখানে অ্যাপ্রিলিমেশনে
ভাবছেন কি? সেখানে এই প্রসঙ্গে হেনরি জজের একটি কথা স্মরণ করিয়ে দিতে চা
থেকে একশ ছয় বছর আগে, ১৮৭৯ সালে, সমাজবাদি হেনরি জর্জ (১৯৩৯—১৮
একখানি বই লিখে অক্স দিনের মধ্যে বিখ্যাত হয়ে যান। বইটির নাম ছিল 'প্রাপ্রেম হ
পন্ডার্টি'। তার প্রধান প্রতিপাদ্য ছিল শিক্স এবং নগরায়নের বৃদ্ধির সঙ্গে সঙ্গের অ
অক্তর্যক্রের বেড়ে যায়, জমির মালিকদের হাতে বিরাট অছের অনর্জিত উদ্ভর স্ব
এরফলে প্রগতির সঙ্গে দারিদ্র অঙ্গাঙ্গিভাবে জড়িত হয়ে পড়ে। হেনরি জর্জের প্রস্তর
থবাজনীয় টাকা আসবে, এবং অসাম্য দূর হবে।

### [2-40-2-50 p.m.]

আপনাদের তো র্যাশানালিষ্টিক সরকার, আপনারা কি এই লাইনে একট ভাবনে ভ তো আমরা কৃতার্থ হয়ে যাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি কথা করে শ্যান্ডের ব্যাপারে, আপনাদের এই ল্যান্ড রেভিনিউ আপট সেডেন পারসেউ। এই সঙ্গ কথা বলা দরকার ওয়েস্ট বেঙ্গলে এখনও there is people for multiple produc of multiple crop in agriculture. এগ্রিকালচারাল গ্রোডাকশন ক্যান বি মানীঃ মেনি টাইমস, আপনাদের অর্থনীতির রিফর্মসে আসছি, এটাকে সর্বশক্তি দিয়ে বাধা দিয়ে **प्रिटाम निर्देश मिर्टिस (तम मिर्टिस क्या मिरिटा प्राप्त अपनि प्राप्त क्या मिरिटा मिरिटा मिरिटा क्या मिरिटा मिरिटा क्या मिरिटा मिरिटा** শেয়ার অফ একসপোর্ট এগ্রিকালচারে জিরো। আমাদের এগ্রিকালচার বাজেটকে ডেম্<del>ডি</del> করছে শেয়ার অফ এগ্রিকালচারাল প্রোডাকটস ইন একসপোর্ট ইজ নিল। উই <sup>আর হা</sup> ইমপোর্ট ফ্রম আদার স্টেটস অ্যান্ড আদার রিপাবলিকস। আমাদের এখানে ভে<sup>ভেনপ</sup> আভ মডার্নাইজেশন করে দাস এগ্রিকালচারাল ক্রুপ ক্যান বি মালটিপ্লাইড 🕴 রিকোয়ারমেন্টস অফ দি ইমপোর্টিং কান্ট্রিস। আপনি জানেন পাকিস্তান বাসমতি <sup>চার চি</sup> विप्तरण १ मिनियान हैन। ভाরতের সেখানে শেয়ার মাত্র ২ মিলিয়ান টন, ওয়েস্ট <sup>ক্ষে</sup> নীল। আমাদের প্রাইস লেভেলে উই আর গেটিং ৭০০ ডলার। টাকার অঙ্কে আ<sup>মানে</sup> নেই টু হানড্রেড ডলার কোয়ানটাম। এখানে ওয়েস্ট বেজলের কণ্ট্রিবিউশন <sup>ইড</sup>ি আন্তকে একসপোর্টে একটা বুম এসেছে। গর্ভ্জমেন্ট ইজ ট্রাইং টু এনকারেজ একসং আমাদের এখানে এটা ভাল হবেনা জ্যোতি বস মুখ্যমন্ত্রী থাকলে। আজ<sup>কে চ</sup> ভেলেপমেন্ট করে এদের প্রপার গাইডেল দিয়ে, আজকে আমাদের এতিকালচার<sup>কে আম</sup> এক্সপোর্ট আইটেমে কেন নিতে পারবে না। আপনারা খালি খুলি থাকছেন ১২<sup>৮ টে</sup> টন গ্রোডিউস করে। আমাদের এপ্রিকালচারাল প্রোডাকশন **ভলিউ**ম দ্রেফ পণ্লেশ <sup>কর্</sup> ইনক্রিজ করেনি, নাইদার ইরিগোশন ফেসিলিটি হ্যাজ বিন মালটিপ্লাইড, সেধানে <sup>জ্ঞা</sup>

ক্রিকনিক অ্যাপ্লাই করে ল্যান্ড ইরিগেশন অ্যান্ড আদার ফেসিলিটিস অ্যাসিওর করে ্বার্মনা এক্সপোর্ট মার্কেটে বেতে পারিনা। অ্যাট লিস্ট উইথ সফিসটিকেটেড আইটেমস ন্ত্রিক সেন্টেড রাইস এখানে বাসমতি হয় কিনা তার কোনও উদ্যোগ হয়নি। এটার ক্রমাণ ল্যান্ড রেভিনিউ ডিপার্টমেন্ট নেবেন বলে আশা করছি, আমরা কিন্তু বলে যাছিছ ত্রপুরুরা যুতই গালাগালি করুন। মাননীয় উপাধাক্ষ মহাশয়, শেষ কথা আমি বলতে চাই. ্রে জমি নিয়ে আপনারা রাজনীতি করবেন না। বিগত বছরের বাজেট স্পিচের সঙ্গে এ করের বাজেট স্পিটের মধ্যে কোনও পার্থক্য আমরা দেখতে পাচ্ছি না। একেবারে র্ম্মরেওটাইপড়। আমাদের এখানে এগ্রিকালচার ইজ দি মেজার শেয়ার। এগ্রিকালচার উইদাউট <sub>লাভি</sub> হয়না। আজকে এই এথিকালচার ল্যান্ডের সঙ্গে জড়িত। এটাকে যদি মডানহিজ না <sub>রাবন</sub> এবং ল্যান্ডের অনিশ্চয়তা যদি দূর করতে না পারেন তাহলে হবে না, What will x? you must come out with your proposal including the howlers on igricultural produce আজকে আইনগুলো আপনি এখানে প্রয়োগ করেননি। আপনি লয়ের্স করেনন। এখানে রাজনীতির সংকল্প বাদ দিয়ে করুন। There is a percentage if people still below the poverty line. আনএমপ্লয়মেন্ট এখানে আছে। পাকিস্তানে করুন ফার্মার, আড়াই হাজার ঘন্টা কাজ করে। ইন্ডিয়ায় কত জমি তারা চাষ করে। It hould be taken as multiple instrument on a patential instrument. ীকে রিসোর্স বেসিস এবং eradication of poverty and generation of employnent sharing through global economy through Indian export system. এই মহান জানিয়ে, রাজনীতি বর্জন করে এখানে একটা কো-অর্ডিনেশন কমিটি করুন। এই মাশা রেখে আমি আমার বক্তব্য রাখলাম। যেহেত আপনি সর্বত্র ব্যর্থ হয়েছেন তাই এই <sup>নবিও</sup> বার্থ হয়েছে। ডান্ডার রায়ের স্বপ্ন, মহাদ্মা গান্ধীর স্বপ্ন বাস্তবায়িত করতে আপনি তিন খতে যে টাকা দাবি করেছেন তার সবগুলি বরান্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ ক্রছি।

শ্রী শ্রীধর মালিক ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী বিনয় চৌধুরি মহাশয় ভূমি ও ভূমি সংস্কার বিভাগের যে বাজেট এখানে পেশ করেছেন স্বাভাবিকভাবেই তাকে সমর্থন করে আমি দু-চারটি কথা বলতে চাই। স্যার, আজকে আমাদের কেন্দ্রীয় সরকারের যে জনবিরোধী নীতি সেই নীতির ফলে আজকে সারা দেশে সর্বগ্রাসী সঙ্কট শুরু হয়েছে, এবং যেভাবে এই সমস্যার সমাধান করা উচিত ছিল কেন্দ্রীয় সরকার তা করেননি। আজকে আমাদের পশ্চিমবাংলায় আমাদের এই দপ্তরের শ্রদ্ধেয় মন্ত্রী দীর্ঘদিন কৃষক আম্দোলনের নতা ছিলেন এবং তার সুচিন্তিত দৃষ্টিভঙ্গি এবং সারা দেশের মানুষের জনকল্যাণমুখী যে জি-ভাবনা তাকে বাস্তবায়িত করার ক্ষেত্রে যে পথ দেখিয়েছেন এবং ভূমি সংস্কারের মাধ্যমে সাধারণ খেটে-খাওয়া গরিব মানুষের হাতে জমি তুলে দিয়ে তিনি যে পথ দেখিয়েছেন শত্তি আমাদের কাছে আজকে তা সৌভাগ্যের বিষয়। আমরা নিশ্চয় ধন্যবাদ জানাব তার যে দুচিন্তিত যে মতবাদ বা মনোভাব এবং পশ্চিমবাংলা বামফ্রন্ট সরকারের যে নীতি সেই নীতি আজকে জাতীয় স্তরে এসে গোছে। আজকে কেন্দ্রীয় সরকার বাধ্য হয়েছেন এই

[5th April, 1991

নীতিকে মানতে। আমরা দেখলাম বিরোধী পক্ষের নেতা জয়নাল সাহেব যে বন্ধবা নাছের তাতে কিছু নেই। আমরা আশা করেছিলাম তার কাছ থেকে কিছু বন্ধবা আমরা ভার কিছু সমালোচনা আমরা ভারত। বিভিন্ন রকম ভাবে যে অসুবিধাণ্ডলো হছে সেইগুলা ভূধরে কিভাবে সমালোচনা করা যায় সেইসব কথা তিনি এখানে তুলবেন।

[2-50-3-00 p.m.]

কিছ আমাদের কাছে এটা খুব নিজ্ঞাভ হলেও অবশ্যই তার চিন্তাভাবনার মধ্যে ন খালা উচিৎ সেটাই তিনি বলেছেন। তিনি ডাঃ রায়ের কথা উল্লেখ করলেন এবং বল আমরা যারা তেভাগা আন্দোলন করেছিলাম এবং একের তিনভাগ দেবার কথা বার্লাচন क्रिशास्त्र खाः ताग्र वर्ष्णाष्ट्रस्यन एर अर्कत ठात छात्र वर्षा १ ९८-२८ म्पुडा इत <sub>धरः वि</sub> নাকি সেই কথা বলেছিলেন। স্যার, ওর কথা শুনে আমার ছোটবেলার সেই কথাটা । পড়ে যাছে— 'তাই তাই তাই, এ হাত দিয়ে ভাত থাই' অর্থাৎ ফাঁকা তালি ভে খাবারই থাকে না। সাার, ওদের সবিধা হচ্ছে যে ওরা কোনও কাজ করবেন না এক না করে কেবল বড বড কথা বলবেন। অবশ্য ওরা যে শুধু বড বড কথা বলতেই মহ সেটা আমরা জানি। ডাঃ আবেদিনও দেখলাম সেই কাজই করলেন এবং ওর দলের হ वक्क्या ताथरू भिरा भारे धकरे कथा वरन भारतन या, द्वारेयानातात कि रात ही ভূমিসংস্কার বিলের ফলে গরিব কৃষকদের ক্ষতি হবে, চা বাগান নম্ভ হয়ে যাছে, ক্র জমি রাখা হচ্ছে, স্মাশানের নামে জমি রাখা হচ্ছে, ভাগাডের নামে জমি রাখা হচ্ছে ইয় ইত্যাদি। খালি মেছোঘেরির কথাটা উনি বাদ দিলেন, উনি যদি দক্ষিণ ২৪পরগনার দে হতেন তাহলে আশা করি নিশ্চয় সেটাও বলতেন। আমরা কিন্তু জানি এইভাবে কে জমি রাখতে ডাঃ আবেদিনের দলই চিরকাল অভ্যক্ত এবং দীর্ঘদিন ধরে এই কার্ডই ং করে এসেছেন। উনি বললেন যে দ্বিতীয় ভূমি সংস্কার বিলের ফলে যে সমস্ত ভূমি। হছে তাতে নাকি সাধারণ কৃষকদের হয়রানি করা হছে। এই প্রসঙ্গে স্যার, আমি <sup>এব</sup> হিসাব বা তথ্য দিতে চাই। আমরা দেখেছি, ১৯৭০/৭১ সালে আমাদের রাজের : হোল্ডিং-এর সংখ্যা হচ্ছে ৪২ লক্ষ ১৬ হাজার ৩২৭। এরমধ্যে ১২।। একরের কম জ হোল্ডিং-এর সংখ্যা হচ্ছে ৪১ লক্ষ ২৫ হাজার ৯৫১ এবং ১২।। একর থেকে ১৭।। এ পর্যন্ত হোল্ডিং-এর সংখ্যা হচ্ছে ৫০ হাজার। আপনারা জানেন যে ১২।। একর পর্যন্ত ! এলাকায় এবং অসেচ এলাকায় ১৭।। একর পর্যান্ত জমি কোন হোল্ডিং রাখতে <sup>পার</sup> ষিতীয় এবং তৃতীয় ভূমি সংস্কার বিলে বলা হয়েছে যে জমির একটাই সিলিং <sup>হরে ধ</sup> সেটা কৃষি ও অকৃষি সমস্ত মিলে হবে। উনি ল্যান্ড আাকুইজিসনের কথা বলেছে <sup>f</sup> ল্যান্ড আকুইজিসন এবং জমিদারি দখল আইন-এরমধ্যে কোন ফারাক নেই। <sup>ল</sup> আাকুইজিসন আইনের মধ্যে কৃষি এবং অকৃষি সমস্ত জমির একটাই সিলিং-এর <sup>কথা</sup> হয়েছে কিন্তু পরবর্তী পর্যায়ে আমরা দেখলাম যে ওদের কেন্দ্রীয় সরকার জমিদারী দ पार्टेज्य मध्य अक्टा केंक त्रस्थ मिलन धरः पार्टेन कर्नालन स्य त्रिनिः-धर यो যতখুনি পুকুর, বাগান ইত্যাদি রাখতে পারবে। সেখানে দেবতার নামেও জমি রাখার বংশা

্র করে দিলেন। আমরা বলতে চাই যে ল্যান্ড অ্যাকুইজিসন অ্যাক্ট এবং জমিদারী দখল দ্র দটি হচ্ছে পরস্পরের পরিপৃষক। আমাদের পশ্চিমবঙ্গে সেই সুবাদে পদক্ষেপ নেওয়া হয়। তৃতীয় ভূমি সংস্কার বিল এনে সেখানে সেই উদ্দেশ্য আমরা সফল করেছি। আমি 📆 উল্লেখ করেছি যে ১২।। একরের কম জমির হোল্ডিং-এর সংখ্যা হচ্ছে ৪১ লক্ষ াং হাজার ৯৫১, এরা কিন্তু তাতে ক্ষতিগ্রস্ত হচ্ছেন না। সেখানে ক্ষতিগ্রস্ত হচ্ছেন তারাই ন্ত্র সংখ্যা হচ্ছে মাত্র ৪১ হাজার। যারা ফাঁকি দিয়ে জমি রেখেছে, বেনামে জমি হৈছে, বাগান, পুকুর, শাশান, ভাগাড়ের নামে জমি রেখেছে তারাই ক্ষতিগ্রস্ত হবেন। ্র আর্বাদন এদের আড়াল করতে চাইলেন। কাজেই দেখা যাচ্ছে যে শতকরা ৯৯ ভাগ 🕰 হারা এতে ক্ষতিগ্রস্ত হচ্ছেন না। ডাঃ আবেদিন তফসিলি জাতি এবং উপজাতিদের ্ধা কর জমি বিলি করা হয়েছে তা জানতে চাইলেন। ডাঃ আবেদিনের জানা উচিৎ যে re: ভারতবর্ষে যত জমি বিলি হয়েছে তার শতকরা ২০ ভাগ হচ্ছে পশ্চিমবাংলায়। হেলানবিশ কমিটির রিপোটি হচ্ছে, ২০ একর করে যদি পারিবারিক জমি দেওয়া যেত হংলে ভারতবর্ষে উথ্বন্ত জমির পরিমাণ হত ৬ কোটি ৩০ লক্ষ একর। কিন্তু সারা ভারতবর্ষের মুফুকে কি ছবি, ৪৯.৩৫ ভাগ বিলি করা হয়েছে, তাও সেইসব জমি আজকে সেখানে ্রা বিলি। সেই সব বেনামী বিলি। একমাত্র পশ্চিমবাংলা যেখানে মোট জমির আজকে ুদ্দের কম, ৩.৩৫ কি ৫০ ভাগেরে মত জমি এই পশ্চিমবাংলায় সারা ভারতবর্ষের মধ্যে ্য়েছে, কিন্তু সেখানে আজকে ২০ ভাগ জমি উদ্বস্ত জমি ভূমিহীন, গরিব মানুষকে বিশি 🗷 ংয়েছে, তার মধ্যে যে সমস্ত জমি অকৃষি বলে চিহ্নিত হয়েছে সেই সমস্ত জমিগুলোকে ্ব ভাবে বাবহার করা যায় তার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের পরামর্শ অনুযায়ী পঞ্চায়েতের শ্ঞ ফুলে দেওয়া হয়েছে। সেখান থেকে নুতন নুতন উৎপাদনের ব্যবস্থা হচ্ছে, সেখান ধ্রু রন সৃজন করে এবং অন্যান্য বিভিন্ন রকম পুকুর, বাগান ইত্যাদি করে সেখান ংকেও উৎপাদনের ব্যবস্থা হচ্ছে। এই ভাবে জমির সদব্যবহার হচ্ছে। কিন্তু বলতে চাই ই পশ্চিমবাংলার ২৭ ভাগ হচ্ছে শিডিউল কাস্ট এবং শিডিউল ট্রাইব মানুষের সংখ্যা, <sup>হ</sup>ে ৫৬ ভাগ মানুষ কে এই পশ্চিমবাংলার বুকেতে শিডিউল কাস্ট এবং শিডিউল ট্রাইবদের <sup>ে উদ্</sup>ও জমি দেওয়া হয়েছে কোথাও বলতে পারেন সারা ভারতবর্ষের বুকে? সারা ্রত্রের্যে যেখানে জমি ২৯ ভাগ মানুষের হাতে, ২৯ ভাগ কৃষকের হাতে, যারা ক্ষুদ্র এবং াঁরক কৃষক, সেই ক্ষুদ্র এবং প্রান্তিক কৃষকের সংখ্যা যেখানে ৮০ থেকে ৮৫ ভাগের মত ন্হ, তাদের হাতে সেখানে ২৯ ভাগ জমি। আর এই পশ্চিমবাংলার বুকে যেখানে এই <sup>৬ বছরের</sup> বামফ্রন্ট সরকারের সময়েতে সেই কাজকে ত্বরান্বিত করা গেছে, সেখানে জিকে এই হিসাব-এ মোট জমির ৬০ ভাগ আজকে ক্ষুদ্র এবং প্রান্তিক কৃষকের হাতে <sup>দুছে,</sup> যদি বর্গাদারের হিসাবটা করা যায়, সেখানে ১৮ লক্ষের মতো বর্গাদার, আজকে <sup>্দের</sup> হাতে জনি গে**ছে,** বর্গাদার রেকর্ড হয়েছে। তা যদি হিসাব করা যায় তাহলে <sup>ভিত্র ৭৫ ভাগ জমি হচ্ছে</sup> সাধারণ মানুষের হাতে গেছে। গরিব বর্গাদার, গরিব ক্ষুদ্র <sup>হক, গরিব জমির</sup> মালিক এবং ক্ষেত মজুর, ভূমিহীন গরিব কৃষক। তাই আজকে জাতীয় শ সমীকা থেকে বেরিয়েছে পশ্চিমবালোতে ৭৭ সালে জয়নাল আবেদিন সাহেবরা <sup>ক্তি পারেন, ৭৭</sup> সালে যথন সেখানে ৫৮ ভাগ মানুষ গ্রামবাংলায় লারিদ্র সীমার নিচে

[5th April, 195

বাস করত, কিন্তু পশ্চিমবাংলাতে বর্তমানে ৯২ সালে জাতীয় নমুনা সমীক্ষার <sub>যে রিচ</sub> তাতে বলা হচ্ছে এখানে ২৯ ভাগ মানুষ দারিস্ত সীমার নিচে বাস করছে। কি করে । সম্ভব হলোং স্যার, এটা তো আমাদের দেশ, কৃষিপ্রধান দেশ। শতকরা ৭৫ ভাগ দে ৮০ ভাগ মানুষ কৃষির উপর নির্ভরশীল, সেই সমস্ত মানুষরা বেশির ভাগ গ্রামে ক্র করে। কিন্তু যদি কৃষির উন্নতি না হয়, যদি ভূমি সংস্কার না হয়, যদি আজকে 🤊 বাবস্থা না হয়, যদি ভূমিহীন, গরিব কৃষক এর হাতে জমি না যায় যদি তাদের চ্চা সযোগ না দেওয়া যায়, তাহলে কি করে সম্ভব আমাদের দেশের অভ্যন্তরীণ বাজার 🐕 কি করে আজকে আমাদের দেশের দারিদ্র সীমার নিচে যে সমস্ত মানুষ বসবাস কর তাদের হাতে অর্থের জোগান হবে, কি করে সম্ভব আমাদের দেশের ক্ষুদ্র শিল্প 🚓 শিরের প্রসার ঘটবে. কি করে সম্ভব আমাদের দেশের কলকারখানার উৎপাদিত স্ক সেই সমস্ত সম্পদ সাধারণ মানুষ আজকে ক্রয় ক্ষমতার মধ্যে এসে সেইগুলো ক্রয় ক পারবে? সে পদক্ষেপই পশ্চিমবাংলার বৃকে আজকে নেওয়া হয়েছে। তাই আজকে <del>গতি</del> বাংলাতে এই কয়েক বছরের মধ্যে সাধারণ মানুষের অবস্থা, গ্রামের মানুষের অবস্থা আন পরিবর্তন হয়েছে। আজকে পঞ্চায়েতের কথা বলছেন, কিন্তু আমি বলতে চাই, আল্যা এই পঞ্চামেতের মাধ্যমে জমি বিলির ব্যবস্থা করা হয়েছে। এই পঞ্চায়েতের মাধ্যমে জফ্ সঠিক ভাবে সদব্যবহার করার ব্যবস্থা করা হয়েছে, এই পঞ্চায়েতের মাধামে জমি দ্বা ব্যবস্থা করা হয়েছে। গণমুখী কাজ করতে গেলে যদি জমিদার জ্যোতদারদের কাছ ংং জমি টেনে বার করতে হয়, যদি লুকানো জমি বার করতে হয় তাহলে এই কাজই কর হবে। তিনি ট্রাইবানালের কথা বললেন এবং ট্রাইবানালের এই ধরনের সমস্যার কথা বলকে কি**ন্ধ ট্রাইব্যুনাল** তো এই পশ্চিমবাংলার বিধানসভা থেকেই উত্থাপিত হয়েছে। এবং 🕫 আইনকে কার্যকর করার ক্ষেত্রে দেখা যাবে আরও ক্ষেত্রেক জমি যারা ইনজাংশন 🎾 আটকে রেখেছে—এই পশ্চিমবাংলায় দু লক্ষ আড্রাই লক্ষ্ণ একর এর বেশি জমি আজং ইনজাংশন দিয়ে জমিদার, জোতদাররা আটকে ক্লেইছে। সেই সমস্ত জমি যাতে ইনজাংশ দিয়ে আটকে না রাখতে পারে তারও একটা **স্কৃতিক পদক্ষেপ** এই ট্রাইবাুনালের <sup>মধ্যা</sup> নেওয়া হবে। তাই আজকে তারা চিৎকার করছেন। আমি বলতে চাই, আজকে এই পশ্চিমা লার বুকে জমির এই ব্যবস্থা, ভূমির যে সংস্কার এবং তার যে সঠিক ভাবে মানু<sup>রের হাট</sup> জমি যাবার যে ব্যবস্থা তার মাধ্যমে আজকে পশ্চিমবাংলার বুকে এই উন্নয়ন সম্ভব হয়েছে

[3-00-3-10 p.m.]

তথু জমিই নয়, উনি জমির পাশাপাশি সেচের কথাও বলেছেন। সমস্ত কিছু মিলিট আজকে পশ্চিমবাংলা একমাত্র জায়গা যেখানে মোট জমির ৩৪ ভাগে ফসল উৎপর হছে এক্ষেত্রে পশ্চিমবাংলা ভারতবর্ষের মধ্যে প্রথম স্থানে রয়েছে। এরপর হিতীয় স্থানে হরিটা এবং তৃতীয় স্থানে পাঞ্জাব রয়েছে। এটা কি করে সন্তব হ'লং যখন আমরা ১৯৭৭ সাট প্রথম কমতায় এলাম তখন আমরা এসে কি দেখেছিলামং জমি কি রবার নাকি যে চান্ট বাড়বেং জমি তো সেই একই জমি, সেই একই খানের জমি, একই আখের জমি, এই গ্রমের জমি। অথচ ১৯৭৭ সালে-ওঁদের সময়ে—পশ্চিম বাংলায় ফসল উৎপাদন হ'ল মা

<sub>টন।</sub> বর্তমানে তা বেড়ে হ**য়েছে** ১ কোটি ২৮ লক্ষ টন। ৫৩ লক্ষ টন খাদ্য শস্য ক্ষাৰ বৃদ্ধি পেয়েছে। কি করে সম্ভব হ'ল? স্যার, '৭৭ সালে আমরা যখন প্রথম দ্বাতি এলাম—আমরা গ্রাম গঞ্জে কাজ করি, তখন গ্রাম-গঞ্জে ওঁরা চিৎকার করে ্লে, জমি দেবে গরিব মানুষকে, যাদের দুটো ছাগলই নেই তারা লাঙ্গল, কোদাল, গরু ্রেমি চা করবে! 'ওঁদের বক্তব্য ছিল, গরিব মানুষকে জমি দেওয়ার অর্থ ফসল 📠 🚌 করা। জমিতে চাষ হবে না, ফসল উৎপাদন হবে না। সুব্রতবাবুরা ঐ সমস্ত ় তথন বলেছিলেন। অথচ আজকে পশ্চিমবাংলায় কোন জমি পড়ে থাকছে না। সব তেই চাষ হচ্ছে। এমন কি ওঁদের বেনামি যেসব জমি ছিল, ভাগাড়ের জমি, শাশানের ্পর্যন্ত আজকে দখল হয়ে গেছে এবং সে সমস্ত জমিতেও ফসল উৎপাদন হচ্ছে। ্রানও আজকে নতুন ফসলের সোনা ফলছে। এক বার নয়, দু'বার নয়, তিন তিন বার হু: বিশেষ করে আমাদের বর্ধমান জেলায় এই জিনিস আমরা লক্ষ্য করছি। আজকে र মাটি পরিক্ষা করে, মানচিত্র তৈরি করে চাষের ব্যবস্থা নেওয়া হচ্ছে। এই দপ্তর র দেই কাজ করা হচ্ছে। অথচ জয়নাল আবেদিন সাহেব বললেন, এই দপ্তর তুলে া হোক, এর আর কোনও প্রয়োজন নেই! অবশ্য উনি কেন এ কথা বলছেন তা ারে জান। ওঁদের যে বিভিন্ন লুকানো জমি আছে তা উদ্ধার যাতে না করা যায় তার নাই দপ্তর তলে দিতে বলছেন। আজও পশ্চিমবঙ্গে ৩৫ লক্ষ একর জমি ধরার সুযোগ ্রে মামরা যে পথ নিয়েছি সেই পথকে আজকে সারা ভারতবর্ষ স্বীকার করে নিয়েছি। ট মনতে বাধ্য হয়েছে। পশ্চিমবাংলায় আমাদের ভূমি সংস্কার মন্ত্রী মহোদয় এটা প্রমাণ ক্রেন যে, আমাদের ভারতবর্ষে গ্রাম উন্নয়নের ভূমি সংস্কারই হচ্ছে একমাত্র বিকল্প পথ। <sup>है</sup> পথে সাধারণ মানুষের ক্রয় ক্ষমতা বাডবে। খাদ্য-শস্য উৎপাদন বৃদ্ধির মধ্যে দিয়ে নর্ছাবনের উন্নয়ন সাধিত হবে। আজকে গোটা ভারতবর্ষে, জাতীয় স্তরে এবিষয়ে ঐক্যমত <sup>দ্বি</sup> হক্ষে। কেন্দ্রীয় সরকার এবং বিভিন্ন রাজ্য সরকারগুলি আজকে এটা মানতে বাধ্য উরো বলছেন, পশ্চিমবাংলা যে ভাবে কাজ করছে সেই ভাবে কাজ করা দরকার। র ঠারা কতটা করকেন, আমরা জানি না! আজকে স্বামী-স্ত্রীর একই সঙ্গে পাট্টার ব্যবস্থা <sup>বা হছে। শুধুমাত্র স্বামীর নামে পাট্টা থাকলে, স্বামী মারা গেলে স্ত্রী বঞ্চিত হ'ত, সেই</sup> <sup>দ্ব</sup> <sup>আবার</sup> সরকারের হাতে চলে যেত। যেহেতু স্বামীর ওপর নির্ভরশীল স্ত্রী সেহেতু ীধ পাট্টা দেবার ব্যবস্থা করা হচ্ছে। এ ছাড়াও ছোট চাষী, বর্গাদার, প্রান্তিক চাষীদের মে সার, বীজ, কৃষি ঋণ-গ্রামীণ ব্যাঙ্ক এবং রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের মাধ্যমে সরবরাহ করার পুল উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সেচের সুবিধা এবং ন্যায্য দামে ফসল বিক্রির ব্যবস্থা <sup>রা হছে</sup>। ভূমি সংস্কার থেকে শুরু করে কৃষি কার্যের উন্নতির জন্য পশ্চিমবঙ্গে বামফ্রন্ট ইন্যোগ আয়োজন চালাচ্ছে তা গোটা ভারতবর্ষের কাছে একটা দৃষ্টান্ত। খেটে খাওয়া <sup>নুর</sup>, কৃষক সমাজের জন্য আজকে অভ্যস্করীণ বাজার সৃষ্টি হচ্ছে। অর্থনৈতিক ক্ষেত্রে দুল পথ (দখা দিয়েছে। এর মূলে ভূমি সংস্থার। তাই আমি এই বাজেটকে সমর্থন করছি। শীয় মন্ত্রীমহাশয়ের বাজেট বক্তব্যের মধ্যে যা বলা হয়েছে তাই সঠিক পথ, সেটাই <sup>কিছু</sup> বর্থনীতি গড়ে জোলার পথ। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5th Apr **এ মানিক ভৌমিক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী ভূমি ও <sub>হ</sub> দপ্তরের যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন সেই বিতর্কে আমি অত্যস্ত বিনীডভাবে ক মাননীয় মন্ত্রী মহাশয়—পশ্চিমবাংলার রাজনীতিতে যে হালচাল চলছে তাতে মং একটি কথা মনে করিয়ে দিচ্ছে—ধৃতরাস্ট্রের রাজসভায় দুর্বোধন ও দুঃশাসনের ম বসে আছেন। দুর্যোধন ও দুঃশাসনের অত্যাচারে বিদুরের যেমন করার কিছু ছিল না মাননীয় মন্ত্রী মহাশয়ের ইচ্ছা থাকলেও, আন্তরিক সদিচ্ছা থাকলেও তিনি নিরুপায় ও দৃঃশাসনের চাপে। তাই ১৫ বছরের রাজত্বে পশ্চিমবাংলার হাজার হাজার এক ভূমির মুক্তি ঘটেনি, ভূমি পুত্ররা তাদের ন্যায্য অধিকার ফেরৎ পায়নি। আজ পার্টিরাজ কায়েম হয়েছে। সারা পশ্চিমবাংলায় লাল সন্ত্রাসের দৌরাছো, ক্যাডারের ভূমি সংস্কারের নাম করে পশ্চিমবাংলায় এক সর্বনাশা ব্যাভিচার চলছে। ভূতেরা য়ে নাম সহ্য করতে পারে না আমাদের বন্ধুরা দীর্ঘ ১৫ বছর ধরে আয়নায় যে মুখ তার বাইরে আর কিছু সহ্য করতে পারছে না। মাননীয় মন্ত্রী মহাশয় যে বার্ডে করেছেন তাতে রাজনৈতিক সফলতা আছে যতখানি, অর্থনৈতিক সফলতা ততর্কে পশ্চিমবাংলায় ভূমি সংস্কারের সাফল্য আছে বলে মনে হয় না এবং অর্থনৈতিক মাগ **এই বছল প্রচারিত ভূমিসংস্কার একটা ধাপ্পামাত্র। আমি বাজেট বই**য়ের বায়-বরাদ খ্ পড়ার সুযোগ পেয়েছি। আপনি এখানে বলার চেষ্টা করেছেন, ১২.৬৯ একর র্জ করেছেন। আবার বলেছেন, ৯.৩৯ একর জমি বিলি করেছেন। ২০.৫৪ লক্ষ ভূমিহীন যাদের মধ্যে শিভিউল কাস্ট এবং শিভিউল ট্রাইব আছে ১৯ জন তাদের ভূমি দি ২.৬০ কৃষি, মজুর, কারিগর, মৎস্যজীবী এরা বাস্তু স্বত্ব পেয়েছে। আমি অত্যন্ত কিটি বলতে চাই, এই ভূমি সংস্কারের ফলে পশ্চিমবাংলায় একর পিছু আয় শ্রমিক গিছু উ বেড়েছে কি? এই যে তথাকথিত ঢাক-ঢোল পিটিয়ৈ ভূমি সংস্কারের কথা বলা হ এতে একর পিছু শ্রমিকদের কোনও উৎপাদন বেড়েছে কি? বরং পার্টি রাজ, গার্টি স সেখানে শ্রমিকদের মানসিকতা নষ্ট করে দিচ্ছে। ফলে আমরা কি দেখতে পাছিং শ্রমি খরচা বেড়েছে কৃষি উৎপাদনে, কৃষি কাজ জ্বলাভজনক অবস্থায় পৌছে দিছে: উৎপাদনের জন্য যারা শ্রমিক নিযুক্ত করেন তাদের মধ্যে হতাশা আসছে। কৃষি কার্ড गृशीण श्ला ना।

# [3-10-3-20 p.m.]

কিন্তু অপর দিকে পাঞ্জাব, হরিয়ানা এবং অন্যান্য সেইটণ্ডলিতে অন্য চিত্র ক্রে পাছি। অত্যন্ত দৃংথের কথা, পশ্চিমবঙ্গ আজকে কৃষিতে উপ্থেগজনক অবস্থায় পৌষ্ট জন্য দায়ী পার্টি সন্ত্রাস। ১৯৭৭ সাল থেকে আজ পর্যন্ত কৃষিতে যে উন্নতি হয়েছে তারা ভূমি সংস্কারের কোনওরকম কৃষ্টিবিউশন ট্রেই। এরজন্য ভূমি সংস্কার কোনওরকম কৃষ্টি দাবি করতে পারে না। সেটা বলার ন্যুনতম অধিকার এদের নেই। আমি অত্যন্ত কিল্ক বলতে চাই, এই উৎপাদন বৃদ্ধির কারণটা কি? কারণটা হচ্ছে, মানুষ নিজের তালি আজকে উচ্চ ফলনশীল ধানের চাষ করছেন, বিভিন্ন মৌসুমে বিভিন্ন প্রকার ফসনের চ

🚒 উন্নত প্রথায় চাষ করছেন, কিটনাশক ওষুধের ব্যবহার হচ্ছে, ভূগর্ভত্ব জলের ন্তুর হচ্ছে এবং সর্বোপরি তারা ব্যান্ক থেকে খণের সুবিধা পাচ্ছেন। এই সমস্তই কেন্দ্রীয় র্মার ফলে হচ্ছে এবং তারজন্য আজকে ফলন বেড়েছে। আজকে এরা ভূমি সংস্কার দাছ কৃতিত্ব দাবি করেন এবং এর দ্বারা রাজনৈতিক মুনাফা অর্জনের এবং ভোট ব্যাছ ত্রবার চেষ্টা করেন। কিছ আজকে যখন আমি এই হাউসে এসব কথা বলছি তখন ্রের নির্বাচনী এলাকার ৮,১৫০ একর জমি শুকিয়ে কাঠ হয়ে গেছে। সেখানকার মানুষের গুরুষ হল, তারা কংগ্রেস এম.এল.এ. কে তাদের প্রতিনিধি করে পাঠিয়েছেন এবং তারজন্য ভূকে ময়নার ৮,১৫০ একর জমি শুকিয়ে কাঠ হয়ে গেছে। এরাই আবার কৃষি বিপ্লবের ে বলেন! ভূমি সংস্কার কৃষি উন্নতির প্রাথমিক শর্ত, প্রয়োজনীয় শর্ত, কিন্তু যথেষ্ট শর্ত ্রভান সংস্কার নেশেসারি কন্ডিশন হতে পারে, ফান্ডামেন্টাল কন্ডিশন হতে পারে, কিন্তু র্ফান্যান্ট কন্ডিশন নয়। সাফিশিয়েন্ট কন্ডিশন হল উন্নত প্রযুক্তি, নিয়মিত সেচ, উপযুক্ত इ शहारा, नहारा भूला उँ९भामिज रूमन जन्म, विभनन वावसा धवः रूमन-विमा। किस्त ছত্রে পশ্চিমবঙ্গে আমরা কি দেখছি? আমরা দেখছি, বামফ্রন্ট সরকার প্রতিটি ক্ষেত্রে ্শর্ত পালনে বার্থ হয়েছেন এবং আর্থিক দৈন্যদশাই হচ্ছে তার মূল কারণ। আমরা যারা াল বেল্ট থেকে নির্বাচিত হয়ে এসেছি তাঁরা দেখছে, পশ্চিমবঙ্গের রুর্যাল এলাকায় চ্চড়কে ল' আন্ড অর্ডারের যে সমস্যা সৃষ্টি হয়েছে তার ৯০ পারসেন্টই হচ্ছে ল্যান্ডকে হরে একটা উদাহরণ দিয়ে বলছি, পিংলা থানার দুই কিলোমিটারের মধ্যে শেখ মকবুল ালন একজন রেকর্ডেড বর্গাদার এবং তিনি ছিলেন সি.পি.এম. এর লোক। কিন্তু পার্টির <sup>হিক্</sup>দ্ধে মুখ খুলবার জন্য তাকে সাসপেন্ড করা হয় পার্টি থেকে। পরে সে মারা যাবার পর াইলোটের রায়ে তার ছেলেরা তার জমিতে বর্গা রেকর্ড পান। গত বছর তারা যখন সেই র্ছমতে চাষ করতে যান তখন সি.পি.এম. এর নেতৃত্বে এক বিশাল বাহিনী তাদের উপর পিয়ে পড়ে এবং লাঠি চালিয়ে পিংলার মাটি লালে লাল করে দেয়। এর বিরুদ্ধে ভারা পালা থানায় নালিশ করতে গোলে তারা পিংলা থানার একশ মিটারের মধ্যে ২০টি দোকান ্ট করে নেয়। এইভাবে ১৫ বছর পরে যে অত্যাচার চালানো হচ্ছে এটা পশ্চিমবঙ্গের ্রুর ক্ষমা করবেন না। ১।।, ২ মাস আগের ঘটনা, নির্দ্দিষ্ট অভিযোগ। সে পাট্টা পেয়েছে, <sup>্জনা</sup> দিয়েছে, তার রসিদ আ**ছে তা**র কাছে। কিন্তু পঞ্চায়েত নির্বাচনের প্রাককালে সি.পি.এম-<sup>র নূটে</sup>রা বাহিনী তার সেই জমিতে ঝাঁপিয়ে পড়ে তাকে রক্তাক্ত করে দিল। মাননীয় <sup>মাক মহাশয়,</sup> আমি এখানে এই কথা বলতে চাই যে যাদের পাট্টা দিয়ে *অরা ক্রেডিট* <sup>ার</sup> করছেন, তারা কিন্তু তাদের অন্যান্য ন্যুনতম শর্তগুলি প্রণ না হওয়ার জন্য পূর্বের নিস্থার খেকে গেছে। এই পা**ট্রার ব্যাপারে পঞ্চারেত** সংগঠন, কৃষক সংগঠনে সরাসরি <sup>বরুনারি</sup> বেড়েছে। তার **ফলে আমরা দেখছি যে কেন্দ্রীয় স**রকার যে টাকা দি**ছে তা**র ৮৬ <sup>রিনেট-এর</sup> বেশি দালালদের পকেটে চলে যাচেহ, তার বেনিফিসিয়ারিরা মাত্র ১৩ পারসেট <sup>ছিছে। আজ</sup>্ব এদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে না। আজকে খাদি এদের <sup>ক্</sup>ছে বাবস্থা নিতে হয় **ভাহলে আপনাদের ভোট বাক্স যে পক্ষায়েত সেটা বিকল** হয়ে <sup>রুর। আমরা</sup> ছোট বেলার একটা গঙ্গ শুনেছিই সেটা হচ্ছে, ছেলে ঘুমালো, পাড়া জুড়লো, <sup>গী জন</sup> দেশে, বু**লব্লিডে ধান খেয়েছে খাজনা** দেব কিসে। কাজেই এটা অগারেশন বর্গা

নয়. এটা অপারেশন বর্গী। আপনারা অপারেশন বর্গার নামে নৃতন করে বর্গীর আ প্রামবাংলার নামিরেছেন। এই কৃতিত্ব ইতিহাসে প্রথম, এই দাবি করেছেন। পশ্চিমন মানব বর্গীর হামলার কথা জানে। আজকে পশ্চিমবাংলায় নৃতন করে আপনারা ব্যান্ত দিয়েছেন. ইতিহাসের পুনরাবৃত্তি করেছেন। আজকে পশ্চিমবঙ্গে রেকর্ডেড বর্গা কর 🖢 করা হয়েছে? আমি দায়িত্ব নিয়ে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলছি, আপনি দয়া করে য করুল তাহলে সঠিক তথ্য জানতে পারকো। আমি এখানে আর একটা কথা বলতে s আগনি ১৮ অনুচ্ছেদে বলেছেন যে উন্নয়ন প্রকল্পের জন্য আগনারা জমি গ্রহণ কলে কয়েকটি বডবড ক্ষেত্রে হলেও, আমি অত্যন্ত নির্দিষ্ট ভাবে বলতে চাই যে তমলুর: ভারতের জাতীয়তাবাদি আন্দোলনের পীঠছান। সেখানে রেল স্টেশনের পাশে উন্নয়ন ক করার জন্য ২৫ লক্ষ টাকা বিশ্বব্যাক্ত থেকে এসে পড়ে আছে, কিন্তু জমি অধিগ্রহণ: হয়নি। ১৫।।১৬ বছর বিশ্বব্যাঙ্কের এই ২৬ লক্ষ টাকা কাজে লাগানো সম্ভব হতে তমলুকে বছরে ৪ কোটি ৪।। কোটি টাকা যেখানে পানের বাজারে লেনদেন হয় সে এই মার্কেটের অভাবে পান চাবিরা মার খাচ্ছে। কাজেই এই বাজেটের বিরোধিতা ? আমার বক্তব্য শেষ করছি।

**ৰী শৈলেক্তনাথ মতল ঃ** মাননীয় উপাধ্যক্ত মহাশয়, ভূমি ও ভূমি সংস্কার বিভা ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে বাজেট বরান্দ এখানে রেখেছেন, আমি তাকে সমর্থন রুদ এবং সমর্থন জানানোর সঙ্গে সঙ্গে একথা বলতে চাই যে, এই বাজেট ভাষণ সং माननीम विद्यारी मरामत्र मामगाता धवर विराय कदा विद्यारी मरामत राजा मीर्घका তথ্যের মাধ্যমে বোঝাতে চেষ্টা করেছেন যে আমাদের রাজ্যে এই দপ্তরের কাজকর্ম: হমেছে, পাশাপাশি একটা বিষয়ে তিনি অত্যন্ত শুরুত্ব সহকারে দেখাবার চেষ্টা করেছে ভারতবর্ষে ভূমি সংস্কার অর্থ—পঞ্চারেতি রাজের ক্ষেত্রে মহান্দা গান্ধী, জওহরলাল নত বিধানচন্দ্র রায়, এটা তালের স্বশ্ধ ছিল। যে.এই স্বশ্ন নিশ্চিত ভাবে ছিল। অনেক. 🕫 নিশ্চিত ভারতের জাতীয় কংগ্রেসের নেতাদের সাধারণ গরিব মানুষের স্বার্থে, সাধারণ গ

[3-20--3-30 p.m.]

मानुरका मक्क সाधत जात्मत किंहू हिंखा कायना थ काञ्च व्यादः। किंह व्याग्र <sup>मूर</sup> এবং পরিভাপের সঙ্গে বলতে হয় এই স্থা যদি স্থান্ট থাকে তাহলে দেশের সা মানুবের, দেশের জনগণের কি আনে যায় ? তাঁদের যে স্বস্থ ছিল সেটা স্বপ্ন রূপে টে গেছে। তাকে বাজবায়িত করার ক্ষেত্রে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার কার্যকর ভূমি<sup>কা \$</sup> করেছে। কার্যকর ভূমিকা গ্রহণ করতে গিরে যে অনুবিধা এসেছে বিভিন্ন সময় তার <sup>পরিব</sup> ঘটিয়ে প্রামের মানুষের সার্বিক উল্লয়নের ক্ষেত্রে কাজে লাগিয়েছে এই বস্তব্য মাননীর <sup>1</sup> महाना छोत वारको वरकरवात मर्सा छैटाम करतरका। मात्र, और विवरत रा कथा छै করতে চাই ডা হল রাজ্যে ভূমিসংস্থারের ক্ষেত্রে রাজ্য সরকারের যে দৃষ্টিভঙ্গিকে বার্জ্য করতে গিরে আমরা আমাদের রাজ্যে যে উদ্ভ জমি সাগ্রেছ করা হয়েছে এবং বিশি হরেছে সেই ব্যাপারে তথা দিলে এই কথা জোরের সঙ্গে কাভে পানি বে ভূমিনার্থ ত্ত সারা ভারতবর্ষের মধ্যে নিশ্চিত ভাবে আমাদের রাজ্য দৃষ্টান্ত স্থাপন করেছে। কারণ রা দেবতে পাই ১৯৯২ সালের সেপ্টেম্বর মাস পর্যন্ত এই রাজ্যে ১২.৬১ লক্ষ একর া স্মকারের হাতে এসেছে এবং তার মধ্যে আমরা ১.৩১ লক্ষ একর জমি ২০.৫৪ লক্ষ ন্তু মধ্যে বিলি করেছি। এই বিলিকৃত মানুষের মধ্যে অধিকাংশ মানুষ তফসিলি জাতি । উপজাতি সম্প্রদায় ভূক্ত মানুষ। অর্থনীতির দিক থেকে নিশ্চিত ভাবে তারা পেছিরে া মনব। এই জমি বিলি-বন্টন করার ফলে তালের হাতে জমির অধিকার ওধু কাগজে ্য অধিকার বর্তায় নি, জমি চাব করার অধিকার এবং সুযোগ নিশ্চিত ভাবে আছে বে ৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত কংগ্রেস আমলে কিছু কিছু অনুষ্ঠানের মারকত <sub>মীয় মন্ত্রী</sub> মহাশয়রা পাট্টা বিলি করতেন, এই পাট্টা বিলি বন্টনের ক্ষেত্রে এই কাগ**ল**টা ঃ গ্রামের মানুষ পেয়েছে কিন্তু জমির অধিকার তারা পায় নি। কিন্তু আজকে আমরা এই ্রা অতান্ত জোরের সঙ্গে বলতে পারি যে নানা ঘাত প্রতিঘাতের মধ্যে দিয়ে. নানা বাধার । होन হয়ে আমরা প্রতিরোধ করেছি, প্রামের মানুবের হাতে জ্বমি তুলে দিয়েছি। মাননীয় দ্য অপারেশন বর্গার কথা বলছিলেন। অপারেশন বর্গার মধ্যে দিয়ে একজনকে সহজে দার হিসাবে চিহ্নিত করণ, তাকে কর্গাদার হিসাবে রেকর্ড করানো—কারণ এই রেকর্ডের রুই নর্ভর করে ব্যান্ধ ঋণ ও অন্যান্য সরকারি সুযোগ সুবিধা পাওয়া যায়—ইত্যাদি রা নিশ্চিত ভাবে মনে করি যে সামগ্রিক ভাবে ভূমি-সংস্কারের ফলেই এটা সম্ভব ছে। সামগ্রিক ভাবে ভমি সংস্কারের ফলেই আমাদের রাজ্যে কৃষি উৎপাদন বৃদ্ধি পেয়েছে। রু ক্ষেত্রে যে উন্নতি ঘটেছে সেটা সম্ভব হয়েছে। মানিক বাবু উল্লেখ করছিলেন যে াব, হরিয়ানা এবং তামিলনাডর পিছনে আমরা আছি। এই প্রসঙ্গে কি আমরা এই কথা ্য পারি না যে সেচের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের বঞ্চনার কথা? পশ্চিমবঙ্গে বড় বড় া ধকরকে যদি কার্যকর করা যেত, কেন্দ্রীয় সরকারের বাধা যদি না পাকত তাহলে রা পাঞ্জাব, হরিয়ানা ও তামিলনাড়র জ্ঞায়গায় যেতে পারতাম, আমাদের উৎপাদন বেশি ্য পারত। তিনিচ উচ্চ ফলনশীল চায় হওয়ার ফলেই নাকি এখানে কৃষির উৎপাদন ভূচে বলে উল্লেখ করলেন। কিছু আমাদের রাজ্যে যে জল ছিল তা চাবের কাজে <sup>হারের</sup> ক্লেরে চাবিরা কি কংগ্রেস আমলে সুযোগ পেত? আমাদের সময়ে পঞ্চায়েতি <sup>ছার মধ্যে</sup> দিয়ে, আর্থিক সুবিধা দিয়ে ঐ জলকে চাষের কাজে ব্যবহার করার ক্ষেত্রে াৰ আমরা সুযোগ করে দিতে পেরেছি, যারফলে কৃষকের সামনে চাষ করার সুযোগ <sup>হরেছে।</sup> তাই কৃবি ক্ষেত্রে বে উন্নতি ঘটেছে এটা সামগ্রিক ভাবে ভূমি<del>সংভার-এ</del>র <sup>র পারস্পরিক ভাবে, অন্নালিভাবে যুক্ত এটা আমরা বলতে পারি। ভূমি **লংভারে**র</sup> মে কৃবিক্ষেত্রে উন্নতির সাথে সাথে উন্নত ধরনের বীজ সার প্রয়োখ-এর যে শিক্ষা, নানা नि मत्या मिरा चाकरक भन्तिमनरक कृषित छैरशामन वृष्टि भरतार अनुर अण जिल्लात । একটা রেকর্ড সৃষ্টি করতে পোরেছে। কৃষিক্ষেত্রে যে উমতি হ*রেছে, সা*রা ভারতবর্তের ৰক্ষী যে একটা জায়গায় গাঁড়িয়েছে এটা সম্ভব হয়েছে একটা ৃদৃষ্টি জনিয় প্ৰা দৰেজের মধ্যে দিরে উৰ্ভ জমি সাধারণ কৃষকের হাতে আমরা যদি ভূলে দিতে না <sup>ত্রম</sup> তাইলে জমি থাকত কিন্তু উৎগালন বাড়ত না। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার এটা <sup>হ</sup>ে। সার্বিক ভাবে ভূমিসংস্থারের ক্ষেত্রে সারা ভারতবর্বের মধ্যে যে নীতি এবানে

্রেণে আপনারা সমালোচনা করন। কিছু অপারেশন বর্গায় বর্গাদারদের মালোচনা লাশাপাশি সেটেলমেন্টের যে কাজ আমধ্য করিছে আমি সমকারের হাছে আমি বর আমাদের দৃষ্টান্ত অনুসরপ করেই করেছে। ব কাজ আমাদের দৃষ্টান্ত অনুসরপ করেই করেছে। ব কাজ ব্যবস্থার মধ্যে নানা ক্রটি আছে, প্রশাসনিক অসুবিধা ও দুর্নীতি আছে, ক্র থেকেও আমাদের রাজ্যে যে কাজ হয়েছে ভূমি সংস্কারের যে দৃষ্টান্ত আছে আম রেখে আপনারা সমালোচনা করন। কিছু অপারেশন বর্গায় বর্গাদারদের মধ্যে পাট্টা ব নাজারবিহীন যে কাজ আমরা করতে পেরেছি তাকে সামনে রেখে সমালোচনা লাশাপাশি সেটেলমেন্টের যে কাজ শুরু ইয়েছে, মন্ত্রী মহোদয়ের কাছে আমি ব্যক্তানাতে চাই, এই কাজ আরও বেশি প্রত্তার সাথে করা দরকার।

[3-30-3-40 p.m.]

কিছু কিছু প্রশাসনিক স্তরে দেখা যাচেছ যে, বিভিন্ন পঞ্চায়েতের যেসর <sub>আছিব</sub> আছেন বা কর্মচারী আছেন তাদের মধ্যে এই ব্যবস্থাকে বানচাল করে দেওয়ার : প্রবণতা দেখা বাচ্ছে। একটা পরিষ্কার পরিচ্ছন্ন ব্যবস্থার মধ্যে তারা কিন্তু নানাভার গরিব মানুষ জমির বিষয়বস্কু সম্পর্কে সেরকম ওয়াকিবহাল নয়, তাদেরকে নানাভারে গ্রহ করছেন। ওইসব গরিব মানুষদের অধিকারকে লিপিবদ্ধ করার ক্ষেত্রে আমি মান্দীয়ে ছ অনুরোধ করব তিনি যাতে সেটেলমেন্টের যে কাজ শুরু হয়েছে সেই কাজকে সক যাতে হয় সেইদিকে দৃষ্টি দিতে হবে। বিভিন্ন পঞ্চায়েন্ডের যেসব প্রতিনিধি আফে उ সেইদিকে দৃষ্টি দেবেন, যাতে জনগণ তার সুযোগ সুবিধা পায় সেইদিকে নজ্ঞ 🗭 নানা ধরনের যে সমস্যা আছে সেগুলোর মোকাবিলা করতে হবে এবং প্রশাসনিক সেওলো দুর করতে হবে। দরকার হলে তদন্ত করে যথোচিত শান্তির ব্যবস্থা দিতে! সর্বশেষে আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে যে, এই দপ্তরের যে দৃটি অফিস আছে গ একটা অফিসে রূপান্তরিত করা হয়েছে যাতে **এর**ম্বারা প্রামের মানুষরা সহজে <sup>কাচ</sup> ্র পারে, সেই সুযোগ সুবিধা যাতে গ্রামের লোকেরা পায় সেইদিকে দৃষ্টি দিতে <sup>হরে।</sup> সংক্রোন্ত যেসব কাজ আছে তা গ্রাম পঞ্চায়েত লেবেলে আর আই অফিসে স্থানার্ডরি হয়েছে। মানদীয় মন্ত্রীকে অনুরোধ করছি যে, গ্রাম পঞ্চায়েত এলাকাতে প্রশাসনিক <sup>নুত্র</sup> অফিসগুলো আছে সেগুলো ঠিকমতো তাদের ভূমিকা পালন করছে না। আমার <sup>বিবাদ</sup> কেন্দ্ৰ পাঁচলাতে যে বাড়ি তৈরি হয়েছে সেখানে অফিস এখনো বসেনি, ফলে <sup>এতে ক্ল</sup> মানুষের খুবই অসুবিধা হচছে। বহু অফিসছর ভৈরি হরেছে, সেই অফিসের জন <sup>র</sup> অফিসার এবং কর্মচারী যারা নিযুক্ত হয়েছেন তারা নিয়মিত অফিসে আসে না গ্রামের মানুব এর সুবোগ থেকে যক্ষিত হকে। সুভরাং এই ব্যাপারে দ্রুত পদকের নে সমকার বাতে সমান্ত জায়গাতে এই ধরনের **অফিস মান্ত চালু হ**তে পারে। এই বা প্রয়োজনীয় ব্যবস্থাও নেওয়া দরকার। তারণারে আর্মে ফেস্ফ তহনিলদার বা ধার্লা এখন তার পরিবর্তন হরে সরকারি পরিকর্মনা মতে তার সরকারি কর্মচারী হিসাবে নি হরেছেন। আজকে প্রামের মানুষরা এই খাজাকিলের হাত বৈকে রেহাই পেরেই

হুণ কিন্তু বহুক্ষেত্রে দেখা যাচ্ছে যে, কর আদায়ের ক্ষেত্রে প্রশাসনিক স্তুরে নানারকম তি আছে, সেগুলো দূর করতে হবে। বছক্ষেত্রে গ্রামের ভূমিহীন কৃষকরা তাদের যে স্পৃতি আছে সেই সম্পত্তির যে কর সেটা তারা দিয়ে দিতে চায়, কিন্তু কাকে কর ্রুন্ত্র একটু গাফিলতি দেখা যাচেছ। কর যাতে সময়মতো আদায় হয় সেইনিকে ় ত হবে। এই ব্যাপারে সরকারের বিশেষ উদ্যোগ নেওয়ার প্রয়োজন। সময়মতো কর ্র নেওয়ার জন্য বছ করের বোঝা জমা পড়ে যায় এবং গরিব মানুষের পক্ষে 🤋 এই কর দিতে বিশেষ অসুবিধা হয়ে যায়। এই যে বহু ট্যাক্স বকৈয়া থেকে ুই ব্যাপারে প্রশাসনিক ভবে ব্যবস্থা গ্রহণ করার আবেদন জানাচ্ছ। তবে এত ্র সত্ত্তেও দেশের যেটুকু উন্নতি ঘটেছে সেটা বামফ্রন্ট সরকারের জন্যই ঘটা সম্ভব বং এটা নিশ্চয় একটা আনন্দের খবর। সূতরাং যেভাবে আজকে পশ্চিমবঙ্গের ্র সরকারের সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে ভূমিসংস্কার ব্যবস্থার নীতিকে কার্যকর করা दुर्श्रीय সরকারের বঞ্চনার মধ্যে দিয়ে তার জন্য বামফ্রন্ট সরকারকে ধন্যবাদ জানাচ্ছি। ক্ষের ভূমিসংস্কার ব্যবস্থার মধ্যে দিয়ে বর্গাদারদের পাট্টা দেওয়া শুধু নয় তাদের হকে ছিরিকত করার মধ্যে দিয়ে সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে, সেচের মধ্যে দিয়ে গর্মের উন্নতি সাধন করা সম্ভবপর হয়েছে, এটা সম্ভব হয়েছে সরকারের ভূমি-রু জন্য। তাই এই সরকারের ভূমিসংস্কারকে সফল করার জন্য মাননীয় মন্ত্রী যে বৰুবা রেখেছেন তাঁকে আমি সমর্থন জ্ঞানাচ্ছি।

ল্লী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি ও ভূমিরাজস্ব ন্য চৌধুরি মহাশয় যে বাজেট পেশ করেছেন আমি সেই বাজেটের বিরোধিতা করে ৰ যে কাটমোশন আছে তাঁকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। প্রথমেই এই ট্ বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে ভূমি ও ভূমিসংস্কারের গ্রামীণ উন্নয়নে তার একটা ্র্ণ ভূমিকা এই ভূমি ও ভূমি সংস্কার দপ্তর পালন করে থাকে, এটা খুব শ্লাঘার সাথে র্গনি করে থাকেন। এটা প্রতিবারেও করেন এবারেও করেছেন। বাজেট ভাষণে ৬ <sup>জনুছে</sup>দে তার ভূমিসংস্কারের ক্ষেত্রে ৮ দফা কর্মসূচির কথা মাননীয় মন্ত্রী মহাশয় <sup>ন।</sup> আমিও দফা ধরে পশ্চিমবাংলার ভূমি ও ভূমিসংস্কারের বাজেট চিত্রটা তুলে ধরে া সইছি যে ভূমিদক্ষোরের ক্ষেত্রে তাদের অগ্রগতির দাবি যেটা তারা করে থাকেন <sup>মে কতথানি</sup> অন্তঃসারশূন্য সেটা আমি যুক্তি দিয়ে তথ্য দিয়ে উপস্থিত করছি। **ও**রা <sup>বি</sup> যেটা করেন এবারেও বিনয় বাবু বলেছেন সর্বভারতীয় ক্ষেত্রে এই, **উধর্বসীমা** <sup>ক্ত যেটা জমি খাস করেছেন সেটা কৃতিছের দাবি রাখে ১২.৬৯ লক্ষ একর জ্ঞমি,</sup> <sup>দমি খাস</sup> হয়েছে, এটা সর্বভারতীয় ক্ষেত্রে কৃতিত্বের দাবি করছে।,আমি বলতে চাই <sup>বালোর</sup> উদ্বত জমির পরিমাশ কতু, আগুনাদের সরকারি হিসাবে ৩০ থেকে **৩৫ লক্ষ** <sup>ক্</sup>মি যেটা বোর্ড অফ ক্র<del>েভিনিট্ট এ</del>র **বিতী**য় ভূমিসংস্কারের যে কুলেটিন, সেইবুলেটিরে ক্রছে ৩০।৩৫ বা ৪০।৪৫ বাঁই হোক না কেন সেই তুলনার যেটা উদ্ধার করেছেন राष्ट्र ১२.७৯ नक धकते थाम स्विधः।

[3-40-3-50 p.m.]

আমি খুব বিনরের সঙ্গে বলছি, এই যে পারফরমেল এটা কি খুব শ্লাঘাঃ নয় এই যে ১২.৬৯ লক্ষ একর জমি, যেটা সর্বসাকৃল্যে আপনার উদ্বন্ত জা সোবনা করেছেন। ১৯৬৭ থেকে ১৯৬৯ এই ২২ মাসে ৯ লক্ষ একর জমি ধ্যা আর আগনাদের এই ১৬ বছর রাজত্বে আগনারা গ্রাকটিকালি ৪ লক্ষ একরের মতো ভারতবর্বের মধ্যে আপনারা কৃতিত্ব দাবি করেন। দ্বিতীয় কথা হচ্ছে আপনাদের খাস জমি বন্টন করার কথা বলছেন, ৯ লক্ষ ৩৯ একরের মত জমি বন্টন কর লক ৫৪ হাজারের বেনিফিসিয়ারির মধ্যে। এই যে ২০ লক ৫৪ হাজার ভূমিহীন ং আপনারা দিয়েছেল যেটা আপনাদের হিসাবে ২৩ লক্ষ ভূমিহীন এবং ২৫ লক্ষ পরিবার আছে, এটা কিন্তু একটা বিরাট সংখ্যা নয়। শুধু তাই নয় এই যে ভ আপনারা বললেন করেছেন ২০ লক্ষ সাড়ে কুড়ি লক্ষ পরিবারকে অ্যাভারেজে ৫ করে দিয়েছেন যেটা অর্থনৈতিক দিক থেকে আত্ম স্থনির্ভর যোগ্য নয়, ইকনমিক নয়। এটাকে কি একটা বিরাট পারফরমেন্স বলা যায়? আপনারা বলে থাকেন ভ বর্গা, বর্গাদারদের নাম নথিভুক্ত করা। আপারেশন বর্গার ঢকানিনাদ আপনারা প্রচার পশ্চিমবাংলায় অ্যাকচুয়ালি অপারেশন নিটফল কি ? ১৪ লক্ষ বর্গাদারের নাম নিগং হয়েছে। যেখানে বর্গাদারের সংখ্যা ৩০ থেকে ৩৫ লক্ষ। অর্থাৎ আজ পর্যন্ত আগ লক বর্গাদারের নাম নথিভূক্ত করতে পারেননি বিগত ১৬ বছরে। এটা কি একা সাফল্য ? ছয় নম্বর অনুক্রেদে আগনি রেকর্ডস অফ রাইটস যেটা করেছেন, ইণি সেট আপ যেটা বলেছেন, ভূমিসংস্কারমুখী প্রশাসন ইত্যাদি বলেছেন তার রেজান্ট বি अक्छ। উল্লেখযোগ্য নয়। यथानে जाननि মোট মৌজার সংখ্যা বলেছেন ৪১ शका সেখানে আপনি আজ পর্যন্ত সেখানে আপনি রেকর্ডস অফ রাইটস করতে পেরে হাজারের কিছু বেশি। আজও ১৬টা মৌজায় রেকর্ডস অফ রাইট্স সং হয়নি। কলে পারফরমেল খুব একটা ভালো দাবি করা যায় না। ভূমি সংস্কার ঘ কথা আমি বলব। ভূমি সংস্কার নীতি আজকে অত্যন্ত নগ্নভাবে লক্তিত হয়েছে বছজে আপনার ডিপার্টমেন্ট নির্বাক ৷ বেমন আমি বর্লব, আরবান এরিয়াতে, সেখান ক্ষেদ দ্যান্ত রিফর্মস অ্যাক্ট্-এর ৪-এর ই যে ধারা সেই খারা দক্তন করে। আরবান এরিয়াতে দ্যান্ত যেটা উদ্বন্ধ হচ্ছে পারে সেই সমন্ত জমি কেনাবেচা হচ্ছে দলিল হচ্ছে। এটা করা হচ্ছে এই ভ্যাক্টের প্রভিসনকে ভায়োলেট করে। যেটা ভা ক্রতে না পারলে বা এ ক্নেত্রে আগনার ডিসার্টমেন্টের নজনদারি থাকলে আভকে। Land Ceiling and Regulations Act. ভাল পরিমাণে জমি খাস হতে পারতে desire Land violating the provisions of West Bengal land Re Act, 4(e) और किनिज स्टबर यानमात जिनाईटमचे व गामास निर्वाक। जातनत कृषि জন্য যে জমি ইয়ার্কমার্ক করা আছে সেই জমি থেকেও তাদের বি<sup>ত</sup> হছে। সেখানে কোটিগতি, শিল্পতি এবং এমন কি মালটিন্যাশনালাদের হাতে সেই रजान्त करा रहा परन मिर क्षिप्र करन याहा। अपन कि स्त्रवास जास्त्र स्त्र

# [3-50-4-00 p.m.]

লও তার ক্ষতিপূরণ পর্যন্ত দেওয়া হচ্ছে না, তার অ্যাডিকোয়েট মূল্য পর্যন্ত তারা পাচেছ আনি কোনও ওয়াইন্ড চার্জ বা অ্যালিগেশন আনছি না, আমি খালি আপনার কাছে ন্ধ্রী ক্রুক্তিট অ্যালিগেশন আনছি, আশা করি তার জবাব দেকে। বজবজ ধানার ন্ধী মৌজাতে সি.ই.এস.সি'র গোয়েস্কারা তাপ বিদাৎ কেন্দ্র তৈরি করছেন। সেখানে লী মৌজায় জে.এল. নং ৪২এ কম করে ৫৪ একর জমি থেকে শতাধিক দরিদ্র তে এভিকট করা হয়েছে। অতান্ত অন্যায় এবং বেআইনিবাবে এভিকট করেছে তাই জামের জমির বাজার দর্টুকু পর্যন্ত দেওয়া হয়নি। অত্যন্ত জলের দামে, ধরতে গেলে পরসায় তাদের জমি নেওয়া হয়েছে। এর প্রতিবিধানের জন্য বারংবার আপনার দপ্তরের তাকর্ষণ করা হয়েছে কিন্তু আপনার দপ্তর নির্বাক। কেন তারা বাজার দরটুকু পেল না? য়ন্ধারা কি দুঃস্থ চাষী? তারা কি আর্থিক স্বচ্ছলতার দিক থেকে কমতি আছে? এতবড় চার সেখানে চলছে। ভাঙ্গড় থানায় ৫ শো একর কৃষি জমি এবং ৫ শো একর অন্য এক হাজার একর জমি তা ভূমিহীনদের না দিয়ে সেখানে সেই জমি ট্যানারি কমপ্লেক্সের চর্মশিরপতিদের হাতে তুলে দেওয়া হল। সেখানে হাজারের উপর শেয়ার ক্রপার, হীন চাবি তালের বঞ্জিত করা হল, তালের এভিক্ট করা হল। সেখানে ক্ষতিপুরণের পর্বন্ত ছেড়ে দেওয়া হল। তারপর ইস্টার্ন মেট্রোগলিটন বাইপাশে ধারে বা তার নতী নয়াবাদ, চকগনিয়াগাছি, বরাখোলায় বিপুল পরিমাদে কৃষি জ্বমি বেসরকারি উদ্যোগের ্তুলে দেওয়া হয়েছে গরিব চাষিদের বঞ্চিত করে। সেখানে সেই সমস্ত জ্ঞামি নন গলচারের পারপাসে চলে যাচেছ এবং তা হস্তান্তর হচেছ। আপনার দপ্তর এ ব্যাপারে া, নীরব। একই ভাবে দক্ষিণ ২৪ পরগণায় বাসন্তি, ক্যানিং, মেদিনীপুর জেলাতে উত্তর পরসনাতে জমি বেআইনিভাবে হস্তান্তরিত হচ্ছে। ভূমি ও ভূমিসংস্কার দপ্তর এ ব্যাপারে র, নির্বাক। আমি আরো দৃষ্টান্ত দিয়ে সময় নষ্ট করতে চাই না, যদি প্রয়োজন হয় ন আরো দিতে পারব। যেগুলি বললাম সেগুলি সম্পর্কে আপনার জানা থাকলে আশা ত্মপনি জবাব দেবেন। উনি ভূমি সংস্কার দপ্তরের কাজের তৎপরতার কথা বলেছেন। আমরা দেবছি এই রাজ্যে বিভিন্ন উন্নয়ন মূলক কাজগুলো, সেই কাজে অত্যাবনকীয় মি অধিগ্রহণ করার কাজ, সেই কাজে ন্নতম তৎপরতা নেই, আপনাদের তৎপরতায় াগাফিলতি আছে। যেমন ভিক্তা প্ৰকল্প বলুন, বিভিন্ন তাপ বিদ্যুৎ প্ৰকল্প বলুন বা রেল াক্দুন, বিভিন্ন প্রকল্পে, এই প্রকল্পের কাজে যথাযথ ভাবে জমি অধিগ্রহণ ঠিক ঠিক া করতে পারছি না, আপনার দপ্তরের বার্ধতার জন্য এই সমস্ত উলয়ন মূলক কাজ ্ভাবে ব্যর্থ হচ্ছে। বিশেষ করে আমরা দেখেছি ভিন্তা প্রকরের ক্ষেত্রে। ফলে এই যদি <sup>ার ব্</sup>ররের কর্মতৎপরতার ক্রিন্দন হয় তাহলে কি আমরা দাবি করতে পারি যে এই র ভূমি সংখ্যার সপ্তার একটা উজ্জ্বল দৃষ্টান্ত ভারা স্থাপন করছেং তৃতীয় কথা, আজকে <sup>র আ</sup>র একটা দৃষ্টিভলির ব্যাপার আছে। আজকে আপনি উত্ত জমি যেটা আমি <sup>ৰ শে</sup>ই কৰি বিলি কটন করার ব্যাপারে, বত্সামান্য অমি যা খাস হয়েছে ১২.৬৯ লক নীয় মধ্যে ৩ লক ৩০ হাজার একর জমি বিলি করতে গারেননি, সেধানে আইনের

[5th April

বাধার জন্য নাকি বিলি করা যাচেছ না। এখানে একটা দৃষ্টিভঙ্গির ব্যাপার আছে।: সরকারের আমলে সেখানে জমি শুধু আইনের দৃষ্টিভঙ্গি নিয়ে নয়, তার সঙ্গে গণ আদে যুক্ত করে জমি দখল করা হয়েছিল। আমরা বছরের পর বছর শুনছি এই সমন্ত জ করা যাচ্ছেনা হাইকোর্টের ইনজাংশনের জন্য, তাহলে সরকারি অর্থ আয় করে ফিঃ সরকার উকিল রাখা হয়েছে কেন, তারা কনটেস্ট করছে না কেন? যদি তারা ব করত তাহলে সেই সমস্ত জমিগুলো মুক্ত করা যাচ্ছে না কেন? অন্যদিকে গণ আন্দ দৃষ্টিভঙ্গি দিয়ে যা কিছু আইন সম্মত তা ন্যায় সঙ্গত নাও হতে পারে, আবার য সঙ্গত তা আইন সম্মত নাও হতে পারে। দৃষ্টান্ত স্বরূপ বলছি, যেমন যখন রিফি: এলো এবং তারা যখন জমি দখল করেছিল তখন সেটা আইন সম্মত ছিল না, কিন্তু সঙ্গত ছিল। পরবর্তীকালে সেইগুলোকে আইন সম্মত করা হল। এই সমস্ত ক্রটি বি জন্য সরকারি কাজ ব্যহত হচ্ছে। এই জন্য এই বাজেটকে আমি সমর্থন করতে পার্রা

**ত্রী সূভাব গোস্বামী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের ভূমি সংস্কার ভূমি সদ্ব্যবহার দপ্তরের মন্ত্রী মহাশয় তাঁর সাত নং এবং ৬১ নং ডিমাভে যে ব্যয় উত্থাপন করেছেন, তা আমি সমর্থন করছি। আমরা দীর্ঘ সময় ধরে মাননীয় বিরোধী দ নেতা ডাঃ আরেদিন মহাশ্রের বক্তব্য শুনছিলাম। তিনি যে বোঝেন না তা নয়, খুব ভাবেই সব বোঝেন। আসলে বলার মতো তাঁর কিছু ছিল না। তার জন্যই খুব অর্যাও অবস্থায় তিনি বক্তব্য রেখেছেন, তিনি খুব লচ্জাকর অবস্থায় তাঁর বক্তব্য রেখেছেন। সরকা ভূমি নীতির বিভিন্ন দিক সম্বন্ধে তিনি অনেক চুলচেরা বিশ্লেষণ করলেন, ভিসকাশন করে আনালিসিস করলেন, কিন্তু শেষ পর্যন্ত কোনও প্রেসক্রিপশন তিনি দিতে পারলেন কারন তিনি ভাল করেই জানেন, আমাদের ভূমি রাজস্বমন্ত্রী এই বিষয়ে যথেষ্ট অহি চিকিৎসক এই ভূমি ব্যবস্থায়। রোগটা তিনি খুব ভাল করে ধরতে পেরেছেন। এ তার দাওয়াই ঠিক ভাবে প্রয়োগ করছেন। তাই ভাঃ আবেদিন যদি উন্টো পান্টা 🕫 প্রেসক্রিপশন দেন তাহলে রোগ সারবে না, রোগী মারা যাবে। দিন দরিদ্র কৃষক, কৃ মজুররা মারা পড়বেন। এ জিনিসটা একটু ভাল করে বুঝুন বিভিন্ন ইতিবাচক দিকগুলি: সামঞ্জস্য আছে, সেগুলির প্রতি তিনি আলোকগাত করেছেন। নিঃসন্দেহে আমরা গর্ব করা মতো অনেক কিছুই করেছি এবং সে দাবি আমরা করতে পারি। সারা ভারতবর্ধের <sup>মং</sup> আমরা একটা দৃষ্টান্ত। দেশের অন্য কোনও রাজ্যে এই নজির নেই। ভূমি ব্যবস্থার কে বে নীতি, যে কার্যক্রম আমরা গ্রহণ করেছি এবং যা রূপায়ণ করেছি তার সাফল্য আভবে আমরা পাছি। দেখতে পাঙ্গি আমাদের কৃষি ক্ষেত্রে এর প্রতিফলন। আমাদের নীতির <sup>সচে</sup> সামঞ্জস্য রেখে আজকে অবিরাম প্রচেষ্টা চলছে। যাদের স্বার্যের কথা আমরা ভাবি, <sup>বালের</sup> জন্য আমরা এখানে আইন প্রণয়ন কর্ন্থি তাদের স্বার্থ কতথানি সংরক্ষিত হচ্ছে আরু সময় সময় সেটা পর্যালোচনা করছি। আমরা প্রশাস্থ আমালের প্রচেষ্টার কলে গ্রায় সাই ৯ লক একর খাস জমি ভূমিহীনদের মধ্যে বা স্বয় ভূমির মানিক যারা তাদের মধ্যে বট করা হচেহ, তাদের সংখ্যা প্রায় ২০ লক ৫৪ হাজারের ইতা। গ্রামেগ্রে বে ক্লব মানুষরা বাস্তহারা তাঙ্গের মধ্যে ২.৬০ লক একর বাস্ত কমি নক্ষ করা হয়েছে। কৃষি सङ्

<sub>করিগর,</sub> মংস্যজীবী প্রভৃতি শ্রেলীর মানুষের মধ্যে এই সমস্ত জমি বন্টন করা ্দুরে এই সমস্ত শ্রেণীর মানুষের মধ্যে আমরা সাড়া জাগাতে পেরেছি। অপারেশন <sub>রামে</sub> আমাদের বিরোধী সদস্যদের হৃদকম্প শুরু হয়। অথচ আমরা আজকে সগর্বে পুরি অপারেশন বর্গার মাধ্যমে ৩৭ লক্ষ-রও বেশি পরিবার উপকৃত হয়েছে, তারা হু এই সমাজে মাথা উঁচু করে বাঁচার একটা সুযোগ পেয়েছে এবং এখন পর্যন্ত তারা 🔝 শর্ত বজায় রাখতে পারছে। অবশ্য আমরা জানি এইভাবে শুধু ভূমিহীন কৃষকদের 🔓 <sub>পাইয়ে</sub> দিলেই হবে না, তাদের শুধু সার্টিফিকেট দিলেই হবে না, তাদের আর্থিক সমাজিক দিক দিয়ে প্রতিষ্ঠিত করার জন্য কিছু পরিপূরক কর্মসূচির দরকার আছে। । চ দিয়েও আমাদের সরকার সজাগ আছে। বেশ কিছু পরিপূরক প্রকল্প, আর্থিক ছ প্রকল্প গ্রহণ করা হয়েছে। বিভিন্ন ব্যাক্টের কাছ থেকে সাহায্য গ্রহণ করা হচ্ছে। দ্র প্রয়োজনীয় ঋণ সরবরাহ করার ব্যবস্থা করা হচ্ছে, বিভিন্ন উপকরণ সরবরাহ করার : द्रु १८७ । এই সমস্ত ব্যবস্থার মাধ্যমে আমরা নিঃসন্দেহে গ্রামের হতশ্রী মানুষণ্ডলোর মন্ত্র ছিল সেই অবস্থার খানিকটা পরিবর্তন ঘটাতে সক্ষম হয়েছি। গ্রামগুলিতে ১৫/২০ হুগু যে চিত্র দেখা যেত, বিশেষ করে শুখা মাসগুলোয় সে চিত্র আজ আর ারায় চোখে পড়ে না আজকে মানুষ অনেক স্বনির্ভরতার দিকে এগিয়ে গেছে এবং 🚧 আত্মবিশ্বাস অনেকটা ফিরে পেয়েছে। এটাই আমাদের কাছে বড় পাওনা। আজকে ুহুট জমির মালিকরা জমির খাজনা দেওয়ার দায়িত্ব থেকে মৃক্তি পেয়েছে। এটা া নাছে একটা বিরাট পাওনা। অতীতে আমরা দেখেছি জমির খাজনা সময় মতো ন পারার জন্য অনেক জমি নিলাম হয়ে গেছে, অনেক জমি জমিদারের কাছে র হয়ে গেছে। বছ স্বল্প জমির মালিককে আমরা ভূমিহীনে পরিণত হতে দেখেছি। ় সেই ধ্বসকে ঠেকানো গেছে। সেই ধ্বস ঠেকিয়ে দরিদ্র চাষিদের আজকে নিজ র্ম্যালয় প্রতিষ্ঠা করা গেছে। আমি এই প্রসঙ্গে কয়েকটি কথা উল্লেখ করতে চাই া দ্বী মহাশয় নিশ্চয়ই জানেন, আমাদের জমির যে খাজনা সেটা অসেচ এলাকায় হয় যার সেচ এলাকায় একরকম হয়। অসেচ এলাকার থেকে সেচ এলাকায় ে হার দ্বিওন। কিন্তু বাস্তবে আমার যে অভিজ্ঞতা হয়েছে তাতে দেখতে পাচ্ছি, <sup>ং করে</sup> বাঁকুড়া জেলার মানচিত্রে দেখানো আছে ৩ টি থানা বাদ দিয়ে বাকি সর্বত্র <sup>স্বিত</sup> এলাকা। বাস্তবে কি**ন্তু বছ জমি সে**চ এলাকার বাইরে, সেচের জল প্রকৃতপক্ষে <sup>ভিমি</sup> পায় না। এটা অনেকটা ঠিক গ্রামীণ বৈদ্যুতিকরনের কর্মসূচির মতন। কোনও ষ্ম একটি পোল পোঁতা হলে সেই মৌজাটি বিদ্যুতায়ন হয়েছে বলে ধরা হয়। তেমনি <sup>র কে</sup>ত্রে ১।২টি মৌজায় যদি আংশিকভাবে জল পৌছায় তাহলে গোটা এলাকাটা স্বিত বলে ধরা হয় এবং তারফলে খাজনার হার বিগুল হয়ে যায় এবং জমির সিলিং <sup>ক্টেরের</sup> জায়গায় ৫ হেক্টর হয়ে যারে। সুতরাং এই বৈষম্য দূর করার দরকার আছে। েসচ এলাকা চিহ্নিভ করে, খাজুনার হার নিরূপন করা দরকার। রেভেনিউর <sup>ট ভমির</sup> মূল্য হিসাবে **খাজনা নিরূপিত হবে। কিন্তু ল্যান্ড সিলিং-এর** ক্ষেত্রে সমস্যা যাবে। এখানেও একটা সমস্যা আছে। অবাধে চা-বাগানে পরিণত হয়ে যাছে। <sup>ও নিয়ম</sup>, নীতি, আইন মানা হচ্ছে না। আবার যেগুলি বর্ধিষ্ণু শহর বা গ<del>ঞ্জ</del> সেইসব

বেঞ্চবঘাটা-পাটুলি অঞ্চল উন্নয়ন প্রকল্পের প্রায় সমস্ত কাছাই শেব হয়েছে। আদালতে 🕬 থাকায় খুব অল্প জায়গার কান্ধ বাকি। ই.ডব্লিউ.এস. এবং এল.আই জি. মিলিতে প্রায় ১৫৮০ সংখ্যক পরিবারকে তাদের বাড়ির মালিকানা অর্পণ করা হয়েছে। তদুপরি মধ্য ও ৯ স্বায়বিশিষ্ট পরিবারের মধ্যে ৪১০টি তৈরি প্লট দেওয়া হয়েছে। এছাড়াও ৬২টি গ্লপ ্রেজিং প্লটের জন্য জমির মালিকানা দেওয়া হয়েছে; সেইসঙ্গে শিল্প, বাণিঞ্জা ও অন্যান্য র্ভারের কাজে ব্যবহারের জনাও জমি দেওয়া হয়েছে। এক্ষেত্রে বে-আইনি জবরদক্ষকারিদের না যামরা কিছু সমস্যার সম্মুখীন হচ্ছি। এরা এই প্রকল্পের কাজে বাধা সৃষ্টি করছে এবং দুগাবনত কিছু কায়েমি স্বার্থ এদের কাজে ইন্ধন যোগাচেছ। পূর্ব কলকাতা এবং তৎসংলগ্ন ংলগরির পরিকাঠামো উন্নয়নের কাজও এগিয়ে চলেছে। এখানকার প্রথম পর্বে বাছাই ২০০০ উপকতকে চিহ্নিত করার কাজ প্রায় শেষ। শীঘ্রই পত্রযোগে তাদের জ্বানানো হবে। ন্দ্রেন্থ আদালত তথা বাণিজ্যকেন্দ্রের (ছয়তলা পর্যন্ত) প্রথম পর্যায়ের কাজ শেষ হয়েছে ার পশ্চিমবন্ধ সরকারের বিচার বিভাগের হাতে তা অর্পণ করা হয়েছে। বিধাননগরে ছানিয় ন্দ্র ও নগর সমীক্ষা প্রতিষ্ঠানের (আই.এল.ক্রি.ইউ.এস.) প্রথম দৃটি তলের কাঠামোগত ্র শেষ হয়েছে এবং অভ্যন্তরীণ কাজকর্ম এগিয়ে চলেছে। আমাদের পরবর্তী কর্মসূচি শ্রম হাওড়া অঞ্চলে একটি উপনগরি গড়ে তোলা।

#### 5) बलि फ्रिस्सन

शशुज्ञपाठ म्नीठाशांत, ভृ-তल नाना, श्राः अनानी वर्नायाना कन्त्रत्वतार, ब्राष्ट्राघाँहै, ন্তার আলো প্রভৃতি ন্যুনতম পৌর সুযোগ-সুবিধার ব্যবস্থা করে বন্ধি অঞ্চলের পরিবেশ য়নের কান্ত এগিয়ে চলেছে। এবছর বস্তি উন্নয়ন কর্মসূচির আওতায় প্রায় ৬০,০০০ ্বকে আনা হচ্ছে। এটা করা হচ্ছে এম.এন.পি. এবং ও.ডি.এ. সাহাযাপুষ্ট প্রকল্পের **NA**1

## 🛈 বাস্থ্য সংক্রোক্ত কর্মসূচি

এই কর্মসূচির লক্ষ হল পরিবার কল্যাণসহ প্রাথমিক বাস্থ্য পরিবেবা এবং পৃষ্টি-প্রকল্প ু ২০ লক্ষ বস্তিবাসী এবং বৃহত্তর কলকাতা অঞ্চলে বসবাসকারি ই.ডব্লিউ.এস স্থা ্রীমর দোরগোড়ায় পৌঁছে দেওয়া। সি.ইউ.ডি.পি.-০ প্রকল্পের আওতায় গৃহিত 🦰 প্রিচে নি ৬.ডি.এ. সাহাযাপৃষ্ট প্রকল্পের সঙ্গে একযোগে পরিচালিত হচ্ছে।

## <sup>1)</sup> गंत्रा व्याक्शन शान

শিলা আক্রমন প্রান-এর আওতায় সরাসরি অসংখ্য প্রকল্প রাপায়ণ করা ছড়েং ্রিছাড়ি.এ. সমগ্র পশ্চিমবঙ্গের জন্য অন্য রাজ্য সরকারি সংস্থার মাধ্যমে কর্মসূচি রাপালাত

[6th April, 1993]

কাজও করে চলেছে। এই কর্মসূচির উল্লেখযোগ্য অপ্রগতি ঘটেছে। অনুমোদিত ১১০টি প্রবন্ধ মধ্যে ৭৭টি ইতিমধ্যেই শেষ হরেছে। আরও ১১টি '৯২-৯৩ সালের মধ্যে শেষ হবে ব্য আশা করা হচ্ছে। ভারত সরকারের গঙ্গা প্রকল্প অধিকার কর্তৃক প্রদন্ত ১৩৮.৮৮ কেট্র টাকার মধ্যে '৯৩ সালের জানুয়ারি মাস পর্যন্ত মোট ব্যয় হরেছে ১৩১.২৪ কোটি টাক আশা করা হচ্ছে এই কর্মসূচির দ্বিতীয় দফার কান্ধ আগামী বছর শুরু হবে।

## (ঝ) কুল্লায়তন শিল্পোদ্যোগ কর্মসূচি

বৃহস্তর কলকাতা অঞ্চলের মূলত ই.ডব্রিউ.এস. স্তরের মানুবদের কর্মসংস্থান এবং আফ্র সুযোগ বাড়ানোর জন্য এই কর্মসূচির আওতায় '৯২ সালের মার্চ মাস পর্যন্ত প্রায় ৯৬,৩৩ জন ক্ষুদ্র ব্যবসায়ি ও কারিগরদের প্রায় ৪৫.৬ কোটি টাকার ব্যান্ধ ঋণ দেওয়া হয়েছে এক্ষেত্রে প্রধান শুরুত্ব পেয়েছে প্রশিক্ষণ এবং পর্মার্শমূলক পরিষেবার মাধ্যমে শহরাঞ্চল দরিষ্রদের মধ্যে উদ্যোগের প্রসার এবং উপযুক্ত দক্ষতার সৃষ্টি।

#### (ঞ) আবাসন প্রকর

নিজ্ঞস্থ জমি এবং বৃহত্তর কলকাতা অঞ্চলে শহরাঞ্চল-জমি উৎবর্গীমা আইনে প্রাপ্ত হ জমিতে সি.এম.ডি.এ. কয়েকটি আবাসন প্রকল্পের কাজ হাতে নেবে। এই ধরনের প্রথম র্ড প্রকল্প শায়ুই ব্যারাকপুরে আরম্ভ করা হবে।

## (ট) কলকাতা পৌর নিগম এবং বৃহত্তর কলকাতা ও বৃহত্তর কলকাতার বাইরে অন্যা-পুরসভাওলিকে আর্থিক সহায়তা প্রদান

১৯৯৩-৯৪ আর্থিক বছরে কলকাতা পৌর নিগম এবং বৃহত্তর কলকাতার দ্রুল্য পুরসভাওলির মূলত সি.এম.ডি.এ. বিনিয়োগজাত সম্পদ রক্ষণাবেক্ষণের জন্য ২২ বে টাকার সংস্থান রাখা হয়েছে। পৌর বিষয়ক বিভাগ বৃহত্তর কলকাতা এবং বৃহত্তর কলকাত বাইরে বিভিন্ন পুরসভাওলির অতিরিক্ত মহার্ঘভাতা, বর্ধিত বেতন বাবদ স্থির অনুদান প্রশ অস্থায়ী স্থির অনুদান এবং আ্যাডহক বোনাস সংক্রান্ত ব্যয়ের ৮০% বহনের জন্য ২৮.১৯ পর্যন্ত আর্থিক বছরে ২,৪৬৪.৮০ লক্ষ টাকা বরান্দ করেছে। কলকাতা পৌর নিগম অতিরি মহার্ঘভাতা প্রদান এবং বর্ধিত বেতন বাবদ স্থির অনুদান প্রদান এবং আ্যাড-হক স্থির অনুদান বাবদ যোজনা বহির্ভূত ব্যয়ের ৮০% বহনের জন্য পৌর বিষয়ক বিভাগের নিকট খে. ২,৯৬৭.১০ লক্ষ টাকা পেয়েছে। এছাড়া কলকাতা পৌর নিগম এবং হাওড়া পৌর নিগম অন্যান্য পুরসভাওলিতে ক্ষতিপুরণ বাবদ ৩৮৮.১৩ লক্ষ টাকা অনুমোদন করা হয়েছে।

## (ঠ) কলকাতা উন্নন ট্রাস্ট এবং হাওড়া উন্নন ট্রাস্ট

বৃহত্তর কলকাতা অঞ্চলে নগর উন্নয়ন প্রকল্প রূপায়ণের কাজে রূপায়ণকারী এক্র্যি সংস্থার নিয়োজিত থাকার বিষয়টিকে পরিহার করা এবং সি.এম.ডি.এ., সি.এম.ডি.রিউ. আ এস.এ., সি.আই.টি. এবং এইচ.আই.টি. সংস্থাতলির মধ্যে পরিকল্পনা, অর্থসংস্থান ও ব পরিচালনা সংক্রান্ত বিষয়ে ব্যাপক সমন্বয়ের জন্য এ ধরনের সমস্ত সংস্থাকে ইতিমধ্যেই এ পরিচালন পর্বদের অধীনে আনা হয়েছে। শহরের কিছু বিঞ্জি অঞ্চলে কলকাতা উন্নয়ন ট্রান্ট শুজিরন কার্যের জন্য চুয়ান্ত্রিশ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে। হাওড়া উন্নয়ন ট্রান্ট

ভিন্ন অংশের ছুমারিশ লক্ষ্ণ টাকা ব্যয়ে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম রূপান্তিত করে চলবে। ই উভয় সংস্থাকেই বৃহদায়তনে নতুন আবাসন প্রকল্প নির্মাণ করতে বলা হয়েছে।

৩। নগরারণ একটি নিরবজির প্রক্রিয়া—এ বিষয়ে এবং শহরাঞ্চলের স্বাস্থ্যকর প্রশাসনময় পরিমন্তন রক্ষা করার প্রয়োজনীয়তা সম্পর্কে সরকার সচেতন। সূতরাং এখনও রেস সরুজ অঞ্চল আছে সেগুলিকে কেবলমাত্র রক্ষা করাই নয় বরং বিশেষজ্ঞাদের পরামর্শ দেন তা' আরও সমৃদ্ধ করা হবে। শহরাঞ্চলকে ঘিরে বিশেষত শহরের পূর্বপ্রান্তে যে সমন্ত জলা জমি এবং সবৃদ্ধ মাঠ রয়েছে সেগুলোকে অন্তর্ভূক্ত করে কয়েকটি পরিকর্মনাক্ষেত্র গঠন করার বারা শহর এবং প্রাম পরিকর্মনা আইনের কার্যকলাপ সম্প্রসারণের কান্ধ ইতিমধ্যে যদেকপুর অপ্রসর হয়েছে এবং অচিরেই তা' চূড়ান্ত হবে বলে আশা করা হচ্ছে।

বর্তমানে বিধাননগরে একটি পূর্ণাবয়র উপনগরিতে পরিণত হয়েছে। আবাসন অঞ্চল প্রায় সম্পূর্ণ এবং করেকটি শিল্পকেন্দ্র এবং বাণিজ্যকেন্দ্রকে জমি বরাদ্দ করা হছে। কিছু এখনে সরকারকে যে সমস্যার সম্মুখীন হতে হচ্ছে তা হল বে-আইনি এবং অধীকৃত উপায়ে জমি হস্তান্তর। সরকার এটা বন্ধ করার জন্য আইনগত ও প্রশাসনিক ব্যবস্থা প্রহণের কথা তাবছে। এই সমস্ত কার্যকলাপ সম্পূর্ণ বন্ধ করতে হলে প্রয়োজন গণসচেডনতা এবং গণপ্রতিরোধ।

পৌর উন্নয়ন বিভাগকে সমস্ত পুরসভা এবং সি.এম.ডি.এ. অঞ্চলের বাইরে পুর
এলাকাণ্ডলির জন্য রূপরেখাভিত্তিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের গায়িত্ব দেওয়া ছয়েছে।
রূপরেখাভিত্তিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা হচ্ছে—এ ধরনের পুরসভাওলির একটি
তালিকা প্রস্তুত করা হয়েছে। শিল্প বিভাগের সঙ্গে আলোচনা করে আমরা ভানকুনি, খড়গপুর,
উল্বেডিয়া প্রভৃতির মতো কয়েকটি শিল্পভিত্তিক সমৃদ্ধ নগরাঞ্চল গড়ে তোলার চিত্তা করছি।
এই সমস্ত অঞ্চলকে নগর যোজনার আওতাভুক্ত করার জন্য বিশেষ কর্তৃপক্ষ গড়ে তোলা
স্ক্রে।

শহরাঞ্চল জমি (উধ্বসীমা ও নিয়ন্ত্রণ) আইন, ১৯৭৬ সংক্রান্ত প্রশাসন ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের নিকট থেকে নগর উন্নয়ন বিভাগের হাতে নাস্ত করা হয়েছে। এর উদ্দেশ্য ফানগর উন্নয়ন বিভাগের অভিন্ন ব্যবস্থাপনার আওতায় শহরাঞ্চলের ঘনবিন্যস্ত জমির উন্নতত্তর নিয়ন্ত্রণ এবং উপযুক্ত ব্যবহারের ব্যবস্থা করা।

একথা সন্তিয় যে, উল্লিখিত আইন বলে রাজ্যে ১৭ লক্ষ বর্গমিটার অঞ্চলের জমি খাস ইয়েছে। এর মধ্যে ৭ লক্ষ বর্গমিটারের বেশি রাজ্য সরকার গ্রহণ করেছেন। এই পরিমাশ জমির মধ্যে ২,৭৫,০০০ বর্গমিটার জমি ইতিমধ্যে রাজ্য সরকারের বিভিন্ন বিভাগ, মেট্রোরেল, বিভিন্ন পুরস্ভা, কলকাতা পৌর নিগম, রাজ্য সরকার পরিচালিত সংস্থা, শিক্ষা প্রতিষ্ঠান, গাতব্য সংস্থা প্রভৃতিকে বিলি করা হয়েছে।

শহরাক্ষণ জমি উধ্বসীমা আইন, ১৯৭৬ নামক কেন্দ্রীয় আইনটির মধ্যে অনেক অসঙ্গতি বাছে এবং শহরাক্ষণে জমির উধ্বসীমা বজার রাখার লক্ষ্য অর্জনের ক্ষেক্তে এই আইন ধিষ্ট নর। সূত্রাং কেন্দ্রীয় সরকার এই আইনের করেকটি গুরুত্বপূর্ণ সংশোধনের প্রস্তাব দরে বিষয়টিকে আন্তরাজ্ঞা পরিষদে আলোচনার জন্য পেশ করেছেন। কিন্তু রাজা সরকার মনে

[6th April, 1993]

করেন, নিছক সংশোধনে এর উদেশ্য সফল হবে না। সূতরাং রাজ্য সরকার একটি অপেক্ষ্ সরল আইন প্রণায়ন করতে চান যা রাজ্যের বিদ্যামান পরিস্থিতির সঙ্গে সঙ্গতিপূর্ণ হবে। অধিকতর প্রাসন্ধিক ও উদেশ্যপূর্ণ হবে। এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারকে যথাযথভাবে অনুরেং করা হয়েছে। বিলম্ব এড়াতে রাজ্য সরকার ইতিমধ্যেই রাজ্য আইনের খসড়া প্রণায়নের জন্ম একটি কমিটি গঠন করেছে।

আশহা করা হচ্ছে যে, কিছু বড় বড় জোতদার তাদের মালিকাধীন সমস্ত জমির বিবরণ পেশ করেনি। এই ধরনের জমিশুলিকে চিহ্নিত করার জন্য জরিপ দল গঠন করা হচ্ছে। জরিপ দলশুলির প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণ করা হচ্ছে। কেন্দ্রীয় সরকার যদি অতি সন্তর প্রস্তাবিত রাজ্য আইন প্রবর্তনের পথ প্রশস্ত করে দেন, তবে এই সমস্ত ব্যবস্থা অবলম্বন শুব সহজ হবে।

এই কথা বলে আমি সভার অনুমোদনের জন্য পরিশেষে আমার দাবি পেশ করছি: মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ১৯৯৩-৯৪ সালে ৯০ নং দাবির অধীনে মুখ্যখাত "৩৬০৪-স্থানীয় সংস্থা এবং (পঞ্চায়েতি রাজ বাদে) পঞ্চায়েতি রাজ শুতিষ্ঠানের জন্য কমপেনশেসন ও অ্যাসাইনমেন্ট বাবদ ১৮৮,৭৩,২৭,০০০ (একশত অন্তর্ক কোটি তিয়ান্তর পক্ষ সাতাশ হাজার) টাকা মঞ্জুর করা হোক।

- ২। মাননীয় অধ্যক্ষ মহাশয় অবগত আছেন যে, প্রথম থেকেই বামফ্রন্ট সরকার শহরাঞ্চলীয় স্থানীয় সংস্থাওলিকে শক্তিশালী করতে এবং তারা যাতে স্থানীয় জনসাধারণকে কাঞ্জিত পৌর পরিবেবা প্রদান করতে পারে সে উদ্দেশ্যে সেগুলিকে ক্রমান্তরে আরও বেশি ফলপ্রস্থ করে তুলতে নিরম্ভর ও অবিরাম প্রয়াস অব্যাহত রেখেছে। তুণমূল স্তরে তাদের গণতান্ত্রিক চরিত্র সুনিশ্চিত করার জন্য কার্যকর পদক্ষেপও নেওয়া হয়েছে। এই পদক্ষেপ ১৯৭০-এর দশকে শোচনীয় অবস্থায় থাকা শহরাঞ্চলীয় স্থানীয় সংস্থাতলিকে প্রয়োজনের মৃহুর্তি সক্রিক্ষ হতে এবং আশ্ববিশ্বাসের সঙ্গে তাদের অন্তিত্ব ও মূল্য প্রমাণ করতে প্রভূত সাহায্য করেছে।
- ৩.১। আধুনিক ভারতে নগরায়ন একটি অনিবার্য প্রক্রিয়া বিগত দশকের আদমসুমারিটে পশ্চিমবঙ্গে নগরায়নের মাত্রা পরিমাপ করা হয়েছিল ২৭.৩৯%। এই কারণে শহরাঞ্চলগুলিটে পৌরসভা পঠন করা অত্যন্ত জরুরি হয়ে পড়েছে। এই পরিস্থিতি বিবেচনা করে ১৯৭৮ সাল্ল থেকে এই রাজ্যে ২৩টি নতুন শহরাঞ্চলীয় স্থানীয় সংস্থা ইতিমধ্যেই গঠিত হয়েছে। তাহেরপূর্ব প্রজ্ঞাপিত অঞ্চল প্রাধিকার, ভাবপ্রাম প্রজ্ঞাপিত অঞ্চল প্রাধিকার, তাবপ্রাম প্রজ্ঞাপিত অঞ্চল প্রাধিকার, নলহাটি, এগরা, গঙ্গারামপুর, কুলটি (কুলটিবরাজর নিয়ামতপুর ও দিশেরগুড় প্রজ্ঞাপিত অঞ্চল প্রাধিকারকে সংযুক্ত করে), মধ্যমগ্রাম ও মঙ্গেশভলা পৌরসভা—এই ১০টি নতুন শহরাঞ্চলীয় স্থানীয় সংস্থা গঠনের অন্য ইতিমধ্যেই প্রারম্ভিক প্রজ্ঞাপন জারি করা হয়েছে। এছাড়াও পৌরসভা গঠনের আরও করেকটি প্রপ্রাব এখন রূপায়বের পথে।

৩.২। ১৯৯০ সালে ১২২ ১৭ এই সভা তিনটি নতুন বিল পাস করে আসানসোল, গুড়ি এবং সেই সজে চন্দননগর শহরের পৌরসভাগুলিকে পৌর নিগমের মর্যাণা দান বুছে। এই তিমটি বিলে ভারতের রাষ্ট্রপতির সম্মতি প্রাপ্তির জন্য অপেকা করা হচ্ছে।

e.e। ১৯৯০ সালের ২৭শে মে ৭৪টি পৌরসভার সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল।
১০ সালের ৩০শে মে ১৫টি পৌরসভার সাধারণ নির্বাচন অনুষ্ঠানের জনা এখন ব্যবস্থা
। হচ্ছে। কলকাতা পৌর নিগমের একটি শূন্য আসন এবং অন্য করেকটি শহরাঞ্চলীয়
।য় সন্থোর শূন্য আসন পূর্ণ করার জন্য ১৯৯৩ সালের মে মাসে উপ-নির্বাচনও অনুষ্ঠিত

৪। ১৯৩২ সালে বঙ্গীয় পৌর আইন বিধিবদ্ধকরণের পর থেকে লৌর প্রশাসমের ব্র অনেক পরিবর্তন ঘটেছে। বিভিন্ন সময়ে প্রচলিত আইনের যথোপযুক্ত সংশোধন করা ও কালক্রমে যেসব পরিবর্তন ঘটেছে সেওলির পরিপ্রেক্ষিতে রাজ্যের লৌর প্রশাসমের রবিষয় আওতাভুক্ত করে একটি ব্যাপক আইনের সংস্থান রাখা প্রয়োজন হয়ে পড়েছে। কথা মনে রেখে ১৯৯২ সালের জুন মাসে এই সভায় ১৯৯২ সালের পশ্চিমবৃদ্ধ লৌর জি উপস্থাপিত করা হয়েছিল। মাননীয় সদস্যবৃদ্ধ অবগত আছেন যে, পূর্বোক্ত বিলটি সিলেই কাটির কাছে পাঠানো হয়েছিল। খ্ব সম্প্রতি সিলেই কমিটি বিলটির চূড়ান্ত রূপ দিয়েছেন। ব্র সম্প্রতি সিলেই কমিটি বিলটির চূড়ান্ত রূপ দিয়েছেন। বিলটি র কাছে পাঠানো হয়েছিল। খ্ব সম্প্রতি সিলেই কমিটি বিলটির চূড়ান্ত রূপ দিয়েছেন।

৫। শহরাঞ্চলীয় স্থানীয় সংস্থাগুলি সেবাধর্মী প্রতিষ্ঠান তাদের রাজ্বরের উৎসও সীমিত। ্রাটের উপর শহরাঞ্চলীয় স্থানীয় সংস্থাওলির বেশির ভাগেরই আর্থিক অবস্থা সম্বোষম্ভনক <sup>न्य।</sup> (तरे कात**ारे, এरे**नव नरञ्चा यारा कारान काळ ठानिता यारा भारत, तम **উ**रामत्मा ताळा সংকার সেগুলিকে বিভিন্ন যোজনাধীন ও যোজনা বহির্ভত মঞ্জুরির মাধ্যমে পর্যাপ্ত পরিমাণে অর্থিক সহায়তা দিয়ে আসছেন। যোজনার আওতাভক্ত মঞ্জরিগুলির মধ্যে রয়েছে পৌর উদয়ন কর্মসূচ্টি স্বন্ধ-ব্যয় অনাময়, জলের উৎস সন্ধান, ছোট ও মাঝারি শহরওলির সুসংহত উময়ন, শহরাঞ্চলের বস্তিগুলির পরিবেশের উন্নতি সাধন, নেহেরু রোজগার যোজনা, দরিদ্রের জ্ঞা শহরাঞ্চলীয় মৌল পরিষেবা ইত্যাদি সংক্রান্ত বিষয়সমূহ, আর যোজনা বহিষ্ঠৃত মঞ্জুরিওলির <sup>মধ্যে</sup> অন্যান্য বিষয়ের সঙ্গে রয়েছে অতিরিক্ত মহার্ঘ ভাতা বাবদ মধ্রুরি, চুঙ্গিকর, প্রমোদকর, মটরযান কর ইত্যাদি। এখানে উল্লেখ করা যেতে পারে যে, শহরাঞ্চলীয় স্থানীয় সংস্থাওলি ংকে যত তাড়াতাড়ি সম্ভব ধাঙর-প্রথা বিলোপ করার চেষ্টা চলছে। হাডকোর কাছ থেকে <sup>১৭</sup> সহায়তা নিয়ে ধাঙরদের আবাসনের সুযোগ-সুবিধা দেওয়ার জন্য কার্সিয়াং, পৌরসভা কেটি নতুন কর্মসূচি গ্রহণ করেছে। সকঠিন আর্থিক অবস্থার পরিপ্রেক্ষিতে, নাগরিক পরিবেশ্বার <sup>ট্রান্তি</sup> সাধন এবং জ্বল সরবরাহ কর্মপ্রকলসমূহের ওপর বিশেষ জোর দিয়ে শহরাঞ্চলে <sup>ারিকাঠামোগত</sup> সুযোগ-সুবিধার বিকাশের জন্য হাডকো সমেত অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান**ওলি**র মছ থেকে ঋণ সহায়তা গ্রহণের ওপর ওরুত্ব দেওয়া হচেছ।

৬। এবন পর্যন্ত ৩৬টি শহরকে আই.ডি.এস.এম.টি. কর্মসূচির আওতার আনা হরেছে। ব মধ্যে ৩১টি শহরের কান্ধ বঠ ও সপ্তম বোজনা কালপর্বে এবং ৫টি শহরের কান্ধ ১৯১-৯২ সালে হাতে নেওয়া হয়েছে। কোচবিহার, বালুরবাট, নালপাইবড়ি, শিলিগুড়ি,

[6th April, 19931]

ইংলিশ বাজার, কাটোরা, তারকেশ্বর এবং পুরুলিরা এই আটটি শহরে কর্মসূচির কাছ কে হরেছে এবং অন্যান্য বেশির ভাগ শহরেই কাজ প্রায় শেব হরে এসেছে। ১৯৯২-৯৩ সাক্র আই.ডি.এস.এম.টি. কর্মসূচির আওতার আনার জন্য আরও দশটি শহরকে চিহ্নিত কর হরেছে। এই দশটি শহরের প্রকল্প রিপোর্ট ভারত সরকারের কাছে তাদের অনুমোদনের ভর্ম পাঠানো হয়েছে।

৭.১। মাননীয় সদস্যরা জ্বানেন যে, ১৯৯৩ সালের আগস্ট মাসে রাজ্য সরকার ছিঠীয় গৌর অর্থ কমিশন গঠন করেছেন। সম্প্রতি পৌর কমিশন তাদের রিপোর্ট চূড়ান্ত করেছেন

৭.২। ১৯৭৮ সালে এই বিভাগ স্থানীয় সংস্থা অধিকার গঠন করেছিল। একইভাবে ১৯৮১ সালে লৌর ইঞ্জিনিয়ারিং অধিকার গঠিত হয়েছিল। প্রথমোক্ত অধিকারটি শহরাঞ্জনি স্থানীয় সংস্থাতলির বিভিন্ন কাজকর্ম (উন্নয়ন কর্মসূচি বাদে) তত্ত্বাবধান করার দায়িত্বে রয়েছে আর শেবোক্ত অধিকারটি বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচি রাপায়ণের বিষয়ে শহরাঞ্চলীয় স্থানির সংস্থাতলির কাজকর্মের তত্ত্বাবধান করা এবং সেই সঙ্গে ঐ সংস্থাতলিকে প্রায়োগিক বিশেষদ্রসূলত পরামর্শ দানের দায়িত্বে আছে। এই দুটি অধিকার এখন শহরাঞ্চলীয় স্থানীয় সংস্থাসনুহের দৈনন্দিন প্রশাসনের অবিক্রেদ্য অঙ্গ হয়ে গেছে। এই দুটি অধিকার ঘাতে শহরাঞ্চলীয় স্থানীয় সংস্থাতলিকে বিভিন্ন ভাবে ফলপ্রস্থ সহায়তা দান করতে পারে তা সুনিশ্চিত করার উদ্দেশে তাদের প্রনবিন্যাসের পদক্ষেপ নেওয়া হয়েছে।

৭.৩। ১৯৮০ সালে কেন্দ্রীয় মৃশ্যায়ন পর্বদ গঠন করা হয়। শহরাঞ্চলের ফুনিং সংস্থাসমূহের আওতাভুক্ত সম্পত্তির মৃশ্যায়ণের ক্ষেত্রে অবাধ-নীতির অবসান ঘটানো এবং শহরাঞ্চলের ক্ষেত্রে মৃশ্যায়নের একটি বিজ্ঞানসম্মত ও পক্ষপাতহীন ভিত্তির সংস্থান রাধাই এই সংগঠনটি ইতিমধ্যে ৪২টি শহরাঞ্চলীয় স্থানীয় সংস্থার আওতাভুক্ত সম্পত্তির বার্ষিক মৃশ্যায়নের কান্ধ শেষ করেছে। আরও ৪৯টি শহরাঞ্চলীয় স্থানীয় সংস্থার ক্ষেত্রে বার্ষিক মৃশ্যায়ন করার জন্য প্রজ্ঞাপণ জারি করা হয়েছে। এভাবে নতুন করে মৃশ্যায়ন করার ফলে এইসব শহরাঞ্চলীয় স্থানীয় সংস্থার রাজ্যর কর সংগ্রহের পরিমাণ <sup>যথেই</sup> বৃদ্ধি পাওয়ার সন্থাবনা রয়েছে। অবশিষ্ট শহরাঞ্চলীয় স্থানীয় সংস্থাতলিও তাদের আওতাভূক্ত ভূসম্পত্তির মৃশ্যায়নের জন্য সরকারের কাছে আবেদন জানাচ্ছে।

৭.৪। শহরাঞ্চলীয় স্থানীয় সংস্থাগুলির নির্বাচিত ও নিযুক্ত কৃত্যকারিদের নিয়মিত প্রশিক্ষ
সুনিশ্চিত করার উদ্দেশ্যে ১৯৮২ সালে ইনস্টিটিউট অব লোকাল গভর্নমেন্ট আভে আবক্ত
স্টাডিজ গঠন করা হয়। পৌর প্রশাসন সংক্রান্ত গবেষণা কার্য পরিচালনা, পৌরবিষর
একটি তথ্য ব্যান্ত স্থাপন এবং তাবং পৌর অক্ষলের ওপর গবেষণা সংক্রান্ত কাগজপত্র ও
জার্নাল প্রকাশ করাও এর কর্মপারিধির অন্তর্গত। ইনস্টিটিউট অব লোকাল গভর্নমেন্ট আদ
আরবান স্টাডিজের কাজকর্ম এই প্রতিষ্ঠানের স্বাভাবিক কৃত্যাবালির পরিধিকে অভিক্রম করেছে
ভারত সরকার দ্বারা পোষিত কর্ম-প্রকল্প ইউ.বি.এস.পি.তে কর্মরত বিপুল সংখ্যক আবাদি
সমন্তি উন্নয়ন ক্রেজাসেবিকা, সমন্তি উন্নয়ন সংগঠক এবং সংশ্লিষ্ট অন্যান্য কৃত্যাকারিদে
ধারানাহিক প্রশিক্ষা প্রক্রিয়ার বিকাশের উদ্দেশ্যে এটি বর্তমানে রাজ্যন্তরে প্রশিক্ষা প্রতিষ্ঠানরেট
কর্মন্ত করেছে। শহরাক্ষল সংক্রোক্ত অত্যন্ত শুরুত্বপূর্ণ বিষয়সমূহের ওপর আলোচনা চক্রে

গ্রেম্বেলন করা ছাড়াও এটি স্টেট আরবান ডেভেলপমেন্ট এজেন্দি, রাজ্য সরকার শ্বারা গঠিত বিভিন্ন কমিটি ও কমিশনকে প্রায়োগিক ও প্রশাসনিক সহায়তা দান করছে। এই প্রতিষ্ঠান ন্দ্রমিতভবে 'এ হ্যান্ডবুক অন মিউনিসিপ্যাল অ্যাডমিনিক্রেশন' এবং 'আরবান ওয়েস্ট বেক্সণ' ক্রন্থ করছে। এই প্রতিষ্ঠানে গবেষকদের আকর্ষণ করার মতো একটি সুসমৃদ্ধ গ্রন্থাগার গুছে।

৮। শুধুমাত্র মহানগরির উময়নের ওপর একপেশে জোর দেওয়ার পরিবর্তে রাজ্ঞার লানা পৌর অঞ্চল এবং শহরাঞ্চলভূক্ত প্রধান প্রধান বিকাশশীল অঞ্চলের যুগলং দ্রিতিবিধানের একটি নীতি প্রহণের কথা সরকার শুরুত্ব সহকারে বিবেচনা করছে। পূর্বতন রকারের আমলে এই বিবয়টি উপেক্ষিত হয়েছিল। এই নীতি পরিবর্তনের মুখ্য উদ্দেশ্য হল সমগ্র রাজ্যের ঐসব অঞ্চলের বাসিন্দাদের কাছে শহরাঞ্চলীয় মৌল পরিবেবা পৌছে দেওয়া। য়বশা, সরকার কলকাতা মহানগরী, হাওড়া ও অন্যান্য শিল্প উপনগরির শুরুত্ব সমস্তাবে ইপননির করে। এসব অঞ্চলের সমস্যাশুলি দৃত্যুল, বহবিধ এবং পরস্পরের সঙ্গে সম্পর্কত্তা। শর্মমেয়াদি ও স্বল্পমেয়াদি কর্মসূচির মাধ্যমে এইসব সমস্যা দূর করার চেষ্টা করা হচ্ছে। শুক্তপক্ষে, সরকার মহানগরির সমস্যাবলী সম্পর্কে সচেতন। উদাহরণ দিয়ে বলা যায়, রেয়াইনি গৃহ-নির্মাণ এখনও আমাদের কাছে একটি সমস্যা। সরকার নিয়োজিত দৃটি তলম্ব ক্রিটি এ-বিষয়ে তাদের রিপোর্ট পেশ করেছে। তদনুযায়ী সরকার এর বিরুদ্ধে যথোপযুক্ত ফেইনি ব্যবস্থা গ্রহণ করার কথা চিম্ভা করছে। সকলের সহযোগিতায় এই সমস্যাশুলিকে দূর করা হবে।

৯। মহাশয়, এই কথা কটি বলে আমি সভার অনুমোদনের য়ন্য আমার দাবি পেশ ব্রছি।

#### Demand No.26

Mr. Speaker: There are three cut motions to Demand No.26.

All the cut motions are in order and taken as moved.

Shri Saugata Roy Shri Prabir Banerjee Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-.

## Demand No.37

Mr. Speaker: There are three cut motions to Demand No.37. All the cut motions are in order and taken as moved.

Shri Saugata Roy
Shri Subrata Mukherjee
Shri Prabir Banerjee
Shri Ajoy Dey and
Shri Deba Prasad Sarkar

Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-.

[6th April, 1993]

[2-15 - 2-25 p.m.]

🖴 जमीन बरम्यानाशाह्र ३ माननीय न्निकात मरशानव, चाकरक २७नः, ७१नः 🚓 AOAR वाय-वर्वास्मत पावित विरवाधिका करत चामारमत काँग स्मानस्मत समर्थस खामि तक রাখরি। প্রথম কথা, মুশকিল হচ্ছে আমাদের নগর উন্নয়ন দপ্তরের মন্ত্রীর নগর উন্নয়ন ৮৪ দেখাশোনা করাটক ছাড়া বাকি সব কাজই করছেন। তিনি স্বরাষ্ট্র দথার দেখছেন চিং দান্তিলিং যাক্ষেন, প্রশাসনের ব্যাপারে তিনি তার মতামত দিচ্ছেন, বদলি এবং অনানা সহ ব্যাপারেই যথাযথভাবে তিনি মাথা ঘামাফেন এবং আনকলটিটিউশনাল অথরিটি ইমার্জ কলচ এমত কথাও সর্বত্র আলোচিত হছে। আর তার যিনি ছোট মন্ত্রী, তিনি দার্জিলং জেল সভাষ चिসিংকে किভাবে মোকাবিলা করা হবে তারজনা সপ্তাহে তিনদিন বিমানে করে দার্ভিছ যাকেন। সেদিন প্রয়োজরে অর্থমন্ত্রী আমাদের জানিয়েছেন, ২৪ হাজার টাকা করে তারক भवकारवर विभाग चंदार शक्ता पार्किनिश स्माल धामि, कामे काम थाका मास्त्र या प्रदेश ব্যবহার করতে পারেন তিনি বিমানে যাতায়াত করছেন এবং ঐ টাকা খরচ করছেন। ৩৩ আমাদের নগর জীবন আজকে চ্যালেঞ্জ-এর মখে এসে দাঁডিয়েছে। পথ-ঘাটের দূরবস্থা, রাজ্য गर्ड, बन সরবরাহ অনিয়মিত, ফুটপাত হকারদের দখলে, সব মিলিয়ে নগরবাসীরা এক চর-**নরক যন্ত্রণার মুখোমখি এনে দাঁডিয়েছে। শেষ পর্যন্ত দেখা যাচ্ছে নগরের পানীয় জল** প্র দৃষিত হয়ে পড়েছে, ফলে আন্ত্রিক রোগে মানুষ আক্রান্ত হচ্ছে। আমি বুদ্ধদেববাবুকে বলং চাই, আপনার দপ্তরের অধিকাংশ টাকা মাইনে দিতে বেরিয়ে যাক্ষে। প্লান-আউটলে'ডে 🔈 টাকা ধরছেন সে টাকা কোথাও বরাদ্ধ করতে পারছেন না। আমি আপনাকে আগেও বলিঃ যে, আপনার আই.ডি.এস.এম.টি. প্রোগ্রামের বিশেষ উল্লেখ আপনার বাজেটের মধ্যে কেন্ড-বারই আমরা দেখছি না। আমি জানি না ইনটিপ্রেটেড ডেভেলপমেন্ট অফ স্মল অ্যান্ড মিডিয়া-টাউনস সম্বন্ধে কোনও স্পষ্ট উল্লেখ কেন পাই না। এটারও উল্লেখ দেখছি না যে, আপনার বাজেট বরান্দের টাকা কেন খরচ হচ্ছে না। ১৯৮৭-৮৮ সালে বরাদ্দ করা হয়েছিল ৩ কে: २९ मक गिका, चत्रठ रहारिन ९८ नक गिका। ১৯৮৮-৮৯ সালে আপনি वदाफ कर्तिएल ২ কোটি টাকা, খরচ করেছিল ৫২ লক ৩৯ হাজার টাকা। ১৯৮৯-৯০ সালে বরাণ করেছিলেন ১ কোটি ৬৯ লক টাকা, খরচ করেছিলেন ৬৩ লক্ষ টাকা। ১৯৯০-৯১ <sup>সারে</sup> বরাদ করেছিলেন ১ কোটি ৪৬ লক টাকা, খরচ করেছিলেন ৬ লক ১৬ হাজার টাক ১৯৯১-৯২ সালে বরান্দ করেছিলেন ১ কোটি ৪০ লক্ষ টাকা, খরচ করেছিলেন ৫৮ <sup>নর্ম</sup> ৯৭ হাজার টাকা। ১৯৯২-৯৩ সালে ১ কোটি ৪০ লক টাকা বরাদ্দ করেছিলেন। রিভা<sup>ইসং</sup> धिनिरायक ७८ नक कोका धाराह, ज्याकहरानका भारति। ১৯৯७-৯৪ সালে वास्त्रक्के धारत ১ কোটি ৫০ লব্দ টাকা। ছোট এবং মাঝারি নগর উন্নয়নের জন্য যে টাকা বাজেট বরা হছে, ছোট এবং মাঝারি নগর উন্নয়নের বরাক্ষকত টাকার কোনও কিছুই ঠিকভাবে <sup>ধর</sup> হছে না। এক্টের আপনার সীমাহীন বার্থতা। এই বার্থতার কথা বারবার কলা সংট দপ্তরের উন্নতির কোনও লক্ষ্ণ গত কয়েক বছর পরিলক্ষিত হচ্ছে না। যারফলে ছেটি এই মাঝারি নগরগুলির উন্নয়নের ক্ষেত্রে মার খাছে। এরপর ক্যালিটাল অভিটলে জন আরবা ডেভেলপমেন্ট হেড অন আকাউন্ট ৪২১৭. সেখানে মল সরবরাহ আছে, সমনিটেশন <sup>আটে</sup> হাউসিং আছে এবং আরবান ডেভেলপ্যেন্ট আছে। সেখানে আমরা দেখছি জলসরবরাহে ক্ষেত্রে, স্যানিটেশনের ক্ষেত্রে, হাউসিং-এর ক্ষেত্রে এবং আরবান ডেভেনপ্রেন্টের ক্ষেত্রে <sup>এব</sup>

<sub>প্রনিমিটি।</sub> হেড অন অ্যাকাউন্ট ৪২১৭, সেখানে ১৯৮৭-৮৮ বাজেট এক্টিয়েট ছিল ৯৪ লক্ত ক্ষা আর বরচ হয়েছে ৬২ লক টাকা। ১৯৮৮-৮৯ সালে বাজেট এসিমেট ছিল ৯৮ লকটাকা অ্যাকচুয়াল ৫৪ লক টাকা। ১৯৮৯-৯০ সালে বাজেট এস্টিয়েট ৬৪ লক টাকা. গ্রাক্ট্যাল ২০ লক্ষ্টাকা। আক্ট্যাল ১১ লক্ষ ৭৯ হাজার ৯৩৩ টাকা। ১৯৯২-৯৩ সালে ্ৰ কোটি ৫৯ লক্ষ টাকা। ১৯৯১-৯২ সালে বাজেট এস্টিমেট ৬ কোটি ৬৩ লক্ষ টাকা কিছ হক হয় অ্যাকচুয়াল এখনও আসেনি, আসবে। বারবার আমি এ কথা বলতে চাই, সেটা গ্রাক্ত আপনি প্ল্যান-আউটলেতে বারবার বরাদ করছেন, কিন্তু দেউলিয়া সরকারের অর্থনীতির ছনা কোনও কিছু হচ্ছে না। অসীমবাবু পদত্যাগ করতে চাইছেন স্টেটসম্যানের মতন কাগতে গংবাদ বেরিয়ে যাচ্ছে। একটা ব্যাঙ্ক-ক্রাপ্ট অবস্থায় দাঁডিয়ে আছে কোনও প্ল্যানিং নেই। সহরাং প্ল্যান আউটলেতে টাকা বরান্দ করলেও কোনও কান্ধ হচ্ছে না। অপরদিকে এই রাছ-ক্রাপ্ট সরকারের হাতে পড়ে নগর জীবনের অবস্থা ভয়াবহের মধোমধি এসে পড়েছে। ঘামি বারবার যে কথাটা বলেছি এবং এখনও বলতে চাই, কলকাতা কর্পোরেশন এলাকায় কিছ বে-আইনি বাড়ি তৈরির অভিযোগ এর আগেও আমি করেছিলাম, এখনও করছি। বিশ্বিং ট্রাইব্যুনাল ঠিকমতো কাজ করছে কিনা? এদের কাজ সম্পর্কে আপনার নিজের মতামত কিং সতিট্ট কি তারা কাজ করছেং যে অভিযোগগুলি ক্সমা পড়ছে, তাদের কাজ সম্পর্কে আপনি মন্ত্রী হিসাবে সম্ভষ্ট হচ্ছেন কিনা? টাউন আভ কানট্রি গ্ল্যানিং আছু কি বলবং হয়েছে? আমি এর আগে এই সম্পর্কে বেশি করে বলেছিলাম। আপনি নিজেই বলেছেন টাউন অ্যান্ড কানটি প্ল্যানিং আছে ২টি ওয়ার্ডে বলবত হয়েছে। ১৪০টি ওয়ার্ডের মধ্যে মাত্র ২টি ওয়ার্ডে বলবত হয়েছে। টাউন অ্যান্ড কানট্রি গ্ল্যানিং অ্যাক্টের মাধ্যমে কোন এলাকায় ক'তলা বাড়ি তৈরি করা যাবে তার সুস্পষ্ট চিত্র আমাদের সামনে আসবে। কিছ আপনি এতদিন মন্ত্রী থাকার পর টাউন অ্যান্ড কানট্র গ্ল্যানিং অ্যান্ট মাত্র ২টি ওয়ার্ডে বলবং হয়েছে। সূতরাং বিশ্ভিং ট্রাইব্যুনাল যেমন কাজ করছে না, তেমনি টাউন অ্যান্ড কানট্রি প্ল্যানিং আই মাত্র ২টি ওয়ার্ডে বন্ধবং হয়েছে। এটা নিয়ে ২ বছর ধরে আলোচনা করছি। আপনি গত বছর বলেছিলেন এই সম্পর্কে নিশ্চয়ই আইডিয়া দিতে পারবেন, কিন্তু তা দিতে পারেননি। বাড়ি তৈরির বে-নিয়ম ধরার ক্ষেত্রে কলকাতা পৌরসভা তাদের দায়িত্ব যে ঠিকভাবে পালন করছেনা এটা আমাদের কাছে অভিযোগ। বাড়ি তৈরির বে-নিয়ম কলকাতা **পৌরসভা** যদি ঠিকভাবে ধরতো এবং এই ধরার ক্ষেত্রে যদি সঠিকভাবে তাদের দায়িত্ব **পালন কর**ত তাহলে এই পরিস্থিতিটা এই জায়গায় এসে পৌঁছাতো না। যারফলে অসাধু প্রোমোটারদের দৌরান্তে কলকাতা শহর তাদের স্বর্গরাজ্ঞা পরিণত হয়ে গেছে। আমি প্রদীপ কুন্দলিয়ার প্রশ আপনাকে বারবার করবই। আপনাকে এর সম্পর্কে জিজ্ঞাসা করনেই আপনি বঢ়েন, আদালতে ণিয়ে দেখে আসুন। আমি আপনার কাছ থেকে স্পষ্টভাবে জ্ঞানতে চাই, শ্রদীপ কুম্মলিয়াকে কোন কোন ধারায় চার্জনিট দেওয়া হয়েছে? এটা আপনি সভাকে **জা**নিয়ে **আমাদে**র আ**ৰত** ক্ষন। আৰু পৰ্যন্ত প্ৰদীপ কুন্দলিয়ার মামলার অপ্রগতি কতদ্রং আমার কাছে অভিযোগ আছে, আপনার দলের বিভিন্ন লোকের সমর্থন নিয়ে এবং প্রশাসনের উপর প্রভাব বিস্তার করে মামলার ব্যাপারটা সম্পূর্ণভাবে পিছিয়ে দিচ্ছে। যে তৎপরতার সঙ্গে প্রদীপ কুম্মলিয়ার যামলা হওয়ার কথা ছিল. সেই মামলা ঠিক সেইভাবে হচেছ না।

[6th April, 1993!

[2-25 - 2-35 p.m.]

পার্ক প্রাঞ্জার মামলা সম্বন্ধে আপনি নিজে বলেছেন যে হাইকোর্টে পার্ক প্রাঞ্জা মার্কেট সেই সমস্ত নানা বিষয়ে আপনার সরকার আদালতের কাছে এসেছে, কোনও প্রতিশ্রু হক্তে বলে মনে হয়না। যে ততপ্রতার সঙ্গে মামলা হওয়া উচিত ছিল, মামলার কোন ত্রু ধারায় এদের বিরুদ্ধে চার্জনিট হয়েছে সেই সম্পর্কে আমাদের সভাকে অবহিত কর্ত্তে কলকাতা শহরে বে-আইনি বাডি আগেও বলেছি এই বে-আইনি বাড়ির সংখ্যা কত তাতে বাবকা নেওয়ার জন্য সরকার উদ্যোগ গ্রহণ করতে পারেন কিনা, কোন এলাকায় কত 🧿 আইনি বাড়ি হয়েছে হঠাৎ বে-আইনি বাড়ির উপর ঝাঁপিয়ে পড়ে ৪টে বাড়ির ছাদ ফটো কং দিলাম তারপর সমস্ত অগ্রগতি বন্ধ হয়ে গেল এভাবে কোনওদিন বন্ধ হবে না। কলকাত শহর প্রোমোটারদের স্বর্গ রাজ্যে এবং কমপ্লিট জঙ্গলে পরিণত হয়েছে। অসাধ প্রোমোটারদে ধরার জন্য যে ততপরতা দেখানো অব্যাহত ছিল তা হচ্ছে না। আমি যে এলাকার এম.এল.এ আপনাদের পার্টির হেড কোয়াটার, ঐ পার্টির হেড কোরাটার সবটাই বে-আইনিভাবে কৈ इतारह, यथन भार्षि अफिन (शरक गारान जयन मुसंदित जाकाराज जाकाराज गारान (१९९८) একটি মিউনিসিপ্যাল ওয়ার্ডে কম করে ৫০০ বাড়ি তৈরি হয়েছে। আমাদের অভিযোগ আ যে, আলিমুদ্দিন স্ট্রীটের ফাউন্ডেশন স্ট্রাকচার কনস্ট্রাকশন সবই বে-আইনিভাবে তৈরি হয়েছ তারপর জমি জমার কাগজপত্র তো পালা বদল না হলে পাওয়া যাবে না, প্রোমেটারনে স্বর্গরাজ্য হয়ে গেছে। হঠাৎ করে কলকাতা শহরে যদি ভূমিকম্প বা প্রাকৃতিক পরিস্থিতির <sup>হ</sup> বদল হয় এই বে-আইনি বাড়ির কনস্ট্রাকশন এত নডবড়ে হয়ে গেছে তাতে কলকাতা শহ ভয়ানক বিপদ হতে পারে। তার মোকাবিলা করার জন্য এলাকায় মানুষকে জানিয়ে দেও দরকার। কোন এলাকায় যে বে-আইনি বাডি হয়েছে তার স্থায়ীত কিরকম হয়েছে? তারপ আঞ্চকে কলকাতা শহরে বে-আইনি ব্যবসার চক্রান্ত যা চলেছে তাকে প্রতিহত করার উদ্যো গ্রহণ করতে হবে। তারপর আরও একটা গুরুতর বিষয়ে অভিযোগ করতে চাই, কলকাত ষিতীয় হুগলি সেতু ২ কোটি ২৭ লক্ষ টাকার নিম্ন মানের জিনিস দেওয়া হয়েছে, যারজ ভিজিলেন্স কমিশন ৭ জনের নামে হুগলি রিভার ব্রিজ কমিশন তার ডেপুটি চেয়ারনা হেস্টিংস থানায় এফ.আই.আর করার সুপারিশ করেছেন। এসব ধবর লোকে খবরের কাগ থেকেই পায়, আপনারাও তো ঐ রাজীব গান্ধীর বোফর্স ইত্যাদির খবর সংবাদপত্রের মাধ্যনে পেরেছেন। ঐ ৭ জনের নামে এফ.আই.আর করা হয়েছে কিনা আপনার কাছ থেকে জন চাই। বিতীয় হগলি সেতুতে নিম্ন মানের জিনিস দেওয়ার জন্য তার স্থায়ীত্ব সম্বন্ধে 🚟 চিত্তিত হচ্ছে। মনে করছেন যে কোনও সময়ে দুর্ঘটনা ঘটতে পারে। এতবড় একটা অভিযো আপনাদের সরকারে আলোচিত হওয়া সম্ভেও আপনি এই বিধানসভায় উল্লেখ করলেন ন এই এফ.আই.আর. সম্বন্ধে হাউস অন রেকর্ডস আমাদের জানাবেন। বিভিন্ন বাদ্ধারে <sup>আগ</sup> লাগছে, এই নিউ মার্কেটে আশুন লেগেছিল তার টোটাল লস অফ এস্টিমেটস, প্রপার্টিস ক এবং আওন লাগার কারণ কি ছিল, ১৯৮৯ সালে বিধানসভায় বলেছিলেন ৪ সদসে একটি কমিটি তৈরি করা হয়েছে বাজার সম্বন্ধে কেন আগুন লাগছে বিবরণ জানাবেন। <sup>কি</sup> আৰু পৰ্যন্ত আন্তন লাগার কারণ কি কোনও অভিযোগ আমাদের কাছে এল না। এর° নিজা পার্ক আমি নিজে তরুন দন্তর সঙ্গে নিজো পার্কে গিয়েছিলাম আমার অভিবে একইরকম। নি**কো পার্কে** সম্পূর্ণ ভাবে প্ল্যান স্যাংশন হবার আগে বে বাড়িটি তৈরি ই

হয়ে ৫০০ জোরার ফুট এয়ার কন্ডিশন বাড়ি, অথরিটি কোনও ওয়ার্ক অর্ডারের বাবছা না
হয় এটাতে কাজ করছে। প্রান স্যাংসন সম্পূর্ণ হয়নি, অকুপেন্সি সাটিফিকেট দেওয়া হয়নি,
হর আগেই ঐ বাড়িতে বসে দশ্তর পরিচালিত হচ্ছে, কারণ নিজ্ঞা পার্কের কর্মধারদের সঙ্গে
কা সরকারের রথী-মহারথিদের সন্তান-সন্তাতিদের সঙ্গে ঘনিষ্ট সম্পর্ক রয়েছে। আমরা,
ব্যংনসভার সদস্যরা, নিজো পার্ক দেখতে গিয়েছিলাম। এর আগেও এই নিয়ে আলোচনা
কর্মে, কিন্তু আজও পরিস্কার করে বলা হল না যে, নিজো পার্কে যদি বেআইনি কন্ট্রাকশন
তে থাকে তবে সেটা তিন দিনের মধ্যে জানিয়ে দেব। নিজো পার্কের মধ্যে ৫,০০০ জোয়ার
ক্যিটোল ইললিগ্যাল কনস্ত্রাকশন, যার কমপ্লিশন সাটিফিকেট নেই, অক্যুপেন্সি সাটিফিকেট
র, সেইরকম একটা বাড়িতে ঐ সাটিফিকেট পাবার আগেই কিভাবে দপ্তরের কাজ পরিচালনা
হতে পারেন সেটা আমি জানতে চাই।

#### [2-35 — 2-45 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়. এরপর আমি আসতে চাই ৯০ নথর ডিমান্ডে যেখানে উনিসিপ্যালিটি সম্পর্কে আমাদের বক্তব্য রয়েছে। এছাডা ফায়ার ব্রিগেড সম্পর্কেও আমাদের क्व तरप्र**रह। आधारक সারা कलका**णा এकদিকে টাওয়ারিং ইনফারনো হয়ে রয়ে**ছে। ১৯৮**২ ্ক ১৯৯২ এই সময়ের মধ্যে এখানে আগুন লাগার ঘটনা ৭২,০০০ তার্ফলে লস অফ শারটি এস্টিমেটেড ১৬০ কোটি টাকা এবং প্রাণ হারিয়েছেন ৪০০ জন। এই শহরের লনায় এখানে ফায়ার ব্রিগেড ইকাইপমেন্টস অপ্রতুল। আমি ডিমান্ড এক্সপ্ল্যানেটরি নোটে শহিলাম যে, জ্ঞাপান থেকে কিছু ফায়ার ফাইটিং ইকাইপমেন্টস এসেছিল যারজনা ৯.৫ এটি টাকা বরাদ্দ করা হয়েছে বাডতি, সাপ্লিমেন্টারি ডিমান্ডে। টাকটো কি কাস্টম ডিউটি কে দিয়েছিলেন ? এই যে ৯.৫ কোটি টাকার কাস্টম ডিউটি দিতে হয়েছিল ভারজনা কি ন্দ্রীয় সরকারকে লিখেছিলেন? প্রকৃত অর্থে কত টাকার মাল এসেছিল যারন্ধন্য ৯.৫ কোটি াল কাস্ট্রম ভিউটি দিতে হয়েছিল? এ ফায়ার ফাইটিং ইকাইপমেন্ট্রস কোপায় বাবকত ত্তহে সেটাও আমরা জানতে চাই। আজকে ১৫টি মিউনিসিপ্যালিটি নির্বাচন করছেন আগামী ন্ধায়েত নির্বাচনের সঙ্গে। তিনটি পৌরসভার বিষয়টা রাষ্ট্রপতির কাছে পাঠিয়েছেন ১৯৮৯ **েল, কিন্তু তার লেটেস্ট পোজিশন জানাতে পারছেন না। এই অবহার ওংনন্দর বৌরসভায়** বোর যদি ৩০-২৯ হয় তখন তার ভবিষ্যৎ কি হবে। যতক্ষণ সেখানে বিশ্রেস এন ক্ষমতার শৈতে না পারছে ততক্ষণ কি তাহলে এইরকম আচরণই চলবেং আগ্রুকে মানুষের কাছে ু কাবেন, এই কারণে বহরমণুর পৌরসভা ভেঙে দেওয়া হয়েছিল। নির্বাচনের পর আবার <sup>বানে</sup> মনোনীত বোর্ড চাপিয়ে দেবেন, নাকি নির্বাচিত পুরো বোর্ডকে ঠিকভাবে **কাজ করবা**র <sup>মেণ</sup> দেকেন সেটাও কলকে। তবে আজকে পঞ্চায়েত নির্বাচনের সঙ্গে ১৫টি মিউনিসি<del>শ্যালি</del>টির <sup>नेर्त्</sup>रुन करवात मुद्रकात हिल ना. शुधाराउट निर्दाहरनत श्रेत (त्रों) कराउट शांतर**्**न, कांत्रश <sup>মইন-শৃ</sup>ঋলার পরিস্থিতি যা তাতে বাইরে থেকে আপনাদের পুলিশ আনাতে হবে। পঞ্চায়েত নির্কানের সঙ্গে ১৫টি পৌরসভার যে নির্বাচন করা হচ্ছে সেই নির্বাচনে গণতান্ত্রিক নির্বাচন <sup>23</sup> পারবে কিনা তার কোনও গ্যারাটি আপনার কাছ থেকে পাছিছ না। এছাড়া কালকটা <sup>ত্রুপা</sup>রেশনের ইদানিংকালের নির্বাচন কুখ্যাত রশিদের কি ভূমিকা ছিল সেটা আপনি জানেন। শিশতার ৪৬ নম্বর ওয়ার্ডে কি ঘটনা ঘটেছিল সেটা আপনার অজ্ঞানা থাকবার কথা নর।

16th April, 199 রলিদের মাধ্যমে মধ্য কলকাতা যে কনস্টিটিউয়েন্সির বিধায়ক শ্রী সোমেন মিত্র এবং সে ক্রাস্টিটিট্রেন্সির যেসব ওয়ার্ডে তিনি ১৮,০০০ থেকে ২০,০০০ ভোটে লিড করেন সেইরুহ তিনটি ওয়ার্ডে গত পৌর নির্বাচনে তাকে হারিয়ে দিলেন ৩০,০০০ ভোটে! বালিগঞ্জ উপনির্বাচ কি হয়েছিল ং সেদিন ২৪টি কেন্দ্রে নৃতন করে ভোটের জন্য আদেশ দেওয়া হল নির্বাচ কমিশন থেকে। তখন আপনারা বিশ্বিত হয়েছেন। সেই ১৪টি কেন্দ্রের উপ-নির্বাচনের ভেট্ট কেন্দ্র করে আপনাদের কি অভিযোগ ছিল? বালিগঞ্জের ২৪টি কেন্দ্রের উপ-নির্বাচনের ভ কে নাকি উন্মাদ দিল্লিতে বসে আছেন এবং তিনি নাকি প্রত্যক্ষভাবে দালালি করেছে সূতরাং নির্বাচনকে প্রহসন করতে দেবেন না। আপনি এই বয়সে অনেক ক্ষমতা 😅 করেছেন। আপনি জ্যোতিবাবুকে ধৃতরাষ্ট্র হিসাবে সাজিয়ে রেখেছেন এবং তাকে যা হ'ট দিচ্ছেন তিনি তাই সই করে দিচ্ছেন। আপনি উদিয়মান, আপনি মুখ্যমন্ত্রী পদের দাবিদ্য সেদিক থেকে আমি বলছি যে নির্বাচনকে সুস্তা এবং গণতান্ত্রিক ভাবে করতে দিন। পৌরসভ নির্বাচনে যে কলঙ্কিত অধ্যায় রচনা করেছিলেন, আবার এই পৌরসভার নির্বাচন করে: উদ্যোগ নিয়েছেন। আমরা স্বভাবতই আতঙ্কিত হচ্ছি। সেই পৌরসভার নির্বাচনে কি ভুকি পালন করছেন, সামগ্রিক ভাবে এই দপ্তর পরিচালনার ক্ষেত্রে কি ভূমিকা নিচ্ছেন আমব 🕫 সম্পর্কে স্পষ্ট গ্যারান্টি চাই। আজকে এই দপ্তর সম্পর্কে আমাদের অভিযোগ যে হল জীবনের সুখ-স্বাচ্ছন্দা, নগর জীবনের উন্নয়ন-এর ক্ষেত্রে আপনার দপ্তর কোনও ভূমিকা পান্ত করতে পারেনি। আমরা আবার নৃতন করে দেখছি যে সদট লেকের দক্ষিণে জলাভূমিব উপস্ প্রোমোটারদের দৃষ্টি পড়েছে, রাজ্য সরকারের দৃষ্টি পড়েছে। এই জলাভূমিগুলি ভরণ্ট ং? সেখানে বাড়ি তৈরি করার যে পরিকল্পনা করা হচ্ছে সেটাকে যদি অবিলম্ভে বদ্ধ করা হয় তাহলে আমাদের প্রাকৃতিক যে ভারসাম্য, সেটা নষ্ট হতে বাধ্য। কাজেই এটা যাওে 🕫 করা না হয় তারজন্য নজর দিতে হবে। আমি রাজ্য সরকারের এই দপ্তরের কাজকর্মণ সম্পূর্ণ বিরোধিতা করে আপনাকে বলব যে আপনার যদি এই দপ্তর পছন্দ না হয় তথে আপনি স্বরাষ্ট্র দপ্তরের দায়িত্ব ভার গ্রহণ করুন। আপনার দপ্তর তরুন মন্ত্রী, অশোক ভট্টাচর্যক্ত দিন, বা নির্মলবাবুকে, বা দীপকবাবুকে দিন, তারা অনেক আশা করে আছেন। এপনি নাগরিক জীবনের সুখ-স্বাচ্ছন্দা নিয়ে এই রকম হঠাকারি করবেন না, ছিলি-মিনি খেলবেন 💆 তাই এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[2-45 -- 2-55 p.m.]

শ্রী নির্মাপ মুখার্জি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্রাক্তির বাদের দাবি এখানে উত্থাপন করেছেন, আমি তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চর্ট স্বায়ন্তশাসনে হছে গণতান্ত্রিক ব্যবস্থার একটা অঙ্গ। সূতরাং গণতন্ত্রকে বাদ দিয়ে স্বায়ন্তশাসনেক কথা চিন্তা করা যায়না। আজকে আমাদের বিধান সভার বিরোধী দলের নেতা ডাঃ জয়নাল আবেদিনকে ত্রিপুরার নির্বাচনের পরিপ্রেক্ষিতে দেখে আমার মনে হয়েছে যে তিনি পিতামই জীত্মের মতো একাকী যুদ্ধ করতে করতে ধরাশায়ী হয়েছেন, রথী, মহারথীরা সব পরাজিত হয়েছেন, অপরাদিকে গণতন্ত্রের জয় হয়েছে। আসুন, আমরা সকলে এখানে গণতন্ত্রের জয়গনেক করি। ত্রিপুরার মানুর এই গণতন্ত্রের জন্ম অনেক রক্ত দিয়েছেন। সেই রক্তের বিনিময়ে তার গণতন্ত্রকে কিরিয়ে এনেছেন। আমি একথা বলতে চাই যে কংগ্রেস, গণতন্ত্র এবং স্বায়ন্তশ্যন,

ক্র একসঙ্গে হতে পারেনা। তার কারণ গণতন্ত্রের উপরে পুরোপুরি ে বে আঘাত হেনেছে ব্রং গণতন্ত্রের উপরে আঘাত হানার সঙ্গে সঙ্গে হভাবতই স্বায়ন্তশাননের উপরে আঘাত হানার সঙ্গে সঙ্গে হভাবতই স্বায়ন্তশাননের উপরে আঘাত হানার সঙ্গে সঙ্গে হভাবতই স্বায়ন্তশাননের উপরে আঘাত সুনেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে ১৯২৩ সালের এ:টা কথা উপ্লেখ করতে বুলি বিলি শাসনের আমলে রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ কর্পোরেশনে জন্য যে আইন প্রশারন ব্রিক্তিনে, সেটা ব্রিটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াইয়ের জন্য একটা হাতিয়ার হিসাবে কাজ হছে।

#### [2-55 - 3-05 p.m.]

মাননীয় চিত্তরপ্তান দাস, মাননীয় সূভাষচন্দ্র বোস কলকাতা কর্পোরেশনের আসন অলগু: হর্মেরলেন যে আইনকে সামনে রেখে, দৃঃখের কথা যে কংগ্রেসের মঞ্চ স্বাধীনতা আন্দেলন হরতবর্ষের সাম্রাজ্যবাদের বিরুদ্ধে আন্দোলনের মঞ্চ হিসাবে ব্যবহার বলা ১০ 🖂 সময় লতম সম্বন্ধে স্বায়ত শাসন সম্বন্ধে যে সমস্ত প্রতিশ্রুতি দেওয়া : · · ৷ ১।বঙর্বর্ষ স্বাধীন হবর পরে সেই প্রতিশ্রুতি ভলে গিয়ে ১৯৪৮ সালে ক্যালক 🗀 নিসিপ্যাল কর্পোরেশন হুম ক্যালকাটা কর্পোরেশন ছিল, হ'ব নির্বাচিত বোর্ডকে ভেঙে দিয়ে তাকে স্পারসেশন यद। (मोर्) ১৯৫২ मान পर्यप्र চলে। ১৯৫১ माल रात। ए। वन्नकारात कर्लादाग्यात बना বিল আনেন সেই বিলে মেয়রের সমস্ত ক্ষমতাকে নস্যাৎ করে দিয়ে সরকারের একজ্বন মমলা কমিশনারের হাতে সমস্ত ক্ষমতা প্রত্যার্পন করেন। আমি অত্যন্ত আনন্দিত যে সেই ঘটনকে বাতিল করে দিয়ে কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন নৃতন আইন ১৯৮০ সালে শায়ন করা হয়েছে, হাওড়া মিউনিসিপ্যাল আইন প্রণয়ন করা হয়েছে। ওরা যে অন্যায় ব্রছিল, যে প্রতিশ্রুতি ভঙ্গ করেছিল আমরা সেটাকে বাদ দিয়ে নৃতন ব্যবস্থা প্রণয়ন করেছি। সংগ্রন সরকারের হাতে ক্ষমতা নেই জনপ্রতিনিধিদের হাতে ক্ষমতা আছে। মেয়র ইন কটনিল কনসেপ্ট ভারতবর্ষে এই প্রথম, অন্যান্য রাঞ্জ্যের পৌরসভাওলিকে পথ দেশিয়েছে। মন্ত্রকে গোটা ভারতবর্ষের কর্পোরেশনগুলি ক্যালকাটা মিউনিসিপ্যাল কর্পোরেশনের আইন, হওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনের আইনের দিকে তাকিয়ে আছে, তারা চান **তাদের রাজ্যেও** বর্পারেশন গুলির এই আইন হোক। কংগ্রেস এই কথা বীকার করে না, যদিও **তারা মনে** মন হয়ত স্বীকার করেন। আমি এই কথা বলতে চাই ১৯৩৫ সালে ব্রিটিশ **আমলে বেঙ্গল** মিউনিসিপ্যালিটি আক্টি রচনা হয়েছিল। ১৯৪৭ সালের পর ১৯৭৭ সাল পর্যন্ত টুকরো-টাকরা মনন-বদল করলেও ব্রিটিশের সেই বেঙ্গল মিউনিসিপ্যালিটি আঞ্ট-এর কোনও পরিবর্তন ারা মনে করেন নি। আমি আনন্দের সঙ্গে বলতে চাই আমরাই মাত্র ১৬ বছরের মধ্যে ১৯৯২ সালে ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যালিটি আঠি যেটা সিলেই কমিটিতে গিয়েছে আপামী <sup>দিনে</sup> পশ্চিমবাংলার সমস্ত পৌরসভাগুলির আইন হিসাবে পরিন্ত হবে। সেখানে নুতন বঁতিহাসিক আইন প্রণয়ন করা হয়েছে, সেই আইনে কেবলমাত্র চেয়ারম্যান নয় চেয়ারমান ন-কাউনিল কনসেন্ট সেখানে রাখা হয়েছে। বেঙ্গল মিউনিসিপ্যাল আটেষ্ট্র যে দুর্বলতা ছিল नेना विषया अवर विन्डिरंग देशानि विषया मिट घोटेल विन्डिरंग क्रनम घातल घातक मझवूल প্রাকাপোক্ত করা হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই ছানেন য়ে, <sup>নপ্রায়ণ</sup> একটা রাজ্যের বিভিন্ন পৌরসভায় যে হয় সেটা কিভাবে বোঝা যায়। সেই সমস্ত ন্ধ্যতিলি, সেই সমস্ত মিউনিসিপ্যালিটি এরিয়ায় ল্যান্ড ভাালুয়েশন কোন জায়গায় আছে এবং

[6th April, 1993

বিভিন্ন আকটিভিটি ডেভেনপ করছে কিনা। আমাদের পশ্চিমবাংলার কলকাতা সহ প্র<sub>চি</sub> জেলায় বে সমস্ত মিউনিসিপ্যালিটি এবং কর্পোরেশন আছে সেই সমস্ত জায়গায় বর্তমা লাভ ভাল এবং বিভিং আকটিভিটি যদি আমরা পর্বালোচনা করি তাহলে পশ্চিমবালে নপ্রবাহনে একটা নতন জোয়ার এসেছে। পশ্চিমবাংলার বামদ্রুট সরকার গত ১৬ বছর ৮ প্রভিত্মবালোর সৌরসভাগুলিকে যেভাবে সহায়তা এবং আর্থিক অনুদান দিয়েছে ওধ আর্থি সম্ভায়তা নয় এক দিকে আর্থিক সহায়তা অন্য দিকে পৌরসভার অ্যাডমিনিস্টেশন চালা গেলে যেটা দরকার তারজন্য মিউনিসিপ্যাল আরবান ম্যানেজমেন্ট সৃষ্টি করেছেন এবং তারুমা দিয়ে অফিসারদের টেনিং দেওয়ার ব্যবস্থা করা হয়েছে যাতে তারা গিয়ে পৌরসভায় ঠিক্সা ভাবে অ্যাডমিনিষ্টেশনের দায়িত্ব পালন করতে পারেন। এই সমস্ত ব্যবস্থা এরমধ্যে দিয়ে ক হয়েছে। পশ্চিমবাংলায় সূত্রতবাব এই কলকাতা কর্পোরেশনের আঁত্তাকুড়ে নিক্ষেপ করেছিল সিদ্ধার্থশঙ্কর রায়। কারণ তখন কলকাতা কর্পোরেশন একটা আঁস্তাকুড ছিল, তখন কলকা কর্পোরেশনে মানুষ যেত না, কোনও উন্নয়নের কান্ধ হত না, কোনও নতন রাস্তার কান্ধ হ না, এইসব তো দুরের কথা পানীয় জ্বলের সুযোগ মানুষকে দিতে পারেনি। সেই সময় ওচ অর্থের সঙ্গতি ছিল না. পৌরসভার কর্মচারিরা ১০০ টাকা. ১৫০ টাকা. ২০০ টাকা ক মাইনে পেড, তাও মাসের গোডার দিকে অর্থাৎ পয়লা তারিখে তারা মাইনে পেত না হ ট্যাক্স থেকে যদি কিছ টাকা ওঠে, সরকার থেকে যদি দয়া করে অনুদান পাঠায় তবেই মাই পেত, তা না হলে তাদের হাঁড়ি চড়তো না। সেই ব্যবস্থার পরিবর্তন ঘটিয়ে দিয়ে আমাট থার্ড পে কমিশন পর্যন্ত পশ্চিমবঙ্গে সমস্ত মিউনিসিপাল কর্মচারিরা আজ্ঞকে রাজা সরক কর্মচারিদের মতো সমস্তরকম মাইনে, ভাতা ইত্যাদির সযোগ পাচ্ছেন। এমন কি রিটায়াট পর তারা পেনসন পর্যন্ত পাচ্ছেন। আগে একজন পৌরসভার কর্মচারী রিটায়ার্ড হয়ে গে অনাহারে থাকতে হতো। আন্তকে সেই পৌরসভার কর্মচারিরা পেনসনের সবিধা অর্জন করেছে এটাই হচ্ছে স্বায়ন্তশাসন, একদিকে উন্নয়ন এবং সেই উন্নয়নকে দ্রুত গতিতে এগিয়ে নি যাওয়া। পৌরসভাগুলির সাধে যে সমস্ত কর্মচারিরা যুক্ত আছেন তাদের জীবন জীবিকা উন্নত অবস্থায় নিয়ে যাওয়াই হচ্ছে লক্ষা। কংগ্রেসি বন্ধরা বাজেট বরাদ্দকে সামনে রে সমালোচনা করছেন, সমালোচনা তারা নিশ্চয়ই আরও করবেন, কিছু আমি বলতে চ সুদীপবাবু যখন বকুতা করছিলেন তখন আমার মনে হচ্ছিল একজন বাজারে মাছ কিন গিয়েছেন। মাছ কিনতে গিয়ে তিনি জিজ্ঞাসা করছেন, 'তোমার মাছের চোখটা হলদে কে মাছটি যদি বর্ষ দেওয়া হয় তাহলে সেই বরক দেওয়া মাছের চোপটি কি অর্জুন যে মা চোখে তীর-বিদ্ধ করেছিলেন তারমতো চকচকে হবে? বরফ দেওয়া মাছের চোখ হলদেই ? মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমরা জানি, সেন্ট্রাল গভর্নমেন্টের পক্ষ থেকে প্রাইভেটাইজে অব সিভিল সার্ভিসেসে একটি পরিকল্পনা একটি প্রস্তাব রাজা সরকারের কাছে ও পৌরসভাওলিতে পাঠিয়েছেন। অর্থাৎ তাদের প্রস্তাব আগামী দিনে পৌরসভাওলির পরিবেবাস্ বাবছাকে প্রাইভেটাইজেশনের এগিয়ে নিয়ে যাবেন। আন্তকে তারা জানালা দরজা খুলে দিয়েট তার মানে, আমাদের দেশের অর্জিত যে অধিকার, আমাদের ওরেলকেয়ার স্টেটের কনসেপ্ট—কল্যাণ রাষ্ট্র—তাকে বরবাদ করে দিতে চাইছেন। ১৯৭৪ সালে আমাদের ইভি কনস্টিটিউশনের প্রি অ্যান্থেলের ৪২ তম অ্যানেডমেন্ট এনে সমান্ধতন্ত্রের যে কথা ধ এনেছিলেন তাকেও ওরা ভলে যেতে বসেছেন। পৌরসভাওলিকে প্রাইভেটাইক্লেশনের ই

মূল দেওয়ার অর্থ পৌরসভাণ্ডলি বেশি টাকা খরচ করবে সেণ্ডলিডে বেশি পরিষেবার য়াগ পাবে। আর যেণ্ডলি তা পারবে না সেণ্ডলি পরিষেবার সুযোগ সেইভাবে পাৰে না। রুরে পাশাপালি, প্রাইভেটাইজেশনের আওন পৌরসভাগুলির মধ্যে যদি আসে. তার ছোঁরা 🛍 আসে তাহলে পৌরসভাতে যারা আছেন এখানে শোভনদেব চট্টোপাধ্যায় আছেন, ভিনিও শৌরসভার সাথে যুক্ত আছেন ক্যালকাটা মিউনিসিপ্যাল কর্পোরেশনের সঙ্গে, তিনি ওখানে ্র্যাক কর্মচারিদের নিয়ে সংগঠন করেন, অনেক সময় ন্যায় করেন, অনেক সময় অন্যায় দাবি ল্ল্য করেন, উনি আই.এন.টি.ইউ.সি.র একজন লীভার প্রাইভেটাইজেশন হয়ে গেলে গোটা মারতবর্বে যারা আছেন, যারা দীর্ঘদিন লড়াই করে দাবি দাওয়া আদায় করেছেন, প্রাইভেটাইক্রেন গ্রয় যাওয়ার মানে হচ্ছে বিদায় নীতি চালু হওয়া। পৌরসভার কর্মচারিদের কিছু টাকা নিয়ে বাড়ি চলে যেতে হবে। বড় বড় পুঁজিপতিরা প্রাইভেটাইজেশনের মাধ্যমে কিনে নেওয়ার অর্থ প্রনিকরা বিদায় নিয়ে চলে যেতে বাধ্য হবেন। আর আমরা এতদিনের যে অর্কিড অধিকার া জনাপ্রলি।দেব। সূতরাং আমি যেকথা বলতে চাই কংগ্রেস, গণতন্ত্র এবং স্বায়ন্তশাসন এই ং টেকে একসঙ্গে যুক্ত করা যায় না বা যুক্ত করার কথা চিন্তাও করা সম্ভব নয়। ১৯৪৭ সলে যখন দেশ স্বাধীন হল সেই সময়ে পশ্চিমবঙ্গের পৌরসভার সংখ্যা ছিল ৭৫ আর হুর্পারেশন ছিল মাত্র ১টি. অর্থাৎ মোট ৭৬টি। আর ১৯৭৬-৭৭ সালে অর্থাৎ আপনাদের জ্মানাতে এবং ৩০ বছরে পৌরসভা ৮৮টি, কর্পোরেশন ১টি এবং নোটিফায়েড এরিয়া ২টি. এই ছিল এই নিয়ে ৭৬ থেকে বেড়ে সেটা হল ৯১টি। ১৯৯৩ সালে কলকাতায় ডপা সারা পশ্চমবঙ্গের মিলিয়ে এবং মহেশতলা ইত্যাদি ধরে ১০৮টি আর কর্পোরেশন ৩টি এবং নাটিকায়েড এরিয়া ১৫টি এই নিয়ে মোট ১২৬টি। আপনারা গত ৩০ বছরে মাত্র ১৫টি বড়িয়েছেন আর আমরা সেখানে ১৬ বছরে ৩৫টি বাড়িয়েছি। আমরা পশ্চিমবঙ্গের ৩টি রুর্পারেশনের **আইন পাস করে বসে আছি কিন্তু কুন্তকর্ণের ঘুম** ভাঙানো যার না। ফলে রাষ্ট্রপতির সম্মতি না পেলে কিছু করা যাচ্ছে না। রাষ্ট্রপতির সম্মতি পেলেই আমরা আরও ু কর্পোরেশন উপহার দেব। তারপরে কলকাতা কর্পোরেশনের যে বিশ্চিং রুলস আছে ভা নিমে অনেক সমালোচনা করা হয়েছে। ১৯৭৭ সালে এই বিশ্ডিং রুলস তৈরি করা হয়, ১৯৯০ সালে তাকে আবার অভিজ্ঞতার মধ্যে দিয়ে পাকাশোক্ত করা হয়েছিল। আবার ১৯৯২ সালে এর কিছু নতুন বিধিব্যবস্থা প্রণয়ন করার ব্যবস্থা করা হয়েছে। আমি এই গ্রসঙ্গে বলতে চাই যে, কলকাতা মিউনিসিপ্যালিটি কর্পোরেশনের বিশ্ভিং কুলস এর ৪০১ <sup>ধারাকে</sup> কিছুটা সংযোজন পরিবর্তন করে ৪০১এ ধারা প্রণয়ন করার ব্যবস্থা করা হয়েছে। এই বিলটি আপামী ২-৩ দিনের মধ্যেই অ্যাসেম্বলিতে আসবে। এই বিলের বারা আপামী নিনে কোনও কেআইনি বাড়ি যদি কেউ তৈরি করেন বা যদি কেউ এই কেআইনি বাড়ির নলিক হয় **এবং** যদি ধরা পড়ে যে বেআইনি প্রমাণিত হয়েছে ভাহ**েল সেটা ব্যানিজেবেল** অকেনে পরিগণিত হবে। সেখানে আইনগতভাবে নন বেলেবেল সেকশনে জ্যারেউ ইজ্যাদি পর সাজা পেওয়া হবে। তারপরে অতি সম্প্রতি মাননীয় গৌতম দেব তার গ**থারের পক** খেৰে একটি বিল এনেছেন এবং সেটা গ্ৰোমেটাৰ্সদের উপরে প্রযোজ্য ছবে। জাপানী দিনে নম্ভ মিউনিসিগ্যালিটিগুলিতেও এই বিশ্ডিং কুলস ক্ষেত্ৰে এই আইন কাৰ্যকর করা হবে একং সতে এর প্রবশ্ভা কিছুটা রোধ করা যাবে। এবং এতে এই রুসটির এটি যথেষ্ট সহায়কও বৰ এবং পরিপুরক হবে বলে মনেকরি। এতে মিউনিসিশ্যালিটি এলাকতে বেআইনি বাড়ি

854 [6th April, 1993] ইভাানি তৈরি করার প্রবণতা রোধ করা যাবে। আমরা জানি কংগ্রেসের কিছু বড় বড় কো আছেন যারা রাজনীতির সঙ্গে যেমন যুক্ত তেমনি প্রোমোটার্সদের সঙ্গে ঘোরাঘুরি করেন। हरू স্থনামে বেনামে প্রোমোটার্সদের কাঞ্চও করেন। কয়েকজনের সম্পর্কে এই নিয়ে <sub>কাগ্যত</sub> লেখালেখিও হয়েছে। এইভাবে তারা দুমুখো চালে চলেন। আমি এই প্রসঙ্গে বলতে চাই ত জ্ঞানতার মিউনিসিপ্যাল কর্পোরেশন আমাদের পশ্চিমবঙ্গের প্রতিটি মানুষের গর্ব, ক্রকারার মানবের গর্ব। সতরাং এই উন্নয়নের জন্য রাজ্য সরকারের আর্থিক সহায়তা যেমন দরকার তেমনি কেন্দ্রীয় সাহায্যও দরকার। এটা কোনও দয়া দাক্ষিণ্যের ব্যাপার নয়। কলকাতা কেলেয়া পশ্চিমবঙ্গেই রাজধানী নয়, এটি একটি গুরুত্বপূর্ণ শহর। পূর্ব ভারতের এবং গোটা ভারতবর্তে গুরুত্বপূর্ণ শহর এবং আন্তর্জাতিক গুরুত্বপূর্ণ শহর কলকাতার উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরবারে কিছ দায়-দায়িত এবং কর্তব্য আছে। সঙ্গে সঙ্গে আমি বলতে চাই এখনও পর্যন্ত কলভাত পৌরসভার উন্নয়নের জন্য কিছু টাকা আসবে এই কথা তনতে পাচ্ছি। এতদিনের সনারেং भन्न दनक किहता भनाह वरन भारत शरहह, व्याभाभीमित स्निष्ट दनक भना बनता यहर বরফের সঙ্গে মিশে শত হয়ে যাবে কিনা জানিনা। কিছ টাকা আসবে শুনছি, অহত হিংট ভাদের মনে পরিবর্তন ঘটুক এই আশা করব। এই কলকাতা শহরকে বাঁচিয়ে রাখার দায়ে **কেবলমাত্র পশ্চিমবঙ্গ সরকারের নয়, কলকাতা কর্পোরেশনের নয়, এতে আর্থিক অনটারে** মধ্যে গত ৯২-৯৩ সালের আর্থিক বছরে কলকাতার মিউনিসিপ্যালের উন্নয়নের জন্য এং कर्मगितिएत डि.ब. ইতामि एनवात छन। ताङा সরকারের পক্ষ থেকে ১০৪ কোটি টাকা দেং **হয়েছে। কিন্তু আমি মনেকরি পশ্চিমবঙ্গের রাজ্য সরকার তার সীমিত আর্থিক** ক্ষমতার মং থেকে যে এটা দিয়েছেন. আমি মনেকরি আরও দেওয়ার প্রয়োজনীয়তা আছে, তার সঙ্গে সং কলকাতার মিউনিসিপ্যাল কর্পোরেশন এবং অন্যান্য মিউনিসিপ্যাল কর্পোরেশনগুলি ভালে আর্থিক অবস্থা যাতে একটু ভালোর দিকে যায় সেইদিকে একটা নৃতন চিম্ভা-ভাবনা করে সময় এসে গেছে। কলকাতার মিউনিসিপ্যাল কর্পোরেশনের আর্থিক দূরবস্থাকে দূর করার <sup>ভন</sup> ক্লকাতার মানুষ যারা গাড়ি ব্যবহার করে তাদের গাড়ি ধুতে হয় সেই গাড়ি ধো<sup>য়ার চন</sup> জন ব্যবহার করতে হয় সেইজন্য কার ওয়ানিং ফি একটা করা প্রয়োজন। কলকাতা<sup>য় হে</sup> সমন্ত বড় বাড়ি রয়েছে যাদের বিশ্ডিং ভ্যালুয়েশন ১ লাখ, ২ লাখ, ৪ লাখ; আমি মনের্ফার भाननीय भन्नीरक ठिष्ठा कतरा श्रद य धरेतकम दिश विन्छिर यामित আছে তারা वड़ रह ব্যবসাদার, এইরকম প্রায় ১৫ শোর মতো বাডি কলকাতায় আছে, যাদের ট্যাক্স নিটি ভাালুমেশন ৪০ পারসেন্ট সেটাকে বাডিয়ে দেওয়া উচিত। এটা যদি আমরা বাড়ি<sup>য়ে কিন্</sup> পারি তাহলে গরিব মানুবরা এতে আঘাতপ্রাপ্ত হবেন না, মধ্যবিত্তরাও আঘাতপ্রাপ্ত হবেন ন কংগ্রেসিরা এতে কিছুটা আঘাতপ্রাপ্ত হবেন, কারণ ঐ ১৫শোর বাডির যারা বড়লোক <sup>তালে</sup> এরা প্রতিনিধিত্ব করেন। মাননীয় সদস্য সৌগত বাবু আলিপুর কেন্দ্র থেকে নির্বাচিত, সেইটি वफ् वफ् वावनामातामत वाष्ट्रि আहে, এই गाभारत সৌগতবাবুকে অনুরোধ করব <sup>কলকাত</sup> কর্পোরেশনের জন্য যদি রাজা-সরকারের পক্ষ থেকে এইরকম প্রস্তাব আসে তাহলে মাননী মন্ত্রীকে অনুরোধ করব এটা বিবেচনার জন্য সৌগতবাবু আপনি কি বড়লোকেদের ছন পাকরেন না বন্ধিবাসীদের পক্ষে থাকরেন? আজকে মাননীয় মন্ত্রী যে ব্যয়বরাদের দাবি শে করেছেন ভাকে সমর্থন জানিয়ে এবং কংগ্রেসি বন্ধদের পক্ষ থেকে যে কাট্যোশনগুলি জন হয়েছে তার বিরোধিতা করে আমার বক্তব্য শেব করছি।

[3-05 - 3-15 p.m.]

🗿 অজয় 梀 : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে পৌর দপ্তরের পক্ষ থেকে ২৬. » এবং ১০ নম্বর দাবির পরিপ্রেক্ষিতে যে ব্যয়-বরান্দ আনা হয়েছে আমি তার বিরোধিতা ছব এবং আমাদের দলের পক্ষ থেকে যে সংশোধনী আনা হয়েছে তাকে সমর্থন করে ানার বন্ধব্য রাখছি। আমাদের সদস্য সুদীপ বাবু বলেছেন যে কলকাতার অবস্থা কোপায় দ্রে গাঁড়িয়েছে। গত দুই বছর আগে যখন কলকাতার ৩০০ বছর পূর্তি উৎসব মহা ্রারাহে অনুষ্ঠিত হয়েছে সেই অবস্থায় দাঁড়িয়ে আজকে কলকাতার চিত্র কি সেটা বলার দল্কা রাখে না। চারিদিকে বে-আইনি বাড়ি এবং চারিদিকে পার্কগুলিকে বাবসাদারদের **লিজ** ন্তু দেওয়া হয়েছে এটা পশ্চিমবাংলার মানুষ খুব ভালোভাবেই জানেন। মাঝে মাঝে দেখি বকার লোক দেখানো কয়েকটি বাড়ি ভাঙেন এবং কারোর কারোর বিরুদ্ধে মামলা দায়ের রে। সেই কেসগুলোর কিন্তু কোনও নিস্পত্তি হয়নি। আপনি জানেন স্যার, কুন্দলিয়া পর্কে বারবার এই বিধানসভায় আলোচনা হয়েছে এবং সুদীপ বাবু যে কথা ব**লেছেন, সেই** দলিয়ার বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হল এবং কোন কোন ধারায় তাকে গ্রেপ্তার করা হল ই সম্পর্কে মাননীয় মন্ত্রী সভাকে বা দেশের মানুষকে অবহিত করাননি। আপনি জানেন ার কলকাতার অবস্থা বর্ষার সময় কি দাঁডায়? বেশি দুর যেতে হবে না বিধানসভার সামনে কে তরু করে বেশ কিছু এলাকা জলমগ্ন হয়ে যায় এবং মানুষকে যে অবস্থার মধ্যে ফেলে ার্ননা করা যায় না। কলকাতা পৌরসভা কিন্তু কোনওরকম ব্যবস্থা নেয় না। আপনারা শেহেন যে এই পৌরসভাগুলো মানুষের চাহিদা পুরণ না করে জলের উপর ট্যান্স বসাচেছ। ন্বাতার ফুটপাথ আজ্ব দখল হয়ে আছে, বে-আইনি বাড়ি আজ ছেয়ে গেছে, **পার্কওলি** বসাদারদের দিয়ে দেওয়া হচ্ছে, কলকাতা কর্পোরেশন আজ সমস্ত ক্ষেত্রে বার্থ হয়েছে। মোত্র বড় বড় সাইন বোর্ড দেওয়া হচ্ছে "কীপ ক্যালকটা গ্রীণ", কীপ ক্যালকটা ক্লীন। ং সাইন বোর্ডে সারা শহর ছেয়ে গেছে। ৯০ নং দাবির মধ্যে দিয়ে পৌরসভাগুলোর সম্বন্ধে া বলতে গিয়ে প্রথমেই যে কথা বলতে হয়, ওরা বলেন ওরা নাকি ক্ষমতার বিকেন্দ্রীকরণ রছেন। আমাদের পশ্চিমবাংলায় এই সরকার বিভিন্ন পৌরসভার নাধ্যমে, শহরগুলোর সুখ-ছব্দ দেওয়ার কথা বলছেন. কিন্তু আজকে আমরা দেখছি পৌরসভাওলোকে সেবামূলক তিষ্ঠানের পরিবর্তে একটা বাণিজ্ঞাক প্রতিষ্ঠানে পরিণত করার চেষ্টা করা হচ্ছে। বেঙ্গল ট্রনিসিপ্যাল আন্ত্র যা আমেন্ডমেন্ট হয়েছে সেই আমেন্ডমেন্টের মধ্যে দিয়ে পৌরসভা**ওলো**র ক্ষমতা এবং যেটা আর্থিক দিক সেটাকে কার্টেইল করে দেওয়া হয়েছে। আমরা দেখছি গৈ টেড লাইসেন্দ যেসব ছিল এখন সেটা বন্ধ করে দেওয়া হয়েছে পৌরসভাওলো এখন টা নিতে পারবে না, বৎসরাস্তে তাদের একটা সামান্য টাকা দিয়ে দেওয়া হয়েছে। ওধু তাই া পৌরসভাগুলোর যে সমস্ত প্রাইমারি স্কুলগুলি আছে এবং তারজন্য যে হিউল্ল পরিমাণ গ বরচ হয় এই এডুকেশন পারপাসের জনা কোনও টাকা দিচ্ছে না। আমি দায়িত্ব নিয়ে াঁছি যে আমার শান্তিপুর পৌরসভাতে ৫টি এরকম বিদ্যালয় চলে এবং এরজনা সারা রে মাত্র তিন হাজার টাকা সরকার থেকে দেওয়া হয়। এই যে ৫টি বিদ্যালয় চলে বন্ধন্য এতো টিচার রয়েছেন, তার এস্টাবলিশমেন্ট খরচা আছে, সেবানে কিছু এরজন্য শিওরকম অর্থ বরাদ্দ করা হচ্ছে না। তারপর বিভিন্ন পৌরসভার অন্তর্গত যে সমন্ত হেলথ নিষ্ঠ আছে সেখানে কোনও অর্থবরাদ্দ করা হচ্ছে না। অপর দিকে আমরা দেবছি, কলের

[6th April, 1991

সেকশন ১১০-এ বলা হচেছ যে আগামীবার থেকে পৌরসভাণ্ডলি আর মিউটেশন ডি ক্রি পারবেন না। সরকারপক্ষ থেকে বলছেন যে আর্থিক দিক থেকে বরংসম্পূর্ণ হতে হবে क्र বৃদ্ধি করতে হবে কিন্তু পৌরসভার বে সমস্ত আর্থিক দিক রয়েছে সেগুলিকে সরকার আদ আছে কার্টেল করে দিতে শুরু করেছেন। এখানে মাননীয় মন্ত্রী মহালয় বলেছেন যে ১১১১ সালের আগঠে রাজ্য সরকার বিতীয় পৌর অর্থ কমিশন গঠন করেছেন। এটা ১৩ নং खामाकवि मन्नी महामग्न अरागायन कत्रायन, धाँग मान इस ১৯৯० जाम इरव। स्त्रशान विना क्रिमन या दिक्तम् करहाइन-श्रास्त्रमह स्माहिल ल्याहार्यक क्रियाह्मान करह रही हरू হয়েছিল—তাতে ট্যাঙ্গের ব্যাপারে কিছ রেকমেন্ড করা হয়েছে। আগে যেখানে ক্রম ভিত্তি টাবে ধার্য করা হত এখন সেখানে কভারড এরিয়ার বেসিসে ট্যাক্স ধার্য করা হবে। হঠে। বাধকম. সিভির তলার জায়গার জন্যও ট্যাক্স ধার্য করা হবে। শুধু তাই নয়, অন্তত ব্যাগাং প্রাইস ইনডেক্সের উপর অর্থাৎ বাজার দর যেভাবে বাডবে সেইভাবে নাকি ট্যাক্স ধার্য হত হবে। আমার জিজাসা, প্রাইস ইনডেক্সের স্থোগ কি সমস্ত রেট-পেয়ার্স পায় ? সরকার कर्मातिसमत ना द्या औरम दैनराज्य वाज्यन जि.व.वाराज यंपिल जामास्तर ताब्त मतकाति कर्मातिस्तर এখনও সেট্রাল গভর্নমেন্টের কর্মচারিদের চেয়ে ২০ পারসেন্ট ডি.এ. কম আছে, বাকি যান্ত কিছ যারা রিক্সা চালান তারা তো এই প্রাইস ইনডেক্সের সুযোগ পান না। তাদেরও সেই অনুযায়ী টাব্ধ বাড়ানো হবে। তারপর কথা হচ্ছে, শুধু ট্যাব্ধ বাঢ়ালেই তো চলবেনা, পাবলিজ্ব তো তারজন্য কিছু ফেসিলিটিস দিতে হবে। সেখানে আছলেনের কোনও ফেসিলিটিস নে ৩ লক লোক পিছ একটি আম্বলেল, তাও এমন জায়গা আছে যেখানে আম্বলেল নেই কাঁচা ডেন অনেক জায়গায় রয়েছে কিছু সেগুলির সংস্থারের পরিকল্পনা নেই। আন্তিক রোগ হলে, কলেরা হলে হেলথ কেয়ারের জন্য পৌরসভার ব্যবস্থা নেওয়ার ক্ষেত্রে কোনওরক অর্থ বরাদ নেই। আজকে এই অবস্থায় জনগণের কাছ থেকে ওধু টাকা আদায় কর্য পরিকল্পনা নেওয়া হচ্ছে অথচ দেখানে সাধারণ মান্যদের ন্যুনতম যে চাহিদা সেটা পুরণ ক্র হছে না। এইভাবে আমি মনেকরি পৌরসভাগুলিকে বাণিজ্ঞািক প্রতিষ্ঠান হিসাবে পরিণ্য করার একটা চক্রান্ত করা হচ্ছে। শাসক দলের একজন মাননীয় সদস্য এখানে গণতত্ত্বের <sup>কং</sup> বললেন। এখানে গণতত্ত্ব কেমন চলছে তার কয়েকটি নমুনা আমি তলে ধরতে চাই। আছে বহরমপুর পৌরসভা পশ্চিমবালোর একটি আলোচিত নাম। বহরমপুর পৌরসভাকে গাঙ্গে জোরে ডেঙে দেওয়া হল। কি অপরাধ, কান্ড ডাইভারশন করেছে, কি অপরাধ তালে একসেস স্টাফ আছে। কিন্তু মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইবো যে বহরমপুর গৌরসভ ছাড়া আমি দায়িত্ব নিয়ে বলবো ১১৪টি পৌরসভার মধ্যে শতকরা ৫০/৬০ ভাগ এম পৌরসভা আছে, যারা দিনের পর দিন ফান্ড ডাইভারশন করছে। যারা কর্মচারী তাদে পি.এফ. এর টাকা ডাঙছে, যারা এল.আই.সি.র টাকা জমা দিছে না, যারা কো-অপারেটিং গঠন করেছে তাদের কো-অপারেটিভের টাকা টেজারিতে জমা পড়ছে না। আমি দায়িত নি বলতে চাই বালি পৌরসভার ৫০ লব্ধ টাকা ক্ষমা পড়েনি। চন্দননগর পৌরসভার ২০ ল টাকা জমা পড়েনি, বৈদ্যবাটি পৌক্রসম্ভার ৮ লক টাকা জমা পড়েনি, জলপাইগুড়ি পৌরসভা ১৪ লক টাকা পি.এফ.এ জমা পড়েনি, ব্রিবড়া পৌরসভার ১৫ লক টাকা জমা পড়েনি বরাহনগর পৌরসভার ৩০ **লক্ষ টাকা জমা পডে**নি। অশোক বাবু এখানে আছেন, ফেডারে<sup>ননে</sup> পক্ষ থেকে এইসৰ বাাপারে জানানো হয়েছিল, উনি বলেছিলেন এর বিরুদ্ধে ব্যবহা নেৰ্বেন

রাজনে প্রান্ত বন্ধ করে দেবেন। আমরা কি দেবলাম বর্ধমানের মতো পৌরসভার ৪০ লক 🔤 এল আই,সি. এবং কো-অপারেটিভের টাকা, বিভিন্ন খাতে কর্মচারিদের কাছ থেকে কেটে <sub>প্রব্যা</sub> হচ্ছে, সেই টাকা কিন্তু ট্রেজারিতে জমা পড়ছে না। আমরা কি দেখলাম এই সরকার ন লক টাকা তাদের প্রাণ্ট দিলেন। মন্ত্রী মহাশয় আছেন, তিনি এই সম্পর্কে বলবেন এবং নেরও বলছি আজ পর্যন্ত তাদের ১৫ মাসের এরিয়ার ১১ লক্ষ টাকা বাকি আছে। कि ক্রা নিয়েছেন ? বহরমপুর পৌরসভাকে জোর করে ভেতে দেওয়া হল। পরবর্তীকালে পদজাগ দতে বাধ্য করা হল। শুধু তাই নয়, বলা হচ্ছে একসেস স্টাফ অনেক আছে বছরমপুর নারসভাতে এবং কৃষ্ণনগর সৌরসভাতে এবং কৃষ্ণনগর পৌরসভাতে অচল অবস্থার সাঁচ রা হল। কিন্তু বিভিন্ন পৌরসভায় অনেক একসেস স্টাফ কাচ্চ করছে আন স্যাংশন্ত গ্রাস্টর এগেনস্টে। আমি উদাহরণ দিয়ে বলছি, রিষডা পৌরসভাতে একসেস স্টাক, ষার ংবা হচ্ছে ২৬৭, বর্ধমান পৌরসভাতে ৪০০ একসেস স্টাফ কান্ধ করছে, বালিতে ২৪০ ন, বরাহনগরে ২১৩ জন, জলপাইগুড়িতে ১৮৭ জন, পানিহাটিতে ২১৪ জন, জাটপাডাডে ১১৮ জন এইরকম ভাবে ৬০/৭০টা পৌরসভাতে সমস্ত একসেস স্টাফ কাল্ক করছে জালের বিদ্বত্বে কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে না, প্রতিটি প্রান্টের টাকা চলে যাছে। আর বছরমণর গৌরসভাকে ছেঙে দেওয়া হল এবং কৃষ্ণনগরের মতো পৌরসভাতে অর্থনৈতিক অবরোধ সৃষ্টি করা হল। এটা কি গণতন্ত্র? এই অগণতান্ত্রিক কাজ গোটা পশ্চিমবাংলায় চলছে তথ পৌর দপ্তরেই নয়, শুধু শাসক দলের লোক বলে তাদের গায়ে কাটার আঁচড় কেউ দিতে শরছে না। আমি বলতে চাই ফাইনান্স কমিশনে যে রেকমেন্ডেশন গেছে আমরা একটা বিষয় নদেছি যে সমস্ত এমপ্লয়ীরা দীর্ঘদিন ধরে কাজ করছে, তাদের রেওলার করার ক্ষেত্রে আপনি 🍱 रैडेनियनपुर एउटकिलन काँग्रेनाच क्रियाना श्रेक (थार्क। आमापुर काठीयठावाँगे সংগঠন মউনিসিপ্যালিটি এমপ্রয়িন্ধ ফেডারেশন, তাদের ডেকেছিলেন, আপনাদের শাসক দলের যে ইউনিয়ন মিউনিসিপ্যালিটি এমপ্রয়িক্ত ওয়ার্কমেন্স ইউনিয়ন, তাদেরকেও ডেকেছিলেন। তারা কি ব্লেছিল ? দুটোই ইউনিয়নই নোট অব ডিসেন্ট দিয়েছিল ওয়ার্ক মেন্স ইউনিয়ন বলেছিল যে ১/১/৮৯ কে কাট অফ ইয়ার হিসাবে ধরা হোক।

# [3-15 — 3-25 p.m.]

যারা এর আগে পর্যন্ত কাজ করেছেন তাদের রেওলারাইজ করা হোক। ফোরেশন বিদ্রু ৩১.১.৯৩ পর্যন্ত করা হোক। আপুনি কারো কথা শোনেন নি। মাননীয় বৃদ্ধদেববাবু আপনি সদস্যদের প্রভাবিত করে ১.১.৮৬ করেছেন। এবানেও সেই বহরমপুর। ফেহেডু বহরমপুরের স্টাফেরা '৮৭ তে জয়েন করেছে সেহেডু আপনি জেদের বশবতী হয়ে ১.১.৮৬ করেছেন। ভাহলে কেন আপনি ট্রেড ইউনিয়নদের ডেকেছিলেন? আপনারা বলেন, আপনাদের সরকার প্রমিকলার সরকার প্রমিক প্রতিনিধিদের ডাকলেন যখন তখন তো তাদের মূল্য দেবন। এতে গণতান্ত কোবার বাকল? আপনি সদস্যদের প্রভাবিত করলেন, ট্রেড ইউনিয়নের কর্মানেও করেলেন, ট্রেড ইউনিয়নের কর্মানেও করেলেন আমি মনেকরি ১১৪টি গৌরসভার মধ্যে অধিকাপে শৌরসভার এই সমস্ত বে কর্মানিরা কাজ করছেন ভালের কটি কর ইয়ার মধ্যে তিতি। আমি দাবি করছি ৩১.১২.৯২ করা উচিত। আমি দাবি করছি ৩১.১২.৯২-কে কটি জক ইয়ার মধ্যে

16th April, 1993 এখন তাদের স্থায়ী করা হোক। বিভিন্ন পৌরসভার সি.ইউ.ডি.পি. স্কীমে মাত্র দেড়ুশো করে कार्कन। छात्रा वहदत्रत भन्न वहत् कांक करत्र चारुहन। गरामभून त्नािकारास्ट धितराह 🙉 আছেন। তারা কেউ আজ পর্যন্ত পার্মানেন্ট হননি। দীর্ঘদিন ধরে গভর্নমেন্ট অ্যাপ্রোভাল ক্রিছ না। সি ইউ.ডি.পি. (৩)-র মতো একটা পুরোন স্কীমের দেড়শো কর্মচারীকে পার্মানেই ক্যা লা। আজকে পৌরসভাণ্ডলির বিভিন্ন রকমের কাজ বাড়ছে, কিন্তু সরকারি দপ্তর থেকে <sub>ভাষ্ণ</sub> ক্ষেনওরকম সাহায্য করা হচ্ছে না। বিভিন্ন পৌরসভায় ফিনান্স অফিসার নেই, এক্ডিডিটাল खिमात तहै. एमध खिमात तहै। वहरतत भत वहत सहै भमधिम यांका करत तर ছয়েছে, কোনওরকম নতুন পোস্টিং দেওয়া হচ্ছে না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের আ জানতে চাইছি, আজকে যেভাবে পৌরসভাগুলির কাজ বাডছে তাতে দীর্ঘদিন ধরে ঐ প্রকৃত্তি আপনি খালি করে রেখেছেন কেন? পরিশেষে আমি বলব, বুদ্ধদেববাব, আপনি জে কর্মচারিদের বদলির নতন ফরমান জারি করতে যাচ্ছেন। অথচ আপনি তাদের পিঞ প্রাচইটি লীভ এনক্যাশমেন্ট ইত্যাদি সুযোগ সুবিধা থেকে বঞ্চিত করছেন। তাদের 🕾 সযোগ সবিধা অবিলম্বে তাদের কাছে আপনার পৌঁছে দেওয়া উচিত। সেবামূলক প্রতিষ্ঠান্য বাশিজ্ঞাক প্রতিষ্ঠানে পরিণত করার চক্রান্তের আমি তীব্র প্রতিবাদ জ্ঞানাচ্ছি এবং আপন্য বাজেটের বিরোধিতা করে, আমাদের কাট মোশনগুলিকে সমর্থন করে আমার বক্তব্য শে করছি।

## [3-25 — 3-35 p.m.]

🖴 🗃 🎮 🎮 🐧 🐧 । মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌরমন্ত্রী ২৬নং, ৩৯নং এং ৯০নং যে ব্যয়-বরান্দের দাবি এখানে রেখেছেন আমি তার বিরোধিতা করছি এবং আনস্ পক্ষ থেকে যে কাট মোশনগুলি রাখা হয়েছে তাকে সমর্থন করছি। স্যার, প্রতি বছরই বার্চে বক্তায় মাননীয় মন্ত্রী মহোদয় নতুন নতুন কথা বলেন এবং অনেক বিষয়ে আলো দেখন কিছ পরে তার কথার সঙ্গে বাস্তবের কোনও মিল খুঁজে পাওয়া যার না। আজকে গেঁ রাজ্যের সমগ্র পৌর ব্যবস্থাটাকে উনি পঙ্গতে এনে দাঁড করিয়েছেন। পৌর প্রশাসনগুলি আ আর নিজের পায়ে চলতে পারছে না। আজ্ব আর তাদের নিজেদের কথা বলার কেন ক্ষমতা নেই। নিজেরা মনে করলেও কোনও কাজ করার ক্ষমতাও আজ আর পৌরসভাও<sup>নি</sup> নেই। স্যার, ওরা মুখে স্বায়ত্ব শাসনের কথা বলেন, ক্ষমতা বিকেন্দ্রীকরণের কথা <sup>বলে</sup> কেন্দ্রের বঞ্চনার কথা বলেন, কিন্তু কার্য কেন্দ্রে নিজেরাই ক্ষমতা কৃষ্ণিগত করে রাখতে চা ওদের কার্যকলাপই বার বার এটা প্রমাণ করে দিছে। আজকে পৌরসভাগুলির এমন <sup>ভাব</sup> हरत मीजिरहार य महिना प्रथम हाजा चात्र कान्य जापत तारे। माननीय भीतमंद्र কাছে আমার প্রশ্ন বেখানে স্বায়ন্ত-শাসনের কথা বলেছেন অথচ একের পর এক কমতা কে নিয়ে তাবের আরও পদ করে বেওয়া হয়েছে, পরনির্ভরশীল করে দেওরা হরেছে। 🖫 লাইলেলের ক্ষেত্রে আমার পূর্ববর্তী বস্তা বলেছেন। ট্রেড লাইলেলের মধ্য দিয়ে একটা <sup>লৌ</sup> সংখ্যর নিজৰ আয় ছিল। সেই-আরের মধ্য দিরে সৌরসভার কর্মিরা তারা যেমন <sup>কাতে</sup> সুৰোগ পেত এবং সেই সঙ্গে বাশিকাভিত্তিক সংস্থার সঙ্গে কাজের একটা সুযোগ ছিল। <sup>ট্রা</sup> শাহিসেলের মাধ্যমে ট্যান্স আদারের বে ব্যবস্থা সেই ব্যবস্থা তাদের স্থাত থেকে কেড়ে নের্ড ইল। সঙ্গে সঙ্গে অন্তত কারদার আর একটা কিছা বাডডি বোবা ভালের চালিরে দেওরা ই

📷 নিক্টে অফ এনলিস্টমেন্টের নাম করে। মাননীয় পৌরমন্ত্রী বলুন, আপনি যে সেক্টাল ক্রার্ডন বোর্টের নাম করে পর্যদ তৈরি করেছেন এটা কার স্বার্থে এবং কিসের জনা র্মার্যভাওলির যে সমস্ত কর্মচারিরা রয়েছেন তারা কি এ কাজের অযোগা। তারা कি का ক্ষতে চান না, তাদের উপর বিশ্বাস রাখেন না? সেইজন্য আপনি সেট্রাল ড্যালুয়েশন বোর্ড ন্ত্রাল। প্রতি পৌরসভার যেখানে তাদের নিজম্ব একটা করে আনেস্মেনট ডিপার্টমেন্ট আছে গ্রামর কাজ হচ্ছে জমি কেনা থেকে শুরু করে বাড়ি তৈরি পর্যন্ত অ্যাসেসমেন্টের প্রতি পর্যায় ন্তবা নির্ধারণ করবে যে কিভাবে ট্যাক্স হওয়া উচিত। অথচ আপনি তার পাশাপাশি সেউক্ত <sub>নাল্লযোশন</sub> বোর্ড তৈরি করলেন। এমন কায়দায় নামটা রাখলেন যে সভা মানবকে কলকেন 🖭 আমরা করিনি, সেম্ট্রাল গভর্নমেন্ট থেকে তৈরি। এটা আপনারাই করেছেন এবং এটা <sub>এর</sub> সমস্ত পৌরসভার অ্যাসেসমেন্ট ডিপার্টমেন্টগুলিকে পদ্ম করে দিয়েছেন। **পরবর্তীকালে** লা যাছে সেন্ট্রাল ভ্যালয়েশন বোর্ডের ব্যয়ভার পৌরসভাগুলিকে বহন করতে হছে। এরকলে হুটা পৌরসভাকে তার বিমুখী খরচের দায়-দায়িত্ব পুরোটা বহন করতে হবে। একদিকে ্রাসেস্থেন্ট ডিপার্ট্মেন্টের কর্মচারিরা রয়েছেন। তারা বেকার হয়ে গেল, তাদের মাহিনা দিতে ্রছ অথচ তারা কাজ করছে না আর সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড তাদের কাজ করার সুবাদে স্ত্রসভাগুলিকে যে বিল দেবেন। সেই বিল পৌরসভা বা মিউনিসিপ্যালিটিগুলিকে দিতে ধে। হাওড়া কর্পোরেশনের ক্ষেত্রে সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড বসিয়েছিলেন। তাতে ফল কি ংয়েছিল? দীর্ঘ ২ বছর ধরে সেম্ট্রাল ভ্যালুয়েশন বোর্ডের কান্ধ করার ফল কি ছয়েছিল? হারা মাত্র ২টি ওয়ার্ডে ২ বছর ধরে ভ্যালুয়েশন কবে দিলেন এবং সেই ভ্যালুয়েশন এমন একটি অবাস্তব, এমন একটি বিশাল অঙ্কের হয়েছিল যে মাননীয় মেয়র তা প্রত্যাখান व्यतन । जामुद्रामन दार्ज প्रजाहात करत नित्ठ वाधा हत्याहिलन । माज कि हत्याहिम १ হওড়া কর্পোরেশনকে এরজন্য সেম্ট্রাল ভ্যালুয়েশন বোর্ডকে ৭৫ লক্ষ টাকা দিতে বাধ্য করা राम्रह्मि। अथेठ সেন্ট্রাল ভ্যালয়েশন বোর্ড একটি ভিম্ব প্রসব করলেন। তাই বলাছি, একদিকে অপনারা ক্ষমতার বিকেন্দ্রীকরণের কথা বলেন আর অপরদিকে কিভাবে আপনারা বড়বন্ধ <sup>বুরু</sup>ছেন দেখুন ? পৌরসভাগুলি থেকে. কিভাবে তাদের হাত থেকে ক্ষমতা কেড়ে নেওরা **হচ্ছে** (দবুন। আপনি প্রোমোটারস বিল নিয়ে এলেন। আপনার দপ্তর আনেনি, বেনামে অন্য দ**প্ত**র নিয়ে এলেন, প্রোমোটারস বিলটা কি, এই বিলের যা কাজকর্ম যা দায় দায়িত্ব এটাকে কি অপোরেশন, মিউনিসিপ্যালিটি পালন করতে পারে না? অর্থাৎ সেখানেও যে আয়ের উৎস সেই আয়ের উৎস পৌরসভাগুলির হাত থেকে কেড়ে নেওয়া হল। জলা জমি বাঁচানো থেকে <sup>ও</sup>ক করে প্রোমেটারসরা যে বাডি করুন না কেন পৃথকতাবে আপনি আইনের ব্যবস্থা <del>করুন</del> ক্ষি সেই আইনের দায় দায়িত্ব পালনের ভার পৌরসভাগুলির উপর কেন দেওয়া হল নাং ঘালাদা সংস্থা ভৈরি করলেন, আমলাতন্ত্র, সেই দায় দায়িত্ব দিলেন, অর্থাৎ সেই পৌরসভাতলি তার আয়ের উৎস থেকে বঞ্চিত হল, অন্যদিকে ধরচের বহর এমনভাবে বাড়িয়ে দিলেন অতে প্রোমেটারদের দিক থেকে কোনও ক্ষতি হল না, তারা ভাদের ব্যরভার ক্লেতার কাছ থেক আদার করে নেবেন, আমলাতন্ত, আমরা জানি দুর্নীতির পত্তে আবছ, অর্থাৎ জারও যুব, দুর্নীতির মধ্যে দিয়ে বৈ বাড়ি তৈরি করকেন দালালরা জমিণ্ডলি বোকাকেন সেই জমি জ্বরও দাম বাড়বে। আপনারা আজকে আবাসনের কথা বঙ্গছেন, গৃহ সমস্যা সমাধানের কথা ন্দিনে কিন্তু ভাদের আরও বাড়তি বরচ ভাদের বাড়ে চাগিরে দিচ্ছেন। এই প্রোদোটারস বিল কর্পোরেশন, পৌরসভার হাতে না দিয়ে বিকেন্দ্রীকরণের নাম করে ক্ষমতা কৃদ্ধিপ্র করছেন। মাননীয় পৌরমন্ত্রী আপনি গত বছরের বাজেট বজুবো বলেছিলেন টুইন সিট্ট করবেন, পশ্চিম হাওড়ার প্রকল্প তৈরি করবেন। হাওড়ার জনসাধারণের চাপ কমাবার জন্ম কত দূর এগিয়েছে, দায়ী কারা সেটা একটু জানাবেন আপনার বাজেট বক্তৃতায়। আপনি গত বছরের বাজেট বক্তৃতায় একটা অসত্য কথা বলেছিলেন সমস্ত স্যুয়ারেজ ট্রিটমেন্ট গ্লানের মধ্যে দিয়ে পরঃপ্রণালি গৃহসংযোগ করা হয়েছে, এবারে বাংলায় না বলে ইংরাজিতে দিয়েছেন House connections for Howrah sewerage scheme. আমার বক্তব্য—আপন্ত জানেন যে ১৬ বছর ধরে প্রায় ১০ কোটি যে স্যুয়ারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট হয়েছে তার কোনং ফাপেন হছে না, সেখানে এখন ও হাজার স্যুয়ারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট হাওড়ায় রয়েছে, সংথাকে দৃয়েশ্বের কথা কনভারসনের যে টাকা সেন্ট্রান্স গভর্নমেন্ট দিয়েছেন হাওড়া কর্পোরেণ্ড ক্রেছ কনভারসনের টাকা বহু মানুয় যারা নিজেদের পরসায় সেফটি পায়খানা, তৈরি ববর পরও টাকা পাছেছ না, ফলে এই সমস্ত মানুয ক্রিটপ্রত হছেছ, অথচ এই স্যুয়ারেজ ট্রিটমেন্ট

(নির্ধারিত সময় অতিবাহিত হওয়ায় বক্তা তার আসন গ্রহণ করেন।)

[3-35 — 3-45 p.m.]

একটা সেফটি চেম্বার ছাডা কিছ নয়।

🛍 মহঃ ইয়াকুৰ ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে যে বাজেট উপস্থাপিত হয়েছে তাকে সমর্থন করে এবং কাটমোলনের বিরোধিতা করে আমি দু-একটি বিষয় উল্লেখ করং চাই প্রথমেই কলকাতা শহরে এর দাবি আমরা দীর্ঘদিন ধরে করছি কেন্দ্রীয় সরকারের ক্ষ্মে বে এই শহরকে জাতীয় শহর হিসাবে ঘোষণা করা হোক, স্বীকৃতি দেওয়া হোক। তার সংখ সাথে দিল্লিতে যেভাবে দিল্লি মেটোপলিটন অথরিটি, দিল্লি মিউনিসিপ্যাল কর্পোরেশন এবং অন্যান্য সংস্থাকে দিল্লির উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকার টাকা দেন আমরাও এই দাবি কেন্দ্রীয় সরকারের কাছে দীর্ঘদিন ধরে করে আসছি। বন্ধুত গত কয়েক বছরে কলকাতা শহরের নাগরিকদের পক্ষ থেকে ১,৮০০ কোটি টাকার যে দাবি আমরা জানিয়ে আসছি, আন্দোলন সংগঠিত করছি, তখন দুংখের কথা, আমাদের বিরোধী বন্ধুরা কলকাতার উন্নয়নের সমর্থনে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এই দাবি আদায়ের সংগ্রামে সামিল হননি। আন্তকে তার অনেক সমালোচনা করছেন, কিন্তু একবারও তারা চিন্তা করেননি যে, এই শহর কলকাতাং জনসংখ্যার হার কিভাবে বেডেছে, সমস্যা কি হারে বেডেছে। আজকে এই সমস্যা সমাধ্য করতে হলে কিভাবে আমাদের এগোতে হবে, কিভাবে আমাদের অর্থিক দিকটা আমর ঠিকভাবে পড়ে তুলতে পারব সেটা ভাবতে হবে। স্বাভাবিকভাবেই আজকে আমাদের সামত জনেক সমস্যা এনে দাঁডিয়েছে। তাই আমি মাননীয় বিরোধী বছদের কাছে এইকথা বলং চাই যে, আপনারাও তো পশ্চিমবন থেকেই নির্বাচিত, তাই আন্তকে কেন্দ্রীয় সরকা পশ্চিমবঙ্গের প্রতি, বন্ধত ৰুলকাতা শহরের প্রতি বে বিমাতসুলভ আচরণ করে চলেছে ক্ষাকাতা শহরের উন্নয়নের বিভিন্ন যে দাবি তার কেকে আমাদের যেন্ডাবে বঞ্চিত ক রেখেছেন, আসুন, আমরা সকলে মিলে আওয়াছ তুলি, এর স্বপক্ষে কেন্দ্রীয় সরকারের কা पावि कानारे। काकारक धारे वारकारक अभर्यन कतारक मिद्धा मुरे-धकाँक विरागव विवासन टीर মাননীয় ভারপ্রান্ত মন্ত্রীর সৃষ্টি আকর্ষণ করতে চাই। কলকাতা শহরে পানীর জলের <sup>©</sup>

গ্রান্তন সেই প্রয়োজনের দিকটা আজকে আমাদের একটু ক্ষতিয়ে দেখতে হবে। ফলতা থেকে ্বলা এবং টালা থেকে কলকাতায় ১৬০ মিলিয়ন গ্যালন জল সাপ্লাই হচ্ছে এবং গার্ডেনরীচ নাটার সাগ্রাই, বেটা সি.এম.ডব্র.এস.এ. তৈরি করেছেন, সেখান থেকে ৬০ মিলিয়ন গ্যালন ন্ত্রটার সাপ্লাই দেবার কথা। কিন্তু ঐ গার্ডেনরীচ থেকে বর্তমানে মাত্র কখনও ২৫, আবার ক্ষনও ৩০ নিশিয়ন গ্যালন জল সাপ্লাই হচ্ছে। ওধু তাই নয়, শহর কলকাভায় বর্তমানে क्रिक ১২ (थरक ১৫ लक मानूच याणाग्राण कतरहन। जामत्रथ खलत श्रास्त्रम स्टब्स् নারাও জল ব্যবহার করছেন। স্বাভাবিকভাবে আমি মনেকরি, গার্ডেনরীচ ওয়াটার সাপ্লাইর ক্রিশন প্রায়ই ব্রেক-ডাউন হচ্ছে এবং তারফলে সেখান থেকে যেখানে ৬০ মিলিরন গালন ওয়াটার সাপ্লাই দেবার কথা সেখানে মাত্র ২৫-৩০ মিলিয়ন গ্যালন জল সাপ্লাই শিক্ষ। আন্তকে শহর কলকাতায় জলের অভাব রয়েছে, বিশেব করে দক্ষিণ কলকাতার क्षित्रপুর, বেহালা, যাদবপুর এবং কসবায় পৌর এলাকায় প্রচন্ড জলের অভাব রয়েছে। ল্লাবিকভাবেই এই বিষয়ে চিন্তা করার প্রয়োজনীয়তা আছে। তাছাড়া আর একটা পুরই কুত্বপূর্ণ বিষয় আছে। সেটা হচ্ছে, আমাদের শহর কলকাতার বিপিনবিহারী গাঙ্গুলি স্ট্রীট, ্টবাজার হয়ে বাগ-বাজার, সার্কুলার রোড এবং ময়ুরভঞ্জ রোডে যে ব্রীক সিউয়ারেজ আছে, ঐ ব্রীক সিউয়ারেজ্বণ্ডলি একশত বছরের পুরানো। বছ জায়গা বিশেষ করে বর্বার সময়ে কুলাৰ হয়ে যায়। এই ব্রীক সিউয়ারেজ অনেক জায়গায় ভেঙে পড়েছে, আবার **অনেক** ঙ্গংগায় এগুলি ভাঙ্গা অবস্থায় রয়েছে। এগুলির সংস্কার এবং রিপেয়ার বিশেবভাবে প্রয়োজন। করেই এণ্ডলির দিকে আমাদের নম্বর দেওয়া উচিত। তাছাড়া কলকাতা মেট্রোপলিটন অধরিটি জনক জায়গায় স্টর্ম ওয়াটার লাইন করার পরে সেখান থেকে বর্ষার জল যাবে। ১৯৮০ শূল এই জলের লাইন চালু হয়েছে, দেখান থেকে বর্ষার জল যাবে, কিন্তু ১২ বছর হয়ে েল সেখানে দেখা যাচেছ যে হিউম পাইপ সিউয়ারেজ আছে ২৪ ইঞ্চি ডায়েমিটার এবং যে বিৰু সিউয়ারেজ আছে সাত থেকে ১১ ইঞ্চি ভায়েমিটার, সেই সমস্ত জায়গায় মাটি জমে জমে দিলটেড হয়ে গেছে, আজকে ১২ বছরেও কোনও ডি-সিন্টিংয়ের ব্যবস্থা করা হয়নি। গভাবিকভাবে এই বর্ষার আগে যদি ব্যবস্থা গ্রহণ না করা হয় তাহলে আমাদের আশঙ্কা যে ংই কলকাতা শহরের একটা বিরাট অংশ জলমগ্ন হবে, একটা ভয়াবহ অবস্থান সৃষ্টি হবে। শেছাড়া আর একটি বিষয়ে আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করতে চাই। কলকাতা শ্বরে আমরা হিসাব করে দেখেছি যে ১২শত কিলোমিটার রাস্তা আছে। ১২ ফিট চওড়া ব্দরে যদি হিসাব করি তাহলে দেখা যাবে যে ৪ হাজার কিলোমিটার রাস্তা। এই রাস্তার যে ঘনস্থা, যেভাবে এই রাস্তার উপর দিয়ে বড়বড় লরি যাচেছ, অন্যান্য ভিহিকল যাচেছ তাতে এই রাস্তাণ্ডলির ২।। ইঞ্চি থেকে ৪ ইঞ্চি থিকনেস করা দরকার। বিশেষ করে কলকাতার ঞাৰার মূৰে অর্থাৎ করিডোর রাস্তা করা দরকার। কিন্তু তাতে যে টাকা দরকার সেটা ত্রান্তনের তুলনার অনেক কম। আমরা ওনেছি যে কেন্দ্রীয় সরকার আমাদের কাছ থেকে হী চেরেছিলেন, এস্টিমেট চেরেছিলেন। অনেক কাটছাঁটের পরে ৩৪১ কোটি চাকার একটা <sup>একি</sup>নেটেড শ্বীম কেন্দ্রীয় সরকারের কাছে গত দুই বছর হল পাঠানো হয়েছে। পশ্চিমবঙ্গের <sup>এই</sup> ওক্তপূর্ণ শহরের সমস্যা দূর করার জন্য অনেক কাটছাঁট করে ৩৪১ কোটি টাকার যে <sup>এস্টিমেটেড</sup> ক্কীম কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়েছে গত দুই বছর হল তার দিকে <del>ক্বিরি</del> সরকারের দৃষ্টি নেই। এইসব কথা তো বিরোধী দলের সদস্যরা একবারও *বলদেন* 

[6th April, 1993]

না। এখন শুনছি যে মাত্র ১০ কোটি টাকা তারা নাকি বরান্দ করেছেন। বিরোধী দলে अक्षमावा এकथा यलालन ना एय कलकाण गरत्त्रत्र कना धी। श्रामाकन आह्। रेक्षिनियातल এসিমেট করেছেন। বিশেষ করে কলকাতা কর্পোরেশনের যে সমস্ত এক্সপার্ট ইঞ্জিনিয়ার আচ ত্যাদের দীর্ঘদিনের অভিজ্ঞতা আছে কি ড্রেনেজ, কি ওয়াটার সাপ্লাই সমস্ত দিকের সঙ্গে তাল যক্ত. তারা এই এস্টিমেটেড স্কীম সাবমিট করেছিল। এই ৩৪১ কোটি টাকা আদায়ের জন আমবা কেন্দ্রীয় সরকারের উপর চাপ দেই একথা তো তারা একবারও বললেন না। আবং একটা বিষয়ে আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করব। আমাদের কলকাতা শহরে কালকট ইলেকটিক সাপ্লাই কর্পোরেশন সমস্ত রাস্তা ব্যবহার করছে। আভার প্রাউন্ড দিয়ে তারা ক্রিন্ড नित्य यात्रह। এই व्याभादत आमि माननीय ভातश्राश्च मञ्जी महानायत पृष्टि आकर्षण करत दलार চাই কলকাতা শহরের মাটির তলা তারা ব্যবহার করছে, ওভার হেড তার নিয়ে যাছে তারজনা ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই-এর কাছ থেকে কোনও রেভিনিউ আদায় করতে গাব যায় কিনা এটা তিনি যেন খতিয়ে দেখেন। আগামী দিনে যাতে তাদের কাছ থেকে বেভিটি আদায় করতে পারা যায় কিনা দেখবেন। ক্যালকাটা ইলেকটিক সাপ্লাই ক্যালকাটা মিউনিসিগ্যন্থ কর্পোরেশনের কাছে ডিমান্ড করেছে যে তারা ১০৬ কোটি টাকা নাকি কালকাটা মিউনিদিপাল কর্পোরেশনের কাছে পায়, সেই টাকা আদায় করতে হবে। স্বাভাবিক ভাবে এই বিষয়ে আমাদের ওক্তর সহকারে দেখতে হবে। এছাড়া আর একটা বিষয়ে আপনার দৃষ্টি আর্ক্ট করতে চাই। কলকাতা শহরে যেখানে গাড়ি ধোয়ার জল বাবহার করে গাড়ির ভাইভাইর সেখানে তাদের কাছ থেকে ওয়াটার ট্যাক্স আদায় করার ব্যবস্থা কলকাতা মিউনিদিগাল কর্পোরেশন করতে চলেছে। সেই ক্ষেত্রে আমার বক্তবা কলকাতা তথা অন্যান্য পৌরসভ এলাকায় বহু হকার রাস্তায় বসে আছে, সিভিল আমিনিটিজের সমস্ত সযোগ সবিধা তার भाष्ट्र, **खक्षान** वन्न, क्रम वन्न, व्यनाना ममज मुखान भृतिथा जाता भाष्ट्रः। व्यथह राह्न কাছ থেকে আমরা কোনও রেভিনিউ আদায় করছি না। স্বাভাবিক ভাবে আমি মন্ত্রী মহাশংকে এই কথা ভেবে দেখতে অনুরোধ করছি যে হকারদের কাছ থেকে রেভিনিউ আদায় করাং জন্য নৃতন কোনও আইন প্রণয়ন করা যায় কিনা যাতে আগামী দিনে পৌরসভাগুলির কিছুট আর্থিক সহায়তা হতে পারে। সেইজন্য আমি এই কথা বলতে চাই যে এই বিষয়ে চিন্তা ভাবনা করা দরকার। এ হাড়া আমি বলতে চাই রাজ্য সরকারের কাছে যে লাইসেদ ফিট वावम ১৯৮৯-৯০ সালে यেখানে कालकमन हिल, कालकाठा चिडिनिर्मिशाल कर्शातमन कर्न ১ থেকে ১০ কোটি টাকা। ১৯৮৯-৯০ সালে লাইসেন ফিব্ৰু বন্ধ করে দেওয়া <sup>হর</sup> ৰাভাবিক ভাবে কলক ়া মিউনিসিপালে কর্পোরেশনের আর্থিক দিক থেকে একটা বির্ত্ত অভাব দেখা দিয়েছে। হাভাবিক ভাবে আমি মনেকরি কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনাং মিনিমাম ১২ কোটি টাকা বছরে সরকারের পক্ষ থেকে বরাদ্দ করেন তাহলে কলকাত কর্পোরেশনের মেনটেনেন্দ ওয়ার্কগুলি করা সম্ভব হবে। সাথে সাথে আমি ভারপ্রাপ্ত মর্গ্র মহাশুরের দৃষ্টি আক্রণ করব যে বিভিন্ন জায়গায় সেতু সংস্কার, সেতু সম্প্রসারণ হচ্ছে, বিশ দুঃখের কথা বিতীঃ ধ্যাল বিজ ঝেটা বিদ্যাসাগর সেতু তার কাছে বিদিরপুর বিজ আছে সেঁ ९ वहत थरत छ। धवशस त्रसारह, य कान्छ त्रमस विश्व घरेट शास । बिमित्रशृत डिट রাপারে মন্ত্রী মহাশরের দৃষ্টি আকর্ষণ করছি যাতে তিনি সেই সম্পর্কে চিডা-ভাবনা <sup>করেন</sup> বিদিরপুর গার্ডেনরীচ এলাকায় ক্যালকটা পোর্ট টার্সেট অনেক ভেকেট ল্যাভ আছে সেঁট র্ননকটা মিউনিসিপ্যাল কর্পোরেশনের আভারে নিয়ে এসে কিভাবে অন্যান্য সুযোগ দিয়ে ক্রো সিভিক সেন্টার, হাসপাতাল এবং অন্যান্য কাজ করা যায় সেই সম্পর্কে চিন্তা ভাবনা ক্রনে। এই কথা বলে বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-45 — 3-55 p.m.]

শ্রী ভপেন্দ্রনাথ শেঠ : মাননীয় স্পিকার স্যার, আন্তকে পৌরমন্ত্রী মহাশয় যে বাজেট পুন করেছেন ১৮৮ কোটি ৭৩ লক্ষ ২৭ হাজার টাকা মঞ্জুর করার জনা, আমি ভার দিবাধিতা করছি এবং বিরোধিতা করে আমার বক্তবা আরম্ভ করছি। বাজেটের ভেতরে ছানক ভাল ভাল কথা উনি বলেছেন। গত বছরে তখন বাজেট প্লেস করেছিলেন তখনও ঐবকম কথা বলেছিলেন। কিন্তু দেখা গেছে যে পৌরসভাওনিতে সেই বাজেটের টাকা না পৌছানোর জন্য তারা খরচ না করতে পারার জন্য তাদের একটা দৈন্যতা এসে গেছে। হুটনিসিপ্যালিটিগুলির রাস্তাগুলো সমস্ত ভেঙে পড়েছে। বিল করে ট্রেন্সারিতে পাঠানো হয়েছে. ্রুক্ত দেওয়া হয়েছে, কিন্তু চেক ক্যাস হচ্ছে না। তারা ওধু একটি কথাই চালু করে দিয়েছেন এমার্গো আর এমার্গো। টোটাল ডিপার্টমেন্টের টাকা যা আলোকেশন হয়েছে, তার ৩০-৪০ গরসেন্ট টাকা পেয়েছে, তার অতিরিক্ত কেউ পায়নি। মিউনিসিপাালিটিগুলোর টাক্স বসানোর ক্ষতা ছিল ট্রেড লাইসেলের মাধ্যমে। তাদের একটা আয় ছিল। বর্তমান পৌরমন্ত্রী সমস্ত ন্ছি—আমাদের অন্য বক্তারা এ সম্বন্ধে বলেছেন সেই ট্রেড লাইসেন্স দেওয়া বন্ধ। সমস্ত কিছু স্টেট গভর্নমেন্ট হাতে নিয়ে যে পৌরসভা দি.পি.এম.-এর, যেখানে ওদের পৌরপিতা মাছেন সেখানে বেশি করে দিয়ে এবং যেখানে কংগ্রেসি পৌরসভা আছে তাদের টাকা না দিয়ে বা কম করে দেবার ব্যবস্থা করেছেন। এইভাবে একটা খারাপ অবস্থার দিকে তাদের ্রলে দিয়েছেন। সেষ্ট্রাল গভর্নমেন্টের অ্যালোকেশনের টাকা, যেটা সেষ্ট্রাল গভর্নমেন্ট থেকে দেওয়া হল, যার নাম 'সুডা, ডুডা' স্টেট আর্বান ডেভেলপমেন্ট'এর জন্য সে**ট্রাল** গভর্নমেন্ট থেকে টাকা দেওয়া হল, আর একটি ডিস্টিক্ট ডেভেলপমেন্ট'এর মাধ্যমে পৌরসভাওলিতে দবার কথা। সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে অ্যাডভাইস করেছেন যে, একটি অ্যাকাউ**ন্ট খুলে** ডামরা আলাদা সংস্থার মাধ্যমে পৌরসভাওলোতে পৌছে দাও। সেখানে কোনও কমিটি নেই, সমস্তটাই পি.অ্যান্ড এল অ্যাকাউন্ট জমা করে দিয়ে 'এম্বার্গো' বলে দেওয়া হচ্ছে। যেটা শেষ্ট্রাল গভর্নমেন্ট আলাদা পাঠাচেছ, সুডা এবং ডুডা, দুটি আলাদা সংস্থা তৈরি করে মিউনিসিপ্যালিটিগুলোতে দিতে হবে, সেটা স্টেট গভর্নমেন্টের পি.আন্ড.এল. আকাউন্টে নিয়ে অন্য খাতে খরচ করার জন্য অ্যালোকেশন করা হচ্ছে। ট্রেজারিতে বিল জমা দিয়েও পৌরসভাগুলো সেই টাকা পেল না। প্লানিংয়ের টাকা, যোজনা কমিশনের টাকা, যেগুলো ডিভেলপমেন্টের জন্য দেবার কথা, '৮৯ সাল থেকে '৯২ সাল পর্যন্ত আমি জি.ও. দেখাতে পারি মাননীয় মন্ত্রী মহাশয়কে মিউনিসিপ্যালিটিগুলো সেই টাকা পায়নি। ১৯৮৮-৮৯, ৮৯-<sup>১০</sup>, '১০-১১ এবং '৯১-৯২ পর্যস্ত এই ঘটনা ঘটেছে। আমি সেই কথা ম**ন্ত্রী**কে বলেছি, অশীমবাবু, ফিনাল মিনিস্টারকে বলেছি। নেহেক রোজগারের টাকা প্রামগুলিতে যে নিউনিসিপ্যালিটিওলো আছে সেওলো ডেডলক হয়ে আছে, বিশেষ করে কংগ্রেসের বেওলো <sup>বাছে</sup> তারা এখনও পর্যন্ত সেই টাকা পায় নি। এরফলে কংগ্রেস চালিত মিউনিলিশ্বালিটিওলোর অলাবস্থা সৃষ্টি হয়েছে এবং কংগ্রেসের যে পৌর প্রধানরা রয়েছেন তাদের ব্যর্থ প্রমাণিত

করে আবার নতন করে নির্বাচন করার প্রস্তুতি নিয়েছেন। এবারে ১৫টি পৌরসভার নির্কাচ

করছেন। যেখানে গত ৫ বছরের মধ্যে এই টাকা একবারও ওঠানো হয়নি সেই টাক নির্বাচনে বায় করানোর জন্য তোলা হচ্ছে। সি পি এমের পরিচালিত হাবড়াতে পৌর নির্বাহ হছে। আমার এলাকা বনগাঁ এবং গোবরডাঙ্গাতে আলোকেশনের টাকা নেই বলা হয়েছি কিছ এখন টাকা তলে দম লাগিয়ে কাজ করানো হচ্ছে। এইভাবে ১৫টি পৌরসভায় এক বাই ইলেকশন অশোকনগরে, বসিরহাটে এবং পানিহাটিতে হচ্ছে। সিপিএমের পৌরপিতার যোগে আছে সেখানে টাকা দেওয়া হচ্ছে। বন্ধি উদ্দয়নের টাকা নিয়ে যেটা সেফ্টাল গভর্নফ্রেন্ট টাকা সেই টাকা নিয়ে নয়ছয় করা হচেছ। আপনারা বলেছিলেন যে ধাঙর ক্রাসকে অবসম

Join April, 1901

করাবেন কিন্তু কার্যকর কোনও ব্যবস্থাই নেওয়া হল না। বন্ধি উন্নয়নের যে টাকা সেক্র গভর্মেন্ট দেয় সেই টাকা রিলিজ করা হল না বলা হল যে এমবার্গো আছে. এখন সেই টাका निर्वारतनत स्नम संतर कता रासारः। भिष्ठनिमिश्राानिपित्र भारता টाका मिखा रन সেই সমস্ত টাকা একটা খাতের থেকে তুলে নিয়ে অন্য খাতে ব্যয় করা হচ্ছে। আমা আবেদন যেসব কংগ্রেস পরিচালিত মিউনিসিপ্যালিটি আছে সেখানে ওই প্রাপ্ত টাকা দিয়ে দিন অন্তত কর্মচারিদের মাহিনা দেওয়া যেতে পারে। মিউনিসিপ্যালিটিগুলো চালানোর বাগারে সিলেট্ট কমিটিতে একটা মিটিং হয়েছিল তাতে ইউটিলাইজেশন সার্টিফিকেটের ব্যাপারে কর্মণ উঠেছিল, আমি ওই কমিটির মেম্বার হিসাবে ওতে নোট অফ ডিসেন্টও দিয়েছিলাম। তারপরে ট্যাপ ওয়াটারের ব্যাপারে ১৯৮৫ সালে বনগাঁতে ১ কোটি ৮৫ লক্ষ টাকা স্যাংশন করা হন ওই ট্যাপ ওয়াটারের ক্ষেত্রে ১৯৮৫ সালে কাজ শুরু হয়েছে আজ অবধি পাইপ ক্যানে হলনা। রিজ্ঞার্ভার বসানোর জন্য টাকা মঞ্জর হয়েছে কিন্তু সেই টাকা কোথায় গেল, হিয়ু খরচ করা হল না। ওই খাতে পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট টাকা নিচ্ছে আ মিউনিসিপ্যালিটিগুলোকে তার লোন হিসাবে ৬০ লক্ষ টাকা শোধ দিতে হচ্ছে। এইভাবে মিউনিসিপ্যালিটি এলাকাওলোতে ট্যাপ ওয়াটার বসানোর নাম করে পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারি ডিপার্টমেন্ট টাকা নিলেন আর ওর শোধ দিতে হচ্ছে মিউনিসিপ্যালিটিগুলোকে। এইভাবে একটা খাতের টাকা অন্য খাতে ব্যয় করা হচ্ছে। সতরাং এই তো অবস্থা চলছে। আরুকে ১৯৮৫ সাল থেকে ১৯৯৩ সাল হয়ে গেল. কান্ধ আরম্ভ হওয়ার কথা ছিল, তা আৰ অবধি হল না। এইভাবে ওখানকার ২ লক্ষ লোককে একটা মানসিক বিপর্যয়ের মধ্যে ঢেলে ফেলে দেওয়া হল, স্টেট গভর্নমেন্ট একটা খাতের টাকা নিয়ে এইভাবে অন্য খাতে ধরচ করছেন এবং নির্বাচনের জন্য ওই টাকা ব্যয় করছেন। মিউনিসিপ্যালিটিওলোর কোনও সার্বিক উন্নতির চেষ্টা নেই। সূতরাং এই বাজেট বরান্দকে কোনওভাবেই সমর্থন করা যায় না, <sup>সেই</sup> কারণে এর বিরোধিতা করে আমি আমার বক্তবা শেব করছি। [3-55 --- 4-05 p.m.]

**জী শৈলজাকুমার দাস ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌরমন্ত্রী যে ব্যয় বরা**কে: দাবি উত্থাপন করেছেন আমি তা<del>রু</del> বিরোধিতা করছি এবং আমাদের পক্ষ থেকে যে ইটি<sup>ট</sup> প্রভাব আনা হয়েছে তাকে আমি সমর্থন জানাছি। শৌরসভার ব্যয়বরাদ্দ সম্পর্কে আলোচন করতে গিয়ে নিশ্চয় আমি প্রথমে এই ব্যাপারটির জন্য পৌরমন্ত্রীকে ধন্যবাদ জানাব। ১৯৩: मारण वजीत (लीत चाहनरक वमरण ১৯৯২ সালে পশ্চিমবন लीत चाहन नारम अक्छा कि

ক্রাচন, যদিও এই বিলে কভকণ্ডলি ব্যাপার আছে বাস্তব সম্মত, বিজ্ঞান সম্মত ভার সময় প্রিনকে সমর্থন করা যায়না। বেঙ্গল মিউনিসিপ্যাল আ্যাক্টে ১৯৩২ তাকে পরিবর্তন করে बहुकी বেঙ্গল মিউনিসিপ্যালিটি আই ১৯৯২ করতে গিয়ে এমন কতকণ্ডলি ধারা প্রবর্তন রবছন বা রেখেছেন যা সৌর প্রশাসনের ক্ষেত্রে সামপ্রিক ক্ষমতা কেন্দ্রীভূত করবার চেষ্টা রবেছন। অতথ্য এই বিল নিয়ে যখন আলোচনা হবে তখন তার পুখানুপুখরূপে আলোচনা হুদুরা করব বা বলব। আজকে যে ব্যয়বরান্দের দাবি উত্থাপন করেছেন তার সম্পর্কে বলতে भार আজকে চোখের সামনে ভেসে উঠেছে মেদিনীপুর জেলার পৌর এলাকার অবস্থা। রান্তকে আমি আমার নিজের বাস্তব অভিজ্ঞতা থেকে বলছি আমি প্রায় এক দশক ধরে শ্রুরসভার কমিশনার আছি, সেই পৌরসভার বিশেষ করে ৮১ সালের পর থেকে পে ফেল ্যুল হওয়ার পর সেই পে ক্ষেল-এর সমস্ত দায়িত্ব পৌরসভার উপর চাপিয়ে দিয়ে ভার ইয়নের উপর বিরাট আঘাত আনা হয়েছে। আজকে যখন পৌরমন্ত্রী এবং রাজা সরকার ফ্র্যানের পরিচালিত বিভিন্ন পৌরসভাগুলির দিকে আঙ্গুল দেখিয়ে বলছেন যারা প্রয়োজনের র্যাহরিক্ত লোক নিয়েছেন তাদের মাইনে দিতে দিতে শেষ হয়ে যাচেছ। আমি এই কথা ন্দ্রতে পারি পশ্চিমবঙ্গে ১১৪টি পৌরসভা আছে. মৃষ্টিমেয় করেকটিকে বাদ দিয়ে সমস্ত প্রিরসভাতে সেখানে অতিরিক্ত কর্মচারী আছে, সেখানে তাদের উন্নয়নের জন্য যে টাকা যায়, স্ট উন্নয়নের টাকা ভাইভারসন হয়, মাইনে দিতেই সেটা চলে যায়। এই হ**েছ পৌরসভার** রুগ। মাননীয় পৌরমন্ত্রী এই দৃষ্টিভঙ্গি নিয়ে দেখুন কেবলমাত্র কংগ্রেস পরিচালিত পৌরসভা ব্রমপুর, কৃষ্ণনগর, জিয়াগঞ্জ, এবং আমাদের পরিচালিত মেদিনীপুর পৌরসভার নাম আসবে. কিছু সেখানের অবস্থা কিং মাননীয় পৌরমন্ত্রী তার ব্যয়বরান্দর ভাষণে বলেছেন ৩৬টি পৌরসভাকে আই,ডি.এস.এম.টি.-র আওতায় আনা হয়েছে। সেখানে বলা হচ্ছে ইন্টিপ্রেটেড ্তভেলপমেন্ট স্মল মিডিয়াম টাউন অর্থাৎ ক্ষুদ্র মাঝারি পৌরসভাগুলির উন্নয়ন করা হবে, ত্বীয় সরকার টাকা দিতে চাচ্ছে, কেন্দ্রীয় সরকার আই.ডি.এস.এম.টি.তে স্পনসর্ভ শ্বীনে ফিফটি-ফিফটি করে টাকা দিতে চেয়েছিল, রাজ্য দিতে চাচ্ছে না। ৩৬টি পৌরসভাকে ফেণ্ডলিকে এই স্কীমের মধ্যে আনা হয়েছে তারা যে কান্ধ করে সেইগুলিকে নির্দিষ্ট প্রোক্ষেক্টে আনতে 🐯। সেই প্রোজেইণ্ডলি রাজ্য সরকারের পৌর দপ্তর অনুমোদন করে। কয়টি পৌরসভা ঘট ডি.এস.এম.টি স্কীমের প্রজেক্টে কাজ করতে পেরেছে বলতে পারেন? পৌরসভাওলির নিজ্ব আয় কিং সরকাব থেকে শুধুমাত্র এই কর্মচারিদের মাইনে আর ৮০ শতাংশ ছি.এ. মার কখন কখন অ্যামুজমেন্টের টাকা দেয়, কিন্তু সেই টাকাণ্ডলিও বিভরণের **ক্ষেত্রে রাজনৈতিক** বিশ্লেষণ কেন হবে, কংগ্রেস আর সি.পি.এম. কেন হবে গ পৌরসভাওলো হোল্ডিং ট্যাক্স থেকে পায় ও তাদের নিজস্ব পৌর বাজার থেকে টাকা পায়। আজকে পৌরসভাওলোতে কেন পাৰ্যাল স্টাফ নিয়োগ করতে হচ্ছে? আপনি যদি ১৯৮১ সালের সেনসাস দেখেন এবং ১৯৯১ সালের সেনসাস দেখুন ভাহলে দেখবেন এই ১০ বছরের মধ্যে পৌর এলাকাওলোডে লেধাও ৪০ শতাংশ, কোথাও ৫০ শতাংশ জনসংখ্যা বেড়েছে। সূতরাং তার কলে সেখানে লবের চাপ বেড়ে গেছে, মানুবের চাহিদা বেড়ে গেছে, এইজনা সেইসব জারগার ক্যাজুয়াল শ্টিক নিয়োগ করতে হচ্ছে। আজকে এই পৌরসভাগুলোর এই ট্রেড লাইসেল আলার করবার র ক্ষমতা ছিল, যেটা একমাত্র আরের উৎস ছিল, সেটা পৌরসভার আদার করার কোনও উপার নেই। যদি ধরেই নিই ট্রেড লাইসেল ট্যান্স ধার্যের যে কোটা সোজা সরকার প্রার্থ

[6th April, 10

ভিসাবে দেয়। কিছু যে সমস্ত পোকান বিস্তার করছে, এই ট্রেড লাইসেন্সের ব্যাপারট নৌরসভার হাতে থাকত তাহলে তারা আরও অর্থ আদায় করতে পারত। আক্রকে স माहिन बाँठा भाराबाना कनভातमन कतात बना किसीय मतकात बाँदे बाएठ वर ठाका निर्यासिक किक चाक्रत्क मार्किम नार्धिन कि लोजमाधानाए मव इत्सद्धः चामि धवात वरतान সৌরসভার কথা বলছি। বহরমপরে নির্বাচিত কোনও কমিটি নেই, সেখানে আডমিনিটের নিয়োগ করা হয়েছে ১৫.১২.৯২ তারিখে। তারা ডেভেলপমেন্টের টাকা পেয়েছে ১১ 🗪 টাকা। আডমিনিষ্টেটর নিয়োগের পর সেখানে জেনারেল পারপাসে ২৩ লক্ষ টাকা পেয়েছ আছকে বহরমপুরের অবস্থা কিং সেখানে রাস্তায় আলো ছুলছে না, টিউবওয়েলগুলো অক্তে হয়ে গেছে। জলের কোনও বলোবস্ত নেই। ডেনগুলো ভেঙে চরমার হয়ে গেছে। বহরদে পৌরসভা এলাকার একটা পাঁতিগন্ধময় অবস্থা আছে। এই অবস্থার মধ্যে দিয়ে পৌরস্ব हमारह। **आदत्रकों। ब्रिनिम मा**ात्र व्यापनि मिथन, करायम পরিচালিত পৌরসভাগুলোর দর্নীতি কথা ওরা বলেন। আমি রাণাঘাট পৌরসভার একটা দুর্নীতির কথা এখানে তলে ধরব। i এলাকায় রমেশচন্দ্র বোস বলে একজন লোক যিনি এয়ার ফোর্সে কাজ করেন, উনি বাইন থাকেন বলে ওনার হোল্ডিং ট্যান্ত মানি অর্ডার করে পাঠিয়ে দেন। উনি মানি অর্ডার হ টাক্স পাঠিয়েছেন ১৩.৬.৮৩ তারিখে. ১০.৮.৮৪ তারিখে. ১২.৫.৮৪ তারিখে. ৬.৮.৮৫ তারিখে ৮.৩.৮৬ তারিখে এবং ১২.১২.৮৬ তারিখে। কিছু সেই টাকা পৌরসভায় জমা পড়েনি। উ যখন এসে জানতে চাইল আমি টাকা পাঠালাম টাকা কি হল? তখন ক্যাশিয়ার তাকে এই विभिन्न थेविद्या (मग्र २७,১२,৯২ जावित्र्य এवः औ जावित्र्यय विभन्न धवित्र्य नित्र्य वला हर ভোমার ট্যাঙ্গ দেওয়া হয়েছে। রাণাঘাট পৌরসভার ক্যাশিয়ারের সাসপেন্ডের বাবস্তা করা ফ্রে এই দাবি করে আমি আমার বক্তব্য শেষ করছি।

# [4-05 — 4-15 p.m.]

ত্রী তপন হোড় ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ এই সভায় মাননীয় মন্ত্রী মহাশ্য ৯০, ৩৭, ২৬ নং দাবির অধীন যে ব্যয়বরান্দের দাবি পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে এবং বিরোধী দলের আনা সমস্ত কাটমোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব রাখছি। স্যার, আমি খুব আশ্চর্য হয়ে মাননীয় বিরোধী দলের নেতাদের বক্তব্য শুনছিলান আমার প্রথম হন্দা, ওদের কি কোনও নৈতিক অধিকার আছে এই ব্যয়বরান্দের দাবির উপং আলোচনা করাং। আমার জানি কি ভাবে অর্থনৈতিক দিক থেকে কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলার প্রতি বন্ধনা চালিয়ে আসছেন। আজকে সেই বন্ধনার কথা মনে রেখে কোন অধিকারে তার এই ব্যয়বরান্দের বিরোধিতা করছেন সেটা বোঝা আমার পক্ষে মূশকিল হয়ে যাছে। স্যার আজকে বে তিনটি দাবি পেশ করা হয়েছে সেই দাবিশুলির স্বপক্ষে যে বক্তব্য রাখা হয়েছে তা যদি পড়া যায় ভাহলে দেখা যাবে যে পশ্চিমবাংলায় আশা আকাঞ্ছাকে সামনে রেখেই মাননীয় মন্ত্রী মহাশর অনেক সীমাবন্ধজার মধ্যেও পশ্চিমবাংলায় সেবা নেওয়ার কথা বলেছেন। এই পরিশ্রেক্তিতে কংগ্রেসি বন্ধুদের কাছে আশা করেছিলাম যে তারা এটা বুবে গঠনমূলক সমালোচনা করবেন। আমি আশা করেছিলাম যে তারা বলবেন যে টাকার অভাবে বিভিন্ন জায়ধায় যুব কাজকর্ম হছেন না এবং সেখানে কেন্দ্রীয় সরকারের যে নালতম কর্তব্য ও ধায়িছ

ুহ কেন্দ্রীয় সরকার তা পালন করছেন না। কেন্দ্রের কংগ্রেস দল, তারাও কংগ্রেস দলের ন্ধের এই দায়িত্ব তারা অস্বীকার করতে পারেন না। এর ফলে তারা একটা প্রহসন তৈরি রুলে। তাদের কাছে নিবেদন, এই প্রহসন বন্ধ করুন এবং সাধারণ মানুষের কাছে বন্ধি নেও দায়বদ্ধতা থাকে তাহলে তাদের কথা চিম্বা করে এখানে বক্তব্য রাখুন। মাননীয় দ্ধারমান মহাশয়, এই দাবির সমর্থনে বলতে গিয়ে আমি কয়েকটি কথা বলব। জামার क्ष्म कथा হচ্ছে, সারা পশ্চিমবঙ্গের মধ্যে কলকাতা হচ্ছে একমাত্র শহর যে শহরের উপর 🚯 পশ্চিমবালো তথা গোটা পূর্বাঞ্চলের মানুব নির্ভরশীল। ফলে ব্যবসা বাণিজ্ঞা ও জীবন বিকার প্রশ্নে সারা পশ্চিমবাংলা তথা পূর্বাঞ্চলের মানুবরা এখানে ভিড় জমায়। ভারতকর্ষের যে। কলকাতা একটি অন্যতম বড় শহর। স্যার, ওরা কলকাতার জল জমা, রান্তাঘাটের বহাল অবস্থা, নানাবিধ পৌরসেবামূলক কাজের অভাবের কথা বললেন কিন্তু ওরা সঙ্গে হর একথাটা কললেন না যে এখানে সারা পশ্চিমবাংলা ওধু নয়, সারা পূর্বাঞ্চলের মানুষ ভিড জমায়। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রস্তাব, কলকাতায় ভিড কমানোর জন্য ছিছু পরিকল্পনা নেওয়া দরকার। এরজনা প্রথমেই প্রয়োজন কিছু বিকেন্দ্রীকরণের। রাইটার্স বিলিঃ এবং বিভিন্ন জায়গায় যদি যাওয়া যায় তাহলে দেখা যাবে যে একটা জগাখিচু**ড়ি** হবল্ল তৈরি হয়েছে। সেখানে দাঁড়িয়ে আজকে যদি পরিকল্পনা করতে হয় তাহলে বিকেন্দ্রীকরণের <sup>৪</sup>ধটা ভাবতে হবে। এটা না করলে কলকাতাকে যান**ন্ধট** থেকে, **ন্ধীবনে**র শাঁচি**লতা খেকে** দৃত করা যাবে না। সেই কারণে আমি বলব, কম গুরুত্বপূর্ণ যে সমস্ত অফিস রয়েছে বা মশ্ব রয়েছে সেগুলিকে কলকাতার কাছাকাছি জেলাতে স্থানান্তরিত করা হোক। এইভাবে জ্লকাতার উপর থেকে যদি চাপ কমানো যায় তাহলে পৌরসভার কিছু উপকার হতে পারে।

#### [4-15 — 4-25 p.m.]

কারণ এই কলকাতাকে নিয়ে আমাদের সীমাবদ্ধতার মধ্যে চিন্তা করতে হবে। কারণ ফ্রেরার্ড ব্লকের বিধায়ক এই সম্পর্কে বলেছেন যে কেন্দ্রীয় সরকারের কাছ **থেকে ৩৫০** ্রটি টাকা চাওয়া হয়েছিল, কিন্তু কেন্দ্রীয় সরকার দিয়েছেন মাত্র ১০ কোটি টাব্স। কেন্দ্রীয় শ্রকারের এই ঔদাসিনা, কংগ্রেসের এই ঔদাসিন্যের জন্য আমাদের এই সীমাবছভার মধ্যে বিক্তীকরণের মধ্যে দিয়ে ব্যবস্থা করতে হবে। কলকাতাকে নিয়ে একটু বেশি করে ভাষার <sup>ন্</sup>রকার আছে। <del>কলকাতার পথে ঘাটে</del> যেভাবে কাটা ফল এবং শাবারের দোকান থেকে শাবার <sup>বিক্রি</sup> হয়, যেণ্ডলো ভীষণ অস্বাস্থ্যকর, এইণ্ডলোকে একটা পরিষ্কার নীতি নিয়ে *কঠোরস্কা*ৰে <sup>নিয়ন্ত্রণ</sup> করা দরকার। কলকাভার আর একটা সমস্যা হচ্ছে আমরা দেখছি প্রকৃত প**েছ ভন** <sup>এবং</sup> মাফিয়াদের এবং অসাধু প্রোমোটারদের দখলে চলে যাচেছ এই কলকাতা এবং সেখানে পেরোয়া ভাবে বেআইনি বাড়ি তৈরি হচ্ছে। তাতে আত্তে আত্তে কলকাতা থেকে মধ্যবিক্ত, নির মধ্যবিভারা উচ্চেম্ন হয়ে যাচেহ এবং সেখানে বড় লোক এবং এই সব ভন মাকিয়ানের গায় ৰুলকাতা কলুবিত হচেছ, এই সম্পর্কে আমাদের চিন্তা করতে হবে। বে মধাবিদ্ধ এবং নিম্ন মধ্যবিস্তদের স্বার্থের কথা চিন্তা করে আজকে সন্ট লেক করা হয়েছিল, এইসৰ বড়লোক, <sup>তন্</sup>, মাফিয়াদের কালো থাবা এগিয়ে যাচেছ গুটি গুটি গারে। কাজেই এই কথাণ্ডলো আমাদের গবছে হবে। কলকাতার ফুটপাথে ৩০ পারসেন্ট রিডান্টেন্টরা বাস করে, তাদের আন্ত্রেস শী, তালের কেনেও থাকবার জায়গা নেই। পাশাপাশি দেখা যাছে এইসব কুটপাথে বড় বড়

6th April 1 বাবসায়িরা দালালের মাধ্যমে দামি দামি জিনিস পত্র বিক্রি করছে, অসাধু ভাবে করছে। সাধারণ মানুবের কাছ থেকে ঠকিয়ে বে ভাবে বেচা কেনা করছে, এইসবন্ধান করতে হবে। আপনারা জানেন এই কলকাতা এবং হাওড়ার মাঝবান দিয়ে গঙ্গা না গেছে এই কলকাতা এবং হাওড়াকে টুইন সিটি বলা হয়। এই টুইন সিটি সম্পর্কে खावना कत्रार रात। शना च्याकनन ग्रास्त यथायथ खात काक राष्ट्र कि ना त्रहे ह দেখতে হবে। বহরমপুর গঙ্গা অ্যাকশন গ্ল্যানের টাকা ১/৬ করা হয়েছে। চন্দননগরে ম খরচ করে সামোরেজ নির্মাণ করার পর কোনও কাজ হচ্ছে না। বিভিন্ন পৌরসভায় ভাবে বাদ্ধি তৈরি হওয়ার ফলে পানীয় জল সরবরাহ ব্যবস্থা ঠিকমতো করা যাচে এইসব ব্যাপারে একটা সার্বিক, পরিষ্কার পরিকলনা নেই। সূতরাং পৌরসভাশুলোতে বার্ম ভৈরি করার ব্যাপারে একটা নিয়ন্ত্রণ রাখতে হবে। যেমন এত ফুট জায়গা ঠাক। দরকার, অলের আউট দেট আছে কিনা, পৌরসভাগুলোতে এইসব হচ্ছে না। পৌরসভা এই অবস্থার ফল হিসাবে আমরা দেখছি জনজীবন বিপর্যন্ত হয়ে পড়ছে। আমার বক্তব্য হচ্ছে, পৌর বোর্ড ওলোকে সম্পদ সংগ্রহের ব্যাপারে আরও ক্ষমতা দেওয়া দ শৌর বোর্ডগুলো যদি নিজেরা সম্পদ সংগ্রহ করে নিজেদের আয় বৃদ্ধি করতে না তাহলে कथनर निरक्रापत भारत माँकारण भारत ना अवर निरक्रापत भारत यपि माँका পারে পরিবেবা কি করে করবে? তাদের পক্ষে পরিবেবা করা সম্ভব নয়। আজকে র্আ পৌর এলাকায় পানীয় জলের প্রচন্ড সম্ভট ররেছে। বিশেব করে প্রতি বছর চৈত্র, মাসে এই সভট তীব্র আকার ধারণ করছে। একটি ওয়ার্ডে ১০ হাজার মানুষের জ একটি টিউবওয়েল থাকে তাহলে সন্ধট তো দেখা দেবেই। তাই আমি মাননীয় মন্ত্ৰীকে জলের বিষয়টি একটু বিবেচনা করতে অনুরোধ করছি। আমরা দেখছি কলকাতা আবাসন সমস্যার সমাধানের জন্য বিভিন্ন রকমের চেষ্টা চলছে। এর সাথে সাথে ম মন্ত্রীর কাছে আমার অনুরোধ পৌর এলাকাণ্ডলির আবাসন সমস্যার প্রতি বিশেষ দৃষ্টি দরকার। বস্তি উন্নয়নের দিকেও বিশেষ ভাবে দৃষ্টি দেওয়া দরকার। রাজ্যের পৌরসভাওলিকে সরকারের পক্ষ থেকে অনুদান দেওয়ার ক্ষেত্রে আমরা কিছু বৈষম্য क्तिहै। এটা ठिक नग्न। এ क्लाउ এकটा সমন্ত্র এবং সমতা থাকা দরকার। বা भौतम्भार 'निविष्ठ भएत विकाम क्षक्र'-त का<del>क</del> आर्थिक कातरा वह एरा (शरह। प्र মত্রীর কাছে আমার অনুরোধ তিনি এই বিষয়গুলি একটু বিবেচনা করন। আমার সম্য হয়ে যাওয়ার অন্য, আমি এই ব্যয়-বরান্দের দাবিকে পুরোপুরি সমর্থন করে আমার শেব করছি।

मो॰ अनुस करीम चौधरी :- मिस्टर चैयरमेन सर, आपके माध्यम रें जो डमारे पशिचम बंगाल सरकार के जो अरवन डेभलपमेन्ट मिनिस्टर जो मिनिस्टर जो बजट इस्टीमेट डिमान्ड २६.३७ एवं ९० पेश किए है उसका विरो करते हुए छोटा सा अपना भाषण आपके सामने रखना चाहूंगा। सर, दु:ख की है आज हमारी सरकार की तरफ से म्युनिसिप्रलिटी के लिए बड़ी दाशि दिया है। हर साल बड़ा मंत्री महोदय, कहते है यह करेगे, वह करेगे। लेकिन होता है। सर, प्रायः म्युनिसिपलिटी की सरकार है। चेयरमेन साहब, मे जानना चाहूगा है सा कहां जाता है क्या हो रहा है। पानी की समस्या, गन्दगी, रास्ता घाट की ब्रिया शोचनीय है इसतरह हर म्युनिसिपलिटी मे होता है। विकास के लिए जो ब्रिया जाता है कहा काम होता है, किस काम मे लगता है पता नहीं। चेयरमेन र वहा तो अभी पानी की सुविधा, गन्दगी, लेटरिन की यूरीनल की सुविधा हर निसीपलिटी में होना चाहिए। अभी जो स्थित म्युनिसिपलिटी में बना हुआ है को चेन्ज करना होगा। पर अभी भी विकास के लिए बामफ्रन्ट सरकार सद्रोग स्टेप हो ले पा रही है। जो लोग म्युनिसिपलिटी में नहीं रहते हैं उन्हें लगता है कि तर म्युनिसिपलिटी के अन्दर आते तो हमें अनेक प्रकार की सुविधा मिलती। लेकिन वा सचमुच होता है हभलप करने की सुविधा मिल पाती है। मे सरकार से कहना हूगा कि हर आदमी को पानी मिले, रास्ता की अवस्था में सुधार हो। लेकिन बार- र कहने के बाद भी कोई फायदा नहीं होता। वहुत जगह तो एसा देखा गया है। जिस विलडिग में म्युनिसिपलिटी का आफिस है ओर यदि मकान म्युनिसिपलिटी। अपना नहीं है तो सरकार उस मकान का होलडिंग चार्ज भी नहीं चुका पाती

मिस्टर चेयरमेन सर, यह बात और है कि सिलिगुड़ी म्युनिसिपिलटी में कुछ नम हुआ है इसे इन्कार नहीं किया जा सकता। हमारे अशोक भट्टाजार्जी सिलिगुड़ी है इसलिए में अशोक बाबु से अनुरोध करुगा इसलामपुर की ओर भी देखे। सिलिगुड़ी युनिसिपिलटी में काम हो यह अच्छी बात है। और वहां कुछ डेभलपमेन्ट का काम ति है। इसलामपुर मंबी महोदय को जाने का अनुरोध करता हुं कि एक बार जाकर देखें। इसलामपुर जो पहले बिहार में था १९५६ में इसलामपुर सब-डिबीजन को बिहार में बंगल में ट्रान्सफर हुआ। अभी भी इसका पोजीशन खराब ही है। चेबरमेन सर, में अरवन डेभलपमेन्ट मिनिस्टर से अनुरोध करता हूं कि इसलामपुर की ओर ध्यान दें। १९६५ से सब-डिबीजन टाउन रहते-रहते १९८१ में पोपुलेशन के आधार पर मुनिसिपिलटी के नाम की घोषणा किया। १९८१ और १९८७ में चुनाव हुआ आर काम-काज ठीक-ठाक चला। १९८७ में एड-हक किमटी के निगरानी में म्युनिसिपिलटी केलरही है। उस समय कहा मया था कि दो वर्ष के लिए म्युनिसिपिलटी के काम-काज की देखेगी। दो वर्ष से ६ वर्ष गुजर गए है। इलेकशन नहीं हो रहा है। एड-कि किमटि ही कार्य कर रही है। लेकिन आम जनताकी शिकायत है। वो म्युनिसिपिलटी के किमटे ही कार्य कर रही है। लेकिन आम जनताकी शिकायत है। वो म्युनिसिपिलटी के किमटे ही कार्य कर रही है। लेकिन आम जनताकी शिकायत है। वो म्युनिसिपिलटी के किमटे हों के लिए मुभमेन्ट करती है। आन्दोलन करती है। आम-जनता एलेकटेड बांडी

रहे है।

[6th April, 199 दारा कार्य संचालन चाहती है। इसलामपुर म्युनिसिपलिटी की जनता का डिमान्ह ए न ही हुआ है। इसलामपुर में इलेकशन होना चाहिए। होल्डिंग देखते है, पेज न ४८ देखने से साफ पता चलता है कि अभी तक कोई वार्ड नहीं किया गया। जर्वा इसलामपुर १९८१ में वही १९८७ में कालियागंज म्युनिसिपलिटी हुआ है। उसमें व है ८१२७ है। इसलामपुर नील है। कोई वार्ड नही है। १२ वर्ग में क्या कराए | कुछ दिन आगे म्युनिसिपलिटी के रोल को देखते हुए एवं होडिंग के बारे में एस०डी०ओ के उपर हाई कोर्ट मे केश हुआ था। वहीं एड-हंक कमिटि ६ वर्ष हो रहा है : कोई वार्ड हुआ न कोई रास्ता घाट। हम देखते है म्युनिसिपलिटी मे वेसी अवस्थ है एस॰डी॰ओ॰ और एड-हक कमिटि मिलकर ५-१० वर्षों से अराजकता क्यम हुआ , है। इसलामपुर के लोगों के लिए कोई सुबिधा नहीं, कोई रास्ता घाट नहीं, रास्ते में

इसलिए हम भट्टाचार्जी बाबु से ओर बुद्धदेव वावु से इसलामपुर की ओर ध्यात देने का अनुरोध करता हूं। साथ-हीसाथ एलेकशन करा लेने का रिकोएस्ट करता हूं कि वहां इलेकशन करा ले। इस बात के साथ कट-मोशन का समर्थन करते हुए और बजट की बिरोधिता करते हुए अपनी बात समाप्त करता हूं।

हेलोजनलाईट तक नदारद है कुछ भी नहीं है। किस तरह से म्युनिसिपलिटी चन

[4-25 — 4-35 p.m.]

২৬নং, ৩৭নং এবং ৯০ নং ডিমান্ডে যে সমস্ত টাকা ধার্য করেছেন অবশাই তার বিরোধিত করে এবং আমাদের আনীত কাট মোশনগুলিকে সমর্থন করে বক্তব্য রাখছি। মাননীয় মই মহাশর ৩৭নং দাবিতে যে সমস্ত সুন্দর সুন্দর কথা বলেছেন তাতে কোনও পজিটিভ ফিনিস দেখতে পেলাম না, সবওলিই বলেছেন করতে হবে, দেখছি, দেখব। প্রথম দিনের প্<sup>রিক্</sup> বাজেটেও ঐ একই কথা বলেছিলেন। বলতে বাধ্য হচিছ যে বক্তব্যের মধ্যে কোনও প<sup>্রিটিত</sup> কথা নেই, অর্থাৎ সবগুলিই এক। আপনার বস্তব্যের একটি জ্বায়গায় আপনি নি<sup>হেছেন</sup> ১৯৯৩-৯৪ সালে কলকাতা ও অন্যান্য পৌর অঞ্চলে কিছু জনহিতকর কর্মসূচি সম্পন্ন হওয়ার সম্ভাবনা আ**ছে, কিন্তু দুর্ভাগ্যজ**নকভাবে স্থানীয় কিছু মানুষের অযৌক্তিক বাধাদানে? ফলে কিছু অসুবিধার ও অন্য অবস্থার সম্মুখীন হতে হতেছে। বলেছেন, সমস্ত জনসাধারণে সহখোগিতা চাইছেন, কিন্তু কোন কোন জনহিতকর কাজ সম্পন্ন করতে চান তা কিছু বর্ণেন নি। আমরা যে হে**ছ করতে যাব, তা কি করতে চান পার্টিকুলারভাবে বাজেটে** কিছুই বর্লেন নি। আছকে সবচেয়ে বড় যে পয়েন্ট সেটা হল প্রোমোটার, আমরা বলেছি প্রোমোটার রাজ শ্রেমোটাররা দুর্নীতি করতে চলেছেন কিন্তু তাতে পুরোপুরি বার্থ হয়েছেন। কলকাতা এবং আমাক্তে বিভিন্ন পৌরসভায় ব্যান্তের হাতার মতো প্রোমোটাররা কাজ করছেন, ব্যাপকভাবে

্রীতি করছেন এবং তাদের দমন করার ব্যাপারে সরকার পুরোপুরি বার্থ হয়েছেন। আপনারা গ্ৰাণান দিচ্ছেন কিপ ক্যালকাটা ক্লিন, কিপ ক্যালকাটা ক্লিন, কিছু কোখায় তা ছছে? াপনারা কলকাতাকে সবুজ রাখার কথা বলেছিলেন, আমরা দেখছি সবুজ রাখব কলতে क्षेष्ठ বড়ন স্কোয়ার, নিকোপার্ক ব্যবসায়িদের হাতে তুলে দিছেন। কলকাতা শহরতলির বে <sub>মার</sub> পৌরসভাণ্ডলির মধ্যে পুকুর আছে মুখে পুকুর বোদ্ধাব না বললেও দেবছি পুকুর কৈছানো হচ্ছে। পার্টির টাকা নেওয়ার স্বার্থে গ্রোমোটারদের সমন্ত রক্ষমের মদত দেওয়া হচ্ছে। হরত ব্যাপার দেখলাম বিভিন্ন জায়গায় আগুন লাগছে, পরবর্তীকালে নিউ মার্কেটে লাগল, গ্রাপনারা বলছেন যে জানিনা, তদন্ত হচ্ছে, একই কথা বলছেন। যেওলি বলতে চাই সেই र्रामाणत कथा धारम गाएक। वर्ज्याकारत गरकारगाम इन, धवात राज्या गारव धे तनिसन्त ব্যদ্রিটেই মাল্টিস্টোরিড বিশ্তিং প্রোমোটাররা করছে, আপনারা গ্রোমোটারদের সহযোগিতা করছেন। কুদলাল সহ প্রোমোটার রাজ কায়েম করছে, সেগুলি ডাঙতে পুরোপুরি বার্থ হয়েছেন। ্রাপনি বলছেন পৌরসভায় যে সমস্ত মানুষ আছে তাদের পানীয় জল সরবরাহ করবেন, আমার জেলাতে বছ পৌরসভা আছে সেখানে হাউস কানেকসন যায় নি, বহু রান্তায় জল যায় ন। কলকাতা শহরে বিভিন্ন জায়গায় ব্যাপকভাবে আন্ত্রিক রোগ ছড়িয়ে পড়েছে, দমনের দয়িত্ব যদিও স্বাস্থ্য দপ্তরের কিন্তু কলকাতা পৌরসভা দায়িত্ব এড়াতে পারে না। যুদ্ধকালীন গ্রস্তুতি নিয়ে পৌরসভাগুলির যে কাজ করা উচিত ছিল সেই কাজে সম্পূর্ণ বার্থ হয়েছেন। এরজনা মৃতের সংখ্যা বেড়ে যাচেছ। আপনাদের প্ল্যান আছে আই,ডি.এস.এম.টি'র মন্ত্রী মহাশন্ত ব্হবার বলেছেন আই.ডি.এস.এম.টির টাকা স্টেট ৫০ পারসেন্ট এবং সেন্ট্রাল ৫০ পারসেন্ট দেন। আপনারা নামগুলি পাঠাবেন বলেছিলেন। আমি যে এলাকায় থাকি সেখানে কোনওবার এই টাকা স্যাংশন হয়নি কারণ সেখানকার লোকেরা কংগ্রেসকে ভোট দিয়ে সি.পি.এম.কে ইংখাত করেছিল তাই সেখানে আই.ডি.এস.এম.টি. করা যাবেনা। আ**জকে আমি মাননী**য় মন্ত্রীর কাছে একটি বিষয়ে জবাব চাইব। আমার নির্বাচনী এলাকা গোবরডাঙ্গায় একটি অনুষ্ঠানে পৌর রাষ্ট্রমন্ত্রী একবার গিয়েছিলেন। তিনি সেখানে স্পোর্টসের প্রাইন্ধ ডিষ্ট্রিবিউট করেছিলেন। এ অঞ্চলে U.B.S.P. প্রকল্পের কাজ শুরু হয়ে যাওয়ায় সেখানে তাকে একটা লিস্ট দেওয়া হয়েছিল। কিন্তু তা সন্তেও আজ পর্যন্ত গোবরডাঙ্গা পৌরসভাকে U.B.S.P. প্রকলের আওভার খানা হল না। আজকে এখানে পৌর বাজেট পেশ করছেন, কিন্তু সন্ট লেকে কেন্সাইনিডাবে যে সমস্ত জমি হস্তান্তর হচেছ সে সম্পর্কে কি ববস্থা নিয়েছেন । এখানে সরকারের দারিছ নিয়ে বসে আছেন, বিধানসভার মধ্যে নাম করতে চাই না, অথচ আপনাদের পার্টির কিছু নতা বিধাননগরের জ্বমি বিলি করছেন। সেসব জমি কারা পাছেন সেটা আপনি জানেন। যদি খাপনি এই বেআইনি জমি হস্তান্তর বন্ধ করতে পারেন তাহলে আমরা এই বাজেটকে সমর্থন করতে পারি। কিন্তু আপনি সেটা পারবেন না, কারণ আপনাদের পার্টিকে বারা আজকে ক্ষ্মেল করছেন, বিধাননগরে স্কমি হস্তান্তরের নাচক হচ্ছেন তারা। আন্তকে কিছু কিছু জোডদার তাদের জমির বিবরণ পেশ করেননি এবং তারা হচ্ছেন আপনাদের পার্টির লোক। কার্জেই পাৰকে তারা যদি লুটেপুটে খান তাহলে তারন্ধন্য দায়িত্ব আপনাদের। আন্ধকে আপনাদের রেজিমে কলকাতা এবং হাওড়া পৌরসভায় এবং বিভিন্ন এলাকার পৌরসভার কোনও কাজ स्टब्स् ना, তারা সবনিক থেকেই বার্থ হয়েছেন, অথচ আপনি দাবি করছেন যে, শৌরসভাওলিতে ভাল কাজ হয়েছে। এখানে মেয়র পরিবদের সদস্য নির্মল মুখার্জি বসে আছেন। ছেলেকেলায়

[6th April, 19

ভনেছিলাম, কলকাতা কর্পোরেশনকে উপহাস করে বলা হত চোরপোরেশন। আছাও সেং

যুস ছাড়া কোনও কাছ হয়না। মানুষ মারা গেলে ডেথ সার্টিফিকেট নিতে বাছে, সেখানের

কলছে ঘুস দাও। বার্থ সার্টিফিকেট নিতে গেলেও সেখানে ঘুস চাইছে, বাড়ির প্রান স্যাসে

করাতে গেলেও টাকা দিতে হচেছ। ওদের নেতৃত্বে মেয়র পরিষদ তৈরি হয়েছে। আদ

করেছিলাম, এরফলে কলকাতা কর্পোরেশনে দুর্নীতি দুর হবে, বলা কাছ করবে তারা। ক্রি

আজকে কলকাতা কর্পোরেশনে দুর্নীতি বাসা বেঁধে রয়েছে এবং সেই দুর্নীতির বাসা ভাঙ্কা

আপনারা বার্থ হয়েছেন। তারজন্য কলকাতা কর্পোরেশনে কোনও কাছ হচেছ না, বর্বাকারে

রাজাঘাট ভেসে যাচেছ, রাজাঘাট করতে পারছেন না বলে অ্যাক্সিডেন্ট হচেছ। তবু বলছেন,

আপনার বাজেটকে সমর্থন করতে হবে। বস্তি উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকার টাকা দিচেন,

কিন্তু আজও পার্ক সার্কার, গড়িয়া, বালিগঞ্জ প্রভৃতি জান্নগার বন্ধি রয়ে গেছে। (...এ ভরেসঃ

এই খাতে কেন্দ্রীয় সরকার কোনও টাকা দেন না)। ধরে নিলাম, কেন্দ্রীয় সরকার টাকা দেন

না, কিন্তু মন্ত্রী হিসাবে বন্ধি উন্নয়নের জন্য আপনারও তো দায়িত্ব রয়েছে। সেই দায়িত্ব তে

আপনারা পালন করতে পারছেন না। তারজন্য আপনার এই বাজেটকে সমর্থন করতে পারছি

না, তাই এর বিরোধিতা করে শেব করছি।

## [4-35 - 4-45 p.m.]

वैष्यकी ভানিয়া চক্রবর্তী । মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী বৃদ্ধদেব ভট্টাচাং মহাশয় যে ব্যয়-বরান্দের দাবি এখানে উত্থাপন করেছেন, আমি তাকে পূর্ণ সমর্থন জানিয়ে দু'চারটি কথা বলতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কংগ্রেসি বন্ধদের কথা প্রথম থেকে मन मिता क्षेत्रकि धवर करन व्यामात मरन इत्यक त्य क्रा क्रांट ल्लीतम्बात समसा। नितः অত্যন্ত বিচলিত হয়ে পড়েছেন। আমি ওদের কংগ্রেস আমলের কথা স্মরণ করিয়ে দিতে চাই। তখন পৌরসভা বলতে আমরা ব্যুতাম ময়লা সাফাইয়ের যন্ত্র। আমাদের প্রশাসন উদ্যোগ নিয়ে যে কান্ধ করছেন তাতে ওরা একট শক্ষিত হয়ে পড়েছেন। আমরা দেখেছি যে আমাদের সময়কালে পৌরসভার কান্ধকে আমাদের সরকার শুরুত্ব দিয়ে, গণতন্ত্রের প্রতি দৃঢ় আহাশীল হয়ে বিকেন্দ্রীকরণের মাধ্যমে তাকে এগিয়ে নিয়ে যাচেছ। পৌরসভার পরাতন অবস্থা <sup>থেকে</sup> একটা সম্পূর্ণ ভিন্নতর অবস্থায় নিয়ে যাছে। কিছু আমরা ১৯৭২ সালে কি দেখেছি? ১৯৭২ সালে যখন পৌরসভা থেকে নির্বাচিত প্রতিনিধিদের তাড়িয়ে দিয়ে সেখানে প্রশাসনের কাজের জন্য একজন অফিসারকে বসিয়ে দেওয়া হয়েছে। ঠিক একই কাজ করা হয়েছে ত্রিপুরায়। মিপুরায় ৪৮ ঘন্টার মধ্যে পৌরসভা ভেডে দিয়ে সেখানে অ্যাডমিনিস্টেটর বসিয়ে দেওট হয়েছে। আমরা আরও লক্ষ্য করেছি যে আমাদের আর্থিক সীমাবছতার মধ্যে দিয়ে চলতে হকে, সেটা ওরা কখনও বলতে চান না। আমরা দেখেছি বে ১৯৯১ সালে আমা<sup>দের</sup> সি.ইউ.ডি.পি-তে পরিকলনা ছিল সেটা শেব হরে গেছে। কিছু সি.ইউ.ডি.পি-৪ এখনও আসে<sup>নি।</sup> এটা কেন আসেনি তারা কলন? আমরা দেখেছি যে কেন্দ্রীয় সরকারের সন্থো যেগুলি পশ্চিমবর্তে আছে বেমন এয়ার পোর্ট, অক্রনজের কারখানা, রেল দশুর ইত্যাদি এদের জন্য তারা কোটি কোটি টাকা দিছেন। কিছু আয়াদের কোষ এরা কি করছেন? আয়াদের উত্তর ব্যারাকণ্র শৌরসভার জন্য আমরা সেট্রাল প্রভাবেন্ট থেকে কি সাহায্য পেরেছিং আজকে এরা টাকার বায় ভূদেহেন। আমাদের রাজ্য সরকার কি টাকা ছাপান? আজকে এই প্রয়ের জবাব কি

🛍 দেবেন? আজকে এই পৌরসভাওলির মধ্যে কর্মাধ্যক্ষ তৈরি করা হয়েছে। আপনারা हान (य बन चात्रह् ना, चलत लिएन नित्म (शहर क्लकांश महरद शहर ६० आसन हर हुन (मुख्या द्या। जार्शन (बीक नित्य (मुब्न त्य (वार्ष, मिन्न (बारक वाँग कालक विना ্মানে ওয়াটার ট্যাক্স নেওয়া হয়। কিন্তু এখানে আপনারা তার বিরোধিতা করছেন। **আ**য়ি हाला तात्कात कथा वनत्वा ना, किन्ह आमारमत तात्कात खेतातनत कना आमारमत बताक हान क्षेठ হবে। আর একটা কথা হচ্ছে, এখানে সবুজায়নের কথা বলা হয়েছে। আমি সেই সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। আমি অন্য প্রদেশের কথা বলব না. আমি আমাদের য়াল কি হয়েছে সেই কথাই বলব। উনি মারা গেছেন, ওনার সম্পর্কে বলা উচিত নয়, 🙀 তবুও বলতে হচ্ছে। উনি যখন বহরমপুর পৌরসভার চেয়ারম্যান ছিলেন তখন সেখানে লাচর পর গাছ কেটে সমস্ক সরজায়নকে নষ্ট করেছিলেন এবং তারফলে পরিবেশকে পৃথিত হর্ছদেন। আজকে আপনাদের মুখে এই সবুজায়নের কথা শোভা পায়না। ১৯৭৭ সালে লকাতায় মাথাপিছু খরচ ছিল ৬১.৫৪ পয়সা। আর সেখানে অন্যান্য পৌরসভা যারা বিভিন্ন ছরগার ছড়িরে আছে, প্রামাঞ্চলের পৌরসভাগুলি খরচ ছিল মাত্র ৮৭ পয়সা। সেখানে র্বনিয়ে একটা সমতা আনার প্রচেষ্টা চলেছে। ৪০ টাকা মাথা পিছ বরাদ করেছেন। ওদের টো দৃষ্টিভঙ্গি দেহের সমস্ত জায়গা বাদ দিয়ে মুখটা সুন্দর রাখতে চান। ওই দৃষ্টিভঙ্গি নিয়ে রে তথু মাত্র দিল্লিকে সাজাচ্ছেন। কলকাতার জন্য আমরা দাবি করছি, আসুন আপনারাও र्यंत करून। द्रवीत्यनाथरक निरम जाननाता गर्व करदन, स्मेरे त्रवीत्यनारथत नारनारक वीजात्नात জ্যা আসুন আমাদের সঙ্গে আপনারাও দাবি করুন, আসুন আমাদের সঙ্গে গলা মেলান। জ্বকাতাকে বাঁচানোর জন্য আমরা যে টাকার দাবি করছি সেখানে আপনারা গলা মেলান নি। মমরা দেখতে পাচিছ মানুষ জল ছাড়া অন্যান্য সুযোগ সুবিধা পাচেছন। এখানে বস্তি উদ্নয়নের ব্ধা বললেন, বস্তি উন্নয়নের জন্য নাকি তারা টাকা দিয়েছেন। কিন্তু কার্যকর ক্ষেত্রে আমি ঘবার বলতে চাই টাকা কোন পর্যায়ে আসছে সেটা আপনারা ভালভাবেই বৃষতে পারছেন। এবনে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে বস্তি উন্নয়নের নামে, বস্তি আলোকিত করা ংচ্ছ, বৈদ্যুতিকরণ করা হচ্ছে, রাস্তা-ঘাট তৈরি করা হচ্ছে, শিক্ষার ব্যবস্থা করা হচ্ছে নন-ক্রমাল এডুকেশন ইজ্যাদির মধ্যে দিরে। মানুষের সামনে নাগরিক জীবনের নানা প্রয়াস তৈরি <sup>হতে</sup>, সভ্য মানুবের সভ্যতার যে চাহিল সেটা তৈরি করার চেষ্টা করছে পশ্চিমবাংলার বাষ্ট্রন্ট সরকার। এটা ওদের কাছে যথের বিলাস, আজকেও ওদের কাছে যথের কিলাস। বাজকে ওনারা কলকাতার কথা কলতে গিরে বড় বড় প্রোমোটারের কথা বার বার নিরে বাসছেন ওরা তো ওদের বন্ধু, বড় বড় জমির মালিক তো ওনাদের বন্ধু। ইতিহাস তো তাই <sup>বল</sup>, আজকের দিনের বাস্তব তো তাই বলে। সেট্রাল ভাল্যেশনের বিরুদ্ধে, সেট্রাল ভাল্যেশন বোর্ডের বিশ্বছে এতো হভার, এতো প্রতিবাদ করছেন কেন? উনি বলতে চাইছেন বে একটা নবভার জারগার আসতে চাওরা হচেছ। আমরা কাছি দেয়াল ভ্যাস্রেশন বোর্ডের বাধানে শ্বৰ মিউলিসিপ্যালিটি একটা আর্থিক উন্নয়নের জায়গার যাবে। ভাতে ওরা ভর পাতক্র। <sup>ৰব্যম</sup>য়ে দিৱে কাঁকণ্ডলি ধরা যাবে। বড় বড় কারখানার মালিক বড় বড় সিনেমা ছালর যদিক, বড় বড় ফ্লাটের মালিক তাদের ধরা যাবে। তারা কারা, তাদের জন্য কেন আপনারা ত্তর ভীত। সেইজন্য আপনারা কেন্দ্রীভবনের কথা বসছেন। কেন্দ্রীভবনের কথা করছেন তার দিনা ওদের গায়ে জালা ধরছে ওদের বছুদের আঘাত করছি বলে। আনি আর একটা কবা

[6th April, 1981 বলতে চাই আমাদের সমর আমরা লক্ষ্য করছি বেশ কিছু জায়গা পৌরসভার মধ্যে ১ আসা হচ্ছে, ১০টি পৌরসভা গোড়ে উঠছে। আমরা লক্ষ্য করছি আমরা নির্দিষ্ট সক্র নির্বাচন করছি। যেটা ওদের কাছে স্বপ্ন ছিল। আমরা নির্দিষ্ট কালের মধ্যে জনগলের নিছি। ওনারা জনগণের রায় নিয়ে ভয় পান। আমরা নির্দিষ্ট সমরকালে পক্ষায়েত চিক করি। ওনাদের আমলে পঞ্চায়েতে জমিদার জোতদাররা নেতা হয়ে বসে ছিলেন। স্থায় ক্ষেত্রে বড় বড় মিল মালিকরা অর্থবান মানুবরা প্রতিনিধিত্ব করতো। তাই ওনারা জনক্ষ রায় নিতে ভয় পান। ওনারা নির্বাচনেশ ধারে কাছে যেতেন না। সকলের জন্য ভোটাংহ এটা ১৯৬৪ সালে হলেও এটা আমাদেশ আন্দোলনের ফর্সল। আজকে ১৫টি পৌরুদ্ধ নির্বাচন হতে চলেছে। গ্রামাঞ্চলের বকে পঞ্চায়েত নির্বাচন এবং একই দিনে সৌরস নির্বাচন। এবারে পঞ্চায়েত নির্বাচনে নৃতন আইন প্রয়োগ করা হচেছ, বাধ্যতামূলক মহিলা অংশগ্রহণের সুযোগ এসেছে। ওনারা মহিলা কি করে দেবেন সেই নিয়ে চিন্তা। মহিলা ব্যাপারে ওনারা অনভিজ্ঞ, মহিলাদের অভিযোগ সম্পর্কে ওনাদের কোনও ধারণা নেই জায়গায় ওনারা প্রবেশ করেন না। তাই তারা বার বার আঘাত করতে চান। আমি আশ্য পঞ্চায়েতের ক্ষেত্রে যে আইন এসেছে আগামী দিনে পৌরসভায় সেই আইন দরকার: আসতে পারে। এখানে আমরা আরও লক্ষ্য করছি যে গরিব মানুবের জন্য ফ্র্যাটের বাপ. 'হাডকো' মাধ্যমে ঋণ নেওয়া হচেছ। ওরা ওধ ধাঙ্কত নিয়ে বললেন। নানতম আয় যতে সেই সমস্ত মানুষের জন্য 'হাডকো' থেকে ঋণ নিয়ে ব্যবহার করা হচছে। সি.ইউ.ডি.পি । তে তথু টাকার যোগান নয় বন্ধু, ৩ হাজার সেচ্ছাসেবী এরসঙ্গে যুক্ত স্বাস্থ্য প্রকরে:

# [4-45 - 4-55 p.m.]

এর সঙ্গে স্বাস্থ্য প্রকল্পের যে কর্মসূচি তাকে চালিয়ে যাওয়ার ব্যাপারে আমরা চিন্তিং একথা অধীকার করার উপায় নেই বে ৰাছ্য চেতনা আজকে বেডেছে। মা এবং শিও মৃত্যু হার আমাদের রাজ্যে বেডেছে এটা ঠিক। আমাদের অনেক সমস্যা আছে, এটা অধীকার হর্ত ব্যাপার নয়। এখানে আন্ত্রিক বা পেটের রোগ, ছোট হলে পেটের রোগ আর বড আ<sup>কারে</sup> হলে তাকে আমরা আন্ত্রিক বলি, এটা ঘটছে। এরমধ্যে অন্য সমস্যা আছে, তারজন্য আমং এপারে বা ওপারে পালিয়ে যেতে পারি না। পলতায় আন্তকে যে পাইপ ফেটে <sup>ফারে</sup> তারজন্য কি বামফ্রন্ট সরাকর ১৬ বছর ক্ষমতায় আছে বলে তারা দায়ী? তারজন্য সমস্য কিং আছকে কলকাতার সমস্যার জন্য দারী কেং কলকাতার সমস্যার জন্য মূল দায় <sup>হচে</sup> অপরিকলিত ভাবে এই শহরটি বেড়ে গেছে। আজকে শহর বেড়ে গেছে বলে মানুব আ<sup>জং</sup> কলকাতার উপরে চাপ সৃষ্টি করছে না। অন্য জারগায় তারা শহর-এর সৃবিধা পাচেছ <sup>ব্রে</sup> নগর সভ্যতার আরুর্বলৈ তারা বাইরে যাছে। এর মধ্যেও আমাদের সমস্যা আছে। স<sup>রস</sup> আছেই তো, একে অধীকার করার উপায় নেই। এখানে বিরোধী সমস্য বছুরা সেই টালেনেশনের ক্ষেত্রে ব্যবহান। আপনারা স্থান করন ভো; কি বলা হরেছে? ১০ টাকা <sup>ক্</sup> ৰে কি নেওয়ার ব্যাপার, বে ট্যান্সের ব্যাপার, দূবছর পরে দাঁড়িয়ে আর একটা তো বাড়<sup>0</sup> **बर्दे क्षत्र आनामा। वर्षात्न लिग्नेनिट्रिक्न**पत्तत्र क्षत्र चाटन ना। ১० जेक हारत जेका ल<sup>ाज किर</sup> **(१६**ता **रह। भर्तवर्णिकात्म (य माकान भगरा वा १९८ फेळाड, म्राबान (शरक पाल**ाव गा আমরা নিশ্চরই করতে পারি। এটা বিরেধিতার মধ্যে দিয়ে নয় সকলের মধ্যে দিয়েই সম<sup>স্তা</sup>

দ্রাধান সম্ভব। বিভিন্ন জ্বায়গায় মোহিত ভট্টাচার্যের যে রিপোর্ট, আমি ফডটা জেনেছি ৩১শে 🥳 '১৩তে জমা পড়ে গেছে, বিষয়টিতে কি আছে তা আমার জানা নেই। আমার মনে ন্ত্রহে, গৌরসভাওলোকে স্থনির্ভর করার জন্য পরিকল্পনা কিছু কিছু নেওয়ার দরকার **আছে**। র পরিকল্পনা নেওয়া দরকার সেখানে, নির্দিষ্টভাবে কিছু ভাবনা আমাদের নি**শ্চয়ই আছে**, াবানে তা নিশ্চয়ই বলা দরকার। ট্রেড লাইসেন্সের প্রশা তথু নয়, তথুমাত্র বিশ্তিংয়ের প্রশা ন্ধু, ডেভেলপমেন্টের জন্য যে ট্যাক্স, এটা যদি পৌরসভাগুলোতে আমরা পাই তাতে কিছু ন্টতি লাভ আছে। কর্মচারিরা '৮১ সাল থেকে বেতন পাচ্ছেন। তারা ভন্নলোকের মডো, rej মানুবের মতো বাঁচার মতো জায়গায় এসেছেন, এটা তাদের কাছে তৈরি করে দিয়েছেন রাম্রুন্ট সরকার। আর সেখানেই ওদের গাত্রদাহ। ওরা দেশকে ডিখারি করেছেন, জাতিকে ভিখারি করেছেন। অগ্নি নির্বাপক যে সংস্থা, সেখানে তিনটি শিফট চালু করে আন্তর্জাতিক শ্রম মাইনকে কার্যকর করা হয়েছে। কেন্দ্রীয় সরকার রাজ্যের প্রতি কতখানি উদাসীন, তার অন্যতম বিষয় হচ্ছে জাপান যে অগ্নি নির্বাপক যন্ত্র দিয়েছে, ওরা তার উপরে টাব্দ নিয়েছেন। আমাদের প্রতি, পশ্চিমবাংলার মানুষের প্রতি যদি দরদ থাকতো তাহলে ওরা এই কাজটি হুরুতন না। অগ্নি নির্বাপক নতুন করে কিছু করা যায় কিনা এফ.পি.ও., ফারার লাইসেক দবার যে পদ্ধতি সেটা ও.সি.র হাতে দিলে তাতে রাজ্য সরকারের ট্যান্দ্র কিছু বাড়তে **পারে**। এই কথা বলে মাননীয় মন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের বায় বরান্ধকে সমর্থন করে এবানেই আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[4-55 — 5-05 p.m.]

জ্ঞী শোভনদেৰ চট্টোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয় আন্ধকে বৃদ্ধদেব বাবু যে ৩৭, ২৬ এবং ৯০নং খাতে ব্যয়বরান্দের দাবি পেশ করেছেন তার বিরোধিতা করছি এবং আমাদের দলের পক্ষ থেকে আনীত কাট মোশনকে সমর্থন করছি। মন্ত্রী হিসাবে তিনি দীর্ঘদিন ধরে এই দপ্তরে **আছে**ন। এই দপ্তরে থেকে তিনি পৌরসভার স্বার্থে বা মানুষের স্বার্থ রক্ষা করতে পারেন নি। নগর জীবনের সুখ স্বাচ্ছল বৃদ্ধি করার ক্ষেত্রে চরম বার্থ হয়েছেন। এই বার্থতা তার বাজেট স্পিষ্টের মধ্যেও প্রতিফলিত হয়েছে। আমার মনে হয় বৃদ্ধদেব বাবু তার এই দপ্তর সম্পর্কে তিনি বিশেষ শুরুত্ব দেন না। এটা শুধু আমার কথা নয়, তিনি ভার ১৯৯১-৯২ সালের ৩৭নং দাবিতে চেয়েছিলেন ২১৮ কোটি, ২৭ লক ৬০ হাজার টাকা। আর এইবারের বাজেটে জুর্মাৎ দুই বছর পরের বাজেটে ১৯৯৩-১৪ সালের বাজেটে চেরেছেন ২১০ কোটি ৬৯ লক ২৫ খ্রজার টাকা। এটা ওধু আমাদের উদ্মা নয়, এই সভাতে সরকারি দিশের বারা সদস্য ভারাও অনেকে এতে কোভ প্রকাশ করেছেন। মহঃ ইয়াকুব এবং ভশন যেড় ভাদের বক্তৃতার মধ্যে এটা রেখেছেন এবং এর থেকে পরিভার হয়ে গেছে বে ভারাও বিরোধিতা করছেন। কিন্তু 🥞 রা তো সরাসরি বিরোধিতা করতে পারেন না, তাদের বভবের মধ্যে দিয়ে তারা বলেছেন ব্রু এই দপ্তর তার পরিচালনার ক্ষেত্রে যে ভূমিকা পালন করছেন দেই ভূমিকা নগর মানুবের স্বার্থে বা কলকাতার মানুবের স্বার্থে এই মিউনিসি**গালিটিকলো** মন দা করতে পারেনি। তাদের সেই স্বার্থ রক্ষা করতে পারেনি। ১৯৯১-৯২ সালে বে ব্যাবরাক ছিল সেই বরান্দ ১৯৯৩-৯৪ সালে সেটা কমিয়ে দেওৱা হল। আসলে তিনি দ**ও**র সম্পর্কে শচতন নন। এতেচবেশি রাজনৈতিক বিষয়ে শচেতন থাকতে হয় যে এই দপ্তরের প্রতি

[6th April 1

শী সৃদীপ ৰন্দ্যোপাধ্যায় : স্যার, সারা দেশে বিধানসভা নির্বাচন হছে কছা শীন্দাবালোর তিনটি কেন্দ্রে উপনির্বাচন হতে পারছে না। এর কারণটা কিং রাজ্যে মুখ্য নির্বাচনী অফিসারের পদ এখনও শূন্য থাকার ফলে। পশ্চিমবাংলার এই তিনটি উপনির্বাচন জ্বেওলি হল দার্জিলিং, কার্শিয়াং এবং টোরঙ্গী, এখানে নির্বাচন হতে পারে নি। কিসের শাক্লিডিতেং রাজ্যের কাছে মুখ্য নির্বাচন কমিশনের নাম চেয়ে পাঠিয়েছে কেন্দ্রের নির্বাচন কমিশনে, চিঠি লিখে বলেছে, শেব পর্যন্ত প্রেস করে বলেছে। কেন্দ্রের নির্বাচন কমিশন বে রক্ষম নাম পাঠাতে কুলছেন রাজ্য সরকার সম্পূর্ণ ভাবে সেইওলিকে বাইলাস করে এমন নাম পাঠাতের কাছে বার বার নির্বাচন কমিশন সেটা রিজেন্ট করছে। তার ফলে সেই কিটি উপ নির্বাচন হতে পারছে না। এই যে তিনটি কেন্দ্র যেখানে উপনির্বাচন হতে পারছে না। এই যে তিনটি কেন্দ্র যেখানে উপনির্বাচন হতে না ক্রিনে কোনওটাতেই সি.পি.এম প্রার্থী জয়লাভ করতে পারেনি। এই তিনটি উপনির্বাচন ক্রিনে কোনওটাতেই সি.পি.এম প্রার্থী জয়লাভ করতে পারেনি। এই তিনটি উপনির্বাচন ক্রিনে কোনওটাতেই সি.পি.এম প্রার্থী জয়লাভ করতে পারেনি। এই তিনটি উপনির্বাচন ক্রিনে কোনওটাতেই সি.পি.এম প্রার্থী জয়লাভ করতে পারেনি। এই তিনটি উপনির্বাচন ক্রিনে কোনওটাতেই সি.পি.এম প্রার্থী ক্রিনেল। আমি দাবি জানাছিই যাতে এই মুখ্য সির্বাচনী

অফিসারের পদ খালি না থাকে তারজন্য অবিশব্ধে ব্যবস্থা মেওয়া হোক। এই ঘটনা নি ব্যবস্থার কাছে একটা লক্ষ্যা জনক দৃষ্টান্ত হয়ে থাকল।

শ্রী মানিকসাস আচার্য ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বাস্তু দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র কুলটির বরাকর সরকারি স্বাস্ত্য কেন্দ্রের অভ্যন্ত শোচনীর। এটা ১৫টি শয়া বিশিষ্ট স্বাস্ত্য কেন্দ্র, এখানে এক-একটা বেডে দৃ-তি করে রোগি ভর্তি থাকে। এখানে উবধ পাওয়া যাচেছ না, বেড সমস্ত নউ হয়ে গেছে লক্ষ টাকা স্যাংশন হয়েছিল, জানিনা সেই টাকা কোথায় গেল, কাজ্য এখনও ওক:

[12-50 — 1-00 p.m.]

শ্রী অত্থিক ব্যানার্জি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বরাষ্ট্রমন্ত্রী আকর্ষণ করছি। স্যার, আমার নির্বাচন কেন্দ্রে নেতাজী সূভাষ রোড আছে যেটা হাওড়া চেরে জনবছল রোড এবং ব্যবসায়ি কেন্দ্র। এখানে গত পরসু দিন সন্ধ্যা বেলায়। ডাকাত রিভলবার নিয়ে একটি স্বর্ণব্যবসায়ির দোকানে আড়াই লক্ষ টাকা গহনা নিয়ে এয়া। সকলের সামনে এই ঘটনা ঘটেছে। এই অঞ্চলে বরাবরই এইরকম ঘটনা ঘটে । এটা কোনও বিচ্ছির ঘটনা নয়। গত ১ বছরে ৪টি এইরকম ডাকাতি হয়েছে। অত থেকেই পুলিশকে এই ব্যাপারে অবহিত করা হচ্ছে। এই অঞ্চল সমাজ বিরোধীদের আজ্ঞার জায়গা হয়েছে, এখানে চোলাই মদ বিক্রি হয়, ড্রাগের একটা কেন্দ্রবিন্দু হয়েছে বার বলা সত্ত্বেও কোনও কাজ হচ্ছে না। ওই ৪ জন ডাকাতের মধ্যে একজনকে সনা হয়েছে। ওই অঞ্চলের সমস্ত ব্যবসায়ি দোকান বন্ধ করে প্রতিবাদ জানিয়েছে হাওড়া থানার অফিসাররা একজনকেও গ্রেপ্তার করতে পারেনি। স্যার, হাওড়া থানার এক,িকে ঘটনা সম্পর্কে জানানো হয়। যাকে আইডেন্টিফাই করা হয়েছে, তাকে গ্রেক্যা বলা সপ্তেও এখনও পর্যন্ত গ্রেপ্তার করা হয়ে।

শ্রী নটবর বাগদি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আদিবার্গ তফসিলি কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। আদিবার্গ তফসিলি ছেলেমেয়েদের বুক প্রান্ত্রস কম্পালসন চার্জেস বাবদ যে টাকা দেওয়া হয়, ৼ পুরুলিয়া জেলার ঝালদা হাইস্কুলের হেড মাস্টার মহাশয়, রঘু নন্দন দাস সেই টাকা ছেলে দিছেন না। এই ব্যাপারে যখন ছেলেমেয়েরা প্রতিবাদ করেছিল সেই সময় যে সমস্ত ছেলে প্রতিবাদ করেছিল তাদের স্কুলে ঢুকতে দেওয়া হয়নি, এখনও ঢুকতে দেওয়া হছে না ছাত্রদের নাম কলছি দীপারর মাঝি, ওভারর হাসদা, মনোজ বাগদি, বাদল মুড়া, সূভার লক্ষ্মীকান্ত কিছু। ওখানে যে সমস্ত অফিসার আছেন তারা এবং এস.ডি.ও. এনকোয়ারি গিয়েছিলেন। তিনি প্রমুল পোয়েছেন বে হেড মাস্টার টাকা পয়সা দিছেন না। তিনি রাজনৈতিক পার্টির ছব্রছায়ায় থেকে এইভাবে ছাত্রা নাায়্য টাকা থেকে বঞ্চিত করছেন। আমি এই বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশ্রের দৃষ্টি করেছি।

<sup>ে</sup> শ**ৃত্তী মেবর্থসাদ সমুক্তার হু মাননীয় অধ্যক্ত মহাশয়, আমি, আগনার মা<sup>ধ্যমে</sup> উল্লা<b>ট্রমন্ত্রীক একটি ভালস্থপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আগনি জানেন বে <sup>ব</sup>** 

ৰ্জন আগল। এই পঞ্চায়েত নিৰ্বাচনে গ্ৰামাঞ্চলে ব্যাপক সন্ত্ৰাস সৃষ্টি করে এবং পঞ্চিল মানকে সংকর্প দলীয় স্বার্থে ব্যবহার করে রাজ্যের শাসকদল, সি.পি.এম. ক্ষমতার ফিরে চাতে চাইছে। এখনও পর্যন্ত পঞ্চায়েত প্রার্থীদের মনোনয়ন পত্র ক্রমা দেবার কাছ 😘 🔝। ইতিমধ্যে সদ্ধাস শুক্র হয়েছে। প্রকাশ্যে হমকি দেওয়া হচ্ছে সি.পি.এম.'এর প্রাধী ছাত্রা না কেউ দাঁড়াতে 'শারৰে না। অন্য দলের হয়ে কেউ দাড়াতে ইচ্ছা প্রকাশ করলে ভাষ । ব্রবাড়ি পঞ্জিয়ে দেওরা হচ্ছে, লুঠপাঠ করছে। বার ঘরবাড়ি পুড়িয়ে দেওয়া হয়েছে ভার নামে পুলিশ মিখ্যা কেস দিয়ে তাকে প্রেপ্তার করছে। স্যার, এটা কোনও করনা নয়, এটা সন্তা ৰু ৩রা এপ্রিল কুলতলি থানায় ভূবনেশ্বরি গুড়গুড়িয়া গ্রাম পঞ্চারেতের অধীনে গুড়গুড়িয়ার আমাদের দলের একজন সম্ভাব্য প্রার্থী, আমাদের কর্মী, সুশীল হালদার, তিনি সকাল কেলায় endin যখন চা <del>খাচ্ছিলেন</del> তখন সি.পি.এম.'এর ওভারা পরিকল্পিত ভাবে ছামলা করে। ছাকে ছমকি দেয় যে, তমি এস.ইউ.সি.আই.'এর হয়ে যদি দাঁডাও তাহলে তোমার বাবছা হব। দর্বস্তদের হাত খেকে তিনি পালিয়ে যেতে সক্ষম হন। তারপর সি.পি.এম.'এর লোকেরা ধন তার বাডিতে পঞ্চায়েত নির্বাচনের জন্য লিখতে যায় তখন বাধা দিলে তাকে আক্রমণ করা হয়। তার স্ত্রীকে, তার ছেলেকে মারধোর করে। এ সম্পর্কে কুলতলি থানার জানালে খনা কর্তপক্ষ যারা আক্রাম্ভ হল, অর্থাৎ সুশীল হালদার, তার ছেলে এবং আরও দু'জনকে আক্রমণ করল অথচ তাদের এখনও পর্যন্ত অ্যারেস্ট করে নি। এই যদি চলতে থাকে হালে আসম পঞ্চায়েত নির্বাচন সন্ত ভাবে হবে না। আমি স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর কাছে গবি করছি, তিনি ঘোষণা করুন যে পঞ্চায়েত নির্বাচন'এ পূলিশ নিরপেক আচরণ করবে বিনা। তিনি ঘোষণা করুন শাসক দলের সন্ত্রাস মুক্ত হয়ে সৃষ্ট্য শাস্ত গণতান্ত্রিক পরিবেশে শব্দরেত নির্বাচন অনুষ্ঠিত হবে। এ সম্পর্কে স্বরাষ্ট্রমন্ত্রী পরিষ্কার ভাবে সুস্পাই ভাবে বিধানসভায় ঘাজকে বিবৃতি দিন। আমাদের আশস্ত করতে হবে যে আগামি পঞ্চায়েত নির্বাচন সুষ্ঠ হবে।

শ্রী দেবনারারণ চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে আমার ক্রের একটি শুরুত্বপূর্ণ বিষয়ে আমাদের নিয়ন্ত্রিও বাজার সমিতির মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পান্ডুয়া থানার অধীনে পান্ডুয়া বাজার সমিতি এই বছর হওয়ার কথা ছিল ক্রির এখনো হয়নি। সেইজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশায়কে ইতিপূর্বেই আবেদন করেছিলাম বে, নতুন করে কমিটি করে দিন তা না হলে কৃষকদের যে অর্থ তার নানাভাবে অপচায় থের একটা ব্যবস্থা করুন। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশায়কে আবেদন করব যে, জনস্বাহর্থ থাতে ওখানে একটা কমিটি করে দেন।

বিক্রোক্তন মাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশ্য, আমি আপনার মাধ্যমে মাননীয় সকলা করেকেমনীর বৃদ্ধি আকর্মণ করছি। আমার আগে এই ব্যাপারে একজন মাননীর সকলা উমেদ করেকেন। করি এইকা থেকে পঞ্চায়েত, প্রাম পঞ্চায়েতের যে কর্মচারী সমিতি আছে তারা ভেপুটেশন দিয়েকেন এবং অনশন ও অবস্থান ঘোষণা করেকেন। আমরা জানি বাজা সরকারের আর্থিক অবস্থা ধুবই ধারাপ এবং অবস্থার পরিপ্রেক্ষিতে আমি কলছি যে, বে ৪ হাজার পঞ্চায়েতের কর্মচারী অনশন করকেন তাদের দাবি মাননীয় পঞ্চায়েত মন্ত্রী যদি বিক্রেনার সঙ্গে দেখেন এবং যদিও সবটা মানা সন্তব নয়, কিছুটা বিক্রেনা করেন এবং যদিও সবটা মানা সন্তব নয়, কিছুটা বিক্রেনা করেন এবং যদিও সবটা মানা সন্তব নয়, কিছুটা বিক্রেনা করেন ওছলে ভালো হয়। এই আবেদন আমি আপনার মাধ্যমে পঞ্চায়েতমন্ত্রীর কাছে রাবছি।

[7th April, 1993]

শ্রী আবৃদ্ধ মারান ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয় একটু আগেই মাননীয় সদস্য শ্রী সূক্ষ্য বিবেটি হার বিবেটি হার বে আমাণের বহু মরকারি বছুরা আজকে উন্নাসিত যে ত্রিপুরাতে বামফ্রন্ট সরকারের অল্প ইন্দ্রের হার হারেছে বলে। কংগ্রেস সেখানে সহযোগিতা করছিল না বলে আপনারা নির্বাচন কমিশনার। আনিরেছিলেন যে ওখানকার রাজ্য সরকার সহযোগিতা করছে লা এবং রাষ্ট্রপতির আমে জানিরেছিলেন যে ওখানকার রাজ্য সরকার সহযোগিতা করছে লা এবং রাষ্ট্রপতির আমে জারি করার কথা প্রকাশ করেছিলেন। ওদের গারি ছিল নির্বাচন কমিশনারের কছে রে রাষ্ট্রপতি জারি করা হোক। নির্বাচন কমিশনারের বিজ্ঞপ্তি থেকে জানলাম যে পশ্চিমবরে ও উপ নির্বাচন হবে না এবং আগামী দিনের কোনও শূন্য আসনেই আর নির্বাচনের প্রয়োজ নেই। কারণ হছে যে, রাজ্য সরকার নির্বাচন করিশনারের সঙ্গে সহযোগিতা করছেন ন বিশ্বাত যে কারণে রাষ্ট্রপতি শাসন জারি করা হল সেই একই কারলে এখানেও রাষ্ট্রপা শাসন জারি করা হোক এবং যে ঘূটি উপ নির্বাচন করেল জিততে পারবেন না। সূত্রাং আমা দাবি যে গার্বত্য এলাকায় দাজিলিংয়ে উপনির্বাচন করেলে জিততে পারবেন না। সূত্রাং আমা দাবি যে গার্বত্য এলাকায় দাজিলিংয়ে প্রতিনিধি নির্বাচন করা স্বরকার এবং রাষ্ট্রপতি শাস জারি করে এই নির্বাচন করা উচিত।

শী সুশীল বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি শুরুত্বপূর্ণ বিবরে মাননি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার মুরাগাছিতে একটি জুনিয়ার হাইস্কুল আ সেখানে জুনিয়ার হাইস্কুলের একজন শিক্ষক ১৭ বছর ধরে উর্থান শিক্ষকতা করছে সম্প্রতি বি.টি. পাশের জাল সাটিফিকেট ধরা পড়েছে এবং স্কুলের সেক্টেটার তাকে সাসপে করেছেন। তিনি একটি বিশেষ রাজনৈতিক দলের লোক, বি.ক্রে.পির শুরুক্তন নেতা। ধিক্ষক এবং দলের পক্ষ থেকে বিষয়টি হাইকোটের নজরে আনার চেষ্টা করছেন এ অবিলম্বে এর একটা ব্যবস্থা নেওয়া হোক।

### [1-00 — 1-10 p.m.]

ভাঃ মানস উইয়া ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আধানার মাধ্যমে আমার বিধানস কেন্দ্রের একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আরুর্বণ করব। আমি মন্ত্রীকে বারের বলে আসছি যে সেদিনীপুরের অন্যতম বৃহত্তর জেলা সবং.... স্মার, সবং থেকে তেন এমাধানি এখানকার ২ কি.মি: রাজা আজকে খারাপ হয়ে পড়েছে। এরজন্য সামান্য অর্থ ত দেবার কথা মনে করেননা, এটি আমার একাকা। এখানে যে পছাতি চালু আছে, পি.ভত্তিত অর্থ নপ্তর, জেলা পরিবদের যৌথ উদ্যোগে অর্থ ব্যয় করা হবে, সেখানে কিন্তু আছে পাকেনও অর্থ নেওরা হয়নি, এই রাজাটি সারাইরের কাজে, এই ৭ কি.মি. রাজার জলা এব পর্যার করা হবে, কেলান করিছার জলা এব প্রায়নি কলে প্রধান দিয়ে বাস চলাচল করিছে না, মানুর ইচিতে পারছে সাইকেল রিক্সাও চলাচকের অনুপর্যুক্ত হরে পড়েছে, তাই এই বিষয়টি আর্মি পূর্ত দত্তে মন্ত্রীর দৃষ্টি আর্ক্সর্থ করিছি।

ৰী বিবাসাদ মানিক ঃ মাননাম অব্যক্ত মহাশ্বাম, আমা আপনার মানামে সুহুত্বাকর্ষণ করছি। আরমবাগ এলাকার বারকেশর নবীর উপর রামকৃষ্ণ হৈছে এবং হরিণ<sup>বের</sup> মুক্তেমী নবীর উপর রামক্ষেক্ত সেতু এই ২টিতে বিশ্বাসক্ত্বাবে ফ্লান্টন দেখা দিয়েছে গ নীয় পূর্তমন্ত্রীর কাছে অবিলম্বে দাবি জানাচ্ছি এটা মেরামতি করার জন্য।

নিয়ে নিয়ে ৪।৫ জন মানা গিয়েছে। আমি সেইজন্য অনুরোধ করছি সরকার থোপারে বিদ্যার করিছ । গত ২৬ তারিখে মার্চ মানে আমার ইসলামপুর নিটেউরেলিতে ইসলামপুর থানায় এবং গোঁয়ালপুর থানায়, এই ২টি থানায় ১২টি প্রামে বড় এবং শিলাবৃষ্টিতে ৪৯০ থেকে ৫০০ পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে, তার মধ্যে ২ ৮ জন। নিয়ে ৪।৫ জন মারা গিয়েছে। অনেকের ঘরবাড়ি ঘূর্শিবড়ে ডেঙে গিরেছে যারজন্য নক লোকের মহন আশান্তি আছে। আমি সেইজন্য অনুরোধ করছি সরকার থেকে বে নফ দেওয়া হচ্ছে সেটা খুবই অপর্যাপ্ত। তাই ওখানকার সান্তনা দেবার জন্য ওখানে কিছু ন, গ্রান্ট, বা কোনও রিলিফ সামগ্রি অবিলম্বে পাঠানো হোক, এই আবেদন আমি রিলিফ রির কাছে রাখছি।

শ্রী রাইচরণ মাঝি ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার বিধানসভা কেন্দ্রের ২টি ব্লকের ধা সেখানে প্রায় ৭০টি প্রাইমারি স্কুল আছে, এই ২টি রকে সাব-ইন্সপেক্টার আছেন, ১ রে রকের সাব-ইন্সপেক্টার ব্লক ক্যাম্পাসের মধ্যেই থাকেন, ২ নম্বর সাব-ইন্সপেক্টার তিনি টায়ায় থাকেন, প্রাইমারি স্কুল থেকে অনেক দুরে। তিনি স্কুল ইন্সপেক্ষন করতে পারেননা, নি স্কুলের স্থায়ী কমিটির মিটিংরেও উপস্থিত হননা। স্যার, বামফ্রন্ট সরকার যেখানে শিক্ষার র্ঘতি করার চেষ্টা করছে সেখানে এটা মার খাচেছ।

# খ্রী নাসিরুদ্দিন খান ঃ (নট প্রেজেন্ট)।

ডাঃ জন্মনান আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি রিলিফ মন্ত্রীকে হাউসে দেখনাম, াবার তিনি ছলে গেলেন। এই সময়টা গ্রাম বাংলায় প্রায় আগুন লাগে। এবারে আগুনের ংখাটা বেশি দেখা যাচেছ। আপেরদিন ওনেছেন, মাননীয়া সদস্যা সাবিত্তী মিত্র বলেছেন, ০০ বাড়ি পুড়েছে সেখানে, আমি খবর পেলাম আমাদের ওখানে একনাগাড়ে ৩০০ বাড়ি ড়েছে, আর ২টি প্রামে ৩০+৩০ = ৬০টি বাড়ি পুড়েছে, প্রায় ৪০০টি বাড়ি পুড়েছে। নজকে হাজার হাজার মানুষ বাস করছেন আভার দি ক্যানোপি অফ দি স্কাই। যে রিলিফ শ্বানে পাঠানো হচ্ছে স্বেটা খুবই ইনসিগনিফিকেন্ট, তাই আমি পার্পামেন্টারি মিনিস্টারকে লব তিনি ত্রাণমন্ত্রীকে জানান উনি যেন এই ব্যাপারটা একটু দেখেন। আজকে আমরা ফার ম হেডকোয়াটারে থাকি, সেখানে রিলিফ মেটিরিয়াল কিছু দিতে পারছে না ডিট্রিট মাডমিনিক্ট্রেশন বোথ ইন পয়েন্ট অফ ফুড অ্যান্ড আদার রিকোয়ারমেন্টস। এই বিষয়টাকে দি ব্যান্তের সঙ্গে ট্যাগ কারা যায় তাহলে খানিকটা সুরাহা হবে। কারণ এর *ফলে অনেকে*র <sup>গক,</sup> ছাগল ইত্যাদি মারা গিয়েছে। মাননীয় রিলিফ মন্ত্রী এখানে নেই, সেইজন্য **ফাব পার্লামেন্টারি** মিনিস্টার যদি এটা বিক্লিফে মিনিস্টারকে পাদ : । করে মেন ভারলে ভাল হয়। এই বে গ্রহতলি বাছিঃপুড়েছে, এই বিষয়টা তো গভর্নকে তর কাছে কোনও কমিউনিকটেড হয়ন। গভর্নমেন্টকে ভো এই সময়ে অমুলার্ট থাকা উচিত। প্রয়োজনীয় রিলিক মেটিরিয়াল, মিপল, উষ্ধ, তকলো: কৃত এইওলিটতা যথা সমায়ে পাঠালো দরকার, এটা আপনি দরা করে রিলিফ रकेल कानिता सिन्।

#### ZERO HOUR

শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ছা মুখ্যমন্ত্রী এবং কেন্দ্রীয় সরকারের একটা শুরুতর বিষরের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের এলাকার বহু আদিবাসী আমার এলাকা সৃতাহাটা নির্বাচনী কেন্দ্র — । জীবিকার জন্য দিল্লিতে গিয়ে বসবাস করেন। তারা আমার কাছে এসে আবেদন ব আপনি একটা সাটিফিকেট আমাদের দিন নইলে আমাদের দিল্লিতে থাকতে দিছে না। ইতিমধ্যে করেক জনকে জার করে বাংলাদেশে পাঠিয়ে দেওয়া হরেছে। তাদের অপরাধ তারা বাংলা ভাষায় কথা বলে, সেইজন্য তাদের দিল্লিতে থাকতে দেওয়া হছে না। বিলাজ অধিবাসীরা ব্যবসা ও রুটি-ক্লজির জন্য সেখানে থাকে, কিন্তু তাদের দিলিতে ও দেওয়া হছে না। আমাদের দেশের জাতীয় সংহতির পক্ষে এটা একটা উদ্বেগের ব্যাপার। পুলিশ এবং বি.জে.পি. এই কাজ করছে। তাই আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী এবং প্রধান দৃষ্টি আকর্ষণ করছি।

বী নবীন দেব ঃ মাননীয় অধ্যক্ষ মহাশায়, আমি আপনার মাধ্যমে জানতে চা গতকাল এই সভায় যে মিউনিসিপ্যাল বিল পাস হল, আমি আজ সকালে যখন ট্রনে আসছিলাম তখন আকাশবানীর সংবাদে জানলাম যে রাজ্যসভায় নাকি পশ্চিমবঙ্গের মিউনিটি বিল পাস হয়েছে। স্যার এইরকম বিকৃত সংবাদ কয়েকদিন ধরেই প্রচার করা হচেছ লাগ গত ২০শে মার্চ রাত্রি ১০-১২ মিনিটে খবরে বলা হল ডান্ডার সুব্রত মুখার্জি নাকি বিধান বক্তব্য রেখেছেন। দার্জিলিংয়ে বিশাল সমাবেশ হল এবং মুখ্যমন্ত্রী সেখানে বক্তব্য রাখ কিছ দুরদর্শনে সূভাৰ ঘিসিং বক্তব্য রাখছেন মাননীয়া সদস্য সুদীপবাব প্রতিদিনই দার্জিলিকথা তোলে — সেই ছবি দেখানো হল। ত্রিপুরার নির্বাচনের ফলাফল নিয়ে কোনও সংবাদ পত্রে হেডলাইন করা হয়নি অনেক পত্রিকায়, হেড লাইন করা হয়েছে চিত্র জা একজন অভিনেত্রী অপ্রকৃতিছ অবস্থায় মারা গেছে সেই খবরকে। এই ব্যাপারে হত্ত করার জন্য আমি আবেদন করছি।

শ্রী শক্তিপ্রসাদ বল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে তথ্য ও সাদপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এবং একটি মহতী প্রস্তাব এই সরাধতে চাই। ১৯৯৩ সালের ১লা মে স্বামী বিবেকানন্দর কিব ধর্ম সন্মেলনের শিব বক্তৃতার শতবর্ষ পূর্ণ হবে। শিকাগোর সেই ঐতিহাসিক বক্তৃতা প্রকাশ করার জন্য রাহ্ তথ্য দপ্তরের ভারপ্রপ্ত মন্ত্রীর কাছে আবেদন করছি, যাতে আগামী প্রজন্মের কাছে একটা তথা হিসাবে থাকে।

শ্বী রবীক্র থোব ও বাননীয় অখ্যক মহাশর, আমি আগনার মাধ্যমে মাননীয় তথ্য দৃষ্টি আকর্ষণ করছি। যখন আমরা প্রামে গঞ্জে, শহরে মিছিল করে সাংস্কৃতিক অনুষ্ঠানের : নিয়ে রবীজনাশের জন্মজনতী পালন করছি, তখন হাওড়া জেলার উল্পুক্ডিয়ার দীর্ঘ ২৫ : হল রবীক্র ভবনটি ভৈরি হরেছে, সেই রবীক্র ভবনটি আজকে কর্ম জবহার। আমরা সেং ফাংশন করি, মিটিং করি। সেই রবীক্র ভবনটি সারানোর জন্য আমি আন্তোদন করছি। [1-10 - 1-20 p.m.]

প্র ইউনুস সরকার ঃ মাননীয় অধ্যক মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিবরের প্রতি আপনার বিনে মাননীয় মৎসামন্ত্রী এবং কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, জাপনি নে, আমানের পশ্চিমবালোয় প্রায় ৩০/৩২ লক্ষ মৎসাজীবী আছেন। আমানের রাজ্যে বে বালবিল আছে বর্তমানে তাতে জলের যা অবস্থা তা অত্যন্ত খারাপ। এরফলে মাছ বিরে জীবিকা নির্বাহ করা তানের পক্ষে ভীষণ সমস্যা হয়ে দাঁড়িয়েছে। এ ব্যাপারে আজ্ঞা ভানু ভহরে রাজ্যের মৎসাজীবী এক জমারেত করেছেন এবং সেখানে তারা তানের দাবিরা পেশ করেছেন। তানের মূল দাবির মধ্যে আছে বে কেন্দ্রীয় সরকারকে এখানে একটি দ্ব করতে হবে বার মধ্যে দিয়ে এখানকার মৎসাজীবীরা বাঁচতে পারেন।

শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশায়, আপনার মাধ্যমে সমগ্র উত্তরহক্ষের ব, মধ্যবিত্ত রেল যাত্রীদের স্বার্থ সংশ্লিষ্ট একটি বিষয়ের প্রতি মাননীয় পরিবহনমন্ত্রীর দৃষ্টি দর্যণ করে তার হস্তক্ষেপ চাইছি এবং জিনিসটি তার কাছ থেকে জানতে চাইছি। সাার, । ছিতীয় শ্রেণীতে ভাড়া বাড়বে না বলে আমরা শুনেছিলাম কিন্তু দেখছি এক ধাপোদের ওখানে রেলে ৫৭ টাকা ভাড়া বেড়ে গেল। মালদহ থেকে এখানে সেকেন্ড ক্লাসে বার ভাড়া ছিল ৯৮ টাকা, এখন ভাড়া বাড়ার পর এটা হয়েছে ১৫৫ টাকা। এক ধাপে টাকা ভাড়া বিড়েছে। রেলের পোকরা বলছেন, ফরাকা বারেক্স পার হবার জন্য এই . টা দিতে হবে। করাকা ব্যারেক্স পার হবার জন্য আগে ১২ টাকা দিতে হত, এখন ৫৭ করা দিতে হবে এবং তারা আবার বলছেন যে এই টাকাটা নাকি স্টেট গভর্নমেন্ট বাড়িয়েছেন। করাকা ব্যারেক্সের ব্যাপারটা ভানতে চাই। এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রী মহাশায়ের বাড়ার বাসের ভাড়া ৬৯ টাকা, আমার অনুরোধ, সেখানে বাসের সংখ্যা বৃদ্ধি করা মাক। পরিলেকে মাননীয় মন্ত্রী মহাশায়ের কাছে আবার জানতে চাইব, বিষয়েটি আমাদের দানো হাক — এটা কেন্দ্রীয় সরকার বাড়াল না, রাজ্য সরকার বাড়াল।

ত্রী তপদ হোড় ঃ মাননীয়ে অধ্যক্ষ মহাদার, যেসব ব্যাপার আমরা এখানে মেনকন করি বামাদের অভিজ্ঞতার আমরা দেখছি তার প্রতি যথেষ্ট গুরুত্ব দেওয়া হচ্ছে না। আমি বার ার বোলপুর, শান্তিনিক্তেনে পানীয় জলের সঙ্কট নিয়ে এখানে বলেছি। আপনারা সকলেই দনেন যে বোলপুর শান্তিনিকেতন একটি আন্তর্জাতিক খ্যাতিসম্পার জায়গা। এই জায়গার লিয় জলের বে সঙ্কট চলছে তার কথা আমি আগেও বলেছি, আবারও কলছি। সেখানে বি গীমিত ট্যাপ ওরাইনেরের ব্যবহা আছে ভাতে হাউস কানেকশন নেই এবং পানীয় জল বি মারামারি, থানা পুরুল নিভানেমিন্তিকের ব্যাপার হার দাঁড়িয়েছে। যেখানে দরকার সৈনিক মিং/১৬ লক্ষ শ্মালন জলের সেখানেকার পাওয়া যাছে এক লক্ষ গ্যালন জল। বারবার সেখানকার পানীয় জলের সক্ষেত্রার ক্ষেত্রা বলা হলেও তার প্রতি দৃষ্টি দেওয়া হছে না। আমি দাবি করছি, যেকারে এ ব্যাপারে ব্যবহা গ্রহণ করা হোক।

বী হাঁরাক্স কাউরি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার ক্ষেণাতে বাড়কাতদের সম্ভাস কি পাতহ। বাড়কতিরা সেবানে অন্তশন্ত নিয়ে ঘোরাফেরা করছে এবং সুঠপটি করছে। একন [7th April, 1993 कি তারা আমাদের সমর্থকদের হুমকি পর্যন্ত দিছে। গত ৩০শে মার্চ বাঁকুড়া শহরে তারা এব সমাবেশ করে এবং তারপর সেখানে দোকানপাট ভাংচুর করে। তারা রিক্সা এবং সাইক্ষেত্র টায়ার টাঙ্গি দিয়ে কেটে দেয়। এইসব হিসোত্মক কার্যকলাপ তারা সেখানে করছে। আর এর মদত দিছে কংগ্রেসিরা। এখানে স্যার, আমরা দেখি, কংগ্রেস যখন ওয়াক আউট করে এবার বিনি আছেন তিনিও তাদের সঙ্গে বাইরে চলে যান এবং কংগ্রেসিরা যে প্রস্তাব আনে এখানকার ঐ মাননীয় সদস্য তার সমর্থনে দাঁড়িয়ে যান। পঞ্চায়েত নির্বাচনের আগে এইস সন্ত্রাস যাতে বন্ধ হয় তারজন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশেরের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী সুশীল বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অভ্যক্ত জরুরি বিশ্ব মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত পাঁচ তারিখ থেকে পশ্চিমবর প্র পঞ্চায়েত কর আদায়কারি সমিতি, তারা অবস্থান অনশন চালিয়ে যাচ্ছে পঞ্চায়েত তর্বন সামনে। আজকে সকাল থেকে এম.এল.এ. হোস্টেলের সামনে তারা অবস্থান করছে। আশা দেখেছি কংগ্রেসি আমলে তারা একেবারে উপেক্ষিত ছিল। কর আদায়ের জন্য তাকমিশন পেত ১০ পারদেউ বামফ্রন্ট সরকার আসার প্র সেটাকে বাড়িয়ে ২০ পারদেকরেছে। আমরা সেইজন্য বলছি ওদের দাবি দাওয়া নিয়ে যাতে আলোচনা করা যায়, যাত তারা পঞ্চায়েত মন্ত্রীর সঙ্গে আলোচনায় বসতে পারে সেইজন্য অনুরোধ জানাছি।

ক্রী প্রবীর ব্যালার্জি ঃ মাননীয় ক্রাথাক্ষ মহাশার, একটি বিশেষ শুরুত্ব পূর্ণ বিষয় উচ্চ করছি। গতকাল থেকে ব্রিপুরার নির্বাচনের ফল বেরোবার পর থেকে প্রামে গঞ্জে ব্যাপকতা কংগ্রেসিদের উপর অত্যাচার চলছে। যারা শিভিউল্ড কাস্ট এবং মহিলা ক্যাভিডেট তাদের হ দেখানো হচ্ছে এবং বলা হচ্ছে যদি কংগ্রেসের প্রার্থী হণ্ড তাহলে হাতের পাঞ্জা কেটে লে এইভাবে সি.পি.এম. প্রামে গঞ্জে সন্ত্রাস চালাছে যাতে আগামী পঞ্চায়েত নির্বাচনে এসা ক্যাভিডেট বা মহিলা ক্যাভিডেট না দাঁড়াতে পারে। এই বিষয়ে ব্যবস্থা গ্রহণ করার জ বরাষ্ট্রমন্ত্রী মহালয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিবা বরাষ্ট্রমন্ত্রী এবং ভতামন্ত্রীয় একটি ওকতর বিবরে দৃষ্টি আকর্ষণ করছি। আন্তাদের রাজ্য থে বিত্তিকা বলৈ একটা সাপ্তাহিক পত্রিকা কর হয়, এই পত্রিকা ক্রমাগত ভাবে অত্যন্ত প্ররোচ মূলক সাম্প্রদায়িকতা প্রচার করে মাজে এটা সমস্ত কার্যক্র ভিত্তিয়ে দেওয়া হতে বারকলে একটা সাম্প্রদায়িক উত্তৈজনা সৃষ্টি হতে। মানুবের মধ্যে একটা অক্ততিকর অবহ সৃষ্টি হতে। অবিকাশে এই ক্রমার্কি ভত্তমন্ত্রী এই ধরবের প্রয়োচনা ক্রমাক কথাবাতা বা তারা না হড়াতে পাঁলে ভারা বিকাশে ক্রমান্ত্র দেবার ক্রমান্ত অনুব্রোধ জানাচিছে।

ত্রী আকুস সালাম মুলা । মাননায় অধ্যক্ষ মহালয়, আমি আপনার মাধ্যমে পঞ্চার মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ কর্মার হৈ পঞ্চারেও নির্বাচন ও০লে যে অনুষ্ঠিত হতে চলেছে। বি অওহর রোজগার ঘোলনা প্রকর্ম, ১২-১৩ সালের টাকা প্রথম দিকে কিছুই এরকম স্যাশে করা হরনি এবং কাজও হরনি। কিছু এই নির্বাচনের মুখে ১৯লে মার্চ নদীয়া কেলায় কোটি ও লক্ষ্য ৬৭ হালার ৪০০ টাকা স্যাশেন করে ক্রেপ্রেয়া হারেছে, মেণ্ডলো পঞ্চার নির্বাচনে অপন্যক্রার হতে এবং এবং এবং বিভিন্ন র

নক টাকা ছাড়রে দেওর। খনেছে। অবিলবে এটা বন্ধ করা দরকার বলে আমি দাবি ছিল

শ্রী নটবর বাগদী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুতর বিষয়ে দৃষ্টি আকর্ষণ ছি। বাববার এই হাউসে উল্লেখ করেছিলাম, আর্মাদের পুরুলিয়া জেলায় জলের সভট ছু কৃষির জলের ব্যাপারে সভট আছে পানীয় জলের সভট আছে। আনাদের একটা দার্টনেন্ট ইরিগেশন ডিপার্টমেন্ট তারা বলছে পুরুলিয়া নলকৃপ করে পানীয় জল সরবরাছ কলছেন। গানিক ইরিগেশন ডিপার্টমেন্ট থেকে পুরুলিয়া গভীর নলকৃপ হবে না বলে কলছে। কপ্রেলি মলে বলেছিল যে একেবারে কোনও নলকৃপ হবে না। যারফলে চাবের খুব অসুবিধা হছে, রি জলের উপর নির্ভর করতে ইছে। যাতে সেখানে সেচের জন্য গভীর নলকৃপের বাবছা রা যার সেদিকে চেষ্টা করার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আইনমন্ত্রীর কটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই। যারা লিটিগেন্ট পাবলিক আছে, তাদের নকল পেতে চন্ড হয়রানি হতে হচ্ছে। আগে যখন নকলগুলো যারা নকল করে, তা পরিক্রম করে নকল রে মজুরি পেত এবং তার্র কাজ তাড়াতাড়ি হত। বামফ্রন্ট সরকার আসার পর তাদের রকারি কর্মচারী হিসাবে সুযোগ সুবিধা দেওয়া হয়েছে। কিন্তু তাদের কাজের গতি ক্ষেগছে। একটা নকল পেতে তিন মাস থেকে ছয় মাস সময় লেগে যাছে। এই অসুবিধা দৃর বারে জন্য আমি বিষয়টির প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীর দৃষ্টি আকর্ষণ করে একটা ওরুত্বপূর্ণ বিষয় এখানে উদ্লেখ করছি। স্যার, আপনি বনৃৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটা ওরুত্বপূর্ণ বিষয় এখানে উদ্লেখ করছি। স্যার, আপনি সনেন গ্রাম-বাংলায় বৈদ্যুতিকরণের সমস্যাটা মারাত্মকরণ নিয়েছে। গত তিন বছর অন্তত সনেন গ্রাম-বাংলায় বৈদ্যুতিকরণের সমস্যাটা মারাত্মকরণ নিয়েছে। গত তিন বছর অন্তত লক্ষাধিক গ্রাহক বিদ্যুত্ব সমুখ্যাগ চেয়ে পর্বদের কছে আবেদন পত্র জমা দিয়েছে এবং তারসঙ্গে বাগাম টাকাও জমা দিয়েছে। অথচ তিন বছর ধরে বিদ্যুত্ব পর্যদের পক্ষ থেকে কোনও সাড়া নেই। যে ২৭০টি গ্রুপ ইলেক্ট্রিনিটি অফিস আছে তারমধ্যে একমাত্র সন্ট লেক গ্রুপ ইলেক্ট্রিনিটি নেই। যে ২৭০টি গ্রুপ ইলেক্ট্রিনিটি অফিস আছে তারমধ্যে একমাত্র সন্ট লেক গ্রুপ ইলেক্ট্রিনিটি অফিস বাদ দিলে ১৬৯টি অফিসই এই আবেদনে কোনও সাড়া দিছে না। যদিও আইন মফির নায় বচ্ছে টাকা জমা দেওয়ার তিন মাসের মধ্যে কানেকশন দিতে হবে তথাপি বছরের পর বছর কানেকশন দেওয়া হচ্ছে না। তাই আমি বিষয়টির প্রতি মাননীয় বিদ্যুত্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করিছে।

বী বির্মণ দাস ঃ স্যায়, আমি আপনার মাধ্যমে একটি ঘটনার প্রতি মাননীর বন ও পরিবেশ দথারের মন্ত্রী মহোদরের দৃষ্টি আকর্ষা করছি। বিগত বছরের ত০শে আগত জাগতিক্য়ি জিতিসনের কুচবিহার ফরেস্টু ডিভিসনের চিলাপাতা রেঞ্জের ভূমিকনা বন বিভাগের কর্মী জিতিসনের কুচবিহার ফরেস্টু ডিভিসনের চিলাপাতা রেঞ্জের ভুনা রেঞ্জ অফিসে টাকা ইশির রাভা কাল করতে করতে মারা যান। তার দেহ সংকারের জনা রেঞ্জ অফিসে মার ২৫ টাকা চাওয়া হয়েছিল। অত্যন্ত দুর্ভাগ্যজনক ঘটনা হছে, বন বিভাগের রেঞ্জ অফিস মার ২৫ টাকা চাওয়া হয়েছিল। অত্যন্ত দুর্ভাগ্যজনক ঘটনা হছে, বন বিভাগের রেঞ্জ অফিস মার ২৫ টাকা দার। আমি এ বিষরে বন্মন্ত্রী এবং মুখান্ত্রীকে চিঠি নিয়েছিলাম, তারাও বলেছেন 'এটা বভান আমি এ বিষরে বন্মন্ত্রী এবং তিনটি অনাথ কন্যা আছে। সরকারের একটা নিয়ম অত্যন্ত দুঃখজনক।' মৃতার যামী এবং তিনটি অনাথ কন্যা আছে। সরকারের একটা নিয়ম

[7th April, 199]

আছে, কাজ করতে করতে যদি কোনও কর্মী মারা বান তাহলে ভাই-ইন-হারনেস জন্বা পরিবারের একজন উপযুক্ত ব্যক্তি চাকরি পাবেন। এই অবস্থায় বনমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর ক্লা, আমার আবেদন ঈশির রাভার স্বামী শুন রাভাকে অবিলয়ে একটি চাকরি দিয়ে পরিবারদিক আর্থিক দুরবস্থা থেকে রক্ষা করা হোক।

মিঃ শ্লিকার ঃ আমি আর একবার মেম্বারদের অবগত করতে চাই যে, ইভিভিত্নজ কেল হাউসে মেনশন করা যায় না এবং সেটা করা উচিতও নয়। এসব জিনিসওলো মন্ত্রীকে সরাসরি বলতে পারেন। হাউসে লবি করা যায় না। এটা পার্লামেন্টারি ব্লীডি-নীতি বিরোধী।

[1-20 — 2-00 p.m.](including adjournment)

শ্রী মানিক ভৌমিক ঃ স্যার, আমি এই হাউসে ইতিপূর্বে অনেক বার ওধু আনার এলাকার স্বার্থে নয় গোটা মেদিনীপুর জেলার স্বার্থে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি, কিন্তু এখন পর্যন্ত কোনওরকম সাড়া পাইনি। তাই আজরে আবার একবার উল্লেখ করিছি এবং তার দৃষ্টি আকর্ষণ করিছি। স্যার, কংসাবতী নদীর ওপর শ্রীরামপুর খেয়া ঘাটের পাশে একটা পাকা ব্রিজ নির্মাণ করে হলদিয়ার সঙ্গে মেদিনীপুরের সড়ক যোগাযোগ স্থাপন করা সন্তব। তা হলে বিস্তীর্ণ অঞ্চলের মানুষের বিশেষ উপকার সাধিত হবে। দীর্ঘদিন ধরে পূর্ত দশুর ব্রিজটি নির্মাণের আখাস দিয়ে আসছে। আমরা শুনেছি ঐ ব্রিজ নির্মাণের প্রয়োজনীয় কাগজ-পত্রও নাকি তৈরি হয়ে গেছে। বর্তমানে আমরা দেবছি বিজ্ঞাটি বেখান দিয়ে হবার কথা সেখানে পাকা কলট্রাকশন হতে শুরু করে দিয়েছে। এই অবস্থার অবিলম্বে ওখানে জমি অধিগ্রহণ করা না হলে ঐ ব্রিজ আর কোনওদিনই হবে না। তাই আপনার মাধ্যমে আমি বিষয়টির প্রতি আর একবার মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করিছি এবং অবিলম্বে যথাবথ ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানাছি।

শ্রীমতী আরতি হেমন্তম ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি একটি মর্মান্তিক ঘটনার প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্মণ করছি। এবং অবিলম্বে সমস্যা মোকাবিলা দাবি জানাছিছ। স্যার, আমি গত করেক দিন আগে এই বিধানসভায় উদ্রেখ করেছি যে, আমাদের বাঁকুড়া জেলার রায়পুর, রাণীবাঁধ প্রভৃতি অঞ্চলে ঝাড়খন্ডী গুলার আসম পঞ্চায়েত নির্বাচনকে কেন্দ্র করে প্রচন্ড সন্ত্রাস চালাছে। পুলিশ এখনও কোনও দায়িত্ব পালন করছে না। স্যার, গতকাল খবর পেলাম, আমার নির্বাচনি এলাকায় রাণীবাঁধে রবি পাত্রকে খুন করেছে। তার অপরাধ হচ্ছে, সে ঝাড়খন্ড পার্টি থেকে বৈরিয়ে এসেছিল বলে। এই ঝাড়খন্ড পার্টিরা মানুবের স্বাধীন গণতান্ত্রিক অধিকারকে হরণ করছে। প্রকাশ্যদিবালোকে মানুষের ঘরবাড়ি সূট-পার্ট করছে, মানুষকে খুন করছে। তাই আমি আপলার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে কিচালবিভারীয় ভারত্রে কাৰি জানাজিছে

শ্রীমতী কুমকুম চক্রবর্তী হ স্যার, আমি আপনার মাধামে একটি ওরস্থপূর্ণ বিবরের প্রতি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল কলকাতার বসবাসী কলেছে ছাত্র পরিবদের মদতপুষ্ট সমাজবিরোধীরা বহিরে থেকে এসে কলেজের ছাত্র স্বরূপ ঘোষ এবং অর্পব মুখার্জিকে প্রচন্ত বক্রমের আক্রমণ করে। এরফলে স্বরূপ ঘোষ এন আর্ এস হাসপাতালে মৃত্যুর সঙ্গে প্রিণা ব্রতি মাননীয় সদস্য প্রবীর ব্যানার্জি বললেন, ত্রিপুরা নির্বাচনে জন্মলাভ করার পর

প্রথানে স্মিপি:আই.এম সন্ত্রাস সৃষ্টি করছে। আগরতলায় কংগ্রেসের শোচনীর পরাজরের
ব ভাগের প্রদেশ দশ্তরের আব্দো নিভিয়ে যারা পালিয়ে যাবার পথ পাছেন না এইরকম
কা ভরাবহ পরাজরের মূখে দাঁড়িয়ে কংগ্রেসদল কলকাতা শহরের বিভিন্ন জায়গার এই
কা সৃষ্টির প্রচেটা করছে এবং তারই দৃষ্টান্ত হিসাবে বসবাসী কলেকে একটা শিক্ষা
ক্রিকানে বাইরে থেকে সর্মাজবিরোধীদের নিয়ে এসে সাধারণ ছাত্রদের উপর বর্বরোচিত
ক্রকীয় আক্রমণ সংগঠিত করেছে। যারা শিক্ষানুরাগী মানুব গণতন্ত্র প্রেমী মানুব তারা এর
ক্রিপ্ত প্রতিবাদ করবেন।

ই আব্দুল মারাদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী মহাশয় এখানে ব্যক্তিন। উনি নিজে জানেন, কারণ বিভিন্ন কলেজের সঙ্গে ওনার ব্যক্তিগত যোগাযোগ আছে। ক্রনীয়া সদস্যা কুমকুম চক্রবর্তী যে কথাগুলি বললেন প্রবীর ব্যানার্জির বন্ধব্যের পরিপ্রেক্ষিতে, ক্রমি এই কথাই বলতে চাই, মাননীয় মন্ত্রী মহাশয় বলুন কলকাতা শহরের কতগুলি কলেজ লছে যেখানে ছাত্র পরিবদ নমিনেশন পেপার জমা দিতে পারেনি, নির্বাচনে অংশগ্রহণ করতে ক্রিনি। এটা যদি উল্লেখ করি তাহলে উনি লজ্জা পাবেন। এখানে উনি অসত্য কথা উল্লেখ করনে। ছাত্র পরিবদের ছেলেদের সারা রাজ্যের বিভিন্ন কলেজে নির্বাচনে অংশগ্রহণ করতে শুরা হচ্ছে না। শিক্ষার পরিবেশকে দূবিত করা হচ্ছে এবং বিনা প্রতিদ্বিতায় বামপন্থী হল্ম এস.এফ.আই ছাত্র সংগঠন জয়লাভ করছে। কিন্তু যেখানে ছাত্র পরিবদ প্রাধী দিতে পারে সেই ৪টি সিটেই জয়লাভ করছে। এই জনপ্রিয় ছাত্রপরিবদের আতত্তে এস.এফ.আই আত্তিত। তাই বিভিন্ন কলেজে চ্বেপরিবদের ছেলেদের নমিনেশন পেপার জমা দিতে দিছে না। আমি উচ্চশিক্ষামন্ত্রী মহাশায়কে দ্রোধ করছি, আপনি শিক্ষাবিদ হিসাবে হন্তক্ষেপ করুন, যে কলেজে বিনা প্রতিদ্বিতায় নির্বাচন করা হবে সেই নির্বাচনকে বাতিল করুন।

মিঃ ম্পিকার ঃ এখন বিরতি, আবার আমরা মিলিত হব ২টার সময়।
(At this Stage the House was adjourned till 2-00 p.m.)

(After recess)

[2-00 -- 2-10 p.m.]

শ্রী সূত্রত মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অকেনদিন ধরে ভাবছিলাম যে কটা প্রস্তাব হাউসের সামনে, বিশেষ করে আপনার সামনে রাষব। স্যার, আমরা দীর্ঘদিন রে দেখছি যে অনেকণ্ডলি জিনিস আপনার আমলে হয়েছে, আপনি নতুন নতুন প্রকর্তন করে এবং সেটা আকট হয়েছে, তারজন্য আপনাকে সাধুবাদ জানাই। একটা জিনিস লক্ষ্য দিছি বে, সাংলাদিকসের দুটেট ইজ এ পার্ট অফ দি হাউস, টোটালি লক্ষ্য করে দেখনে বিনিক্ষদের ওবাত্তর বে শিক্ষাকের বিনানো আছে সেগুলি দিরে শোনা বায় না। এমন কি কিনি বে নামগুলি ঘোষণা করেন খুবই দৃষ্টিকটু লাগে সাংবাদিকরা নিচু হয়ে শিক্ষারের কে কানে, মুখ রেখে আপনার বন্ধব্যকে বোঝাবার চেন্টা করেন। এক্ষেত্রে সাংবাদিকদের কিনি, মুখ রেখে আপনার বন্ধব্যকে বোঝাবার চেন্টা করেন। এক্ষেত্রে সাংবাদিকদের কিন্তু করিটা স্বস্তাজনক হবে। এখানে যেসব পরিবর্তন করেছেন তাতে এই পরিকল্পনাটা বিষয়ের দরকার আছে কারণ আমরা এখানে যেসব কথা বলছি সেসব কথা তাহলে তারা

[7th April, 1993 ওনতে পাকেন। আমরা যা বলি অনেক সময় জারা ভা ওনছে পান গা। ভাই এই বংকা অবিলয়ে কার্যকর করুন। লোকসভার বা আছে সেটা और क्रियोमসভাতেও প্রবর্তন 🗪 এরজনা কোটি টাকারও প্রয়োজন নেই। একটা ইন্টিগ্রেটেড ক্লোক নার্কিট টিভি এখান জ করন। আপুনি ৩০০ জনের নাম মোটামুটি জানেন, কিন্তু অনেক সমর কামাকা <sub>ঘোষা</sub> ভাকতে গিরে ক্ষয়কা রোউম বলেন। সেকেত্রে ক্লোজ সার্কিট টিচ্ছি যদি লবিতে <sub>এবং</sub> আপনার ঘরে একটি, লিভার অফ দি অংশাজিশনের ঘরে একটি এইভাবে বসান তাহনে ও বলছেন সেটা বোঝা যাবে। এত বড় বাড়িটা সেখানে এয়ার কভিশন করে রেখেছেন সেখা हैला है निकरमंत्र अदे या बुहारिंगू यपि हानू करतन छारल সाংবাদিकरमञ्ज সাহায্য कता श्रव ८२ আমরাও বাইরে থেকে বুঝতে, পারব কে বলছেন। অনেক সময় হাউসে কোরাম থাকে স এই অবস্থায় সেটা,ক্লোজ সার্কিট টিভিতে উঠলে সঙ্গে সঙ্গে আমরা চক্তা আসতে পারব বে সভার কাজও সূষ্ঠভাবে আপনি পরিচাক্তরা কুরতে পারবেন। আমার মনে হয় এতে হতে আপত্তি হবে না। লোকসভার সেম্ট্রাল হলে এটা আছে এবং সেখানে বসে সভাঃ ? वनरहरूत, कि विवस्त वनरहरूत धवश क्रियात क आर्छन मिण जाना यात्र। ब्रह्मावण्डे यात्राह दे আবেদন যদি একটু বিশেষ্ট্রমা করে তো বাধিত হব।

মিঃ শিপকার ঃ বিবেচনা করব। শ্রী নরেন হাঁসদা ঃ আমাকে কিছু বলুকৈ দিন সামুর।

মিঃ স্পিকার : আপনি তো বাজেট বিভূতার একজন বক্তা, তখনই বলবেন।

🏙 রবীন দেব ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যে কথা উল্লেখ করে তার সঙ্গে সহমত হয়ে আমিও আপনার নজরে আনছি যে, এখানকার স্পিকারগুলি মন্ত্র সময় কাজ করে না। আমরা দেখেছি বাজেট উত্থাপন করবার সময় ডঃ অসীম দাশণ্ডে বক্তব্য অনেকে শুনতে পাননি। কাজেই সামগ্রিকভাবে বিধানসভার ভেতরের মাইক্রোফে এবং অন্যান্য ব্যবস্থাওলির দিকে একট নজর দেবেন এই দাবি করছি।

মিঃ শ্পিকার : আপনি নতুন সদস্য। আপনি হয়ত জ্বানেন না যে, স্পিকারের বাগে **এইভাবে এখানে वला याग्र ना। এটা বলতে হয় স্পিকারের ঘরে श्रियः। क्रम** वर्डेটा র**ে** পড়ে নেবেন।

माननीय मानमाश्रम, जाकरकत निम्पं प्यक विकासम जनुसायी अथरम हिन अदे **लिबिनालनेन → 'नि' कालकों।' विकिमिनिशान कर्शात्त्रकः (आध्यक्त्यरे**) विन, ১৯३६ এবং তারপর **হিল দৃটি ভিমান্ত —** ডিমান্ত নামার ৭০ এবং ডিমান্ড নামার ৪১। আপনটে अनुस्मानन औरनीक अध्यक्ष किमाल मृतित आर्लाहमा कत्राक होई। अवस्य किमाल नावाद 8! अवर जातनंत्र डिमास नोस्क्रि १७, जातनंत लिखिनालानंन नित्त खार्खाच्या स्ट्रा जाना <sup>का</sup> এ বাশিরে সকলের অনুমৌন আছে। 15 185 1 h

(সভার সকল সদস্যের অনুমোদনক্রমে প্রস্তাবটি গৃহীত হয়)

# DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANT Demand No.41

Mr. Speaker: Now Discussion on Demand No.41.

a di

(The printed Budget Speech on Demand no-41 of Shri Dinesh handra Dakua was taken as read.)

১৪২,৪৮,৪৮,০০০ (একশ্রত বিয়াল্লিশ কোটি আটচল্লিশ লক্ষ আটচল্লিশ হাজার) টাকা মঞ্জুরির প্রস্তাব উত্থাপন কর্ছি। এরমধ্যে ইতিপূর্বে ভোট-অন-আ্যাকাউন্টে মঞ্জুরীকৃত ৪৭,৬০,০৩,০০০ (সাক্রচল্লিশ কোটি যাট লক্ষ তিন হাজার) টাকা ধরা আছে।

মাননীয় সদস্যরা অবগত আছেন যে, ১৯৮১ সালের আদমসুমারি অনুযায়ী পশ্চিমবঙ্গের ১২০ লক তফসিলি জাতি ও ৩০.৭১ লক আদিবাসী সম্প্রদায়ভূক জনগণের কল্যাণের জন্য ফেরিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগ দায়বদ্ধ। 'কল্যাণ' বলতে বোঝার একজন ফ্রেরে ভীবনধারণের নুন্যতম চাহিদা যেমন—শিক্ষা, স্বাহা, সংস্কৃতি এবং যাবতীয় অর্থনৈতিক জ্যাকলাপ প্রণের শর্ক। কিন্তু এটা উল্লেখ করা প্রয়োজন যে তফসিলি জাতি ও আদিবাসী ক্রোণ দপ্তরে নাস্ত আছে কল্যাণমূলক এমন কতগুলি পরিপূরক কাজ যা অন্যান্য শশুরের ক্রাণমূলক কাজের অত্রিবিক।

ত ফসিলি **জাতি ও** আদিবাসীর কল্যাণ কেবলমাত্র এই বিভাগের কার্যক্রমের **উপরেই** দর্ভর করে না। বরং এদের কল্যাণ রাজ্য সরকারের সমস্ত বিভাগের কার্যক্রম এবং সামপ্রিকভাবে গ্রাথ সরকারের কার্যক্রমের উপর নির্ভরশীল।

তফসিলি জাতির বিশেষ পরিকল্পনার জন্য প্রত্যেকটি উন্নয়ননূলক কালের সঙ্গে যুক্ত ° বিভাগ নিজ নিজ বিভাগের আয়-ব্যয়কে এ বাবদ অর্থ বরাদ্দ করে কিন্তু আদিবাসী উপ-পরিকল্পনার ক্ষেত্রে প্রত্যেকটি উন্নয়নশীল বিভাগে এই বাবদ ধার্য পরিকল্পনা বরাদ্দ এই বিভাগের সামগ্রিক ব্যয়-বরাদ্দের জন্য নির্ধারিত ৪১ সংখ্যক অধীনে দেখানো ইয়।

এই বিভাগের কার্যক্রম মূলত সংযোজন প্রকৃতির। এই বিভাগ মাধানিক, মাধানিকোজর গর্মায়ের ছাত্র/ছাত্রীলের আন ছাত্রাবাস/ছাত্রীলিবাস স্থাপন ও সংরক্ষণ করে। প্রাথমিক ও ৮ম নম পর্যন্ত পাঠরত ছাত্র-ছাত্রীদের জন্য আশ্রম ছাত্রাবাস ছাপন ও সংরক্ষণ করে। কিছু তেটসিলি জাতি ও আদিরাসীক্রের জন্য শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, রাক্তিদান ও পরিচালনার কাজ করেই অন্যান্য রিভাগ করের থাকে। আবার ব্যাপক সংখ্যক তত্যসিলি জাতি ও আদিবাসী ঘত্র-ছাত্রীর অন্যান্য বেকে আলি ক্রাইলেও এবং জ্বলারশিপ এই বিভাগ থেকেই দেওয়া হয়। নবম শ্রেণী থেকে আলি প্রত্তির পাঠরত মেধাবি তফসিলি জাতি ও আদিবাসী ছাত্র-ছাত্রির অতিরিক্ত আর্থিক সাহায়্য দান শ্রক্তে আতিরিক্ত অর্থ বরাদের প্রত্তাব করা হয়েছে। এরফলে বর্তমান বারেও ৬০০ জ্বনের পরিবর্তিক আগ্রমী ১৯৯৩-৯৪ আর্থিক বছরে এরেপ ৮০০ জন মেধাবী ঘত্র ছাত্রি উল্লক্ত হবে। ক্রম্বান্য নির্মাণ ও যোগাযোগ ব্যবস্থার সম্প্রসারণের ক্রের পূর্ত সিক্ত), জেলা পরিষদ এবং অন্যান্য মাধ্যমণ্ডলির নিজন ভূমিকা পালনের পর একটি খুব

[7th April, 19, বিভাগ পর্যন্ত সমন্ত উন্নয়নশীল বিভাগ সামগ্রিক জনগণের অংশ হিসাবে তকসিলি জড়ি আদিবাসীর জন্য করণীয় কর্মসূচি রূপায়ণ করে। আর এই সমন্ত ক্লেত্রেই এই বিং পরিপুরক হিসাবে বিভিন্ন কর্মসূচি রূপায়ণ করে থাকে।

কর্ম সৃষ্টির ক্ষেত্রে এই বিভাগ অন্যান্য বিভাগের আই আর.ডি.পি. শেষক্র'র সমান্তরালন্ত তফসিলি জাতি ও আদিবাসীর 'পারিবারিক আয় বৃদ্ধির কর্মসূচি' রাপায়ণ করছে। কিন্তু কর্মসূচি কেবলমাত্র দারিপ্রসীমার নীচে বসবাসকারি তফসিলি জাতি ও আদিবাসীর জ্ব রাপায়িত হচ্ছে। এই কর্মসূচির অধীনে কোনও প্রকল্পের শতকরা ৫০ ভাগ টাকা (সর্বা ৫০০০ টাকা) সাহায্য হিসাবে দেওয়া হয়ে থাকে। তফসিলি জাতি ও আদিবাসী উন্নয়ন বিত্ত নিগম থেকে সহজ্ব শর্তে প্রকল্পমূল্যের শতকরা ২০ ভাগ টাকা (সর্বাধিক ২৪০০ টাকা) ক্ষাবে পেরে খাকে। অন্যান্য যে সব বিভাগ 'পারিবারিক আয় বৃদ্ধিকারী প্রক্রায়ণ করছে সেইসব বিভাগও তফসিলি জাতি ও আদিবাসীদের প্রাণ্য অংশ সংর্রা রাখে। হিসাবে দেখা গেছে বে প্রতি বছর তফসিল জাতি ও আদিবাসী কল্যাণ বিভা বিভিন্ন কর্মসূচি থেকে দারিপ্রসীমার নিচে বসবাসকারি আনুমানিক ১ লক্ষ্ক পরিবার উপ হচ্ছে এবং অন্যান্য সমন্ত বিভাগের রাপায়িত অনুরাপ কর্মসূচি থেকে আরও ১ লক্ষ্ পরি

পশ্চিমবঙ্গ তফসিলি জাতি ও আদিবাসী উন্নত বিস্ত নিগম গত আর্থিক বছর ে দারিপ্রসীমার বিশুণ পর্যন্ত টাকা আয় বিশিষ্ট তফসিলি জাতি ও আদিবাসীদের জন্য ভা তফসিলি জাতি ও আদিবাসী অর্থ ও উন্নয়ন নিগমের আর্থিক সহায়তায় একটি ন পরিকল্পনা গ্রহণ করেছে এই পরিকল্পনার অধীনে তফসিলি জাতি ও আদিবাসী জনগ কল্যাণে বিভিন্ন ধরনের কর্মসূচি রূপায়িত হচ্ছে। তবে নিম্নলিখিত কর্মসূচি সমূহ উল্লেখের রাখে :

- কে) ডঃ আম্বেদকর কৃষিক্ষেত্র প্রকল্প তকসিলি জাতি ও আদিবাসী ভূমিহীন কৃষিজীবী সরকারি খরতে কৃষি সরক্ষাম ও সেচ সুবিধাসহ কৃষি জমি প্রদান করা হচ্ছে। আগামী আ বছরে ৭৫০টি ভূমিহীন কৃষি-শ্রমিক পরিবার এই কর্মসূচি থেকে উপকৃত হবে।
- (খ) ডঃ আন্দেদকর ফর্ষারা ও সূজলা প্রকর—এই প্রকলের মাধ্যমে তফসিলি ট ও আদিবাসী ক্ষুদ্র ও প্রান্তিক চাবিদের দলগতভাবে জলসেচের সুবিধা প্রদান করা হ আগামী আর্থিক বছরে মোট ৪৪৫টি পরিবার এই কর্মসূচি রূপায়লে উপকৃত হবে।
- (গ) তথসিলি জাতি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত শিক্ষিত যুবকদের ছারা 'পে-ফোন' উদ্বোধন বিকল্প কর্মসংস্থানের উদ্বেশ্যে ঐ উভগ্ন সম্প্রদায়ভুক্ত যুবকদের অনুগান ও প্রদানের মাধ্যমে পে-ফোন বৃথ (নগদ অর্থের বিনিময় টেলিফোন করার ব্যবস্থা) পরিক নেওয়া হয়েছে। এই কর্মসূচি জনুসারে ৬০০ শিক্ষিত তকসিলি জাতি ও আদিবাসী ইউপকৃত হবে। তথসিলি জাতি ও আদিবাসী যুবক-যুবতিদের কারিগারি প্রশিক্ষণ দানের বিকারি জাতি ও আদিবাসী কল্যান দথেরের প্রয়োজনীর পরিকারামো আছে। এই পুরিকার্না সাহাব্যে প্রশিক্ষণ প্রাপ্ত তথসিলি ও আদিবাসী যুবক-যুবতিরা ব-নিয়োগের ক্বেরে সহাপায়।

## এই বিভাগের নিয়ন্ত্রপাণীনে দুটি নিগম—(১) পশ্চিমবঙ্গ তফসিলি জ্ঞাতি ও উপজ্ঞাতি উন্নয়ন ও বিস্ত নিগম

(২) পশ্চিমবঙ্গ আদিবাসী উন্নয়ন সমবার নিগম লিমিটেড।

সিলি ও আদিবাদীদের অর্থনৈতিক উন্নয়নে নিরবিচ্ছিন্ন প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

- পশ্চিমবঙ্গ তফসিলি জাতি ও আদিবাসী উন্নয়ন ও বিত্ত নিগম তফসিলি জাতি
   ও আদিবাসীদের দারিদ্র মোচনের কর্মসূচি সফলভাবে রূপায়ণ করে চলেছে।
- (২) পশ্চিমবঙ্গ আদিবাসী উন্নয়ন সমবায় নিগম ও তার অধীনয় ১১৪টি লাম্পস আদিবাসী জ্বনগণের কাজে সুযোগ সৃষ্টি পাইকার/ফটকাবাজদের অমানৃষিক শোষণের হাত থেকে রক্ষা করা এবং আদিবাসীদের সংগৃহীত কৃদ্র বনজ সম্পদ ও শাল বীজ ইত্যাদি যাতে ন্যায্য মূল্য পায় তা সুনিশ্চিত করছে।

বিভিন্ন বিভাগের তফসিলি জাতির বিশেষ পরিকল্পনা ও আদিবাসী উপ-পরিকল্পনা র পায়ণ বিষয়ে পরীক্ষা-নিরীক্ষা ও সতকীকরণের জন্য মাননীয় মুখ্যমন্ত্রীর সভাপতিছে একটি গিং কমিটি এই রাজ্যে কাজ করছে এই বিভাগ সমন্বয় সাধনকারির (NODAL) ভূমিকা লন করছে। স্টান্ডিং কমিটি তফসিলি জাতির জন্য বিশেষ পরিকল্পনা ও আদিবাসী উপ-রিকল্পনা ছাড়াও সামগ্রিকভাবে তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ এবং বিশেষ করে রক্ত্মনা ছাড়াও সামগ্রিকভাবে তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ এবং বিশেষ করে ফসিলি জাতি ও আদিবাসীদের চাকুরিতে সংরক্ষণ, শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির বিষয়ও দেখাশোনা রে।

বিভিন্ন বিভাগের তফসিলি জাতির জন্য বিশেষ কর্মসূচি ও আদিবাসী উপ-পরিকল্পনা র দিশারণ পরীক্ষার জন্য এই বিভাগের মনিটরিং শাখা কাজ করছে। এই পরীক্ষার কাজ দিশারণ পরীক্ষার জন্য এই বিভাগের মনিটরিং শাখা কাজ করছে। এই পরীক্ষার কাজ দেশার জন্য রাজ্যভাবে ও জেলান্তর এই বিভাগের সংরক্ষণ বিকভাবে পালিত হচ্ছে কিনা তা দেখার জন্য রাজ্যভাব ও জেলান্তর এই বিভাগের সংরক্ষণ বিকভাবে পালিত হচ্ছে কিনা তা দেখার জন্য রাজ্যভাব ও জেলান্তর এই বিভাগের সংরক্ষণ করছে যারফলে সংরক্ষণের জন্য করছে বারফলে সংরক্ষণের জন্য করি করছে বারফলে সংরক্ষণের জন্য করি করছে অপ্রগতি পরিলক্ষ্যিত প্রতিবিধি-বিধান সক্ষমহকারে পালিত হচ্ছে। দিনে দিনে এই কাজের অপ্রগতি পরিলক্ষ্যিত হচ্ছে।

আছে এই কথা কলা যায় যে ১৯৭৭ সালের আগে বিদ্যালয়, মহাবিদ্যালয়, বিশ্ববিদ্যালয় গৌরসভাসমূহ এবং অন্যান্য স্থানীয় ও স্বশাসিত সংস্থাসমূহ সংরক্ষণ সংক্রান্ত নিয়মবিধি আগৌ বিনি চলতে না। বিশ্ব ১৯৭৭ সালের পর থেকে এই আধা সরকারি প্রতিষ্ঠানসমূহ এইসব বিনে চলত না। বিশ্ব ১৯৭৭ সালের পর থেকে এই নিয়ম-বিধিসমূহ মানানোর জন্য কর্মবন্ধর সংস্থাসমূহেও ১৯৭৭ সালের আগে নিয়মবিধি মোনা চলতে। এমন কি সরকারি কার্যালয় সংস্থাসমূহেও ১৯৭৭ সালের আগে সংস্থাক বিধিসমূহ মানানোর জন্য কর্মবন্ধর সংস্থাক বার্মানানার জন্য কর্মবন্ধর বিধিসমূহ মানানোর জন্য কর্মবন্ধর বিদেও ব্যবস্থা আরাজ্যালয় বিশ্ব মানানার জন্য কর্মবন্ধর বিদ্যালয় বিশ্ব সরকারি কার্যালয় ও সংস্থাসমূহে ভর্মসলি জাতি ও করে তব্দেশ সরকারি, আধা সরকারি কার্যালয় ও সংস্থাসমূহে ভর্মসলি জাতি ও আনিবাসী প্রতিনিধিত্ব নিয়মানুযায়ী বত সংখ্যক হওয়ার কথা ভার চেরে অনেক ক্স ছিল। আনিবাসী প্রতিনিধিত্ব নিয়মানুযায়ী বত সংখ্যক হওয়ার করণে সাক্ষতিক কালে নতুন পদ সৃষ্টির অনরা সক্ষতিই জানি যে আর্থিক দ্রবস্থার কারণে সাক্ষতিক কালে নতুন পদ সৃষ্টির

[7th April, 1993]

সম্ভাবনা খুবই কম এবং সংরক্ষণ নীতি কেবলমাত্র মুত্যু ও অবসর গ্রহণের ফলে ট্রুং শূনাপদ যা সংখ্যাগত ভাবে খুব বেশি নয় তা পুরণের ক্ষেত্রে প্রয়োগ করা যাবে ক্যু সংরক্ষণ বিধি যত কড়াকড়িভাবেই প্রয়ুক্ত হোক না কেন তফসিলি জাতি আদিবাসী প্রতিনিধিকে ঘাটিতি কিছুটা কমলেও তাতে অবশাই সম্পূর্ণ পূরণ হবে না। এই ঘাটতি অতীত খেন উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত এবং এই অবস্থা মেনে নেওয়া ছাড়া বিকল্প নেই।

১৯৮১ সালের আদমসুমারি অনুযায়ী তথ্যসিলি জাতি ও আদিবাসীদের সংখ্যা ভারতে মোট জনসংখ্যার শতকরা ২২.৫ তাগ হলেও সারা ভারতের ভূমিহীন ও প্রান্তিক চারিদ্র বিভূ অংশই যে তথ্যসিলি জাতি ও আদিবাসী জনগণের এক সমামান্য ভূমাংশ বাদে সকলে দারিদ্রসীমার নিচে অবস্থান করে এবং অধিকাংশই ভূমিহীন বা সামান্য জমির মালিক প্রান্তি জনগণ যার অধিকাংশই তথ্যসিলি জাতি ও আদিবাসী সম্প্রদায়ভূক্ত। এদের সপ্রযুত্তিন ভূমি সমস্যার সমাধান না হচ্ছে ততদিন জোতদার ও তাদের ক্রীভূনকদের র আঁতাতে এদের উপর জঘন্য অত্যাচার চলতেই থাকবে। সৌভাগ্যবশত আমাদের রং সীমিত ক্রমতার মধ্যে ভূমি সমস্যার যতটুকু সমাধান করা গেছে তার সবটুকুই গরিব মানু সপক্ষে। এই গরিব মানুহের মধ্যে এই রাজ্যের তথ্যসিলি জাতি ও আদিবাসী সম্প্রদা লোকেরাই বিশি সংখ্যায় আছেন। এ রাজ্যে তথ্যসিলি জাতি ও আদিবাসীদের উপর ও সম্প্রদায়ের অত্যাচারের মোকাবিলা করার জন্য বিশেষ আদালত গঠিত এবং অর সমধ্যে জেলাত্তর থেকে রাজ্যুত্তরে রিপোর্ট পাঠানোর জন্য প্রশাসনিক কাঠামো যথাযথভাবে ব করে চলেছে।

ভারত সরকারের কেন্দ্র পৃষ্ঠপোষক পরিকল্পনার বিষয়ে এখানে উল্লেখ করা প্রয়েছ সারা ভারতে এই কর্মসৃচিগুলি রূপায়িত হচ্ছে। এমন অনেক কর্মসৃচি রাজ্যন্তরে আছে প্রকৃতপক্ষে এখানকার তফসিলি জাতি ও আদিবাসীদের উপকারে আসে। অথচ এই সক্রমসৃচি কেন্দ্র পৃষ্ঠপোষিত কর্মসৃচির অন্তর্ভুক্ত করা যায়নি এবং তারফলে এই সমন্ত কর্মস্ট কেন্দ্র কেনিও কেন্দ্রীয় সাহায্য পাওয়া যায়নি। কুম্ব সেচ প্রকল্প, ভূমি ক্ষয় রোধ, বিলা স্থাপন প্রভৃতি কর্মসৃচিকে উদাহরণ হিসাবে ধরা যেতে পারে। মাধ্যমিক পর্যায়ের গ ভফসিলি জাতি ও আদিবাসী অনাবাসিক ছাত্রদের ভরণ-পোষণ সাহায্য শিক্ষবিস্তারের বে একটি অত্যন্ত জনপ্রিয় উপকারি কর্মসৃচি। অধচ এই কর্মসৃচিকে ক্ষেপ্র পৃষ্ঠপোষিত কর্ম (যাতে কেন্দ্র ও রাজ্য সরকার ৫০.৫০ ভাগে অর্থ যোগান দেয়) এর আওতায় আনা যা

তথ্যসিলি জাতি ও আলিবাসী জনগণকে প্রদেয় পরিচিতি পাত্র প্রদান ভারত সংস্ট্র প্রচলিত নিয়ম-কানুনের বিভিন্ন বাধার দক্ষন সৃষ্ট্রভারে সম্পন্ন হছের না। পূর্বতন পাকিন্তান থেকে আগত ৰাজ্বহারা তথ্যসিলি জাতি ও আদিবাসীদের ভারতে প্রবেশ সম্পাবৈধ দলিল না থাকার এবং অন্য রাজ্য থেকে আগত ছারীভাবে এই রাজ্যে বসবাস ভবসিলি জাতি ও আদিবাসীদের জাতি/উপজাতি সম্পর্কিত পরিচর পত্র প্রথানের জন্ম প্রবিধির অসুবিধার কর্ম বারবার ভারত সরকারের নজত্রে আরা ছারতে। ভারত সরকার ব বিধির অসুবিধার কর্ম বারবার ভারত সরকারের নজত্রে আরা ছারতে। ভারত সরকার ব বিধির অসুবিধার কর্ম বারবার ভারত সরকারের লজত্রে আরা ছারতে। ভারত সরকার ব বিধি কলিল বিশেব ক্ষরের ভূমি রাজর প্রদান সম্পর্কিত কলিল বাজের বস্ববাসকারী ব সংখ্যক তর্মসিলি জাতি ও জারিবাসীর নিজর ক্ষরি বা অন্য কোনও ছারের সাম্পতি।

সংক্রান্ত দলিলপত্রের প্রশ্নাও ওঠে না। অনেক লেখালেখির পর উপযুক্ত সিদ্ধান্তকছে তি ভারত সরকার সমস্ত বিষয়টি পর্যালোচনা করতে সম্মত হয়েছেন। যাইহাকে ভারত গর আরোপিত সীমাবদ্ধতার মধ্যে রাজ্য সরকারের জাতি/উপজাতি সংক্রান্ত পরিচর পর নের জন্য প্রশাসনিক ব্যরহাদি অতি ব্যস্ততার সাথে কাজ করছে এবং কয়েকটি অম্বাভাবিক বাদে অন্যান্য ক্ষেত্র বিলম্ব এড়ানো গেছে। এখানে এটা উল্লেখ করা অপ্রাসঙ্গিক হবে তেফসিলি জাতি ও আদিবাসী জনগণ বিভিন্ন কর্মসূচি রূপায়ণে যত বেশি পরিমাণে কৃত হচ্ছেন ততই জাতি/আদিবাসী সম্পর্কিত পরিচয় পত্র প্রদানের জন্য বেশি বেশি করে বদন পত্র আমাদের বিভিন্ন অফিসে জন্য দিচ্ছেন। ফলে সংশ্লিষ্ট আধিকারিকদের প্রচণ্ড পর মধ্যে কাজ করতে হচ্ছে। এ সম্ভেও এটা দাবি করা যায় যে এ ব্যাপারে সম্ভোবজনক তি ঘটানো গেছে। প্রসঙ্গত উল্লেখ করা যায় যে যোগ্য তফসিলি জাতি ও তফসিল নিবাসী ছাত্রদের বিদ্যালয়ে ক্ষড়াশুনা (মাধ্যমিক শুর) সমাপ্ত করার পূর্বেই কুল কর্তৃপক্ষের প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। মহামান্য সর্বোচ্চ আদলাতের সাম্প্রতিক পরিচয় প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। মহামান্য সর্বোচ্চ আদলাতের সাম্প্রতিক আদেশ সানের পশ্চাদপদ শ্রেণীর (তফসিলি জাতি ও তফসিলি আদিবাসী ব্যতীত) জন্য একটি দ্যন্তরীয় কমিশন গঠন করা হয়েছে।

তথ্য ও সংস্কৃতি দপ্তরের সাস্কৃতিক কর্মসূচির পাশাপাশি ১৯৮৮ সাল থেকে প্রতি বছর হরের ভাওয়াইরা সঙ্গীত প্রতিযোগিতা অনুষ্ঠিত হচ্ছে। প্রথমে কেবল উন্তর্গরের এই যেগোগিতা সীমাবদ্ধ ছিল গত বছর থেকে সমগ্র পশ্চিমবঙ্গে এই প্রতিযোগিতা প্রসারিত ছে। রাজ্য পর্যায়ের প্রতিযোগিতায় সমগ্র রাজ্য থেকে প্রতিযোগিরা দার্জিলিং জেশার নিউড়িতে জনুষ্ঠিত সূবিশাল অনুষ্ঠানে যোগদান করেছে। আদিবাসী ভাষার বিকালে উৎসাহ নর জন্য রাজ্য সরকার ১৯৮৮ সাল থেকে দ্বি-তরীয় একার নাটক প্রতিযোগিতা অনুষ্ঠানের জন্য রাজ্য সরকার ১৯৮৮ সাল থেকে দ্বি-তরীয় একার নাটক প্রতিযোগিতা অনুষ্ঠানের ছল। প্রথমে বাঁকুড়া, মেদিনীপুর ও পুরুলিয়া এই তিনটি জেলায় এই অনুষ্ঠানের বাক্ত ছল। প্রথম বায় প্রতিটি জেলায়ই এই অনুষ্ঠানের অন্তর্ভুক্ত হয়েছে। আদিবাসী লক্ষরদের শ্রের বালে বিবেচিত নাটকসমূহের পাণ্ডুলিলি এই বিভাগ থেকে প্রস্থানরে প্রকাশ র আদিবাসী জনগণের মধ্যে বিতরণ করা হয়েছে। এর ফলে আদিবাসী ভাষার ছাপা করে অভাব বেমল কতকাংলে পূরণ হয়েছে তেমনি আদিবাসী জনসাধারণের মধ্যে নাটক ক্ষেক্ত অভাব বেমল কতকাংলে পূরণ হয়েছে তেমনি আদিবাসী জনসাধারণের মধ্যে নাটক ক্ষেক্ত অভাব বেমল কতকাংলে পূরণ হয়েছে। আদিবাসী সাহিত্য ও সংস্কৃতি ক্ষেত্রে উল্লেখনোগ্য ক্ষানের জন্য বান্তিপ্রতর সারকারি বীকৃতি প্রদান ক্ষানের জন্য বান্তিপ্রের আদিবাসীদের এইসব অসাধারণ ব্যক্তিপ্রের রাজ্যপ্রের সরকারি বীকৃতি প্রদান র ছয়েছে।

সাংস্কৃতিক গ্রেষণাগার অন্যান্য কাজের সাথে এই রাজ্যে তফসিলি জাতি ও আদিবাসা
শিক্তি গ্রেষণা, সমীক্ষার কাজে নিয়োজিত আছে। এই রাজ্যের তফসিলি জাতি ও
দিবাসীদের কল্যালে তফসিলি ও আদিবাসী কল্যাণ বিভাগ থেকে গৃহীত ব্যবস্থার বিবরে
দিবাসীদের কল্যান কর্মনাম।

আমি উল্লেখ্য করতে চাই যে সরকার মাথায় করে মল বহনের যে প্রথা দীর্ঘদিন ধরে লৈ আসতে তার অবসান ঘটাতে আন্তরিকভাবেই ইচ্ছুক। সেই উদ্দেশ্যে সরকার 'ধাঙ্গড় ও

[7th April, 1903

তাদের উপর নির্ভরশীল লোকদের বিভিন্ন ধরনের প্রশিক্ষণ দেওয়ার একটি কর্মসূচি পশ্চিত্রল তফ্সিলি জাতি ও আদিবাসী উন্নয়ন ও বিশু নিগমের মাধ্যমে রাপায়ণ করছেন। অর্থনৈত পুনর্বাসনের জন্য প্রশিক্ষণ শেবে তাদের আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছে। মাননীয় হচ্চে মহাশ্য, আমি এই সভাকে এই বলে আশত করতে চাই যে পশ্চিমবঙ্গের বাময়ন্ট সকল অতীতে যেমন পিছিয়ে-পড়া মানুষদের সপক্ষে কাজ করেছে আগামী দিনেও সেইভাব তফ্সিলি জ্বাতি, আদিবাসীসহ সমস্ত পিছিয়ে-পড়া মানুষের কল্যাণে কাজ করে যাবে।

**बोरे कथा राम. माननीय अधाक माहामय, आशनांद्र मात्रक्ट अमगाम्य कार्ट आ**रक्क করছি যে এই রাজ্যের তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণে গৃহীত নীতি ও কর্মসূচিসন্ন ন্ধপায়ণে তারা যে সহযোগিতার হাত প্রসারিত করেন এবং ৪১ সংখ্যক দাবির ক্ষেত্রে রো ১৪২,৪৮,৪৮,০০০ (এক শত বিয়াল্লিশ কোটি আটচল্লিশ লক্ষ আটচল্লিশ হাজার) টাকা বা বরান্দের প্রস্তাব মঞ্জর করেন যারমধ্যে ইতিপূর্বে ভোট-অন-অ্যাকাটন্টে গহীত ৪৭,৬০,০৩,০০০ (সাতচল্লিশ কোটি যাট লক্ষ তিন হাজার) টাকাও ধরা আছে।

Mr. Speaker: There is one cut motion to Demand No.41. The cut motion is in order. Now Shri Saugata Roy move your motion

Shri Saugata Roy: Sir, I beg to move that the amount of th Demand be reduced to Re.1/-.

[2-10 — 2-20 p.m.]

ডাঃ মানস ভূঁইরা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী দীনেশচক্র ডাকুরা মহাশত আদিবাসী ও তফসিলি দপ্তরের ব্যয়-বরান্দের আলোচনায় অংশ নিয়ে আমি আমার বন্ধ রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা অত্যস্ত বেদনা-দায়ক বিষয় যে পশ্চিমবঙ্গের মং একটা সচেতন রাজ্যে আমরা যখন পিছিয়ে পড়া মানুষের কথা ভাবি, সামাজিক দিক খেং অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে পড়া এই মানুষগুলির কথা চিক্তা করি তখন সেই রং অত্যম্ভ বেদনার সঙ্গে লক্ষ্য করছি যে অত্যম্ভ তড়িয়ড়ি করে সর্যোচ্চ আদালভের নির্দেশ মান্য করতে গিয়ে তার শেব দিনে এই রাজ্যের ব্যাকণ্ডয়ার্ড যে কমিউনিটি ক্লা<sup>স ভাচ</sup> উন্নয়নের জন্য একটি বিব এই সভায় আনতে হরেছে। কাজেই এর খেকে প্রমাণি<sup>ত হা</sup> এদের প্রতি এই রাজ্য সরকারের দৃষ্টিভঙ্গি কি, এদের উন্নরনের ক্ষেত্রে রাজ্য সরকা পদক্ষেপ কি, চিন্তা-ভাবনা কি। এই সমস্ত মানুষণ্ডলির জন্য সরকারের দৃষ্টিভঙ্গি কোনদি যাচেছ, এটা তারই দিক নির্দেশ করছে। অত্যম্ভ বেদনার বিষয়, আমরা বহবার এই <sup>সহ</sup> वारक्षि वज्ञास्त्र चारम् अञ्चल करत् वरलिছि य वामक्रमे मृत्रकात्र य कथा वलाउ हार्ष्ट আদিবাসী ও তব্দসিলি রাম্প্রাপায়ের মানুষ্যাপর সম্পর্কে যে চিন্তা-ভাবুনা করছেন, তার সতিক রূপরেখা তারমধ্যে থাকছে না। আমি যদি এক একটা পরিক্রানার কথা বলি তাহলে <sup>ব</sup> যাবে যে এই রাজ্যের আদিবাসী ও তফসিলি সম্প্রদারের মানুহেরা সমাজে বঞ্চনার <sup>বির</sup> হরেছে, রাজনৈতিক অজ্যাচারের শিকার হরেছে, তথাকথিত বামগারী রাজনীতির শিকার হরে जाकरक जामारमञ्जू तारका रव किनिम मनर्फरंत छङ्गचमूर्ग क्यां का निरंत क्षेत्र (नवा किट) আজকে আদিবাসী ও ভফসিলি সম্প্রদারের মধ্যে এই চিন্তা-ভাষনা দানা বেঁথে উঠেছে <sup>তা</sup>

🖟 বঞ্চনা, ভাদের প্রতি কটুন্ডি, তাদের প্রতি অবহেলার জন্য তারা আজকে ভাষকৈ বে লা বোধ হয় সামাজিক ভাবে বঞ্চিত হচ্ছে, তারা বোধ হয় আবহমানকাল ধরে এট আজিক অবস্থায় পিছিয়ে থাকবে। এই মানসিকতা থেকে তাদের মধ্যে একটা ধারণার 🕶 দত্তে যে তাদের একটা আলাদা রাজ্য করে দেওয়া হোক। এই দাবি আজকে ঝাডখন্তী ন্দালনের মধ্যেও এসেছে। আমি এখানে একটা প্রশ্ন করতে চাই, আজকে যদি মার্কসবাদি প্রট্রনিস্ট পার্টি এবং ভারতীয় জনতা পার্টি বিহারের মাটিতে ঝাডখন্ডি আন্দোলনকে সমর্থন #ব সভা-সমাবেশ করেন, যদি বাংলার মুখামন্ত্রী উড়িয়ার ভুবনেশ্বরে গিয়ে, বিহারের মাটিতে প্রত্য আদিবাসীদের এই দাবির প্রতি সমর্থন করেন তাহলে বাংলার মাটিতে দাঁডিয়ে ভারা এব ররোধতা করেন কোন অধিকারে? এই যে দ্বিমুখি রাজনৈতিক সন্তা, এরমধ্যে দিয়ে কি নঙন হবে একটা বিভেদ সৃষ্টি করছে নাং এই দ্বিমুখি রাজনৈতিক সন্তা কি সবিধাবাদি রাজনীতির হর দেয়নাং কাজেই এর মধ্যে দিয়ে এই সরকারের প্রধান শরিক মার্কসবাদি কমিউনিস্ট ন্ধীনুদ্ধি কি. কোন পথে তারা পরিচালিত হঙ্গে সেটা বেরিয়ে আসছে। মার্কসবাদি কমিউনিস্ট 👊 যে রাস্তায় চলেন তাতে আদিবাসী ও তফসিলি সম্প্রদায়ের আর্থিক, সামাঞ্জিক, রা**ঙ্গনৈতিক**, দর্বিক প্রেক্ষাপটে তাদের দৃষ্টিভঙ্গি ঠিক নেই। তারা এক একটা রাজ্যে এক একরকম কথা লোর চেষ্টা করেন। এই বাংলার মাটিতে দাঁড়িয়ে তাদের সম্পর্কে যেকথা ধলছেন তাতে য়দের নিজেদের সুবিধাবাদি রাজনীতি চালিয়ে যাবার চেষ্টা করছেন। এই জায়ণাতে আমাদের বিত্রক আছে, এই জায়গাটা আমরা খুব সন্দিহান। এই রাজনৈতিক সততা সম্পর্কে এই **ছায়গাটা ভীষণভাবে বিপদজ্ঞনকভাবে দিক নির্দেশ করে। আপনারা কি ভাবছেন বলুন। মুখামগ্রা** গুকে শুকু করে অনেক মন্ত্রী জবাব দিয়েছেন যে আমাদের রাজ্যে পারসেনটেজ অফ ট্রাইবাল গণুলেশন ইজ লেস দ্যান ১২ পারসেন্ট। এটা ছাড়াও বিস্তীর্ণ অঞ্চলে বিভিন্ন ব্লকে, বিভিন্ন ংকুমায় তফসিলি জাতি এবং উপজাতির লোকেবা ছড়িয়ে ছিটীয়ে আছে, তার পাবি করা বয় না। এটা কি যুক্তিগ্রাহ্য ব্যাপার হল। আমাদের রাজ্যের মুখামন্ত্রী এবং রাজ্য সবধার यन। রাজ্যে গিয়ে এই কথা বলেন কি করে? রাজনীতি করার জন্য ওরা এক স্কায়ংগ্রেয় একরকম কথা বলবেন আবার অন্য জায়গায় অন্যরকম কথা বলবেন, এটা যো প্রঞ্জীতিক ত্তিভিসন্ধি মূলক পদক্ষেপ। ওদের পেছিয়ে পড়ার সুযোগ নিয়ে, সরলভার সুযোগ নিয়ে বিপথে পরিচালনা করতে সহযোগিতা করছেন বলে আমার নিজের অভিজ্ঞতা। মাননীয় মন্ত্রী ম্থাশয়কে প্রশ্ন করেছিলাম গতবারে, তখন তিনি খাপ ছাড়া জ্ববাব দিয়েছিলেন, এখন আমি শরাসরি প্রশ্ন করছি। এই রাজ্যে কেন্দ্রীয় সরকারের নীতি নির্ধারণের ক্ষেত্রে কিংবা সুপ্রিম কোর্টের নির্দেশ মতো বাংলার পেছিয়ে পড়া মানুষদের, আর্থিক এবং সামাজিক দিক গেকে পেছিয়ে পড়া মানুৰ তাদের শ্রেণী বিন্যাস করতে অতো দেরি হল কেনং ওফার্মাল জাতি এবং উপজাতি সম্প্রদায়ের মানুষের জন্য কম করে ১০ পারসেন্ট রিঞ্জারভেশন আছে মিনিমান বিষয়কেশন আছে। আক্তকে এমপ্লয়মেন্ট এক্সচেপ্লণ্ডলি কিন্তু নৃন্যতম সুযোগ তানের দিচ্ছে না। অমাদের কাছে যে তথ্য আছে এখন অবধি গড়ে ৫-৬ পারদেউ এমপ্রয়মেউ এক্সচেঞ্চতলি কাভারেক্ত ভাদের জন্য যে সংরক্ষিত আসন আছে চাকুরির ক্ষেত্রে সেটা ভারা দিতে পারেদি। জন অধিকারে আগনারা এই পেছিয়ে পড়া মানুবগুলিকে বঞ্চিত করছেন? আ**লকে চাকুরি**তে নিজেগের ক্ষেত্রে, পড়াশোনার ক্ষেত্রে তাদের আপনারা বঞ্চিত করছেন। আমাদের কছে অভিযোগ বাছে, মন্ত্রী মহালয়ও ভাল করে জানেন, গ্রামের ধারা এম.এল.এ. আছেন তারা হাড়ে হাড়ে

[7th April, 1993] টের পাছেনে ব্লকে যে স্কুল আছে সেই স্কুলে আদিবাসী এবং ভফসিলি জাতি এবং উপজ ছেলে-মেয়েদের জন্য আবাসিক পড়াশোনার ব্যবস্থা আছে, হোস্টেল আছে। কোনও সরকর জ্ঞাসারের নির্দেশে কিংবা আপনার নির্দৈশে কিনা বলবেন, স্কুলে হোস্টেলের ছাত্র-ছাত্রিক জনা প্রান্টের ব্যবস্থা আছে আদিবাসী এবং তফসিলি ছাত্রদের বই, খাবার এবং পোলাক জনা টাকা দেওয়া বন্ধ করে দেওয়া হয়েছে। সেই টাকা নিয়ে আপনি কি করেন আপন দপ্তর কি করে সেই টাকা আদিবাসী এবং তফসিলি ছাত্র-ছাত্রিদের কাছে পৌঁছায় না কে একই প্রশ্নে কিছু অসাধু অফিসার জেলার স্তরে সব স্কুলে নয় কিছ কিছু স্কুলে স্কুল কর্তন্দ এই ঠাক ফোকরের সুযোগ নিয়ে তফসিলি এবং আদিবাসী ছাত্র-ছাত্রিদের নাম ভাঙিয়ে বক করছে। আমরা দেখেছি কোনও স্কুলে ৫০ জন তফসিলি সম্প্রদায়ের ছাত্র আছে সেখানে । জন ছাত্র দেখানো হচ্ছে, ২০ জন ছাত্র সেখানে নেই, সেই টাকাটা তারা নিচেছ। ফুল কর্তঞ্চ এই যে সুযোগ নিচ্ছে সেই সুযোগে সরকারি অফিসাররা তাদের চোখ রাঙিয়ে টাকা লি দেরি করছে বলছে দু-দিন বাদে আসুন। এই অজ্হাত দেখিয়ে তারা সুযোগ গ্রহণ কর। ফলে দিনের পর দিন এইভাবে আসলে তফসিলি জাতি এবং আদিবাসী ছেলেরা বঞ্চি হচ্ছে। তারফলে আমরা দেখতে পাচ্ছি হোস্টেলে পডতো এইরকম বহু ছাত্র ছাত্রিকে তান বাবা মা হোস্টেল থেকে ছাড়িয়ে আনতে বাধ্য হচ্ছে। কারণ তারা চোখের জল ফেলহে ए হোস্টেলের টাকা পাচ্ছে না. বই-এর টাকা পাচ্ছে না. তারা টাকা যোগাতে না পেরে হোস্টে থেকে ছাডিয়ে আনতে বাধ্য হচ্ছে। আপনাদের নেতৃত্বে এইরকম ক্রিমিনাল অফেন্স হঙ্গে আপনি এর জবাব দেবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিভিন্ন পরিকল্পনা রয়েছে, আমানে আদিবাসী এবং তফসিন্সি সম্প্রদায়ের মানুষের জন্য পরিকল্পনাগুলি আপনার দপ্তর এং গ্রামীণ উন্নয়ন দপ্তর যৌথ ভাবে পরিচালনা করেন. তারমধ্যে ইন্টিগ্রেটেড ট্রাইবাল ডেভেলপরে প্রোগ্রাম আছে।

[2-20 — 2-30 p.m.]

কি হচ্ছে আজকে? আজকে জেলায় জেলায় আই-টি-ডিপি.র টাকা আদিবাসী তর্যনি উময়ন নিগম আটকে রেখেছে। ডি-আর-ডি-এ.র সাবসিভির টাকা আটকে রেখেছে। রকণ্ডনিটে গিয়ে আমি জিল্পাসা করেছি, এই যে বি.ডি.ও. সাহেব, টাকা এলো? বললেন, না এলো না আমরা শ্রীন সিগন্যাল পাইনি। রকণ্ডলি বলছে, রাইটার্স থেকে টাকা রিলিজ হয়নি। আনি মন্ত্রী মহাশরের বাছে সরাসরি জিল্পাসা করছি, আই-টি-ডি-পি, পরিকল্পনার মাধ্যমে ইন্টিটেটি টুইবাল ডেভেলগমেন্ট প্রোগ্রামের মাধ্যমে রকওয়ারি যা নির্ধারিত হয় সেই টাকাকে কে সঠিকভাবে গ্রাহকদের কাছে পৌঁছে দিতে পারি না? এরফলে এমন একটা অবস্থা সৃষ্টি হয়, রকণ্ডলিতে যেন তফসিলি আদিবাসী মানুষরা আমাদের করুণার দান। তারা আমাদের সম্পূর্ণ করা-ছালিশ্যের উপর নির্ভর করছে। আমরা শাসকদলের জমিদার, তারা আমাদের কাছে হার্ছ পেকে করে মুক্ত হবং আমি মন্ত্রী মহাশয়কে সরাসরি আর্ধ বালাহে বিজ্ঞাসা করি, মিড-টার্ম লোন, মধ্য মেয়াদি লোন, সেধানেও একই পরিছিটি সব জারগাতে আজকে বিড-টার্ম লোনের যে টাকা স্যাংসন হচ্ছে, সাত-আট মাস পরে শেষ বাছেছ রকণ্ডলোতে টাকী যাছেছ। তাহলে এই পরিকজনা কেনং কেন গ্রামাঞ্চলের মানুমনের এইভাবে দিনের পর দিন, এই হতভাগা অনভিজ্ঞ মানুম্বনের বিষ্টিত করা হবেং রকণ্ডলোতে এইছভাবে দিনের পর দিন, এই হতভাগা অনভিজ্ঞ মানুম্বনের বিষ্টিত করা হবেং রকণ্ডলোতে

seoলো অফিসারকে বসিয়ে রাখা হয়েছে যারা তাঁবেদার, এই সমস্ত জমিদারদের তাঁবেদারি তে তাদের হাত দিয়ে তফসিলি আদিবাসী মানুষদের বঞ্চিত করা হচ্ছে। এইভাবে তাদের ন্টিক্যালি এক্সমেট করা হচ্ছে। আপনি এর জবাব দেবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, । । ब्राजन य, ভারত সরকারের ২০ পয়েন্ট প্রোগ্রাম অনুযায়ী, আই.টি.ডি.পি. অনুযায়ী দ্র তফসিলি সম্প্রদায়ের মানুষদের জন্য অনেক স্বলমূল্যে গম এবং চাল বিতরদের ব্যবস্থা ছ। যে সমস্ত গোডাউনগুলো দিয়ে এবং যে সমস্ত এজেন্টদের মাধ্যমে, যেভাবে পঞ্চায়েতের মে কার্ড জমা রেখে তাদের গম এবং চাল বিতরণের ব্যবস্থা আছে, এখনও পর্যন্ত বহাল ্রু, তা আদিবাসী মানুষরা সঠিকভাবে পাছে না। আমি সরাসরি অভিযোগ করছি, আমার <sub>ক্রলায়</sub> বাড়গ্রামে এবং পশ্চিমবঙ্গের অন্যান্য আই-টি-ডি-পি. ব্লকে একই চিত্র। সেখানকার দ্রদিবাসী মানুষরা চাল ও গম পাচ্ছে না। সেখানকার গোডাউন কর্তৃপক্ষ এক্লেন্ট, পঞ্চায়েতের নেহার। সেই কার্ডকে জমা রেখে চাল গম তুলে নিয়ে অন্যত্র পাচার করছে, বাইরে পাচার ब्द निष्ठः। আদিবাসী মানুষরা সেই চাল গম পাচ্ছে না। দিনের বেলায় প্রকাশ্য দিবালোকে, নরি বোঝাই করে আদিবাসীদের জন্য বরাদ্দকৃত গম ও চাল বাইরে পাচার করে দিচেছ। এ শংক্ষে ট্রাইব্যাল ওয়েলফেয়ার অফিসার, কর্তাব্যক্তিদের বলে কোনও সুরাহা করা যাচ্ছে না। ন্ধানর সরাসরি অভিযোগ, আমার মনে হয়, পঞ্চায়েতের লোকজন, অফিসার এবং এক্লেটরা রীথভাবে যুক্ত থেকে এটা পাচার করছে। আদিবাসীদের মুখের গ্রাস তারা এইভাবে কে**ডে** নিচছ, তাদের বঞ্চিত করছে। আমি আর একটি প্রসঙ্গে এবারে আসি। উনি ওর ব**ক্তব্যে** ংখনে বলেছেন খুব মধুর মধুর ভাষায় যে ভারত সরকার পশ্চিমবাংলার জেলায় জেলায়, কে ব্লকে আদিবাসীদের জন্য নির্ধারিত সাটিফিকেট দিতে বাধা দেন। আপনি জ্ञানেন সারে, <sup>ট্রাত</sup> রাজীব গান্ধী পঞ্চায়েত রাজের স্বপ্ন দেখে মহাধা গান্ধীর আদর্শে অনুপ্রাণিত হয়ে যখন <sup>নাকসভায়</sup> পঞ্চায়েত বিল পেশ করেছিলেন তখন এই মার্কসবাদী পার্টি বিরোধিতা করেছিল। ার থেকে ৪ বছর আগে সেদিন প্রধানমন্ত্রী রাজীব গাদ্দী বলেছিলেন এই আদিবাসী, **पंत्रिनि मच्छ्यपाराव मानुबरक अ**धिकात भिरू इरत, जारमत अधिकात **अधिका कतर** इरत। দের রাজনৈতিক অধিকারকে প্রতিষ্ঠিত করতে হবে এবং তাদের আসন সংরক্ষণ করতে <sup>র।</sup> সেইদিন এই মার্কসবাদী কমিউনিস্ট পার্টির প্রবঞ্চকরা, যারা কত মায়া দেখায় ওই শীর প্রতি, তারা রাজ্যসভাতে ভিন্ন মুখ দেখিয়েছিলেন। যারা চোখের **জল ফেলে সে**ন দর জন্যে তারা রাজ্যসভাতে জনতা পার্টির সঙ্গে হাত মিলিয়ে ওই পঞ্চায়েত রাজের দ্ধে ভোট দিয়েছিলেন। এবং পঞ্চায়েত রাজ এই বিলটিকে পাস করতে দেন নি। আছকে । মার্কসবাদি কমিউনিস্ট পার্টির লোকেরা এই তফসিলি ও আদিবাসী মানুষদের জন্য ভাষের জল বারাছেন। অথচ রাজা সভায় এদের বিরুদ্ধে ভোট দিদেন। আজকে ৪ বছর শর বদের চেতনা এসেছে। এরাই এক সময়ে নেতাজীকে কুইশলি' তেজের কুবুর বদেছিলেন। পদকে ৪০ বছর বাদে ময়দানে নেতাজীর মূর্তির গলায় মালা দিতে গিয়ে বলেছেন, আমরা **শূল করেছি নেতাজীকে দেশদোহী বলে। ঠিক সেইরকমভাবে এক সময়ে এরাই ইন্দিরা** গাঁদীকে বৈরাচারী বলেছিলেন, আজকে ওনারই গলায় মালা দিয়ে বলেছেন যে, ভূমি ইন্দিরা বিমাণনী, তুমি বিশ্ব নেতা, তুমি আমাদের নেতা। তারপরে রাজীব গান্ধীর ক্ষেত্রে ঠিক ভাই, নাজীব সাজীর মৃত্যুর পরে ৬ বছরে আজকে তাকে সত্যিকারের নেতা এবং ভারতবর্ষের कि महान बर्ग वाचा निष्कल। এই সরকারের দীনেশ বাবু এবং জ্যোতি বাবুর দলেরই

[7th April, 1991 রাজাসভায় পঞ্চায়েতী বিলের বিরোধিতা করেছিলেন এবং এইভাবে তারা তফসিলি সম্প্রু মানবের বিরোধিতা করেছিলেন। আ্র্ফ্রুকে ৪ বছর পরে তাদের চেতনার উদ্রেক হতে। আন্ধকে এই উদ্রেক হওয়ার ফলে এমন অবস্থা হয়েছে যে, হাজার হাজার তফসিলি সম্প্রত্য মানব যারা এই পঞ্চায়েত নির্বাচনে প্রার্থী হয়েছেন তারা সার্টিফিকেট চাইছে কিন্তু সার্টিফিক পাক্তে না। ইজ ইট দি ইনডেক্স আন্ড ব্যারোমিটার অফ দি গভর্নমেন্ট ফাংশনিংং হাত হাজার তফসিলি ও আদিবাসী সম্প্রদায়ের মানুষকে লাইনে দিয়ে বি.ডি.ও অফিসে সাটিকে নিতে হচ্ছে। এটা প্রকারন্তরে এটাই কি প্রমাণ করে না যে রাজনৈতিক প্রেক্ষাপটে এটা কি নয়ং আজকে তারা যে এই সংরক্ষণের ক্ষেত্রে আসন পাবে কি পাবে না এই নিয়ে এই আশঙ্কা দেখা দিয়েছে। আজকে একটা ভয়ন্কর বিপর্যন্ত অবস্থার মধ্যে দিয়ে তাদের की হচ্ছে। এই ২২-২৩ হাজার ছেলে মেয়ে তফসিলি ও আদিবাসী সম্প্রদায় পঞ্চায়েতের নিঠ্য প্রার্থি হয়েছে, ৪০ হাজার গ্রাম এবং ৪৮ হাজার সীট তারা কবে যে সার্টিফিকেট পাবে ৫ জানে না. আদৌ পাবেন কিনা সম্পেহ আছে। বি.ডি.ওর কাছে গোলে কোনও উত্তর প্রভ যাচ্ছে না. এস.ডি.ও বলছে আমি জানি না. এখন কি যে অবস্থা হবে কেউ জানে না প্রবঞ্চকের দলরা গত ১৬টি বছর ধরে দরিদ্র মানযের দারিদ্রতার সুযোগ নিয়ে হণ্ প্রবঞ্চনা করেছেন। এই ১৬টি বছরে কোনও অর্থনোতক বুনিয়াদকে রূপ দিতে পারেন <sup>5</sup> এই পিছিয়ে পড়া শ্রেণীর কোনও শ্রেণী বিন্যাস করেন নি। সূতরাং এই তফ্র্সিলি আদিবাসী সম্প্রদায়ের বাজেটের যে বরাদ্দ এখানে এসেছে আমি তার তীব্র বিরোধিতা ক এবং সমস্ত কাটমোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

### [2-30 — 2-40 p.m.]

শ্রী রতনচন্দ্র পাখিরা ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে তফসিলি উপজাতি কল বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে ব্যয়বরান্দ পেশ করেছেন তাকে আমি সমর্থন কর্রাহ্ সমর্থন করতে গিয়ে দু-একটি কথা বলতে চাই। আজকে বিরোধী দলের মাননীয় ডাঃ 环 ভূঁইয়া এই বাজেটের উপরে বক্তৃতা রাখতে গিয়ে যেভাবে বিরোধিতা করলেন তাতে মনে : তিনি যেন এই তফসিলি ও আদিবাসী সম্প্রদায়ের প্রতি মায়া কাল্লা কাঁদছেন। আ অভিজ্ঞতার মধ্যে দিয়ে দেখেছি যে, এই পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার ১৬ বছর ক্ষ্মত আসার পরে তফসিলি ও আদিবাসী সম্প্রদায়ের মানুষকে চোখের মণির মতো করে র করছেন। গত ৩০ বছরে এই পিছিয়ে পড়া মানুষদের আপনারা কি করেছিলেন? তা উপকার না করে তাদের বাস্তু স্কমির থেকে তাদেরকে উচ্ছেদ করেছিলেন। তাই পশ্চিমবাংদ তফসিলি জাতি উপজাতি সম্প্রদায়ের মানুষরা আপনাদেরকে ত্যাগ করেছে। সদ্য সম विপुतार य निर्वाचन द्वा शिन मिर्दे निर्वाच्यात मार्या निर्देश क्षेत्राण करून व्याननात्त्र व्याधारमानि সন্তাসের উপর যে রায় ঘোষণা করা দরকার তা ত্রিপুরার উপজাতি জনগণ করেছে। আজ পশ্চিমবাংলার তফসিলি জাতি উপজাতিদের জন্য বামফ্রন্ট সরকার বিশেষ করে তফ্সি জাতি উপজাতি কল্যাণ বিভাগ যে সমস্ত কর্মসূচিগুলি গ্রহণ করেছে তা সারা ভারতব একটা নজিরবিহীন দুষ্টান্ত। আপনাদের এই বন্ধব্যের বিরোধিতা করার ক্ষেনও অধিকার <sup>আ</sup> বলে আমি মনে করিনা। কারণ বারে বারে আপনারা তকসিলি জাতি ও উপজাতিদের উ অত্যাচার চালিয়ে এসেছেন এবং আঞ্চন আপনারা ডাই চান। আমবা লক্ষ্য করছি মানন

<sub>৪০।</sub> মানসবাবু তার বক্তব্য রাখতে গিয়ে তারই বক্তৃতা থেকে বেরিয়ে এসেছে আদিবাসী প্রসায়ের এক ভ্রশ্নাংশের প্রতিনিধির সঙ্গে মিলেমিশে চলায় তারা অঙ্গীকারবন্ধ, ভারতবর্ধের ন্ত্রীয় সরকারের জ্বনবিরোধী নীতি তার বৈষম্যের ফলে আজকে পশ্চিমবাংলায় যেভাবে এই জ্ঞায়ের মানুষ বঞ্চিত হচ্ছে তার উপর দাঁড়িয়ে আজকে বামফ্রন্ট সরকার তফসিলি জাতি ন্ধতি কল্যাণ বিভাগ যে কর্মসূচি গ্রহণ করেছে তা আম্বকে জনপ্রিয়তা লাভ করেছে। দ্ধকে প্রকৃত ভূমিসংস্কারের মধ্যে দিয়ে তফসিলি জাতি উপজাতিদের শতকর। ৫৮ ভাগ ন উপকৃত হয়েছে, এটাও তো ভারতবর্ষের ক্ষেত্রে একটা নঞ্জিরবিহান ঘটনা। বগা রেকর্ড, ু স্থে রেকর্ড এটাতে তফসিলি জাতি ও উপজাতি মানুষরা যে উপকৃত হয়েছেন ওধু ভাই নয়, হানের সেচের ক্ষেত্রে সুযোগ দেন, ঋণের ক্ষেত্রে সুযোগ দেন, অন্যান্য যে সমস্ত কর্মসচিগুলি দ্রছে এই আদিবাসী উপজাতি সম্প্রদায়ের মানুষদের মধ্যে যে দপ্তর কান্ত করছে। তাই ওধু া, বিভিন্ন দপ্তরের মধ্যে দিয়ে যে এই সম্প্রদায়ের লোকেরা উপকৃত হচ্ছেন বিভিন্ন উদ্যোগ ংগ করে এবং কর্মসূচির মধ্যে দিয়ে, এটাই হচ্ছে বড় জিনিস। আজকে আমরা লক্ষ্য করছি ্সমন্ত কর্মসূচির মধ্যে দিয়ে। আজকে এই সম্প্রদায়ের মানুষ এগিয়ে চলেছেন শিক্ষার শ্র. তাদের মধ্যে আজকে উৎসাহ দেখা দিছে বামফ্রন্ট সরকারের সুনির্দিষ্ট পরিকল্পনার ার দিয়ে পিছিয়ে পড়া অনুরত সম্প্রদায়ের মানুযদের কিভাবে এগিয়ে নিয়ে যাওয়া যায় এই মসূচি বামদ্রন্ট সরকার গ্রহণ করেছেন, এটা কংগ্রেস আমলে ছিল না। এই সম্প্রদায়ের ্রদের আগে বই কেনার পয়সা ছিলনা, তাদেরকৈ হোস্টেলে রেখে পড়াওনা করার সুয়োগ <sup>৩রা</sup> হয়েছে, মেধাবী **ছাত্রদের জ**ন্য স্টাইপেন্ডের ব্যবস্থা করা হয়েছে, এই সমস্ত ব্যবস্থাওলি গে কংগ্রেস আমলে ছিলনা। আজকে এরা মায়াকাল্লা কাদছে কিন্তু বামদ্রুণ্ট সরকার ১৬ <sup>হের ধরে</sup> তফসিলি জাতি উপজাতি মানুযদের মধ্যে উৎসাহ সৃষ্টি করেছে ফলে স্কুল কলেঞ্চে <sup>হর্তির</sup> ক্ষেত্রে ভিড় বাড়ছে। এটা বামফ্রন্ট সরকারের সুচিন্থিত পরিক**র্ম**নার ফলেই হয়েছে। **স্ক**ন স্থান সংস্কৃতির মান উল্লয়নের ক্ষেত্রে আজকে এই বিভাগ যে দৃষ্টান্ত স্থাপন করেছেন ওা <sup>নিজরবিহীন।</sup> চাকরির ক্ষেত্রে যে সংরক্ষণের ব্যবস্থা যেটা ওদের আমলে ছিল না, সেই <sup>সংক্র</sup>ের ব্যবস্থা আমাদের বামফ্রন্ট সরকার করেছে। চাকরির ক্ষেত্রে এই সংরক্ষণের নীতিকে <sup>6রা</sup> মানত না। **আজকে বামফ্রন্ট** সরকার তফসিলি জাতি উপজাতিদের জনা কিভাবে কা**জ** পরা যায় তারজ্বন্য তাদের চেষ্টা রয়েছে। তারভন্য তারা সতর্ক রয়েছে এবং সেই নীতি নিয়ম মনে আজকে চাকরি দেওয়ার ব্যবস্থা হয়েছে। আজকে পশ্চিমবাংলার আদিবাসী সম্প্রদায়ের ৰ্থা যে সমস্ত মানুষ পিছিয়ে রয়েছে তাদের নানা ধরনের সুযোগ-সুবিধার ব্যবস্থা করা ছচ্ছে। গদের জমি দেওয়া হচ্ছে। আদিবাসী সম্প্রদায়ের মানুষ বনজ সম্পদ থেকে ভারা যাতে শৈপদ সংগ্রহ করতে পারেন ও সেইগুলি কেনাবেচার শ্রন্য মুনাফাখোরদের হাতে যেন না <sup>পড়ে,</sup> দালালদের হাতে যেন না পড়ে তারজন্য সমবায় সমিতি করা **হয়েছে, বাজার ক**রা য়েছে, এই ব্যবস্থা তিনি করেছেন। আজকে আদিবসোঁ সম্প্রদায়ের মধ্যে একটা উৎসাহের গৃষ্ট হয়েছে। আজকে আদিবাসী মহিলারা গৃহজাত দ্রব্য যাতে কেনাকোন করতে পারে তার বিশ্বা করা হয়েছে। আজকে পশ্চিমবাংলায় বামদ্রুট সরকার তার সীমাবদ্ধ আর্থিক ক্ষমতার <sup>ব্রে</sup> আদিবাসী ও ভফ্সিলি সম্প্রদায়ের মান্বের জন্য যে জনপ্রিয় কর্মসূচিণ্ডলি গ্রহণ করেছেন সই কর্মসূচির মধ্যে দিয়ে আজকে এই সম্প্রদায়ের মানুষ বিভিন্নভাবে উপকৃত হচ্ছেন এবং ধ্বরে আমরা লক্ষ্যু করছি আদিবাসী ছাত্র-ছাত্রীদের পড়াশোনার জন্য আরও অতিরিক্ত অর্থ

[7th April, 1993

বরাদ্দ করা হয়েছে এবং তারা যে 💖র্থ পেয়ে থাকেন তা যাতে আরও বেশি মান্ত 🕉 তার ব্যবস্থা করেছেন এই দপ্তর। আজকে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার আদিবাসী তক্ষ্মিক্রি कमाालंद बना य नमछ कर्मनृष्ठिशन धर्ग करत्रहरून जात्रमर्था आमता नका कत्रहि निहिर পড়া মানবের আর্থিক দিককে উন্নয়ন করার জন্য ও সাংস্কৃতি অনুষ্ঠানের মধ্যে দিয়ে আফ সাক্ষেতিক চিন্তাধারা ও কুসংস্কারের ভাবনা-চিন্তা যাতে দুর করা যায় তার বাবলা কর হয়েছে। আজকে আমরা উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছি আদিবাসী সম্প্রদায়ের মধ্যে এক অংশের মান্যকে বিভ্রান্ত করবার জন্য পরিকল্পিতভাবে ষড়যন্ত্র চলছে এবং তাদের আরু পিছিয়ে দেবার চেষ্টা হচ্ছে। আদিবাসী সম্প্রদায়ের মধ্যে এই যে বিদ্রান্তকারি প্রচার তাত কাটিয়ে আগামী দিনে এই পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারের যে জনমুখি কর্মসচি তাত <del>রূপায়িত করবার জন্য তারা এগিয়ে আসবে। আরও উল্লেখযোগ্য বিষয় পশ্চিমবাংলার বাফ্রন</del> সরকার সারা ভারতবর্ষের মধ্যে একটা দুষ্টান্ত স্থাপন করেছে, পঞ্চায়েত নির্বাচনের মধ্যে দিয়ে আদিবাসী সম্প্রদায়ের মানুষকে অধিকার দিয়েছে এবং সেই অধিকারকে কিভাবে সুরক্ষিত কর যায় তার চেষ্টা করেছে। এটা তাদের কাছে আত্মমর্যাদার প্রশ্ন, আত্মসম্মানের প্রশ্ন। পশ্চিমবাংলা ৩০' বছর কংশ্রেসি জমানায় এরা মাথা উঁচু করে দাঁড়াতে পারেনি। এই নির্বাচনের মধ্যে দি তফসিলিজাতি ও উপজাতিদের অধিকার তারা প্রতিষ্ঠিত করবে এবং আগামী দিনে ? সাম্প্রদায়িক ও বিচ্ছিন্নতাবাদি শক্তি পশ্চিমবাংলাকে ভাগ করতে চাইছে এবং কেন্দ্রের কংশ্রে সরকার যে যভযন্ত চালাচেছ তাকে কিভাবে ব্যর্থ করা যায় তার চেস্টা করবে। আ*ছ*ে তফসিলি জাতি, কল্যাণ বিভাগের যে ব্যয়-বরান্দ মন্ত্রী মহাশয় এনেছেন তাকে পূর্ণ সম্প্ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-40 - 2-50 p.m.]

মানিক ভৌমিক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ এই সভায় তফসিলি জা এবং উপজাতি কল্যাণ বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয় তার দপ্তরের যে ব্যয়বরাদের দর্গ উপস্থিত করেছেন তার তীব্র বিরোধিতা করে আমি কয়েকটি কথা বলছি। স্যার, উনি <sup>©</sup> বাজেট পেশ করেছেন, এটা বাজেট নয়, এটা হচ্ছে নির্বাচনী ইস্তাহার। গ্রামের বুড়ো সু<sup>নরো</sup> মহাজনরা যেমন ছেঁড়া তমসুক নিয়ে গ্রামের দরিদ্র মানুষদের সম্পত্তি লুঠপাঁট করে নেক জন্য ঘুরে বেড়ান তেমনি মাননীয় মন্ত্রী মহাশয়ও পঞ্চায়েত নির্বাচনে তফসিলি জাতি উপর্জা সম্প্রদায়ের মানুষদের ভোট কুড়োবার জন্য এই বাজেট এনেছেন এবং এরমধ্যে দিয়ে র্তি একটা প্ররোচনার সৃষ্টি করতে চাইছেন। স্যার, আপনার মাধ্যমে এই বাচ্ছেট প্রসঙ্গে <sup>বল</sup>ে গিয়ে আমি প্রথমেই যে কথাটি বলতে চাই সেটি হচ্ছে, বামফ্রন্টের রাজত্বে এই তফ্সিলি ' আদিবাসী সম্প্রদায়ের মানুষরা কি অবস্থায় গিয়ে পৌছেছেন সেটা একট সকলকে পর্যালোচ করতে বলছি। জেলায় ব্যালায় যদি ক্রাইম লিস্ট পর্যালোচনা করা যায় তাহলে আ<sup>র</sup> অত্যন্ত দুৰের সঙ্গে দেখবো বে আজকে যাদের জন্য এখানে ব্যয়বরাদের দাবি <sup>পেশ ক</sup> হয়েছে ক্রাইম লিস্টে তানের পারসেনটেজ অনেক বেশি। তফসিলি সম্প্রদায়ের এবং আদি<sup>বা</sup> সম্প্রদারের মানুব যারা সমাজে অবহেলিত, যারা সামাজিক এবং অর্থনৈতিক দিক <sup>বেত</sup> পিছিয়ে আছে আমরা দেখাই এই পশ্চিমবর্গে তাদের বামদ্রুটের রাজস্বকালে বিতীর শ্রেণী নাগরিক করে রাখা হয়েছে এবং এই পশ্চিমকঙ্গে তাদের উপরই চলছে সবচে<sup>রে বৌ</sup>

চার এবং वक्षमा। তারা অবিচার এবং বঞ্চনার শিকার হওয়ার জনা দেখবেন যভ ্লনৈতিক সংঘর্ষ হচ্ছে, লুঠপাট হচ্ছে, সেখানে এদের লেঠেল করে তাতে তাদের সামিল দ্রার চেষ্টা করা হচ্ছে। তকসিল এবং আদিবাসী সম্প্রদায়ের মানুষদের এখানে প্ররোচিত ra মার্কসীয় উ**ত্তেজ**ক আরক খাইয়ে তাদের আজকে লেঠেল বাহিনীতে পরিণত করার চন্না করা হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে শিক্ষা ক্ষেত্রে এই রাজ্যে তফসিল জাতি রং উপজাতির মানুবরা নাকি অনেক এগিয়ে আছেন। আমি কিন্তু বলব এ রাজ্যে শিক্ষা p.g. সবচেয়ে বেশি অবহেলিত এবং বঞ্চিত হচ্ছেন তফসিল এবং আদিবাসী সম্প্রদায়ের নবরা। এখানে স্কুলে যে স্টাইপেন্ড দেওয়ার ব্যবস্থা আছে তাদের একজন অভিভাবকের ু বি বেশি ছেলেমেয়ে থাকলে সে আর স্টাইপেন্ড পাবে না। তাছাড়া স্কুলের তিন কিঃ মিঃ খা বাস করলে সে আর ছাত্রাবাসের প্রাণ্ট পাবে না। আমার প্রশ্ন, তিন কিঃ মিঃ এব কেনি র থাকলেই কি তার অর্থনৈতিক অবস্থা ভাল হয়ে যাবেং আমি তাই কলতে চাই যে হান্ত সুপরিকল্পিতভাবে এর চক্রান্ত করে এদের প্ররোচিত করে এবং টোপ দিয়ে অর্থনৈতিক াং সামাজিক দিক থেকে পিছিয়ে দেওয়া হচ্ছে পশ্চিমবঙ্গে। শিক্ষা ক্ষেত্রের কথা কলডে লে ৩ধু মেদিনীপুর জেলা নয়, সারা পশ্চিমবাংলায় যেটা আলোচিত বিষয় সেই চুনি টালের কথা এসে যায়। আপনারা সকলেই জ্বানেন যে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের বিভাগীয় ানের প্ররোচনায় চনি কোটাল আত্মহত্যা করতে বাধ্য হয়েছিলেন। আনার এ ব্যাপারে প্রশ্ন, জনা যে কমিশন করা হয়েছিল কেন ৪ বার চক্রণন্ত করে তার কান্ধ পিছিয়ে দেওয়া হল। াপর স্যার, আমি দৃ/একটি নির্দিষ্ট ঘটনার কথা এখানে উল্লেখ করে দেখাতে চাই খে র্শান্তনবঙ্গে তফসিলি জ্ঞাতি, উপজ্ঞাতি সম্প্রদায়ের মানুষদের উপর কিভাবে অত্যাচার চলেছে। দ্রনা থানার গঞ্জিনা গ্রামের কবিতা মন্ডল এবং অন্যান্যরা যারা জাতিতে নমশুদ্র, গত ২৩ হারিখে মধ্য রাত্রে পু**লি**শ এবং পার্টি কমরেডরা নৈশমুগয়া করতে গিয়ে মদমন্ত অবস্থার যদের উপর অত্যাচার চালায়। পরে পূলিশ এবং কমরেডরা যাদের উপর অত্যাচার করেছিল হাদের নামেই মিথ্যা মামলা দেওয়া হয়। কেন্দ্রীয় মন্ত্রী শ্রী রাজেশ পাইলটকে আমি এ ঘটনার <sup>दश</sup> জানিয়েছি এবং তিনি এর তদন্তের আশ্বাস দিয়েছেন। মাননীয় মৃশ্যম**ন্ত্রীকেও আমি** শনিয়েছি। দুঃখের বিষয় আজও ময়না থানাতে সেই পূলিশ অফিসার বহাল তবিয়তে কাজ বর যাচেছন। আমাদের অনুমান পঞ্চায়েত নির্বাচনের জনাই তাকে রেখে দেওয়া হরেছে। তার্পর ময়না থানার মুদিবাড় গ্রামের শস্তু মাহার একজন আদিবাসী সম্প্রদারের মানুষ এবং চিনি শিক্ষকতা করেন। মার্কসবাদীদের বিরোধিতা করার অপরাধে সেখানকার লোকাল কমিটির নিতারা প্রকাশ্য দিবালোকে তাকে গাছের সঙ্গে বেঁধে তার মূখে পাইখানা দিয়ে তাকে তা খেতে বাধ্য করেছেন। লচ্ছা করে না আপনাদের তফসিল ছাতি উপজাতিকে কল্যাদের কথা <sup>জাতে</sup>? আজকে এই জিনিসটা চলতে সারা পশ্চিমবাংলায়। মন্ত্রী মহাশয়কে একটা জিনিস ক্ষতে চাই, আন্ধকে একটা জিনিস আমরা দেবেছি শিডিউল্ড কাস্ট মানুষের জনা যে কেটা বাছে, কাগজে কলমে ২২ পারসেন্ট থাকলেও ১০ পারসেন্টের বেশি ফিল আপ হচ্ছে না। <sup>জগুছে</sup> কলমে এস.টি.দের জন্য ৬ পারসেন্ট কোটা আছে, কিন্তু তিন পারসেন্টের বেশি ফিল বাপ হচ্ছে না। আমি বলতে চাই এই সমন্ত ব্যাকলণ সহ তাদের ন্যায়া দাবি পুরনের ব্যবস্থা रेड्डै बरामा कরবেন এবং এই সম্পর্কে আপনার জবাবি ভাষণে আপনি ক্সবেন। আমার ্র্যবিক্তী বন্ধা ভূমি সংস্কার বিষয়ে বলে গেছেন। গত কয়েকদিন আগে ভূমি রাজ্য দত্তরের

[7th April, 1993 বায় বরাদ্দ পেলের সময় মন্ত্রী মহাশ্বয় যে জবাবি ভাষণ দিয়েছিলেন, সেখান থেকে জন্ম পারলাম ১ লক্ষ ৭৪ হাজার একর জমি বিলি কটন করা হয়েছে। কিন্তু টোটাল প্শিচমবাক্র ১১ লক্ষ ৯৫ হাজার একর জমি খাস করা হয়েছে। তাতে মাত্র ৯ লক্ষ ৩৯ হাজার <sub>এতে</sub> জমি বিলি বন্টন করা হয়েছে এবং ৩০ পারসেন্ট এস.সি.এস.টি পিপলদের দেওয়া হয়েছে আমি কি বিনয়ের সঙ্গে বলতে পারিনা যে কংগ্রেস আমলে এর থেকে বেশি প্রিফা শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইব মানুষের মধ্যে বন্টন করা হয়নি? আমি নির্দিষ্ট আ বলতে চাই, আমার নির্বাচনী এলাকায় কালিপদ মন্ডল খাস পাট্টা পেয়েছিল, সেখাতে ে সেস দিয়েছিল, খাজনা দিয়েছিল, তার রশিদও তার কাছে আছে। গত কয়েক বছর সে 🔀 হাতে চাষ করেছে। কিন্তু যেমনি সে কমিউনিস্ট পার্টি ছাড়ল তেমনি তার জমির ধান কে নেওয়া হল, তার জমি কেডে নেওয়া হল। থানায় অভিযোগ দায়ের করা হল, এই সম্প্র তিনি যে অভিযোগ করলেন, তার বিরুদ্ধে মামলা করা হল। আজকে শিডিউল্ড কা মানুষদের পরিচয়হীন করে দেওয়া হয়েছে। মন্ত্রী মহাশয় আপনার বাজেট বক্তবো ফর্গ উল্লেখ করেছেন এই শিডিউল্ড কাস্ট, শিডিউল্ড ট্রাইবস যারা মানুষ আছেন, যারা প্রার্থী হ চান তাদের সার্টিফিকেট দেবেন। কিন্তু এই সার্টিফিকেট পেতে অনেক দেরি হয়ে যাচে, ফ: তারা প্রার্থি হিসাবে দাঁডাতে পারবে না। সেইজন্য আমার একটা সাজেশন হল যার প্র হিসাবে দাঁড়াতে চান, অথচ সার্টিফিকেট দরকার, কিন্তু সময় নেই, কিন্তু এস.সি., এস সার্টিফিকেট নিতে হলে তাকে ৫০ সালের রেজিস্টার্ড ডিডস দিতে হচ্ছে। আজকে পঞ্চায় নির্বাচনের প্রাক্তালে অত্যন্ত ব্যাথার সঙ্গে লক্ষ্য করছি পশ্চিমবাংলার অসংখ্য তফ্সিলি মন্ যারা পঞ্চায়েত নির্বাচনে প্রতিদ্বন্দিতা করতে চান, তাদের ঠিক সময়ে সার্টিফিকেট দেওয়া হয় না। তাদের ঠিক সময়ে যদি সার্টিফিকেট না দেওয়া হয় তাহলে তারা নির্বাচনে প্রতিহন্দি করতে পারবে না। সেই ব্যাপারে আমার সাজেশন হচ্ছে, আগামী পঞ্চায়েত নির্বাচনে এস এস.টি. প্রার্থীদের ব্যক্তিগত মুচলেকা দিয়ে যাতে সার্টিফিকেট ইস্যু করা হয়, মুচলেকার ম্য তারা বলছে, যদি এস.সি., এস.টি. হিসাবে প্রমাণ না করতে পারেন, তাহলে তাদের বিক্ ক্রিমিন্যাল অফেন্স এনে তাদের পানিশমেন্টের ব্যবস্থা করা যেতে পারে। এইরকম এই ম্পক্তেশন আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি। এইরকম ভাবে মানুষণ্ডলো প্রতিধন্দিতা করতে দেওয়া যায় কিনা, এই সম্পর্কে চিস্তা ভাবনা করতে অনুরোধ জানান্তি আজকে পশ্চিমবাংলায় ঝাডখন্ডী আন্দোলন মাথাচাড। দিয়ে উঠেছে। মানুষ যদি ঠিকম্টে খেতে পরতে পায় তাহলে সে আম্মেলনের দিকে যাবে কেন? আজকে আদিবাসী <sup>যুক</sup> যুবতীরা গিরা বেঁধে শেষ সংগ্রামের জন্য তৈরি হচ্ছে আপনাদের জনা। আমরা লক্ষ্য <sup>করো</sup> ১৬ বছরের রাজত্বে শুধু ছোটের জন্য মানুষগুলোকে ব্যবহার করা হয়েছে। ঝাড্রামে গিয়েছিল এক আদিবাসী বৃদ্ধ বললেন, অত্যন্ত সুপরিকল্পিত ভাবে শালগাছণ্ডলোকে *তুলে <sup>হিং</sup>* **रेंडेकानिপটाস গাছ नाबात्ना रसारह।** यात्रा थाएंश्रेची धनाकात मर्रा थारकन जात्रा <sup>हो</sup> আমার চেমেও ভাল জানেন।

[2-50 — 3-00 p.m.]

যারা ঝাড়খন্ডী এলাকার মধ্যে থাকেন তারা এটা, আমার চেয়েও ভাল জানেন <sup>কার</sup> শাল গাছ আদিবাসীদের জীবনের সঙ্গে অঙ্গাসীভাবে যুক্ত। তারা শাল গাছ থেকে <sup>হেন্</sup>

্রাজগার করে তেমন তাদের প্রতিটি পালা-পার্বণে শাল গাছ খুবই প্রয়োজনীয় জিনিস। কে আদিবাসী অধ্যুষিত বনাঞ্চলগুলিতে পরিকল্পিতভাবে শাল গাছ শেষ করে ফেলা হচ্ছে তার বদলে সেখানে ইউক্যালিপটাস জাতীয় গাছ লাগানো হচছে। এরমধ্যে দিয়ে <sub>দিবা</sub>সীদের **আজ্বকে ভাতে** মারার চক্রাস্ত করা হচ্ছে। এর ফলেই ঝাড়খন্ডী <del>আশোলনের</del> ন্ন বাধছে। তফসিলি সম্প্রদায়ের ছেলে-মেয়েদের পরিচয়-পত্র দেওয়ার ক্ষেত্রেও ভাদের সঙ্গে লা করা হচ্ছে। <mark>সরকারি দপ্তর থেকে</mark> তাদের পরিচয়-পত্র না দেওয়ার ফলে তারা বৈষ্মোর <sup>≨</sup>কর হচেছ। **আজও রাজ্যে অসংখ্য তফসিলি যুবক-যুবতী পরিচয়-পত্রহীন হয়ে রয়েছে।** ্রর কোথায় গিয়ে দাঁড়াবেং মাননীয় উপাধ্যক্ষ মহাশ্যা, আমার সময় কম তাই আমি সব শত মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে একটা নির্দিষ্ট অভিযোগ পেশ করে এবং তার প্রতিকার াবি করে আমার বক্তব্য শেষ করছি। আমার নির্বাচনী এলাকার মধ্যে 'এজমালিচক যোগাল n সংঘ ব্রহ্মচর্য বিদ্যাপীঠ' বলে একটি অতীতের হায়ার সেকেন্ডারি স্কুল বর্ডমানে সেকেন্ডারি ল হিসাবে চালু আছে। সেখানে এখন পর্যন্ত ১১/১২ ক্লাস চালু করা হয়নি। অধাচ সেখানে া চালু করার মতো সব ব্যবস্থা আছে। বাড়ি ঘর সব কিছু আছে। এলাকাটি শিডিউল্ড কাস্ট ্ধ্বিত এলাকা এবং ঐ স্কুলটিতে বেশিরভাগ শিভিউল্ড কাস্ট ছাত্ররা পড়াগুনা করে। আৰু ১৬ বছর ধরে রাজ্য সরকার ঐ বিদ্যালয়টির প্রতি বৈষমাত্রলক আচরণ করছে। এমন কি সধনে সরকারি দপ্তর থেকে অনদানের টাকা পর্যন্ত দেওয়া হচ্ছে না। এই অবস্থায় মাননীয় ইপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই ব্যয়বরান্দের দাবিব তীব্র বিরোধিতা করে মামার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী কমলাক্ষ্মী বিশ্বাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় আদিবাসী ও তফসিলি ল্যোগ দপ্তরের মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরান্দ এনেছেন তাকে সমর্থন করতে উঠে আমি ্টারটি কথা বলতে চাই। আমি প্রথমেই বলতে চাই যে, আত্রকে এখানে আদিবাসী ও হুমসিলি সম্প্রদায়ের মানুষদের জন্য যারা এখানে মায়া-কামা কাদছেন তারা গত বিধানসভা নির্বাচনে একজনও আদিবাসী বা তফসিলি রিজার্ভ সিট থেকে নির্বাচিত হতে পারেন নি। ইতিপূর্বে ওরা যখন এখানে ক্ষমতায় ছিলেন তখন কাগতে-কলমে তথাৰ্মানি এক আদিবাসীদের <sup>ছনা</sup> বড় বড় কথা বলে বরাদ্ধ অনুমোদন করে তা নিছেরাই আগ্রসং করতেন। আর মাজকে বরাদকৃত অর্থ পুঝানুপুঝভাবে হিসাব করে বিভিন্ন দপ্তরের মাধ্যমে সঠিকভাবে বরচ ব্রুর প্রবণতা আমরা সৃষ্টি করতে পেরেছি। ফলে পশ্চিমবাংলার আদিবাসীদের মধ্যে একটা <sup>ছোয়ার</sup> এসে**ছে, তফসিলি জাতির মানুষদে**র মধ্যে একটা জোয়ার এসেছে। আ**ন্ধকে তফসিলি** <sup>এবং</sup> আদিবাসী ছেলে-মেয়েরা শিক্ষার সুযোগ সূবিধা পাচেছ। অতীতে যে ছেলে-মেয়েরা কেকল বার মাঠে গরু ছাগল চরাতো আজকে তারা বিদ্যালয় যাবার সুযোগ পাচেছ। আমরা জানি रामत पार्थिक प्रमृतिधा चार्ट, मूठताः ७५ विमालता शिलारे स्त मा, मार्थ मार्थ छात्मत <sup>বা</sup>ওয়া পরার ব্যবস্থাও করে দিতে হবে। সে হিসাবে আজকে তারা স্কুলে গেলে এক মুঠো বিতেও পাচছে। তারা বঁট পাচেছ এবং বছরে একবার, দু'বার জামা-কাপড় পর্যন্ত পাচেছ। ফল আত্তকে আদিবাসীদের মধ্যে থেকে বেশি সংখ্যায় ছাত্র-ছাত্রি বিদ্যালয় যাচ্ছে। আদিবাসী <sup>এবং</sup> তফসিলি অধ্যুষিত এলাকায় বর্তমানে বেশি সংখ্যায় বিদ্যালয় স্থাপন করা হচেছ। বাদিবাসী কল্যাপ দণ্ডর থেকে নতুন নতুন রুল তৈরি করা *হচে*ছ। অতীতে আমরা দেৰেছি

[7th April, 1993] জাদিবাসী ছাত্র-ছাত্রিরা বেশি দূরে পিন্তা লেখা-পড়া শিখতে পারত না। সেজন্য এখন আদিন এলাকার মধ্যেই বিদ্যালয় স্থাপন করা হচ্ছে। শিক্ষা দানের সাথে সাথে তাদের ২০/২৫ টক করে দেবার ব্যবস্থাও করা হরেছে। যাতে তাদের কিছুটা আর্থিক সাহায্য করা যায় দে উদ্দেশ্য নিরেই এই ব্যবস্থা করা হয়েছে। আমরা জানি এই দুই সম্প্রদায়ের বেশিরভাগ মানর এখনো পর্যন্ত সহায় সম্বলহীন। সেই হিসাবেই তাদের আর্থিক সাহায্য দেবার ব্যবস্থা কর হরেছে। তবে এই প্রসঙ্গে আমার মন্ত্রী মহাশয়ের কাছে একটা বক্তব্য আছে — তাদের 🗗 যে পরসা দেওরা হয়, এটা সব সময় তাদের কাছে সময় মতো পৌঁছয় না। সেজনা আম্ম মন্ত্রী মহাশরের কাছে অনুরোধ যাতে সঠিক সময়ে তাদের কাছে এই পয়সা পৌছয় তার জন তিনি উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন। বিশেব করে এপ্রিল, মে, জুন, জুলাই মাসে তাদের ক্রা সময় মতো টাকা পয়সা গিয়ে পৌঁছয় না। ফলে তাদের এই সময়টা খুবই অসুবিধার মধ পড়তে হয়। অনেক ছাত্র-ছাত্রি এবিষয়ে আমাদের কাছে অভিযোগ করেছে। এবং তারা দ্র্য করেছে এই সময়ের অর্থ যদি তাদের অগ্রিম দেওয়া হয় তাহলে ভাল হয়। জেলায় হুদ্রি দেওয়া হয় কিন্তু ঠিক সময় পৌঁছায় না। কিছু কিছু জায়গার ক্ষেত্রে বলছি, যেখানে টোটা আদিবাসীরা বাস করে সেই জায়গায় স্যাম্প দিতে পারলে ভাল হয়। এখন এই ল্যাম **দেওয়ার ক্ষেত্রেও দুর্নীতি ঢুকে গেছে। আমার পাশের বন্ধুরা যারা আজকে** এদের জনা ময কালা কাঁদছে তারা নিজেদের মধ্যে মারামারি করে এই ল্যাম্প পাওয়ার ক্ষেত্রে যে রোজগতে ব্যবস্থা ছিল, যেসব সুযোগ সুবিধা ছিল তা থেকে বঞ্চিত করছে। আজকে ৪৬ বছর প তফসিলি এবং আদিবাসী সম্প্রদায়ের মানুষদের অনেক সুবিধা দেওয়া হচ্ছে যদিও যথেট ন কিন্তু তবুও এই সুযোগ-সুবিধা কংগ্রেসিদের আমলে দেওয়া হয়নি। তাই আমি অনুরে করছি, আরও বেশি বেশি পরিমাণে তাদের সুযোগ-সুবিধা দিয়ে দারিদ্রসীমার নিচে থেকে ফু নিয়ে আসার জ্বন্য চেষ্ট্রা করতে হবে। যে এলাকায় সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হঙ্গে সেখানে তাদেরকে আরও বেশি পরিমাণে সুযোগ দিতে হবে। বীরভমে দেখেছি, আদিবাসীদে नाम करत रा तालात **क**ना ठाका मार्गारम् कता श्राहिल, मिरे धमाकार ताला ना श्राहिक জায়গায় হয়েছে। ঐ রাস্তাটি যাতে আদিবাসী এলাকায় ঘুরিয়ে দিতে পারেন সেটা আপনি <sup>দ্য</sup> করে দেখনে। এটা করতে পারলে আদিবাসীরা উপকৃত হবে। আর একটি কথা বলি, <sup>কর্ণ</sup> মহকুমার মধ্যে বনগাঁ থানায় মনসাদা বলে একটি গ্রাম আছে। সেখানে ১০০ পারসে আদিবাসী। ১৪।১৫ বছর আগে আদিবাসী কল্যাণ দপ্তর থেকে সেখানে একটি প্রাইমারি 🐺 क्त्रा रहाहरू, किन्तु आह्न भर्यन्त स्नारे कुनिर्देश अनुस्मान स्मार्थ्या इन ना। वे कुनिर्देश অনুমোদন দেওয়ার জন্য আমি অনুরোধ করছি। কারণ সেখানে ১০০ পারসেন্ট আদিবা<sup>ঠ</sup> সম্প্রদায়ের বসবাস। ঐ প্রামে ইলেক্ট্রিসিটির নাম করে সেখানকার প্রধান আমি নাম <sup>বলব ন</sup> তার সমর্থনে একজন লোকের বাড়িতে আলোর কানেকশন দিয়ে পরো গ্রামটি ইলেক্ট্রিফার্ডে হয়ে গেছে বলে জানিক্লে দিলেন। সূতরাং আমি আপনাকে অনুরোধ করব, ঐ গ্রামের মং मित्र याट रेलाङ्किक याद्र जात्रकना क्रष्ठा कत्रत्वन এवः সেখানে तास्त्रात क्रमा य हाका <sup>ब्रहा</sup> **হয়েছে, সেই রাস্তাটি একেবারে ধার দিয়ে চলে গেছে। সবলেবে আমি আ**র একটি <sup>কং</sup> বলাছি, তফসিলি জাতি এবং আদিবাসী জাতির মধ্যে যে সমস্ত শিক্ষিত যুবক-যুবতী <sup>আট</sup> যে সমস্ত কুলে শিক্ষকদের পদ শুন্য হয় সেখানে অত্যন্ত কঠিনতম অধ্যায় এদের জন্য বিজ্ঞা করা হয়। কিন্তু এদের জন্য এমন একটি আইন করা বায় না বাতে অতি সহজ <sup>প্র</sup>

বারে রিজার্ড করার বাবস্থা করা যায়? আপনি এই বিষয়টি দেখবেন। এই কথা বলে ক্রেকে সমর্থন করে আমার বক্তব্য শেব করছি।

[3-00 - 3-10 p.m.]

🖹 প্রবীর ব্যানার্কি 🕏 মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের তফসিলি **অভি** at আদিবাসী কন্যাণ দপ্তরের মন্ত্রী শ্রী দীনেশচন্দ্র ডাকুরা যে ১৪২ কোটি ৪৮ লক্ষ ৪৮ জার টাকা মঞ্জুরির যে প্রস্তাব দিয়েছেন আমি তার বিরোধিতা করে এবং মাননীয় সদস্য ্রিসাগত রায় যে কাট-মোশন দিয়েছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য তক করছি। ন্মেত, পশ্চিমবঙ্গে তফসিলি জাতি এবং আদিবাসী কল্যাণ নিগম দারিদ্র মোচনের জন্য ক্টা কর্মসূচি অত্যন্ত সফলভাবে রূপায়ণ করে চলেছে। আজকে তার এক জায়গায় আ**ছে** র্ম সৃষ্টির ক্ষেত্রে এই বিভাগ অন্যান্য বিভাগের আই.আর.ডি.পি. শেষক্ল'র সমান্তরালভাবে চর্সিল জাতি ও আদিবাসীর পারিবারিক আয় বৃদ্ধির কর্মসূচি রূপায়ণ করছে। **কাঞ্জ করে** লেছে বাজেট বক্তব্যে আছে যে হেডে টাকা ধরা হয়েছে মোটাম্টিভাবে ৰাজেট বইতে গারালাল বাজেট বা বিকল্প বাজেট বলতে পারি এজন্য যে সাধারণ বাজেটে সেই সমস্ভ টাকা সাংশন করা হোক। কি কি কাজ হবে সাধারণ শিক্ষা, ক্রীড়া ও যুবকল্যাণ, চিকিৎসা ও <u>ন্বাস্থ্য, জলসরবরাহ ও স্যানিটেশন, মংস্যচায, বন ও বন্যপ্রাণী, খাদ্য সংরক্ষণ, গ্রামীণ</u> কুর্দির, শস্য পালন, গ্রামীণ রাস্তা, ও সেতু সমবায় ঋণ, সমস্ত ব্যাপারটাই আগনার এই বাজেটে ধরা আছে বলতে চাইছেন। এই বাজেটের মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় গ্রমাঞ্চলে যে সমস্ত তফসিলি জাতি উপজাতি মানুষ আছেন তাদের উন্নতির জন্য এই বাজেট পেশ করেছেন। **আজকে প্রথমেই বলতে** চাই তা যদি হত খোঁজ নিয়ে দেখবেন আই,আর.ডি.পি. <sup>হীম</sup>, শেষরু'র স্কীম ছিল সেই স্কীম ব্যর্থ হয়েছে। যে সমস্ত পিছিয়ে পড়া মানুষদের জন্য <sup>পশ্চিমবঙ্গের</sup> বামফ্রন্ট সরকার কিছই করেনি। আজ কেন্দ্রীয় সরকার নাবার্ড আই.আর.ডি.পি. <sup>বিভিন্ন</sup> সংস্থার মাধ্যমে সারা ভারতবর্ষে তফসিলি জাতি উপজাতির মানুষদের উন্নতির জনা <sup>এষ্টা</sup> করছেন কি করে পিছিয়ে পড়া মানুষগুলির উন্নতি করা যায়। এর আগে আপনা**দের** <sup>ব্দু</sup> সরকার **ছিলেন, ভি.পি.** সরকার এই মানুষগুলিকে নিয়ে একটা ভাওপাতের বিভেদের ১
উট করেছিলেন কিন্তু আমরা যারা কংগ্রেস করি আমাদের কেন্দ্রীয় সরকার সামাঞ্চিক ভাবে দ্ধী করেছেন ন্যায়ের মাধ্যমে কি করে ভারতবর্ষে পিছিয়ে পড়া মানুষদের উন্নতি করা যায়। <sup>বাই</sup>আর.ডি.পি. বোঁজ নিয়ে দেখবেন উন্নয়নের প্রাক্তালে যে টাকা ৩ বছর খনচ করতে ারেন নি সেই টাকা এখন খরচ করছেন, যে টাকা ৩ বছর ধরে দেওয়া হয়নি। দ্বার টিসে বলেছিলাম ১৯৮৯ থেকে ১৯৯২ পর্যন্ত সাবসিতি বাবদ তফসিলি জাতির জন্য ন্দ্রীয় সরকার যে টাকা বাডিয়েছেন সেই টাকার পরিমাণ ১৫ কোটি টাকা, কিছ ৩ বছর ে আপনাদের ডি.এম, তফসিলি জাতি উপজাতিদের সাংসিডির টাকা আল পর্যন্ত গত খনে ডিসেম্বর ১৯৯২ মাত্র ও কোটি ৭৫ লক্ষ টাকা পিছিয়ে পড়া মানুবদের জন্য সাবসিডি ব্যক্ত যে টাকটো কেন্দ্রীয় সরকার দিলেন আই আর.ডি.পি.কে সার্থকভাবে রূপায়িত করার <sup>জন্ত</sup> তার সিহেন্ডাগ ১১ কোটি টাবল খরচ করতে পারেন নি। অথচ বাজেট বক্তৃতার মেনশন বিজ্ঞান আদিবাসী মানবদের জনা কর্মসচি রাগায়িত করেছেন। আপনারা বলছেন আমরা বিশ্ব এটাকে সমর্থন করি ১৯৯০ সালের পর থেকে আই,আর.ডি.পি. সেসকতে ৫০

17th April, 1993 পারসেন্ট রোস্টার পলিসি করা হয়েছে। আমরা সেই কারণে বিভিন্ন জায়গায় সহজ্ঞ লেভেলে অথবা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে কে**উ সেই** রোস্টার ফলো করে এস.সি. এস টিফ চাকরি দিছে না। একটু আগে মাননীয় কমলাক্ষী বাবু যা বললেন সেই সমস্ত সাক্ষ আানাউন্স করছে তাতে লোক পাওয়া যাচ্ছে না, সেই পোস্টণ্ডলি পরে জেনারেল 🚉 ডিক্রেয়ার করে। গ্রামাঞ্চলে অনেক মানুষ আছে, উচ্চশিক্ষা থাকা সত্ত্বেও সরকারি গাফিলির জনা ৫০ পারসেন্ট রোস্টার পশিসি ফলো করছেন না। এই সরকার নাকি অনেক উল্লি করে দিয়েছেন। তফসিলি মানুষের জন্য প্রথমেই বলতে চাই কেন্দ্রীয় সরকার যখন প্রস নিয়ে এসেছিলেন তফসিলি জাতি ও উপজাতির জন্য সিট অ্যালটমেন্ট করা হবে হতে দেখেছিলাম রাজ্য সভায় সেই প্রস্তাব আপনাদের বিরোধিতার জন্য পাস হতে পারে নি। হতে বেটার লেট দানে নেভার দেরিতে হলেও সমর্থন করেছেন আমরাও এটা অবশ্যই সংক্ করব। সার্টিফিকেট দেওয়ার কথা বলতেন, আমি তাই নিয়েও বলতে পারি সাটিফিন্টে দেওয়ার ব্যাপারেও দেখেছি যে বহু জায়গায় টাকা না দিলে সার্টিফিকেট দেওয়া হয়না। আর্পঃ নোট করে নিন, আমার যে কনস্টিটিউয়েনি, সেই কনস্টিটিউয়েনিতে তফসিলি এবং উপজাতিত যারা কাস্ট সার্টিফিকেট দেন সেখানে টাকা না দিলে ঐ সার্টিফিকেট তাদের দেওয়া হয় ন বহুবার এই ব্যাপারে অ্যাপিল করা হয়েছে, কিন্তু আজ পর্যন্ত কাস্ট সার্টিফিকেট তারা পাস্ক না, কিন্তু সামনেই পঞ্চায়েত ইলেকশন। শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইব প্র<sup>ইত</sup> কিভাবে এই সার্টিফিকেট দেওয়া হবে সেটা ডি.এমকে জিজ্ঞাসা করায় তিনি বলেছিলে 🔆 যারা ইলেকশনে প্রার্থী হতে চান তাদের আডেভান্স এস.ডি.ও অথবা বি.ডি.ওর কাছে ১৫০০ আবেদন করতে হবে। কিন্তু আমরা দেখছি, আনেক জায়গায় শিডিউল্ড কাস্ট বা শিটিক ট্রাইব নয় এমন অনেকে এর সুযোগ নেবার জন্য এই সার্টিফিকেট পাচ্ছেন এবং সেঁ পাচ্ছেন উইদাউট এনি ভেরিফিকেশন, উইদাউট এনি এনকোয়ারি। কিন্তু এক্ষেত্রে আমানে দলের যোগ্য মানুষের ক্ষেত্রে ডিলে করা হচ্ছে। তাদের ক্ষেত্রে সার্টিফিকেট দেওয়া হচ্ছে 🗟

স্যার, আজকে গ্রামে-গঞ্জে শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবের মানুযজন আক্রা হচ্ছেন। এর আমি বহু উদাহরণ দিতে পারি। এই বিষয়ে আমি এর আগের হাউসেও বর্লেই এই ব্যাপারে আমি একটা পার্টিকুলার ইনস্ট্যান্স দেবো। আমার বিধানসভা কেন্দ্রের ঠাকুরনগরে ঐ সম্প্রদায়ের মানুযের চৈত্র মাসে একটা মেলা হয় যে মেলায় ১২ লক্ষ্ণ মানুষ আসে আমি গতবার মেনশনের মাধ্যমে জানতে চেয়েছিলাম যে, ঐ মেলাকে জাতীয় মেলা করা হা কিনাং আমি নিজে ঐ মেলায় গিয়েছিলাম, দেখেছি সেখানে ১২ লক্ষ্ণ মানুষ হাজির হারেছে বাদের মধ্যে বেশির ভাগ হচ্ছেন নমশুদ্র সম্প্রদায়ের মানুষ। কিন্তু সেখানে দেখেছি, ভালে সেখানে স্যানিটেশন এবং ড্রিঙ্কিং ওয়াটারের পর্যন্ত ব্যবস্থা নেই। এই ব্যাপারে ডি.এই এবং এস.ডি.ওকে কলা হায়েছে, কিন্তু তারা বলছেন যে, এই ব্যাপারে সরকার কিছুই বলেনি একটা জায়গায় ১২ লক্ষ্ণমানুষ সমবেত হচ্ছে, সেখানে তাদের থাকবার ব্যবস্থা, স্যানিটেশনে ব্যবস্থা বা পানীয় জলের ব্যবস্থা সরকার থেকে করা হবে নাং

[3-10 — 3-20 p.m.]

মানদীয় অধ্যক্ষ মহাশর, শিক্ষার জন্য এরা অনেক কিছু করেছেন বলছেন। <sup>কিন্তু ঐ</sup> ব্যাপারে আমরা একটা রিপোর্ট শেয়েছি এবং সেটা জ্যাসেম্বলির কোনও রিপোর্ট <sup>নয়। ঐ</sup>

ক্রার্ট নিডিউউ কাস্ট অ্যান্ড ট্রাইবাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট বলেছেন, আপনার দর্শার দ্ধক শিক্ষার উন্নতির জন্য ৫০টি আশ্রম-হোস্টেল করেছেন এবং প্রতি আশ্রমে — ক্রটাল ৩০ জন ছাত্র থাকতে পারবে। বলা হয়েছে, ঐ ছাত্রদের জামা-কাপড দেওয়া ছবে. হধপত্র বিনা পয়সায় দেওয়া হবে এবং ঐ আশ্রমে তারা সরকারি খরচে থাকতে পারবে। 🕫 আমি দায়িত্ব নিয়ে বলতে পারি কারণ কিছু কিছু জায়গায় আমার যাবার সুযোগ চিল, আমি দেবেছি, কাগজে-কলমে অনেক আশ্রম-হোস্টেলে ছাত্রদের নাম আছে কিছ ভিকালি তারা নেই। এইভাবে সরকারি টাকা অফিসাররা খেয়ে নিছেন। মাননীয় ম**ন্ত্রীর** লা কচবিহার, সেখানকার একটি আশ্রম-হোস্টেলে আমি গিয়েছিলম। সেখানে দেৰেছি িটন্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবদের সঙ্গে হায়ার কাস্ট মুখার্জি ব্যানার্জি সম্প্রদায়ের ত্রা সেখানে রয়েছে। ডি.এমকে প্রশ্ন করেছিলাম, শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড টাইন বে যেখানে রয়েছে সেখানে হায়ার কাস্টের ছাত্ররা কেন রয়েছে? উত্তরে তিনি বালছিলেন ্রনের কোনও স্টুডেন্ট নেই বলে সরকারের লস হচ্ছে দেখে ওদের এখানে নিয়ে আসা ্রছে। আপনি বলেছেন, জনিয়র হাইস্কলগুলির ক্ষেত্রে ১১২টি আশ্রম-হোস্টেল আছে এবং া প্রতিটি আশ্রমে ১০ জন ছাত্র থাকতে পারে। কিন্তু সেখানেও দেখছি ১১২টি তো দরের ্, এক্ষেত্রে যে ফাইল অফিসাররা আপনাকে দিচ্ছেন তাতেই আপনি সই করছেন. কিন্তু ুর মঙ্গলের জন্য টাইবাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট কোনও কাজ করছেন না। আঞ্চকে ফইপেন্ড দিচ্ছেন ক্লাস সিজে ২০ টাকা, ক্লাস সেভেনে ৫০ টাকা, ক্লাস এইটে ১০০ টাকা, ক্লম নাইনে ১০০ টাকা, ক্লাস টেনে ২০০ টাকা। বলেছেন, এতে ৯ কোটি খরঃ হঙ্গে, সাঙ্ মত লক্ষ শিডিউল্ড কাস্ট মানুষ উপকৃত হচ্ছেন, হোস্টেল চার্জ ১৫০ টাকা করে ডাদের র্ঘটি মাসে দিচ্ছেন এবং তাতে ৬০ হাজার ছাত্র উপকৃত হচ্ছে। আমরা বহু স্কুলে সরেঞ্জমিনে লম্ভে গিয়ে দেখেছি যে এই নিয়ে হাইকোর্টে কেস আছে। স্কুলের প্রধান শিক্ষক আছেন, ব্ধাক্ষ আছেন, সেখানে গিয়ে বলা হচ্ছে কিন্তু দেখা যাচেছ বছ ছাত্র বৃত্তি পাচেছ না। সরকার লছেন যে এই রেটে আমরা বৃত্তি দিচ্ছি কিন্তু ছাত্র-ছাত্রিরা টাকা পাচ্ছে না। আপনার স্কীম মাছে ছাত্র-ছাত্রিদের বৃত্তি দেবেন, যারা আই.আর.এস, আই.পি.এস. এবং ডব্লিউ.বি.সি.এস পরীক্ষা দেবেন তাদের সাহায্য করবেন। টাকা দিয়ে, কিন্তু বাস্ত্রণ অবস্থা হচ্ছে আপনার তিপার্টমেন্ট কিছু করছে না। আপনার ট্রাইবাল ডিপার্টমেন্ট যদি কিছু করত, পিছিয়ে পড়া মানুষের মঙ্গলের জ্বন্য যদি কিছু করত তাহলে আমি সমর্থন করতে পারতাম। বাজেটে বড় <sup>হ</sup>ড় কথা লেখা আছে, কিন্তু আপনার দপ্তর পিছিয়ে পড়া মানুষের জন্য কিছু করতে পারছেন ন। যেহেতু কিছু করতে পারছেন না, যেহেতু ওধু বাজেট বিবৃতি দিয়েই শেষ করছেন, সজন্য এই বাজেটের বিরোধিতা করছি এবং আমাদের দেওয়া কট মোশনগুলির সমর্থন করে মানার বক্তব্য শেষ করছি।

বী সালিব টোপ্পো : মাননীয় অধ্যক্ষ মহাশ্যা, আজকে মাননীয় মন্ত্রী জাদিবাসী ও ফৈসিলি দপ্তরের জন্য যে ব্যয়-বরাদের দাবি এখানে পেশ করেছেন, তাকে আমি সমর্থন করে দুটারটি কথা বলতে চাই। আমাদের সরকার এই ১৬ বছরে আদিবাসী ও তফসিলিদের জন্য যা করেছে সেটা কংগ্রেসি সময়ে ওরা ভাবতে পারেনি। কংগ্রেস কিভাবে আদিবাসীদের ভিনরৈ অভ্যাচার করেছে সে কথা এখানে বারবার বলা হয়েছে। পশ্চিমবাংলার কংগ্রেসিরা

াদিবাসীদের জন্য যে জমি বিলি বন্টন করেছিল তাতে এমন নজির আছে যে আদিবাসী। তফসিলিদের নামে যে পাট্টা বিলি হয়েছে সেটা জোভদারদের হাতে চলে গেল। বাম্বন্টের জাজত্বে আদিবাসী ও তফসিলিদের অনেক সুবিধা করে দেওয়া হয়েছে, ক্ষেতমজুরদের ছা বিলি বন্টন করা হয়েছে। কিন্তু এরসঙ্গে একটা প্রশ্ন আছে। সেটা হচ্ছে শুধু জমি দিলেই ছা না, সেইসঙ্গে সেচের ব্যবস্থা করা দরকার। উত্তর বঙ্গের তিন্তা প্রকল্প কবে হবে সেটা র মূশকিল। কাজেই উত্তরবঙ্গে যে ছোট ছোট নদী আছে, সেগুলির মাধ্যমে যদি স্কীম করা ম্ তাহলে উত্তরবাংলার মানুষের অনেক সুবিধা হয়, সেখানকার মানুষ তাহলে এর খ্লে উপকার পেতে পারেন। কাজেই এই সেচ ব্যবস্থার উপরে জোর দেওয়া একান্ত প্রয়োজ

এবারে আমি শিক্ষা সম্পর্কে দ'একটি কথা বলব। শিক্ষার ক্ষেত্রে বামফ্রন্ট সরে অনেক স্কল-কলেজ করেছেন। কিন্তু যে প্রশ্নটা আমার সামনে এসেছে সেটা হছে, টা বাংলায় বিশেষ করে ভয়ার্স এলাকায় ৩০০ চা বাগান আছে। সেখানে শতকরা ৮৫ হ আদিবাসী শ্রেণীর মানুষ বাস করেন। তাদের জন্য সরকারের তরফ থেকে কোনও হাই : হিন্দি ভাষাভাষির জন্য করা হয়নি। সেখানে যা করা হয়েছে সেগুলি মিশন থেকে নিজে উদ্যোগে করা হয়েছে। হিন্দি ভাষাভাষি ছাত্রছাত্রিদের জন্য কোনও কলেজের ব্যবহা ব **इरानि। আজকে बार्ड्सिक आत्मालन माथा हाए। मिरात এটা একটা का**রণ। সেখানে ए ১ ১৫টি হিন্দি স্কল আছে তাতে উচ্চ শিক্ষার কোনও ব্যবস্থা নেই। সেজন্য আমি মাননীয়: তাহলে এই ইস্য নিয়ে ঝাডখন্ডিরা আন্দোলন শুরু করবে। সেজন্য সরকারের উচিত মুহুর্তে এখানে একটা হিন্দি কলেজ করা। এখানকার ছাত্রছাত্রিদের অন্য জায়গায় বলে <sup>যাও</sup> একটা প্রবণতা দেখা দিয়েছে। এটা যদি রুখতে হয় তাহলে অবিলম্বে একটা কলে<sup>ড় ।</sup> দরকার। এটা বন্ধ করতে হলে হিন্দি কলেজ দরকার। চা-বাগান থেকে পশ্চিমবঙ্গ সর এবং তারসঙ্গে কেন্দ্রীয় সরকার প্রচুর ট্যাক্স নিচ্ছে। অথচ এতো কোটি কোটি টাকা <sup>1</sup> রাজস্ব দিয়ে সরকারকে সাহায্য করছে তাদের ছেলেদের শিক্ষার ব্যবস্থা নেই। পশ্চিম্ব বামফ্রন্ট সরকারের এটা চিন্তা করা উচিত। অদুর ভবিষ্যতে ঝাড়খন্ড আন্দোলনের মতো ে ল্যান্ড আন্দোলন, জি.এন.এল.এফ আন্দোলন ঠেকানো যাবে না। ডয়ার্স অঞ্চলে শতকরা ভাগ তফসিলি জাতি এবং উপজাতির মানুষ বাস করে, তাদের মাথায় এই সমস্ত 🕫 এই ব্যাপারে সরকারের নম্বর দেওয়া উচিত বলে আমি মনেকরি। ওই অঞ্চলে চিকিং ব্যবস্থা করতে হবে। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে উত্তরবাংলায় চিকিৎনার সেইং সুযোগ-সূবিধা নেই, বিশেষ করে চা-বাগান এলাকায়? চা-বাগানের মালিক পক্ষ খেকে হাসপাতাল করা হয়েছে সেটাই আছে এবং সেখানে একটা বিরটি অব্যবস্থা রয়েছে। ৮০° তফসিলি জাতি এবং উপজাতি মানুষ বাস করে জলপাইশুড়ি এবং কুচবিহার 🥰 সেখানে কোনও চিকিৎুসার ব্যবস্থা নেই। টোডোদের সম্পর্কে বলি, সেখানকার মানু<sup>বের</sup> টাকা মঞ্জুর করা হয়েছিল, ২২ লক টাকা মঞ্জুর করা হয়েছিল। সেই টাকা কোথায় <sup>কিং</sup> খরচ হল তার কোনও হিসাব নেই। এটা দেখার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে <sup>র</sup> আ**লকে শিডিউল্ড কাস্ট জ্ঞান্ড শিডিউল্ড ট্রাইবদের সার্টিফিকেট দেবার** ব্যাপারে <sup>বলা ভ</sup> আমি গত বছর এই ব্যাপারে মেনশন করেছিলাম। মাননীয় মন্ত্রী মহাশয় জবাবে বর্লেছি সপ্তাবের মধ্যে শিভিউন্ড কাস্ট এবং শিভিউন্ড ট্রাইবদের সাটিফিকেট দেবার ব্যবস্থা করা বা এই বাপারে একটা গাইও লাইন আছে যে এই এই থাকতে হবে। আন্ধকে আমরা থাতে পাছি ৬ সপ্তাহ কেন ৬ মাসের পরেও সেই সাটিফিকেট দেওয়া হছে না অনেৰ ক্রিড দেবিয়ে। আপনি জানেন যে এস.সি. আাড এস.টিদের কোনও জমি জায়গা নেই ক্রা ল্যান্ডের ডকুমেন্ট দেখাতে পারে না। একজন ওরাও তার পরিচয় হল ওরাও কমিউনিট মাটফিকেট যাতে ক্রুত গতিতে দেওয়া যায় তারজন্য অনুরোধ করব। এই কথা বলে যুক্টেকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[3-20 - 3-30 p.m.]

শ্রী নরেন হাঁসদা ঃ স্যার, দুজন সিকি মন্ত্রীর কাঁধে চেপে এক মহামন্ত্রী মাননীয় ডাক্সা সত্তব এই বিধানসভায় ৪১ নং যে বাজেট তাকে সামনে রেখে এখানে হাজির হয়েছে। সারে ধ্ব দঃখের সঙ্গে জানাতে বাধ্য হচ্ছি, ধিঞ্চারের সঙ্গে জানাতে বাধ্য হচ্ছি স্বাধীনতার ৪৫ হুর পরে মাননীয় ডাকুয়া সাহেব যে বাজেট হাজির করেছেন সেই বাজেটের মাধ্যমে আর হেবার সাড়ে ৩ কোটি ঝাড়খন্ডি মানুষ যাদের মাড়ভাষা সাঁওতাল, যাদের মাড়ভাষা করমানি. দের মাতৃভাষা মৃতালি তাদের পিছিয়ে দেবার চক্রান্ত করা হল, একটা মিরঞ্জাফরি চক্রান্ত ব্য হল। আমি বিরোধিতা করছি এই জন্য যে কি রাজনীতিতে, কি অর্থনীতিতে, কি <sup>র্ন্</sup>পায়-দীক্ষায় পেছিয়ে পড়া এই পশ্চিমবাংলার তফসিলি জাতি এবং উপজাতির **মানুষওলোকে** াই জনদরদি সরকার মিরজাফরি চক্রান্ত করে আর একবার এদের বঞ্চিত করছে। এর হিদ্যে আমি জেহাদ ঘোষণা করছি এবং আমি এর প্রতিবাদ করছি এবং বাঞ্চেটের বিরোধিতা বরে আমি আমার বক্তব্য পেশ করছি। স্যার, আমার একটা প্রশ্ন আছে। এখানে ডাকুয়া শহেব নিজেকে মন্ত্রী হিসাবে দাবি করেছেন। আমি মন্ত্রী মহাশয়ের কাছে সবিনয়ে জানতে চাই শীর কথা বাদ দিন আপনাকে একটা ম্যানেজিং কমিটি যে ক্ষমতা সেই ক্ষমতা আপনার শিক্তমবঙ্গ সরকার দিয়েছে? আপনি মনে করুন সারা পশ্চিমবাংলায় একটা মাত্র আদিবাসী র্ণেকা বিদ্যালয় আছে যেটা এই সরকারের এই দপ্তর পরিচালনা করে সেটা হল বেলপাহাড়ী মবসিক আদিবাসী বালিকা বিদ্যালয়। এর ম্যানেজিং কমিটির ক্ষমতা কি আপনার আছে? স্থানে ছেলেমেয়েরা দ্বাদশ শ্রেণী পর্যন্ত পড়ছে। আপনি বলুন তো একশোজন যদি <del>পরীকা</del> ন্য তারমধ্যে ফার্স্ট ডিভিসন সেকেন্ড ডিভিসন ছেড়ে দিন, দশজনও কি থার্ড ডিভিসনে পাশ দরছে? এ খুবই লজ্জার কথা। আপনি কোন পথে আদিবাসী ছেলেনেয়েদের নিয়ে যেতে নিছেন ও পের যে বিছানা তা কেড়ে নিয়ে আদরের কুকুরকে ওখানে শোয়াচেছ, আর <sup>মগ</sup>নার পরিচালনাধীন ছাত্রছাত্রিরা মাটিতে গড়াগড়ি খাছে। আপনি নিজেকে একজন আদিবাসী শ্বী হিসাবে দাবি করেন। আদিবাসী মেয়ের খাটিয়া কেড়ে নিয়ে কুকুরকে শোরাচেছ, আর <sup>মানি</sup>বাসী মেয়ে সে উঠোনে গড়াগড়ি খাচেছ। এখানে বলতে বাধা নেই, তাদের **জন্য ওখানে** ্বাছে শিক্ষার ব্যবস্থা, না আছে চিকিৎসার কোনও ব্যবস্থা। পিছিয়ে পড়া মানুৰ হিসাবে শৈর জন্য কিছুই ব্যবস্থা নেই। আপনি নিজেকে কি করে দাবি করেন আদিবাসী মন্ত্রী হিনাবে? এই পশ্চিমবালোয় আমরা নিজ ভূমে প্রবাসী। আপনি কি দেবেন অধিকার? বিচার भागि कि म्हिन ? सारे अधिकाद कि स्त्राणि वर्गूत वाश्वमणे गतकात वालनातक मिहारह? প্রক্রিয়াল জরের কথা ছেড়ে নিন, পশ্চিমবাংলায় আদিবাসী তফসিলভুক্ত একজন, জলেধর

[7th April, 19.,

হাসদা, ডব্লুবি.সি.এস. অফিসার্, তিনি মেদিনীপুরে এগ্রিকালচারাল ইনকাম ট্যান্ত অভিস্ ৈ সাল থেকে সাঁওতাল ঘরে জন্মাবার কারণে কোনও বিচার পাচ্ছেন না। তিনি আরু নিবেদন করেছেন, কোনও বিচার পান নি। তার স্ত্রী আপনার কাছে আবেদন করেছেন একজন আদিবাসী বি.সি.এস. অফিসারকে কোনও বিচার পান নি যেখানে সেখানে সাধ্য মানুষে কি করে অধিকার পাবে? এরপরেও আপনি নিজেকে আদিবাসী মন্ত্রী হিসাবে 🗹 করছেনং আপনি এদের মঙ্গল করবেনং আপনাকে সেই অধিকার জ্যোতি বসু দিয়েছে উক্ত অফিসার আপনাকে দরখাস্ত করেছেন, জ্যোতি বসুকে করেছেন, ওর বৌ করেছেন, ক করেছে, আপনি আমার বাবাকে সিনিয়রিটি থাকা সত্ত্বেও পে স্কেল দেওয়া হচ্ছে ন. এ দেবার ব্যবস্থা করুন।' আপনি তফসিলি মন্ত্রী হিসাবে নিজেকে দাবি করছেন। এদের সংস্কৃতি আপনারা মর্যাদা দিয়েছেন ? একজন আদিবাসী মহিলার কাপড় খুলে দিলেন, তাকে 🕏: করে দিলেন, নাকে একটা ফুল পরিয়ে দিলেন। আপনারা এদের জন্য কি কি করেছ এদের উৎসবে, মকরে, বাগনায় বাদরায়, বাহাতে ছুটি দেন? এদের ঐসব উৎসবে গ কোনও ছুটি নেই। আপনি আবার দাবি করেন যে এদের সংস্কৃতি রক্ষার জন্য আপনি 🤉 করছেন, আপনার সরকার চেষ্টা করছেন। এই সরকার কি করেছেন এদের জন্য? মেদিই পুরুলিয়া, বাঁকুড়ার আদিবাসী পিছিয়ে পড়া মানুষ জনকে এই অঞ্চলে না খাওয়া স তৈরি করেছেন, অশিক্ষিত মানুষের খনি তৈরি করেছেন। কারণটা কি? কারণ হচ্ছে, এলাকার মানুষ সাঁওতাল মানুষ হরিজন মানুষ তফসিল জাতির মানুষজন এরা যি পায় তাহলে পাঞ্জাবের ইট ভাটায় কাজ করতে যাবে কে? আসামের চা বাগানে কাচ ব যাবে কে? পাতাল রেলে কাজ করতে কে যাবে? জ্যোতি বসুর বৌ যাবে? কাজ <sup>হ</sup> যাবে এই নরেন হাঁসদা। তাই ইচ্ছাকৃতভাবে, উদ্দেশ্য প্রণোদিত ভাবে পিছিয়ে পড়া যেখানে বসবাস করছে সেই এলাকাকে একটা না খাওয়া মানুষের খনি, অশিক্ষিত মন্ খনি হিসাবে তৈরি করেছেন। আজকে এই পিছিয়ে পড়া মানুষকে বঞ্চিত করার উচ মন্ডল কমিশনের রিপোর্ট কার্যকর করেন নি। আমরা ঝাড়খন্ড পার্টির পক্ষ থেকে এই । কমিশনের রিপোর্ট যাতে দ্রুত কার্যকর হয় তারজন্য দীর্ঘদিন ধরে আন্দোলন করেছি এং পিছিয়ে পড়া হরিজন শ্রেণীর মানুষদের স্বার্থ রক্ষা করে তাদের সবাইকে মূল জন স্রে মধ্যে মিলিয়ে দিতে অনুরোধ করেছি এবং মন্ডল কমিশনের রিপোর্ট কার্যকর করার জন জানিয়েছিলাম। জ্যোতি বাবুর সরকার তথা বামফ্রন্টের সরকার বলেছিলেন যে পশ্চি পিছিয়ে পড়া বলতে কেউ নেই, অতএব পশ্চিমবঙ্গে মন্ডল কামশনের রিপোর্ট কার্য্ডর <sup>:</sup> প্রয়োজন নেই। হঠাৎ ওই সরকারের মোড় ঘুরে গেল, তারা ওই কমিশনের রিপো<sup>র্টকে স</sup> করলেন। সুতরাং এই তো আপনাদের চরিত্র, উপেন কিস্কু তো অনেক কথা <sup>বলেছি</sup> তিনি এখন কোথায় গেলেন? .....

(এমন সময়ে ডেপৃটি ন্পিকার পরবর্তী বক্তার নাম ঘোষণা করায় শ্রী নরেন হাঁসদার বন্ধ হয়ে যায়। শ্রী নরেন হাঁসদা আরও বলার জন্য দাবি জানায় এবং চিংকার ব্ থাকেন। (...গোলমাল...)

শ্রী শিবপ্রসাদ মৃদুই ঃ মাননীয় উপাধ্যক মহাশর, আজকে মাননীয় তফসিলি স<sup>ন্তা</sup> মন্ত্রী যে ব্যয়বরান্দের দাবি পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করে আমি আ<sup>মার</sup> রু করছি।

(এমন সময়ে শ্রী নরেন হাঁসদা স্পিকারের চেয়ারের সামনে এগিয়ে যান এবং লোগান ব্লিডে থাকেন, (গোলমাণ)

[3-30 - 3-40 p.m.]

🚵 শিবপ্রসাদ দদ্রই : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওই বিভবান শ্রেণীর ঘারা প্রতিভ ভারা প্রাক্তাক বিরোধী দলে বসে থেকে ওই তফসিলি আদিবাসী সম্প্রদায়ের হয়ে এখানে বক্ততা হরছেন। এ যেন মনে হচ্ছে বিড়াল তপস্যীর মতো ব্যাপার এবং এখানে এসে ওলের প্রতি তন্ত্রবাক্র বিসর্জন করছেন। আজকে এই বাস্তব অবস্থার সঙ্গে ওদের সময়কার অবস্থার কোও মিল নেই। কংগ্রেসিদের আমলে এই রাজ্যে একের পর এক তারা **৫টি পরিকল্পনা** নিয়েছিলেন কিন্তু কোনও পরিকল্পনাই কার্যকর করা হয়নি। একটা বাস্তব পরিকল্পনা রূপায়ণের ক্ষাব্র তারা কোনও ভূমিকাই নেন নি। এই প্রসঙ্গে একটি কথাই বলা যেতে পারে যে, बराम शर ছেলের গোঁফ বেরুবে না এ কখনো হয়। ওই মন্ডল কমিলনের রিপোর্টে লেখা ছাছে যে তফসিলি ও আদিবাসী ও উপজাতি সম্প্রদায়ের মানুষের জন্য এবং পিছিয়ে পড়া মানবের জন্য সরকারি ক্ষেত্রে এবং বেসরকারি ক্ষেত্রে উদ্যোগ নিতে হবে। কিছু বাস্তবে তা থামরা কোনও রাজ্যেই কার্যকর হতে দেখিনি। সেইদিক থেকে আমাদের এই বামদ্রকট সরকার ংই পিছিয়ে পড়া মানুষের জন্য যা করেছে তা ভারতবর্ষের মধ্যে একটা নজির সৃষ্টি করেছে। ১৯৭৭ সাল পর্যন্ত কংগ্রেসি রাজত্বে মজুরি পেত ৫.৬০ পয়সা আজকে সেখানে আমরা ১৪ টকা করে তাদের দিচ্ছি এবং তারসঙ্গে ২ কে.জি. করে চাল দিচ্ছি। অবশ্যি দ<del>ক্ষিণ ভারতে</del> আরও বেশি পেয়ে থাকে কিন্তু তাও আমরা খ্ব পিছিয়ে নেই। আজকে যারা এই পিছিয়ে ণড়া মানুষের জন্য কৃষ্টীরাশ্রু বিসর্জন দিচেছন তারাই ১৯০৯ সালে কংগ্রেসি দলে খেকে ওই বিভবানদের হয়ে দীর্ঘদিন ধরে শোষণে ও শাসনে পিছিয়ে পড়া মানুষদের জর্জরিত করে রেখে দিরেছিল। তাদেরকে এক পুকুর থেকে জল দিতে দিতো না, চুল ছেটো দেওয়া হত এবং এক পুরুরে তারা সবার সঙ্গে সান করতে পারত না। আজকে ওই দলের লোকেরাই পিছিরে পড়া মানুবদের হয়ে এখানে বক্তৃতা রাখছেন। আমি বলতে চাই যে, ওই কপ্রেসি সরকার ক্ষমতার বিকেন্দ্রীকরণ ক্ষরতে চান নি, তারা এটাকে কৃষ্ণিগত করে রাখতে চেয়েছিলেন। আমরা এসে পর পর তিনবার পঞ্চায়েত নির্বাচনের মধ্যে ক্ষমতার বিকেন্দ্রীকরণ করে গরিব মানুষদের ক্ষতা দিয়ে পঞ্চায়েত পরিচালনা করার দায়িত্ব দিয়েছিলাম। এইবারের অর্থাৎ চতুর্ব নির্বাচনে আমরা তফসিলি ও আদিবাসী সম্প্রদায়ের পুরুষ ও মহিলাদের আসন সংরক্ষণ করার দিছাত্ত নিন্ধেছি। এই যে চতুর্থবার আমরা পঞ্চায়েত নির্বাচন করতে যাচ্ছি এই ধরনের নজির সারা ভারতবর্বে কোঝাও পাওয়া যাবে না। কংগ্রেস কখন কখন তার নিজের বার্থে ভোট নেবার <sup>জন্য</sup> বিভিন্ন রাজ্যে গুজুরাটে তারা সংরক্ষণ বাড়িয়ে দিলাম বলে ভোট নিয়েছিল ভারপর <sup>(ভাট</sup> যখন হয়ে যায় তখন সেটাকে বাতিল কয়েছিল মহারাষ্ট্রে আম্বেদকার বিশ্ববিদা**লয়ের** শীৰ করে বৰন ভোট হয়ে বায় তখনও সেটাকে তারা ওখানে বাতিল করেছিল। আজকে ক্ষেত্র একটা বুর্জেরা সরকার বসে আছে, সেই অবস্থার মধ্যে থেকে পশ্চিমবাংলার সরকার नेक करत वाटक। अरलत आमाल १० १०७ माल धरे वासवतात्मत क्रमा गाँव लिन करतिका শীর ৫০ লক ১৩ হাজার টাকা, আজকে ১২-১৩ সালে এই বামদ্রুতী সরকার ১৪২ কোটি

[7th April, 1993] ৪৮ লক ৪৮ হাজার টাকার দাবি পেশ করেছে। প্রায় ২৯৩ গুন বেশি এই দপ্তরের 📾 বব্রাদ্দ পেশ করা হয়েছে। আজকে এরা এখানে চক্রণত করার জন্য চেষ্টা করছে। ভ্রিসংসং থেকে এই সম্প্রদায়ের মানুষ অনেক উপকার পেয়েছে। এই দপ্তারের মাধ্যমে আত্মক 80 শতাংশ মানুষের মধ্যে ৪ হাজার টাকা বা তারও বেশি আজকে মানুষ এখানে প্রায় হা করতে পারছেন। কৃষিক্ষেত্রে, সেচের ক্ষেত্রে, গ্রামীন ক্ষেত্রে শি**র্মের ক্ষে**ত্রে বহু মানুষ আক্রত উপকত হয়েছেন এই সরকারের জন্য। न्याप्त्र, সেन्छ ध्यम्रमस्य कीय ध्रम जानार চলচ্চে এখানে শিক্ষার জন্য ভরণপোষণ বাবদ যে খরচ দেওয়া হয়, ভারতের অন্যানা বাচ এই উদাহরণ পাওয়া বাবে না। এই সরকার তফসিলি জাতি উপজাতিদের কেন্তে যাখ ওরত্ব দিয়েছে, নিচের তলার মানুষকে সাক্ষর জ্ঞান সম্পন্ন করছে, তৈরি করেছে অধনৈতি বর্ণাশ্রম, কংগ্রেস এই অর্থনৈতিক বর্ণাশ্রমকে অতিরিক্ত বর্ণাশ্রমকে পুনঃপ্রবর্তিত করে, মনস্করি বাহিত সমাজের উচ্চবর্ণের তথা উচ্চবিত্তের জন্য নিঃশর্ড দাসত্ব করার জন্য বিপুল বিশ্বন ভারতের তফসিলি জ্ঞাতি আদিবাসী ও পশ্চাদপদ সম্পদকে পুনরায় শোষণ ব্যবস্থার মধ নিয়ে যেতে চায়। সম্প্রতি গ্রিপুরায় যে নির্বাচন হয়ে গেল তাতে গ্রিপুরার উপজাতি মানুষয়ে এই কংগ্রেসিরা যেভাবে অনাহারে মেরেছে, তারজন্য কংগ্রেসকে ত্রিপুরার মানুষ বেপাদ্য করে দিয়েছে, কংশ্রেসকে দেখতে গেলে দেখানে দুরবীন দিয়ে দেখতে হবে, কডজন কংগ্রেস সেখান আছে। ওদের এক নেতৃকে আর একজন নেতৃ কানে কানে বলে গেল রামনাম জপ কর সব বাধা কেটে যাবে, তাই ত্রিপুরায় গিয়ে বি.জে.পি.র জন্য ভোট করে একটিও বি.জেপি র জন্য সিট আনতে পারেননি, তাই ত্রিপুরায় মাটিতে দেখতে হবে বি.জে.পি. অনুবীক্ষণ য **দিয়ে. ত্রিপুরায় কোথায় কোথায় বি.জে.পি. আছে। আমি জেলাসফরে গিয়ে ক**য়েকটি কং জানতে পেরেছি, সেই বিষয়ে বলব। সংরক্ষণ অর্থাৎ ১৫ প্রেন্ট রোস্টার ঠিকমতো মন হচ্ছে কিনা, শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে সংরক্ষণ নীতি ঠিকমতো মানা হচ্ছে কিনা, জেলার সম্ জায়গায় এস.সি., এস.টি প্রতিনিধি থাকছে কিনা এবং ডাইভারশন অফ ফান্ড হচ্ছে কি এইণ্ডলি দেখতে হবে। দু-একটি জেলার ক্ষেত্রে অভিযোগ এসেছিল সেইক্ষেত্রে আমরা সাবক करत भिराविः, व्यक्टिन तरावर्षः ১:४ धाँ विमार्य श्रामान मिट्ठ दस्यः, ज्योजस्क मरागाधन कतरः হবে ১ : ১০। কেন্দ্রীয় সরকার ন্যাশনাল ডেভেলপমেন্ট আছে ট্রাইবস ফাইনাপিয়া **ডেভেলপমেন্ট কর্পোরেশনে তফসিলি জাতি আদিবাসীদের জন্য যে সমস্ত সুযোগ সূবিধা** দিটে **थाटक (मधान गण २०-३) माल व्यार्थिक वहरत आग्र ५ कांग्रि मेका क्रिक्री** महक्ती কেটে দিয়েছেন। স্বাধীনতার পর থেকে কংগ্রেস দেশে বিভিন্ন সমস্যা স**ন্টি** করেছে, <sup>ক্রি</sup> करणात्र कान्छ नमनाात नमाधान करति। वतर शतिव होग्रत्नात नाम करत शतिव वाजिएएए অখ্যত আজকে তারা এখানে দরদ দেখাছেন এই বিধানসভায় দাঁভিয়ে মানুযকে তারা বিশ্রা করার চেষ্টা করছেন। ৮৫-৮৬ সালে তফসিলি জাতির আয় ছিল কড ২ হাজার ৬২২ <sup>টাকা</sup> আদিবাসীদের ক্ষেত্রে ২ হাজার ২৫০ টাকা। ১৯৮৯-৯০ সালে তকসিল জাতি সেই জা<sup>য়ুগা</sup> শীড়িয়েছে ৪৯৫৬ এবং আদিবাসীদের ক্ষেত্রে ৪৬৬১। ওলের আমলে বর্গা রেকর্ড করা হয়েছি ৩.২ মিলিয়ন। ভূমিসংস্কারের ফলে এবং পঞ্চায়েত ও কৃষক সভাকে যুক্ত করে আন্তকে সেঁ ৩০০ শুন বেশি হয়েছে। ১৯৯০ সালের নডেম্বর মাস পর্যন্ত সেটা দাঁভিয়েছে ১.৪ মিলিয়ন তথানিলি জাতি উপকৃত হয়েছে ৪,২৪,৮৫০ এবং উপজাতি উপকৃত হয়েছে ১,৭০,৪৯৫ জন। আজকে পশ্চিমবালোর তব্দসিন এবং আদিবাসীরা মাখা জ্রু করে কেঁচ জাছে। বিধানসক

্ব ২৯৪টি আসনের মধ্যে তফসিলি এবং আদিবাসী সদস্য হচ্ছে ৫৯ জন এবং ১৭ 
আলকে আদিবাসী এবং তফসিলিদের জীবন-জীবিকা নিয়ে এই বামফ্রন্ট সরকার চিন্তাজ্ঞাবনা
আমাদের কংগ্রেসের বন্ধুরা যে ধরনের বক্তবা রাখলেন তাকে ধিকার দিয়ে এবং
গ্রিরা যে কাঁট মোশন এনেছেন তার বিরোধিতা করে মাননীয় মন্ত্রী মহাশয়ের ব্যয়কৈ সমর্থন করে আমি আমার বক্তৃতা শেষ করছি।

## [3-40 — 3-50 p.m.]

প্রী কামাখ্যাচরণ ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, তফসিলি জাতি ও আদিবাসী কল্যানের ুপু মন্ত্রী যে বাজেট বরান্দ এখানে পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি। আমানের है দলের সদস্যরা অনেক কথা বললেন। কিন্তু আমরা কি ইতিহাস জানি? জঙ্গলগভর এবং বড় বড় জমিদার-জ্যোতদাররা এই সমস্ত আদিবাসীদের উঠবন্দী প্রজ্ঞা হিসাবে গণ্য । কিন্তু বামফ্রন্ট সরকার আসার পর তাদের মধ্যে তাদের গুণগত এবং সংখ্যাগত র পরিবর্তন ঘটেছে। তারা এখন স্থায়ি চাষের জমি পেয়েছে এবং স্ক্রমি চাষ করছে। সিলি জাতি ও আদিবাসী চাষিরা ভূমি সংস্কারের ফলে সবচেয়ে বেশি লাভবান হয়েছে। চাবি যারা ছিল স্থায়ী চাবের জমি পেয়েছে এবং যারা ভূমিহীন ছিল তারা জমি পেয়েছে। াদের বিধায়ক বলেছেন আমরা কি কাজ করেছি। শিক্ষা, সংস্কৃতি, অর্থনীতি এবং স্বাস্থ্য ঃ ক্ষেত্রে বামফ্রন্ট সরকারের আমলে উন্নতি ঘটেছে। কংগ্রেসি রা**জত্বে যে বর্বরতা এই** গিলি এবং আদিবাসীদের উপর হয়েছিল সেটা বর্বরতার ইতিহাস। এখন দেখা যাক্স ন্বাসীদের ভেতর এবং আদিবাসী মেয়েদের ভেডর আচার-আচরণ এবং ভাষাগত দিক ত অনেক উন্নতি হয়েছে। আগে আমরা দেখেছি আদিবাসীরা কি করত। আগে তারা এর সামান্য একটা জমি চাষ করত তারপর চলে যেত নামালে। মাদল ও বাঁশি বাজাতে গতে তারা নামালে চলে যেত এবং তারপর গ্রামে ফিরে আসত। গ্রামে এক, **আর্থটা বুড়ো** লকে রেখে দিয়ে সবাই নামালে চলে যেত। এইরকম অবস্থায় তাদের কি সংস্কৃতি, কি নীতি, কি শিক্ষা হবেং কিন্তু আজকে সেই অবস্থার পরিবর্তন হয়েছে। **কালেই এই** স্থার আমূল পরিবর্তন হয়েছে। আরও পরিবর্তন দরকার, নিশ্চয় সে পরিবর্তন করা হবে। েনে বিরোধী দলের একজন মাননীয় সদস্য ঝাড়খন্ত রাজ্যের কথা তুললেন। উনি জ্বানেন না জানি না একটা রাজ্যকে রাজ্য হিসাবে গঠন করতে হলে তার জিওগ্রাফিকাল শ্বিশারেশন, ভৌগলিক অবস্থান, সেখানকার মানসিক অবস্থান, তার সংস্কৃতি, তার জনবস্তি ইসবের ভিন্তিতেই একটা রাজ্য গড়ে ওঠে। সেইজন্য বলছি, যেখানে আদিবাসীরা সংখ্যাগরিষ্ঠ, কী ভৌগলিক অবস্থান আছে, একটা অর্থনীতি হতে পারে সেধানে একটা রাজা হতে ারে কিছু মেদিনীপুর জেলাতে হতে পারে না কারণ তারা ২০ ভাগের বেশি নন। একটা াৰ গঠন করলে সেখানে মেজরিটি অব দি ভোটস কারা পাবেন? আপনারা? না। কার্জেই দীসৰ অবৈক্সানিক কথা বলে হাওয়া গরম করা যায় কিন্তু তার চেয়ে বেলি किছু করা জিনা। নরেনবাৰু **জানেন বে গোলমালটা লাগলো** কোথায়? আদিবাসীদের মধ্যে বাদের **অবস্থা** লা, বারা সিলিং-এর বাঁইরে জমি রেখেছে তারা যথন ঐ পরিপ্র ক্লেচমজ্রদের বিরুদ্ধে চটো লৈ তথা এই অবস্থা হল। অর্থাৎ এটা হচেছ ভেন্টেড ইন্টারেস্টের কার। আমানের বারম্রুট শক্ষর পরিব, কেউমানুরদের বার্থে এবং আদিবাসীদের কল্যালের স্বার্থে প্রস্তৃত কার করেছে

[7th April 16

এবং আরও কাছ তাদের স্বর্থে এই সরকার করবেন। এই বলে আমি আমার করে করছি।

